# ভারত কাহিনী



নবম শ্রেণী



ডঃ দাশ ও সাহা

*Recommended by the West Bengal Board of Secondary Education as a Text Book on History for Class IX.*
*[ Vide T.B. No. Syll|H|IX|87|85. Dated 13.11.87 ]*

# ভারত কাহিনী

[ নবম শ্রেণী ]

ডঃ **নারায়ণ প্রসাদ দাশ** এম. এ. ( ডবল ), পি-এইচ. ডি, ডি. লিট.
শিক্ষক, রাণী ভবানী স্কুল, কলিকাতা-৬
ও
**শ্রীশিবানন্দ সাহা** এম. এ. ( ডবল ), বি. টি., এল-এল. বি.
শিক্ষক, রাণী ভবানী স্কুল, কলিকাতা-৬
প্রাক্তন লেকচারার, সান্ধ্য বি. এড কোর্স ; বাংলার ইতিহাস পরিচয়, ভারতের ইতিকথা ( প্রথম ও দ্বিতীয় ভাগ ), সভ্যতার ইতিহাস ( প্রাচীন, মধ্য ও আধুনিক যুগ ) এবং অন্যান্য বহু গ্রন্থ প্রণেতা



সন্দীপ
( প্রকাশক ও পুস্তক বিক্রেতা )
১১, নবীন কুণ্ডু লেন,
কলিকাতা-৭০০ ০০৯

প্রকাশিকা ঃ
স্বপ্না নায়ক
১১, নবীন কুণ্ডু লেন,
কলিকাতা-৭০০ ০০৯



প্রথম মুদ্রণ—নভেম্বর, ১৯৮৭



মূল্য ঃ পঁচিশ টাকা মাত্র

মুদ্রাকর ঃ
শ্রীদীপক কুমার ভুঞ্যা
সুদীপ প্রিণ্টার্স
৪/১এ, সনাতন শীল লেন,
কলিকাতা-৭০০০১২

# SYLLABUS

## HISTORY FOR CLASS IX

*Chapter—I* : **Geography & History :**

(a) Chief physical features of the Indian subcontinent and its main ethenic elements ;

(b) Influence of Geography on History ;

(c) The Fundamental unity ;

(d) Source of ancient Indian History.

*Chapter—II.* **Dawn of Indian Civilisation :**

(a) Palaeolithic, Mesolithic and Neolithic stages of cultures ;

(b) Harappan Civilisation ( Chalcolithic )-chief features—its antiquity ( with special reference to its extent, urban character, town planning and social, economic and religious life ), relations with outside world.

*Chapter—III* : **The Vedic Age :**

(a) The "Aryans"—their original homeland ; Their first literary worh in India-the Rig-Veda ;

(b) Vedic literature ; Later samhitas, **Brahmans, Aranyakas, Upanishadas and Sutras** ;

(c) Life of the people as reflected in the Vedic literature—

(i) Social, economic and religious life and political and administrative activities of the people as known from the Rig-Veda ;

(ii) Later developments ;

(d) Expansion of Vedic culture in the subcontinent ;

(e) Beginning of the Iron Age.

*Chapter—IV* : **Protest Movement :**

(a) Social, economic and religious causes of the beginning of the movements protesting against the dominance of the age-old Vedic of Brahmanical culture ;

(b) Jainism and Buddhism ;

(c) Lives and teachings of Buddha and Mahavir.

*Chapter—V* : **The Age of Imperialism and Political Unification :**

(a) Reference to sixteen Mahajanapadas ;

(b) A bare outline of the history of the growth of the power of Magadha from the days of Bimbisara to the rise of the Mauryas ;

(c) History of the Maurya empire—with special reference to the periods of Chandragupta ( his achievements, administration of the age as known from the account of Megasthenes and the **Arthasastra** of Kautilya dated generally to the Maurya Age ) and Asoka (his conquest of Kalinga, limit of his empire, propagation of Buddhism and his Dharma, his humanitarian works, his contacts with outside world and his place in world history )

(d) Invasions of India by foreigners :—

(i) Reference only to the extension of the Achaemenid empire to parts of the Indian subcontinent, Alexandar's invasion and its effects.

(ii) after the fall of the Mauryas—reference to the rule of the Indo—Greeks, Sakas and Pahlavas ;

(iii) Social and economic condition—with reference to agriculture, trade and industry—foreign elements in the population—contacts with the outside world—Mauryan Art.

(e) History of the Kushana empire with special reference to the reign of Kahiskha ( his probable date, his conquests, limit of his empire, his patronage of Buddhism and Indian art and culture) and to India's contact with the outside world in the Kushana age ; cultural importance of the Kushana period in Indian History ;

(f) the Satavahana empire—

(i) its extent,

(ii) the achievements of its greatest ruler—Gautamiputra Satakarni ;

(g) History of the Gupta empire—with special reference to

(i) the periods of Samudragupta ( his conquests and achievements, waragainst the Saka Kshatrapas ; ( his other achievements ) ; Chandragupte II a legendary figure ; Evidence of Fa-Hien ; Kumargupta I and Skandhagupta ( his success against the Hunas )

(ii) Causes of the downfall of the Gupta Empire. Distinctive features of the Gupta culture.

*Chapter—VI* : **Struggle for Domination :**

(a) North India—

(i) Reference to the Hunas-Yasodharman

(ii) Rise of Gauda under-Sasanka, his relations with Bhaskarvarman of Kamarupa, Harshavardhana of Thaneswar and Kanauj ;

(iii) Conquests of Harshavardhana, limit of his kingdom,—account of Huan-tsang

(iv) Rise of the Pratihara and Pala empires—brief reference—to the tripartite struggle and its outcome

(v) Important Pala and Sen rulers—Dharmapala, Devapala, Mahipala I, Ramapala, Vijayasen and Lakshmansen.

(b) Deccan—

(i) the early Chalukyas of Badami ;

(ii) Achievements of Pulakesi II

(iii) the Rashtrakutas

(iv) Achievement of Govinda III and Krishna III. Later Chalukyas of Kalyans ; and achievements of Vikramaditya VI ( C. A. D. 1076—1123 )

(c) South India—

(i) The Pallavas of Kanchi—some notable rulers and their achievements—the Longdrawn conflict between the Pallavas and Chalukyas

(ii) The Cholas of Tanjore

(iii) Achievements of Rajaraja I and Rajendra I with special reference to their overseas compaigns.

*Chapter—VII* : (a) Social, economic and cultural life from the 7th Century to the 12th Century A. D. under the Palas, the Senas, the Chalukyas, the Rashtrakutas, the Chandellas, the greater Gangas of Orissa and the pallavas and the Cholas of the far South ;

(b) Commercial and cultural contacts with outside world.

**Medieval India**

(1) Why should we call it 'Medieval India' rather than Muslim India ?

(2) A brief note on the types of sources ; the Sultanate period.

(3) Advent of Islam in India ; The Arab conquest of sind—its impact negligible.

(4) Beginning of Muslim rule : condition of Northern and Western India on the eve of the Muslim invasion—Sultan Mahmud—Results of his invasions—Al-Biruni on Indian culture and civilisation.

(5) From Invasion to Empire—building ; Foundation of the Delhi Sultanate by Qutbuddin—Iltutmish and Balban : nature of the external and internal threats—consolidation of the Sultanate.

(6) Khalji Imperialism : growth of the empire under Alauddin ( no detailed account of his campaigns his attempts at consolidating the authority of the Central Government—his economic measures and their results.

(7) A short assessment of Muhammad-bin Tughlug's rule—Nature of the changes during Firuz Shah's rule : some of his beneficient measures.

(8) Invasion of Timur-effects—disintegration of the Sultanate : the Sayyids and Lodis ( only a brief outline ).

(9) Rise of some regional powers :

(a) Bengal under Ilias-Sahi rulers : Hussain Shah and Nasarat Shah ; cultural developments.

(b) The Bahmani Kingdom ( no detail )—split up into five kingdoms.

(c) The nature of the Bahamani—Vijayanagar conflict ( details of the wars to be omitted ).

(d) Vijayanagar empire—Dev Rai and Krishna Rai —special emphasis on the administrative system— and the social, cultural and economic life.

(10) Impact of Islam on India during this period—with particular stress on the impact on the cultural life —the initial orthodox reaction ; gradual synthesis of cultures—the Bhakti cult—Sufism—Religious reference—their message. Art and architecture— development of Vernacular literature and regional art and culture—patronage of literature etc. by the ruling groups—growth of Urdu.

## The Mughal Age : 1526—1707

(1) A brief note of the types of sources.

(2) Origins of the Mughals : foundation of the padshahi by Babar,—Panipath, Khanua and Ghogra—(detail of wars to be omitted) Babar's memoirs.

(a) Mughal—Afghan contest—its nature—a brief narrative of the building up of an empire by Sher Shan—special stress on the administrative and revenue systems.

Sher Shah's contributions—a brief reference to the re-establishment of the Mughal power.

(b) Widening of the empire and its consolidation by Akbar : Stress on the methods by which Akbar achieved it : (detail of the wars to be omitted )— foundation of a new administrative system-Jagirdari system—revenue system—cultural life ; Din-i-Ilahi —Akbar's Court—His building activities.

(c) Jahangir and Shahjahan : Assessment as rulers : particular stress on their patronage of art and architecture—Their policy towards European traders.

(d) Aurangzeb : a short note on the wars of succession —stress on two developments in the political sphere : further widening of the empire on the one hand, and the emergence on the other of certain conditions which tended to weaken the imperial authority : Roots and nature of his troubles in Northern and North-western India ; the Deccan polity—Shivaji and the first phase of the Mughal—Maratha conflict—organisation of the civil and military administration by Shivaji—assesment of Shivaji as a ruler—the far-reaching consequences of Aurangzeb's Deccan wars—organisation by Aurangzeb of the civil and military adminstration —His religious policy—his character and personality—a brief estimate as a ruler.

(e) Activities of the European Trading companies ( a brief outline ).

3. India under the Mughals : Political unification of a large part of India—measures in connection with the assertion of the Central Authority—the Mughal rulers and Jagirdars—land revenue system —the ruler society of India in the eyes of foreigners —trade, industry and commerce—European traders —special emphasis on the cultural life : art, architecture, paintings, literature—history writing—music—some reference to some distinctive regional cultures.

## History of India : 1707-1857

1. Decline and disintegration of the Mughal Empire—beginning of the process during Aurangzeb's time—threats to the Mughal Empire from different quarters—drain on the imperial finances due to wars

—implications of the fast increasing jagirs, while the revenue income did not increase—increased factionalism in the Mughal Court—different parties and factions—weakness of the successors of Aurangzeb—power struggle—the nobles etc. further consolidated their powers—Central control over the different Subas and regions gradually disappeared, —effects of the invasion of Nadir Shah.

2. **Growth of regional powers** ( emphasis on those, whose encounters with the British affected the later political scene ).

   (i) The regions to be particularly studied Bengal, Hyderabad, Mysore, Awadh, the rise of the Sikhs upto Guru Govind.

   (ii) Growth and decline of the Marathas (till 1761) —Expansion of the Maratha Power—Third battle of Panipath (1761)—its impact.

3. Growth of European Commerce and conflict among European trading Companies—Anglo French conflict—Carnatic : the first area of conflict—Effects of the Anglo-French rivalry in Europeand elsewhere —War of Austrian succession and Seven Years war —Reaction of Carnatic rulers to the growing con- flict—Result of the war—causes of French failure.

4. Growth of English East India Company's Commerce and political power in Bengal till 1765—Growth of English trade in Bengal in the first half of 18th Century Farman of 1717—frictions with the Nawabs—conflict between the English and Siraj from 1756 to Plassey—its results—conflict with Mir Qasim : Buxer ( 1764 )—Dewani (1765).

5. **1767-1857**

   British Imperial Expansion :

   ( The war operations to be described as briefly as possible. The main stress should be given on (a) The British Motives, (b) The decisive factors in the British Victory )—

   (a) Marathas ( one long narrative )

(b) Mysore ( —do— )
Subsidiary Alliance (1798) as an instrument of British political control.

(c) Other conquests, ( excluding relationship with the Sikhs—Anglo—Sikh relations till the death of Ranajit Singh.

(d) Annexation of Punjab.

(e) Dalhousie and British imperial expansion—Novel features.

6. **Administrative Foundations :**

(i) Nature of the growth of British political power till 1765 (two short paragraphs)—Implications of Diwani of 1765 and of Diarchy in 1772.

(ii) Growth of centralisation : ( Hastings to Cornwallis. )

(iii) Organisation of a new and judicial and police system.

(iv) Need for an increased income from land-revenue—Types of arrangements in this connection—their broad effects.

7. **Industry and Trade :**

Expansion of India's foreign trade and decline of some Indian industries ( To stress cotton-goods during the period 1765-1857 )

8. **The Cultural Scene :**

(i) Brief note on the old educational system : The changes : English Education—Decline of vernacular Education. Contact with western culture : (ii) A history of social and cultural Movements with special reference to Bengal and Maharashtra.

9. **Peasant unrest and uprisings :**

(a) Peasant Rebellions—Ferazi—Wahabi Movement ;

(b) Tribal Movements—Kols—Santhals

10. **The Revolt 1857 causes :**

Extent of popular participation—leadership—Nature of the Revolt.

## সূচীপত্র

# প্রথম অধ্যায়

## ভূগোল ও ইতিহাস

**ভূমিকা :** যে কোন দেশের পরিবেশের মৌলিক উপাদান হইল ভূগোল। ভৌগোলিক অবস্থান, ভূ-প্রকৃতি, জলবায়ু ইত্যাদি লইয়াই প্রাকৃতিক পরিবেশ। মানুষই পরিবেশ সৃষ্টি করে ; আবার মানুষ নিজেই এই পরিবেশের দাস। যুগের পর যুগ বিভিন্ন পরিবেশের মধ্য দিয়া মানুষ তাহার জীবনযাত্রার সংগ্রাম চালাইয়া গিয়াছে। বহু পরিবর্তন ও বিবর্তনের মাধ্যমে মানুষের যে সভ্যতা গড়িয়া উঠিয়াছে তাহারই কাহিনী হইল ইতিহাস। অতএব ইতিহাসের মূল বিষয়বস্তু হইল মানুষ এবং পরিবেশ। মানুষ ইতিহাসের প্রধান নায়ক, ভূগোল পরিবেশের প্রধান উপাদান। সুতরাং ভূগোলকে বাদ দিয়া ইতিহাসের কথা চিন্তা করা যায় না। ভূগোল এবং ইতিহাস পরস্পর সম্পর্কযুক্ত। ভূগোল এবং কালানুক্রমিকতা যেন সমস্ত ইতিহাসের সূর্য ও চন্দ্র ; যেন একটি ডান চক্ষু এবং অপরটি বাম চক্ষু— "Geography and chronology are the sun and the moon, the right eye and the left eye of all history". ইতিহাসের সঙ্গে জড়াইয়া আছে কাল ও স্থান। মানুষের সমাজ ও সভ্যতার ধারাবাহিকতা ইতিহাসের গতিকে অব্যাহত রাখে আর ভৌগোলিক অর্থাৎ স্থানীয় পটভূমিকায় ইতিহাস বাস্তব ও মূর্ত হইয়া উঠে। সুতরাং ভূগোল ও ইতিহাসের সম্পর্ক অবিচ্ছেদ্য। ভারতের ইতিহাস ও সংস্কৃতির ধারা সম্পর্কে প্রকৃত জ্ঞান লাভ করিতে হইলে ভারতীয় উপমহাদেশের ভৌগোলিক পরিবেশ তথা বৈশিষ্ট্য সম্পর্কে স্পষ্ট ধারণা থাকা প্রয়োজন।

(ক) **ভারতীয় উপমহাদেশের ভৌগোলিক বৈশিষ্ট্য :** ভারত একটি বিশাল দেশ। এই দেশটি এশিয়া মহাদেশের দক্ষিণ দিকে অবস্থিত ত্রিভুজাকৃতি একটি বিরাট উপদ্বীপ। উত্তর সীমান্তে চির-তুষারমৌলি সুবিশাল হিমালয় পর্বতমালা এশিয়ার অন্যান্য অংশ হইতে ভারতকে বিচ্ছিন্ন করিয়া রাখিয়াছে। পূর্ব, পশ্চিম ও দক্ষিণ—প্রায় তিনদিকেই রহিয়াছে অনন্ত সুনীল জলধি। পূর্বে বঙ্গোপসাগর, পশ্চিমে আরব সাগর এবং দক্ষিণে ভারত মহাসাগর। ইহা ব্যতীত উত্তর-পশ্চিমে হিন্দুকুশ ও সুলেমান পর্বতমালা ভারতকে আফগানিস্তান, রাশিয়া, ইরাণ প্রভৃতি দেশ হইতে এবং উত্তর-পূর্বে আরাকান পর্বতমালা ইহাকে ব্রহ্মদেশ হইতে সম্পূর্ণ বিচ্ছিন্ন না করিলেও স্বতন্ত্র করিয়া রাখিয়াছে।

অবস্থান ও প্রাকৃতিক সীমারেখা

আয়তনে ভারত রাশিয়া ব্যতীত ইউরোপ মহাদেশের সমান। এই বিশালতা ও নানা প্রাকৃতিক বৈচিত্র্যের জন্য ভারতকে একটি উপমহাদেশ বলা হয়।

আয়তন

সুবিস্তৃত বিন্ধ্য পর্বত ভারতবর্ষের মধ্যস্থলে অবস্থান করিয়া ইহাকে দুই ভাগে বিভক্ত করিয়াছে। উত্তরে হিমালয় হইতে দক্ষিণে বিন্ধ্য পর্বত পর্যন্ত অঞ্চলকে বলা হয় **আর্যাবর্ত** এবং বিন্ধ্য হইতে দক্ষিণে সমুদ্র পর্যন্ত অঞ্চলটির নাম **দাক্ষিণাত্য**।

আর্যাবর্ত ও দাক্ষিণাত্য

প্রাকৃতিক বৈশিষ্ট্য অনুযায়ী সমগ্র ভারতকে বিন্যস্ত করা হইয়াছে পাঁচটি সুনির্দিষ্ট অঞ্চলে।

পাঁচটি প্রাকৃতিক অঞ্চল

(১) **হিমালয়ের পার্বত্য অঞ্চল** ঃ হিমালয়ের সানুদেশে অবস্থিত ভূস্বর্গ কাশ্মীর, কাংড়া, নেপাল, ভূটান প্রভৃতি পার্বত্য রাজ্য এই অঞ্চলের অন্তর্গত। অনেকদিন ধরিয়া ভারতের সমভূমির সহিত এইসব রাজ্যের কোন যোগাযোগ ছিল না। তাই দীর্ঘকাল এইসব অঞ্চল নিজেদের স্বাতন্ত্র্য অক্ষুণ্ণ রাখিতে সমর্থ হইয়াছিল।

(২) **সিন্ধু-গঙ্গা-ব্রহ্মপুত্র বিধৌত সমভূমি** ঃ হিমালয় পর্বতমালার সানুদেশ হইতে মধ্য-ভারতীয় মালভূমি পর্যন্ত বিস্তৃত এই সমভূমি অঞ্চল। ইহার পশ্চিম অংশে পাঞ্জাব, সিন্ধুপ্রদেশ ও মরুময় রাজপুতানা এবং পূর্ব অংশে গঙ্গা ও ব্রহ্মপুত্র প্রবাহিত বিশাল অববাহিকা অঞ্চল। এই উর্বর ও শস্যশ্যামল সমতলভূমি ভারত-ইতিহাসে খুবই গুরুত্বপূর্ণ। 'হিন্দুস্থান' নামে পরিচিত এই অঞ্চলে বহু প্রাচীন সাম্রাজ্য ও সভ্যতা গড়িয়া উঠিয়াছিল। বর্তমানে সিন্ধুপ্রদেশ পাকিস্তানের অন্তর্গত।

(৩) **মধ্য-ভারতের মালভূমি** ঃ গাঙ্গেয় উপত্যকার দক্ষিণে এবং বিন্ধ্য পর্বতমালার উত্তরে মধ্য-ভারতের মালভূমি অবস্থিত। এই অঞ্চলটিও 'হিন্দুস্থান' নামে পরিচিত। এই অঞ্চলের ভিতর দিয়া প্রবাহিত হইয়াছে নর্মদা, তাপ্তী প্রভৃতি নদী। এই অঞ্চলে যে-সব পাহাড়-পর্বত ও অরণ্যানী রহিয়াছে সেগুলি দুর্গম এবং দুর্ভেদ্যও বটে। এখানকার কোল, ভীল, মুণ্ডা প্রভৃতি উপজাতিগণই ভারতের আদিম অধিবাসী।

(৪) **দাক্ষিণাত্যের মালভূমি** ঃ বিন্ধ্য বা সাতপুরা পর্বতমালার দক্ষিণে এবং পূর্বঘাট ও পশ্চিমঘাট পর্বতমালার মধ্যবর্তী অঞ্চলে অবস্থিত দাক্ষিণাত্যের মালভূমি। এই মালভূমির অধিকাংশ অঞ্চল পর্বতময় ও বন্ধুর। ইহার সমুদ্র-উপকূলবর্তী অঞ্চল নিম্ন সমভূমি। গোদাবরী, কৃষ্ণা, কাবেরী, ও তুঙ্গভদ্রা নদী এই অঞ্চল দিয়া প্রবাহিত।

(৫) **সুদূর দক্ষিণ** ঃ কৃষ্ণা ও তুঙ্গভদ্রা নদীর দক্ষিণ হইতে কুমারিকা অন্তরীপ পর্যন্ত বিস্তৃত যে অঞ্চল তাহারই নাম সুদূর দক্ষিণ। ঐতিহাসিক ডঃ ভিনসেণ্ট স্মিথ এই অঞ্চলকেই Far South বা সুদূর দক্ষিণ বলিয়া উল্লেখ করিয়াছেন। এই অঞ্চলে প্রাচীন যুগে চোল, চের, পাণ্ড্য প্রভৃতি শক্তিশালী রাজ্য গড়িয়া উঠিয়াছিল।

(খ) **ভারত-ইতিহাসে ভৌগোলিক প্রভাব** ঃ ভারতের ভৌগোলিক অবস্থান এবং ভু-প্রকৃতি ভারতের ইতিহাসকে বিশেষভাবে প্রভাবিত করিয়াছে। পৃথিবীর সকল দেশেরই ইতিহাস, জাতীয় চরিত্র ও অর্থনৈতিক জীবনধারার উপর ভু-প্রকৃতি বা ভৌগোলিক পরিবেশের প্রভাব অপরিসীম। সুতরাং ভারতও এই সাধারণ নিয়মের ব্যতিক্রম নয়। প্রাকৃতিক বৈশিষ্ট্যের কথা চিন্তা করিলে বলিতে হয়, ভারত যেন 'পৃথিবীর এক ক্ষুদ্র সংস্করণ' (An epitome of the world)। প্রকৃতির এই বৈচিত্র্য ভারতের ইতিহাসকেও বৈচিত্র্যময় করিয়া তুলিয়াছে।

ভারত ইতিহাসের গতি নিয়ন্ত্রণে হিমালয় পর্বতমালার গুরুত্ব সমধিক। হিমালয়

পর্বতমালা সমগ্র দেশকে রক্ষা করিয়াছে বৈদেশিক আক্রমণ হইতে, দান করিয়াছে জাতীয় নিরাপত্তা। উত্তর দিকে হিমালয় যেন ভারতের এক সদাজাগ্রত প্রহরী। তবে অবশ্য, এই পর্বতমালার উত্তর-পশ্চিমে অবস্থিত খাইবার, বোলান প্রভৃতি গিরিপথ দিয়া যুগে যুগে পারসিক, গ্রীক, শক, কুষাণ, হূণ, তুর্কী, তাতার, আফগান প্রভৃতি নানা বৈদেশিক জাতি ভারতে প্রবেশ করে। এইসব জাতির আগমনে পরিবর্তিত হয় ভারত-ইতিহাসের ধারা এবং ভারতবাসীর ভাগ্য। এইসব অঞ্চলের অধিবাসীরা ক্রমাগত বৈদেশিক অভিযানের বিরুদ্ধে সংঘর্ষে লিপ্ত থাকায় কষ্টসহিষ্ণু, দুর্ধর্ষ ও রণনিপুণ জাতিতে পরিণত হয়। অন্যদিকে আবার এই দুই গিরিপথ অতিক্রম করিয়া ভারতীয় বণিক তাহার পণ্যসামগ্রী লইয়া দেশ-দেশান্তরে যাতায়াত করিত। ভারতীয় মনীষী, ভারতীয় ধর্মপ্রচারক সেই সব দেশে প্রচার করেন ভারতীয় কৃষ্টি, ভারতীয় ধর্ম ও সংস্কৃতির অমরবাণী। উত্তর ভারতের প্রধান প্রধান নদ-নদী উদ্ভূত হইয়াছে হিমালয় পর্বতমালা হইতেই। প্রকৃতপক্ষে ভারতভূমি যেন হিমালয়-দুহিতা। ভারতের ইতিহাস, ভারতের কাব্য, ভারতের সাহিত্য, ভারতের সভ্যতা সবকিছুই হিমালয় পর্বতমালার সহিত বিজড়িত। তাই এই হিমালয় আমাদের কাছে 'দেবতাত্মা হিমালয়'।

**হিমালয়ের প্রভাব**

ভারতের সভ্যতা, ভারতের সংস্কৃতি প্রকৃতপক্ষে নদীমাতৃক। বিভিন্ন নদ-নদীর জলধারায় সিঞ্চিত এই দেশ সুজলা, সুফলা ও শস্যশ্যামলা। উত্তর ভারতের নদ-নদীর তীরে অবস্থিত রহিয়াছে বহু সমৃদ্ধ জনপদ, জনবহুল নগরী, প্রসিদ্ধ বাণিজ্য-কেন্দ্র ও পুণ্য-পবিত্র তীর্থস্থান। প্রকৃতির অকৃপণ দানে সিন্ধু-গঙ্গা-ব্রহ্মপুত্র বিধৌত সমভূমি অঞ্চলের জীবনযাত্রা বহুলাংশে স্বচ্ছন্দ হওয়ায় এখানকার অধিবাসীরা প্রচুর অবসরের মধ্যে দার্শনিক চিন্তা, সাহিত্য রচনা ও ধর্মাচরণের কাজে আত্মনিয়োগ করিতে সমর্থ হয়। তাই প্রাচীনযুগে বিশ্বের অধিকাংশ দেশ যখন আচ্ছন্ন ছিল অজ্ঞতার তিমিরে ভারত তখন উদ্ভাসিত হইয়া উঠে সভ্যতার আলোকে, জ্ঞান-বিজ্ঞানের অনুশীলনে।

**নদ-নদীর প্রভাব**

পুনঃ পুনঃ বৈদেশিক আক্রমণের ফলে উত্তর-ভারতে বিদেশী রক্ত, বিদেশী সভ্যতা, বিদেশী সংস্কৃতির যেরূপ সংমিশ্রণ ঘটে, দাক্ষিণাত্যে তাহা হইতে পারে নাই। পর্বতসংকুল ও সমুদ্রবেষ্টিত হওয়ায় দাক্ষিণাত্য দীর্ঘদিন নিজ স্বাধীনতা ও স্বাতন্ত্র্য অক্ষুণ্ণ রাখিতে সমর্থ হয়। দাক্ষিণাত্যের ভাষা, ধর্ম, সভ্যতা ও সংস্কৃতির মধ্যে আর্য ও দ্রাবিড় প্রভাব যুগপৎ বিদ্যমান।

**বিন্ধ্য পর্বতের প্রভাব**

ভারতবর্ষ তিনদিক দিয়া সমুদ্র-দ্বারা বেষ্টিত। সমুদ্র উপকূলের নিম্ন সমভূমিতে অবস্থিত ছিল দক্ষিণ ভারতের প্রধান প্রধান বন্দর ও সমৃদ্ধ বাণিজ্যকেন্দ্র। এইসব বাণিজ্যিক বন্দর হইতেই সেই যুগে ভারতীয় বণিকেরা পণ্য বিনিময় করিতেন বহির্বিশ্বের সহিত। কালক্রমে এইসব অঞ্চলে বিস্তৃত হয় ভারতীয় সভ্যতা ও ভারতীয় সংস্কৃতি।

**সমুদ্রের প্রভাব**

(গ) **ভারতীয় সভ্যতার মূলগত ঐক্য ঃ** ভারতবর্ষ এক বৈচিত্র্যময় দেশ। বহু জাতির মিলনক্ষেত্র, বর্ণসংকর ভারতে বিদ্যমান রহিয়াছে, ভাষাগত বৈষম্য, ধর্মীয় ব্যবধান, ভৌগোলিক বৈচিত্র্য এবং সামাজিক রীতিনীতি, বেশভূষা ও খাদ্যাভ্যাসের বিরাট পার্থক্য। অধিবাসীদের মধ্যে এই বৈচিত্র্য লক্ষ্য করিয়াই ঐতিহাসিক স্মিথ ভারতকে 'নৃতত্ত্বের যাদুঘর' ( ethnological museum ) বলিয়া অভিহিত করিয়াছেন।

কিন্তু ভাষাগত, সামাজিক ও ধর্মীয় এত বৈষম্য, এত বৈচিত্র্য থাকা সত্ত্বেও ভারতীয় জনসমাজে একটি মূলগত ঐক্যবোধের সন্ধান পাওয়া যায়।* ভারতবর্ষের এই বিভিন্নতার কথা বলিতে গিয়া ঐতিহাসিক স্মিথ এই দেশের 'মৌলিক ঐক্য' ( Fundamental unity ) এবং 'বৈচিত্র্যের মধ্যে ঐক্য' ( Unity in diversity ) —এই দুইটি কথার উপরই বিশেষ গুরুত্ব আরোপ করিয়াছেন।

প্রাচীনকালেই ভারতের কবি, ভারতের দার্শনিক, ভারতের চিন্তাবিদ্ একজন 'একরাট' বা 'রাজচক্রবর্তী'র অধীনে ঐক্যবদ্ধ রাষ্ট্রীয় আদর্শের বাণী প্রচার করেন। প্রাচীন যুগে ভারতীয় রাজন্যবর্গ 'রাজসূয়' ও 'অশ্বমেধ' যজ্ঞের অনুষ্ঠান করিয়া খণ্ড-ছিন্ন-বিক্ষিপ্ত ভারতকে এক সাম্রাজ্যপাশে আবদ্ধ করিতে প্রয়াসী হন। প্রাচীনকাল হইতেই ভারতবাসী বেদ, রামায়ণ, মহাভারত, পুরাণ প্রভৃতি গ্রন্থ শ্রদ্ধাভরে পাঠ করিয়া আসিতেছেন। এই দেশের শিক্ষা-দীক্ষা ও ভাবপ্রকাশের প্রধান বাহন ছিল সংস্কৃত ভাষা এবং পরবর্তী যুগে প্রাকৃত ভাষাও বটে। এই দেশের সাধারণ মানুষ একান্ত আগ্রহে গ্রহণ করিয়াছিল ব্রাহ্মণ্য ধর্ম। ধর্ম পালন ও আচার-ব্যবহারে উল্লেখযোগ্য পার্থক্য থাকিলেও বহিরাগত বিভিন্ন জনশ্রেণী এদেশে দীর্ঘকাল বসবাস করার ফলে ভারতীয় জনসমাজের মধ্যে বিলীন হইয়া গিয়াছিল। মুসলমান আমলেও ভারতের ঐক্যচেতনা খণ্ডিত হয় নাই। আলাউদ্দিন খল্জীর শাসনে ও ঔরংজেবের রাজত্বকালে প্রায় সম্পূর্ণ ভারতবর্ষ একটি কেন্দ্রীয় শক্তির অধীনে ছিল। ইংরাজ আমলে স্বাধীনতা আন্দোলনের পটভূমিতে 'বন্দেমাতরম্' ও 'জয়হিন্দ্' মন্ত্রে ভারতে গড়িয়া উঠিয়াছিল একটি অখণ্ড রাজনৈতিক চেতনা এবং সর্বভারতীয় ঐক্য বোধ। তাই ভারতের সমাজ জীবনে গড়িয়া উঠিয়াছে এক অপূর্ব সমন্বয়।

(ঘ) **প্রাচীন ভারতের ইতিহাসের উপাদান ঃ** যে সকল মৌলিক তথ্য ও প্রমাণ-পঞ্জীর উপর ভিত্তি করিয়া ইতিহাস রচিত হয় সেগুলিকে ইতিহাসের উপাদান বলে। ভারতের প্রাচীন যুগের কোন পূর্ণাঙ্গ ইতিহাস পাওয়া যায় না। কালের প্রভাবে এবং বৈদেশিক আক্রমণকারীদের ধ্বংস-বিলাসে ভারতের প্রাচীন যুগের ইতিহাস রচনার সকল উপাদান আজ বিলুপ্তপ্রায়। একাদশ শতাব্দীতে মুসলমান পর্যটক অল্‌বিরুণী মন্তব্য করেন, "হিন্দুগণ ঐতিহাসিক রচনার প্রতি একেবারেই উদাসীন, তাহাদের নৃপতিবর্গের কালানুক্রমিক ইতিহাস সম্পর্কেও তাহারা অজ্ঞ।"

* "নানা ভাষা, নানা মত, নানা পরিধান,
বিবিধের মাঝে দেখ মিলন মহান।"—অতুলপ্রসাদ সেন

তবুও সে যুগের ইতিহাস রচনার পক্ষে উপযোগী যেসব উপাদান পাওয়া গিয়াছে, সেইগুলিকে বিন্যস্ত করা যায় মূলতঃ চারটি শ্রেণীতে :

(১) **প্রাচীন ধর্মগ্রন্থ ও সাহিত্য :** ভারতের প্রাচীনতম ধর্মগ্রন্থ বেদ, উপনিষদ, রামায়ণ ও মহাভারত হইতে পাওয়া যায় সমকালীন ভারতীয়দের ধর্মবিশ্বাস, পূজা-পদ্ধতি, সমাজ-ব্যবস্থা সম্বন্ধে নানা তথ্য এবং রাজনৈতিক জীবনের খণ্ড খণ্ড চিত্র। বিভিন্ন পুরাণে বর্ণিত হইয়াছে ভারতের বিভিন্ন রাজবংশের কুলপঞ্জী। বৌদ্ধ ও জৈন ধর্ম এবং বুদ্ধ ও মহাবীরের জীবনী লিপিবদ্ধ আছে নানা বৌদ্ধ ও জৈন ধর্মগ্রন্থে। 'দীপবংশ' ও 'মহাবংশ' নামে পালি ভাষায় লিখিত দুইখানি সিংহলী গ্রন্থে বর্ণিত হইয়াছে ভারতের সমকালীন ইতিহাস। এই উপাদানগুলিকে প্রাচীন ভারত ইতিহাসের 'প্রধান নোঙ্গর' বলা হয়।*


প্রাচীন যুগের ইতিহাসের উপাদান হিসাবে ঐতিহাসিক সাহিত্যের গুরুত্বও যথেষ্ট। কৌটিল্যের 'অর্থশাস্ত্র', বাণভট্ট রচিত 'হর্ষচরিত', সন্ধ্যাকর নন্দী রচিত 'রামচরিত কাব্য', বিহ্লন রচিত 'বিক্রমাঙ্ক চরিত', বাকপতির 'গৌড়বাহো', কলহন রচিত 'রাজতরঙ্গিণী', চান্দ বরদাই রচিত 'পৃথ্বীরাজ রাসো' ইত্যাদি অসংখ্য গ্রন্থে প্রাচীন যুগের ইতিহাস রচনার উপাদান পাওয়া যায়।

(২) **বৈদেশিক বিবরণী :** বৈদেশিক ঐতিহাসিক ও পর্যটকদের বিবরণী হইতেও প্রাচীন ভারতের ইতিহাস সম্বন্ধে অনেক মূল্যবান তথ্য জানা যায়। চন্দ্রগুপ্ত মৌর্যের রাজসভায় মেগাস্থিনিস নামে জনৈক গ্রীক রাজদূত আগমন করেন। ভারত সম্পর্কে তাঁহার লিখিত বিবরণ 'ইণ্ডিকা' বা 'ভারত-বিবরণী' নামে খ্যাত। এই গ্রন্থ হইতে ভারতীয়দের আচার-ব্যবহার, রীতি-নীতি, সমাজ-ব্যবস্থা, বিশেষ করিয়া মৌর্যশাসন-প্রণালী সম্বন্ধে অনেক তথ্য জানা যায়। খ্রীষ্টীয় প্রথম শতকে জনৈক অজ্ঞাতনামা গ্রীক নাবিক রচনা করেন 'পেরিপ্লাস অব দি ইরিথ্রিয়ান সী' নামে একখানি গ্রন্থ। ইহা হইতে ভারতের বৈদেশিক বাণিজ্য সম্বন্ধে অনেক তথ্য আহরণ করা যায়। গুপ্তরাজাদের আমলে চীনা পরিব্রাজক ফা-হিয়েন ভারতে আসেন। তাঁহার বিবরণী গুপ্তযুগের ইতিহাসের উপর প্রচুর আলোকপাত করে। হর্ষবর্ধনের রাজত্বকালে বিখ্যাত চীনা পরিব্রাজক হিউ-এন-সাঙ ভারত-ভ্রমণে আসেন। তাঁহার বিবরণী হর্ষ-যুগের নানা ঐতিহাসিক তথ্যে পূর্ণ। মুসলমান পর্যটক অল্ বিরূণী রচিত 'কিতাব-উল্-হিন্দ্' গ্রন্থ ভারতীয়দের ধর্মজীবন, সমাজ-ব্যবস্থা, জ্যোতিষ ও আয়ুর্বেদশাস্ত্র-সম্পর্কিত নানা তথ্যে সমৃদ্ধ। ভেনিসদেশীয় পর্যটক মার্কোপোলোর ভ্রমণ-বৃত্তান্তেও সমকালীন ভারতের কাহিনী উল্লিখিত আছে। তিব্বতী ঐতিহাসিক তারানাথের বিবরণী হইতেও বৌদ্ধধর্ম সম্বন্ধে মূল্যবান তথ্য সংগ্রহ করা যায়।

(৩) **প্রত্নতাত্ত্বিক ও স্থাপত্য-ভাস্কর্য নিদর্শন :** প্রাচীন মঠ, মন্দির, বৌদ্ধবিহার ও স্তূপ, প্রাসাদ ও দুর্গ প্রভৃতি স্থাপত্য এবং দেব-দেবীর মূর্তি,

* "Sheet anchors of Indian history"—Dr. H. C. Roychowdhury

মূর্তিশিল্প, গুহাচিত্র প্রভৃতি শিল্প-নিদর্শন ভারতের প্রাচীন যুগের ইতিহাস রচনার ক্ষেত্রে মূল্যবান উপাদান। অজন্তা ও ইলোরার গুহাচিত্রগুলি ভারতীয় শিল্পকলার উৎকর্ষের জাজ্বল্যমান প্রমাণ। লুম্বিনী, সারনাথ, সাঁচী, মথুরা প্রভৃতি স্থানে প্রাপ্ত মৌর্যসম্রাট অশোকের শিলালিপি ও স্তম্ভলিপি হইতে তাঁহার রাজ্যবিস্তার, ধর্মপ্রচার, শাসন-প্রণালী এবং সমকালীন শিল্পকলা সম্বন্ধে অনেক প্রামাণ্য তথ্য সংগ্রহ করা যায়। অন্যান্য শিলালিপির মধ্যে কলিঙ্গরাজ খারবেলের 'হাতীগুম্ফালিপি', হরিসেন



অশোকের শিলালিপি

রচিত সমুদ্রগুপ্তের 'এলাহাবাদ স্তম্ভলিপি', শক মহাক্ষত্রপ রুদ্রদমনের 'জুনাগড়লিপি', সাতবাহনরাজ গৌতমীপুত্র সাতকর্ণির 'নাসিকলিপি', শশাঙ্কের 'গঞ্জামলিপি' বিশেষ উল্লেখযোগ্য। পালরাজদের তাম্রশাসন হইতে বাংলাদেশে মাৎস্যন্যায় ও গোপালদেবের রাজপদে নির্বাচনের ইতিহাস জানা যায়। শিলালিপি ও তাম্রলিপির গুরুত্ব সম্বন্ধে ঐতিহাসিক স্মিথ বলিয়াছেন, "Unquestionably the most copious and important source of the early Indian history is epigraphy." হরপ্পা ও মহেঞ্জোদরোর যে ধ্বংসাবশেষ আবিষ্কৃত হইয়াছে তাহা প্রমাণ করে যে, আর্যদের আগমণের পূর্বেও ভারতে একটি উন্নততর সভ্যতা ছিল।

(৪) মুদ্রা : বিভিন্ন মুদ্রা হইতেও প্রাচীন যুগের রাজাদের নামধাম, বংশপঞ্জী, রাজত্বকাল এবং ধর্মীয় ও অর্থনৈতিক অবস্থা সম্বন্ধে নানা মূল্যবান তথ্য সংগ্রহ করা যায়। ভারতে প্রাচীন যুগে বহ্লীক, গ্রীক, শক, হূণ প্রভৃতি যে সব বিদেশী রাজগণ রাজত্ব করিতেন, তাঁহার পরিচয় পাওয়া যায় উত্তর-পশ্চিম সীমান্তে এবং অন্যান্য স্থানে প্রাপ্ত মুদ্রা হইতে। গুপ্তসম্রাট সমুদ্রগুপ্তের মুদ্রায় বীণাবাদনরত মূর্তি এবং তাঁহার আমলে প্রবর্তিত আরও একটি মুদ্রায় অশ্বচিহ্ন অঙ্কিত থাকায় ইহা সহজেই অনুমান করা যায়, তিনি সঙ্গীতপ্রিয় ছিলেন এবং অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠান করেন।

## দ্বিতীয় অধ্যায়

## ভারতীয় সভ্যতার উন্মেষকাল

(ক) **ভারতীয় সভ্যতার প্রাচীনত্ব—প্রস্তর যুগের ক্রমবিকাশ :** ভারতবর্ষ অতি প্রাচীন দেশ। ভারতের ন্যায় ইহার সভ্যতাও সুপ্রাচীন। দীর্ঘদিন ধরিয়া কোটি কোটি মানুষের প্রচেষ্টায় এই সভ্যতা স্তরে স্তরে বিকশিত হইয়াছে। পৃথিবীর প্রাচীনতম সভ্যতার অন্যতম কেন্দ্রস্থল আমাদের এই ভারতবর্ষ। তবে ভারতীয় সভ্যতার সঠিক বয়স কত তাহা আজও নির্ণয় করা সম্ভব হয় নাই।

ভারতের আদিম অধিবাসীরা প্রস্তর যুগের মানুষ। প্রস্তরযুগ আবার তিন ভাগে বিভক্ত—পুরাতন প্রস্তর যুগ ( Palaeolithic age ), মধ্য প্রস্তর যুগ ( Mesolithic agė ) এবং নূতন প্রস্তর যুগ ( Neolithic age )।

**পুরাতন প্রস্তর যুগ :** নৃ-বিজ্ঞানীরা কেহ কেহ অনুমান করেন যে পুরাতন প্রস্তর যুগের মানুষই ভারতের প্রাচীনতম অধিবাসী। এই যুগের মানুষ ছিল গুহাবাসী। তাহারা পশুর কাঁচামাংস ও ফল-মূল খাইয়া জীবন ধারণ করিত। তাহারা কৃষিকার্য এবং আগুন ও ধাতুর ব্যবহার জানিত না। আত্মরক্ষার জন্য তাহারা পাথরকে ভাঙ্গিয়া নিজেদের কাজে লাগাইত। তাহাদের নির্মিত পাথরের যন্ত্র ও অস্ত্রগুলি ছিল ভোঁতা ও অমসৃণ। এই জাতীয় বহু অস্ত্রশস্ত্র ও যন্ত্র ভারতের বিভিন্ন জায়গায় পাওয়া গিয়াছে। এইগুলি দেখিয়া মনে হয় তাহারা কোয়ার্টজাইট জাতীয় শক্ত পাথর ব্যবহার করিত।

এই যুগের অধিবাসীরা নেগ্রিটো জাতিভুক্ত ছিল বলিয়া অনেকে অনুমান করেন। ইহারা দেখিতে ছিল খর্বাকৃতি ও ঘোর কৃষ্ণবর্ণের। ইহাদের হাত সুদীর্ঘ, ঠোঁট পুরু, নাক চ্যাপ্টা ও চুল কোঁকড়ানো ছিল। আন্দামান-নিকোবর, আসাম ও দক্ষিণ ভারতের কোন কোন উপজাতির মধ্যে এই জাতির বংশধরদের এখনও দেখা যায়।


**মধ্য প্রস্তর যুগ :** পুরাতন প্রস্তর যুগ ও নূতন প্রস্তর যুগের সন্ধিকালকে বলা হয় মধ্য প্রস্তর যুগ। এই যুগের মানুষ শিকার ও মাছ ধরিয়া জীবন ধারণ করিত। তাহাদের যন্ত্রপাতি ও অস্ত্রশস্ত্র পূর্বাপেক্ষা অর্থাৎ পুরাতন প্রস্তর যুগের অস্ত্রশস্ত্র অপেক্ষা মসৃণ হইলেও, নূতন প্রস্তর যুগের অস্ত্রশস্ত্রের মত তত উন্নত, তীক্ষ্ন ও সৌষ্ঠবময় হইয়া উঠে নাই। পাথর ব্যতীত তাহারা হাড় নির্মিত অস্ত্রশস্ত্রও ব্যবহার করিত। শিকারীরা গৃহপালিত কুকুরকে তাহাদের সঙ্গে লইয়া যাইত।* ভারতের গুজরাট ও মহীশূর ( বর্তমান কর্ণাটক ) অঞ্চলে এই যুগের মানুষের অস্তিত্ব ছিল।

**নূতন প্রস্তর যুগ :** ইহার পর আসিল নূতন প্রস্তর যুগ। কালের বিবর্তনে মানুষের জীবনধারা পূর্বাপেক্ষা উন্নত হইল। তাহাদের যন্ত্রপাতি ও অস্ত্রশস্ত্র প্রস্তর-নির্মিত হইলেও এখন অনেক মসৃণ, তীক্ষ্ন ও সুন্দর আকার ধারণ করিল। এই

* "The hunter's equipment was supplemented by the domestic dog." The Oxford History of India.—V. A. Smith.

যুগের মানুষ কৃষিকার্য ও পশুপালন করিত, আগুনের ব্যবহার জানিত, এমনকি মাটির পাত্রও তৈয়ারী করিতে পারিত। তাহারা গুহার দেওয়ালে ছবি আঁকিয়া উহাকে সুসজ্জিত করিত। এই যুগের অধিবাসীরা আকৃতিতে পুরাতন প্রস্তর যুগের অধিবাসীদের তুলনায় অপেক্ষাকৃত দীর্ঘ ছিল। উত্তর ও দক্ষিণ ভারতে এই জাতীয় মানুষের অস্তিত্বের সন্ধান পাওয়া গিয়াছে। আধুনিক কালের সাঁওতাল, কোল, ভীল, ওরাওঁ, মুণ্ডা প্রভৃতি উপজাতি নূতন প্রস্তর যুগের বংশধর।

(খ) হরপ্পা সভ্যতা : নূতন প্রস্তর যুগের পরবর্তী কালকে বলা হয় ধাতু সভ্যতার যুগ। ধাতুযুগ বলিতে প্রথমাবস্থায় তাম্র ও ব্রোঞ্জ যুগকেই বুঝাইত। এই তাম্র ও ব্রোঞ্জ যুগেই ( Chalcolithic age ) ভারতের সিন্ধুনদের উপত্যকায় 'হরপ্পা সভ্যতা' নামে এক মহান সভ্যতার বিকাশ ঘটিয়াছিল। হরপ্পা প্রাক-




লৌহযুগের সভ্যতা। হরপ্পা নামক স্থানটি ইরাবতী নদীর তীরবর্তী পশ্চিম পাঞ্জাবের মণ্টগোমারি জেলায় অবস্থিত। বর্তমানে এই স্থানটি পাকিস্তানের অন্তর্গত। এখানে একটি প্রাচীন সভ্য নগরীর ধ্বংসাবশেষ আবিষ্কৃত হইয়াছে। ১৯২২ খ্রীষ্টাব্দে বিখ্যাত প্রত্নতাত্ত্বিক রায় বাহাদুর দয়ারাম সাহানীর নেতৃত্বে হরপ্পাতে ভারতের প্রাচীনতম সভ্যতার নিদর্শন আবিষ্কৃত হয়। অবশ্য ইহার পূর্বে ১৮২৬ খ্রীষ্টাব্দে প্রত্নতত্ত্বে উৎসাহী চার্লস টমসন হরপ্পার একটি ভগ্নপ্রায় দুর্গের কথা

মানুষকে জানান। ইহার পর স্যার আলেকজাণ্ডার কানিংহাম ১৮৫৩ খ্রীষ্টাব্দে সেখানে খনন কার্য চালাইয়া সামান্য উপাদান সংগ্রহ করিয়াছিলেন। তারপর ১৮৫৬ খ্রীষ্টাব্দে জন ব্রাইটন নামক একজন ইংরাজের নেতৃত্বে মুলতান অঞ্চলে যখন রেলপথ স্থাপনের কর্মোদ্যোগ চলিতেছিল তখন মাটি খুঁড়িতে গিয়া শ্রমিকেরা সেখানে ইটের সন্ধান পাইয়াছিল। দয়ারাম সাহানী হয়ত সেই সব সূত্র ধরিয়াই এই কার্যে অগ্রসর হইয়াছিলেন। যাহা হউক, ঐ একই বৎসর (১৯২২ খ্রীঃ) বাঙালী প্রত্নতাত্ত্বিক ও ঐতিহাসিক রাখালদাস বন্দ্যোপাধ্যায় সিন্ধু প্রদেশের লারকানা জেলার মহেঞ্জোদরো নামক স্থানে একটি ঢিপিকে প্রাচীন বৌদ্ধস্তূপের ধ্বংসাবশেষ মনে করিয়া খননকার্য শুরু করেন। এই ঢিপিটিকে স্থানীয় লোকেরা 'মৃতের স্তূপ' বলিত। এই খননকার্যের ফলে সেখানে কয়েকটি চিত্রাংকনযুক্ত সীলমোহর আবিষ্কৃত হয়। ইহার পূর্বে একই ধরনের সীলমোহর হরপ্পাতেও পাওয়া গিয়াছিল। ইহার পরে প্রত্নতত্ত্ব বিভাগের ডিরেক্টর স্যার জন মার্শাল ও স্যার মার্টিমার হুইলারের নেতৃত্বে কিছুদিন ঐ অঞ্চলে ব্যাপক অনুসন্ধান ও খননকার্য শুরু হয়। হরপ্পা মহেঞ্জোদরো হইতে কয়েকশত মাইল দূরে অবস্থিত হইলেও স্থান দুইটির মধ্যে জলপথে যোগাযোগ ছিল। উভয় স্থানে প্রাপ্ত সীলমোহরগুলি পরীক্ষা করিয়া তাঁহারা এই সিদ্ধান্তে উপনীত হন যে, এইগুলি একই যুগের এবং একই ধরনের সভ্যতার নিদর্শন। সিন্ধু উপত্যকায় এই সভ্যতা গড়িয়া উঠিয়াছিল বলিয়া ব্যাপক অর্থে এবং সাধারণভাবে ইহা 'সিন্ধু সভ্যতা' নামেই পরিচিত। কিন্তু আধুনিক কালের ঐতিহাসিকগণ ইহাকে 'হরপ্পা সভ্যতা' নামেই অভিহিত করিয়া থাকেন। এই অঞ্চলে প্রথম আবিষ্কৃত শহর ছিল হরপ্পা। সেই দিক হইতে এই সভ্যতার নামকরণ যুক্তিসঙ্গত হইয়াছে।

**প্রাচীনত্ব :** এই আবিষ্কারের ফলে বর্তমানে এই কথাই প্রমাণিত হইয়াছে যে, আর্য-সভ্যতার বহু পূর্বেই ভারতবর্ষে হরপ্পা সভ্যতা গড়িয়া উঠিয়াছিল। মেসোপটেমিয়ায় হরপ্পার যে সীলমোহরগুলি পাওয়া গিয়াছে সেইগুলি ২৩৫০ খ্রীঃ পূঃ কালের বলিয়া মনে হয়। এই অঞ্চলের কিছু জৈব পদার্থের উপর কার্বন-১৪ পরিমাপ করিয়া যে-সব তারিখ পাওয়া যায় তাহা মোটামুটি উপরোক্ত কালকে সমর্থন করে। সুতরাং হরপ্পা সভ্যতা যে পাঁচ হাজার বৎসর পূর্বের তাহাতে কোন সন্দেহ নাই। হরপ্পা সভ্যতা মিশরীয় এবং সুমেরীয় প্রভৃতি প্রাচীনতম সভ্যতার সমসাময়িক ছিল।

**ইহার বিস্তৃতি :** প্রাচীন মেসোপটেমিয়ার সভ্যতা যেমন টাইগ্রিস ও ইউফ্রেটিস নদীর উপত্যকায় এবং প্রাচীন মিশরের সভ্যতা যেমন নীল নদের উপত্যকায় গড়িয়া উঠিয়াছিল, তেমনি প্রাচীন ভারতবর্ষের হরপ্পা সভ্যতাও সিন্ধুনদ ও ইহার পাঁচটি শাখানদীর উপত্যকায় গড়িয়া উঠিয়াছিল। হরপ্পা সভ্যতা সিন্ধুনদ ও ইহার পাঁচটি শাখানদীর অববাহিকার মধ্যেই সীমাবদ্ধ ছিল না। ক্রমে এই সভ্যতা পাঞ্জাব, সিন্ধু-প্রদেশ ও বালুচিস্তানের অন্তর্গত চানহুদড়ো, নাল, আমরি, কালিবঙ্গান, কোটদিজি, কুল্লি প্রভৃতি অঞ্চলে ছড়াইয়া পড়ে। পরবর্তীকালে এই সভ্যতার প্রভাব পূর্বে বক্সার

পশ্চিমে আরব সাগরের নিকটে সুতকাগেনদোর, উত্তরে শতদ্রুর তীরে রূপার এবং দক্ষিণে সৌরাষ্ট্রের নিকট রংপুর ও লোথাল এবং নর্মদা ও তাপ্তীর তীরবর্তী অঞ্চলে মেঘমতেলোড় পর্যন্ত বিস্তার লাভ করে।

**হরপ্পা সভ্যতার প্রধান বৈশিষ্ট্যসমূহ ঃ (১) নগরকেন্দ্রিক সভ্যতা ঃ** তাম্র ও ব্রোঞ্জ যুগের নগরবিপ্লবের অন্যতম প্রধান কেন্দ্র ছিল হরপ্পা। খননকার্যের ফলে এই অঞ্চলে মাটির নীচে দ্বিতল ও ত্রিতল গৃহ, প্রশস্ত ও অপ্রশস্ত রাজপথ, পয়ঃপ্রণালী, স্নানাগার, শস্যভাণ্ডার প্রভৃতি আবিষ্কৃত হইয়াছে। এইসব আবিষ্কারের ফলে জানা যায় যে, এখানকার মানুষ সুপরিকল্পিতভাবে এই অঞ্চলে এক সমৃদ্ধ নগর-কেন্দ্রিক সভ্যতা গড়িয়া তুলিয়াছিল।

**(২) পোড়া ইটের ব্যবহার ঃ** মহেঞ্জোদরোর মত হরপ্পা নগরটিও রৌদ্রে পোড়ানো ইটের ভিত্তির উপর নির্মিত হয় এবং প্রাসাদগুলি নির্মিত হয় আগুনে পোড়ানো ইটে।

**(৩) তাম্র ও ব্রোঞ্জ নির্মিত যন্ত্রপাতির ব্যবহার ঃ** এই যুগে ধাতুর মধ্যে তাম্র ও ব্রোঞ্জের ব্যবহার ছিল বেশী। হরপ্পায় যে নগর কেন্দ্রিক সভ্যতা গড়িয়া উঠিয়াছিল, তাহাতে তাম্র ও ব্রোঞ্জ নির্মিত যন্ত্রপাতি ও হাতিয়ার ব্যবহার করা হইয়াছিল। তাম্র ও ব্রোঞ্জ ব্যতীত সেখানকার অধিবাসীরা স্বর্ণ ও রৌপ্যের অলংকারও ব্যবহার করিত। তবে তখনও পর্যন্ত লৌহের ব্যবহার মানুষের জানা ছিল না।

**(৪) কুমারের চাকার ব্যবহার ঃ** তাম্র ও ব্রোঞ্জ যুগের অন্যতম বৈশিষ্ট্য হইল কুমারের চাকার ব্যবহার। হরপ্পা সভ্যতার ক্ষেত্রেও ইহার ব্যতিক্রম ঘটে নাই। কুমারের চাকার সাহায্যে এই অঞ্চলে সুদৃশ্য মৃৎপাত্র নির্মিত হইত। তাহা ছাড়া পরিবহনের জন্য চাকাযুক্ত যান ব্যবহৃত হইত।

**(৫) চিত্রলিপির ব্যবহার ঃ** হরপ্পা ও মহেঞ্জোদরো হইতে প্রায় দুই হাজার সীলমোহর আবিষ্কৃত হইয়াছে। এই সীলমোহরগুলিতে অক্ষর বা হরফ চিত্রিত আছে। তবে এই লিপিগুলির পাঠোদ্ধার সম্ভব হয় নাই।


**(৬) শ্রেণীভুক্ত সমাজ ঃ** হরপ্পাতে দ্বিতল-ত্রিতল বিশিষ্ট অট্টালিকা ও অদূরেই বস্তির অবস্থান দেখিয়া মনে হয় এখানে ধনী ও দরিদ্র এই দুই শ্রেণীর লোকই বাস করিত। বস্তুতঃ এই সভ্যতার একটি প্রধান বৈশিষ্ট্য হইল শ্রেণী শাসন।

**নগর পরিকল্পনা ঃ** হরপ্পা ও মহেঞ্জোদরোয় আবিষ্কৃত প্রাচীন নগরের ধ্বংসাবশেষ দেখিয়া প্রমাণিত হয় যে, নগর দুইটি সুপরিকল্পিত উপায়ে নির্মিত হইয়াছিল। এখানকার বাড়ীগুলির কোনটিই প্রস্তর নির্মিত নহে, সবই পোড়া ইটের তৈয়ারী। অধিকাংশ ক্ষেত্রেই বাড়ীগুলির মধ্যভাগে একটি চতুষ্কোণ প্রাঙ্গণ এবং প্রাঙ্গণকে ঘিরিয়া চারিপাশে ঘর দেখা যায়। প্রতিটি বাড়ীতেই স্নানাগার, কূপ এবং জলনিকাশের জন্য পয়ঃ প্রণালী ছিল। সাধারণত বাড়ীগুলির প্রবেশপথ ছিল পাশের সরু গলিতে। বাসগৃহ ছাড়াও কিছু কিছু বেশ সুপরিসর অট্টালিকার সন্ধানও পাওয়া গিয়েছে। এইগুলি সম্ভবতঃ রাজার প্রাসাদ বা দেবালয় ছিল।

শহরের রাস্তাগুলি ছিল বেশ প্রশস্ত ও সোজা। এক গৃহের সারি হইতে অন্য গৃহের সারি ছোট বড় রাস্তার সাহায্যে পৃথক করা হইত। বড় রাস্তাকে সমকোণে

খণ্ডিত করিয়া অন্যান্য রাস্তা নির্মিত হইয়াছিল। রাস্তাগুলিকে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখিবার জন্য রাস্তার ধারে আবর্জনা ফেলার ব্যবস্থা ছিল। ইহা হইতে অনুমান করা যায় যে, শহরগুলিতে সক্রিয় পৌর-প্রশাসন গড়িয়া উঠিয়াছিল। শহরের জলনিকাশের ব্যবস্থাও ছিল প্রায় আধুনিক কালের মত। রাস্তার ধারে ধারে ছিল ঢাকা দেওয়া পাকা নর্দমা। নর্দমার জলের সঙ্গে যে আবর্জনা বাহিত হয়, তাহা আটকাইবার জন্য বিভিন্ন স্থানে চাপা-নালীও ( ম্যান হোল ) স্থাপিত হইয়াছিল।

বাড়ীর স্নানাগার ব্যতীত সাধারণের ব্যবহারের উপযোগী স্নানাগারও ছিল। মহেঞ্জোদরোয় একটি বিরাট স্নানাগারের ধ্বংসাবশেষ আবিষ্কৃত হইয়াছে। স্নানাগারটির আয়তন দৈর্ঘ্যে ১৮০ ফুট এবং প্রস্থে ১০৮ ফুট। স্নানাগারের চারিপাশ ঘিরিয়া ৮ ফুট উঁচু দেওয়াল ছিল। এই স্নানাগারে পরিষ্কার জল ভরার ও ব্যবহৃত



মহেঞ্জোদরোর স্নানাগার

জল নিষ্কাশনের ব্যবস্থাটি দেখিবার মত। স্নানাগারটির মধ্যভাগে ৩৯ ফুট দীর্ঘ, ২৩ ফুট প্রশস্ত এবং ৮ ফুট গভীর একটি সাঁতারের উপযোগী জলাশয় ছিল। ইহা আধুনিক কালের সুইমিং পুলের সঙ্গে তুলনীয়। ইহা ব্যতীত মহেঞ্জোদরোয় একটি বিরাট হলঘর এবং হরপ্পায় একটি বিরাট শস্যভাণ্ডার আবিষ্কৃত হইয়াছে। শস্য ভাণ্ডারটি ১৫০ ফুট × ২০০ ফুট একটি মঞ্চের উপর নির্মিত।

**সামাজিক জীবন ঃ** হরপ্পার অধিবাসীরা কোন্ জাতিভুক্ত ছিল তাহা সঠিক জানা সম্ভব হয় নাই। কোন কোন ঐতিহাসিক মনে করেন যে, দ্রাবিড়গণের দ্বারাই এই সভ্যতার বিকাশ ঘটিয়াছিল। আবার নৃতত্ত্ববিদগণ মনে করেন যে, এই অঞ্চলে যাহারা বাস করিত তাহারা ছিল বিভিন্ন জাতির অন্তর্ভুক্ত।

শ্রেণী

অট্টালিকা ও দালানের বিভিন্ন গঠন-প্রণালী দেখিয়া মনে হয় এখানকার অধিবাসীদের মধ্যে ধনী ও দরিদ্র দুই-ই ছিল।

এখানকার অধিবাসীদের প্রধান খাদ্য ছিল গম, যব, দুগ্ধ ও খেজুর। মাছ ও মাংস তাহাদের অন্যান্য প্রধান খাদ্য ছিল। তাহা ছাড়া নানাপ্রকার ফল ও শাক-সব্জীও তাহারা খাদ্য হিসাবে গ্রহণ করিত। গৃহপালিত জীবজন্তুর মধ্যে গরু, শূকর, ভেড়া, গর্দভ, উট প্রভৃতি ছিল উল্লেখযোগ্য। তাহারা অশ্বের ব্যবহার জানিত না।

খাদ্য

হরপ্পার অধিবাসীরা তামা, পিতল, ব্রোঞ্জ, সীসা, টিন প্রভৃতি ধাতু দিয়া নানাবিধ অস্ত্রশস্ত্র এবং বাসনপত্র তৈয়ারী করিত। ইহাদের মধ্যে কুঠার, বর্শা, ছোরা, তীর-ধনুক, ক্ষুর, বঁড়শি এবং নানাবিধ পাত্র উল্লেখযোগ্য। এখানকার অধিবাসীরা লোহার ব্যবহার একেবারেই জানিত না।

ব্যবহার্য জিনিসপত্র

এই অঞ্চলের অধিবাসীরা কার্পাস ও পশম উভয় প্রকারের বস্ত্রই ব্যবহার করিত। নারীরা পৃথক দুইখণ্ড বস্ত্রের সাহায্যে ঊর্ধ্ব ও নিম্ন অঙ্গ আবৃত করিত। পুরুষরা ধুতি এবং কখনও কখনও ঊর্ধ্বাঙ্গের জন্য উত্তরীয় ব্যবহার করিত। নারী-পুরুষ সকলেই অলঙ্কার পছন্দ করিত। স্ত্রী ও পুরুষ উভয়েই হার, বালা, বাজুবন্ধ ও আংটি ব্যবহার করিত।

পোশাক-পরিচ্ছদ ও অলঙ্কার



অলঙ্কার

নাকছাবি, কানপাশা, মল ও মেখলা কেবলমাত্র স্ত্রীলোকেরা পরিধান করিত। সোনা, রুপা, তামা, ব্রোঞ্জ, শঙ্খ, হাতীর দাঁত এবং জেড্, কর্ণেলিয়ান ও ল্যাপিস লাজুলি ইত্যাদি মূল্যবান পাথর দিয়া এইসব অলঙ্কার প্রস্তুত করা হইত।

স্ত্রীলোকেরা নানাবিধ প্রসাধন সামগ্রীর ব্যবহার জানিত। কাঁটা ও চিরুণীর সাহায্যে তাহারা সযত্নে বেণী রচনা করিত। তখনকার যুগেও মেয়েরা ওষ্ঠরঞ্জক ( লিপ স্টিক ) ব্যবহার করিত। তাহা ছাড়া আয়না, সূচ, মাছ ধরিবার বঁড়শি, নানাপ্রকার খেলনা ও সৌখিন দ্রব্যাদিরও প্রচলন ছিল।


প্রসাধন-সামগ্রী

**অর্থনৈতিক জীবন ঃ** কৃষিকার্য, পশুপালন, শিল্প ও বাণিজ্যই ছিল এখানকার

অধিবাসীদের প্রধান জীবিকা। মৃৎশিল্প, বয়নশিল্প, স্থাপত্য, ভাস্কর্য এবং ধাতুশিল্পে এখানকার অধিবাসীরা বিশেষ পারদর্শিতা অর্জন করিয়াছিল। বিভিন্ন শিল্পগোষ্ঠীর লোকেরা বিভিন্ন শিল্পকার্যে নিযুক্ত ছিল। কার্পাস ও রেশমের কাপড় বোনায়, বিভিন্ন রকম ধাতুর তৈজসপত্র, অলংকার, চাকাযুক্ত গাড়ী, ছোটদের খেলনা, গৃহস্থালির আসবাবপত্র এবং সৌখিন দ্রব্য প্রস্তুত করায় এখানকার শিল্পীরা পারদর্শী ছিল। এখানকার ভাস্করেরা যে যথেষ্ট দক্ষতা অর্জন করিয়াছিল তাহা হরপ্পার পাথরের মূর্তি এবং মহেঞ্জোদরোর নর্তকী-মূর্তি দেখিয়াই অনুমান করা যায়।



হরপ্পা সভ্যতার শীলমোহর



শিল্প নিদর্শন—পাত্র ও অন্যান্য জিনিষ

এই অঞ্চলের অধিবাসীরা ভারতবর্ষের বিভিন্ন অঞ্চল ব্যতীত অন্যান্য দেশের সহিতও ব্যবসা-বাণিজ্য করিত। তাহারা বিদেশ হইতে তামা, টিন প্রভৃতি ধাতু এবং নানারকম মূল্যবান পাথর আমদানি করিত। বাণিজ্যের প্রয়োজনে এখানকার অধিবাসীরা স্থলপথে ও জলপথে যাতায়াতের জন্য বলদে টানা চাকাযুক্ত গাড়ী এবং নৌকা প্রস্তুত করিতে শিখিয়াছিল। ক্রয়-বিক্রয়ের সুবিধার জন্য বিভিন্ন ওজনের বাটখারার প্রচলন ছিল।

**ধর্মীয় জীবন :** হরপ্পার অধিবাসীদের ধর্ম ও ধর্মবিশ্বাস সম্পর্কে সঠিকভাবে কিছু বলা সম্ভব নহে। এখানকার ধ্বংসস্তূপের মধ্যে কোন দেবমন্দিরের নিদর্শন খুঁজিয়া পাওয়া যায় নাই। তবে সীলমোহরের উপর অঙ্কিত চিত্র এবং ধাতু ও

মাটির তৈয়ারী নানাবিধ মূর্তি দেখিয়া এখানকার ধর্মজীবন সম্পর্কে মোটামুটি ধারণা করা যাইতে পারে। এখানকার সমাজে সম্ভবতঃ মাতৃকাদেবীর পূজা ব্যাপকভাবে প্রচলিত ছিল। এই অঞ্চলে মাতৃকাদেবীর ছোট-বড় অসংখ্য মূর্তি আবিষ্কৃত হইয়াছে। এই অঞ্চলে সীল-মোহরের উপর অঙ্কিত যে কয়টি দেবমূর্তি পাওয়া গিয়াছে তাহার মধ্যে একটি হইল ধ্যানমগ্ন যোগী মূর্তি। এই মূর্তিটির তিনটি মুখ এবং মাথায় দুইটি শিং। ইহার চারিদিকে ঘিরিয়া রহিয়াছে পাঁচটি পশু। এই পুরুষ দেবতাটি পশুপতি শিবের প্রতি-মূর্তি বলিয়া মনে হয়।* শিব ও শক্তির উপাসনার সঙ্গে সিন্ধু-উপত্যকার অধিবাসীরা লিঙ্গ পূজাও করিত। তাহা ছাড়া তাহারা বৃক্ষ, প্রস্তর এবং সর্প ও অন্যান্য জীবজন্তুর উপর দেবত্ব আরোপ করিয়া তাহাদেরও পূজা করিত। মৃত্যুর পরে মৃতদেহকে দাহ করা অথবা সমাহিত করা দুই রকম প্রথাই প্রচলিত ছিল।



পশুপতি শিব

**বহির্বিশ্বের সঙ্গে যোগাযোগ :** পূর্বেই উল্লেখ করা হইয়াছে যে ভারতের বাহিরে অন্যান্য দেশের সঙ্গেও এই অঞ্চলের অধিবাসীদের বাণিজ্যিক যোগাযোগ ছিল। বহির্বিশ্বের এই দেশগুলি হইল আফগানিস্তান, পারস্য, মিশর, মেসোপটেমিয়া, সুমেরু ও ব্যাবিলন। মহেঞ্জোদরোর কয়েকটি সীলমোহর মেসোপটেমিয়া অঞ্চলে এবং মেসোপটেমিয়ার কয়েকটি সীলমোহর মহেঞ্জোদরোতে পাওয়া গিয়াছে। এই দুই অঞ্চলের সীলমোহরের মধ্যে অনেক সাদৃশ্যও আছে। সুমেরু অঞ্চলের সীলমোহর ও খোদাই করা পাথরের পাত্র মহেঞ্জোদরো ও হরপ্পাতে পাওয়া গিয়াছে। এখানে প্রাপ্ত কয়েকটি মিশরীয় নিদর্শন হইতে অনুমান করা যায় যে, মিশরের সঙ্গেও জলপথে এই অঞ্চলের অধিবাসীদের বাণিজ্যিক যোগসূত্র ছিল। মিশরীয়-সুমেরীয়-ব্যাবিলনীয় সভ্যতার বৈশিষ্ট্য এবং হরপ্পা সভ্যতার বৈশিষ্ট্যগুলির মধ্যে বেশ কিছু সাদৃশ্যও আছে। ইহাতে মনে হয় পশ্চিম এশিয়ার এই সভ্যতাগুলির সঙ্গে হরপ্পা সভ্যতার ঘনিষ্ঠ সম্পর্ক ছিল।

**হরপ্পা সভ্যতা ধ্বংসের কারণ :** হরপ্পা সভ্যতা কি কারণে ধ্বংসপ্রাপ্ত হইয়াছিল তাহা সঠিকভাবে জানা যায় না। অনেকের মতে খ্রীষ্টের জন্মের প্রায় দুই হাজার বৎসর পূর্বে কোন এক সময়ে এখানকার জনবসতি নষ্ট হইয়া যায়। কেহ কেহ অনুমান করেন, ভূমিক্ষয়ে কিংবা প্রাকৃতিক দুর্যোগের ফলে এই অঞ্চলটি মরুভূমিতে পরিণত হয়। আবার কাহারও কাহারও ধারণা, সিন্ধুনদের আকস্মিক বন্যার ফলে এই অঞ্চলটি ধ্বংসপ্রাপ্ত হয়। আবার কেহ কেহ অনুমান করেন, বৈদেশিক আক্রমণের ফলে মহেঞ্জোদরো এবং হরপ্পার বিনাশ ঘটে।

* "...The later conception of Siva..."—An Advanced History of India

# তৃতীয় অধ্যায়

## বৈদিক যুগ

**(ক) আর্যদের পরিচয় ও আদি বাসস্থান ঃ** হরপ্পা সভ্যতা ও দ্রাবিড় সভ্যতার পরবর্তীকালে ভারতবর্ষে যে সভ্যতা বিকাশলাভ করিয়াছিল তাহা আর্য সভ্যতা বা বৈদিক সভ্যতা নামে অভিহিত। কিভাবে হরপ্পা সভ্যতা ধ্বংসপ্রাপ্ত হইয়াছিল তাহা এখনও সঠিকভাবে বলা যায় না। অনেকে অনুমান করেন প্লাবন কিংবা প্রাকৃতিক দুর্যোগের ফলে এই সভ্যতার বিনাশ ঘটে। আবার অনেকে বলেন বৈদেশিক আক্রমণের ফলেই মহেঞ্জোদরো এবং হরপ্পা ধ্বংস হয়। এই বৈদেশিক আক্রমণকারীরা সম্ভবতঃ আর্য জাতীয় ছিল।

নূতন সভ্যতার আবির্ভাব

আর্যদের যথার্থ পরিচয় এখনও পাওয়া সম্ভব হয় নাই। 'আর্য' শব্দের অর্থ শ্রেষ্ঠ, সদ্বংশজাত কিংবা সুসভ্য। মোটকথা, যাহারা আর্য ভাষায় ( সংস্কৃত ভাষা ) কথা বলিত তাহারাই আর্য নামে পরিচিত ছিল। ইহাদের দেহ দীর্ঘ, বর্ণ গৌর এবং নাসিকা উন্নত ছিল।

আর্যদের পরিচয়

আর্যদের আদি বাসস্থান কোথায় ছিল তাহা লইয়া ঐতিহাসিকদের মধ্যে মতভেদ রহিয়াছে। তবে অধিকাংশ আধুনিক পণ্ডিত মত প্রকাশ করিয়াছেন যে, আর্যগণ ভারতের বাহির হইতে এদেশে আসিয়াছিল। কেহ কেহ বলেন মধ্য-এশিয়ার মালভূমি এবং ভূমধ্যসাগরের তীরবর্তী অঞ্চল ছিল আর্যদের আদি বাসস্থান। আবার কাহারও মতে আর্যগণ আসিয়াছিল জার্মানী বা উত্তর ইউরোপের দিক হইতে। যাহা হউক, আর্যগণ সম্ভবতঃ এশিয়া মাইনরের পথেই ভারতে প্রবেশ করিয়াছিল। সম্ভবতঃ জনসংখ্যা বৃদ্ধির ফলে আর্যদের বংশধরেরা খাদ্য ও বাসস্থানের সন্ধানে দেশ-দেশান্তরে ছড়াইয়া পড়ে। ইহাদের একটি শাখা ইউরোপের দিকে এবং অপর একটি শাখা ইরাণ ও ভারতবর্ষের দিকে অগ্রসর হয়।

আদি বাসস্থান

আর্যদের ভারত আগমনের সঠিক কাল নির্ণয় এখনও সম্ভব হয় নাই। তবে অনুমান করা হয়, খ্রীষ্টের জন্মের আনুমানিক দুই হাজার বৎসর পূর্বে তাহারা ভারতে বসতিস্থাপন করিয়াছিল।

আগমন কাল

তাহারা ভারতের উত্তর-পশ্চিম সীমান্তের খাইবার গিরিপথ দিয়া ভারতবর্ষে প্রবেশ করে। ভারতে আর্যদের আদি বাসস্থান ছিল 'সপ্তসিন্ধু' অঞ্চল। পরে তাহারা ক্রমে ক্রমে ভারতের বিভিন্ন অঞ্চলে ছড়াইয়া পড়ে। এই বসতি বিস্তার করিবার সময় তাহাদিগকে ভারতের কৃষ্ণকায় আদিম অধিবাসীদের ( অনার্য ) সঙ্গে ক্রমাগত যুদ্ধ করিতে হইয়াছিল। পূর্বদিকে আর্যরা বিদেহ ( উত্তর বিহার ), মগধ ( দক্ষিণ বিহার ) এবং অঙ্গ ( দক্ষিণ-পূর্ব বিহার ) পর্যন্ত অগ্রসর হইতে পারিয়াছিল। আর্যরা বিন্ধ্য পর্বত অতিক্রম করিয়া দক্ষিণ ভারতেও বসতি স্থাপনের চেষ্টা করে। কিন্তু আর্যসভ্যতা দক্ষিণ-ভারতে বিশেষ প্রসারলাভ করিতে পারে নাই।

ভারতের বিভিন্ন অঞ্চলে বসতি বিস্তার

(খ) **বৈদিক সাহিত্য :** বেদ আর্যদের প্রাচীনতম সাহিত্য তথা ধর্মগ্রন্থ। 'বেদ' শব্দের মৌলিক অর্থ হইল জ্ঞান। হিন্দুদের বিশ্বাস বেদ 'অপৌরুষেয়' এবং ভগবানের নিজস্ব বাণী। ভারতের মহাজ্ঞানী ঋষিরা ঈশ্বরের এই বাণী শুনিয়াছিলেন এবং পুরুষপরম্পরায় তাহা বেদ হিসাবে মুখে মুখে প্রচারিত হইয়াছিল। তাই বেদের অপর নাম 'শ্রুতি'। পরবর্তীকালে বেদ লিপিবদ্ধ হয়। হিন্দুদের সমাজ, সভ্যতা, দর্শন ও বিভিন্ন সংস্কারের উৎপত্তি হইয়াছে বেদ হইতে। ইহা হিন্দুদের নিকট শ্রেষ্ঠ ধর্মশাস্ত্র। বেদ মোট চারিটি—ঋক্, সাম, যজুঃ ও অথর্ব।

ঋগ্বেদ

ঋগ্বেদ সর্বাপেক্ষা প্রাচীন। ঋগ্বেদে মোট ১০২৮টি সূক্ত বা মন্ত্র আছে। এই মন্ত্রগুলি আবার দশটি 'মণ্ডল' বা খণ্ডে বিভক্ত। ঋগ্বেদে বিভিন্ন দেবতার স্তুতিগান সন্নিবিষ্ট আছে। ঋগ্বেদেই ভারতে আর্যদের আদি বাসস্থান 'সপ্তসিন্ধু' অঞ্চলের পূর্ণ বিবরণ রহিয়াছে। খ্রীষ্টের জন্মের আনুমানিক দুই হাজার হইতে দেড় হাজার বৎসর পূর্বে ঋগ্বেদ রচিত।

সাম, যজুঃ ও অথর্ববেদ

সামবেদে ১৫৪৯টি মন্ত্র আছে। ইহার মধ্যে অবশ্য অনেকগুলিই ঋগ্বেদ হইতে গৃহীত। সামবেদের স্তোত্রগুলি যাগ-যজ্ঞকালে সুর করিয়া গীত হইত, তাই এইগুলি 'সাম গান' নামেও পরিচিত। যজুর্বেদে মন্ত্র ছাড়া গদ্য রচনাও স্থান পাইয়াছে। যজুর্বেদে যাগ-যজ্ঞের ক্রিয়াকলাপের নির্দেশ রহিয়াছে। অথর্ব বেদে মন্ত্র সংখ্যা ৭৩১। অথর্ববেদে দেবদেবীর উদ্দেশ্যে স্তব বা মন্ত্র ছাড়াও অপদেবতা হইতে রক্ষা, রোগ নিবারণ, শত্রুদমন প্রভৃতি মন্ত্রের উল্লেখ আছে।

সাহিত্য, ব্রাহ্মণ, আরণ্যক ও উপনিষদ

প্রতিটি বেদ আবার সংহিতা, ব্রাহ্মণ, আরণ্যক ও উপনিষদ এই চারিটি অংশে বিভক্ত। সংহিতা অংশে দেব-দেবীর উদ্দেশ্যে রচিত স্তব-স্তুতি ও মন্ত্রাদি পদ্যে রচিত হইয়াছে। ব্রাহ্মণ অংশে যাগ-যজ্ঞাদির আচার-অনুষ্ঠান পদ্ধতি গদ্যে রচিত হইয়াছে। আরণ্যকে সংসার আশ্রমের শেষে অরণ্যে বানপ্রস্থ জীবনের ধর্মতত্ত্ব আলোচিত হইয়াছে। উপনিষদ হইল বেদের উপসংহার অংশ। তাই ইহার অপর নাম বেদান্ত। ইহা বৈদিক সাহিত্যের অন্তে অর্থাৎ শেষে রচিত হইয়াছিল। উপনিষদে জীব এবং ব্রহ্ম, আত্মা এবং পরমাত্মা প্রভৃতি দার্শনিক তত্ত্ব আলোচিত হইয়াছে।

বেদাঙ্গ

**সূত্র সাহিত্য :** পরবর্তীকালে বৈদিক সাহিত্য সম্যকরূপে উপলব্ধি করিবার জন্য এবং শুদ্ধরূপে উচ্চারণ করিবার জন্য সংক্ষিপ্ত আকারে যে সাহিত্য রচিত হয় তাহা সূত্র-সাহিত্য নামে পরিচিত। ছয়টি বেদাঙ্গ এবং ষড়দর্শন সূত্র-সাহিত্যের অন্তর্ভুক্ত। ছয়টি বেদাঙ্গ হইল—শিক্ষা (যে শিক্ষার সাহায্যে বিশুদ্ধ উচ্চারণের দ্বারা বেদ পাঠ করা যায়), নিরুক্ত (শব্দের উৎপত্তির ব্যাখ্যা), ছন্দ (পদবিন্যাস), ব্যাকরণ (ভাষা প্রকরণ), জ্যোতিষ ও কল্প (গ্রহ-নক্ষত্রাদির অবস্থান এবং যাগযজ্ঞের বিধান)।

বেদাঙ্গের মধ্যে কল্পসূত্র বিশেষ উল্লেখযোগ্য। কল্পসূত্র তিন প্রকার—শ্রৌত, গৃহ্য এবং ধর্ম। এইগুলি বৈদিক যুগের আর্যদের গার্হস্থ্য জীবনের এবং ইহকাল ও পরকাল সম্বন্ধীয় নানা প্রকার বিধিনিষেধ।

ষড়দর্শন

ষড়দর্শন হইল কপিলের 'সাংখ্য দর্শন', পতঞ্জলির 'যোগদর্শন', গৌতমের 'ন্যায়দর্শন', কণাদের 'বৈশেষিক দর্শন', জৈমিনির 'পূর্ব মীমাংসা' এবং ব্যাসের 'উত্তর মীমাংসা'।

**(গ) বৈদিক সাহিত্যে বর্ণিত জন-জীবন: আর্যদের সামাজিক জীবন:** বৈদিক যুগে আর্যদের সামাজিক জীবনের মূল ভিত্তি ছিল পরিবার। এই পরিবার ছিল পিতৃতান্ত্রিক। পরিবারভুক্ত লোকেরা গৃহপতির নির্দেশ মানিয়া চলিত। পুরুষেরা একবারই বিবাহ করিত। অবশ্য রাজা ও ধনী শ্রেণীর মধ্যে বহু-বিবাহের প্রচলন ছিল। কিন্তু নারীদের একাধিক বিবাহের কোন দৃষ্টান্ত পাওয়া যায় না। বিধবা-বিবাহ প্রচলিত ছিল কিনা তাহা সঠিক জানা যায় না। সমাজে বাল্যবিবাহের প্রচলন ছিল না।

পিতৃতান্ত্রিক পরিবার

সমাজে নারীর স্থান ছিল খুব উচ্চে। নারী ছিলেন সংসারের গৃহস্থালী কাজে সর্বময়ী কর্ত্রী। আর্য নারীরা পরিবারের বাহিরেও পুরুষদের কাজে নানাভাবে সাহায্য করিতেন। উদ্বৃত্ত সময়ে তাঁহারা স্বামীর সঙ্গে ধর্মকর্মে নিযুক্ত থাকিতেন। তখন স্ত্রী-শিক্ষার বেশ প্রচলন ছিল। সংহিতার অনেক স্তোত্র নারীদের রচিত। নারী হইলেও লোপামুদ্রা, বিশ্ববারা, ঘোষা অর্জন করিয়াছিলেন বৈদিক শাস্ত্রে প্রগাঢ় ব্যুৎপত্তি এবং গার্গী ও মৈত্রেয়ীর দর্শন শাস্ত্রে পাণ্ডিত্য ছিল অসাধারণ। অন্যদিকে আবার ইন্দ্রসেনা, অপালা প্রভৃতি নারী তাঁহাদের স্বামীর সহিত যুদ্ধযাত্রাও করিয়াছিলেন। মোট কথা, আর্য সমাজে নারী জাতি উচ্চ মর্যাদার আসনে অধিষ্ঠিতা ছিলেন।

সমাজে নারীর স্থান

আর্যসমাজে গুণ ও কর্মের বিভিন্নতা অনুযায়ী ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র এই চারি বর্ণের সৃষ্টি হয়। ব্রহ্ম উপাসনা, যাগযজ্ঞ এবং অধ্যয়ন-অধ্যাপনার কাজে যাহারা নিযুক্ত থাকিত তাহারা ব্রাহ্মণ, দেশরক্ষা ও যুদ্ধ বিগ্রহের দায়িত্বে যাহারা থাকিত তাহারা ক্ষত্রিয় এবং কৃষিকার্য, পশুপালন ও ব্যবসা-বাণিজ্যে নিযুক্ত ব্যক্তিরা বৈশ্য হিসাবে পরিচিত হয়। এই তিন শ্রেণীর মানুষের দাসত্বে ও সেবার কার্যে যাহারা নিযুক্ত ছিল তাহারা শূদ্র হিসাবে চিহ্নিত হয়। বৈদিক যুগে প্রাথমিক পর্যায়ে বর্ণভেদের কঠোরতা ছিল না। সমাজের প্রথম তিনটি শ্রেণীর মধ্যে সামাজিক আদান-প্রদান ও বিবাহের প্রচলন ছিল। কিন্তু বৈদিক যুগের শেষভাগে জাতিভেদ প্রথার কঠোরতা বৃদ্ধি পায়।

বর্ণবিভাগ

আর্যদের সমাজ জীবনের আর একটি বৈশিষ্ট্য ছিল চতুরাশ্রম। এই চারিটি আশ্রম হইল—ব্রহ্মচর্য, গার্হস্থ্য, বানপ্রস্থ ও সন্ন্যাস। বাল্যকালে তাঁহাদিগকে গুরুগৃহে থাকিয়া ব্রহ্মচর্য পালন ও ধর্মশিক্ষা করিতে হইত। জীবনের এই স্তরকে ব্রহ্মচর্যাশ্রম বলা হইত। দ্বিতীয় স্তর হইল গার্হস্থ্যাশ্রম। গার্হস্থ্যাশ্রমে তাহাদিগকে সংসারধর্ম পালন করিতে

চতুরাশ্রম

হইত। প্রৌঢ় বয়সে তাহাদিগকে বানপ্রস্থ গ্রহণ করিতে হইত। এই সময়ে সংসার বন্ধন হইতে মুক্ত হইয়া তাহারা অরণ্যে তপস্বীর ন্যায় জীবন যাপন করিত। সন্ন্যাস জীবনে তাহারা পরমার্থ চিন্তায় জীবনের অবশিষ্ট দিনগুলি কাটাইয়া দিত।

বৈদিক যুগে আর্যদের প্রধান খাদ্য ছিল গম, যব, ফলমূল, শাকসব্জী, ঘৃত, দুগ্ধ ও মধু। মৎস্য ও মাংসও খাদ্য হিসাবে গৃহীত হইত। যজ্ঞকালে আর্যরা সোমরস পান করিত। কার্পাস ও পশম দিয়া তাহাদের পরিধেয় তৈয়ারী হইত।

খাদ্যদ্রব্য ও পোশাক-পরিচ্ছদ

বৈদিক যুগে নারী-পুরুষ উভয়েই স্বর্ণ, রৌপ্য ও মণি-মুক্তার নানারকম অলঙ্কার ব্যবহার করিত এবং মাথার চুল দীর্ঘ রাখিত। কেশবিন্যাস ছিল নারীদের সৌন্দর্য চর্চার প্রধানতম অঙ্গ।

আমোদ-প্রমোদ

আর্যসমাজে নানাপ্রকার আমোদ-প্রমোদের ব্যবস্থা ছিল। তন্মধ্যে মৃগয়া, রথ-চালনা, নৃত্য-গীত, বীণা-বাদন ও পাশাখেলা বিশেষ উল্লেখযোগ্য।

**অর্থনৈতিক জীবন ঃ** আর্য সভ্যতা ছিল গ্রাম-ভিত্তিক। কৃষিকার্য ও পশুপালন ছিল তাহাদের প্রধান উপজীবিকা। আর্যগণ গরু, ঘোড়া, ছাগল, ভেড়া, কুকুর প্রভৃতি পশুপালন করিত। তাহারা প্রধানতঃ কৃষিজীবী হইলেও শিল্প ও ব্যবসা-বাণিজ্যে মোটেই অনভিজ্ঞ ছিল না। ঋগ্বেদে কর্মকার, কুম্ভকার, স্বর্ণকার, সূত্রধর, তন্তুবায়ের উল্লেখ আছে। স্থলপথে ও জলপথে ব্যবসা-বাণিজ্য চলিত। যান-বাহনের জন্য স্থলপথে গো-শকট ও অশ্ব-বাহিত রথ এবং জলপথে নৌকা ব্যবহৃত হইত। বিনিময়ের মাধ্যম ছিল গোধন বা গবাদি পশু। তবে 'নিষ্ক' ও 'মনা' নামক মুদ্রাও প্রচলিত ছিল।

**ধর্মীয় জীবন ঃ** বৈদিক সাহিত্য হইতে আর্যদের ধর্ম সম্বন্ধে অনেক তথ্য জানা যায়। আর্যদের ধর্ম ছিল সহজ ও অনাড়ম্বর। বৈদিক সাহিত্যে অনেক দেব-দেবীর উল্লেখ আছে। আর্যরা সূর্য, অগ্নি, বায়ু প্রভৃতি প্রাকৃতিক শক্তির উপর দেবত্ব আরোপ করিয়া তাহাদেরও পূজা করিত। অগ্নি ও সোম ছিলেন পৃথিবীর দেবতা; বায়ুর দেবতা ছিলেন ইন্দ্র ও মরুৎ; আকাশের দেবতা ছিলেন মিত্র ও বরুণ। ইন্দ্র ছিলেন দেবরাজ। ঋগ্বেদে ঊষা, সরস্বতী প্রভৃতি নারী দেবতাদের উল্লেখ রহিয়াছে। দেব-দেবীর উপাসনা করিলেও আর্যগণ পৌত্তলিক ছিল না।

প্রকৃতির বিভিন্ন শক্তি

আর্যদের ধর্মীয় আচার-অনুষ্ঠান ছিল অতি সাধারণ। দেবতাদের সন্তুষ্টির জন্য তাহারা যাগ-যজ্ঞের অনুষ্ঠান করিত। যজ্ঞবেদীর উপর অগ্নি প্রজ্বলিত করিয়া তাহাতে আহুতি প্রদান করা হইত যব, ঘৃত, মধু, দুগ্ধ ও সোমরস। উপাসনায় পুরুষ ও নারীর সমান অধিকার ছিল। যজ্ঞকালে তাহারা সোমরস পান করিত। আর্যরা বহু দেব-দেবীর উপাসনা করিলেও সমস্ত দেব-দেবীই এক মহাশক্তির প্রকাশ বলিয়া তাহারা মনে করিত।

যাগযজ্ঞ

**রাজনৈতিক জীবন ঃ** আর্যগণ ভারতবর্ষে স্থায়ীভাবে বসতি স্থাপন করিবার পর হইতেই তাহাদের রাজনৈতিক জীবন শুরু হয়। আর্যদের সমাজ জীবনের কেন্দ্র ছিল পরিবার। ক্রমে কয়েকটি পরিবার লইয়া একটি গ্রাম এবং কয়েকটি গ্রামের সমবায়ে 'বিশ্' এবং 'জন' গঠিত হয়। গ্রামের নেতাকে বলা হইত 'গ্রামণী'। 'বিশ্' এবং 'জন'-এর যিনি অধিপতি তাঁহাকে 'বিশ্পতি', 'রাজন্' বা 'রাজা' নামে অভিহিত করা হইত। রাজাই ছিলেন রাজ্যের সর্বময় কর্তা। রাজ্যশাসন ও রাজ্যরক্ষার সম্পূর্ণ দায়িত্ব তাঁহার উপর ন্যস্ত ছিল। গ্রামণী গ্রাম শাসন সম্পর্কে এবং সেনানী যুদ্ধ-বিগ্রহ সম্পর্কে রাজাকে নানাভাবে সাহায্য করিত ও পরামর্শ দিত। রাজকার্যে পুরোহিতদিগেরও বিশেষ প্রাধান্য ছিল। তাঁহারা রাজ্য পরিচালনায় রাজাকে পরামর্শ দিতেন এবং যুদ্ধে জয়লাভ করিলে রাজার স্তুতিগান করিতেন। আর্যদের রাষ্ট্রীয় জীবনে গণতান্ত্রিক সংগঠন ছিল 'সভা' ও 'সমিতি'। সম্ভবতঃ রাজ্যের সম্ভ্রান্ত ও গণ্যমান্য ব্যক্তিদের লইয়া 'সভা' এবং জনসাধারণকে লইয়া 'সমিতি' গঠিত হইত। সুষ্ঠুভাবে রাজকার্য নির্বাহের জন্য রাজা এইসব 'সভা' ও 'সমিতি'-র পরামর্শ গ্রহণ করিতেন।

'গ্রামণী', 'বিশ্পতি', 'রাজা'

'সভা' ও 'সমিতি'

(২) **পরবর্তী বৈদিক যুগে সামাজিক, অর্থনৈতিক, ধর্মীয় ও রাজনৈতিক অবস্থার পরিবর্তন ঃ** ঋগ্বেদের রচনাকালে এবং বৈদিক সাহিত্যের অন্যান্য গ্রন্থের রচনাকালের মধ্যে প্রায় দেড় হাজার বৎসরের ব্যবধান ছিল। পরবর্তী বৈদিক সাহিত্যে, যেমন ব্রাহ্মণ সাহিত্য, উপনিষদ এবং সূত্র সাহিত্য হইতে আর্য-সভ্যতার শেষ পর্যায়ে যে-সব পরিবর্তন সাধিত হইয়াছিল তাহা জানা যায়। ভারতবর্ষে দীর্ঘকাল ধরিয়া অনার্যদের সঙ্গে আর্যদের সংগ্রাম চলিয়াছিল। কালক্রমে আর্যগণ কর্তৃক অনার্যগণ পরাজিত হইল। পরে তাহাদের সংমিশ্রণের ফলে আর্য ও অনার্য উভয় সভ্যতা পরস্পর পরস্পরের উপর প্রভাব বিস্তার করিতে থাকে। আর্যগণ অনার্যদের ধর্ম ও সামাজিক রীতিনীতি গ্রহণ করে ; আবার আর্যদের সংস্কৃতিও অনার্য-সমাজে প্রবেশ করে।

আর্য-অনার্য সংমিশ্রণ

আর্য সভ্যতা ছিল গ্রাম-কেন্দ্রিক। পরবর্তী বৈদিক যুগে সম্ভবতঃ অনার্যদের দ্বারা প্রভাবিত হইয়া তাহারা নগর নির্মাণে প্রবৃত্ত হয়। নৃত্য-গীত ও কারু শিল্পে অনেক রীতি প্রবর্তিত হইল। অন্ন, মৎস্য, তৈল, নারিকেল ও পান ভক্ষণ এবং বিবাহের সময় শাঁখা ও সিঁদুর ধারণ এবং বিভিন্ন স্ত্রী-আচার অনার্য প্রভাবেই আর্য সমাজে প্রবেশ করিয়াছিল। আর্য সমাজে এই সময়ে অশ্বের ব্যবহার শুরু হইয়াছিল। জাতিভেদ প্রথার কঠোরতা সত্ত্বেও আর্য-অনার্য সংমিশ্রণের ফলে বৈবাহিক সম্বন্ধেও পরিবর্তন দেখা দিল। দেবরাজ ইন্দ্র দৈত্যকন্যা শচীকে এবং মহাভারতে বর্ণিত ভীম হিড়িম্বা রাক্ষসীকে বিবাহ করেন। এই সময়ে নারীর মর্যাদা অপেক্ষাকৃত হ্রাস পাইয়াছিল।

সামাজিক পরিবর্তন

পরবর্তী বৈদিক যুগে অর্থনৈতিক অবস্থার অনেক পরিবর্তন ঘটিয়াছিল। কৃষি ব্যবস্থার উন্নতি ঘটায় ফসলের পরিমাণ বৃদ্ধি পাইয়াছিল। ব্যবসা-বাণিজ্য এবং শিল্পেও যথেষ্ট উন্নতি হইয়াছিল। ব্যবসায়ীরা নিজেদের স্বার্থে এই সময়ে সংঘ বা গোষ্ঠী গড়িয়া তুলিয়াছিল।

অর্থনৈতিক পরিবর্তন

পরবর্তীকালে ধর্ম-ব্যবস্থারও পরিবর্তন হইয়াছিল। ধর্মীয় অনুষ্ঠানে ক্রিয়া-কাণ্ডের প্রাধান্য এবং মূর্তিপূজা ও পশুবলি প্রচলনের ফলে ধর্মীয় জগতে জটিলতা বৃদ্ধি পায়। ঋগ্বেদের যুগে দেবরাজ ছিলেন ইন্দ্র। কিন্তু পরবর্তী যুগে রুদ্র সেই স্থান অধিকার করেন। তবে এই সময়ে দার্শনিক তত্ত্বের বিশেষ উন্নতি হইয়াছিল।

ধর্মীয় পরিবর্তন

বৈদিক যুগের শেষভাগে রাজার ক্ষমতা ও প্রতিপত্তি বৃদ্ধি পাইয়াছিল। কোন কোন রাজা প্রতিবেশী রাজ্য জয় করিয়া 'সম্রাট' ও 'সার্বভৌম' উপাধি ধারণ করিয়াছিলেন। এই সময়ে 'রাজসূয়' এবং 'অশ্বমেধ' যজ্ঞানুষ্ঠান শুরু হয়। রাজা প্রজাদের কল্যাণ সাধনে ব্রতী হইতেন।

রাজনৈতিক পরিবর্তন

(ঘ) **ভারতীয় উপমহাদেশে বৈদিক সংস্কৃতির বিস্তার ঃ** পূর্বেই উল্লেখ করা হইয়াছে যে, আর্য-অনার্য সংমিশ্রণের ফলে বৈদিক সভ্যতা ও সংস্কৃতি অনার্য সমাজেও বিস্তার লাভ করে। পরবর্তী যুগে শক্তিশালী গোষ্ঠীপ্রধানগণ দুর্বল প্রতিদ্বন্দ্বীকে পরাজিত করিয়া বিস্তীর্ণ ভূখণ্ডের উপর নিজেদের আধিপত্য বিস্তার করে। এই ভাবেই কুরু, পাঞ্চাল, বৎস, কাশী প্রভৃতি কয়েকটি শক্তিশালী রাজ্যের উদ্ভব হয়। সাম্রাজ্যবাদ নীতির ফলে ক্রমে রাজার রাজ্যসীমাও বৃদ্ধি পায়। এইভাবে ভারতীয় উপমহাদেশে বৈদিক সংস্কৃতি ধীরে ধীরে তাহার শাখা-প্রশাখাকে পল্লবিত করিয়া তোলে। এই সময়ে আর্যগণ স্থাপত্যশিল্পে পূর্বাপেক্ষা অনেক বেশী দক্ষ হইল। ফলে নগর, দুর্গ প্রভৃতির নির্মাণকার্য বৃদ্ধি পাইল। এই সময়ে ভারতবর্ষে ধর্মীয় ও সাধারণ শিক্ষার বিস্তার ঘটে। ব্যাকরণ, ন্যায় ও আইন শিক্ষার প্রসার ঘটে। জ্যোতির্বিদ্যা ও চিকিৎসা বিদ্যারও যথেষ্ট উন্নতি পরিলক্ষিত হয়। দার্শনিক তত্ত্বের উন্নতি সাধিত হয়। ভারতীয় রাজ-পরিবারগুলিতে নৃত্য-গীত-বাদ্যের ব্যাপক প্রসার ঘটে।

(ঙ) **লৌহযুগের সূচনা ঃ** হরপ্পা সভ্যতা ছিল তাম্র ও ব্রোঞ্জ যুগের। তাম্র ও ব্রোঞ্জ যুগের পর লৌহযুগ শুরু হয়। ভারতবর্ষে আর্যদের আগমনের পর লৌহের ব্যবহার শুরু হয়। সুতরাং লৌহযুগেই আর্যসভ্যতার সম্যক বিকাশ ঘটে। এই যুগেই অন্যান্য দেশের মত ভারতবর্ষেও রাজশক্তির মর্যাদা বৃদ্ধি পায়। নগর বিপ্লবের যুগ অতিক্রম করিয়া মানুষ লৌহযুগের প্রারম্ভে সাম্রাজ্যের যুগে প্রবেশ করিল।

# চতুর্থ অধ্যায়

## প্রতিবাদ আন্দোলন

**(ক) বৈদিক ব্রাহ্মণ্য সংস্কৃতির আধিপত্যের বিরুদ্ধে প্রতিবাদ আন্দোলনের সামাজিক, অর্থনৈতিক ও ধর্মীয় কারণসমূহ ঃ**

বৈদিক যুগে আর্যদের ধর্মমত ও সমাজব্যবস্থা বেশ সুসংবদ্ধ ছিল। কিন্তু আর্যসভ্যতা যখন উত্তর-পূর্ব ভারতে প্রবেশ করিতে থাকে তখন হইতেই ইহার মধ্যে নানা অন্যায় ও অবিচার দেখা দিতে থাকে। ফলে এই সভ্যতার মৌলিক সজীবতা ও সক্রিয়তা বিনষ্ট হয়। এইরূপ এক বিক্ষুব্ধ সামাজিক, অর্থনৈতিক ও ধর্মীয় পটভূমিকায় খ্রীষ্টপূর্ব ষষ্ঠ শতাব্দীতে উত্তর ও উত্তর-পূর্ব ভারতে ব্রাহ্মণ্য ধর্ম ও ব্রাহ্মণদের বিরুদ্ধে ক্ষত্রিয়দের প্রতিবাদ আন্দোলন শুরু হয়। এই আন্দোলনের প্রতিক্রিয়ার ফলে ভারতবর্ষ তথা অন্যান্য দেশের ইতিহাসের ধারা ও গতি-প্রকৃতি সম্পূর্ণ ভিন্ন রূপ ধারণ করে। প্রতিবাদ আন্দোলনের কারণগুলি নিম্নরূপ ঃ—

**সামাজিক কারণ ঃ** (১) বৈদিক যুগের শেষভাগে উপনিষদে বর্ণিত জীবন-ধারণ প্রণালী সাধারণ মানুষের পক্ষে অত্যন্ত কষ্টকর হইয়া উঠিল। (২) এই সময়ে সমাজে জাতিভেদ প্রথার কঠোরতাও বৃদ্ধি পাইয়াছিল। (৩) সমাজে ব্রাহ্মণ ও পুরোহিত সম্প্রদায়ের প্রভাব-প্রতিপত্তি তখন দারুণভাবে বিস্তারলাভ করিয়াছিল। ক্ষত্রিয় শ্রেণীর লোকেরা ব্রাহ্মণদের এই প্রভাব মোটেই সহ্য করিতে পারে নাই। (৪) সমাজের নিম্নশ্রেণীর লোকেরা ব্রাহ্মণ ও পুরোহিত সম্প্রদায়ের দ্বারা নানাভাবে নির্যাতিত হইতেছিল।

**ধর্মীয় কারণ ঃ** (১) বৈদিক যুগের শেষভাগে আর্যদের ধর্মের মধ্যে নানা প্রকার জটিলতা দেখা দেয়। বৈদিক ধর্মে তখন আচার-অনুষ্ঠান ও ক্রিয়াকাণ্ডের আধিক্য বিস্তারলাভ করে। যাগ-যজ্ঞ এবং পূজার্চনা আচারবহুল হইয়া উঠিলে এই ধর্মের প্রতি চিন্তাশীল ব্যক্তিদের বিতৃষ্ণা বৃদ্ধি পাইতে থাকে। আচারসর্বস্ব যাগ-যজ্ঞের প্রতি সাধারণ মানুষেরও আর বিশ্বাস রহিল না। (২) এই সময়ে যাগ-যজ্ঞে পশুবলির প্রথা প্রবর্তিত হয়। এই নিষ্ঠুর নিয়ম-বিধি সাধারণ লোকের মনে ক্ষোভ ও বেদনার উদ্রেক করে। (৩) ভারতের উত্তর-পূর্ব অঞ্চলের শাসকবর্গ আর্য ছিলেন না। তাঁহারা মঙ্গোলীয় শ্রেণীভুক্ত ছিলেন। তাঁহারা আর্যদের ধর্ম মনেপ্রাণে গ্রহণ করিতে পারেন নাই। তাই বৈদিক-ব্রাহ্মণ্য ধর্মের শিকড় এই অঞ্চলে দৃঢ়ভাবে গড়িয়া উঠিতে পারে নাই।*

**অর্থনৈতিক কারণ ঃ** (১) ক্রিয়া-কাণ্ডসর্বস্ব এবং আড়ম্বরপূর্ণ এই ব্রাহ্মণ্য ধর্ম ছিল অত্যন্ত ব্যয়-বহুল। ধর্মের এই ব্যয় ভার বহন করিবার ক্ষমতা দরিদ্রের পক্ষে

* "It seems to me almost certain,...that the Sisunagas, Iichchhavis, and several other ruling families or clans in or near Magadha were not Indo-Aryan by blood : They were, I think, hill-men of the Mongolian type .."—Dr. Smith.

সম্ভব ছিল না। তাই দরিদ্রশ্রেণীর লোকের পক্ষে ধর্মপালন সাধ্যাতীত হইয়া উঠিল। (২) তাহা ছাড়া, ধর্মের নামে পুরোহিত সম্প্রদায় সাধারণ লোকের নিকট হইতে নানাভাবে অর্থ শোষণ করিত। ইহার ফলে সাধারণ মানুষ বিক্ষুব্ধ হইয়া উঠিয়াছিল।

এই সকল কারণে বৈদিক-ব্রাহ্মণ্য ধর্মের বিরুদ্ধে যে প্রতিবাদ সোচ্চার হইয়া উঠিয়াছিল উত্তর-পূর্ব ভারতে তাহা এক ধর্ম-বিপ্লবের রূপ নেয়। বেদের অপৌরুষেয়তা, যাগ-যজ্ঞ ও পশুবলির প্রথাকে অস্বীকার করা এবং জাতিভেদ প্রথার বিরুদ্ধতা করাই এই আন্দোলনের প্রধান বিষয় ছিল। প্রচলিত ধর্মের বিরুদ্ধে এই সময়ে ভারতবর্ষে বহু ধর্মমতের উদ্ভব হইয়াছিল। ইহাদের মধ্যে জৈনধর্ম ও বৌদ্ধধর্মই বিশেষভাবে উল্লেখযোগ্য।

**জৈনধর্ম ও বৌদ্ধধর্ম** ঃ জৈনধর্ম ও বৌদ্ধধর্ম প্রায় সমসাময়িক। যে সকল ধর্মগুরুদের শিক্ষা ও আদর্শে জৈন ধর্মের উৎপত্তি ও বিকাশ ঘটিয়াছিল তাঁহাদের বলা হইত তীর্থঙ্কর। জৈনগ্রন্থ অনুযায়ী এইরূপ চব্বিশ জন তীর্থঙ্কর ছিলেন। প্রথম তীর্থঙ্কর ছিলেন ঋষভ এবং শেষ দুইজন তীর্থঙ্কর পার্শ্বনাথ ও মহাবীর। প্রথম বাইশ জন তীর্থঙ্করের কোন ঐতিহাসিক পরিচয় পাওয়া যায় না। ত্রয়োবিংশ তীর্থঙ্কর পার্শ্বনাথ কাশীর এক ক্ষত্রিয় রাজপুত্র ছিলেন। ত্রিশ বৎসর বয়সে তিনি সংসার ত্যাগ করেন এবং কঠোর তপস্যাবলে পূর্ণজ্ঞান লাভ করেন। তাঁহার প্রচারিত ধর্মের মূলতত্ত্ব হইল অহিংসা, সত্যকথা, অচৌর্য এবং অপরিগ্রহ বা সন্ন্যাস। ইহা 'চতুর্যাম' নামে খ্যাত। পার্শ্বনাথই জৈনধর্মের মূলভিত্তি রচনা করেন। পরেশনাথ বা পার্শ্বনাথ পাহাড়ে তিনি সিদ্ধিলাভ করেন বলিয়া ঐ পাহাড়টি জৈনদের একটি পবিত্র তীর্থস্থান।

জৈনধর্মের উদ্ভব

জৈনধর্মের চতুর্বিংশ ও সর্বশেষ তীর্থঙ্কর মহাবীর আবির্ভূত হন পার্শ্বনাথের আড়াইশত বৎসর পরে। মহাবীর পার্শ্বনাথ প্রচারিত ধর্মমতের নানাবিধ সংস্কার সাধন করেন। পার্শ্বনাথ প্রবর্তিত ধর্ম ছিল ব্রত ও নিয়মমূলক। মহাবীর নির্দেশ দেন চতুর্যাম পালনের সঙ্গে ব্রহ্মচর্যও পালন করিতে হইবে অর্থাৎ ইন্দ্রিয় জয় করিতে হইবে। প্রকৃতপক্ষে মহাবীরই হইলেন জৈনধর্মের আসল প্রবর্তক। দ্বাদশ বৎসর কঠোর তপস্যা করিয়া মহাবীর যখন দিব্যজ্ঞান লাভ করেন, তখন তিনি 'জিন' বা জিতেন্দ্রিয় নামে পরিচিত হন। এই 'জিন' শব্দ হইতে জৈন নামের উৎপত্তি ঘটিয়াছে।

ব্রাহ্মণ্য ধর্মের অন্যায়, অবিচার ও সংকীর্ণতার বিরুদ্ধে খ্রীষ্টপূর্ব ষষ্ঠ শতাব্দীতে যে সকল ধর্মমতের উদ্ভব হইয়াছিল তাহাদের মধ্যে বৌদ্ধধর্ম সর্বাপেক্ষা বিখ্যাত। বৌদ্ধধর্মের প্রবর্তক ছিলেন গৌতম বুদ্ধ। তাঁহার নামানুসারে এই ধর্মের নাম হয় বৌদ্ধধর্ম। গৌতম বুদ্ধ মহাবীরের সমসাময়িক ছিলেন। মহাবীরের ন্যায় তিনিও ক্ষত্রিয় রাজবংশজাত।

বৌদ্ধধর্মের উদ্ভব

খ্রীষ্টপূর্ব ষষ্ঠ শতাব্দীতে বৌদ্ধধর্ম ও জৈনধর্ম ছিল পরস্পরের প্রতিদ্বন্দ্বী। গৌতম বুদ্ধ ও মহাবীর উভয়েই এই সময়ে পূর্ব ভারতে ধর্মপ্রচার করেন। তাঁহারা

একই শ্রেণী হইতে শিষ্য গ্রহণ করেন। গোড়ার দিকে জৈনধর্ম অধিক সাফল্যলাভ করিলেও, পরবর্তীকালে ইহা ভারতের বাহিরে প্রসার লাভ করিতে পারে নাই। বৌদ্ধধর্ম প্রথমে ভারত এবং ক্রমে ভারতের বাহিরে বিভিন্ন দেশে বিস্তার লাভ করে। বৌদ্ধধর্ম অল্পসময়ের মধ্যেই পৃথিবীর অন্যতম প্রধান ধর্মরূপে স্বীকৃতি লাভ করে। রাজানুগ্রহে উভয় ধর্মই কোন কোন রাজ্যের রাজধর্মে পরিণত হইয়াছিল।

(গ) **মহাবীর এবং গৌতম বুদ্ধের জীবনী ও ধর্মমত : মহাবীরের জীবনী :** জৈনদের চতুর্বিংশ তীর্থংকর অর্থাৎ মুক্তির পথ-নির্মাতা মহাবীরের বাল্য নাম ছিল বর্ধমান। খ্রীষ্টপূর্ব ষষ্ঠ শতাব্দীতে উত্তর বিহারের বৈশালীর নিকট কুন্দপুর নামক স্থানে তাঁহার জন্ম হয়। তাঁহার পিতা সিদ্ধার্থ বৈশালীর এক ক্ষত্রিয় বংশের অধিনায়ক ছিলেন। তাঁহার মাতার নাম ছিল ত্রিশলা। তিনি ছিলেন বৈশালীর লিচ্ছবিবংশীয়া। মহাবীরের বাল্যজীবন সম্পর্কে বিশেষ কিছু পাওয়া যায় না। জৈন কাহিনী-কিংবদন্তী মতে মহাবীর যশোদা নাম্নী এক ক্ষত্রিয় রাজ-কন্যাকে বিবাহ করেন। পরে তাঁহার এক কন্যাসন্তান জন্মগ্রহণ করে। ত্রিশ বৎসর বয়স পর্যন্ত তিনি সংসারধর্মে লিপ্ত ছিলেন। ক্রমে পারিবারিক জীবনে বিতৃষ্ণা আসায় তিনি সংসারধর্ম ত্যাগ করিয়া পরম সত্যের সন্ধানে বাহির হইলেন। এই সময়ে তিনি গোঁসাল নামে জনৈক সন্ন্যাসীর শিষ্যত্ব গ্রহণ করেন। দীর্ঘ বার বৎসর নানা তীর্থ দর্শন ও কঠোর তপস্যার পর বিয়াল্লিশ বৎসর বয়সে তিনি দিব্যজ্ঞান (কৈবল্য) লাভ করেন। এই সময় হইতে তিনি 'জিন' অর্থাৎ জিতেন্দ্রিয় এবং মহাবীর নামে অভিহিত হইলেন। এই নাম হইতেই তাঁহার অনুগামীরা 'জৈন' নামে পরিচিত হন। সুদীর্ঘকালে মগধ, অঙ্গ, মিথিলা, কোশল প্রভৃতি দেশে ধর্ম প্রচারের পর তিনি প্রায় বাহাত্তর বৎসর বয়সে বর্তমান পাটনা জেলার অন্তর্গত পাবা নামক স্থানে দেহত্যাগ করেন (আনুমানিক ৪৬৮ খ্রীঃ পূঃ)। খুব সম্ভবতঃ মগধের রাজা বিম্বিসার এবং অজাতশত্রুর সহিত তাঁহার যোগাযোগ ছিল।


মহাবীর

**জৈনধর্মের মূলতত্ত্ব :**—পার্শ্বনাথ প্রবর্তিত ধর্মমতের চারিটি সূত্র হইল : সত্যবাদিতা, অহিংসা, চুরি না করা ও লোভ সম্বরণ করা। মহাবীর পার্শ্বনাথ-প্রচারিত ধর্মমতের সহিত কিছু সংযোজন করেন। তিনি এই চারিটি সূত্রের সহিত ব্রহ্মচর্য যোগ করিয়াছিলেন। জৈনগণ বেদের অনুশাসন স্বীকার করেন না। তাঁহারা যাগ-যজ্ঞ এবং পশুবলী প্রথার বিরোধী ছিলেন। তাঁহারা বিশ্বাস করেন, প্রত্যেক বস্তুরই প্রাণ আছে। তাই তাঁহারা কঠোরভাবে অহিংসা নীতি পালন করেন। জৈনগণ

বিশ্বজগৎ-স্রষ্টা ভগবানের অস্তিত্বও স্বীকার করেন না। তাঁহাদের মতে মানবাত্মার পরম ও চরম বিকাশই হইল ঈশ্বর। তাঁহারা জাতিভেদ প্রথার ঘোরতর বিরোধী ছিলেন। জৈনগণ হিন্দুদের ন্যায় জন্মান্তর ও কর্মবাদে বিশ্বাসী। জৈন ধর্মমতে নির্বাণের তিনটি পথ আছে, যথা—সৎ-জ্ঞান, সৎ-কর্ম ও সৎ-আচরণ। নির্বাণ অর্থাৎ আত্মার চরম শান্তি লাভই জৈনধর্মের আদর্শ। জৈনগণ কঠোর কৃচ্ছ্রসাধনে বিশ্বাসী। জৈনদের ধারণা, পৃথিবীর সকল দৃশ্যবস্তুই জীবন্ত এবং তাঁহাদের ধর্মাচরণের মূলনীতি হইল অহিংসা, সর্বজীবে দয়া ও ইন্দ্রিয় জয়।

প্রথমদিকে পূর্বভারতে এবং পরবর্তীকালে দক্ষিণ ভারতের নানাস্থানে জৈনধর্ম বিস্তারলাভ করে। খ্রীষ্টপূর্ব তৃতীয় শতকে জৈনদের মধ্যে দুইটি সম্প্রদায়ের উদ্ভব হয়—দিগম্বর ও শ্বেতাম্বর। সর্বত্যাগের প্রতীক হিসাবে দিগম্বরগণ নগ্নদেহে থাকিতেন এবং শান্তির প্রতীক হিসাবে শ্বেতাম্বরগণ পরিধান করিতেন শ্বেত—শুভ্র বস্ত্র।

খ্রীষ্টপূর্ব চতুর্থ শতাব্দীতে পাটলিপুত্রের জৈনগণ কর্তৃক একটি ধর্মসভা আহূত হয়। এই সভায় মহাবীরের উপদেশগুলি দ্বাদশটি খণ্ডে সংকলিত হয়। পরবর্তী কালে গুজরাটের অন্তর্গত বলভীতে আর একটি ধর্মসভার অধিবেশন হয়। এই সভায় জৈন ধর্ম-সাহিত্য অংগ, উপাংগ, মূল ও সূত্র এই চারি অংশে লিপিবদ্ধ হইল।

**বুদ্ধদেবের জীবনী :** বৌদ্ধ ধর্মের প্রবর্তক ছিলেন গৌতম বুদ্ধ। নেপালের তরাই অঞ্চলে কপিলাবস্তুর শাক্যজাতির নায়ক শুদ্ধোদন ছিলেন তাঁহার পিতা। তাঁহার মাতার নাম ছিল মায়াদেবী। তিনি ছিলেন শাক্যবংশীয়া রাজকন্যা। খ্রীষ্টপূর্ব ষষ্ঠ শতাব্দীতে কপিলাবস্তুর নিকট লুম্বিনী উদ্যানে গৌতমের জন্ম হয়। বাল্যকালে তাঁহার নাম ছিল সিদ্ধার্থ। শাক্যবংশে জন্মগ্রহণ করেন বলিয়া তাঁহার অপর এক নাম ছিল শাক্যসিংহ। জন্মের অনতিকাল পরেই সিদ্ধার্থ মাতৃহীন হন। তখন তাঁহার মাসী ও বিমাতা গৌতমী তাঁহাকে লালন-পালন করেন। সেইজন্য তাঁহার অপর এক নাম হয় গৌতম।



বুদ্ধদেব

বাল্যকালে গৌতম প্রচুর ঐশ্বর্য ও ভোগ-বিলাসের মধ্যে লালিত পালিত হন। ধনুর্বিদ্যা, মল্লযুদ্ধ প্রভৃতিও তিনি শিক্ষা করেন। কিন্তু এইসব তাঁহার ভাল লাগিত না। বাল্যকাল হইতেই তিনি ছিলেন ধর্মভাবাপন্ন ও চিন্তাশীল। এইসব দেখিয়া পিতা শুদ্ধোদন ষোল বৎসর বয়সে গোপা বা যশোধরা নাম্নী এক সুন্দরী কন্যার সহিত গৌতমের বিবাহ দেন।

কিন্তু সংসারের প্রতি তাহার বিতৃষ্ণা ক্রমেই বৃদ্ধি পাইতে লাগিল। মানুষকে কিভাবে জরা, ব্যাধি ও মৃত্যুর হাত হইতে রক্ষা করা যায় সেই চিন্তায় গৌতমের মন

ব্যাকুল হইয়া উঠিল। এমন সময় জনৈক দিব্যকান্তি সন্ন্যাসীর সাক্ষাৎ লাভ করিয়া তাঁহার চিত্তের আলোড়ন প্রশমিত হয়। তিনি দেখিলেন, সন্ন্যাসীর অন্তর পরিপূর্ণ রহিয়াছে অনাবিল শান্তিতে, তাঁহার মনে জাগতিক দুঃখকষ্টের লেশমাত্র আভাস নাই। ঊনত্রিশ বৎসর বয়সে রাহুল নামে গৌতমের এক পুত্র জন্মগ্রহণ করে। সংসারের

**মহানিষ্ক্রমণ**

প্রতি মায়া ক্রমশঃই বৃদ্ধি পাইতেছে দেখিয়া একদিন গভীর রাত্রে স্ত্রী, পুত্র, পরিবার ও রাজপ্রাসাদের ভোগবিলাসের বন্ধন ছিন্ন করিয়া গৌতম সংসার ত্যাগ করিলেন। তাঁহার এই সংসার ত্যাগ 'মহানিষ্ক্রমণ' নামে অভিহিত।

সন্ন্যাসধর্ম গ্রহণ করিয়া তিনি বহু শাস্ত্র অধ্যয়ন করিলেন এবং নানা তীর্থস্থান দর্শন করিলেন। কিন্তু কিছুতেই তিনি মনে শান্তি পাইলেন না। অবশেষে তিনি নৈরঞ্জনা নদীর জলে স্নান করিয়া বর্তমান বুদ্ধগয়ার (বোধগয়া) নিকটে উরুবিল্ব গ্রামে এক বিরাট অশ্বত্থ বৃক্ষের পাদমূলে ধ্যানে বসিলেন। নিজের দেহকে অশেষ

**দিব্যজ্ঞানলাভ**

ক্লেশ দিলেন, কিন্তু তবুও তিনি সত্যের সন্ধান পাইলেন না। এইভাবে দিনাতিপাত করিবার পরে পঁয়ত্রিশ বৎসর বয়সে একদিন সহসা তিনি এই স্থানেই 'বোধি' অর্থাৎ দিব্যজ্ঞান লাভ করিলেন। সেই সময় হইতে তাঁহার নাম হইল বুদ্ধ অর্থাৎ পরম জ্ঞানী। এইবার ত্রিতাপ, অর্থাৎ জরা, ব্যাধি ও মৃত্যুর দুঃখ হইতে নির্বাণ বা মুক্তিলাভের পথ তিনি খুঁজিয়া পাইলেন।

দিব্যজ্ঞান লাভ করিয়া তিনি বারাণসীর নিকট সারনাথে মৃগ উদ্যানে প্রথম তাঁহার ধর্মমত প্রচার করেন। জীবনের বাকী অংশ তিনি অযোধ্যা, বিহার,

**ধর্মমত প্রচার**

উত্তরপ্রদেশ এবং অন্যান্য স্থানে ধর্মপ্রচারে অতিবাহিত করেন। ধনী-দরিদ্র, রাজা-প্রজা, সকলেই তাঁহার শিষ্যত্ব গ্রহণ করেন। দীর্ঘ পঁয়তাল্লিশ বৎসর ধর্মপ্রচার করিয়া আশি বৎসর বয়সে

**মহাপরিনির্বাণ**

গোরক্ষপুর জেলার অন্তর্গত কুশীনগরে তিনি দেহত্যাগ করেন (মহাপরিনির্বাণ—খ্রী· পূ· ৫৪৪, মতান্তরে খ্রী· পূ· ৪৮৬ অব্দ)।

**বৌদ্ধধর্মের মূলতত্ত্ব** ঃ—গৌতম বুদ্ধ প্রচারিত ধর্মমতের মূল কথাগুলি ছিল খুবই সহজ ও সরল। তাঁহার ধর্মের মূল কথা হইল—দুঃখময় এই জগতে মানুষ নিজ কৃতকর্মের জন্য ফল ভোগ করিতে বারবার জন্মগ্রহণ করিয়া থাকে। এই পুনর্জন্মের আবর্ত হইতে বাহির হওয়াকে বলা হয় মুক্তিলাভ বা নির্বাণলাভ। সুতরাং নির্বাণ লাভ করিলে মানবজীবনের দুঃখ-কষ্ট ভোগ করিতে হইবে না। মানুষকে সকল প্রকার কামনা-বাসনা হইতে মুক্ত হইয়া নির্বাণ লাভ করিতে হইবে। সংসারের জরা, ব্যাধি ও মৃত্যুর হাত হইতে মানুষ যাহাতে মুক্তি পায় তাহাই ছিল বুদ্ধদেবের জীবনের একমাত্র সাধনা। তিনি বুঝিয়াছিলেন যে পৃথিবীতে দুঃখও আছে, দুঃখের কারণও আছে। পার্থিব ভোগ-বিলাসের কামনা হইতেই দুঃখের সৃষ্টি, সুতরাং পার্থিব ভোগ-বিলাসের কামনা ত্যাগ করিলেই দুঃখের অবসান হইবে। বুদ্ধদেব

বলিয়াছেন, নির্বাণ লাভই জীবনের চরম লক্ষ্য। নির্বাণ লাভের জন্য তিনি অষ্টপন্থা বা অষ্টমার্গের উল্লেখ করিয়াছেন। এই অষ্টপন্থা হইল—সৎচিন্তা, সৎবাক্য, সৎকর্ম, সৎসংকল্প, সৎজীবন, সৎচেষ্টা, সৎস্মৃতি ও সম্যক সমাধি। ইহা ছাড়া তিনি ভিক্ষুদের পাঁচটি নৈতিক নিয়ম পালনের নির্দেশ দেন। এই পাঁচটি নিয়ম হইল—অহিংসা, অচৌর্য, সংযম, সত্যভাষণ ও বৈরাগ্য। ইহা পঞ্চশীল নামে পরিচিত।

অষ্টমার্গ

পঞ্চশীল

বুদ্ধদেব ছিলেন বাস্তববাদী ধর্মপ্রবর্তক। তাঁহার মতে কঠোর কষ্ট সাধন কিংবা অতিরিক্ত ভোগবিলাস কোনটিই ধর্মানুশীলনের পক্ষে অনুকূল নহে। তিনি মধ্যপন্থা অবলম্বন করিতে উপদেশ দিয়াছেন।

বৌদ্ধধর্ম দেব-দেবী, যাগ-যজ্ঞ, বর্ণভেদ প্রভৃতি বিশ্বাস করে না। বুদ্ধদেব বেদের অপৌরুষত্ব মানিয়া লন নাই এবং ঈশ্বরের অস্তিত্ব স্পষ্ট ভাষায় স্বীকার বা অস্বীকার করেন নাই। তাঁহার ধারণা ছিল, বৈদিক যাগ-যজ্ঞ, পশুবলি ও অন্যান্য ধর্মীয় ক্রিয়াকলাপ নির্বাণলাভের পথে নিতান্তই অকার্যকর, নিষ্ফল।

বুদ্ধদেব তাঁহার ধর্মমত লিপিবদ্ধ করেন নাই। তাঁহার পরিনির্বাণ লাভের পর তাঁহার প্রধান প্রধান শিষ্যগণ রাজগৃহ নগরে সমবেত হইয়া বুদ্ধের উপদেশাবলীর সংকলন করেন। এই সম্মেলন 'প্রথম বৌদ্ধসংগীতি' নামে প্রসিদ্ধ। বুদ্ধের উপদেশাবলী যে ধর্মগ্রন্থে সংকলিত হইয়াছে তাহা 'ত্রিপিটক' নামে খ্যাত। ইহা বিনয়পিটক, সূত্রপিটক ও অভিধর্ম পিটক—এই তিন অংশে বিভক্ত। ইহা পালিভাষায় লিখিত হইয়াছিল। বিনয়পিটকে বৌদ্ধভিক্ষু ও ভিক্ষুণীদের পালনীয় নিয়মাবলী এবং সূত্রপিটকে বুদ্ধের বাণী সংকলিত হইয়াছে। অভিধর্মপিটকে বৌদ্ধধর্মের মূল দার্শনিক তত্ত্বের আলোচনা ও ব্যাখ্যা করা হইয়াছে।

ত্রিপিটক

কালক্রমে বুদ্ধের বাণী সম্পর্কে মতভেদ দেখা দেয়। ইহা মীমাংসার জন্য বুদ্ধের পরিনির্বাণের প্রায় একশত বৎসর পরে বৈশালী নগরে দ্বিতীয় বৌদ্ধসংগীতির অধিবেশন হয়। এই সভায় ধর্মশাস্ত্রগুলির সংস্কার করা হয়। সম্রাট অশোক পাটলিপুত্র নগরে তৃতীয় বৌদ্ধসংগীতি আহ্বান করেন। এই সম্মেলনেও ধর্মশাস্ত্রগুলির সংস্কার করা হয়। সম্রাট কণিষ্কের নেতৃত্বে কাশ্মীরে অথবা জলন্ধরে চতুর্থ বা শেষ বৌদ্ধসংগীতি আহূত হয়। এই সভায় বৌদ্ধ ধর্মশাস্ত্রের প্রামাণ্য টীকা প্রণীত হইয়াছিল। এই চারিটি সংগীতি গুরুত্বপূর্ণ; কারণ ইহা হইতে বৌদ্ধধর্ম বিভিন্ন সময়ে কিরূপে রূপান্তরিত হইয়াছিল জানা যায়। এই সময়ে বৌদ্ধধর্মে মতবিরোধ দেখা দিলে বৌদ্ধগণ 'মহাযান' ও 'হীনযান'—এই দুই সম্প্রদায়ে বিভক্ত হইয়া পড়ে। জাতকের গল্পে বুদ্ধদেবের পূর্বজন্মের কাহিনী লিপিবদ্ধ আছে। এই গ্রন্থখানিও বুদ্ধদেব সম্পর্কে এবং প্রাচীন ভারতের ইতিহাসের সামাজিক ও অর্থনৈতিক অবস্থা সম্বন্ধে মূল্যবান তথ্যে পূর্ণ।

বৌদ্ধসংগীতি

জাতক

## পঞ্চম অধ্যায়

# সাম্রাজ্য গঠন এবং রাজনৈতিক ঐক্যের যুগ

(ক) **ষোড়শ মহাজন পদ** ঃ খ্রীষ্টপূর্ব ষষ্ঠ শতাব্দীর প্রথম ভাগে ভারতে ষোলটি রাজ্যের উদ্ভব হইয়াছিল। এইগুলি 'ষোড়শ মহাজনপদ' নামে খ্যাত। এই রাজ্যগুলি হইল (১) কোশল (অযোধ্যা), (২) কাশী (বারাণসী), (৩) মগধ (দক্ষিণ বিহার), (৪) বৃজি (উত্তর বিহার), (৫) অঙ্গ (পূর্ব বিহার), (৬) বৎস (এলাহাবাদ), (৭) অবন্তী (মধ্যভারত), (৮) মল্ল বা মালব (গোরখপুর), (৯) চেদী (বুন্দেল খণ্ড), (১০) কুরু (দিল্লী), (১১) পাঞ্চাল (রোহিলখণ্ড), (১২) শূরসেন (যমুনার তীরবর্তী অঞ্চল), (১৩) মৎস্য (জয়পুর), (১৪) অশ্মক (গোদাবরীর তীরবর্তী অঞ্চল), (১৫) গান্ধার (পেশোয়ার ও রাওয়াল পিণ্ডি) এবং (১৬) কম্বোজ (গান্ধার রাজ্যের সংলগ্ন অঞ্চল)। জৈন 'ভগবতী সূত্র' এবং বৌদ্ধ 'অঙ্গুত্তরনিকায়' গ্রন্থদ্বয় হইতে 'ষোড়শ মহাজনপদ' সম্পর্কে অনেক তথ্য জানা যায়। এই রাজ্যগুলির মধ্যে কোন রাজনৈতিক ঐক্য ছিল না। তাহারা পরস্পরের সহিত যুদ্ধ-বিগ্রহে লিপ্ত থাকিত। বৃজি এবং মল্ল—এই দুইটি রাজ্যে গণতান্ত্রিক শাসন-ব্যবস্থা প্রচলিত ছিল বলিয়া জানা যায়। বাকী চৌদ্দটি রাজ্যেই রাজতন্ত্র প্রচলিত ছিল। খ্রীষ্টীয় ষষ্ঠ শতাব্দীর মধ্যভাগে চারিটি রাজ্য বিশেষভাবে শক্তিশালী হইয়া উঠে। এই রাজ্যগুলি হইল—কোশল, অবন্তী, বৎস এবং মগধ। এই সময়ে কোশল ছিল সর্বাপেক্ষা শক্তিশালী রাজ্য। এই রাজ্যের রাজা ছিলেন প্রসেনজিৎ। তিনি কাশী এবং শাক্য রাজ্য জয় করিয়া কোশল রাজ্যের সীমা বর্ধিত করেন। অবন্তীর রাজা ছিলেন প্রদ্যোত। উজ্জয়িনী তাঁহার রাজধানী ছিল। বৎস্য রাজ্যের রাজা ছিলেন উদয়ন। তাঁহার রাজধানীর নাম কৌশাম্বী। ভারতবর্ষে একচ্ছত্র আধিপত্য স্থাপনের উদ্দেশ্যে এই চারিটি রাজ্য পরস্পর পরস্পরের সঙ্গে সংগ্রামে লিপ্ত হইল। এই সংগ্রামের ফলে মগধ রাজ্যের একচ্ছত্র আধিপত্য স্থাপিত হয়।

(খ) **মগধের শক্তিবৃদ্ধির ইতিহাস (বিম্বিসার হইতে মৌর্যদের উত্থান পর্যন্ত)** ঃ মগধকে কেন্দ্র করিয়া ভারতে এক অখণ্ড ও ঐক্যবদ্ধ রাষ্ট্র গঠিত হইয়াছিল। প্রথম পর্যায়ে মগধের উত্থান হইয়াছিল চারিটি রাজবংশের রাজাদের কার্যোদ্যোগে। এই চারিটি রাজবংশ হইল—(১) হর্যঙ্ক বংশ, (২) শিশুনাগ বংশ, (৩) নন্দ বংশ ও (৪) মৌর্য বংশ।

**হর্যঙ্ক বংশ—বিম্বিসার** ঃ খ্রীষ্টপূর্ব ষষ্ঠ শতাব্দীর মধ্যভাগে হর্যঙ্ক বংশের বিম্বিসার পনেরো বৎসর বয়সে মগধের সিংহাসনে আরোহণ করেন। বিহারের দক্ষিণাংশ লইয়া মগধ রাজ্য গঠিত ছিল। ইহার রাজধানী ছিল রাজগৃহ। বিম্বিসার মগধের সিংহাসনে আরোহণ করিবার পর হইতে মগধ রাজ্যের গৌরবময় যুগের সূচনা হয়। বিম্বিসার অঙ্গরাজ ব্রহ্মদত্তকে পরাজিত করেন। ইহার ফলে সমৃদ্ধিশালী অঙ্গরাজ্য মগধের অন্তর্ভুক্ত হয়। বিম্বিসার রাজনৈতিক দূরদৃষ্টিসম্পন্ন রাজা ছিলেন। তিনি কোশলরাজ প্রসেনজিতের ভাগিনী কোশল দেবীকে বিবাহ করিয়া বিবাহের যৌতুক স্বরূপ বারাণসীর কিয়দংশ লাভ করেন। মদ্র ও বৈশালী রাজপরিবারের

সহিত বৈবাহিক সম্পর্ক স্থাপন করিয়া তিনি মগধ রাজ্যের শক্তিবৃদ্ধি করিয়াছিলেন। তিনি পার্শ্ববর্তী রাজ্যের নৃপতিগণের সহিত বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রক্ষা করিয়া চলিতেন। অবন্তীরাজ প্রদ্যোত বিম্বিসারের একজন মিত্র ছিলেন।

সিংহলের বৌদ্ধ গ্রন্থ 'মহাবংশ' হইতে জানা যায় যে বিম্বিসার রাজ্যে উপযুক্ত শাসনব্যবস্থারও প্রবর্তন করেন। তাঁহার সময়ে অপরাধীদের কঠোর শাস্তির ব্যবস্থা ছিল। তিনি জৈন ও বৌদ্ধ উভয় ধর্মের প্রতি শ্রদ্ধাশীল ছিলেন। তাঁহার সহিত মহাবীর ও গৌতম বুদ্ধের সাক্ষাৎ হইয়াছিল। তিনি প্রায় আটাশ বৎসর রাজত্ব করিয়াছিলেন।

**অজাতশত্রু:** বিম্বিসারের মৃত্যুর পর তাঁহার পুত্র অজাতশত্রু রাজা হন। তিনি 'কুনিক' নামেও পরিচিত ছিলেন। তিনি পিতাকে হত্যা করিয়া মগধের সিংহাসনে আরোহণ করেন। ইহাতে কোশলরাজ প্রসেনজিৎ অজাতশত্রুর বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেন এবং বারাণসীর কিয়দংশ পুনর্দখল করেন। কিছুকাল পরে উভয়ের মধ্যে সন্ধি স্থাপিত হয়। অজাতশত্রু কোশলরাজ প্রসেনজিতের কন্যাকে বিবাহ করিয়া যৌতুক স্বরূপ বারাণসীর হৃত অংশ পুনরায় ফিরিয়া পান। অজাতশত্রু পিতার নীতি অনুসরণ করিয়া মগধরাজ্যের সম্প্রসারণের চেষ্টা করেন। তাঁহার রাজত্বকালে মগধ উত্তর ভারতে সর্বাপেক্ষা শক্তিশালী রাজ্যে পরিণত হয়। জৈন ও বৌদ্ধ উভয় ধর্মের প্রতিই তিনি শ্রদ্ধাশীল ছিলেন। জানা যায়, গৌতম বুদ্ধের সহিত তাঁহার সাক্ষাৎকারের পর হইতেই তিনি বৌদ্ধধর্ম গ্রহণ করিয়াছিলেন। তাঁহার সময়ে রাজগৃহে সর্বপ্রথম বৌদ্ধ সংগীতি আহূত হইয়াছিল।

অজাতশত্রুর মৃত্যুর পর তাঁহার পুত্র উদয়ী মগধের রাজা হন। তিনি রাজগৃহ হইতে পাটলিপুত্রে রাজধানী স্থানান্তরিত করেন। উদয়ীর বংশধরগণ ছিলেন অত্যন্ত দুর্বল।

**শিশুনাগ বংশ—শিশুনাগ:** হর্যঙ্ক বংশের শেষ রাজা নাগদাসকে হত্যা করিয়া তাঁহার মন্ত্রী শিশুনাগ মগধের সিংহাসন দখল করেন। এইভাবে হর্যঙ্ক বংশের পর মগধে শিশুনাগ বংশের উৎপত্তি হয়।

শিশুনাগ অবন্তীরাজকে পরাজিত করিয়া অবন্তীরাজ্যকে মগধের সাম্রাজ্যভুক্ত করেন। তাঁহার সময় বৎস্য ও কোশল রাজ্যও মগধের অন্তর্ভুক্ত হয়। তাঁহার পরবর্তী রাজগণ অত্যন্ত দুর্বল ছিলেন। তাঁহাদের দুর্বলতার সুযোগে মগধের সিংহাসন নন্দ বংশের অধিকারে চলিয়া যায়।

**নন্দ বংশ—মহাপদ্মনন্দ:** নন্দবংশের প্রতিষ্ঠাতা ছিলেন মহাপদ্মনন্দ। তিনি নীচকুল-সম্ভূত ছিলেন—এই কথা বহু গ্রন্থে উল্লেখ আছে। কিন্তু তিনি খুব সুদক্ষ ও শক্তিশালী রাজা ছিলেন। তিনি মগধ সাম্রাজ্যের আয়তন আরও বৃদ্ধি করেন এবং নিজে 'একরাট' উপাধিতে ভূষিত হন। নন্দবংশে মোট নয়জন রাজা রাজত্ব করেন। ধননন্দ ছিলেন এই বংশের

মহাপদ্মনন্দ

শেষ রাজা। গ্রীক ঐতিহাসিকদের মতে তিনি একজন সুদক্ষ ও শক্তিশালী রাজা ছিলেন। পাঞ্জাব পর্যন্ত তাঁহার রাজ্য বিস্তারলাভ করিয়াছিল। তাঁহার সময়ে গ্রীকবীর আলেকজাণ্ডার উত্তর-পশ্চিম ভারত আক্রমণ করেন। অর্থলোলুপ, অত্যাচারী এবং নীচকুলোদ্ভব বলিয়া প্রজাবর্গ তাঁহাকে ঘৃণার চোখে দেখিত। এই অসন্তোষ ও ঘৃণার সুযোগে কূটবুদ্ধিসম্পন্ন চাণক্য বা কৌটিল্য নামক এক ব্রাহ্মণের সহায়তায় চন্দ্রগুপ্ত মৌর্য নন্দবংশের উচ্ছেদ সাধন করিয়া মগধে মৌর্য বংশের প্রতিষ্ঠা করেন।

ধননন্দ

(গ) **মৌর্য সাম্রাজ্য : চন্দ্রগুপ্ত মৌর্য :** ( খ্রীঃ পূঃ ৩২১—খ্রীঃ পূঃ ৩০০ ) : চন্দ্রগুপ্তের বংশ পরিচয় সম্বন্ধে ঐতিহাসিকগণ বিভিন্ন মত পোষণ করেন। পুরাণে বর্ণিত কাহিনী অনুসারে, তিনি ছিলেন কোন এক নন্দ-বংশীয় রাজার শূদ্রা দাসীর গর্ভজাত সন্তান। তাঁহার মাতার ( মতান্তরে মাতামহীর ) নাম ছিল মুরা এবং সেই নাম হইতেই 'মৌর্য' নামের উৎপত্তি ঘটে। কিন্তু পালি সাহিত্য অনুসারে চন্দ্রগুপ্ত মৌর্য ছিলেন হিমালয়ের সানুদেশে অবস্থিত পিপ্পলীবনের 'মোরীয়' নামে এক ক্ষত্রিয় রাজবংশের সন্তান।*

বংশ পরিচয়

নন্দবংশ উচ্ছেদের নিমিত্ত চন্দ্রগুপ্ত গ্রীক বীর আলেকজাণ্ডারের সহায়তা লাভের আশায় পাঞ্জাবে তাঁহার শিবিরে উপস্থিত হন। কিন্তু তাঁহার উদ্ধত আচরণে রুষ্ট হইয়া আলেকজাণ্ডার তাঁহার প্রাণদণ্ডের আদেশ দিলে চন্দ্রগুপ্ত সেখান হইতে পলাইয়া আত্মরক্ষা করেন। এই সময়ে চাণক্য ( বিষ্ণুগুপ্ত ) নামক তক্ষশিলার এক কূটবুদ্ধিসম্পন্ন ব্রাহ্মণের সহিত চন্দ্রগুপ্তের সাক্ষাৎ হয়। কিংবদন্তী অনুসারে জানা যায়, চাণক্য তখন নন্দরাজের সভায় অপমানিত হইয়া প্রতিশোধের উপায় খুঁজিতেছিলেন। এই ব্রাহ্মণের সহায়তায় চন্দ্রগুপ্ত নন্দবংশের শেষ রাজা ধননন্দকে সিংহাসনচ্যুত করিয়া মগধে মৌর্যবংশের প্রতিষ্ঠা করেন।

মৌর্যবংশের প্রতিষ্ঠা

আলেকজাণ্ডারের মৃত্যুর অব্যবহিত পরে চন্দ্রগুপ্ত গ্রীকদের পাঞ্জাব ও সিন্ধুপ্রদেশ হইতে বিতাড়িত করেন। আলেকজাণ্ডারের সেনাপতি সেলুকাসের সহিত চন্দ্রগুপ্তের সংঘর্ষ বাধিলে সেলুকাস পরাজিত হইয়া সন্ধি করিতে বাধ্য হন। সন্ধির সর্ত অনুসারে সেলুকাস কাবুল, হিরাট, কান্দাহার ও মকরাণ প্রদেশগুলি চন্দ্রগুপ্তকে দান করেন। চন্দ্রগুপ্তও সেলুকাসকে পাঁচশত হস্তী উপহার দেন। সেলুকাস তাঁহার কন্যা হেলেনকে চন্দ্রগুপ্তের সহিত বিবাহ দিয়া মৈত্রী-বন্ধনে আবদ্ধ হন। সেলুকাস চন্দ্রগুপ্তের রাজসভায় মেগাস্থিনিস নামে এক দূত প্রেরণ করিয়াছিলেন।

সেলুকাসের সহিত সন্ধি

* "According to Mahavamsatika he ( Chandragupta ) was a kshatryia because of being of the same lineage as the Sakyas although his clan was other than that of the Sakyas and was known as Mariyas of Pippalivana." Early History of India—N. N. Ghosh.

অসাধারণ সামরিক প্রতিভার বলে বলীয়ান হইয়া চন্দ্রগুপ্ত প্রায় সমগ্র উত্তর ভারত এবং দক্ষিণ ভারতের কিয়দংশ লইয়া এক বিশাল ঐক্যবদ্ধ সাম্রাজ্য স্থাপন করেন।

রাজ্য জয়

তাঁহার সাম্রাজ্য উত্তর-পশ্চিমে আফগানিস্তান, পূর্বে বঙ্গদেশ ও দক্ষিণে মহীশূর পর্যন্ত বিস্তৃত ছিল। প্রাচীন ভারতে এইরূপ বিশাল সাম্রাজ্য আর কেহ প্রতিষ্ঠা করিতে পারেন নাই।

জৈন কিংবদন্তী অনুসারে জানা যায়, চন্দ্রগুপ্ত শেষ জীবনে জৈনধর্ম অবলম্বন করেন এবং সমকালীন জৈন রীতি অনুযায়ী মহীশূর রাজ্যের শ্রবণবেলগোলায় অনশনে প্রাণত্যাগ করেন ( খ্রীঃ পূঃ ৩০০ অব্দে )।

**চন্দ্রগুপ্তের কৃতিত্ব ঃ** স্বীয় প্রতিভাবলে চন্দ্রগুপ্ত ভারতের একজন শ্রেষ্ঠ সম্রাট রূপে অভিহিত হইয়াছেন। শাসনকার্যে এবং সামরিক ক্ষেত্রে তিনি অসাধারণ দক্ষতার পরিচয় দিয়াছেন। অত্যাচারী নন্দবংশের উচ্ছেদ সাধন করিয়া এবং গ্রীকগণকে বিতাড়িত করিয়া তিনি উত্তর-পশ্চিম ভারতে নিজের আধিপত্য বিস্তার করিয়াছিলেন। সেলুকাসের ন্যায় পরাক্রমশালী সেনাপতির সহিত যুদ্ধে সাফল্য অর্জন তাঁহার এক বিরাট কীর্তি। সেলুকাসকে তিনি সন্ধি স্থাপনে বাধ্য করিয়াছিলেন। অতি সামান্য অবস্থা হইতে তিনি প্রায় সমগ্র উত্তর ভারতে, এমনকি ভারতের বাহিরেও নিজের আধিপত্য বিস্তার করিতে সমর্থ হইয়াছিলেন। প্রাচীন ভারতে তাঁহার ন্যায় আর কোন সম্রাটই অতি অল্প সময়ের মধ্যে এত বড় সাম্রাজ্য প্রতিষ্ঠা করিতে পারেন নাই।

সাম্রাজ্য স্থাপন

শুধু সাম্রাজ্য স্থাপন করিয়া তিনি ক্ষান্ত ছিলেন না, শাসন-ব্যবস্থাতেও তিনি অসামান্য কৃতিত্বের পরিচয় দিয়াছেন। তাঁহার শাসন-ব্যবস্থা ছিল কেন্দ্রীভূত। প্রজা সাধারণের মঙ্গল সাধনাই তাঁহার শাসন-ব্যবস্থার মূল লক্ষ্য ছিল।

সুশাসক

**চন্দ্রগুপ্তের শাসন-ব্যবস্থা ঃ** সুদক্ষ শাসক হিসাবে চন্দ্রগুপ্ত বিরাট খ্যাতি অর্জন করিয়াছিলেন। তিনি তাঁহার সাম্রাজ্য সু-শাসনের ব্যবস্থা করিয়াছিলেন। চন্দ্রগুপ্তের শাসন-ব্যবস্থার ঐতিহাসিক উপাদান হইল দুইটি—(ক) মেগাস্থিনিসের বিবরণ এবং (খ) কৌটিল্যের অর্থশাস্ত্র।

(ক) **মেগাস্থিনিসের বিবরণ ঃ** পূর্বেই উল্লেখ করা হইয়াছে যে, সেলুকাস চন্দ্রগুপ্তের রাজসভায় মেগাস্থিনিস নামে এক গ্রীক-দূত প্রেরণ করিয়াছিলেন। মেগাস্থিনিস বহুদিন রাজধানী পাটলিপুত্রে বাস করিয়া 'ইণ্ডিকা' নামে একখানি গ্রন্থ রচনা করেন। এই গ্রন্থ হইতে চন্দ্রগুপ্তের শাসন-ব্যবস্থা এবং মৌর্য যুগ সম্পর্কে নানাবিধ তথ্য জানা যায়।

চন্দ্রগুপ্তের শাসন-ব্যবস্থা কেন্দ্রীয় ও প্রাদেশিক এই দুই শ্রেণীতে বিভক্ত ছিল। সম্রাট ছিলেন সাম্রাজ্যের সর্বোচ্চ শাসক, প্রধান বিচারপতি এবং সৈন্যবাহিনীর সর্বাধিনায়ক। সম্রাট নিজেই দেশের আইন প্রণয়ন করিতেন। সাম্রাজ্যের শাসনকার্যের জন্য তিনি বিভিন্ন শ্রেণীর রাজ-কর্মচারী নিযুক্ত করিতেন। রাজকার্যে সম্রাট মন্ত্রী এবং মন্ত্রী পরিষদের পরামর্শ গ্রহণ করিতেন। প্রদেশের শাসনকর্তাকে

কেন্দ্রীয় ও প্রাদেশিক শাসন-ব্যবস্থা

বলা হইত 'কুমার'। গ্রামের শাসনভার 'গ্রামিক' নামক কর্মচারীদের উপর ন্যস্ত থাকিত।

রাজধানী পাটলিপুত্র নগরের পৌর শাসন-ব্যবস্থা খুব উন্নত ছিল। মেগাস্থিনিসের বিবরণ হইতে জানা যায়, ত্রিশজন সদস্য লইয়া গঠিত একটি পরিষদের উপর নগরের শাসনভার ন্যস্ত ছিল। এই পরিষদটি আবার পাঁচজন করিয়া সদস্য লইয়া ছয়টি সমিতিতে বিভক্ত ছিল। এক একটি সমিতির উপর এক এক প্রকার কার্যের দায়িত্ব ছিল। প্রথম সমিতি কারুশিল্পের তত্ত্বাবধান করিত। দ্বিতীয়টি বিদেশী আগন্তুকদের প্রতি নজর রাখিত। তৃতীয়টি নাগরিকদের জন্ম-মৃত্যুর হিসাব রাখিত। চতুর্থটি ব্যবসা-বাণিজ্য নিয়ন্ত্রণ করিত। পঞ্চমটি শিল্পজাত দ্রব্যের বিক্রয়ের ব্যবস্থাপনা করিত। ষষ্ঠটি বিক্রীত দ্রব্যের উপর কর নির্ধারণ ( $\frac{1}{10}$ অংশ ) করিত। তাহা ছাড়া এই সমিতিগুলির উপর বাজার দর নিয়ন্ত্রণ, বন্দর সংরক্ষণ ইত্যাদি কয়েকটি সাধারণ দায়িত্বও ন্যস্ত ছিল।

পৌর শাসন ব্যবস্থা

চন্দ্রগুপ্তের সামরিক বিভাগ ছিল সুসংগঠিত ও শক্তিশালী। মেগাস্থিনিসের বিবরণ হইতে জানা যায়, চন্দ্রগুপ্তের সৈন্যবাহিনীতে ছয় লক্ষ পদাতিক, ত্রিশ হাজার অশ্বারোহী, আট হাজার রথ এবং নয় হাজার হস্তী ছিল। ত্রিশ জন সদস্য লইয়া গঠিত একটি পরিষদের উপর সামরিক বিভাগের ভার ছিল। এই পরিষদও আবার পাঁচ জন সদস্য লইয়া গঠিত ছয়টি বিভাগে বিভক্ত ছিল—পদাতিক, অশ্বারোহী, রথ, হস্তী, রসদ ও যানবাহন এবং নৌবাহিনী।

সামরিক বিভাগ

চন্দ্রগুপ্তের রাজত্বকালে অপরাধীকে কঠোর শাস্তি-ভোগ করিতে হইত। বিভিন্ন অপরাধের জন্য বেত্রদণ্ড, কারাদণ্ড, অঙ্গচ্ছেদ এবং মৃত্যুদণ্ডের ব্যবস্থা ছিল।

দণ্ডবিধি

রাজ-কর্মচারীদের কার্যের উপর তীক্ষ্ন দৃষ্টি রাখিবার নিমিত্ত চন্দ্রগুপ্ত তাঁহার সাম্রাজ্যে বহুসংখ্যক গুপ্তচর নিয়োগ করিয়াছিলেন। ইহাদের সাহায্যে সম্রাট প্রাদেশিক শাসনকার্যেরও বিস্তারিত সংবাদ পাইতেন।

গুপ্তচর প্রথা

(খ) **কৌটিল্যের অর্থশাস্ত্র ঃ** রাজনীতি বিষয়ক প্রাচীন গ্রন্থ 'অর্থশাস্ত্র' কৌটিল্যের রচনা বলিয়া মনে করা হয়। অর্থশাস্ত্রের রচয়িতা এবং ইহার রচনাকাল সম্পর্কে ঐতিহাসিকদের মধ্যে মতভেদ আছে। ঐতিহাসিক স্মিথের মতে অর্থশাস্ত্র প্রাক-মৌর্যযুগে রচিত হইয়াছিল। যাহা হউক, কৌটিল্যের অর্থশাস্ত্র যে চন্দ্রগুপ্তের তথা মৌর্যযুগের শাসন-ব্যবস্থা সম্পর্কে একটি নির্ভরযোগ্য ঐতিহাসিক উপাদান সে বিষয়ে কোন সন্দেহ নাই। অনেক ক্ষেত্রেই মেগাস্থিনিসের বিবরণের সঙ্গে ইহার মৌলিক সাদৃশ্য লক্ষ্য করা যায়।

অর্থশাস্ত্রে রাজা ও রাজ-কর্মচারীগণের কর্তব্য, রাজ্য-পরিচালনার নিমিত্ত সৈন্যবাহিনী গঠন, দুর্গ নির্মাণ, গুপ্তচর নিয়োগ, যুদ্ধ পরিচালনা ইত্যাদি সম্পর্কে বহু তথ্য সন্নিবেশিত হইয়াছে।

শাসন-ব্যবস্থায় কৌটিল্যের বিবরণে 'মন্ত্রিন্' এবং 'অমাত্য' এই দুই শ্রেণীর উচ্চ রাজ-কর্মচারীর উল্লেখ পাওয়া যায়। মেগাস্থিনিসের বিবরণে ইহাদের 'সচিব' নামে অভিহিত করা হইয়াছে।

কৌটিল্যের অর্থশাস্ত্রে রাজ-বিচারালয় ছাড়াও বিভিন্ন শ্রেণীর গ্রাম্য বিচারালয়ের উল্লেখ আছে। যেমন 'স্থানীয়' ( আটশত গ্রাম লইয়া গঠিত ), 'দ্রোণমুখ' ( চারি শত গ্রাম লইয়া গঠিত ) এবং 'সংগ্রহণ' ( দশটি গ্রাম লইয়া গঠিত )। গ্রামের বিচারককে 'গ্রামিক' বলা হইত। কৌটিল্যের অর্থশাস্ত্রে 'সমস্থা' ও 'সঞ্চরা' নামে দুই শ্রেণীর গুপ্তচরের উল্লেখ আছে। কৌটিল্যের মতে প্রজার মঙ্গল সাধনই ছিল রাজার প্রধান কর্তব্য।

**অশোক ( ২৭৩-২৩২ খ্রীঃ পূঃ ) ঃ** চন্দ্রগুপ্তের মৃত্যুর পর তাঁহার পুত্র বিন্দুসার ( অমিত্রঘাত ) খ্রীষ্টপূর্ব ৩০০ অব্দে মগধের সিংহাসনে আরোহণ করেন। বিন্দুসারের মৃত্যুর পর মগধের সিংহাসনে বসেন তাঁহার পুত্র অশোক। বিন্দুসারের রাজত্বকালে যুবরাজ অশোক উজ্জয়িনী ও তক্ষশিলার শাসনকর্তা ছিলেন। কথিত আছে সিংহাসনের অধিকার লইয়া অশোকের সহিত তাঁহার ভ্রাতাদের এক তীব্র বিরোধ সৃষ্টি হইয়াছিল। সম্ভবতঃ এই কারণেই সিংহাসন লাভের তিন চারি বৎসর পর তাঁহার রাজ্যাভিষেক হয়।*

রাজ্যাভিষেক

**কলিঙ্গ বিজয় ঃ** রাজ্যাভিষেকের আট বৎসর পর ( খ্রীঃ পূঃ ২৬১ ) অশোক কলিঙ্গ বিজয়ে অগ্রসর হন। কলিঙ্গ রাজ্যটি বঙ্গোপসাগরের উপকূলবর্তী বৈতরণী ও গোদাবরী নদীর অববাহিকা অঞ্চলে অবস্থিত ছিল। সাম্রাজ্যের নিরাপত্তার জন্যই কলিঙ্গ-রাজার বিরুদ্ধে তিনি এই যুদ্ধে অবতীর্ণ হন। অশোক এই যুদ্ধে জয়লাভ করিয়াছিলেন সত্য, কিন্তু প্রায় এক লক্ষ সৈন্য প্রাণ হারাইয়াছিল এবং বহু লোক আহত হইয়াছিল। কলিঙ্গ যুদ্ধ ভারত-ইতিহাসে এক স্মরণীয় ঘটনা। যুদ্ধক্ষেত্রে ভয়াবহ রক্তপাত, আর্তের ক্রন্দন ও মানুষের হাহাকার অশোকের মনে গভীর অনুতাপ সৃষ্টি করিয়াছিল। তিনি প্রতিজ্ঞা করিলেন যে জীবনে আর যুদ্ধ করিবেন না। দিগ্বিজয়ের নীতি পরিত্যাগ করিয়া তিনি ধর্ম-বিজয়ের আদর্শ গ্রহণ করিলেন। অশোক সাম্য, মৈত্রী ও অহিংসার দ্বারা মানব-হৃদয় জয় করিবার নীতি গ্রহণ করিলেন।




অশোক

**তাঁহার সাম্রাজ্যের সীমা ঃ** কলিঙ্গ জয় করিবার পর, অশোকের সাম্রাজ্য তামিল-ভাষাভাষী অঞ্চল ছাড়া প্রায় সমগ্র ভারতে বিস্তৃত হয়। অশোকের শিলালিপি হইতে

*"The formal consecration of Asoke was delayed by three or four years, and this period is generally regarded by scholars as the period of the civil war."—Pre-historic, Ancient and Hindu India—R. D. Banerjee.

জানা যায়, উত্তর-পশ্চিমে আফগানিস্তান, বালুচিস্তান ও সিন্ধুপ্রদেশ তাঁহার সাম্রাজ্যভুক্ত ছিল। কলহনের 'রাজতরঙ্গিনী' অনুসারে জানা যায়, কাশ্মীর মৌর্য




সাম্রাজ্যভুক্ত ছিল। তাঁহার সাম্রাজ্য পূর্বে ব্রহ্মপুত্র নদ এবং দক্ষিণে পেনার নদী পর্যন্ত বিস্তৃত হইয়াছিল।

**অশোকের ধর্মমত ও ধর্মপ্রচার:** কলিঙ্গ-যুদ্ধের নিদারুণ, মর্মস্পর্শী দৃশ্যে অশোকের মনে দেখা দেয় ভাবান্তর। কথিত আছে কলিঙ্গ-বিজয়ের কিছুকাল পরে তাঁহার সহিত জনৈক বৌদ্ধভিক্ষুর সাক্ষাৎ হয়। তাঁহার নিকট ভগবান বুদ্ধ-প্রচারিত প্রেম ও অহিংসার পবিত্রবাণী শুনিয়া অনুতপ্ত সম্রাট একটি নূতন পথের সন্ধান লাভ করেন। উপগুপ্ত নামক এক বৌদ্ধসন্ন্যাসীর নিকট তিনি বৌদ্ধধর্মে দীক্ষা গ্রহণ

করেন। বৌদ্ধধর্মে দীক্ষিত হইলেও সকল ধর্মের প্রতি তাঁহার মনোভাব অতি উদার ছিল। মাতাপিতা ও গুরুজনের প্রতি ভক্তি, জীবে দয়া, সত্যভাষণ, দাস-দাসী ও বন্ধু-বান্ধবের প্রতি উদার ব্যবহার, পবিত্রতা—ইহাই ছিল তাঁহার ধর্মের বাণী। 'অহিংসা পরমধর্ম'—বুদ্ধদেবের এই বাণী তিনি পরমসত্য বলিয়া গ্রহণ করিয়াছিলেন। অশোক বৌদ্ধধর্মকে রাজধর্মে পরিণত করেন। খ্যাতনামা ইংরাজ মনীষী এইচ. জি. ওয়েলস-এর মতে, সর্বকালের, সর্বদেশের সম্রাটদের মধ্যে অশোকের শ্রেষ্ঠত্ব সর্ববাদিসম্মত। তাঁহার এই শ্রেষ্ঠত্বের মূলে নিহিত রহিয়াছে রাজ্যজয় নয়, প্রেম ও অহিংসার বাণী প্রচার ; আর তাই বিশ্ব ইতিহাসে তাঁহার নাম সর্বজন বরণীয় এবং চিরস্মরণীয়ও বটে। তাঁহার ধর্মপ্রচারের মধ্যে খ্যাতিলাভ ও প্রতিপত্তি বিস্তারের আকাঙ্ক্ষা ছিল না। গৌতমবুদ্ধ-প্রচারিত প্রেম ও অহিংসার বাণীতে তিনি স্বয়ং অনুপ্রাণিত হইয়াই ক্ষান্ত থাকেন নাই, বিশ্ববাসীকেও উদ্বুদ্ধ করিতে সচেষ্ট হন। অশোক তাঁহার এই বিশাল সাম্রাজ্যের ভিতরে ও বাহিরে বৌদ্ধধর্ম প্রচারের জন্য নানাবিধ উপায় অবলম্বন করেন। ভারতের বিভিন্ন স্থানে, পর্বতগাত্রে ও প্রস্তর-স্তম্ভে বৌদ্ধধর্মের মূল উপদেশগুলি খোদিত হইল। এই শিলালিপিগুলিকে ধর্মলিপি বলা হইত। জনসাধারণের মধ্যে ধর্ম-প্রচারের উদ্দেশ্যে অশোক 'ধর্মমহামাত্র' নামক এক শ্রেণীর রাজ-কর্মচারী নিযুক্ত করিলেন। ইহা ছাড়া অশোক নিজেও মাঝে মাঝে ধর্মযাত্রায় বাহির হইতেন। তাঁহার সময়ে পাটলিপুত্রে তৃতীয় বৌদ্ধ সম্মেলন হইয়াছিল। ভারতের বাহিরে বিভিন্ন দেশে অশোক ধর্মপ্রচারক প্রেরণ করিয়াছিলেন। অশোক তাঁহার পুত্র ( মতান্তরে ভ্রাতা ) মহেন্দ্র ও কন্যা সংঘমিত্রাকে ধর্মপ্রচারের জন্য সিংহলে প্রেরণ করিয়াছিলেন। এইভাবে ভারতের বাহিরে ব্রহ্মদেশ, সিংহল প্রভৃতি দেশে এবং ইউরোপ ও আফ্রিকা-মহাদেশের নানা স্থানে বৌদ্ধধর্ম প্রচারিত হয়। তাঁহারই চেষ্টায় বৌদ্ধধর্ম পৃথিবীর অন্যতম শ্রেষ্ঠ ধর্মে পরিণত হইয়াছিল।

**অশোকের জনহিতকর কার্যাবলী :** শুধু ধর্ম প্রচার করিয়াই অশোক ক্ষান্ত হন নাই, তিনি প্রজাদের জন্য সু-শাসনের ব্যবস্থাও করিয়াছিলেন। প্রজাদিগকে তিনি পুত্রের ন্যায় স্নেহ করিতেন। তাঁহাদের উন্নতিবিধানই তাঁহার শাসনের প্রধান লক্ষ্য ছিল। যুত ও রাজুক নামক কর্মচারীগণ সর্বদাই প্রজাদের কল্যাণ সাধনে নিযুক্ত থাকিতেন। সমগ্র জীবজগতের কল্যাণসাধনই ছিল সম্রাট অশোকের একমাত্র ব্রত। অসুস্থ ব্যক্তিদের চিকিৎসার জন্য রাজ্যের নানাস্থানে তিনি চিকিৎসালয় স্থাপন করেন। পথিকদের সুবিধার জন্য তিনি রাজপথ নির্মাণ, পথিপার্শ্বে বৃক্ষরোপন ও কূপ খনন করাইয়াছিলেন। বিশেষ প্রয়োজন ব্যতীত জীবহত্যা বা কোন প্রাণীর অঙ্গচ্ছেদ তাঁহার আদেশে নিষিদ্ধ হয়।

**বহির্বিশ্বের সহিত অশোকের যোগাযোগ :** অশোক তাঁহার প্রেমময় ধর্মনীতির দ্বারা বহির্বিশ্বের বহু দেশের সহিত প্রীতির সম্পর্ক স্থাপন করিতে সমর্থ হইয়াছিলেন।

এই নীতি অনুযায়ী তিনি তাঁহার সাম্রাজ্যের বাহিরে দাক্ষিণাত্যের চোল, পাণ্ড্য, কেরলপুত্র, সত্যপুত্র প্রভৃতি তামিল রাজ্যগুলিতে দিগ্বিজয়ের পরিবর্তে মৈত্রীর সম্পর্ক প্রসারিত করেন। পূর্বেই উল্লেখ করা হইয়াছে যে সিংহল, ব্রহ্মদেশ প্রভৃতি দেশে তিনি ধর্মপ্রচারক প্রেরণ করিয়াছিলেন। অশোকের প্রেরিত ধর্মপ্রচারক ও দূতগণ সিরিয়া মিশর, ম্যাসিডন এবং এপিরাসের রাজসভায়ও প্রচুর সমাদর লাভ করেন। অশোকের পররাষ্ট্রনীতির উপর তাঁহার ধর্মমত যে বিরাট প্রভাব বিস্তার করিয়াছিল, সে বিষয়ে কোন সন্দেহ নাই। এই পররাষ্ট্রনীতির ফলেই অশোক এশিয়া, আফ্রিকা ও ইউরোপের বিভিন্ন দেশের মধ্যে সাংস্কৃতিক যোগাযোগ, প্রীতির সম্পর্ক ও বিশ্ব-ভ্রাতৃত্বের মহান আদর্শ স্থাপন করিতে সমর্থ হইয়াছিলেন।

**বিশ্ব ইতিহাসে অশোকের স্থান:** পৃথিবীর ইতিহাসে অশোক এক বিশেষ স্থান অধিকার করিয়া আছেন। তিনি পৃথিবীর অন্যতম শ্রেষ্ঠ সম্রাট। আলেকজাণ্ডার, জুলিয়াস সীজার, কনস্ট্যানটাইন, শার্লম্যান, নেপোলিয়ন প্রমুখ রাষ্ট্রনায়কগণ ইতিহাসে 'মহান' উপাধিতে ভূষিত হইয়াছেন। তাঁহারা যুদ্ধ-বিগ্রহ এবং রাজ্যবিস্তারের জন্য ইতিহাসে প্রসিদ্ধ। কিন্তু এক বিশাল সাম্রাজ্যের সিংহাসনে অধিষ্ঠিত থাকিয়াও এবং এক বিরাট সৈন্যবাহিনীর অধিকারী হইয়াও অশোক দিগ্বিজয়-নীতি পরিহার করিয়া ধর্ম-বিজয়ের নীতি গ্রহণ করিয়াছিলেন। এইখানেই তিনি অন্যদের তুলনায় সম্পূর্ণ স্বতন্ত্র। কলিঙ্গযুদ্ধের পরই দিগ্বিজয়ী অশোক রাজর্ষি অশোকে পরিণত হইলেন। ন্যায় ও ধর্মের পথে তিনি মানুষের হৃদয় জয় করিতে বদ্ধপরিকর হইলেন। সর্বজীবে প্রেম, অহিংসা এবং ভ্রাতৃত্ববোধই হইল তাঁহার একমাত্র লক্ষ্য। বস্তুতঃ মানবজাতি ও জীবের কল্যাণ সাধনই ছিল তাঁহার জীবনের মহান ব্রত। তিনি মনে করিতেন প্রজা সাধারণের সুখ-শান্তি এবং উন্নতি বিধানই রাজার আসল ধর্ম, গৌরব ও কৃতিত্ব। একমাত্র অশোকই বলিয়াছিলেন, "সবে মুনিষে প্রজা মমা", অর্থাৎ সকল মানুষই আমার সন্তান। এইরকম প্রজাহিতৈষী সম্রাট পৃথিবীর ইতিহাসে বিরল। অশোক সর্বকালের ও সর্বদেশের শ্রেষ্ঠ সম্রাটগণের অন্যতম। ঐতিহাসিক এইচ. জি. ওয়েলস্-এর মতে অশোক ঐতিহাসিক আকাশে উজ্জ্বলতম নক্ষত্রের ন্যায় বিরাজমান।* পররাষ্ট্র-ক্ষেত্রে তাঁহার সাম্যনীতি ও মৈত্রীর আদর্শ এক মহান দৃষ্টান্ত। পৃথিবীর ইতিহাসে শান্তিপ্রিয়তার এমন উদাহরণ আর দেখা যায় না। বাস্তবিকই অহিংসা ও বিশ্বশান্তি প্রতিষ্ঠার তিনি ছিলেন মূর্ত প্রতীক। তাঁহার আদর্শকে চিরস্মরণীয় করিয়া রাখিবার জন্য স্বাধীন ভারতের জাতীয় পতাকায় অশোক চক্র গৃহীত হইয়াছে।

(ঘ) **বিদেশীগণ কর্তৃক ভারত-আক্রমণ: (১) ভারতীয় উপমহাদেশের বিভিন্ন অংশে আকেমেনীয় সাম্রাজ্যের বিস্তার:** ষষ্ঠ শতাব্দীর মধ্যভাগে পারস্যের

*"Admist the tens and thousands of names of monarchs that crowd the columns of history, the name of Asoka shines and shines alone like a star."

—H. G. Wells

আকেমেনীয় বংশের শক্তিশালী রাজা কাইরাস বা কুরুস (৫৫৮—৫২৯ খ্রীঃ পূঃ) পশ্চিম এশিয়ার একচ্ছত্র আধিপত্য স্থাপন করিয়া ভারতের অভিমুখে অগ্রসর হন। তিনি সিন্ধুনদের পশ্চিম তীর পর্যন্ত সাম্রাজ্য বিস্তার করেন। কাইরাসের মৃত্যুর পর তাঁহার সুযোগ্য পুত্র কম্বুজিয় বা ক্যাম্বিসেস-এর আমলেও পারসিক সাম্রাজ্য পূর্বদিকে ভারতবর্ষের পশ্চিম প্রান্ত পর্যন্ত বিস্তৃত ছিল।

কাইরাস ও কম্বুজিয়

কম্বুজিয়র মৃত্যুর পর তাঁহার কীর্তিমান আত্মীয় দরায়ুস বা প্রথম ডেরায়াস (৫২১—৪৮৫ খ্রীঃ পূঃ) পারস্যের সম্রাট হন। ডেরায়াস-এর রাজত্বকালে পারস্য সাম্রাজ্য অধিকতর শক্তিশালী হইয়া উঠে। তিনি ভারতবর্ষ আক্রমণ করেন এবং গান্ধার ও সিন্ধু উপত্যকার কিয়দংশ তাঁহার সাম্রাজ্যের অন্তর্ভুক্ত করেন। তাঁহার শিলালিপিতে গান্ধারকে সপ্তম 'ক্ষত্রপি' (প্রদেশ) এবং সিন্ধু-উপত্যকাকে বিংশতিতম 'ক্ষত্রপি' বলিয়া উল্লেখ করা হইয়াছে।

দরায়ুস

প্রথম ডেরায়াস-এর মৃত্যুর পর তাঁহার পুত্র ক্ষয়র্স বা জেরাক্সিস (৪৮৫—৪৬৫ খ্রীঃ পূঃ) পারস্যের সম্রাট হন। তিনি ভারতের উত্তর-পশ্চিমের পারসিক প্রদেশগুলির উপর স্বীয় কর্তৃত্ব বজায় রাখেন। পরবর্তীকালে পারসিকদের আভ্যন্তরীণ বিশৃঙ্খলা ও দুর্বলতার সুযোগ লইয়া আনুমানিক ৩৩১ খ্রীষ্টপূর্বাব্দে ম্যাসিডনের অধিপতি গ্রীকবীর আলেকজাণ্ডার পারস্য সম্রাট দরায়ুসকে আরবিলার যুদ্ধে পরাজিত করিয়া পারসিক সাম্রাজ্যের পতন ঘটান। ফলে ভারতবর্ষেও পারসিক সাম্রাজ্যের অস্তিত্ব বিলুপ্ত হয়। অবশ্য ভারতবর্ষে সাময়িক-ভাবেই পারসিক সম্রাটদের বাসস্থান ছিল। ক্রমে উত্তর-পশ্চিম ভারতের এই সকল অঞ্চল পুনরায় ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্যে বিভক্ত হইয়া পড়ে।

ক্ষয়র্স

তৃতীয় দরায়ুস

**আলেকজাণ্ডারের ভারত আক্রমণ ঃ** আলেকজাণ্ডার ছিলেন গ্রীসের ম্যাসিডন রাজ্যের অধিপতি ফিলিপের পুত্র। পিতার মৃত্যুর পর খ্রীষ্টপূর্ব ৩৩৬ অব্দে আলেকজাণ্ডার ম্যাসিডনের সিংহাসনে আরোহণ করেন এবং সমগ্র গ্রীক দেশে নিজের আধিপত্য বিস্তার করেন। খ্রীষ্টপূর্ব ৩২৭ অব্দে তিনি হিন্দুকুশ পর্বত অতিক্রম করিয়া ভারতবর্ষ আক্রমণ করিতে উদ্যত হন।

আলেকজাণ্ডারের ভারত আক্রমণ কালে ভারতের উত্তর-পশ্চিম অঞ্চল কতকগুলি ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্যে বিভক্ত ছিল। ইহাদের মধ্যে কতকগুলি ছিল রাজতান্ত্রিক এবং কতকগুলি ছিল প্রজাতান্ত্রিক। এই রাজ্যগুলির মধ্যে কোন রাজনৈতিক ঐক্য ছিল না, ইহারা পরস্পর বিবাদে লিপ্ত থাকিত। সুতরাং কোন বৈদেশিক আক্রমণের বিরুদ্ধে সম্মিলিত প্রতিরোধ গড়িয়া তুলিবার ক্ষমতা ইহাদের ছিল না। তবে এই রাজ্যগুলির মধ্যে তক্ষশিলা, অভিসার ও পুরুর রাজ্য ছিল বিশেষ ক্ষমতাশালী। পূর্ব ভারতের মগধ সাম্রাজ্যও ছিল বেশ শক্তিশালী।

আলেকজাণ্ডার ভারতবর্ষে প্রবেশ করিয়া প্রথমে কয়েকটি পার্বত্য জাতিকে পরাস্ত করেন। খ্রীষ্টপূর্ব ৩২৬ অব্দে তিনি সিন্ধুনদ অতিক্রম করিয়া সসৈন্যে তক্ষশিলায় উপস্থিত হইলেন। তক্ষশিলার রাজা অম্ভি বিনা যুদ্ধে আলেকজাণ্ডারের নিকট আত্মসমর্পণ করিলেন। শুধু তাহাই নহে, তিনি আলেকজাণ্ডারকে সাহায্যের প্রতিশ্রুতিও দিলেন। ঐতিহাসিক ডঃ রমেশচন্দ্র মজুমদার তাই মন্তব্য করিয়াছেন, "ভারতের ইতিহাসে ইহাই হইল দেশদ্রোহিতার সর্বপ্রথম দৃষ্টান্ত।"

সেখান হইতে বিতস্তা অতিক্রম করিবার পর আলেকজাণ্ডার পুরু নামে এক বীর রাজার কাজে বাধা পাইলেন। বিতস্তা ও চন্দ্রভাগা নদী-মধ্যবর্তী উপত্যকা ছিল পুরুর রাজ্য। পুরুর ছিল অসংখ্য হস্তী ও বিরাট পদাতিক বাহিনী। কিন্তু গ্রীক পদাতিক সৈন্যরা অশ্বারোহী সৈন্য দ্বারা সুরক্ষিত ছিল। পুরু অসাধারণ বীরত্বের সহিত আলেকজাণ্ডারকে বাধা দান করিয়াও গ্রীক রণ-কৌশলের নিকট পরাজিত হইলেন। এই যুদ্ধ হিদাসপিসের যুদ্ধ নামে খ্যাত।

বন্দী অবস্থায় পুরুকে আলেকজাণ্ডারের নিকট আনা হইলে গ্রীক সম্রাট জিজ্ঞাসা করিলেন, "তুমি আমার নিকট কিরূপ ব্যবহার প্রত্যাশা কর"? পুরু বীরের ন্যায় উত্তর দিলেন, "আমি রাজা ; তাই রাজার মত ব্যবহার আশা করি।" আলেকজাণ্ডার পুরুর বীরত্বে মুগ্ধ হইয়া তাঁহার সহিত বন্ধুত্ব স্থাপন করিলেন এবং পুরুকে তাঁহার রাজ্য ফিরাইয়া দিলেন।

অনেকে অনুমান করেন যে, হিদাসপিসের যুদ্ধে আলেকজাণ্ডার পুরুকে সম্পূর্ণরূপে পরাজিত করিতে পারেন নাই। তিনি পুরুর সহিত সম্মানজনক সন্ধি করেন এবং তাঁহাকে বন্ধুরূপে গ্রহণ করেন।

ইহার পর আলেকজাণ্ডার পূর্ব দিকে অগ্রসর হইয়া বিপাশা নদীর তীরে উপস্থিত হন। কিন্তু তাঁহার সৈন্যদল ভারতীয়গণের শৌর্য-বীর্যের পরিচয় পাইয়া আর যুদ্ধ করিতে চাহিল না। অগত্যা আলেকজাণ্ডার স্বদেশাভিমুখে প্রত্যাবর্তন করিতে বাধ্য হইলেন। পথে ব্যাবিলন নগরে খ্রীষ্টপূর্ব ৩২৩ অব্দে তাঁহার মৃত্যু হয়।

আলেকজাণ্ডারের মৃত্যুর পর তাঁহার বিশাল সাম্রাজ্য তাঁহার সেনাপতিরা নিজেদের মধ্যে ভাগ করিয়া নেন। সিন্ধুনদ হইতে শুরু করিয়া ভূমধ্যসাগর পর্যন্ত এশিয়ার অংশটি সেলুকাস অধিকার করেন।

**আলেকজাণ্ডারের ভারত আক্রমণের ফলাফল :** আলেকজাণ্ডারের ভারত আক্রমণ ভারতবর্ষের ইতিহাসের একটি উল্লেখযোগ্য ঘটনা। ইহার ফলগুলি প্রত্যক্ষ ও পরোক্ষ দুই শ্রেণীতে বিভক্ত করা যায়।

প্রত্যক্ষ ফল

সিন্ধু ও পাঞ্জাবে গ্রীক অধিকার স্থাপন আলেকজাণ্ডারের ভারত আক্রমণের প্রত্যক্ষ ফল বলা যাইতে পারে।

আলেকজাণ্ডার ভারতবাসীদের উপর নির্মম অত্যাচার করিলেও তাঁহার অভিযানের পরোক্ষ ফল ছিল সুদূর প্রসারী। আলেকজাণ্ডারের ভারত আক্রমণের ফলে ভারতের

উত্তর-পশ্চিম সীমান্তে গড়িয়া উঠে কতকগুলি গ্রীক উপনিবেশ। ইহাতে গ্রীক ও ভারতীয়দের মধ্যে ভাবের আদান-প্রদান সহজসাধ্য হয়, ভারত হইতে ইউরোপে যাতায়াতের নূতন পথ আবিষ্কৃত হওয়ায় গ্রীকদের সহিত ভারতীয়দের বাণিজ্যিক ও সাংস্কৃতিক যোগসূত্র স্থাপিত হয়। ধর্ম, সাহিত্য, শিল্প প্রভৃতি নানা বিষয়ে উভয় দেশের ভাব-বিনিময় ঘটে। গান্ধার-শিল্প, জ্যোতিষশাস্ত্র, মুদ্রা ও প্রতিমা-নির্মাণে যে গ্রীক প্রভাব দেখা যায়, তাহা আলেকজাণ্ডারের ভারত আক্রমণেরই পরোক্ষ ফল।

পরোক্ষ ফল

ইহা ছাড়া, গ্রীক আক্রমণে উত্তর-পশ্চিম ভারতের রাজ্যগুলির শক্তি ও স্বাতন্ত্র্য বিনষ্ট হওয়ায় মৌর্য সম্রাট চন্দ্রগুপ্তের পক্ষে এই সব রাজ্য জয় করিয়া ভারতে একচ্ছত্র সাম্রাজ্য ও রাজনৈতিক ঐক্য স্থাপন সম্ভব হইয়াছিল।

গ্রীকরাও শেষ পর্যন্ত উন্নততর ভারতীয় ধর্ম, সভ্যতা, সংস্কৃতির সংস্পর্শে আসিয়া ভারতীয় সমাজধারার সহিত মিলিয়া মিশিয়া যায়। আফগানিস্তান ও পাঞ্জাবে বসবাসকারী গ্রীকগণ বহু দূরে অবস্থিত গ্রীস ও মূল গ্রীক জাতি হইতে বিচ্ছিন্ন হইয়া কালক্রমে বৈদিক হিন্দু ও বৌদ্ধধর্ম অবলম্বন করে।

অনেক আধুনিক পণ্ডিত মনে করেন যে, ভারতের নাট্য-সাহিত্যের উপরও গ্রীক প্রভাব বিদ্যমান। তাঁহাদের মতে 'যবন' ( গ্রীক ) শব্দ হইতে 'যবনিকা' শব্দের উৎপত্তি হইয়াছে। ভারতীয় নাটক রচনা ও রঙ্গমঞ্চ সজ্জায় গ্রীক প্রভাব লক্ষ্য করা যায়।

**(২) মৌর্য সাম্রাজ্য পতনের পর ইন্দো-গ্রীক, শক ও পহ্লবদের শাসন ঃ** অশোকের মৃত্যুর পর মৌর্য সাম্রাজ্য দ্রুত ধ্বংসের পথে অগ্রসর হইতে থাকে। দশম এবং শেষ মৌর্য সম্রাট বৃহদ্রথকে হত্যা করিয়া তাঁহার সেনাপতি পুষ্যমিত্র শুঙ্গ মগধের সিংহাসনে আরোহণ করেন। এই সময়ে গ্রীকগণ ভারতবর্ষ আক্রমণ করে।

**ইন্দো-গ্রীক ঃ** হিন্দুকুশ পর্বতের উত্তর হইতে অক্সাস নদী ( অক্ষু নদী ) পর্যন্ত অঞ্চলটির নাম ব্যাকট্রিয়া বা বহ্লীক। ব্যাকট্রিয়ায় একটি স্বাধীন গ্রীক রাজ্য প্রতিষ্ঠিত হয়। ব্যাকট্রীয়গণ ইন্দো-গ্রীক বা যবন নামে পরিচিত ছিলেন। সেই সময়ে সিরিয়াতেও অপর একটি স্বাধীন গ্রীক রাজ্য স্থাপিত হইয়াছিল। এই রাজ্যটির অধিপতি ছিলেন সেলুকাসের বংশধর মহাবীর তৃতীয় অ্যাণ্টিওকস্। আনুমানিক ২০৬ খ্রীষ্ট পূর্বাব্দে তিনি কাবুল আক্রমণ করেন এবং ভারতীয় নৃপতি সুভগসেনের নিকট হইতে কতকগুলি হাতি উপহার লইয়া স্বরাজ্যে ফিরিয়া যান। কিন্তু তাঁহার জামাতা বহ্লীক-রাজ ডিমিট্রিয়স সমগ্র আফগানিস্তান, পাঞ্জাব ও সিন্ধুনদের নিম্ন উপত্যকা অঞ্চল করায়ত্ত করেন। তিনি গ্রীক ও খরোষ্ঠি হরফে ছাপা মুদ্রার প্রচলন করেন। ডিমিট্রিয়স যখন ভারতে সাম্রাজ্য-বিস্তারে ব্যাপৃত ছিলেন, তখন তাঁহার নিজ রাজ্যে দেখা দেয় বিদ্রোহ। বিদ্রোহীদের নেতা ছিলেন ইউক্রাইটাইডিস। বিদ্রোহ সাফল্য লাভ করায় ব্যাকট্রিয়া-রাজ্য তাঁহার অধিকারভুক্ত হয় এবং ক্রমশঃ দক্ষিণদিকে তিনি রাজ্যবিস্তার করিতে থাকেন। সেই সময়ে হইতেই এই দুই গ্রীক রাজবংশের কয়েকজন রাজা অক্সাস নদী হইতে পাঞ্জাব পর্যন্ত এই বিশাল ভূখণ্ড শাসন করিতে থাকেন।

ডিমিট্রিয়সের বংশধরেরা শাসন করিতে থাকেন ঝিলাম নদীর পূর্ব-তীরে অবস্থিত ভূভাগ এবং ইউক্রাইটাইডিসের বংশধরেরা শাসন করিতে থাকেন ঝিলাম নদীর পশ্চিম তীর হইতে সমগ্র আফগানিস্তান পর্যন্ত সুবিস্তীর্ণ ভূখণ্ড। এই গ্রীক রাজ্য দুইটি প্রায় একশত বৎসর বর্তমান ছিল।

মিনান্দার

যে-সব গ্রীক রাজা ভারতের উত্তর-পশ্চিম সীমান্ত আক্রমণ করিয়াছিলেন তাঁহাদের মধ্যে সর্বাপেক্ষা উল্লেখযোগ্য হইলেন মিনান্দার বা মিলিন্দ। তাঁহার রাজ্যসীমা খুব সম্ভবতঃ কাবুল হইতে মথুরা পর্যন্ত বিস্তৃত ছিল। প্লুটার্ক তাঁহাকে বহু নগরীর অধিপতি বলিয়া অভিহিত করিয়াছিলেন। কথিত আছে, বিখ্যাত বৌদ্ধ ভিক্ষু নাগসেনের নিকট তর্ক-যুদ্ধে পরাজিত হইয়া তিনি বৌদ্ধধর্ম গ্রহণ করেন। 'মিলিন্দ-পঞ্‌হো' বা 'মিলিন্দের প্রশ্ন' নামক সুপ্রসিদ্ধ বৌদ্ধগ্রন্থে তাঁহার নাম অমর হইয়া আছে। এই সময়ে বিভিন্ন বংশীয় গ্রীক রাজাদের মধ্যে আত্ম-কলহের সুযোগ লইয়া শক, পহ্লব বা পার্থিয়ান প্রভৃতি দুর্ধর্ষ জাতি গ্রীক-অধিকৃত রাজ্যগুলিতে হানা দেয়। এইসব আক্রমণকারীর নিকট পর্যুদস্ত ও পরাভূত হওয়ায় ভারতের বুক হইতে গ্রীকশক্তি নিশ্চিহ্ন হইয়া যায়। পরবর্তীকালে ভারতে বসবাসকারী গ্রীকরা ভারতীয় সমাজের অংগীভূত হয়।

**শক ঃ** শক জাতি বাস করিত মধ্য এশিয়ার অক্সাস নদীর উত্তরে। ইউচি বা কুষাণ জাতি কর্তৃক বিতাড়িত হইয়া তাহারা উত্তর-পশ্চিম ভারতে কয়েকটি রাজ্যস্থাপন করে। ভারতে অনুপ্রবেশকারী শকদের মধ্যে বিশেষ পরাক্রমশালী ছিলেন মোগ বা রাজরাজ। তিনি গ্রীকদের যুদ্ধে পরাজিত করিয়া পুষ্কলাবতী ও তক্ষশিলা নগরী জয় করেন। সে-যুগে তক্ষশিলা, মথুরা, উজ্জয়িনী ও ভৃগুকচ্ছ ছিল শক রাজাদের প্রধান কর্মকেন্দ্র। শক রাজারা ক্ষত্রপ, মহা-ক্ষত্রপ প্রভৃতি উপাধি গ্রহণ করিতেন। উজ্জয়িনীর মহা-ক্ষত্রপদের মধ্যে শ্রেষ্ঠ ছিলেন রুদ্রদামন। ভৃগুকচ্ছের ক্ষত্রপদের মধ্যে সর্বাপেক্ষা প্রসিদ্ধি অর্জন করেন নহপান। তিনি মহারাষ্ট্রের একাংশে নিজ আধিপত্য অর্জন করেন। শক শক্তির বিরুদ্ধে মহারাষ্ট্রের সাতবাহন রাজগণ দীর্ঘকাল সংগ্রাম চালাইয়াছিলেন।

**পহ্লব ঃ** শক রাজাদের পরে পহ্লবগণ পারস্যদেশ হইতে আগমন করিয়া উত্তর-পশ্চিম ভারতে আধিপত্য বিস্তার করেন। পহ্লব রাজাদের মধ্যে গণ্ডোফারনিস সর্বাধিক খ্যাতি অর্জন করেন। কাবুল, কান্দাহার ও পেশোয়ার তাঁহার শাসনাধীন ছিল। তিনি ছিলেন ভারতীয় সংস্কৃতির একান্ত অনুরাগী। কথিত আছে, তাঁহার রাজত্বকালে খ্রীষ্টধর্মের প্রবর্তক যীশুখ্রীষ্টের দ্বাদশ শিষ্যদের অন্যতম সেন্ট টমাস ভারতে খ্রীষ্টধর্ম প্রচার করিতে আসেন। পরবর্তীকালে কুষাণ-আক্রমণে ভারতে পহ্লব শক্তি ধ্বংস হয়।

**(৩) সামাজিক এবং অর্থনৈতিক অবস্থা—মৌর্য শিল্পকলা ঃ**

**সামাজিক অবস্থা ঃ** কৌটিল্য বলিয়াছেন যে মৌর্যযুগে ভারতের সামাজিক প্রতিষ্ঠানের

ভিত্তি ছিল গ্রাম, সমাজের ভিত্তি ছিল পরিবার। তাঁহার মতে রাজা প্রজাগণকে পুত্রের ন্যায় স্নেহ করিতেন। অনাথ, অসহায় ও দুঃখী ব্যক্তির ভরণপোষণের দায়িত্ব ছিল রাজার। সেতু, জলাশয়, পুণ্যস্থান প্রভৃতি প্রতিষ্ঠা করা রাজার কর্তব্য বলিয়া গণ্য হইত। গ্রামের নিরাপত্তা-ব্যবস্থা ছিল কঠোর। অপরাধী ব্যক্তিকে কঠোর দণ্ড ভোগ করিতে হইত।

সামাজিক ভিত্তি

সামাজিক অবস্থা বর্ণনা করিতে গিয়া মেগাস্থিনিস ভারতবাসীদিগকে বৃত্তি অনুসারে সাতটি শ্রেণীতে বিভক্ত করিয়াছেন—যথা, দার্শনিক, কৃষক, পশুপালক, শিল্পী, সৈনিক, পরিদর্শক ও অমাত্য। ভারতের ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র এই চারিবর্ণ সম্পর্কে তিনি কিছুই বলেন নাই। সম্ভবতঃ বৌদ্ধধর্মের ব্যাপক প্রচারের ফলেই জাতিভেদ প্রথার কঠোরতা হ্রাস পাইয়াছিল।

শ্রেণীবিভাগ

মেগাস্থিনিস বলিয়াছেন যে সমাজে নারীর স্থান ছিল উচ্চ। সেই সময়ে অনেক বিদুষী নারীর উল্লেখ পাওয়া যায়। রাজপুরুষ ও অভিজাতগণের মধ্যে একাধিক বিবাহের প্রচলন ছিল। ধর্মীয় অনুষ্ঠানে স্বামীর সহিত বিবাহিত নারীগণও যোগদান করিত।

নারীর স্থান

মেগাস্থিনিস উল্লেখ করিয়াছেন যে মৌর্যযুগে দাসত্ব-প্রথার প্রচলন ছিল না। ইহা সত্য নহে। ভারতীয় সমাজে দাসগণের প্রতি উদার ও সদয় ব্যবহার দেখিয়া সম্ভবতঃ মেগাস্থিনিস এইরূপ অনুমান করিয়াছিলেন।

দাসত্বপ্রথা

তাঁহার মতে ভারতীয়গণ সৎ ও সরল জীবনযাপন করিত। তাহারা বিশ্বাসী, মিতব্যয়ী ও সত্যবাদী ছিল। মেগাস্থিনিস ভারতীয়দের সত্যবাদিতার ভূয়সী প্রশংসা করিয়াছেন। আহার সম্বন্ধেও ভারতবাসীরা মিতাচারী ছিল। যজ্ঞের সময় ছাড়া তাহারা কখনও মদ্যপান করিত না। তবে পোশাক-পরিচ্ছদ ও বেশভূষার জন্যে তাহারা মুক্ত হস্তে ব্যয় করিত। মসলিন ও সৌখীন পোশাক-পরিচ্ছদ মানুষ পছন্দ করিত। নারীরা নানা অলংকার ব্যবহার করিত। চুরি, প্রতারণা, মামলা-মোকদ্দমা প্রভৃতি ভারতীয় সমাজে ছিল না বলিলেই চলে। ভারতীয়গণ সুখে শান্তিতে বাস করিত। জনসাধারণ অনেক ধর্মীয় ও সামাজিক অনুষ্ঠানে যোগদান করিত।

ভারতীয়গণের চারিত্রিক গুণ

খাদ্য ও পোশাক পরিচ্ছদ

মৌর্যযুগের পর গ্রীক, শক, পহ্লব ও কুষাণ প্রভৃতি বৈদেশিক জাতিগুলি ভারতে আগমনের ফলে এদেশের সমাজ জীবন উদ্বেলিত হয় নানারূপ সুদূর প্রসারী পরিবর্তনের স্পন্দনে। কালক্রমে তাহারা হিন্দুসমাজের সহিত মিশিয়া যায়। তাহারা হিন্দুধর্মের আচার-ব্যবহার, রীতি-নীতি, ভাষা ও বিবাহ পদ্ধতি গ্রহণ করে। এই সময়েই সাতবাহন রাজবংশের সহিত শক-ক্ষত্রপদের বৈবাহিক সম্পর্ক স্থাপিত হয়। এইযুগে বৈদেশিকদের আগমণের ফলে সমাজ ব্যবস্থায়ও জটিলতা বৃদ্ধি

ভারতীয় সমাজে বৈদেশিকগণের প্রবেশ

পায় এবং ভারতীয়গণ পূর্বাপেক্ষা রক্ষণশীল হইয়া পড়ে। এই সময়ে নারীদের সামাজিক মর্যাদা হ্রাস পায়। ফলে স্ত্রী-স্বাধীনতাও বিশেষভাবে ক্ষুণ্ণ হয়।

**অর্থনৈতিক অবস্থা :** মৌর্য ও মৌর্যোত্তর যুগে ভারতের কৃষি, শিল্প ও বাণিজ্যের যথেষ্ট উন্নতি হইয়াছিল। মেগাস্থিনিসের বিবরণ হইতে জানা যায়, জনসাধারণের প্রধান উপজীবিকা ছিল কৃষি। সমাজে কৃষকদের সমাদর ছিল। চন্দ্রগুপ্ত মৌর্যের আমলে শস্যের এক-চতুর্থাংশ রাজস্ব দিতে হইত। ভূমিতে জলসেচের সুবন্দোবস্ত ছিল। কৌটিল্যের মতে উৎপন্ন শস্যের এক-পঞ্চমাংশ 'জলসেচ কর' হিসাবে ধার্য হইত। শস্যের প্রাচুর্যে ভারতবর্ষ সমৃদ্ধ ছিল। যুদ্ধের সময়ও কৃষকরা নির্বিঘ্নে চাষ করিতে পারিত।

কৃষি

এই সময়ে শিল্প ও ব্যবসা-বাণিজ্যেরও বিশেষ উন্নতি হইয়াছিল। কৌটিল্য উল্লেখ করিয়াছেন যে, নগরের শিল্প সংস্থাগুলি হইতে কর আদায় করা হইত। ব্যবসা-বাণিজ্যের সম্প্রসারণের ফলে উৎপাদন ও বিক্রয়-নিয়ন্ত্রণ ব্যবস্থার প্রয়োজন দেখা দিয়াছিল। বৌদ্ধগ্রন্থ হইতে জানা যায় শ্রেষ্ঠী ও শিল্পীদের নিজস্ব সংগঠন ছিল। এই সংগঠনগুলি 'সংঘ' ও 'শ্রেণী' নামে পরিচিত ছিল। ইহাদের পরিচালনার জন্য এক একজন অধ্যক্ষ থাকিতেন। তাঁহাদের বলা হইত 'প্রমুখ' এবং 'জ্যেষ্ঠ'।

শিল্প ও ব্যবসা-বাণিজ্য

অর্থনৈতিক ক্ষেত্রে মৌর্যোত্তর যুগের প্রধান বৈশিষ্ট্য হইল বৈদেশিক বাণিজ্যের সম্প্রসারণ এবং বণিক-গোষ্ঠীর অসাধারণ শ্রীবৃদ্ধিলাভ। এই সময়ে বহির্বিশ্বের সঙ্গে ভারতবর্ষের বাণিজ্যিক যোগাযোগ ঘটে। 'মিলিন্দ পঞ্চহো'তে উল্লেখ আছে যে চীনের সঙ্গে সমুদ্রপথে ভারতের বাণিজ্যিক যোগাযোগ ছিল। কৌটিল্যও বলিয়াছেন, ভারতে চীনদেশ হইতে রেশম আমদানি করা হইত। রোমের সহিতও তখন ভারতের বাণিজ্য চলিত। ভারতের বণিকগণ রোমে মসলা, সুগন্ধি দ্রব্য, হাতীর দাঁত, মূল্যবান পাথর, মণিমুক্তা, মসলিন বস্ত্র ইত্যাদি দ্রব্য-সামগ্রী রপ্তানি করিত। ঐতিহাসিক প্লিনী খেদোক্তি করিয়াছেন, "ভারতের বণিক সম্প্রদায় আমাদের বিলাসদ্রব্যের চাহিদা মিটাইয়া প্রতি বৎসর সহস্র সহস্র মুদ্রা লুটিয়া লইয়া যায়।" জনৈক গ্রীক নাবিক রচিত 'পেরিপ্লাস অব দি ইরিথিয়ান সী' নামক গ্রন্থে সমসাময়িক ভারতের বন্দর সমূহের সমৃদ্ধির পরিচয় পাওয়া যায়। এই বন্দরগুলির মাধ্যমে মিশর এবং পারস্য উপসাগরের উপকূলবর্তী অঞ্চলের সহিত ভারতের বাণিজ্য চলিত। মিশরের আলেকজান্দ্রিয়া ও মেসোপটেমিয়া হইয়া ভারতের পণ্যসম্ভার ইউরোপের বাজারে পৌঁছাইত। খ্রীষ্টীয় প্রথম ও দ্বিতীয় শতাব্দীতে দক্ষিণ-পূর্ব এশিয়ার সুমাত্রা, জাভা, বোর্নিও বলিদ্বীপ, ইন্দোচীন, কাম্বোডিয়া প্রভৃতি রাজ্যের সঙ্গে ভারতের বাণিজ্যিক যোগসূত্র স্থাপিত হয়। বাণিজ্যিক যোগাযোগের ফলে দক্ষিণ-পূর্ব এশিয়ার বহুস্থানে ভারতীয় উপনিবেশ গড়িয়া উঠে।

বহির্বিশ্বের সহিত বাণিজ্যিক যোগাযোগ

**মৌর্য শিল্পকলা ঃ** মৌর্যযুগে শিল্পকলা ও স্থাপত্যের খুব উন্নতি হইয়াছিল। মেগাস্থিনিসের বিবরণে মৌর্যপ্রাসাদের যে বর্ণনা পাওয়া যায় তাহা হইতে মৌর্যযুগের শিল্পোন্নতির কথা জানা যায়। গ্রীকদূত মন্তব্য করিয়াছেন যে মৌর্যসম্রাটের প্রাসাদ পারস্য সম্রাটের প্রাসাদের তুলনায় শতগুণে বেশী সুন্দর ছিল। পরবর্তীকালে চৈনিক পরিব্রাজক ফা-হিয়েনের বিবরণেও মৌর্যরাজপ্রাসাদের শিল্প নিপুণতার উল্লেখ আছে। সম্রাট অশোকের রাজত্বকাল ভারতীয় স্থাপত্য ও ভাস্কর্যের গৌরবময় যুগ। অশোক তাঁহার পিতামহ চন্দ্রগুপ্ত-নির্মিত কাষ্ঠ-প্রাসাদের পরিবর্তে নির্মাণ করেন একটি প্রস্তরময় প্রাসাদ।

স্থাপত্য ও ভাস্কর্য

ফা-হিয়েন সম্রাট অশোকের রাজপ্রাসাদের বিশালতা ও শিল্প নিপুণতা দেখিয়া এত মুগ্ধ হইয়াছিলেন যে তিনি মন্তব্য করিয়াছিলেন, ইহা কখনও মানুষের দ্বারা নির্মিত হইতে পারে না।

অশোকের রাজপ্রাসাদ

উভয়েই রাজধানী পাটলিপুত্রের সমৃদ্ধির কথা বলিয়াছেন। মেগাস্থিনিস বলিয়াছেন যে রাজধানী পাটলিপুত্র দৈর্ঘ্যে দশ মাইল ও প্রস্থে দুই মাইল ব্যাপি বিস্তৃত ছিল। পাটলিপুত্র ছিল সে যুগের সর্বশ্রেষ্ঠ নগর। নগরের আকার ছিল সমান্তরাল ক্ষেত্রের ন্যায় ও চারিদিকে পরিখাবেষ্টিত। পরিখার বিস্তার ছিল ৬০০ ফুট ও গভীরতা ছিল ৩০ হাত। নগরটি চারিদিকে কাঠের প্রাচীর দিয়া বেষ্টিত ছিল। তাহাতে ৫৭০টি স্তম্ভ এবং ৬৪টি তোরণ ছিল। রাজপ্রাসাদের সম্মুখে পত্র-পুষ্প শোভিত উদ্যান ছিল। উদ্যানস্থিত জলাশয়ে নানা-বর্ণের মৎস্য ক্রীড়া করিত।

পাটলিপুত্র

অশোকের আদেশে সাম্রাজ্যের নানা স্থানে নির্মিত হয় অগণিত স্তূপ, শিলাস্তম্ভ ও গুহাবাস। কথিত আছে, অশোক প্রায় আশি হাজার স্তূপ নির্মাণ করেন। দিল্লী, প্রয়াগ, সারনাথ, লুম্বিনী, সাঁচী, নন্দনগড় প্রভৃতিস্থানে অশোক-নির্মিত বহু স্তুপ ও শিলাস্তম্ভ আবিষ্কৃত হইয়াছে। অশোকের শিলাস্তম্ভগুলি এত সুন্দর, এত মসৃণ এবং স্তম্ভশীর্ষে ক্ষোদিত পশুমূর্তিগুলি এত জীবন্ত যে, নিঃসন্দেহে সেগুলি মৌর্য ভাস্কর্যের ও মৌর্য স্থাপত্যরীতির অবিস্মরণীয় নিদর্শন। সারনাথের সিংহস্তম্ভটি গৃহীত হইয়াছে স্বাধীন ভারতের রাষ্ট্রীয় প্রতীকরূপে।

স্তূপ, শীলাস্তম্ভ

## (৬) কুষাণ সাম্রাজ্য

মৌর্য সম্রাটদের প্রধান কৃতিত্ব ছিল উত্তর ও উত্তর-পশ্চিম ভারতকে একসূত্রে গ্রথিত করিয়া এই অঞ্চলটির রাজনৈতিক ঐক্যসাধন। কিন্তু অশোকের মৃত্যুর কিছুদিন পরেই ভারতের রাজনৈতিক ঐক্য বিনষ্ট হয়। ফলে ভারতবর্ষ বারবার ব্যাকট্রীয়, গ্রীক, পার্থিয়ান, শক এবং কুষাণদের মত বিদেশীদের দ্বারা আক্রান্ত হয়। কুষাণরা

ছিল উত্তর-পশ্চিম চীনের ইউ-চি নামে একটি যাযাবর জাতির শাখা। ১৬৫ খ্রীষ্টপূর্বাব্দে হূণদের দ্বারা বিতাড়িত হইয়া তাহারা পশ্চিমদিকে যাত্রা শুরু করে। কুজুল কদ্‌ফিসের নেতৃত্বে কুষাণরা কাবুল ও কাশ্মীরে গ্রীকশাসনের অবসান ঘটাইয়া ভারতবর্ষ অভিযানের পথ প্রস্তুত করে। কুজুল কদ্‌ফিসের উত্তরাধিকারী বিম-কদ্‌ফিস ভারতবর্ষের বারাণসী পর্যন্ত কুষাণ অধিকার বিস্তার করেন।

**কণিষ্ক** ঃ—বিম কদ্‌ফিসের উত্তরাধিকারী কণিষ্ক ছিলেন কুষাণ বংশের সর্বশ্রেষ্ঠ কীর্তিমান রাজা। কণিষ্কের রাজত্বকাল লইয়া ঐতিহাসিকদের মধ্যে মতভেদ আছে।

রাজত্বকাল

কোন কোন ঐতিহাসিকের মতে ৭৮ খ্রীষ্টাব্দ হইতে যে শকাব্দ গণনা করা হয়, কণিষ্কই তাহার প্রবর্তক। আবার কেহ কেহ বলেন যে তাঁহার রাজত্বকাল আনুমানিক ১২৫—১৫০ খ্রীঃ পর্যন্ত।

কণিষ্ক বাহুবলে বহুদেশ জয় করিয়া এক বিশাল সাম্রাজ্য প্রতিষ্ঠা করেন। ভারতে পাঞ্জাব, কাশ্মীর (গান্ধার), সিন্ধু, রাজপুতনা, মালব, কাথিয়াওয়াড়

রাজ্যবিস্তার ও সীমা

অঞ্চল এবং বারাণসী পর্যন্ত উত্তরপ্রদেশ তাঁহার সাম্রাজ্যভুক্ত হইয়াছিল। বহু শক ক্ষত্রপ এবং মহাক্ষত্রপগণ তাঁহার অধীনতা স্বীকার করিতে বাধ্য হইয়াছিলেন। বৌদ্ধ-পুরাণে উল্লেখ আছে যে তিনি সকেতা এবং পাটলিপুত্রেও তাঁহার প্রভাব বিস্তার করিয়াছিলেন। বিহার এবং বঙ্গদেশে কণিষ্কের মুদ্রা পাওয়া গিয়াছে। ভারতের বাহিরে আফগানিস্তান কাশগড়, খোটান এবং ইয়ারখন্দ তাঁহার সাম্রাজ্যের অন্তর্ভুক্ত ছিল। পেশোয়ার বা পুরুষপুর ছিল তাঁহার রাজধানী।



কণিষ্ক

সম্রাট অশোকের ন্যায় তিনিও বৌদ্ধ ধর্মের একনিষ্ঠ পৃষ্ঠপোষক ছিলেন। রাজধানী পুরুষপুরে তিনি একটি বিশাল চৈত্য নির্মাণ করেন। তাঁহার সময়ে বৌদ্ধগণ হীনযান ও মহাযান—এই দুই সম্প্রদায়ে বিভক্ত হইয়া পড়েন। হীনযানগণ

বৌদ্ধধর্মের পৃষ্ঠপোষকতা

বুদ্ধের মূর্তি পূজা করিতেন না। কিন্তু মহাযানগণ মূর্তিপূজায় বিশ্বাসী ছিলেন। দুই সম্প্রদায়ের মধ্যে মতবিরোধ দূর করিবার জন্য কণিষ্ক গান্ধারে চতুর্থ বা শেষ বৌদ্ধ সংগীতি আহ্বান করেন। পণ্ডিত বসুমিত্র এবং অশ্বঘোষ এই সভা পরিচালনা করিয়াছিলেন। এই সভায় মহাযান ধর্মমত গৃহীত হইয়াছিল। নিজে বৌদ্ধধর্মাবলম্বী হইলেও অন্য ধর্মমতের প্রতি তিনি শ্রদ্ধাশীল ছিলেন।

কনিষ্ক সাহিত্য ও শিল্পের একজন অনুরাগী ছিলেন। তিনি বিদ্বানদের সমাদর করিতেন। অশ্বঘোষ, নাগার্জুন, বসুমিত্র ও চরক প্রমুখ মনীষীগণ তাঁহার রাজসভা অলংকৃত করিয়াছিলেন। অশ্বঘোষ একাধারে কবি, দার্শনিক ও নাট্যকার ছিলেন। চরক তাঁহার বিখ্যাত গ্রন্থ চরক-সংহিতা প্রণয়ন করেন। কনিষ্কের সময় স্থাপত্য ও ভাস্কর্যের যথেষ্ট উন্নতি হইয়াছিল। তিনি বহু অট্টালিকা নির্মাণ করাইয়া মথুরা নগরকে সুন্দর করিয়া তোলেন। এখানে তাঁহার একটি ভগ্ন মূর্তি পাওয়া গিয়াছে। তাঁহার রাজত্বকালে গান্ধারশিল্প নামে এক নতুন শিল্পরীতির উদ্ভব হয়। খ্রীষ্টপূর্ব প্রথম শতক হইতে ছয়শত খ্রীষ্টাব্দের মধ্যে গান্ধার ও পাঞ্জাবে এই শিল্পধারার উত্থান ঘটে এবং পরবর্তীকালে ইহার প্রভাব ভারতীয় শিল্পকলার উপর পড়ে। ইহার পৃথক চরিত্র বজায় থাকে নাই এবং ভারতীয় শিল্পধারার বেগবান স্রোতে ইহা মিশিয়া গিয়াছিল। বৈদেশিক অভিযানের সময় হইতেই এই অঞ্চলগুলি বিদেশী চিন্তাভাবনার সংস্পর্শে আসিয়াছিল এবং তাহারই ফলে শক এবং কুষাণদের আনুকূল্যে এই শিল্পরীতির উদ্ভব হয়। গান্ধার-শিল্পীগণ গ্রীকদেবতার আদতে মূর্তি নির্মাণ করিলেও অংগসজ্জায় ভারতীয় বৈশিষ্ট্য সুস্পষ্টভাবে ফুটিয়া থাকিত। দেবদেবীর মূর্তি রচনায় গ্রীক-ভাস্কর্যের প্রভাব গান্ধার-শিল্পের বৈশিষ্ট্য।

শিল্প ও সংস্কৃত

গান্ধার শিল্প

কণিষ্কের মৃত্যুর পরেই কুষাণ সাম্রাজ্যের পতন আরম্ভ হয়। তাঁহার পরবর্তী কুষাণরাজগণের মধ্যে বাসিষ্ক, হুবিষ্ক, বাসুদেব প্রভৃতির নাম উল্লেখযোগ্য। তাঁহাদের কোন বিস্তৃত বিবরণ জানা যায় না।

পরবর্তী কুষাণগণ

**মধ্য এশিয়ার সহিত ভারতের যোগাযোগ:**—প্রাচীনকাল হইতেই মধ্য-এশিয়ার দেশগুলির সহিত ভারতের বাণিজ্যিক ও সাংস্কৃতিক যোগাযোগ ছিল। কুষাণ সম্রাট কণিষ্ক মধ্য এশিয়া পর্যন্ত সাম্রাজ্য বিস্তার করিয়াছিলেন। ফলে এই অঞ্চলে ভারতীয় সংস্কৃতির প্রভাব বৃদ্ধি পায়। মধ্য-এশিয়ায় খোটান, কুচা, তুরফান, কাশগড় প্রভৃতি অঞ্চলে সে যুগে ভারতীয় উপনিবেশ গড়িয়া উঠিয়াছিল। ইহার ফলে মধ্য এশিয়ার সহিত ভারতের সাংস্কৃতিক ও বাণিজ্যিক যোগসূত্র স্থাপিত হয়।

**ভারতের ইতিহাসে কুষাণযুগের সাংস্কৃতিক গুরুত্ব:** সংস্কৃতির ক্ষেত্রে ভারত ইতিহাসে কুষাণদের অবদান অপরিসীম। পূর্বেই উল্লেখ করা হইয়াছে যে কুষাণ যুগে সাহিত্য ও শিল্পের চরম বিকাশ ঘটে। নাগার্জুনের 'মাধ্যমিক সূত্র', অশ্বঘোষের 'বুদ্ধচরিত', গুণাঢ্যের 'বৃহৎকথা' চরকের 'আয়ুর্বেদ সংহিতা' এ-যুগের অসাধারণ কীর্তি। সম্রাট কণিষ্কের রাজসভা ছিল জ্ঞান-বিজ্ঞান চর্চার এক পীঠস্থান। তাঁহার সময়ে ভারতীয় শিল্প-রীতিরও যথেষ্ট উন্নতি হয়। গান্ধার শিল্প ছিল ভারতীয় ও গ্রীক-রোমান ভাস্কর্যের এক অপূর্ব সংমিশ্রণ।

এই যুগেই ভারতীয় ধর্ম (বৌদ্ধধর্ম) ও সংস্কৃতি মধ্য-এশিয়ায় বিস্তারলাভ করে। স্যার অরেলস্টাইনের প্রত্নতাত্ত্বিক আবিষ্কারের ফলে মধ্য-এশিয়ায় ভারতীয় ধর্ম ও সংস্কৃতির অনেক নিদর্শন আবিষ্কৃত হইয়াছে। খোটানে এবং অন্যান্য স্থানে বালুকারাশির নীচে বহু হিন্দু দেব-দেবী ও বুদ্ধমূর্তি এবং হিন্দু ও বৌদ্ধ মন্দির ও মঠ আবিষ্কৃত হইয়াছে। এই সকল মন্দির ও মঠগুলির গাত্রে যে সকল চিত্র অঙ্কিত আছে তাহাতে অজন্তার শিল্পরীতির প্রভাব লক্ষ্য করা যায়। এখানে প্রাপ্ত ভাস্কর্যের নিদর্শনগুলিতেও গান্ধার ও সারনাথের শিল্পরীতির প্রভাব ফুটিয়া উঠিয়াছে। ভারতীয় ভাষায় ও অক্ষরে লিখিত বহু প্রাচীন গ্রন্থের পাণ্ডুলিপি এই অঞ্চলে আবিষ্কৃত হইয়াছে। মধ্য-এশিয়ায় খননকার্যের সময় স্যার অরেলস্টাইন যখন ধ্বংসাবশেষের মধ্য দিয়া চলিতেছিলেন, তখন তাঁহার মনে হইতেছিল তিনি যেন প্রাচীন ভারতের কোন নগরের ভিতর দিয়া যাইতেছেন।

মধ্য-এশিয়ার পথ ধরিয়া পরবর্তীকালে হিউ-এন-সাঙ যখন ভারতবর্ষে আগমন করিয়াছিলেন এবং সেই পথেই নিজের দেশে ফিরিয়া যাইতেছিলেন, তখন তিনি সেই অঞ্চলে বৌদ্ধধর্মের প্রাধান্য লক্ষ্য করিয়াছিলেন। মধ্য-এশিয়ার পথ ধরিয়াই বৌদ্ধ-ধর্ম-প্রচারকগণ চীনে গমন করিয়াছিলেন। কুষাণ যুগেই চীন সম্রাটের আমন্ত্রণে বৌদ্ধ পণ্ডিত কাশ্যপ, মাতঙ্গ ও ধর্মরত্ন চীনে গমন করিয়া বৌদ্ধগ্রন্থাদি চীনা ভাষায় অনুবাদ করিয়াছিলেন। ক্রমে সেখান হইতে ভারতীয় ধর্ম ও সংস্কৃতি কোরিয়া, জাপান প্রভৃতি দেশে বিস্তার লাভ করে।

## (চ) সাতবাহন সাম্রাজ্য

**(১) ইহার বিস্তৃতি :** পুরাণে সাতবাহন বংশ অন্ধ্র নামে পরিচিত ছিল। গোদাবরী ও কৃষ্ণা নদীর মধ্যবর্তী অংশ ছিল সাতবাহনদের বাসভূমি। আধুনিক ঐতিহাসিকগণ ইহাদের অন্ধ্রবংশসম্ভূত বলিয়া স্বীকার করেন না। ইহারা সম্ভবতঃ ব্রাহ্মণ ছিলেন। কালক্রমে ইহাদের সহিত নাগাদের সংমিশ্রণ ঘটিয়াছে। তবে শিলালিপিতে ইহাদের সাতবাহন বলিয়া অভিহিত করা হইয়াছে।

সাতবাহন বংশের অভ্যুদয় ও বিস্তার

মৌর্য সাম্রাজ্যের পতনের পর মধ্য ও দক্ষিণ ভারতে সাতবাহন বংশ বেশ ক্ষমতাশালী হইয়া উঠে। সাতবাহনদের রাজত্বকাল সম্বন্ধে ঐতিহাসিকগণ বিভিন্ন মত পোষণ করেন। সম্ভবতঃ খ্রীষ্টপূর্ব প্রথম শতাব্দীতে সাতবাহন সাম্রাজ্যের অভ্যুদয় হইয়াছিল। পুরাণের তথ্য অনুযায়ী সিমুক ছিলেন এই বংশের প্রথম রাজা। তিনি কাণ্ববংশের শেষ নৃপতি সুশর্মণকে হত্যা করিয়া এবং শুঙ্গবংশের বিনাশ সাধন করিয়া সাতবাহন বংশ প্রতিষ্ঠা করেন। কৃষ্ণা নদীর তীরে ধান্যকটক তাঁহার রাজধানী ছিল। তাঁহার পর তাঁহার ভ্রাতা কৃষ্ণ সিংহাসনে আরোহন করেন। কৃষ্ণের পর রাজা হন সিমুকের পুত্র সাতকর্ণি। তিনি রাজ্য বিস্তার করিয়া সাতবাহন বংশের গৌরব ও শক্তি বৃদ্ধি করিয়াছিলেন। তিনি পূর্ব মালব অধিকার করিয়া অশ্বমেধ

যজ্ঞের অনুষ্ঠান করেন। গোদাবরী নদীর তীরে পৈথান ছিল তাঁহার রাজধানী। সাতকর্ণির মৃত্যুর পর সাতবাহন সাম্রাজ্যের কিয়দংশ শকগণ কর্তৃক অধিকৃত হয়।

(২) **গৌতমীপুত্র সাতকর্ণির কৃতিত্ব ঃ** প্রায় এক শতাব্দী পরে গৌতমীপুত্র সাতকর্ণির রাজত্বকালে সাতবাহনদের আধিপত্য পুনঃ প্রতিষ্ঠিত হয়। তিনি ছিলেন এই বংশের সর্বশ্রেষ্ঠ রাজা তাঁহার মাতার নাম গৌতমী বলশ্রী। তিনি মাতৃনামেই পরিচিত ছিলেন। আধুনিক ঐতিহাসিকগণের মতে তিনি ১০৬ খ্রীষ্টাব্দ হইতে ১৩০ খ্রীষ্টাব্দ পর্যন্ত রাজত্ব করিয়াছিলেন।

রাজত্বকাল

এই সময়ে উত্তর ও উত্তর-পশ্চিম ভারতে তক্ষশিলা, মথুরা, উজ্জয়িনী প্রভৃতি স্থানে শকদের ছোট ছোট রাজ্য গড়িয়া উঠে। পশ্চিম ভারতে তখন শক নরপতি নহপান অত্যন্ত পরাক্রমশালী ছিলেন। সাতবাহন বংশের এক শিলালিপি হইতে জানা যায় যে গৌতমীপুত্র সাতকর্ণি শক, যবন ( গ্রীক ) ও পহ্লবগণকে পরাজিত করিয়া এই বংশকে পুনরুজ্জীবিত করিয়া তুলিয়াছিলেন। তাঁহার আমলেই সাতবাহন বংশের গৌরব ও শক্তি বহুগুণ বৃদ্ধি পাইয়াছিল। প্রবল পরাক্রমশালী শকনেতা নহপানকে পরাজিত করিয়া তিনি নিজের শক্তির পরিচয় দিয়াছিলেন। মহারাষ্ট্র, সৌরাষ্ট্র, উত্তর কঙ্কন, বেরার ও মালব তাঁহার সাম্রাজ্যভুক্ত হইয়াছিল।

রাজ্যজয়

শক আক্রমণ প্রতিরোধ

নাসিক-লিপিতে গৌতমীপুত্র সাতকর্ণিকে একজন সমাজ-সংস্কারক রূপে বর্ণনা করা হইয়াছে। তিনি ক্ষত্রিয়দের দর্প চূর্ণ করিয়া ব্রাহ্মণদের আধিপত্য প্রতিষ্ঠা করিয়াছিলেন। তাহা ছাড়া তিনি নিম্নশ্রেণীর জনসাধারণের সামাজিক অবস্থার উন্নতি সাধন করিয়াছিলেন। বিভিন্ন জাতির মধ্যে সংমিশ্রণ তিনি বন্ধ করিয়া দিয়াছিলেন।

সমাজ-সংস্কার

সাতবাহন বংশের শেষ পরাক্রান্ত রাজা ছিলেন যজ্ঞশ্রী সাতকর্ণি। তাঁহার মৃত্যুর পর সাতবাহন বংশের পতন শুরু হয়। ইক্ষ্বাকু ও পহ্লবগণের আক্রমণে সাতবাহন সাম্রাজ্যের বিলুপ্তি ঘটে।

## (ছ) গুপ্ত সাম্রাজ্য

কুষাণ সাম্রাজ্যের পতনের পর প্রায় একশত বৎসর ধরিয়া ভারতে কোন সার্বভৌম শক্তির অভ্যুদয় ঘটে নাই। ইহার ফলে ভারতের রাজনৈতিক ঐক্য বিনষ্ট হইয়াছিল। খ্রীষ্টীয় চতুর্থ শতাব্দীতে মগধের গুপ্তরাজগণ একটি বিশাল সাম্রাজ্য গঠন করিলে উত্তর ভারতে পুনরায় রাজনৈতিক ঐক্য স্থাপিত হয়।

(১) **গুপ্ত বংশ ঃ** গুপ্ত বংশের উৎপত্তি সম্বন্ধে সঠিক কিছু জানা যায় না। এই বংশের প্রতিষ্ঠাতা শ্রীগুপ্ত ও তাঁহার পুত্র ঘটোৎকচগুপ্ত সম্ভবতঃ কোন নৃপতির অধীনস্থ সামন্তরূপে মগধে কোন ক্ষুদ্র রাজ্য শাসন করিতেন।

শ্রীগুপ্ত ও ঘটোৎকচ গুপ্ত

ঘটোৎকচের মৃত্যুর পর তাঁহার পুত্র প্রথম চন্দ্রগুপ্ত ৩২০ খ্রীষ্টাব্দে সিংহাসনে আরোহণ করেন। তিনি স্বাধীন ও সার্বভৌম রাজা ছিলেন এবং 'মহারাজাধিরাজ' উপাধি গ্রহণ করিয়াছিলেন। তাঁহার রাজ্যাভিষেকের বৎসর হইতেই গুপ্তাব্দ গণনা করা হয়। চন্দ্রগুপ্ত বৈশালীর লিচ্ছবীবংশের রাজকন্যা কুমারদেবীকে বিবাহ করিয়া নিজের শক্তি ও প্রতিপত্তি বৃদ্ধি করেন। তাঁহার রাজধানী ছিল পাটলিপুত্র; বিহারের অধিকাংশ অঞ্চল এবং উত্তরপ্রদেশ ও বঙ্গদেশের কিয়দংশ লইয়া তাঁহার সাম্রাজ্য বিস্তৃত ছিল। তিনি তাঁহার পুত্র সমুদ্রগুপ্তকে তাঁহার উত্তরাধিকারী মনোনীত করেন।

প্রথম চন্দ্রগুপ্ত

**সমুদ্রগুপ্ত** (আনুমানিক ৩৩০—৩৮০ খ্রীঃ): প্রথম চন্দ্রগুপ্তের মৃত্যুর পর তাঁহার পুত্র সমুদ্রগুপ্ত আনুমানিক ৩৩০ খ্রীষ্টাব্দে মগধের সিংহাসনে আরোহণ করেন। সিংহাসনে আরোহণ করিয়াই তিনি দিগ্বিজয়ের পরিকল্পনা গ্রহণ করেন। এলাহাবাদ স্তম্ভে তাঁহার বন্ধু ও সভাকবি হরিষেণ কর্তৃক যে প্রশস্তি রচনা করা হইয়াছে তাহা হইতেই তাঁহার রাজ্যজয়ের সম্পূর্ণ বিবরণ জানা যায়। তিনি উত্তর ভারতের নয়জন রাজাকে পরাজিত করিয়া তাঁহাদের রাজ্য অধিকার করেন। ইহারা হইলেন গণপতিনাগ, নাগসেন, রুদ্রদেব, নন্দী, মতিল, বলবর্মণ, চন্দ্রবর্মণ, অচ্যুত ও নাগচন্দ্র। গাজীপুর, জব্বলপুর অঞ্চলের অরণ্য রাজ্যের শাসনকর্তাগণও সমুদ্রগুপ্তের বশ্যতা স্বীকার করিয়াছিলেন। এই ভাবে সমুদ্রগুপ্ত উত্তর-ভারত 'সর্বরাজচ্ছেত্তা'র ভূমিকা গ্রহণ করিয়াছিলেন।

রাজ্যজয়

উত্তর ভারত


উত্তর ভারতে নিজের আধিপত্য সুপ্রতিষ্ঠিত করিয়া সমুদ্রগুপ্ত দক্ষিণ ভারতের দিকে অগ্রসর হইলেন। দক্ষিণ ভারতে তিনি কাঞ্চী পর্যন্ত অগ্রসর হইয়াছিলেন। দক্ষিণ ভারতের যে সকল রাজা তাঁহার নিকট পরাজিত হইয়া তাঁহার বশ্যতা স্বীকার করিয়াছেন তাঁহাদের মধ্যে মহেন্দ্র, ব্যাঘ্ররাজ, দমন, ধনঞ্জয়, স্বামীদত্ত, বিষ্ণুগোপ, উগ্রসেন প্রভৃতির নাম উল্লেখযোগ্য। দক্ষিণ ভারতের বিজিত রাজগুলিকে তিনি নিজ সাম্রাজ্যের অন্তর্ভুক্ত করেন নাই। এই সকল রাজ্যের রাজগণের নিকট হইতে আনুগত্যের শপথ লইয়া তিনি তাঁহাদের রাজ্য প্রত্যর্পণ করেন। সমুদ্রগুপ্তের এই নীতি তাঁহার রাজনৈতিক দূরদর্শিতার পরিচায়ক।

দক্ষিণ ভারত

সমুদ্রগুপ্তের সাম্রাজ্য বৃদ্ধিতে ভীত হইয়া পূর্ব-ভারতের সমতট, কামরূপ, দাভাক, নেপাল ও কার্তিপুরের শাসকগণ এবং পশ্চিম ভারতের মালব, অর্জুনায়ণ, যুদেহ, মদ্রক ও আভীর প্রভৃতি উপজাতি তাহার আনুগত্য স্বীকার করিয়া কর প্রদানে সম্মত হয়। কুষাণ রাজগণও তাঁহার অধীনতা স্বীকার করেন। তৎকালীন কুষাণ রাজগণের উপাধি ছিল "দেবপুত্র শাহানুশাহী"। উত্তর-পশ্চিম ভারতের শক-ক্ষত্রপ শাসকগণও সমুদ্রগুপ্তের বশ্যতা

পূর্ব ও পশ্চিম ভারত

স্বীকার করিতে বাধ্য হন। তাঁহারা উপঢৌকন প্রদান করিয়া সমুদ্রগুপ্তের সঙ্গে মিত্রতা স্থাপন করেন।




সমুদ্রগুপ্তের খ্যাতি ভারতের বাহিরেও বিস্তারলাভ করিয়াছিল। সিংহলের রাজা মেঘবর্ণ বুদ্ধগয়ায় একটি বৌদ্ধ-মঠ নির্মাণ করিবার অনুমতি চাহিয়া সমুদ্রগুপ্তের নিকট দূত প্রেরণ করিয়াছিলেন। সমুদ্রগুপ্ত দিগ্বিজয় সমাপ্ত করিয়া অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠান করেন। সাম্রাজ্য বিস্তারের ক্ষেত্রে তিনি যে কৃতিত্বের পরিচয় দিয়াছেন ইতিহাসে তাহার দৃষ্টান্ত বিরল। ঐতিহাসিক ডঃ স্মিথ তাঁহাকে 'ভারতের নেপোলিয়ান' বলিয়া অভিহিত করিয়াছেন।

**কৃতিত্ব**

সমুদ্রগুপ্ত শুধু দিগ্বিজয়ী বীর ও সুদক্ষ শাসক ছিলেন না, তিনি বহুমুখী প্রতিভার অধিকারী ছিলেন। তিনি সংস্কৃত সাহিত্যের পৃষ্ঠপোষক এবং স্বয়ং কবি



সমুদ্রগুপ্তের মুদ্রা

ও সংগীতজ্ঞ ছিলেন। হরিষেণের শিলালিপিতে তাঁহাকে 'কবিরাজ' আখ্যা দেওয়া হইয়াছে। তাঁহার কোন কোন মুদ্রায় তাঁহার বীণাবাদনরত মূর্তি অঙ্কিত আছে। ইহা তাঁহার সংগীতপ্রিয়তার পরিচয় প্রদান করে। তাঁহার সভায় কবি ও বিদ্বানগণ সমাদর লাভ করিতেন।

সমুদ্রগুপ্তের ধর্মমত ছিল উদার। তিনি নিজে ব্রাহ্মণ্যধর্মের পৃষ্ঠপোষক ছিলেন। কিন্তু অন্যান্য ধর্মের প্রতিও তাঁহার যথেষ্ট শ্রদ্ধা ছিল। বৌদ্ধ পণ্ডিত বসুবন্ধু তাঁহার পৃষ্ঠপোষকতা লাভ করিয়াছিলেন।

**দ্বিতীয় চন্দ্রগুপ্ত** (আনুমানিক ৩৮০—৪১৩ খ্রীঃ): সমুদ্রগুপ্তের মৃত্যুর পর তাঁহার পুত্র দ্বিতীয় চন্দ্রগুপ্ত পিতার মনোনয়ন অনুসারে আনুমানিক ৩৮০ খ্রীষ্টাব্দে সিংহাসনে আরোহণ করেন। তিনি মধ্যভারতের নাগবংশীয়া রাজকুমারী কুবের নাগাকে বিবাহ করেন এবং বেরারের বাকাটক বংশীয় রাজার সহিত নিজ কন্যা প্রভাবতীর বিবাহ দেন। এই দুই বৈবাহিকসূত্রে তিনি নিজ ক্ষমতা ও প্রতিপত্তি বৃদ্ধি করিয়াছিলেন।

রাজ্যজয়

দ্বিতীয় চন্দ্রগুপ্ত মালব ও সৌরাষ্ট্রের শকক্ষত্রপদিগকে পরাজিত করিয়া তাহাদের অধিকৃত অঞ্চল স্বীয় সাম্রাজ্যভুক্ত করেন। ইহাতে গুপ্ত সাম্রাজ্যের সীমা আরব সাগর পর্যন্ত বিস্তৃত হইল। ইহার পর তিনি উজ্জয়িনীতে আরেকটি রাজধানী স্থাপন করেন। ভারত হইতে শকদের উচ্ছেদ সাধন করিয়া তিনি 'শকারি' উপাধি ধারণ করেন।

কিংবদন্তীর বিক্রমাদিত্য ও চন্দ্রগুপ্ত বিক্রমাদিত্য

দ্বিতীয় চন্দ্রগুপ্ত 'বিক্রমাদিত্য' উপাধি গ্রহণ করিয়াছিলেন। আধুনিক ঐতিহাসিকদের মতে কিংবদন্তীর উজ্জয়িনীরাজ 'শকারি' বিক্রমাদিত্য এবং দ্বিতীয় চন্দ্রগুপ্ত বিক্রমাদিত্য একই ব্যক্তি।

দ্বিতীয় চন্দ্রগুপ্ত শুধু রাজ্যবিস্তার করিয়াই ক্ষান্ত হন নাই, তিনি সাম্রাজ্য সুশাসনের ব্যবস্থাও করিয়াছিলেন। দ্বিতীয় চন্দ্রগুপ্ত শিল্প ও সাহিত্যের পৃষ্ঠপোষক ছিলেন। তিনি বিদ্যোৎসাহী নরপতি ছিলেন। বহু মনীষী তাঁহার রাজসভা

অলংকৃত করিয়াছিলেন। সম্ভবতঃ ইঁহারাই 'নবরত্ন' নামে খ্যাত ছিলেন। কিংবদন্তী অনুসারে ইঁহারা হইলেন (১) মহাকবি কালিদাস, (২) বরাহমিহির, (৩) বররুচি, (৪) বেতালভট্ট, (৫) ঘটকর্পর, (৬) ধন্বন্তরি, (৭) ক্ষপনক, (৮) অমরসিংহ এবং (৯) শঙ্কু। মহাকবি কালিদাস এই নবরত্নের শ্রেষ্ঠ রত্ন ছিলেন। দ্বিতীয় চন্দ্রগুপ্ত বৈষ্ণব ছিলেন। কিন্তু অন্য ধর্মের প্রতিও তিনি শ্রদ্ধাশীল ছিলেন। তাঁহার আমলে চৈনিক পরিব্রাজক ফা-হিয়েন ভারতে আগমন করেন। ফা-হিয়েনের বিবরণ ("ফো-কুয়ো-কিং") হইতে দ্বিতীয় চন্দ্রগুপ্তের শাসন-ব্যবস্থা ও কৃতিত্বের প্রকৃত চিত্র পাওয়া যায়।

কৃতিত্ব

**ফা-হিয়েনের বিবরণ :** চৈনিক বৌদ্ধ পরিব্রাজক ফা-হিয়েন প্রায় তের বৎসর ভারতবর্ষে ছিলেন। ইহার মধ্যে দ্বিতীয় চন্দ্রগুপ্তের রাজসভায় তিনি ছয় বৎসর অতিবাহিত করেন। তাঁহার বিবরণী হইতে চন্দ্রগুপ্তের শাসন-ব্যবস্থা তথা মৌর্য শাসন ব্যবস্থা এবং তৎকালীন ভারতবর্ষ সম্পর্কে অনেক তথ্য জানা যায়।

ফা-হিয়েন বলিয়াছেন, দ্বিতীয় চন্দ্রগুপ্তের শাসন-ব্যবস্থা ছিল অতি উদার। গুরুতর অপরাধের শাস্তি ছিল মাত্র অর্থদণ্ড। ফসলের এক-ষষ্ঠাংশ মাত্র রাজস্ব হিসাবে গৃহীত হইত। রাজ কর্মচারীগণ শাসনকার্যে দক্ষ ও কর্তব্যপরায়ণ ছিলেন। তাঁহারা নিয়মিত বেতন পাইতেন। রাজা দুষ্টের দমন ও শিষ্টের পালনে মনোযোগী ছিলেন। প্রজারা সুখে ও শান্তিতে জীবন যাপন করিত। রাজ-কর্মচারীরা অকারণে প্রজাদের উপর অত্যাচার করিতেন না। দেশে চোর-ডাকাতের উপদ্রব ছিল না বলিলেই হয়। গৃহস্থেরা রাত্রে নির্ভয়ে দরজা খুলিয়া ঘুমাইতে পারিত। জনসাধারণের কোন বিচারালয়ের প্রয়োজন হইত না।

ফা-হিয়েন উল্লেখ করিয়াছেন যে, গুপ্তযুগে রাজধানী পাটলিপুত্র ধন-সম্পদে সমৃদ্ধ ছিল। পাটলিপুত্রের অধিবাসীগণ দয়ালু, দানশীল ও পরোপকারী ছিলেন। তিনি ভারতীয়গণের নৈতিক চরিত্রের খুব প্রশংসা করিয়াছেন। তবে সমাজে তখন জাতিভেদ প্রথার কঠোরতা বৃদ্ধি পাইয়াছিল।

**প্রথম কুমারগুপ্ত** ( আনুমানিক ৪১৫—৪৫৫ খ্রীঃ ) **:** দ্বিতীয় চন্দ্রগুপ্তের মৃত্যুর পর তাঁহার পুত্র প্রথম কুমারগুপ্ত আনুমানিক ৪১৫ খ্রীষ্টাব্দে 'মহেন্দ্রাদিত্য' উপাধি ধারণ করিয়া সিংহাসনে আরোহণ করেন। তিনি সমুদ্রগুপ্তের ন্যায় অশ্বমেধ যজ্ঞ সম্পাদন করিয়াছিলেন। তাঁহার সময়ে গুপ্ত সাম্রাজ্যের প্রতিপত্তি অক্ষুণ্ণ ছিল। তাঁহার রাজত্বের শেষভাগে নর্মদা উপত্যকার পুষ্যমিত্র উপজাতিগণের আক্রমণে সাম্রাজ্য বিপন্ন হয়। যুবরাজ স্কন্দগুপ্ত পুষ্যমিত্রগণকে পরাজিত করিয়া সাম্রাজ্য রক্ষা করেন।

**স্কন্দগুপ্ত** ( আনুমানিক ৪৫৫—৪৬৭ খ্রীঃ ) **:** প্রথম কুমারগুপ্তের মৃত্যুর পর আনুমানিক ৪৫৫ খ্রীষ্টাব্দে স্কন্দগুপ্ত পিতার সিংহাসনে আরোহণ করেন। তিনিও 'বিক্রমাদিত্য' উপাধি গ্রহণ করিয়াছিলেন। স্কন্দগুপ্ত ছিলেন গুপ্তবংশের

শেষ শক্তিশালী রাজা। তাঁহার সময়ে মধ্য-এশিয়ার হূণজাতি ভারত আক্রমণ করে। কিন্তু স্কন্দগুপ্তের পরাক্রমে হূণ আক্রমণ ব্যর্থ হইয়াছিল। ঐতিহাসিক ডঃ রমেশচন্দ্র মজুমদার স্কন্দগুপ্তকে 'ভারতের রক্ষাকারী' বলিয়া অভিহিত করিয়াছেন।

হূণ আক্রমণ প্রতিরোধ

স্কন্দগুপ্ত বৈষ্ণব ছিলেন, কিন্তু সকল ধর্মের প্রতি সমান উদারতা প্রদর্শন করিতেন। তাঁহার মৃত্যুর পর গুপ্ত সাম্রাজ্যের পতন আরম্ভ হয়।

(২) **গুপ্ত সাম্রাজ্যের পতনের কারণ-সমূহ ঃ** সমুদ্রগুপ্ত ও দ্বিতীয় চন্দ্রগুপ্ত নিজের বাহুবলে যে বিশাল গুপ্ত-সাম্রাজ্য গড়িয়া তুলিয়াছিলেন খ্রীষ্টীয় পঞ্চম শতাব্দীর শেষভাগ হইতে উহা ক্রমশঃ অবনতির দিকে ধাবিত হয় এবং ষষ্ঠ শতাব্দীর মধ্যভাগে উহার সম্পূর্ণ পতন ঘটে। গুপ্ত সাম্রাজ্যের পতনের জন্য নানাবিধ কারণ দায়ী। প্রথমতঃ, কুমারগুপ্ত ও স্কন্দগুপ্তের রাজত্বকালে রণদক্ষ পুষ্যমিত্র এবং দুর্ধর্ষ হূণগণের বারংবার আক্রমণে গুপ্ত সাম্রাজ্যের ভিত্তি শিথিল হইয়া পড়ে। স্কন্দগুপ্ত হূণ আক্রমণ প্রতিহত করিলেও তাঁহার দুর্বল উত্তরাধিকারীগণের পক্ষে সেই আক্রমণ প্রতিরোধ করা সম্ভব হয় নাই। গুপ্তসম্রাট বুধগুপ্তের মৃত্যুর পর তোরমান ও মিহিরকুলের নেতৃত্বে হূণ আক্রমণ তীব্রতর হইয়াছিল। ইহার ফলে পশ্চিম ভারতের এক বিরাট অংশ তাহাদের দখলে চলিয়া যায়।

দ্বিতীয়তঃ, সিংহাসনের অধিকার লইয়া রাজ পরিবারের মধ্যে তীব্র বিদ্বেষ ও প্রতিদ্বন্দ্বিতা শুরু হইয়াছিল। পরস্পরের মধ্যে এই স্বার্থ সংঘাত সাম্রাজ্যের শক্তি ও সংহতি বিনাশ ঘটাইয়াছিল।

তৃতীয়তঃ, পরবর্তী গুপ্তরাজগণের অকর্মণ্যতা ও দুর্বলতার সুযোগে প্রাদেশিক শাসনকর্তাগণ একে একে স্বাধীনতা ঘোষণা করেন। বাংলার গৌড়বংশ, বলভীর মৈত্রকগণ, মান্দাশোরের যশোধর্মণ এবং কনৌজের মৌখরীগণের নেতৃত্বে নিজ নিজ এলাকায় স্বাধীন রাজ্য গড়িয়া উঠে। ফলে গুপ্ত সাম্রাজ্যের অস্তিত্ব বিনষ্ট হয়।

চতুর্থতঃ, ধর্মীয় কারণও গুপ্ত সাম্রাজ্যের পতনের জন্য কম দায়ী ছিল না। বৌদ্ধধর্মের অহিংসা নীতির ফলে গুপ্ত সাম্রাজ্যের সামরিক শক্তি বিশেষভাবে ক্ষুণ্ণ হইয়াছিল।

**গুপ্ত যুগের সংস্কৃতির বৈশিষ্ট্য-সমূহ ঃ** গুপ্ত যুগকে ভারতের ইতিহাসে 'সুবর্ণ যুগ' বলা হয়। গুপ্ত রাজগণের আমলে সাহিত্য, শিল্প, বিজ্ঞান প্রভৃতি বিষয়ে ভারতে এক সর্বাঙ্গীন উন্নতি পরিলক্ষিত হইয়াছিল। ঐতিহাসিকগণ প্রাচীন ভারতের গুপ্ত যুগকে, গ্রীসের ইতিহাসে পেরিক্লিসের যুগের সহিত এবং ইংলণ্ডের ইতিহাসে এলিজাবেথের যুগের সহিত তুলনা করিয়াছেন।

সুবর্ণ যুগ

বলাবাহুল্য, রাজনৈতিক শান্তিই গুপ্ত যুগের সভ্যতা ও সংস্কৃতি বিকাশের

সহায়তা করিয়াছিল। গুপ্তরাজগণের সুদক্ষ শাসন ব্যবস্থা ও পরধর্ম সহিষ্ণুতার ফলেই সুবর্ণ যুগের সৃষ্টি সম্ভব হইয়াছিল। ইহা ছাড়া, প্রাচীনকাল হইতে বৈদেশিক সংস্কৃতির সহিত ভারতের যে যোগাযোগ হইয়াছিল তাহা গুপ্ত যুগে বহুলাংশে বৃদ্ধি পায়। গুপ্তযুগের বলিষ্ঠ সৃজনী শক্তির পশ্চাতে ইহার মূল্যও কম নহে। বস্তুতঃ সাহিত্য, শিল্প ও বিজ্ঞানের ক্ষেত্রে গুপ্তযুগ ভারতের ইতিহাসে এক গৌরবময় স্থান অধিকার করিয়া আছে।

**সাহিত্য ঃ** গুপ্তযুগে সংস্কৃত-সাহিত্যের অপূর্ব উন্নতি হইয়াছিল। এইযুগকে সংস্কৃত সাহিত্যের সুবর্ণযুগ বলা হয়। পানিনির পর হইতে সংস্কৃত ভাষার যে ক্রমবিকাশ আরম্ভ হয়, গুপ্তযুগেই ইহা পরিপূর্ণতা লাভ করে। গুপ্তরাজগণের পৃষ্ঠপোষকতায় তাঁহাদের সভাকবিরা রীতিমত কাব্যচর্চা করিতেন। সমুদ্রগুপ্তের সভাকবি ছিলেন তাঁহার প্রশস্তির লেখক কবি হরিষেণ। দ্বিতীয় চন্দ্রগুপ্ত পিতার ন্যায় কাব্যানুরাগী ছিলেন। তাঁহার রাজসভায় 'নবরত্নের' সমাবেশের কথা শোনা যায়। মহাকবি কালিদাসের কাব্য-প্রতিভার বিকাশ তাঁহার কালেই হইয়াছিল। এযুগে মহাকবি কালিদাসের 'মেঘদূত', 'রঘুবংশ', 'কুমারসম্ভব' প্রভৃতি কাব্য ও অভিজ্ঞান শকুন্তলম্', 'মালবিকাগ্নিমিত্রম্' প্রভৃতি নাটক রচনা করিয়া সংস্কৃত সাহিত্যে অমর হইয়া আছেন। 'অভিজ্ঞান শকুন্তলম্' নাটকখানি দেশবিদেশে সুখ্যাতি লাভ করিয়াছে। মহাভারতের দুষ্মন্ত ও শকুন্তলার উপাখ্যান লইয়া এই নাটকখানি রচিত। ইহা সংস্কৃত সাহিত্যের অমূল্য সম্পদ।

নবরত্ন-কালিদাস

সংস্কৃত সাহিত্য

শূদ্রক, বিশাখদত্ত, ভারবি প্রভৃতি প্রসিদ্ধ কবি ও নাট্যকারগণ গুপ্তযুগেই জন্মগ্রহণ করিয়াছিলেন। শূদ্রক রচিত নাটকখানির নাম 'মৃচ্ছকটিক'। ইহাতে চারুদত্ত নামে একজন বণিক ও বসন্ত সেনার বৃত্তান্ত আছে। বিশাখদত্ত রচনা করিয়াছিলেন 'মুদ্রারাক্ষস' নামে একখানি ঐতিহাসিক নাটক। নন্দবংশ ধ্বংসের পর চাণক্য কিভাবে নন্দরাজের মন্ত্রী রাক্ষসকে চন্দ্রগুপ্তের পক্ষে আনিয়াছিলেন, এই ঘটনা লইয়াই নাটকখানি রচিত হইয়াছে। ভারবি 'কিরাতার্জ্জুনীয়' নামে একখানি কাব্য লিখিয়া যশস্বী হইয়াছিলেন। কিরাত বা ব্যাধের ছদ্মবেশ ধারণ করিয়া শিব একবার অর্জ্জুনের সঙ্গে যুদ্ধ করেন এবং খুশী হইয়া অর্জ্জুনকে বর ও অস্ত্র দান করেন। মহাভারতের এই কাহিনী লইয়া ভারবি এই কাব্য রচনা করিয়াছিলেন।

কাব্য ও নাটক

নাটক আর কাব্য ছাড়া অনেক স্মৃতি এবং পুরাণ এই যুগে সঙ্কলিত হইয়াছিল। স্মৃতিতে আছে সমাজের বিধান আর পুরাণে আছে দেবদেবীর উপাখ্যান, প্রাচীন রাজবংশের ইতিহাস এবং নানারকম আচার-অনুষ্ঠান ও ধর্ম-কর্মের কথা।

উপাখ্যান ও ইতিহাস

এই যুগেই সংকলিত হইয়াছিল ভারতীয় সাহিত্যের শ্রেষ্ঠ সৃষ্টি রামায়ণ ও মহাভারত। রামায়ণ ও মহাভারত অতি প্রাচীনকালেই রচিত হইয়াছিল। কিন্তু তখন মহাকাব্য দুইটি আকারে অনেক ছোট ছিল। পরে ইহাতে অনেক নূতন বিষয় যোগ করা হয়। বড় আকারের রামায়ণ ও মহাভারত গুপ্তযুগেই সংকলিত হয়।

রামায়ণ ও মহাভারত

বিখ্যাত বৌদ্ধ দার্শনিক বসুবন্ধু ও 'পঞ্চতন্ত্র' রচয়িতা বিষ্ণুশর্মা সেযুগের শ্রেষ্ঠ মনীষীদের অন্যতম।

**শিল্প ঃ** গুপ্তযুগে শিল্প ছিল সাহিত্যেরই সমকক্ষ। গুপ্তরাজগণের পৃষ্ঠপোষকতায় স্থাপত্য ও ভাস্কর্য শিল্প, চিত্র শিল্প ও সংগীতকলা প্রভৃতির যথেষ্ট উন্নতি সাধিত হইয়াছিল। সেযুগে ভারতবর্ষের বিভিন্ন জায়গায় অনেক সুন্দর সুন্দর দেব-দেবীর মূর্তি ও মন্দির নির্মিত হইয়াছিল। দেব মূর্তিগুলিতে যেন স্বর্গীয়ভাব বিরাজ করিত। সেযুগের বুদ্ধ মূর্তিগুলি ছিল খাঁটি ভারতীয় আদর্শে গড়া। মূর্তিগুলির গঠন ভঙ্গিমা ছিল অপরূপ। এগুলি ভাস্কর্য শিল্পের অপূর্ব নিদর্শন।

স্থাপত্য ও ভাস্কর্য

গুপ্তযুগে নির্মিত সারনাথের স্তূপ, বুদ্ধগয়ার গন্ধকুঠী, অজন্তা ও ইলোরার চৈত্যগুলি বৌদ্ধ স্থাপত্য শিল্পের এক উজ্জ্বল নিদর্শন। দেওগড়ের (উত্তরপ্রদেশে) প্রস্তর নির্মিত দশ অবতারের মন্দির এবং ভিটারগাঁও-এ আবিষ্কৃত একটি ইষ্টক নির্মিত মন্দির হইতে গুপ্তযুগের স্থাপত্য শিল্পের অপূর্ব নিদর্শন পাওয়া যায়।

স্তূপ ও চৈত্য

এযুগের একটি অপূর্ব সৃষ্টি অজন্তা-গুহার চিত্রাবলী। রং ও তুলির সাহায্যে সেযুগের শিল্পীরা বুদ্ধের জীবনী, জাতকের কাহিনী, রাজসভার দৃশ্য প্রভৃতি পর্বতের গুহার প্রাচীরে নিপুণভাবে ফুটাইয়া তুলিয়াছিলেন। এই প্রাচীর চিত্রগুলি চিত্রকলার অক্ষয়কীর্তি।

চিত্রকলা



অজন্তার গুহাচিত্র

গুপ্তযুগে সঙ্গীতকলার বেশ উন্নতি হইয়াছিল। সমুদ্রগুপ্ত নিজেও ছিলেন সঙ্গীত রসিক। সেযুগের মুদ্রাগুলি হইতেও রাজাদের শিল্পীমনের পরিচয় পাওয়া যায়।

সংগীতকলা

গুপ্তযুগে ধাতুশিল্পেও চরম উন্নতি পরিলক্ষিত হয়। দিল্লীতে অবস্থিত চন্দ্ররাজের লোহস্তম্ভ ইহার অন্যতম নিদর্শন। লোহস্তম্ভটি অতি প্রাচীন হওয়া সত্ত্বেও উহাতে এতটুকুও মরিচা পড়ে নাই।

ধাতুশিল্প

**বিজ্ঞান ঃ** সাহিত্য ও শিল্পের সংগে সমানভাবে অগ্রসর হইয়াছিল বিজ্ঞান। আর্যভট্ট, বরাহমিহির, ব্রহ্মগুপ্ত প্রমুখ বিখ্যাত গণিতজ্ঞ ও জ্যোতির্বিদগণ এযুগেই জন্মগ্রহণ করেন। তাঁহাদের আবির্ভাবের ফলে গুপ্তযুগে গণিতশাস্ত্র ও জ্যোতির্বিদ্যার যথেষ্ট উন্নতি সাধন হয়। গণিতে দশমিক ভগ্নাংশের আবিষ্কার এযুগেই হইয়াছিল। প্রসিদ্ধ জ্যোতির্বিদ আর্যভট্ট প্রমাণ করিয়াছিলেন যে পৃথিবী গোলাকার এবং সে নিজের মেরু রেখার চারিদিকে ঘোরে। সে যুগের অন্যতম জ্যোতির্বিদ বরাহমিহির সূর্যগ্রহণ ও চন্দ্রগ্রহণ কেন হয়, তাহা সর্বপ্রথম আবিষ্কার করেন। ভারতীয় জ্যোতির্বিদগণ গ্রীকদের নিকট হইতে কোন কোন বিষয়ে শিক্ষালাভ করিয়াছিলেন।

গণিত ও জ্যোতির্বিদ্যা

এই সময়ে চিকিৎসাবিদ্যারও যথেষ্ট উন্নতি হইয়াছিল। অস্ত্রোপচার পর্যন্ত তখন জানা ছিল। আয়ুর্বেদ শাস্ত্রে ভারত ছিল তখন গ্রীক ও আরবদের গুরু। গ্রীক ও আরবগণ ভারতীয় চিকিৎসকদের নিকট হইতে আয়ুর্বেদ শাস্ত্র শিক্ষা লাভ করিতেন।

চিকিৎসাবিদ্যা

সুতরাং বিভিন্নদিকে গুপ্তযুগ তখন উন্নতির চরমশীর্ষে আরোহণ করিয়াছিল বলিয়া গুপ্তযুগকে ভারতের ইতিহাসে সুবর্ণযুগ বলা হইয়াছে।

## ষষ্ঠ অধ্যায়

# আধিপত্য প্রতিষ্ঠার সংগ্রাম

### (ক) উত্তর ভারত

(১) **হূণদের কথা ঃ** খ্রীষ্টীয় পঞ্চম শতাব্দীর মধ্যভাগে উত্তর-পশ্চিম ভারতে হূণ নামক এক বৈদেশিক জাতির আবির্ভাব হইয়াছিল। এই দুর্দান্ত যাযাবর জাতি প্রথমে চীন সীমান্ত হইতে বিতাড়িত হইয়া পশ্চিম এশিয়ার দিকে অগ্রসর হয়। পরবর্তীকালে তাহাদের এক শাখা গেল ইউরোপের ডন নদীর তীরে; অপর শাখা গেল কাস্পিয়ান সাগরের নিকটে অক্ষু উপত্যকায়। দ্বিতীয় শাখা কর্তৃক গুপ্ত সাম্রাজ্য আক্রান্ত হইয়াছিল। ইহারা শ্বেত হূণ নামে পরিচিত ছিল।

স্কন্দগুপ্তের রাজত্বকালে হূণরা গুপ্ত সাম্রাজ্যের ভিতরে প্রবেশের চেষ্টা করে। কিন্তু স্কন্দগুপ্ত হূণ আক্রমণকারীদের পরাজিত করিয়া তাঁহার সাম্রাজ্য হইতে তাহাদিগকে বিতাড়িত করেন। যে সময়ে হূণদের একটি শাখার আক্রমণে তুরস্ক, পূর্ব-ইউরোপ ও রোম ধ্বংসস্তূপে পরিণত হইয়াছিল, সে-সময়ে তাহাদেরই অপর শাখাকে পরাজিত ও বিতাড়িত করিয়া স্কন্দগুপ্ত ভারতীয় সামরিক শক্তির শ্রেষ্ঠত্ব প্রমাণ করিয়াছিলেন। স্কন্দগুপ্তের মৃত্যুর পর হূণ আক্রমণে গুপ্ত সাম্রাজ্য ছিন্নভিন্ন হইয়া যায়।

ভারতে শ্বেত হূণদের নেতা ছিলেন তোরমান। তাঁহার নেতৃত্বে কাশ্মীর, পাঞ্জাব, রাজপুতনা এবং উত্তর ও মধ্য ভারতের কিয়দংশ জুড়িয়া এক বিশাল হূণ রাজ্য গড়িয়া উঠে।

তোরমান ও মিহিরকুল

**হূণনেতা মিহিরকুল ও যশোধর্মণ ঃ** তোরমানের মৃত্যুর পর তাঁহার পুত্র মিহিরকুল হূণদের নেতা হইলেন। তাঁহার রাজধানী ছিল শাকল (বর্তমান শিয়াল কোট)। মিহিরকুল অত্যন্ত নিষ্ঠুর প্রকৃতির লোক ছিলেন। অমানুষিক বর্বরতার জন্য তিনি ইতিহাসে কুখ্যাত হইয়া আছেন। নিষ্ঠুরতায় মিহিরকুল তাঁহার স্বজাতীয় দুর্ধর্ষ অ্যাটিলা অপেক্ষা কোন অংশে কম ছিলেন না।

খ্রীষ্টীয় ষষ্ঠ শতাব্দীর প্রথমভাগে যশোধর্মণ নামে এক পরাক্রমশালী ব্যক্তি গুপ্ত সাম্রাজ্যের আধিপত্য অস্বীকার করিয়া মালবে একটি শক্তিশালী স্বাধীন রাজ্য স্থাপন করেন। তাঁহার রাজধানী ছিল মান্দাশোর। হূণনেতা মিহিরকুল তাঁহার বিরুদ্ধেও অভিযান করেন। এক তুমুল যুদ্ধে (৫৩৩ খ্রীঃ) যশোধর্মণ একাকী হূণনেতা মিহিরকুলকে পরাজিত করিয়া বিশেষ খ্যাতি অর্জন করেন। সম্ভবতঃ খ্রীষ্টীয় ষষ্ঠ শতাব্দীর মধ্যভাগে মিহিরকুলের রাজত্বের অবসান ঘটে।

ভারতের ইতিহাসে হূণদের অবদান প্রধানতঃ দুইটি – প্রথমটি রাজনৈতিক এবং দ্বিতীয়টি সামাজিক। রাজনৈতিক দিক হইতে হূণরা গুপ্ত সাম্রাজ্যের পতনকে ত্বরান্বিত করিয়াছিল। সামাজিক দিক হইতে হূণরা ভারতীয় সমাজে মিশিয়া যাওয়ার ফলে ভারতীয় জনজীবনে বিদেশীদের অনুপ্রবেশ ঘটে। ফলে রাজপুত নামে একটি নূতন যোদ্ধৃ ক্ষত্রিয় জাতির উদ্ভব হয়।

(৩) **শশাঙ্কের নেতৃত্বে গৌড়ের উত্থান :** গুপ্ত সাম্রাজ্যের পতনের পর ৬০৬ খ্রীষ্টাব্দে গৌড়দেশে শশাঙ্ক নামে এক শক্তিমান রাজা একটি স্বাধীন রাজ্য স্থাপন করেন। বাঙালী রাজগণের মধ্যে শশাঙ্কই প্রথম সার্বভৌম নরপতি। রোটাসগড় গিরিগাত্রে 'শ্রীমহাসামন্ত শশাঙ্ক' এই নামটি খোদিত দেখিয়া মনে হয়, শশাঙ্ক প্রথম জীবনে একজন মহাসামন্ত মাত্র ছিলেন। কেহ কেহ বলেন ষষ্ঠ শতাব্দীর শেষভাগে গুপ্তরাজ মহাসেনগুপ্ত মগধ ও গৌড়ের অধিপতি ছিলেন। সুতরাং শশাঙ্ক এই মহাসেনগুপ্তের অধীনেই মহাসামন্ত ছিলেন। স্বীয় শক্তিবলে কালক্রমে তিনি গৌড়াধিপতি হইয়াছিলেন। তাঁহার রাজধানী ছিল কর্ণসুবর্ণ (বর্তমান মুর্শিদাবাদ জেলার কানসোনা)।

গৌড়ের সিংহাসনে আরোহণ করিয়াই শশাঙ্ক রাজ্যজয়ে মনোনিবেশ করেন। শশাঙ্ক দক্ষিণে দণ্ডভুক্তি (মেদিনীপুর জেলা), উৎকল ও গঞ্জাম জেলায় অবস্থিত কঙ্গোদ রাজ্য জয় করেন। শৈলোদ্ভব বংশীয় রাজগণ তাঁহার অধীনস্থ সামন্তরূপে কঙ্গোদ শাসন করিতেন। পশ্চিমে মগধ রাজ্যও শশাঙ্কের অধিকারভুক্ত হয়। দক্ষিণ বঙ্গে যে স্বাধীন বঙ্গরাজ্য ছিল সম্ভবতঃ তাহাও শাশাঙ্কের অধীনতা স্বীকার করে। ঐতিহাসিক ডঃ রমেশ চন্দ্র মজুমদারের মতে শশাঙ্কের পূর্বে আর কোন বাঙালী রাজা বাংলার বাহিরে এইরূপ বিস্তৃত সাম্রাজ্য প্রতিষ্ঠা করিতে পারেন নাই।

রাজ্য জয়

শশাঙ্ক ইহাতেই সন্তুষ্ট হইলেন না তিনি গৌড়ের চিরশত্রু মৌখরীগণকে দমন করিতে প্রতিজ্ঞাবদ্ধ হইলেন। শশাঙ্কের পররাষ্ট্রনীতির অন্যতম প্রধান উদ্দেশ্য ছিল কনৌজের মৌখরীগণের আক্রমণ হইতে স্বীয় রাজ্যের নিরাপত্তা বিধান। মৌখরীরাজ গ্রহবর্মণ থানেশ্বরের পুষ্যভূতিরাজ প্রভাকরবর্ধনের কন্যা রাজ্যশ্রীকে বিবাহ করিয়াছিলেন। মৌখরী-পুষ্যভূতি জোট মালবরাজ দেবগুপ্তের নিরাপত্তার পক্ষে বিপজ্জনক মনে হওয়ায় দেবগুপ্ত শীঘ্রই শশাঙ্কের সঙ্গে মিত্রতায় আবদ্ধ হন। অপরপক্ষে কামরূপরাজ ভাস্করবর্মণ শশাঙ্কের সম্ভাব্য আক্রমণের ভয়ে মৌখরী-পুষ্যভূতি মৈত্রী জোটে যোগ দেন। মৌখরী আক্রমণ প্রতিহত করা এবং উত্তরভারতে স্বীয় আধিপত্য স্থাপন, এই দুই প্রধান উদ্দেশ্য লইয়া শশাঙ্ক মালবরাজ দেবগুপ্তের সহায়তায় কনৌজ আক্রমণের জন্য যাত্রা করেন।

ভাস্করবর্মণের সঙ্গে সম্পর্ক

ইতিমধ্যে মালবরাজ দেবগুপ্তের আক্রমণের ফলে কনৌজের মৌখরীরাজ গ্রহবর্মণ পরাজিত ও নিহত হন। নিকটতম আত্মীয়ের হত্যার প্রতিশোধ গ্রহণের উদ্দেশ্যে থানেশ্বরের পুষ্যভূতিরাজ রাজ্যবর্ধন কনৌজের দিকে অগ্রসর হন। পথিমধ্যে তিনি দেবগুপ্তের সঙ্গে যুদ্ধে লিপ্ত হন। এই যুদ্ধের ফলে দেবগুপ্ত পরাজিত ও নিহত হন। কিন্তু রাজ্যবর্ধন কনৌজে ভগিনী রাজ্যশ্রীর সঙ্গে মিলিত হইবার পূর্বেই গৌড়রাজ শশাঙ্কের হস্তে নিহত হন। উত্তরভারতে শশাঙ্কের প্রাধান্য প্রতিষ্ঠার পথ সুগম হইলেও শেষ পর্যন্ত তাঁহার উদ্যম সাফল্যমণ্ডিত হয় নাই।


রাজ্যবর্ধনের মৃত্যুর অব্যবহিত পরেই তাঁহার ভ্রাতা হর্ষবর্ধন রাজা হইয়া শশাঙ্কের বিরুদ্ধে যুদ্ধযাত্রা করেন। হর্ষবর্ধন ইতিমধ্যে কামরূপরাজ ভাস্করবর্মনের সঙ্গে সন্ধিসূত্রে আবদ্ধ হওয়ায়, শশাঙ্ক পূর্ব ও পশ্চিমে শত্রুদ্বারা বেষ্টিত হইয়া পড়েন। কিন্তু শশাঙ্ক সুকৌশলে উভয়-শত্রুর আক্রমণ এড়াইয়া গৌড়ে প্রত্যাবর্তন করেন। ৬৩৭ খ্রীষ্টাব্দে তাঁহার মৃত্যু হয়।

হর্ষবর্ধনের সঙ্গে সম্পর্ক

শশাঙ্কের সঙ্গে হর্ষবর্ধনের কোন যুদ্ধ হইয়াছিল কিনা অথবা হর্ষবর্ধন শশাঙ্ককে পরাজিত করিতে পারিয়াছিলেন কিনা, সে সম্পর্কে নিশ্চিতভাবে কিছু জানা যায় না। তবে ৬৩৭ খ্রীষ্টাব্দ পর্যন্ত শশাঙ্ক যে গৌড়ে সগৌরবে রাজত্ব করিয়াছিলেন সে সম্পর্কে যথেষ্ট প্রমাণ পাওয়া গিয়াছে।

বাংলার ইতিহাসে শশাঙ্ক একটি বিশিষ্ট স্থান অধিকার করিয়া আছেন। তাঁহার আমলেই বঙ্গদেশ সর্বপ্রথম উত্তর ভারতের রাজনৈতিক মঞ্চে অবতীর্ণ হয়।

(৩) **হর্ষবর্ধন** ( ৬০৬—৬৪৭ খ্রীঃ ) ঃ পুষ্যভূতি বংশের রাজা রাজ্যবর্ধনের কনিষ্ঠভ্রাতা হর্ষবর্ধন 'শিলাদিত্য' উপাধি ধারণ করিয়া ৬০৬ খ্রীষ্টাব্দে থানেশ্বরের সিংহাসনে আরোহণ করেন। সিংহাসনে আরোহণ করিয়াই তিনি ভগিনী রাজ্যশ্রীকে উদ্ধার করেন এবং স্বয়ং কনৌজের শাসনভার গ্রহণ করেন। ইহার পর তিনি জ্যেষ্ঠ ভ্রাতার হত্যার প্রতিশোধ গ্রহণের উদ্দেশ্যে কামরূপরাজ ভাস্করবর্মণের সঙ্গে সন্ধিসূত্রে আবদ্ধ হইয়া গৌড়রাজ শশাঙ্কের বিরুদ্ধে যুদ্ধাভিযান করেন। তবে হর্ষবর্ধন শশাঙ্ককে পরাজিত করিতে পারিয়াছিলেন কিনা সে-বিষয়ে যথেষ্ট সন্দেহ আছে।



হর্ষবর্ধন

**রাজ্যবিস্তার ঃ** শশাঙ্কের বিরুদ্ধে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করিতে না পারিলেও হর্ষবর্ধন স্বীয় বাহুবলে উত্তর ভারতের বিস্তীর্ণ অঞ্চলে তাঁহার আধিপত্য বিস্তার করিতে সমর্থ হন। তিনি গুপ্ত সম্রাট মাধবগুপ্তের সহিত সন্ধিসূত্রে আবদ্ধ হন এবং বলভীর মৈত্রক বংশের সঙ্গে বৈবাহিক সম্পর্ক স্থাপন করেন। জলন্ধর, বলভী, কঙ্গোদ প্রভৃতি অঞ্চলের রাজগণ সম্ভবতঃ তাঁহার অধীনে সামন্তরাজ হিসাবে রাজত্ব করিতেন। সিন্ধু, কাশ্মীর, নেপাল ও কামরূপের রাজগণের বিরুদ্ধেও তিনি সামরিক অভিযান প্রেরণ করিয়াছিলেন। কিন্তু নর্মদার দক্ষিণে দক্ষিণ ভারতে তাঁহার সামরিক অভিযানটি সাফল্যমণ্ডিত হয় নাই। পক্ষান্তরে আইহোল লিপির বর্ণনা অনুযায়ী 'সকল-উত্তরাপথ-নাথ' হর্ষবর্ধন চালুক্যরাজ দ্বিতীয় পুলকেশীর নিকট পরাজিত হন। হর্ষবর্ধন সম্পর্কে 'সকল-উত্তরাপথ-নাথ' এই বিশেষণটিও অতিরঞ্জিত বলিয়া মনে হয়। কারণ সমগ্র উত্তর ভারতে হর্ষবর্ধনের প্রত্যক্ষ শাসন মোটেই প্রতিষ্ঠিত হয় নাই। থানেশ্বর ও কনৌজ সহ উত্তর প্রদেশের অধিকাংশ অঞ্চল এবং বাংলা, বিহার ও উড়িষ্যার কিয়দংশ হর্ষবর্ধনের সাম্রাজ্যভুক্ত ছিল।

রাজ্যের সীমা

হর্ষবর্ধন ইতস্ততঃ বিক্ষিপ্ত ক্ষুদ্র ক্ষুদ্র স্বাধীন রাজ্যগুলির স্বাতন্ত্র্যের বিপদ উপলব্ধি করিতে পারিয়াছিলেন। কাজেই তাঁহার উদ্দেশ্য ছিল প্রতিবেশী রাজ্যগুলিকে তাঁহার সাম্রাজ্যের অধীনে আনা এবং তাহাদের রাজনৈতিক ঐক্যবিধান করা। কিন্তু হর্ষবর্ধনের আমলে মৌর্য সাম্রাজ্য এবং গুপ্ত সাম্রাজ্যের ন্যায় কোন সুসংহত সার্বভৌম সাম্রাজ্য এবং রাজনৈতিক ঐক্য গড়িয়া উঠিতে পারে নাই। তাঁহার আমলে রাজনৈতিক ঐক্য কেবলমাত্র উত্তরাপথ অঞ্চলের মধ্যেই সীমাবদ্ধ ছিল। সমসাময়িক ভারতবর্ষের রাজনৈতিক ও অর্থনৈতিক অবস্থাই ইহার জন্য দায়ী ছিল। হর্ষবর্ধন শিথিল সামন্ততান্ত্রিক যোগ সূত্রে বিধৃত তাঁহার বিশাল সাম্রাজ্যের এক প্রান্ত হইতে অপর প্রান্ত পর্যন্ত ব্যাপকভাবে পরিভ্রমণ করিয়া তাহাদের মধ্যে সংহতি বিধানের জন্য সর্বদা সচেষ্ট ছিলেন।

তাঁহার আমলে চৈনিক পরিব্রাজক হিউ-এন-সাঙ্ ভারতে আগমন করেন। তাঁহার বিবরণী ( "সি-য়ু-কি" ) হইতে হর্ষের যুগের অনেক কথা জানা যায়।

**হিউ-এন সাঙের বিবরণঃ** বিখ্যাত চৈনিক পরিব্রাজক হিউ-এন-সাঙ্ মূল বৌদ্ধশাস্ত্র সম্পর্কে জ্ঞানলাভের উদ্দেশ্যে ৬৩০ খ্রীষ্টাব্দে ভারতবর্ষে আগমন করেন। শিয়ালকোট ও জলন্ধরের পথে তিনি কনৌজে আসিয়া সম্রাট হর্ষবর্ধনের সখ্য অর্জন করেন। হিউ-এন-সাঙ্ প্রায় চৌদ্দ বৎসর ( ৬৩০-৬৪৪ খ্রীঃ ) ভারতবর্ষে থাকিয়া ভারতীয় উপমহাদেশের নানা স্থানে পর্যটন ও অবস্থান করিয়া দক্ষিণের পথে স্বদেশে প্রত্যাবর্তন করেন। ইহার মধ্যে আট বৎসর তিনি হর্ষবর্ধনের রাজসভায় ছিলেন। হিউ-এন-সাঙ্ সমসাময়িক ভারতবর্ষ সম্পর্কে যে মনোজ্ঞ বিবরণ লিপিবদ্ধ করিয়া গিয়াছেন, তাহা হইতে হর্ষবর্ধনের যুগের অনেক তথ্য জানা যায়। বস্তুতঃ বাণভট্টের 'হর্ষচরিত' এবং হিউ-এন-সাঙের বিবরণ এই দুইটি হইল হর্ষবর্ধনের যুগের ইতিহাসের প্রকৃত উপাদান।


হিউ-এন-সাঙ্

হিউ-এন-সাঙ্ হর্ষবর্ধনের শাসন-ব্যবস্থার যথেষ্ট প্রশংসা করিয়াছেন। রাজ্যের শাসনকার্য রাজার ব্যক্তিগত পরিচালনাধীন ছিল। প্রজাদের করভার ছিল খুব লঘু এবং বিনা পারিশ্রমিকে কোন কাজ কাহাকেও করিতে হইত না। সম্রাটের প্রচেষ্টায় রাজ্যের বিভিন্ন স্থানে দাতব্য চিকিৎসালয়, অতিথিশালা ও অনাথ আশ্রম প্রতিষ্ঠিত হইয়াছিল। রাজ্যের দণ্ডবিধি কঠোর হইলেও, দেশ হইতে দস্যু-তস্করের উপদ্রব একেবারে

লুপ্ত হয় নাই। এক লক্ষ অশ্বারোহী, ষাট হাজার হস্তী এবং পঞ্চাশ হাজার পদাতিক সৈন্য লইয়া হর্ষবর্ধনের সৈন্যবাহিনী গঠিত ছিল। রাজপ্রাসাদ ও সীমান্ত রক্ষার জন্যও উপযুক্ত ব্যবস্থা ছিল। হিউ এন-সাঙ, হর্ষবর্ধনের রাজধানী কনৌজ ছাড়াও সমসাময়িক বহু বৌদ্ধতীর্থ ও জনপদের কথা উল্লেখ করিয়াছেন। তাহাদের মধ্যে শ্রাবস্তী, বৈশালী, নালন্দা, বুদ্ধগয়া, প্রয়াগ, বারাণসী ও তাম্রলিপ্তের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। হিউ-এন-সাঙ, হর্ষবর্ধন কতৃক আহুত কনৌজের ধর্ম সম্মেলন এবং প্রয়াগের দান-মহোৎসবের কথাও লিখিয়া গিয়াছেন। কনৌজের ধর্ম সম্মেলনে বহু বৌদ্ধ ও জৈন পণ্ডিত যোগদান করিয়াছিলেন। বিভিন্ন ধর্মাবলম্বী পণ্ডিতদের মধ্যে বিভিন্ন ধর্মতত্ত্ব আলোচনা হইত। প্রয়াগের দান-মহোৎসব প্রতি পাঁচ বৎসর অন্তর অনুষ্ঠিত হইত এবং তিনমাস ধরিয়া এই উৎসব চলিত। হর্ষবর্ধন প্রতিদিন জাতি ধর্ম নির্বিশেষে সকল প্রার্থীকে প্রচুর ধনরত্ন দান করিতেন। হিউ-এন-সাঙ, ভারতীয়দের নৈতিক চরিত্র এবং তাহাদের সরল ও অনাড়ম্বর জীবনেরও ভূয়সী প্রশংসা করিয়া গিয়াছেন।

হিউ-এন-সাঙের বিবরণ হইতে জানা যায় যে হর্ষবর্ধন বহুমুখী প্রতিভার অধিকারী ছিলেন। তিনি একাধারে প্রজাহিতৈষী, দানশীল, ধর্মপ্রবণ, সুলেখক, বিদ্যোৎসাহী এবং সাহিত্যের পৃষ্ঠপোষক ছিলেন। 'রত্নাবলী', 'নাগানন্দ' ও 'প্রিয়দর্শিকা' নামে তিনটি নাটকের রচয়িতা ছিলেন হর্ষবর্ধন। স্বয়ং শৈব ধর্মাবলম্বী হইলেও বৌদ্ধধর্ম ও অন্যান্য ধর্মের প্রতি তাঁহার প্রগাঢ় শ্রদ্ধা ছিল।

হিউ-এন-সাঙের বিবরণ হইতে সমসাময়িক ভারতবর্ষের অন্যতম প্রধান শিক্ষাকেন্দ্র নালন্দা বিশ্ববিদ্যালয় সম্পর্কেও অনেক তথ্য জানা যায়। হিউ-এন-সাঙ, স্বয়ং দুই বৎসর এখানে বৌদ্ধশাস্ত্র শিক্ষালাভ করিয়াছিলেন। বৌদ্ধশাস্ত্র ছাড়াও এখানে ন্যায়, দর্শন, বেদ, ব্যাকরণ, গণিত, রসায়ন, সাহিত্য প্রভৃতি বিষয়ে শিক্ষা দেওয়া হইত। ভারতের বিভিন্ন অঞ্চল ছাড়াও, দেশ-দেশান্তর হইতে হাজার হাজার শিক্ষার্থী এখানে শিক্ষালাভের জন্য আসিতেন। হর্ষবর্ধনের রাজত্বকালে বিখ্যাত বাঙালী মনীষী শীলভদ্র এই বিশ্ববিদ্যালয়ের অধ্যক্ষ ছিলেন। মূলতঃ বৌদ্ধবিহার হইলেও নালন্দা বিশ্ববিদ্যালয়ের পাঠক্রমে সংকীর্ণতার কোন স্থান ছিল না।

## (৪) প্রতিহার ও পাল বংশের উত্থান—ত্রিশক্তি সংঘর্ষ :

**প্রতিহার রাজবংশের উত্থান :** মৌর্য ও গুপ্তযুগে উত্তর ভারতের প্রধানতম রাজনৈতিক কেন্দ্র ছিল পাটলিপুত্র। কিন্তু হর্ষবর্ধনের আমলে কনৌজ অধিকার করে সেই মর্যাদার আসনটি। তবে হর্ষবর্ধনের মৃত্যুর পর কনৌজের গৌরব-রবি অস্তমিত হয়। কেননা তাঁহার মৃত্যুর পরে পঞ্চাশ বৎসরের মধ্যে ভারতের রাষ্ট্রীয় ঐক্য ছিন্নভিন্ন হইয়া যায় এবং বহু ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্যের উদ্ভব হয়। এইসব রাজ্যের মধ্যে বিখ্যাত ছিল বলভী বা সৌরাষ্ট্রের মৈত্রক এবং মধ্যভারতের বাকাটক

রাজবংশ। এই ক্ষুদ্র রাজ্যগুলি ছাড়াও সে যুগে কয়েকটি বৃহৎ রাজ্যও ছিল। এইসব বৃহৎ রাজ্যের মধ্যে ভিনমল বা দক্ষিণ রাজপুতনার গুর্জর প্রতিহার, বাংলার পাল এবং দাক্ষিণাত্যের রাষ্ট্রকূট রাজ্যের নাম সবিশেষ উল্লেখযোগ্য। এই তিনটি রাজশক্তি কনৌজ অধিকারের প্রতিদ্বন্দিতায় অবতীর্ণ হয়। শেষ পর্যন্ত গুর্জর প্রতিহারদের করায়ত্ত হয় কনৌজের রাজলক্ষ্মী।

গুর্জর জাতি খুব সম্ভবতঃ হূণদের সহিত ষষ্ঠ শতকের প্রারম্ভে ভারতে প্রবেশ করিয়াছিল। একশত বৎসরের মধ্যে তাহারা ভারতের পশ্চিম অঞ্চল অধিকার করিয়া রাজ্যস্থাপন করে। তাহাদের রাজধানী ছিল ভিনমল।

**গুর্জর প্রতিহার বংশীয় রাজন্যবর্গ :** হর্ষবর্ধনের মৃত্যুর প্রায় সাতাত্তর বৎসর পরে অর্থাৎ ৭২৫ খৃীষ্টাব্দে গুর্জর প্রতিহার বংশের রাজা প্রথম নাগভট্ট শক্তিশালী নৃপতি হিসাবে সর্বভারতীয় খ্যাতি অর্জন করেন। প্রথম নাগভট্টের পরবর্তী রাজা বৎসরাজ ছিলেন রণকুশলী যোদ্ধা। তিনি বঙ্গাধিপতি রাজা ধর্মপালকে যুদ্ধে পরাজিত করিয়া কনৌজ অধিকার করেন।

প্রথম নাগভট্ট

বৎসরাজের পুত্র দ্বিতীয় নাগভট্টও উত্তর ভারতের রাজনৈতিক ইতিহাসে একটি বিশিষ্ট স্থান অধিকার করেন। তিনি রাজা ধর্মপালকে পরাজিত করিয়া তাঁহার বশংবদ চক্রায়ুধকে কনৌজের সিংহাসন হইতে বিতাড়িত করেন। ফলে কনৌজে পুনঃ প্রতিষ্ঠিত হয় গুর্জর প্রতিহারদের প্রভুত্ব। সিন্ধু, অন্ধ্র, বিদর্ভ ও কলিঙ্গরাজ্যও দ্বিতীয় নাগভট্টের অধিকারে আসে।

বৎস্যরাজ

দ্বিতীয় নাগভট্ট

পরবর্তী রাজা মিহিরভোজের আমলে তাহাদের রাজ্যসীমা বিস্তৃত ছিল দক্ষিণে বিন্ধ্যপর্বতমালা, পশ্চিমে পাঞ্জাব এবং পূর্বে বঙ্গদেশ পর্যন্ত।

মিহিরভোজ

মিহিরভোজের পুত্র প্রথম মহেন্দ্রপালের রাজত্বকালে গুর্জর-প্রতিহার সাম্রাজ্য কাথিয়াওয়াড় পর্যন্ত প্রসারিত হয়। পূর্ব ভারতে দক্ষিণ বিহার ও উত্তরবাংলা মহেন্দ্রপালের প্রভুত্ব মানিয়া লয়।

প্রথম মহেন্দ্রপাল

**পাল বংশের উত্থান :** ৬৩৭ খ্রীষ্টাব্দে শশাঙ্কের মৃত্যুর পর বাংলাদেশে এক চরম বিশৃংখলা দেখা দিল। এই বিশৃংখলা ও অরাজকতা প্রায় ১০০ বৎসর চলিয়াছিল। ৬৩৮ খ্রীষ্টাব্দে যখন হিউ-এন-সাঙ বঙ্গদেশে আসেন তখন তিনি এইখানে চারিটি স্বাধীন রাজ্য দেখিতে পান। এই রাজ্যগুলি হইল পুণ্ড্রবর্ধন, কর্ণসুবর্ণ, সমতট ও তাম্রলিপ্ত। ঐ সময় কামরূপের রাজা ভাস্করবর্মণ কর্ণসুবর্ণ অধিকার করেন। কাশ্মীরের রাজা ললিতাদিত্যও বঙ্গদেশে আধিপত্য বিস্তার করিয়াছিলেন। বঙ্গদেশে তখন কোন কেন্দ্রীয় রাজশক্তি ছিল না। সমগ্র দেশে অরাজকতা ও বিশৃংখলার সৃষ্টি হইয়াছিল। জনসাধারণের জীবন ও ধনসম্পত্তির কোন

নিরাপত্তা ছিল না। এক শ্রেণীর লোকের সঙ্গে অপর শ্রেণীর সংঘর্ষ ছিল। ধনী দরিদ্রের উপর, সবল দুর্বলের উপর উৎপীড়ন চালাইত। অভিজাতশ্রেণীর ব্যক্তিরা নিজ নিজ এলাকায় স্বেচ্ছাতন্ত্র চালাইতেন। দেশে কোন আইন শৃংখলা ছিল না। ঐতিহাসিকগণ বাংলার এই অবস্থাকে "মাৎস্য-ন্যায়" বলিয়া অভিহিত করিয়াছেন। শেষ পর্যন্ত এই অবস্থার অবসান ঘটাইবার জন্য অষ্টম শতাব্দীর মধ্যভাগে বাংলার জনসাধারণ ও সামন্তশ্রেণীর লোকেরা গোপাল নামে একজন সামন্তকে বাংলার রাজপদে নির্বাচিত করেন।

মাৎস্য-ন্যায়

গোপালের (৭৫০—৭৭০ খ্রীঃ) প্রতিষ্ঠিত বংশকে পালবংশ বলা হয়। গোপাল বিশ বৎসরের উপর বঙ্গদেশে রাজত্ব করিয়াছিলেন। রাজপদে প্রতিষ্ঠিত হইয়া তিনি সুদক্ষ হস্তে দেশের বিশৃংখলা ও অরাজকতা দূর করিতে সমর্থ হন। তাঁহার চেষ্টায় দেশে পুনরায় শান্তি ও শৃংখলা ফিরিয়া আসিল। পরবর্তী পাল সম্রাট ধর্মপাল এবং দেবপাল কনৌজের অধিকার লইয়া ত্রিশক্তি সংঘর্ষে জড়াইয়া পড়েন।

গোপাল

**ত্রিশক্তি সংঘর্ষ ঃ** খ্রীষ্টীয় অষ্টম শতাব্দীর শেষার্ধে কনৌজকে কেন্দ্র করিয়া পাল, প্রতিহার ও রাষ্ট্রকূট—ভারতবর্ষের এই তিনটি প্রধান শক্তির মধ্যে দীর্ঘকালব্যাপী যে সংঘর্ষ চলিয়াছিল, ইতিহাসে তাহা 'ত্রিশক্তি সংঘর্ষ' নামে পরিচিত।

খ্রীষ্টীয় অষ্টম শতাব্দীর মধ্যভাগ হইতে উত্তর ভারতের আধিপত্যের প্রতীক ছিল 'মহোদয়শ্রী' নামে পরিচিত কনৌজ নগরী। এই সময় হইতে শুরু করিয়া গুর্জর প্রতিহারগণ কর্তৃক দ্বিতীয় কনৌজ সাম্রাজ্য প্রতিষ্ঠার পূর্ব পর্যন্ত কনৌজের অধিকার লইয়া বাংলার পালবংশ, দক্ষিণ ভারতের রাষ্ট্রকূটবংশ এবং পশ্চিম ভারতের প্রতিহারবংশ নিরন্তর সংগ্রামে লিপ্ত ছিল। প্রতিহার নরপতি বৎসরাজ (আঃ ৭৩৮—৭৯৪ খ্রীঃ) এবং পাল সম্রাট ধর্মপালের (আঃ ৭৭০—৮১০ খ্রীঃ) মধ্যে কনৌজ অধিকার লইয়া যে সংঘর্ষের সূত্রপাত হয়, তাহাতে ধর্মপাল পরাজিত হন। কিন্তু ধর্মপাল সম্পূর্ণভাবে পরাজিত হওয়ার পূর্বে রাষ্ট্রকূটরাজ ধ্রুব (আঃ ৭৭৯—৭৯৩ খ্রীঃ) দক্ষিণভারত হইতে দ্রুত ধাবমান হইয়া প্রথমে বৎসরাজ এবং পরে ধর্মপালকে পরাজিত করেন। কিন্তু ধ্রুব অনতিকালের মধ্যে দাক্ষিণাত্যে প্রত্যাবর্তন করিলে, ধর্মপাল পুনরায় কনৌজের উপর তাঁহার অধিকার বিস্তার করিতে সক্ষম হন। তিনি কনৌজ আক্রমণ করিয়া তাঁহাকে নিজের অধীনে আনেন এবং কনৌজরাজ ইন্দ্রায়ুধকে বিতাড়িত করিয়া তাঁহার আশ্রিত চক্রায়ুধকে সিংহাসনে বসান। এইভাবে সাময়িকভাবে কনৌজের উপর বাংলার কর্তৃত্ব প্রতিষ্ঠিত হয়।

কিন্তু নবম শতাব্দীর প্রথমে বৎসরাজের পুত্র প্রতিহাররাজ দ্বিতীয় নাগভট্ট (আঃ ৮০৫—৮৩৩ খ্রীঃ) অন্যান্য মিত্রশক্তির সাহায্যে কনৌজ অধিকার করেন। তিনি ধর্মপালের আশ্রিত চক্রায়ুধকে পরাস্ত করিয়া পুনরায় ইন্দ্রায়ুধকে সিংহাসনে বসান। ইহার পর তিনি পূর্বদিকে অগ্রসর হইয়া মুঙ্গেরের কাছে ধর্মপালকে পরাজিত করেন।

কিন্তু এইবারও দাক্ষিণাত্যের রাষ্ট্রকূটরাজ তৃতীয় গোবিন্দ ( আঃ ৭৯৩—৮১৪ খ্রীঃ ) আসিয়া দ্বিতীয় নাগভট্টকে পরাজিত করেন। তৃতীয় গোবিন্দ দাক্ষিণাত্যে ফিরিয়া গেলে, ধর্মপাল পুনরায় উত্তর ভারতে স্বীয় আধিপত্য বিস্তারে সচেষ্ট হন। ধর্মপালের পুত্র দেবপালের রাজত্বকালেও কনৌজ পাল সম্রাটদের অধীনে ছিল। কিন্তু দেবপালের মৃত্যুর পর প্রতিহারগণ পুনরায় কনৌজে তাঁহাদের অধিকার বিস্তার করিতে সক্ষম হন।

## (৫) বিখ্যাত পাল ও সেনরাজগণ

**ধর্মপাল ( ৭৭০—৮১০ খ্রীঃ ) :** গোপালের পর তাঁহার পুত্র ধর্মপাল বাংলার সিংহাসনে আরোহণ করেন। তাঁহার সময় হইতে পালবংশের সাম্রাজ্য বিস্তার আরম্ভ হয়। ধর্মপাল সাম্রাজ্য প্রতিষ্ঠাকল্পে পশ্চিমদিকে রাজ্যবিস্তারে অগ্রসর হন। কনৌজ ও উত্তর ভারতের অধিকার লইয়া তাঁহার সময়ে পাল, প্রতিহার ও রাষ্ট্রকূটদের মধ্যে ত্রিদলীয় সংগ্রাম শুরু হয়। ধর্মপাল কনৌজের রাজা ইন্দ্রায়ুধকে পরাজিত করিয়া চক্রায়ুধকে কনৌজের সিংহাসনে বসান। চক্রায়ুধের অভিষেক অনুষ্ঠানে যে সমস্ত রাজগণ উপস্থিত ছিলেন তাঁহারা সকলেই ধর্মপালের প্রাধান্য স্বীকার করিয়া লইয়াছিলেন। ইহাদের মধ্যে ভোজ, মদ্র, কুরু, মৎস, অবন্তী, গান্ধার প্রভৃতি রাজ্যের নৃপতিগণ উল্লেখযোগ্য। সুতরাং ধর্মপাল উত্তর ভারতে আধিপত্য বিস্তার করিতে সক্ষম হইয়াছিলেন। নবম শতাব্দীর শেষদিকে দ্বিতীয় নাগভট্ট প্রতিহার রাজ্যের শক্তি বৃদ্ধি করিয়া বঙ্গদেশ অভিমুখে অগ্রসর হন। মুঙ্গেরের নিকটে তিনি ধর্মপালকে পরাজিত করেন। এই সময়ে রাষ্ট্রকূটরাজ তৃতীয় গোবিন্দ সসৈন্যে উত্তরভারতে উপস্থিত হইয়া দ্বিতীয় নাগভট্টকে সম্পূর্ণরূপে পরাজিত করিলে বঙ্গদেশ বিপর্যয়ের হাত হইতে রক্ষা পায়। ফলে ধর্মপাল উত্তর ভারতে তাঁহার আধিপত্য পুনঃ প্রতিষ্ঠা করিতে সমর্থ হন।

রাজ্য বিস্তার

ধর্মপাল বিক্রমশীলার বিখ্যাত বৌদ্ধবিহার নির্মাণ করাইয়াছিলেন। পাহাড়পুরের সোমপুরী বিহারও তাহার আমলেই নির্মিত হয়। তাঁহার পৃষ্ঠপোষকতায় বৌদ্ধধর্মের প্রভাব বৃদ্ধি পায়। বৌদ্ধ হইলেও তিনি অন্যধর্মের প্রতি শ্রদ্ধাশীল ছিলেন। তাঁহার প্রধান মন্ত্রী ছিলেন ব্রাহ্মণ।

বৌদ্ধধর্মের প্রভাব বৃদ্ধি

**দেবপাল ( ৮১০—৮৫০ খ্রীঃ ) :** ধর্মপালের পুত্র দেবপাল ছিলেন পালবংশের শ্রেষ্ঠ নরপতি। একাধিক সামরিক অভিযানের ফলে সমগ্র উত্তর ভারতে তাঁহার সাম্রাজ্য প্রতিষ্ঠিত হইয়াছিল। তাঁহার সেনাপতি লাউসেন কামরূপ ও কলিঙ্গ রাজ্য জয় করিয়াছিলেন। তিনি প্রতিহাররাজ মিহিরভোজ ও রাষ্ট্রকূটরাজ প্রথম অমোঘবর্ষকে পরাজিত করেন। কাহারও কাহারও মতে দেবপাল পাণ্ড্যরাজ শ্রীমার শ্রীবল্লভকে পরাজিত করেন। সম্ভবতঃ তিনি হূণদিগকেও পরাজিত করিয়াছিলেন। এমন কি দেবপালের খ্যাতি ভারতের বাহিরেও ছড়াইয়া পড়িয়াছিল। যাভা:

সুমাত্রা ও মালয়ের শৈলেন্দ্রবংশীয় রাজা বালপুত্রদেব নালন্দায় একটি বৌদ্ধবিহার নির্মাণ করাইয়াছিলেন এবং ইহার ব্যয় নির্বাহের জন্য পাঁচ-

রাজ্যজয়

খানি গ্রাম চাহিয়া দেবপালের রাজসভায় দূত প্রেরণ করিয়াছিলেন। দেবপাল এই প্রস্তাবে সম্মতি দিয়াছিলেন।

দেবপালের আমলের কয়েকটি তাম্রশাসন ও শিলালিপি এবং দানপত্র মুঙ্গের ও নালন্দায় আবিষ্কৃত হইয়াছে। এইগুলি হইতে দেবপালের রাজত্বের অনেক ঘটনা জানা যায়। সম্ভবতঃ মুঙ্গের দেবপালের অন্যতম রাজধানী ছিল। আরব লেখক সুলেমান বলিয়াছেন যে দেবপালের সৈন্যদল প্রতিহার ও রাষ্ট্রকূট রাজ্যের সৈন্যদল অপেক্ষা অধিকতর শক্তিশালী ছিল। তাঁহার সৈন্যদলে প্রায় ৫৫,০০০ হস্তী ছিল।

বিদ্যানুরাগ ও দানশীলতা

দেবপাল বিদ্যোৎসাহী ও দানশীল ছিলেন। নালন্দা বিশ্ববিদ্যালয়ের উন্নতিকল্পে তিনি অর্থ সাহায্য করিতেন। তাঁহার সময়ে পালবংশ গৌরবের শীর্ষে উঠিয়াছিল।

**প্রথম মহীপাল** ( আঃ ৯৮৮—১০৩৮ খ্রীঃ ): দশম শতাব্দীর শেষভাগে যখন পালরাজবংশের দুর্দশা ও অবনতি চরমসীমায় পৌঁছিয়াছিল, তখন দ্বিতীয় বিগ্রহপালের পুত্র মহীপাল পিতৃ-সিংহাসনে আরোহণ করেন (আঃ ৯৮৮ খ্রীঃ)। তাঁহার অর্ধশতাব্দীব্যাপী রাজত্বকালে পালরাজবংশের সৌভাগ্য রবি আবার উদিত হইয়াছিল। কুমিল্লার নিকটবর্তী বাঘাউরা ও নারায়ণপুর গ্রামে একটি বিষ্ণু ও একটি গণেশ মূর্তির পাদপীঠে যথাক্রমে তৃতীয় ও চতুর্থ সংবৎসর উৎকীর্ণ মহীপালের দুইখানি লিপি হইতে প্রমাণিত হয় যে, সিংহাসনে আরোহণের দুই তিন বৎসরের মধ্যেই তিনি পূর্ববঙ্গ পুনরাধিকার করিয়াছিলেন। উত্তর বা পশ্চিমবঙ্গ

রাজ্যজয়

জয় না করিয়া তিনি পূর্ববঙ্গ যাইতে পারেন নাই। তাঁহার রাজত্বের নবম বৎসরে উৎকীর্ণ বাণগড় লিপি হইতে প্রমাণিত হয় যে, উত্তরবঙ্গ তাঁহার অধীন ছিল।

কিন্তু সমগ্র বঙ্গদেশ জয় করিবার পূর্বেই দক্ষিণ ভারতের পরাক্রান্ত চোলরাজ রাজেন্দ্র মহীপালের রাজ্য আক্রমণ করিলেন। চোলরাজগণের ন্যায় শক্তিশালী রাজবংশ তখন ভারতবর্ষে আর ছিল না। মহীপাল ভীত হইয়া রণস্থল ত্যাগ করিলেন। চোল সেনাপতি উত্তর রাঢ় অধিকার করিয়া গঙ্গাতীরে উপনীত হইলেন। চোলরাজের সভাকবি এই অভিযানের যে বর্ণনা দিয়াছেন, তাহাতে অনুমিত হয়, গঙ্গাজল সংগ্রহ করা ছাড়া ইহার আর কোন উদ্দেশ্য ছিল না। তামিল ঐতিহাসিকগণও স্বীকার করেন যে, এই অভিযানে আর কোনও স্থায়ী ফল লাভ হয় নাই। চোল প্রশস্তিতে বাংলায় চোলরাজের প্রভুত্ব বা প্রতিষ্ঠার কোন উল্লেখ নাই। ঐতিহাসিক ডঃ রমেশচন্দ্র মজুমদার বলেন, "হয়ত বঙ্গজয় চেষ্টা সফল হয় নাই বলিয়াই চোলরাজের সভাকবি পরাজয় ও ব্যর্থতার কলঙ্ক গঙ্গাজল দিয়া ধুইয়া ফেলিতে চেষ্টা করিয়াছিলেন।"

মহীপাল দক্ষিণ রাঢ় ও দক্ষিণবংগ জয় করিয়া সমগ্র বংগে তাঁহার অধিকার প্রতিষ্ঠা করিতে পারিয়াছিলেন কিনা তাহা সঠিক জানা যায় না। মিথিলাও ( উত্তর বিহার ) মহীপালের রাজ্যভুক্ত ছিল। ১০২৬ খ্রীষ্টাব্দে মহীপালের অধিকার বারাণসী পর্যন্ত বিস্তৃত হইয়াছিল। কিন্তু ইহার অল্পকাল পরেই কলচুরিরাজ গাংগেয়দেব মহীপালকে পরাজিত করিয়া বারাণসী অধিকার করেন। তৎকালে রাজেন্দ্র চোল ও গাংগেয়দেবের ন্যায় দিগ্বিজয়ী বীর ভারতবর্ষে আর কেহ ছিলেন না। পালরাজ্যকে আসন্ন ধ্বংস হইতে রক্ষা করিয়া তিনি বংগদেশের পূর্ব সীমান্ত হইতে বারাণসী পর্যন্ত বিস্তৃত ভূ-ভাগ ও মিথিলায় পালরাজ্যের অধিকার প্রতিষ্ঠা করিয়াছিলেন। তারপর ভারতের দুই প্রবল শক্তির সহিত প্রতিদ্বন্দ্বিতা করিয়া তিনি এই রাজ্যের অধিকাংশ রক্ষা করিতে সমর্থ হইয়াছিলেন। ইহাই মহীপালের কৃতিত্বের শ্রেষ্ঠ পরিচয়।

**রামপাল (১০৮৪—১১৩০ খ্রীঃ ) ঃ** দ্বিতীয় মহীপালের মৃত্যুর পর তাঁহার ভ্রাতা শূরপাল অল্পকাল রাজত্ব করেন। তারপর তাঁহার কনিষ্ঠ ভ্রাতা রামপাল রাজা হন। কৈবর্তদের বিরুদ্ধে সৈন্য সংগ্রহের জন্য রামপাল সামন্তরাজগণের সাহায্য প্রার্থনা করিলেন। রামপালের প্রধান সহায়ক ছিলেন তাঁহার মাতুল মহল। রামপাল দক্ষিণ-বংগ হইতে বারেন্দ্র আক্রমণ করেন। এইবার কৈবর্তরাজ ভীম সসৈন্যে রামপালকে বাধা দিলে উভয়পক্ষে ভীষণ যুদ্ধ হইল। হস্তী পৃষ্ঠ হইতে যুদ্ধ করিতে করিতে শেষ পর্যন্ত ভীম রামপালের হস্তে বন্দী হইলেন। ইহাতে কৈবর্তদের সৈন্যদল ছত্রভংগ হইয়া পড়িল। এই যুদ্ধে রামপালেরই জয় হইল। রামপালের আদেশে বহু শরাঘাতে ভীমকে বধ করা হইল। বহুকাল পরে রামপাল পিতৃভূমি ফিরিয়া পাইলেন। তিনি প্রথমে রাজ্যে শান্তি ও শৃংখলা ফিরাইয়া আনিলেন। তিনি প্রজাদের করভার লাঘব করিয়া কৃষির উন্নতি বিধান করিলেন। মালদহের নিকটবর্তী রামাবতী নগরীতে তিনি এক রাজধানী প্রতিষ্ঠা করেন। স্বীয় শক্তিবলে রামপাল পাল সাম্রাজ্যের লুপ্ত গৌরব ফিরাইয়া আনিয়াছিলেন।

কৈবর্ত যুদ্ধ

এইবার তিনি রাজ্যবিস্তারে যত্নবান হইলেন। বিক্রমপুরের বর্মরাজ বিনা যুদ্ধেই রামপালের বশ্যতা স্বীকার করিলেন। তারপর কামরূপ তাঁহার অধিকারভুক্ত হয়। এইভাবে পূর্বদিকে সীমান্ত প্রদেশ জয় করিয়া রামপাল দক্ষিণদিকে অগ্রসর হইলেন। রাঢ় দেশের সামন্তগণ রামপালের অধীনতা স্বীকার করিয়াছিলেন। তাঁহাদের সাহায্যে রামপাল উড়িষ্যা অধিকার করিলেন। রামচরিত মতে রামপাল উৎকল জয় করিয়া কলিংগদেশ পর্যন্ত স্বীয় প্রভুত্ব প্রতিষ্ঠা করেন। সম্ভবতঃ অঙ্গ ও মগধও তাঁহার রাজ্যভুক্ত ছিল। বারাণসীর গাহড়বালরাজ গোবিন্দচন্দ্রের সহিত তাঁহার সংঘর্ষ ঘটিয়াছিল।

রাজ্যবিস্তার

রামপাল প্রজাহিতৈষী সুশাসক ছিলেন। নিজের বাহুবলে তিনি খণ্ড-বিখণ্ড

বঙ্গদেশে সুদৃঢ় রাজশক্তি প্রতিষ্ঠা করিতে সমর্থ হইয়াছিলেন। প্রকৃতপক্ষে তিনিই পালবংশের শেষ শক্তিশালী রাজা। তাঁহার পর পাল-বংশের আরও কয়েকজন রাজা রাজত্ব করেন। কিন্তু তাঁহারা ছিলেন অত্যন্ত দুর্বল। অবশেষে সেনবংশীয় রাজগণ কর্তৃক পাল সাম্রাজ্য সম্পূর্ণরূপে অধিকৃত হইয়া যায়।

প্রজাহিতৈষী শাসক

**সেনরাজবংশের উৎপত্তি ঃ** পালবংশের পতনের পর বাংলায় সেনরাজাদের প্রভুত্ব স্থাপিত হয়। সেনগণ প্রথমে বাঙ্গালী ছিলেন না। তাঁহাদের পূর্বপুরুষগণ দাক্ষিণাত্যের অন্তর্গত কর্ণাট দেশের অধিবাসী ছিলেন। সেনরাজাদের শিলালিপি হইতে জানা যায় যে তাঁহারা জাতিতে ব্রহ্মক্ষত্রিয় ছিলেন। সামন্ত সেনই প্রথমে কর্ণাট হইতে বঙ্গদেশে আসিয়া গঙ্গাতীরে বাস করেন। তাঁহার পুত্র হেমন্ত সেন খুব সম্ভবতঃ পালরাজ রামপালের অধীনে একজন সামন্ত ছিলেন। পরে পাল-রাজগণের দুর্বলতার সুযোগে রাঢ়দেশে একটি স্বাধীন রাজ্য প্রতিষ্ঠা করিতে সমর্থ হইয়াছিলেন। সুতরাং হেমন্ত সেনই এই বংশের প্রথম রাজা ছিলেন।

**বিজয় সেন ( ১০৯৫—১১৫৮ খ্রীঃ ) ঃ** হেমন্ত সেনের মৃত্যুর পর তাঁহার পুত্র বিজয় সেন সিংহাসনে আরোহণ করেন। প্রথমে তিনি সামন্তরাজ হিসাবেই দেশ শাসন করিয়াছিলেন। প্রকৃতপক্ষে বিজয় সেনের সময় হইতেই সেনবংশের গৌরবের সূচনা হয়। বিজয় সেন শূরবংশীয় রাজকন্যা বিলাসদেবীকে বিবাহ করিয়া রাঢ়দেশে স্বীয় অধিকার প্রতিষ্ঠা করিবার সুযোগ পাইয়াছিলেন। তিনি বর্মরাজকে পরাজিত করিয়া পূর্ব ও দক্ষিণবঙ্গ অধিকার করেন। সম্ভবতঃ তিনি মিথিলা ও গৌড় অধিকার করিয়াছিলেন। তিনি কামরূপরাজকে দূরীভূত ও কলিঙ্গরাজকে পরাজিত করেন। তিনি পালবংশীয় শেষ রাজা মদনপালকে পরাজিত করেন। এইভাবে বিজয় সেন প্রায় সমগ্র বঙ্গদেশে এক অখণ্ড রাজ্য প্রতিষ্ঠা করিতে সমর্থ হইয়াছিলেন। তিনি 'পরমেশ্বর পরম ভট্টারক' ও 'মহারাজা' উপাধি গ্রহণ করিয়াছিলেন।

রাজ্যজয়

বিজয় সেনের রাজধানী ছিল দুইটি। পশ্চিমবঙ্গে তাঁহার রাজধানী ছিল বিজয়পুরে এবং পূর্ববঙ্গে তাঁহার রাজধানী ছিল বিক্রমপুরে।

পালবংশের দুর্বলতার সুযোগে বঙ্গদেশে যখন ব্যাপক বিশৃঙ্খলা, অশান্তি ও অরাজকতা দেখা দিয়াছিল বিজয় সেন সেখানে দৃঢ়হস্তে শান্তি ও শৃঙ্খলা স্থাপন করিতে সমর্থ হইয়াছিলেন। বিজয় সেন তাঁহার রাজ্যে কঠোর শাসন প্রবর্তন করেন। তাঁহার রাজত্বকালে প্রজাগণ সুখে ও শান্তিতে বসবাস করিত। তিনি রাজসাহী জেলার অন্তর্গত দেওপাড়া নামক স্থানে প্রদ্যুম্নেশ্বরের এক প্রকাণ্ড মন্দির নির্মাণ করিয়াছিলেন। সমসাময়িক কবি উমাপতি ধরের রচনা ও 'বিজয় প্রশস্তি' রচয়িতা শ্রীহর্ষের বিবরণ হইতে বিজয় সেনের বিভিন্ন কার্যাবলী ও কৃতিত্বের কথা জানা যায়।

সুশাসন প্রতিষ্ঠা

বিজয় সেনের মৃত্যুর পর তাঁহার পুত্র বল্লাল সেন ( ১১৫৮—১১৭৯ খ্রীঃ ) সিংহাসনে আরোহণ করেন।

**লক্ষ্মণ সেন** ( ১১৭৯—১২০৫ খ্রীঃ ) : বল্লাল সেনের মৃত্যুর পর তাঁহার পুত্র লক্ষ্মণ সেন বাংলার সিংহাসনে আরোহণ করেন। সেই যুগের তাম্রশাসন ও ঐতিহাসিক মিনহাজ-উস-সিরাজ লিখিত 'তবাকাৎ-ই-নাসিরী' নামক গ্রন্থ হইতে লক্ষ্মণ সেনের রাজত্বকালের অনেক ঘটনা জানা যায়। তিনি যখন যুবরাজ ছিলেন সেই সময়ই তিনি কলিঙ্গ জয় করেন। কাশীরাজ তাঁহার নিকট পরাজিত হন এবং কামরূপরাজ তাঁহার বশ্যতা স্বীকার করেন। তাঁহার রাজধানী ছিল লক্ষ্মণাবতী আর উপাধি ছিল গৌড়েশ্বর। ইহা হইতে মনে হয় লক্ষ্মণ সেন সমগ্র গৌড়দেশ জয় করিয়াছিলেন। মগধেও তাঁহার রাজ্য বিস্তার লাভ করিয়াছিল। এইভাবে উত্তরে গৌড়, পূর্বে কামরূপ ও দক্ষিণে কলিঙ্গরাজকে পরাভূত করিয়া তিনি পৈতৃক রাজ্য সুদৃঢ় করেন। তিনি পুরী, প্রয়াগ ও কাশীতে 'সমর জয় স্তম্ভ' স্থাপিত করিয়াছিলেন।

রাজ্য বিস্তার

রণনিপুণ হইয়াও রাজা লক্ষ্মণ সেন শাস্ত্র ও ধর্মচর্চায় পিতার উপযুক্ত পুত্র ছিলেন। বল্লাল সেন তাঁহার 'অদ্ভুতসাগর' গ্রন্থ সমাপ্ত করিয়া যাইতে পারেন নাই। লক্ষ্মণ সেন ঐ গ্রন্থখানি লিখিয়া সমাপ্ত করেন। ইহা হইতে তাঁহার সাহিত্য নিপুণতার পরিচয় পাওয়া যায়। তিনি সুকবি ও বিদ্যোৎসাহী ছিলেন। রাজকীয় মর্যাদায় রাজসভার প্রয়োজনীয়তা উপলব্ধি করিয়া তিনি তাঁহার রাজসভায় সমসাময়িক কবি ও সাহিত্যিকদের স্থান দিয়াছিলেন। প্রসিদ্ধ বাঙ্গালী বৈষ্ণব কবি জয়দেব ও কবি ধোয়ী, শরণ, উমাপতি ধর প্রভৃতি তাঁহার রাজসভা অলঙ্কৃত করিয়াছিলেন। সমসাময়িক প্রসিদ্ধ পণ্ডিত হলায়ুধ ছিলেন লক্ষ্মণ সেনের প্রধান বিচারপতি। লক্ষ্মণ সেন বৈষ্ণব ধর্মের অনুরাগী ছিলেন এবং 'পরম বৈষ্ণব' উপাধি গ্রহণ করিয়াছিলেন।

সাহিত্যানুরাগ

বৃদ্ধবয়সে গঙ্গাতীরে বাস করিবার উদ্দেশ্যে তিনি নবদ্বীপে গমন করেন। এই সময়ে আভ্যন্তরীণ বিরোধের ফলে সেনবংশের পতনের সূত্রপাত হয়। কুতুবউদ্দিনের সেনাপতি ইখ্‌তিয়ারউদ্দিন মহম্মদ বিন-বখ্‌তিয়ার-খলজী মগধ অধিকার করিবার পর লক্ষ্মণ সেনকে বন্দী করিবার উদ্দেশ্যে এক অশ্বারোহী সৈন্যদল সহ আনুমানিক ১২০২ খ্রীষ্টাব্দে অতর্কিতে নদীয়া আক্রমণ করেন। নিরুপায় হইয়া লক্ষ্মণ সেন নদীয়া ত্যাগ করিয়া পূর্ববঙ্গে গমন করেন। সেখানে তিন তিনি-চারি বৎসর রাজত্ব করিয়াছিলেন। লক্ষ্মণ সেন পূর্ব বাংলায় গিয়াও মুসলমান আক্রমণের সম্মুখীন হইয়াছিলেন। কিন্তু বৃদ্ধবয়সেও তিনি সেই আক্রমণ প্রতিহত করিয়া কিছুকাল পর্যন্ত সেখানে স্বাধীনভাবে রাজত্ব করিয়া নিজ মর্যাদা রক্ষা করিয়াছিলেন। বর্তমান কালের ঐতিহাসিকগণ মন্তব্য করিয়াছেন যে লক্ষ্মণ সেন যদিও আকস্মিক আক্রমণে নদীয়া ত্যাগ করিতে বাধ্য হইয়াছিলেন, তথাপি দেশরক্ষার জন্য তিনি যে চেষ্টা করিয়াছিলেন তাহাতে তাঁহার স্বদেশপ্রেমের পরিচয় পাওয়া যায়। ১২০৫ খ্রীষ্টাব্দে তিনি মৃত্যুমুখে পতিত হন।

বখতিয়ার খলজীর নদীয়া আক্রমণ

লক্ষ্মণ সেনের মৃত্যুর পর তাঁহার দুই পুত্র বিশ্বরূপ সেন ও কেশব সেন রাজত্ব করেন। সেনবংশীয় রাজগণ পূর্ববাংলায় ১২৬০ খ্রীষ্টাব্দ পর্যন্ত রাজত্ব করিয়াছিলেন।

## (খ) দাক্ষিণাত্য

(১) **বাদামীর ( বাতাপি ) পূর্ববর্তী চালুক্য বংশ ঃ** খ্রীষ্টীয় ষষ্ঠ শতাব্দীতে চালুক্য বংশের নেতৃত্বে দক্ষিণ ভারতে একটি নূতন রাষ্ট্র প্রতিষ্ঠিত হয়। চালুক্য বংশ প্রায় দুই শতাব্দী যাবৎ দক্ষিণ ভারতের বিস্তীর্ণ অঞ্চলে রাজত্ব করে। কোন কোন ঐতিহাসিকের মতে চালুক্যগণ অযোধ্যার ক্ষত্রিয় বংশোদ্ভুত, অন্যদের মতে তাহারা রাজপুতবংশ হইতে উদ্ভুত। বর্তমান মহারাষ্ট্রের বিজাপুর জেলার অন্তর্গত বাদামী ( বাতাপি ) নগর চালুক্যবংশের প্রথম রাজধানী ছিল। এইজন্যই চালুক্যগণ বাদামীর চালুক্যবংশ নামে পরিচিত। চালুক্যবংশের প্রকৃত প্রতিষ্ঠাতা ছিলেন মহারাজ প্রথম পুলকেশী ( আঃ ৫৩৫-৫৬৬ খ্রীঃ )। তিনি অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠান করিয়া এই রাজবংশের প্রভাব বিস্তারের পথ প্রশস্ত করেন। পরবর্তী চালুক্যরাজ প্রথম কীর্তিবর্মণ ( আঃ ৫৬৬-৫৯৭ খ্রীঃ ) অসাধারণ সামরিক প্রতিভাবলে চালুক্যরাজ্যের পরিধি বিস্তৃত করেন। উত্তরে বংগোপসাগর হইতে দক্ষিণে তামিল রাজ্যসমূহের সীমান্ত পর্যন্ত তাঁহার সাম্রাজ্য বিস্তৃত ছিল। পরবর্তী চালুক্য সম্রাট কীর্তিবর্মণের ভ্রাতা মঙ্গলেশ (আঃ ৫৯৭-৬১০ খ্রীঃ ) দক্ষিণ ভারতের বিস্তৃত অঞ্চলে চালুক্য সাম্রাজ্য বিস্তার করেন।

প্রথম পুলকেশী

প্রথম কীর্তিবর্মন

মঙ্গলেশ

(২) **দ্বিতীয় পুলকেশীর কৃতিত্ব** ( ৬১০-৬৪২ খ্রীঃ ) ঃ—মংগলেশ তাঁহার পুত্রকে সিংহাসনের উত্তরাধিকার দানের চেষ্টা করিলে, তাঁহার ভ্রাতুষ্পুত্র কীর্তিবর্মণের পুত্র দ্বিতীয় পুলকেশী তাহাতে বাধা দেন এবং মংগলেশের পুত্রকে পরাজিত ও নিহত করিয়া চালুক্যসিংহাসনে আরোহণ করেন। দ্বিতীয় পুলকেশীই ছিলেন চালুক্য বংশের সর্বশ্রেষ্ঠ নরপতি। কনোজরাজ হর্ষবর্ধন দাক্ষিণাত্য জয়ের জন্য অগ্রসর হইলে দ্বিতীয় পুলকেশী নর্মদার তীরে তাঁহাকে বাধা দেন। হর্ষবর্ধন সম্পূর্ণ ভাবে পরাজিত হইয়া দাক্ষিণাত্য জয়ের আশা ত্যাগ করিয়া স্বদেশে প্রত্যাবর্তন করেন। এই বিজয়ের ফলে দ্বিতীয় পুলকেশীর সামরিক খ্যাতি দক্ষিণ ভারতে ছড়াইয়া পড়ে। ক্রমে মহাকোশল ( বর্তমান মধ্যপ্রদেশ ), কলিংগ এবং ব্রোচ তাঁহার সাম্রাজ্যের অন্তর্ভুক্ত হয়। পল্লবরাজ প্রথম মহেন্দ্রবর্মণকে তিনি পরাজিত করিলে, দাক্ষিণাত্যের তামিলরাজ্য পর্যন্ত চালুক্য সাম্রাজ্যের প্রভাব বিস্তৃত হয়। বিখ্যাত চৈনিক পর্যটক হিউ-এন-সাঙ্ দ্বিতীয় পুলকেশীর আমলেই দক্ষিণ ভারত ভ্রমণে আসেন। হিউ-এন-সাঙের মতে দ্বিতীয় পুলকেশী তৎকালীন দক্ষিণ ভারতের সর্বশ্রেষ্ঠ নৃপতি ছিলেন। দ্বিতীয় পুলকেশীর খ্যাতি ভারতের বাহিরেও বিস্তার লাভ করিয়াছিল। কথিত আছে যে তিনি পারস্য সম্রাট দ্বিতীয় খসরুর সংগে মৈত্রী বন্ধনে আবদ্ধ হন। কিন্তু সম্রাট দ্বিতীয় পুলকেশীর জীবন মর্মান্তিকভাবে শেষ হয়। ৬৪২ খ্রীষ্টাব্দে পল্লবরাজ নরসিংহবর্মণ বাদামী বিধ্বস্ত করিয়া দ্বিতীয় পুলকেশীকে নিহত করেন। দ্বিতীয় পুলকেশীর মৃত্যুর পর সামরিকভাবে চালুক্যবংশের প্রভাব স্তিমিত হইয়া পড়ে। খ্রীষ্টীয় সপ্তম শতাব্দীর মধ্যভাগে বাদামীর পরবর্তী চালুক্যরাজগণ পুনরায় প্রতিষ্ঠা লাভ করেন।

সামরিক দক্ষতা

কিন্তু চালুক্য-পল্লব সংঘর্ষ অষ্টম শতাব্দীর মধ্যভাগ পর্যন্ত চলে। পরিশেষে রাষ্ট্রকূটদের অভ্যুত্থানের ফলে খ্রীষ্টীয় অষ্টম শতাব্দীর মধ্যভাগে ( ৭৫৭ খ্রীঃ ) চালুক্য শাসনের অবসান ঘটে।

(৩) **রাষ্ট্রকূট বংশঃ** রাষ্ট্রকূটগণের সঠিক পরিচয় এবং আদি নিবাস সম্পর্কে কিছু জানা যায় না। তাঁহারা নিজেদের ক্ষত্রিয় বলিয়া দাবী করিতেন। তাঁহারা নাসিক ও তাহার নিকটবর্তী অঞ্চলে প্রথমে প্রাধান্য লাভ করিতে থাকেন। এই সময়ে রাষ্ট্রকূট নায়ক ইন্দ্র চালুক্য রাজকুমারীকে বিবাহ করিলে রাষ্ট্রকূটগণের মর্যাদা বৃদ্ধি পায়। তাঁহার পুত্র দন্তিদুর্গ অষ্টম শতাব্দীর মধ্যভাগে ( ৭৫৩ খ্রীঃ ) চালুক্যরাজ দ্বিতীয় কীর্তিবর্মণকে সম্পূর্ণরূপে পরাজিত করিয়া চালুক্যবংশকে উচ্ছেদ করেন এবং রাষ্ট্রকূট রাজ্য প্রতিষ্ঠা করেন। তিনি মান্যখেতে তাঁহার রাজধানী স্থাপন করেন। তিনি মালব ও গুজরাট অধিকার করেন।

রাষ্ট্রকূট বংশের উত্থান

দন্তিদুর্গের পর তাঁহার পিতৃব্য প্রথম কৃষ্ণ রাজা হন। তিনি দক্ষিণ কোংকন অধিকার করিয়া রাজ্যকে আরও প্রসারিত করেন। প্রথম কৃষ্ণের পর তাঁহার পুত্র দ্বিতীয় গোবিন্দ রাজপদ লাভ করেন। তাঁহার ভ্রাতা ধ্রুব-র রাজত্বকালে রাষ্ট্রকূটগণের শক্তি বৃদ্ধি পায়। তিনি উত্তর ভারতে নিজের আধিপত্য বিস্তার করেন।

(৪) **তৃতীয় গোবিন্দ ও তৃতীয় কৃষ্ণের কৃতিত্ব ঃ**—ধ্রুব-র পুত্র তৃতীয় গোবিন্দ রাষ্ট্রকূট বংশের সর্বশ্রেষ্ঠ রাজা ছিলেন। তিনি পল্লবরাজ দন্তিবর্মণকে পরাজিত করিয়া সসৈন্যে উত্তর ভারতে অগ্রসর হন। তিনি গুর্জর-প্রতিহার নৃপতি নাগভট্টকে পরাজিত করেন। বাংলার রাজা ধর্মপাল এবং তাঁহার সামন্ত কনৌজের চক্রায়ুধ তৃতীয় গোবিন্দের প্রাধান্য স্বীকার করিতে বাধ্য হন। ইহার পর তিনি উত্তর ভারত হইতে প্রত্যাবর্তন করিয়া দাক্ষিণাত্যের কয়েকটি দেশ অধিকার করেন। ফলে দাক্ষিণাত্যেও তাঁহার প্রভুত্ব বৃদ্ধি পায়।

তৃতীয় গোবিন্দ

তৃতীয় গোবিন্দের পুত্র প্রথম অমোঘবর্ষ ছিলেন শান্তিপ্রিয় রাজা। পরবর্তী কয়েকজন দুর্বল রাজার আমলে রাষ্ট্রকূট শক্তি নিষ্প্রভ হইয়া পড়িয়াছিল। তৃতীয় ইন্দ্র সাময়িকভাবে রাষ্ট্রকূট শক্তিকে পুনরুজ্জীবিত করিলেও ইহার কোন স্থায়ী ফল হয় নাই।

এই বংশের শেষ পরাক্রমশীল রাজা ছিলেন তৃতীয় কৃষ্ণ। তিনি চোলরাজকে পরাজিত ও নিহত করেন। তৃতীয় কৃষ্ণ দক্ষিণে কাঞ্চী ও তাঞ্জোর অধিকার করেন। ইহাই রাষ্ট্রকূটগণের শেষ বিস্তৃতি। ইহার পর অবিরাম যুদ্ধে রাষ্ট্রকূট রাজ্য অন্তঃসার শূন্য হইয়া পড়ে।

তৃতীয় কৃষ্ণ

**কল্যাণীর পরবর্তী চালুক্যগণ ঃ**—রাষ্ট্রকূট বংশের শেষ রাজা চতুর্থ অমোঘবর্ষকে পরাজিত ও বিতাড়িত করিয়া চালুক্য বংশীয় দ্বিতীয় তৈলপ ৯৭৩ খ্রীষ্টাব্দে কল্যাণীর চালুক্য বংশ প্রতিষ্ঠা করেন। কল্যাণীর চালুক্যগণ বাদামী চালুক্যবংশেরই একটি শাখা। হায়দ্রাবাদের অন্তর্গত কল্যাণী ছিল ইহাদের রাজধানী।

তৈলপের পুত্র সত্যাশ্রয় চোল অধিপতি রাজরাজের আক্রমণ প্রতিহত করিয়া রাজ্যকে সুদৃঢ় করেন। সত্যাশ্রয়ের পুত্র দ্বিতীয় জয়সিংহ ও জয়সিংহের পুত্র প্রথম সোমেশ্বরের রাজত্বকালেও রাজ্যের সুনাম অক্ষুন্ন থাকে।

সোমেশ্বরের পুত্র ষষ্ঠ বিক্রমাদিত্য ছিলেন এই বংশের পরাক্রমশালী নরপতি। তিনি তাঁহার ভ্রাতাদের পরাজিত করিয়া সিংহাসন অধিকার করেন। ষষ্ঠ বিক্রমাদিত্য ১০৭৬ খ্রীষ্টাব্দ হইতে ১১২৮ খ্রীষ্টাব্দ পর্যন্ত রাজত্ব করিয়াছিলেন। তিনি একজন সুদক্ষ এবং বিদ্যোৎসাহী নরপতি ছিলেন। 'বিক্রমাঙ্ক দেবচরিত' গ্রন্থের রচয়িতা বিহলন তাঁহার সভাকবি ছিলেন। 'মিতাক্ষরা' রচয়িতা বিজ্ঞানেশ্বর তাঁহার আনুকূল্য লাভ করিয়াছিলেন।

ষষ্ঠ বিক্রমাদিত্য

## (গ) দক্ষিণ ভারত

(১) **কাঞ্চীর পল্লব বংশ ঃ**—দক্ষিণ ভারতে চালুক্যদের প্রধান প্রতিদ্বন্দ্বী পল্লবদের রাজধানী ছিল ইতিহাসপ্রসিদ্ধ কাঞ্চী নগরীতে। খ্রীষ্টীয় ষষ্ঠ শতাব্দীর শেষভাগে পল্লবরাজ সিংহবিষ্ণু অবন্তিসিংহ একটি ঐক্যবদ্ধ রাজ্য স্থাপন করেন। সিংহবিষ্ণু দক্ষিণে কাবেরী নদীর তীর পর্যন্ত তাঁহার আধিপত্য বিস্তার করেন। পরবর্তী পল্লবরাজ মহেন্দ্রবর্মণের ( আঃ ৬০০-৬৩০ খ্রীঃ ) রাজত্বকাল হইতেই দক্ষিণ ভারতে পল্লব-চালুক্য প্রতিদ্বন্দ্বিতা শুরু হইয়াছিল। এই প্রতিদ্বন্দ্বিতা প্রায় দুই শতাব্দী যাবৎ স্থায়ী হইয়াছিল। পল্লব-চালুক্য প্রতিদ্বন্দ্বিতার প্রথম পর্যায়ে পল্লবরাজ মহেন্দ্রবর্মণ চালুক্যরাজ দ্বিতীয় পুলকেশীর নিকট পরাস্ত হন। কিন্তু মহেন্দ্রবর্মণের পুত্র নরসিংহবর্মণ ( আঃ ৬৩০—৬৬৮ খ্রীঃ ) যুদ্ধে দ্বিতীয় পুলকেশীকে পরাজিত ও নিহত করিয়া পিতার পরাজয়ের প্রতিশোধ গ্রহণ করেন। তিনি চালুক্য রাজধানী বাতাপি অধিকার করেন এবং সিংহল দ্বীপের বিরুদ্ধে অভিযান প্রেরণ করেন। তাঁহার রাজত্বকালেই চৈনিক পরিব্রাজক হিউ-এন-সাঙ্ পল্লব রাজধানী কাঞ্চী পরিদর্শন করেন।

সিংহবিষ্ণু অবন্তিসিংহ

মহেন্দ্রবর্মণ

পল্লব-চালুক্য-প্রতিদ্বন্দ্বিতা

নরসিংহ বর্মণ

নরসিংহবর্মণের মৃত্যুর পর হইতে পল্লবদের প্রতিপত্তি হ্রাস পাইতে থাকে। পল্লবরাজ প্রথম পরমেশ্বরবর্মণের ( আঃ ৬৭০—৬৯৫ খ্রীঃ ) সময় হইতে পল্লব-চালুক্য সংঘর্ষ পুনরায় বৃদ্ধিপ্রাপ্ত হয়। চালুক্যদের সহিত দীর্ঘকাল সংগ্রামে লিপ্ত হইবার ফলে পল্লবরাজ্য ক্রমশই শক্তিহীন হইয়া পড়িতে থাকে। এই অবস্থায় চোল, পাণ্ড্য এবং রাষ্ট্রকূটরাজগণ পল্লবদের পর্যায়ক্রমে আক্রমণ করিলে পল্লবরাজ্যের অস্তিত্ব বিপন্ন হইয়া পড়িল। নবম শতাব্দীর প্রথমভাগে রাষ্ট্রকূটরাজ তৃতীয় গোবিন্দ পল্লবরাজ দন্তিবর্মণকে পরাস্ত করেন। অবশেষে চোলরাজ আদিত্য পল্লব নরপতি অপরাজিত বর্মণকে পরাজিত করিলে স্বাধীন পল্লব রাজ্যের অবলুপ্তি ঘটিল।

প্রথম পরমেশ্বরবর্মণ

দন্তিবর্মণ ও অপরাজিত বর্মণ

(২) **তাঞ্জোরের চোলবংশ ঃ** চোলগণ সুদূর দক্ষিণের একটি খ্যাতনামা জাতি। তাহাদের প্রথম ঐতিহাসিক রাজা ছিলেন কারিকল। এই সময়ে পল্লবগণের শক্তি বৃদ্ধিতে চোল বংশের প্রাধান্য হ্রাস পায়। তাহারা দীর্ঘকাল পল্লবগণের শাসনাধীন ছিল। খ্রীষ্টীয় নবম

কারিকল

শতাব্দীতে পল্লব শক্তির চরম দুর্বলতার সুযোগে পল্লব-সামন্ত বিজয়ালয় চোলের (৮৪৬—৮৭১ খ্রীঃ) নেতৃত্বে চোলগণ পুনরায় আধিপত্য বিস্তার করে। বিজয়ালয় পাণ্ড্যদের নিকট হইতে তাঞ্জোর অধিকার করিয়া সেখানে তাঁহার রাজধানী স্থাপন করেন। বিজয়ালয়ের পুত্র প্রথম আদিত্য পল্লবরাজ অপরাজিত বর্মণকে পরাজিত করেন। তিনি চোল রাজ্যকে কাবেরী নদী পর্যন্ত বিস্তৃত করেন।

বিজয়ালয় চোল

প্রথম আদিত্য

প্রথম আদিত্যের মৃত্যুর পর তাঁহার পুত্র পরন্তক (৯০৭-৯৫৩ খ্রীঃ) চোলবংশের রাজা হন। তিনি একজন সুদক্ষ যোদ্ধা ছিলেন। তিনি নেলোর পর্যন্ত রাজ্যবিস্তার করিয়াছিলেন। তিনি সিংহল আক্রমণ করিয়া অকৃতকার্য হন। শেষ পর্যন্ত রাষ্ট্রকূটরাজ তৃতীয় কৃষ্ণের নিকট তিনি পরাজিত হন। ফলে সাময়িকভাবে আবার চোলশক্তি দুর্বল হইয়া পড়ে।

পরন্তক

(৩) **প্রথম রাজারাজা ও প্রথম রাজেন্দ্র চোলের কৃতিত্ব—তাঁহাদের সামুদ্রিক অভিযান :** প্রথম রাজারাজা (৯৮৫—১০১৬ খ্রীঃ) চোলগণকে পুনরায় শক্তিশালী করিয়া তোলেন। তিনি পাণ্ড্য এবং চের রাজগণকে তাঁহার বশ্যতা স্বীকার করাইতে বাধ্য করিলেন। তিনি বেঙ্গীর চালুক্যগণকে পরাজিত করেন। এক বিশাল এবং শক্তিশালী নৌবাহিনী গঠন করিয়া রাজারাজা সিংহলের উত্তরাংশ এবং ভারত মহাসাগরের কয়েকটি দ্বীপ জয় করেন। তাঁহার রাজ্য কলিঙ্গ হইতে দক্ষিণের সমুদ্রোপকূল পর্যন্ত বিস্তৃত ছিল।

প্রথম রাজারাজা

রাজারাজার মৃত্যুর পর তাঁহার পুত্র প্রথম রাজেন্দ্র চোল (১০১৬—১০৪৪ খ্রীঃ) সিংহাসনে আরোহণ করেন। তিনি ছিলেন চোলবংশের সর্বশ্রেষ্ঠ রাজা। তিনি পাণ্ড্য ও কেরল রাজ্য অধিকার করিয়া উহাদের শাসনভার তাঁহার প্রতিনিধির হস্তে অর্পণ করেন। তিনি বাংলার পালরাজা মহীপাল, পূর্ববাংলার গোবিন্দ চন্দ্র এবং দক্ষিণ বাংলার রণশূরকে পরাস্ত করিয়াছিলেন। তিনি কলিঙ্গ, উড়িষ্যা ও মধ্যপ্রদেশের কিয়দংশও জয় করেন। পূর্ব-ভারতে জয়লাভের চিহ্নস্বরূপ তিনি 'গঙ্গোই কোণ্ড' উপাধি ধারণ করে।

প্রথম রাজেন্দ্র চোল

প্রথম রাজেন্দ্র চোলের বিরাট নৌ-বাহিনী ছিল। প্রথম রাজারাজার ন্যায় তিনিও শক্তিশালী এবং সুশিক্ষিত নৌ-বাহিনীর সাহায্যে সামুদ্রিক অভিযান করিয়া এক বিশাল সাম্রাজ্য গড়িয়া তুলিয়াছিলেন। তিনি আন্দামান এবং নিকোবর দ্বীপপুঞ্জ এবং পেগু বা নিম্ন ব্রহ্মদেশ জয় করেন। সুমাত্রা, যবদ্বীপ ও মালয় উপদ্বীপ অঞ্চলেও তাঁহার প্রভাব বিস্তৃত হইয়াছিল। তাঁহার নৌ-বাহিনী শৈলেন্দ্র সাম্রাজ্যের নৌ-বাহিনীকে পরাস্ত করে।

সামুদ্রিক অভিযান

রাজেন্দ্র চোলের মৃত্যুর পর তাঁহার পুত্র রাজাধিরাজের আমলে চোল শক্তির অবনতি ঘটে। তিনি কল্যাণীর চালুক্যরাজ সোমেশ্বরের নিকট পরাজিত ও নিহত হন। তাঁহার পরে চোলরাজ বীর রাজেন্দ্র ও বেঙ্গীর চালুক্য রাজকুমার কুলোত্তুঙ্গের আমলে চোল গৌরব সাময়িকভাবে অক্ষুন্ন ছিল। কিন্তু তাঁহার উত্তরাধিকারীরা কেহই শক্তিশালী ছিলেন না। ফলে ত্রয়োদশ শতাব্দীতে চোল বংশের পতন হয়।

চোলদের পতন

# (ক) সামাজিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক জীবন
## (সপ্তম শতাব্দী হইতে দ্বাদশ শতাব্দী পর্যন্ত)
### সামাজিক জীবন

**পাল ও সেন যুগে :** পাল ও সেনযুগে বাঙালী সমাজে বিভিন্ন জাতির উদ্ভব হইয়াছিল। পূর্বের প্রথা অনুযায়ী জনসাধারণ যদিও ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র—এই চারি শ্রেণীতে বিভক্ত ছিল, তথাপি ঐ সময়ে সমাজে আরও বহুশ্রেণী, উপ-শ্রেণীর সৃষ্টি হইয়াছিল। 'বৃহদ্ধর্মপুরাণ' ও 'ব্রহ্মবৈবর্তপুরাণ'—গ্রন্থগুলিতে মিশ্রবর্ণের অনেক উল্লেখ রহিয়াছে। তন্তুবায়, গন্ধবণিক, মোদক, মালাকার, কর্মকার প্রভৃতি শ্রেণীর সূচনা পাল ও সেন যুগেই পরিলক্ষিত হয়।

বিভিন্ন শ্রেণী

সমাজের প্রত্যেক জাতিরই নির্দিষ্ট বৃত্তি ছিল। কিন্তু ইহা খুব কঠোরভাবে অনুসরণ করা হইত না। তবে রক্ষণশীল হিন্দুসমাজে কোনরূপ গুরুতর পরিবর্তন সহজসাধ্য ছিল না। সাধারণতঃ একজাতির মধ্যেই বিবাহাদি হইত। কিন্তু উচ্চ-শ্রেণীর বর ও নিম্ন-শ্রেণীর কন্যার বিবাহ শাস্ত্রমতে নিষিদ্ধ ছিল না। সমাজে ব্রাহ্মণ, বৈদ্য ও কায়স্থগণের প্রাধান্য ছিল। বল্লাল সেন হিন্দুসমাজকে নূতন ভাবে গড়িবার উদ্দেশ্যে উচ্চশ্রেণীর মধ্যে কৌলিন্যপ্রথার প্রবর্তন করিয়াছিলেন। সামাজিক ব্যাপারে কুলীন সম্প্রদায়ের লোকদিগকে বিশেষ রীতি নীতি মানিয়া চলিতে হইত।

বিবাহ, শ্রাদ্ধ, অন্নপ্রাশন, উপনয়ণ প্রভৃতি সামাজিক আচার-অনুষ্ঠান বর্তমানকালের ন্যায় পাল ও সেনযুগেও প্রচলিত ছিল। বিবাহ উপলক্ষে নৃত্য-গীত ও আমোদ উৎসবের ব্যবস্থা হইত। বর্তমানকালের ন্যায় সে যুগেও দুর্গাপূজা বাংলার শ্রেষ্ঠ পর্ব ছিল। বিজয়াদশমীর দিন খুব ধুমধাম হইত। কোজাগরী পূর্ণিমার রাত্রে অক্ষক্রীড়া হইত। হোলি উৎসবের দিনে স্ত্রী-পুরুষের মধ্যে রং খেলা হইত। কালী, গণেশ, সরস্বতী, মনসা প্রভৃতি দেবদেবীর পূজাও সেই সময় হইতেই প্রাধান্য লাভ করিয়াছিল। ইহাছাড়া, বাংলায় 'বার মাসে তের পার্বণ' লাগিয়াই ছিল। ভ্রাতৃ-দ্বিতীয়া, জন্মাষ্টমী, অক্ষয় তৃতীয়া, দশহরা প্রভৃতি বর্তমানকালের পরিচিত অনুষ্ঠানগুলিও সেযুগে প্রচলিত ছিল। তাহারা বিভিন্ন তিথিতে ব্রত, উপবাস ইত্যাদি মানিয়া চলিত।

উৎসব অনুষ্ঠান

চীন দেশীয় পরিব্রাজক হিউ-এন-সাঙ্-এর বিবরণ হইতে জানা যায় যে পাল ও সেন যুগে সমতটের লোকেরা শ্রমসহিষ্ণু, তাম্রলিপ্তের অধিবাসীরা দৃঢ় ও সাহসী, কিন্তু চঞ্চল এবং কর্ণসুবর্ণের লোকেরা সাধু ও অমায়িক ছিল।

চারিত্রিক গুণ

সেযুগে বাংলার মেয়েদের সুখ্যাতি ছিল। বাৎস্যায়নের মতে তাহারা ছিল মৃদুভাষিণী, কোমলাঙ্গী ও অনুরাগবতী। সেকালে মেয়েদের মধ্যে অবরোধ-প্রথা ছিল না। কিন্তু রাজপরিবারের মেয়েরা পর্দার আড়াল হইতে অনাত্মীয় পুরুষদের

সংগে আলাপ করিত। মেয়েদের মধ্যে লেখাপড়ার প্রচলন ছিল কিন্তু তাহাদের কোন স্বাধীনতা ছিল না। তাহারা প্রথমে পিতা ও পরে স্বামীর উপর নির্ভরশীল ছিল। পুরুষের মধ্যে বহু-বিবাহ প্রচলিত ছিল বলিয়া অনেক স্ত্রীকেই সপত্নীর জীবন-যাপন করিতে হইত। সেকালেও বিধবাদের জীবন এখনকার মতই ছিল। বিধবারা নিরামিষ আহার করিত এবং তাহাদিগকে সর্বপ্রকার বিলাস দ্রব্য বর্জন করিতে হইত। সমাজে তখন সহমরণ প্রথাও প্রচলিত ছিল। অপুত্রক স্বামীর মৃত্যু হইলে বিধবা তাহার সমস্ত সম্পত্তির অধিকারিণী হইত, কিন্তু সেই সম্পত্তি দান ও বিক্রয় করিবার তাহার কোন অধিকার ছিল না।

নারীজাতি

এখনকার মত সেই সময়েও ভাতই বাংগালীর প্রধান খাদ্য ছিল। সাধারণতঃ শাক ও বিবিধ ব্যঞ্জন সহযোগে সেই ভাত খাওয়া হইত। কলাপাতায় ঘি মাখিয়া ভাত খাইবার কথা সেকালের সাহিত্যে উল্লেখ রহিয়াছে। মাছ ও মাংস বাংগালীর প্রিয় খাদ্য ছিল। সেকালে ইলিশ মাছ ও শুটকী মাছের খুব আদর ছিল। যেসব মাছের মুখ সাপের মত, যাহাদের আঁশ নাই, সেই জাতীয় মাছ ব্রাহ্মণদের আহার করা নিষিদ্ধ ছিল। সমাজের অবস্থাপন্ন ব্যক্তিরা দুগ্ধ, ক্ষীর, পায়েস ও নানা-প্রকার ফল আহার করিতেন।

খাদ্যদ্রব্য

সেযুগে বাংগালীর পোশাক-পরিচ্ছদ ছিল খুব সাদাসিদে। পুরুষদের ধুতি আর মেয়েদের শাড়ীই ছিল প্রধান পরিধেয় বস্ত্র। পুরুষেরা মালকোচা দিয়া ধুতি পরিত এবং অধিকাংশ সময়েই ইহা হাঁটুর নীচে নামিত না। কখনও কখনও পুরুষেরা চাদর ও মেয়েরা ওড়না ব্যবহার করিত। এই ওড়নাই ঘোমটার কাজ করিত। সাধারণ গৃহস্থ বাড়ীতে স্ত্রীলোকেরা একখানি শাড়ী পরিত এবং ঐ শাড়ী টানিয়াই ঘোমটার কাজ চালাইত। তবে উৎসব উপলক্ষে সম্ভবতঃ বিশেষ পোশাকের ব্যবস্থা ছিল। স্ত্রী ও পুরুষ উভয়ের মধ্যেই অলংকার ব্যবহারের প্রচলন ছিল। স্বর্ণ ও রৌপের হার, অংগুরী, কুণ্ডল, বলয়, চুড়ি, মল প্রভৃতি ছিল সেযুগের প্রধান অলংকার। বিবাহিত মেয়েরা কপালে সিঁদুর ও হাতে শংখের বালা ব্যবহার করিত। তাহারা নানারকম খোঁপা বাঁধিত ও কুমকুমাদি গন্ধদ্রব্য ব্যবহার করিত। পুরুষেরা পাদুকা, চামড়ার জুতা ও ছাতা ব্যবহার করিত।

পোশাক-পরিচ্ছদ

সেকালে নানারকম ক্রীড়া-কৌতুক ছিল। সেযুগের বাংগালীদের অবসর বিনোদনের প্রধান উপায় ছিল পাশা ও দাবা খেলা। নৃত্য-গীত ও অভিনয়ের খুব প্রচলন ছিল। বিভিন্ন বাদ্যযন্ত্রবাদন আমোদ-প্রমোদের একটি অংগ ছিল। পুরুষেরা শিকার, মল্লযুদ্ধ, ব্যায়াম এবং মেয়েরা উদ্যান-রচনা, জলক্রীড়া প্রভৃতি ভালবাসিত।

ক্রীড়া-কৌতুক

**চালুক্য, রাষ্ট্রকূট, চাণ্ডেলা, বৃহত্তর গঙ্গ, পল্লব এবং চোলদের আমলে ঃ** আলোচ্য যুগে দক্ষিণ ভারতে চালুক্য, রাষ্ট্রকূট, পল্লব, চোল, মধ্য ভারতে চাণ্ডেলা এবং পূর্ব ভারতে উড়িষ্যায় বৃহত্তর গঙ্গ নামে কয়েকটি শক্তিশালী ও সমৃদ্ধ রাজবংশের উদ্ভব হইয়াছিল। এই যুগে এইসব অঞ্চলের সামাজিক জীবনের প্রধান ভিত্তি ছিল গ্রাম। সমাজ তখন পিতৃতান্ত্রিক ছিল। বয়োজ্যেষ্ঠ পুরুষই পরিবারের কর্তা ছিলেন। পরিবারের সকলেই তাঁহার আদেশ মানিয়া চলিত। তবে দক্ষিণ ভারতের কোন কোন অঞ্চলে মাতৃতান্ত্রিক সমাজও বিদ্যমান ছিল। সেখানে বয়োজ্যেষ্ঠা মহিলাই ছিলেন পরিবারের কর্ত্রী। ভারতের এইসব অঞ্চলের জনসাধারণ ছিল সৎ, সত্যবাদী ও অতিথি পরায়ণ।

পরিবার

পল্লব এবং চোল রাজগণের শিলালিপি হইতে জানা যায় যে, তাহাদের সমাজে প্রথমে বর্ণভেদ প্রথা ছিল না। পরে বৃত্তি অনুসারে জাতিভেদ প্রথার সৃষ্টি হইয়াছে। সেযুগে জাতিভেদ প্রথাই ভারতীয় হিন্দু সমাজের প্রধান বৈশিষ্ট্য ছিল। ঐতিহাসিক ডঃ স্মিথ সুদূর দক্ষিণ ভারতে জনসাধারণ, পুরোহিত, জ্যোতিষ, চিকিৎসক ও মন্ত্রী—এই পাঁচটি শ্রেণীর অস্তিত্বের কথা উল্লেখ করিয়াছেন। তাহাদের 'পঞ্চ মহাসভা'ও বলা হইত। উত্তর ভারত অপেক্ষা দক্ষিণ ভারতে জাতিভেদের কঠোরতা বহুগুণ বেশী ছিল।

জাতিভেদ প্রথা

সমাজে ব্রাহ্মণদের যথেষ্ট প্রতিপত্তি ছিল। ব্রাহ্মণগণ নিরামিষাশী ছিলেন। অন্যান্য শ্রেণীর মধ্যে মাছ-মাংসের প্রচলন ছিল। তণ্ডুল, গম, যব, দুগ্ধ ও দগ্ধজাত দ্রব্যই তাহাদের প্রধান খাদ্য ছিল।

কার্পাস, রেশম ও পশম দ্বারা তাহাদের পরিধেয় বস্ত্র প্রস্তুত হইত। পুরুষ ও নারীদের মধ্যে স্বর্ণ, রৌপ্য ও রত্নখচিত অলংকারের যথেষ্ট সমাদর ছিল। চন্দন, কুমকুম, সুগন্ধী দ্রব্য ও পুষ্পালংকার ছিল সৌন্দর্য প্রিয় নারীদের প্রসাধন সামগ্রী।

পোশাক ও সৌখীন দ্রব্যাদি

এই সময়ে প্রায় সমগ্র ভারতেই স্ত্রী-স্বাধীনতা ধীরে ধীরে সংকুচিত হইতে থাকে। নিষ্ঠুর সতীদাহ প্রথা নারীকে পুরুষের উপর নির্ভরশীল করিয়া তুলিয়াছিল। পুরুষদের বহু-বিবাহ প্রথা প্রচলিত ছিল। তবে এই যুগেও স্বয়ম্বর সভার উল্লেখ পাওয়া যায়। কল্যাণীর চালুক্যরাজ বিক্রমাদিত্য এইরূপ এক স্বয়ম্ভর সভাতেই পাণিগ্রহণ করেন।*

স্ত্রী-স্বাধীনতা হ্রাস

চালুক্যগণ সম্ভবতঃ ক্ষত্রিয় ছিল এবং অযোধ্যা হইতে দাক্ষিণাত্যে আসিয়া রাজ্য স্থাপন করিয়াছিল। সামাজিক জীবনে তাহারা মল্লযুদ্ধে ও অসিযুদ্ধে অংশ গ্রহণ করিত। চৈনিক পরিব্রাজক হিউ-এন সাঙ ৬৪১ খ্রীষ্টাব্দে দ্বিতীয় পুলকেশীর রাজসভায় উপস্থিত হইয়াছিলেন। তিনি চালুক্য রাজ্যের জনসাধারণের শৌর্য ও চারিত্রিক উৎকর্ষ দেখিয়া মুগ্ধ হন।

চালুক্যগণ

*"It is interesting to note that Vikramaditya was chosen by one of his consorts as her husband at a public Syayamvara in the ancient epic fashion.' V. A. Smith.

পল্লবগণ দাক্ষিণ ভারতের অধিবাসী হইলেও সম্ভবতঃ তাহারা উত্তর ভারতের ব্রাহ্মণ বংশ হইতে উদ্ভূত হইয়াছে। পল্লবরাজগণ উত্তর ভারতের রাজাদের মতই অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠান করিতেন। জনসাধারণ সৎ ও সাহসী ছিলেন। পল্লবরাজ নরসিংহ বর্মণের আমলে চৈনিক পরিব্রাজক হিউ-এন-সাঙ কাঞ্চী পরিদর্শন করিয়াছিলেন। তিনি কাঞ্চীর জনসাধারণের সততা ও সাহসিকতার প্রশংসা করেন।

পল্লবগণ

চোলরাজগণের শিলালিপি হইতে তাহাদের গ্রামীন স্বায়ত্তশাসনের কথা জানা যায়। গ্রাম-শাসনে পঞ্চায়েত-প্রথার প্রবর্তন চোল শাসন-ব্যবস্থার একটি উল্লেখযোগ্য বৈশিষ্ট্য। বস্তুতঃ গ্রামই ছিল শাসনের মূল কেন্দ্র। প্রতি গ্রামে গ্রাম সংঘ বা সভা ছিল। এই সভা আবার কয়েকটি ক্ষুদ্র সমিতিতে বা উপসমিতিতে বিভক্ত ছিল। স্থানীয় কার্য গ্রাম-বৃদ্ধদের দ্বারা পরিচালিত হইত। তামিলদেশে অনেক স্বায়ত্তশাসিত নগরের শাসন-ব্যবস্থা অপেক্ষাও এইসকল গ্রামসভার শাসন-ব্যবস্থা অনেক সুন্দর ছিল।*

চোলগণ ও গ্রামীণ স্বায়ত্তশাসন

বুন্দেলখণ্ড ও তাহার পার্শ্ববর্তী অঞ্চলের চাণ্ডেলাগণ সমাজ জীবনে অত্যন্ত সাহসী, কর্মঠ এবং যোদ্ধা ছিলেন। প্রতিবেশী রাজ্যগুলির সঙ্গে তাহাদের সব সময়ই লড়াকু মনোভাব লইয়া চলিতে হইত।** একাদশ শতাব্দীতে প্রাচীন গঙ্গবংশ উড়িষ্যায় অপর একটি শক্তিশালী রাজ্যের প্রতিষ্ঠা করে। এই রাজবংশ পরবর্তী গঙ্গবংশ বা বৃহত্তর গঙ্গবংশ নামে পরিচিত। ইহাদের সম্বন্ধে বিশেষ কিছু জানা যায় না।

চাণ্ডেলাগণ ও গঙ্গবংশ

## অর্থনৈতিক জীবন

**পাল ও সেনযুগঃ** বঙ্গদেশ চিরকালই কৃষিপ্রধান। এদেশের বেশীরভাগ লোকই গ্রামে বাস করিত এবং গ্রামের চতুষ্পার্শ্বস্থ জমি চাষ করিয়া নানাধরনের শস্য ও ফলাদি উৎপাদন করিত। ধান্যই এখানকার প্রধান ফসল। অতি প্রাচীনকাল হইতেই এখানে ইক্ষুর চাষ হইত। ইক্ষুর রস হইতে প্রচুর পরিমাণে চিনি ও গুড় প্রস্তুত হইত এবং তাহা বিদেশে রপ্তানি করা হইত। তুলা ও সর্ষের চাষও এখানে প্রচুর পরিমাণে হইত। সম্ভবতঃ রাজাই দেশের সমস্ত জমির মালিক ছিলেন এবং যাহারা চাষ করিত বা অন্য প্রকারে জমি ভোগ করিত, তাহাদের কতকগুলি নির্দিষ্ট কর দিতে হইত। সেই সময়ে নল

কৃষি

*"The royal officials stood in closer relation to the working of the village assemblies here than in the more autonomous townships of the Tamil country." A History of South India—Nilkanta Sastri.

** "The Candelas were engaged in constant warfare with the cedis of Tripuri, the Parmaras of Malava, the Pal and Rathor kings of Kanauj and the cauhans of Ajmir."—History of India—Haraprasad Sastri.

দিয়া জমি মাপ করা হইত। বিভিন্ন সময়ে এবং বিভিন্ন অঞ্চলে নলের দৈর্ঘ্য ভিন্ন ভিন্ন রকমের ছিল।

বাংলা কৃষিপ্রধান দেশ হইলেও এখানে নানাধরণের শিল্পজাত দ্রব্য প্রস্তুত করা হইত। বস্ত্রশিল্পের জন্য প্রাচীনকাল হইতেই এদেশ সুনাম অর্জন করিয়াছিল। কৌটিল্যের অর্থশাস্ত্রে ক্ষৌম, দুকূল, পত্রোর্ণ ও কার্পাসিক এই চারিপ্রকার বস্ত্রের উল্লেখ রহিয়াছে। ক্ষৌম-শণের সুতায় প্রস্তুত হইত মোটা কাপড়; কাশী ও উত্তরবঙ্গে ইহা উৎপন্ন হইত। এক জাতীয় সূক্ষ্ম কাপড়ের নাম দুকূল। কৌটিল্য লিখিয়াছেন, বঙ্গদেশীয় দুকূল শ্বেত ও স্নিগ্ধ, পুণ্ড্রদেশীয় দুকূল শ্যাম ও মণির ন্যায় স্নিগ্ধ। পত্রোর্ণ রেশমের ন্যায় এক-জাতীয় কীটের লালার দ্বারা প্রস্তুত। কার্পাস তুলার কাপড়ের জন্যও বঙ্গদেশ প্রসিদ্ধ ছিল। বাংলার যে মসলিন উনবিংশ শতাব্দী পর্যন্ত সমগ্র জগতে বিখ্যাত ছিল, অতি প্রাচীনকালেই তাহার উদ্ভব ঘটিয়াছিল। সেকালে বিলাসিতার উপকরণ যোগাইবার জন্য স্বর্ণকার, মণিকার প্রভৃতির শিল্পও উন্নতি লাভ করিয়াছিল। কর্মকার ও সূত্রধর গৃহ, নৌকা, কপাট প্রভৃতি নির্মাণ করিত এবং দৈনন্দিন জীবনযাত্রার নানা উপকরণ যোগাইত। হাতীর দাঁতের কাজও আর একটি উচ্চশ্রেণীর শিল্প ছিল। বাংলার শিল্পীদের সংঘবদ্ধ জীবনের কিছু কিছু পরিচয় পাওয়া যায়। বিজয়সেনের দেওপাড়া লিপিতে উল্লেখ আছে যে, রাণক শূলপাণি 'বারেন্দ্রশিল্পীগোষ্ঠী-চূড়ামণি' ছিলেন। বারেন্দ্র শিল্পীদিগের যে একটি বিধিবদ্ধ সংঘ ছিল, এইরূপ অনুমান করাই সঙ্গত। এইরূপ সংঘবদ্ধ শিল্পী জীবনের ফলেই বঙ্গদেশের নানা শিল্পীগোষ্ঠী ক্রমশঃ বিভিন্ন বিশিষ্ট জাতিতে পরিণত হইয়াছে। তন্তুবায়, গন্ধবণিক, স্বর্ণকার, কর্মকার, কুম্ভকার, কংসকার, মালাকার, তৈলকার প্রভৃতি প্রথমে বিভিন্ন শিল্পীসংঘ মাত্র ছিল; পরে ইহারা ক্রমশঃ সমাজে এক বিশিষ্ট স্থান অধিকার করিয়া বিভিন্ন সম্প্রদায়ে পরিণত হইয়াছে।

শিল্প

শিল্পীগোষ্ঠী

শিল্পের উন্নতির সঙ্গে সংগে বাংলায় বাণিজ্যেরও সম্প্রসারণ ঘটিয়াছিল। বাংলায় বহু নদ-নদী থাকায় শিল্পজাত দ্রব্যাদি দেশের বিভিন্ন স্থানে প্রেরণের যথেষ্ট সুবিধা ছিল। এই কারণে বাংলার নানাস্থানে হাট ও গঞ্জ এবং নূতন নূতন নগর গড়িয়া উঠিয়াছিল। স্থলপথে যাইবার জন্য বড় বড় রাস্তা ছিল এবং প্রাচীন নগরগুলিও বাণিজ্যের প্রধান কেন্দ্রে পরিণত হইয়াছিল। হট্টপতি, শৌল্কিক, তরিক প্রভৃতি কর্মচারীদের নাম হইতে বুঝা যায় যে, শিল্প ও বাণিজ্য হইতে রাজ্যের যথেষ্ট আয় হইত। বাংলার বাণিজ্য কেবলমাত্র দেশের মধ্যেই সীমাবদ্ধ ছিল না। স্থল ও জলপথে ভারতের অন্যান্য প্রদেশের সহিত ইহার দ্রব্য-বিনিময় চলিত।

ব্যবসা-বাণিজ্য

পালরাজগণ প্রায় চারিশত বৎসর এদেশে রাজত্ব করিলেও তাঁহাদের মুদ্রা বড় বেশী

পাওয়া যায় নাই। পাহাড়পুরে তিনটি তাম্রমুদ্রা পাওয়া গিয়াছে—ইহার একদিকে একটি বৃষ ও অপরদিকে তিনটি মাছ উৎকীর্ণ। সেনযুগের লিপিতে 'পুরাণ' ও 'কপর্দক পুরাণ' নামক মুদ্রার উল্লেখ আছে। ঐতিহাসিক মিন্‌-হাজ-উস-সিরাজ লক্ষ্মণ সেনের দানশীলতার উল্লেখ করিয়া লিখিয়াছেন যে, তিনি কাহাকেও লক্ষ কৌড়ির কম দান করিতেন না। ইহা হইতে অনুমান করা যায় যে, তখন মুদ্রার পরিবর্তে কৌড়ি অথবা কড়ির প্রচলন ছিল। ভারতবর্ষে কড়ি প্রচলনের কথা ফা-হিয়েন উল্লেখ করিয়াছেন। বাংলার চর্যাপদেও ইহার উল্লেখ আছে।

মুদ্রা ও কড়ি

**চালুক্য, রাষ্ট্রকূট, চাণ্ডেলা, বৃহত্তর গঙ্গ, পল্লব ও চোলদের আমলে :** চালুক্য, রাষ্ট্রকূট, পল্লব, চোল প্রভৃতি রাজবংশের আমলেও অর্থনৈতিক অবস্থা মোটামুটি একই ছিল। এই সকল রাজ্যগুলিতেও কৃষি, শিল্প ও বাণিজ্যের যথেষ্ট উন্নতি হইয়াছিল। কৃষিই ছিল তাহাদের অর্থনৈতিক জীবনের মূল ভিত্তি। প্রত্যেক রাজ্যের রাজগণই কৃষির উন্নতির প্রতি নজর রাখিতেন। তাঁহারা কৃষি-জমি জরিপ করাইতেন এবং জলসেচেরও সুব্যবস্থা করিতেন। ভূমি-রাজস্বই ছিল তাহাদের আয়ের প্রধান উৎস। ভূমি রাজস্ব ছাড়া অন্যান্য করও গৃহীত হইত, যেমন—বাজার কর, পশু কর, শিল্প কর ইত্যাদি। কথিত আছে, চালুক্যরাজ বিনয়াদিত্য পারসিক ও সিংহলের নৃপতিগণের নিকট হইতেও কর আদায় করিতেন।

কৃষি

বিভিন্ন কর

রাষ্ট্রকূট বংশের রাজগণ উৎপন্ন শস্যের এক চতুর্থাংশ ভূমিকর হিসাবে গ্রহণ করিতেন। ইহাকে 'ভোগকর' বলা হইত। ইহা ছাড়া জলকর, খনিকর, ফলকর হইতেও প্রচুর আয় হইত। তবে দুর্ভিক্ষের সময় করের পরিমাণ হ্রাস করা হইত।

পল্লব, চাণ্ডেলা ও উড়িষ্যার বৃহত্তর গঙ্গরাজ্যের আর্থিক চিত্রও মোটামুটি একই ধাঁচের। হিউ-এন-সাঙ তাঁহার বিবরণে পল্লব রাজ্যের জনসাধারণের আর্থিক সচ্ছলতার কথা উল্লেখ করিয়াছেন।

চোলরাজ্যে কৃষির যথেষ্ট উন্নতি হইয়াছিল। এখানে উৎপাদিত ফসলের এক-তৃতীয়াংশ রাজস্ব হিসাবে গৃহীত হইত। বিশেষ পরিস্থিতিতে এই রাজস্বের আংশিক বা সামগ্রিক মকুব করা হইত। চোলরাজ্যে ভূমি-রাজস্ব ব্যতীত শুল্ক, বনসম্পদ, লবণ, খনি ও বৃত্তিকর হইতেও প্রচুর আয় হইত। এখানে আবাসন জমি, মন্দির, পুষ্করিণী প্রভৃতি করমুক্ত ছিল।

এইযুগে শিল্পেরও যথেষ্ট উন্নতি পরিলক্ষিত হয়। শিল্পের মধ্যে প্রধান ছিল বস্ত্রশিল্প, মৃৎশিল্প ও কুটিরশিল্প। শিল্পের উন্নতির সঙ্গে সঙ্গে বিভিন্ন অঞ্চলে শিল্পীদেরও পৃথক পৃথক সংঘ গড়িয়া উঠিয়াছিল। চোলরাজ্যে কুটির শিল্প এক গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করিয়াছিল। কুটিরশিল্পগুলি এইখানকার গ্রামবাসীদের অর্থনৈতিক চাহিদা

শিল্প ও শিল্পী সংঘ

মিটাইত। ফলে চোল রাজ্যের গ্রামগুলি ছিল স্বয়ংসম্পূর্ণ। গ্রামে কৃষি ও কুটিরশিল্প পাশাপাশি চলিত। এখানকার গ্রাম্য সভাগুলির উপর কর আদায় করিবার দায়িত্ব ছিল। গ্রামের তাঁতশিল্পের উপরও কর ধার্য করা হইত।

কৃষি ও শিল্পের উন্নতির সঙ্গে সঙ্গে ব্যবসা-বাণিজ্যেরও প্রসার ঘটে। বৈদেশিক বাণিজ্যের প্রসারের ফলে এই সময়ে তামিল দেশগুলির আর্থিক অবস্থা বেশ সচ্ছল ছিল। এখানে ভোগ্যপণ্যের প্রাচুর্য ছিল। দক্ষিণ ভারতের পশ্চিম উপকুলের ভৃগুকচ্ছ, কল্যাণ, কায়ল প্রভৃতি বন্দরের মাধ্যমে ভারতীয় বণিকগণ পণ্যসম্ভার লইয়া নানাদেশে যাইত। একাদশ শতাব্দীতে বৈদেশিক বাণিজ্যে চোলরাজ্যের যথেষ্ট সমৃদ্ধি ঘটে। বৈদেশিক বাণিজ্য প্রসারের ফলে এখানে কয়েকটি নগর গড়িয়া উঠে এবং মুদ্রার বহুল প্রচলন দেখা যায়।

ব্যবসা-বাণিজ্য

ত্রয়োদশ শতাব্দীতে ভেনিসীয় বণিক মার্কোপোলো তাঁহার বিবরণে দক্ষিণ ভারতের বিভিন্ন বাণিজ্যকেন্দ্রের উল্লেখ করিয়াছেন। তিনি 'মাবারে' বিদেশী জাহাজ ও বণিকদের ভিড় লক্ষ্য করিয়াছেন। এখান হইতে মুক্তা রপ্তানী হইত। মালাবার উপকূল হইতে তখন বস্ত্র, চন্দন, স্বর্ণ, রৌপ্য, হীরক, মুক্তা ও সুগন্ধি দ্রব্য প্রভৃতি বিদেশে রপ্তানী হইত। বস্তুতঃ দক্ষিণ ভারতের শিল্পোন্নতি ও সমৃদ্ধি এই বাণিজ্যের উপরই নির্ভরশীল ছিল।

## সাংস্কৃতিক জীবন

**পাল যুগে:** পাল যুগ শিক্ষা ও কৃষ্টির ক্ষেত্রে বাংলার ইতিহাসের এক গৌরবোজ্জ্বল অধ্যায়। বিভিন্ন তাম্রশাসন হইতে জানা যায় যে, পালযুগে বাংলায় সংস্কৃত সাহিত্যের বহুল চর্চা ছিল। শ্রীধর ভট্ট 'ন্যায় কন্দলী' ও পণ্ডিত ভবদেব ভট্ট 'হোরাশাস্ত্র' প্রণয়ন করিয়া যশস্বী হইয়াছেন। রামপালের সভাকবি সন্ধ্যাকর নন্দী 'রামচরিত' কাব্য রচনা করিয়া খুব খ্যাতি লাভ করিয়াছেন। এই কাব্যে দ্ব্যর্থবোধক শ্লোকের দ্বারা ঐতিহাসিক আখ্যান বর্ণনা করা হইয়াছে। 'রামচরিত' কাব্য হইতে বরেন্দ্র ও রামাবতী নগরীর বর্ণনা, ভীমের সহিত রামপালের যুদ্ধের বিবরণ ও রামপালের রাজ্যজয়ের অনেক কাহিনী জানা যায়। ইহা পালযুগের সংস্কৃত সাহিত্যের একটি অমূল্য দান। পালযুগে রাজানুগ্রহ লাভ করিয়া বাংলায় বৌদ্ধ সাহিত্য খুব উন্নতি লাভ করিয়াছিল। সেই সময়ে বৌদ্ধ সাহিত্যের খুব চর্চা ছিল। বাঙ্গালী বৌদ্ধ সাহিত্যিকদের মধ্যে শান্তিদেবের নাম উল্লেখযোগ্য। সিদ্ধাচার্যগণ 'সহজিয়া' গ্রন্থ রচনা করিয়া বৌদ্ধ ধর্মের নূতন ও সহজ মতবাদ প্রচার করেন। বিখ্যাত বৌদ্ধ চর্যাপদ এই যুগেই রচিত হইয়াছিল। এই চর্যাপদ-গুলিকে বাংলা সাহিত্যের আদিম উৎস বলা যাইতে পারে। ইহার প্রভাবেই পরবর্তী যুগে বাংলায় বৈষ্ণব পদাবলী সৃষ্টি হইয়াছিল। বৈদ্যক শাস্ত্রে নয় পালের সভাষদ চক্রপানি দত্ত প্রসিদ্ধিলাভ করিয়াছেন। তিনি ছিলেন বাঙালী। তিনি 'চিকিৎসাসংগ্রহ' ও 'আয়ুর্বেদ দীপিকা'

সংস্কৃত সাহিত্য


সহজিয়া ও চর্যাপদ

বৈষ্ণব পদাবলী

নামক চরকের এবং 'ভানুমতী' নামক সুশ্রুতের টীকা রচনা করেন। ইহা ব্যতীত 'শব্দ চন্দ্রিকা' ও 'দ্রব্যগুণ সংগ্রহ' নামক আরও দুইখানি গ্রন্থ রচনা করেন।

ধর্ম ও শিক্ষা

ধর্ম ও শিক্ষার ক্ষেত্রে বাংলা ছিল তখন সমগ্র এশিয়া মহাদেশের একটি কেন্দ্রস্থল। পালযুগে বঙ্গদেশে বৌদ্ধধর্মের প্রধান্য পরিলক্ষিত হয়। সেই সময়ে বাংলা ও মগধে বহু বৌদ্ধ বিহার ছিল। অষ্টম শতাব্দীতে সোমপুরী মহাবিহার বাংলার সর্বাপেক্ষা প্রসিদ্ধ বিহার ছিল। সম্প্রতি রাজসাহী জেলার পাহাড়পুর নামক স্থানের (বর্তমান বাংলাদেশে) মাটি খনন করিয়া এই মহাবিহারের ধ্বংসাবশেষ আবিষ্কার করা হইয়াছে। পালযুগে নালন্দার নিকট উদ্দণ্ডপুর মহাবিহার স্থাপিত হইয়াছিল। এই বিদ্যালয়ে দর্শন ও ধর্মশাস্ত্র অধ্যয়নের সুযোগ ছিল। বৌদ্ধ ধর্মালোচনার কেন্দ্র হিসাবেই উদ্দণ্ডপুর বিশেষ খ্যাতি অর্জন করিয়াছিল। আচার্য শীল রক্ষিত উদ্দণ্ডপুর মহাবিহারের অধ্যক্ষ ছিলেন।




সোমপুরী মহাবিহারের ধ্বংসাবশেষ



অতীশ দীপংকর শ্রীজ্ঞান

বিক্রমশীলা মহাবিহার ধর্মপালের আমলে মগধে নির্মিত হইয়াছিল। এখানে ছিল একটি প্রধান মঠ ও একশত সাতটি ক্ষুদ্র মঠ। এই বিশ্ববিদ্যালয়ে তিন হাজার বিদ্যার্থী অধ্যয়ন করিত। নেপাল ও তিব্বত হইতে বহু বিদ্যার্থী এখানে অধ্যয়ন করিতে আসিত। এই বিশ্ববিদ্যালয়ে ন্যায়শাস্ত্র, জ্যোতিষ, তন্ত্র, ব্যাকরণ, চিকিৎসাশাস্ত্র ও ধর্মশাস্ত্রের অধ্যাপনা হইত। এখানে মোট ১১৪ জন অধ্যাপক ছিলেন। অতীশ দীপংকর শ্রীজ্ঞান এখানে প্রধান আচার্য পদে নিযুক্ত হইয়াছিলেন। অতীশ দীপংকর শ্রীজ্ঞান

বর্তমান বাংলাদেশের অন্তর্গত বিক্রমপুরে জন্মগ্রহণ করেন। উদ্দণ্ডপুর মহাবিহারে আচার্য শীল রক্ষিতের নিকট মহাযান ও হীনযান উভয় বৌদ্ধ ধর্মমত সম্পর্কে পূর্ণজ্ঞান লাভ করিয়া তিনি 'শ্রীজ্ঞান' উপাধি প্রাপ্ত হন। সেই সময়ে তিব্বতে বৌদ্ধধর্মের নানাবিধ ত্রুটি সংশোধনের জন্য সেখানকার রাজার অনুরোধে



নালন্দা বিশ্ববিদ্যালয়ের ধ্বংশাবশেষ

তিনি তিব্বত গমন করেন। তিনি তের বৎসর তিব্বতে থাকিয়া প্রায় ২০০ খানি বৌদ্ধগ্রন্থ রচনা করেন। নালন্দা বিশ্ববিদ্যালয়ের উন্নতিকল্পেও পালবংশীয় রাজা দেবপাল প্রচুর সাহায্য করিতেন। তখন নালন্দায় বৌদ্ধধর্ম ছাড়াও বেদ, হেতুবিদ্যা, শব্দবিদ্যা, চিকিৎসাবিদ্যা ও সংখ্যা প্রভৃতি বিষয় অধীত হইত।

নালন্দা বিশ্ববিদ্যালয়

হিউ-এন-সাঙ্ যখন নালন্দায় যান, তখন শীলভদ্র নামে একজন বাঙ্গালী মনীষী এই বিশ্ববিদ্যালয়ের অধ্যক্ষ ছিলেন।



পালযুগের শিল্প মূর্তি

পালযুগে বাংলার স্থাপত্য শিল্পের অভূতপূর্ব উন্নতি হইয়াছিল। স্তূপ, মঠ ও মন্দিরের নির্মাণ কৌশল ছিল বিভিন্ন ধরণের। অষ্টধাতু ও কষ্টিপাথরের নির্মিত দেব-দেবীর মূর্তি হইতে সেই যুগেই শিল্পের পরিচয় পাওয়া যায়। পোড়ামাটির মূর্তি পালযুগের ভাস্কর্য শিল্পকলার উল্লেখযোগ্য নিদর্শন। সেই যুগে চিত্র শিল্পেরও বেশ উন্নতি হইয়াছিল। ধীমান ও বীতপাল ছিলেন সেই যুগের শ্রেষ্ঠ ভাস্কর

স্থাপত্য, ভাস্কর্য ও চিত্র শিল্প

চিত্রশিল্প ও ধাতুমূর্তি নির্মাতা। তাঁহারা শিল্পক্ষেত্রে এক নূতন রীতির প্রচলন করিয়াছিলেন।

**সেন যুগে ঃ** সেনরাজগণ সাহিত্যের পৃষ্ঠপোষক ছিলেন। তাঁহারা প্রায় সকলেই কবি ছিলেন। তাঁহাদের চেষ্টায় সেনযুগে সাহিত্যের প্রভূত উন্নতি ঘটিয়াছিল। সেনযুগকে বাংলার সংস্কৃত সাহিত্যের সুবর্ণযুগ বলিয়া অভিহিত করা হয়। বল্লাল সেনের গুরু অনিরুদ্ধ ভট্ট 'হারলতা' ও 'পিতৃদয়িতা' নামে দুইখানি গ্রন্থ রচনা করেন। হিন্দুদের ধর্মানুষ্ঠানের পদ্ধতি ও নিয়ম সম্পর্কে এই বই দুইখানিতে অনেক তথ্য লিখিত আছে। বল্লালসেন স্বয়ং 'ব্রতসাগর', 'আচার্য-সাগর', 'প্রতিষ্ঠা-সাগর', 'দানসাগর' ও 'অদ্ভুতসাগর' নামে মোট পাঁচখানি গ্রন্থ রচনা করিয়াছিলেন। শেষোক্ত গ্রন্থখানি তিনি নিজে শেষ করিয়া যাইতে পারেন নাই। তাঁহারই সুযোগ্য পুত্র লক্ষ্মণ সেন 'অদ্ভুত সাগর' নামক গ্রন্থখানি শেষ করেন। লক্ষ্মণ সেনের মন্ত্রী পণ্ডিত হলায়ুধ 'ব্রাহ্মণ-সর্বস্ব', 'বৈষ্ণব-সর্বস্ব' ও 'শৈব-সর্বস্ব' প্রভৃতি গ্রন্থ রচনা করিয়া পাণ্ডিত্যের পরিচয় দেন। 'আর্যসপ্তশতি' নামক গ্রন্থখানি লিখিয়া গোবর্ধন তাঁহার অপূর্ব কবিত্ব শক্তির পরিচয় দিয়াছিলেন। কবিশরণ ও উমাপতি ধর তাঁহাদের রচনাভঙ্গীর জন্য পারদর্শিতা লাভ করিয়াছিলেন। লক্ষ্মণ সেনের সভাকবি জয়দেব রচিত 'গীতগোবিন্দ' ও ধোয়ী রচিত 'পবন-দূত' শুধু বাংলার কেন, সমগ্র ভারতের সাহিত্য ভাণ্ডারের অমূল্য রত্ন স্বরূপ। জয়দেব বীরভূম জেলার

সংস্কৃত সাহিত্য



পালযুগের ভাস্কর্য শিল্প



কবি জয়দেব

কেন্দুবিল্ব গ্রামে জন্মগ্রহণ করেন। রাধাকৃষ্ণের লীলাকে অবলম্বন করিয়া তিনি 'গীতগোবিন্দ' নামে যে কাব্যগ্রন্থখানি রচনা করিয়াছেন, তাহাতেই তাঁহার খ্যাতি ছড়াইয়া পড়ে। ইহা সেন যুগের সংস্কৃত সাহিত্যের একটি উৎকৃষ্ট কাব্য। ধোয়ী রচিত 'পবনদূত' কাব্যগ্রন্থখানি মহাকবি কালিদাস প্রণীত 'মেঘদূত' কাব্যের অনুরূপ। কবি ধোয়ী তাঁহার 'পবনদূত' কাব্যে বর্ণনা করিয়াছেন যে, মলয় পবন কুবলয়বতী নামে এক গন্ধর্ব কন্যার দূতরূপে নবদ্বীপে বা বিজয়পুরে লক্ষ্মণ সেনের নিকট প্রেরিত হইয়াছিলেন। কবি ধোয়ী লক্ষ্মণ সেনকে রাজা বিক্রমাদিত্যের সঙ্গে তুলনা করিয়াছেন। লক্ষ্মণ সেন ধোয়ীকে তাঁহার পাণ্ডিত্যের জন্য 'কবিরাজ চক্রবর্তী' উপাধি দান করিয়াছিলেন।

ব্রাহ্মণ্যধর্মের পৃষ্ঠপোষকতা

সেনরাজগণ ছিলেন গোঁড়া হিন্দু। তাঁহারা সকলেই ব্রাহ্মণ্যধর্মের পৃষ্ঠপোষক ছিলেন। তাঁহারা বৈদিক যাগযজ্ঞ-ক্রিয়া অনুষ্ঠান করিতেন। এই ধর্মপ্রচারের জন্য তাঁহারা বিভিন্ন স্থানে ধর্মপ্রচারক প্রেরণ করিয়াছিলেন।

শিল্প

সেনযুগের শ্রেষ্ঠ শিল্পী ছিলেন শূলপানি। এই যুগের শিল্পীরাও প্রস্তর ও তাম্রপটে অক্ষর উৎকীর্ণ করিতেন এবং ধাতু ও প্রস্তরের মূর্তি গঠন করিতেন। পালরাজগণের আমলে শিল্পের ক্ষেত্রে বাঙ্গালীর যে প্রতিভা দেখা গিয়াছিল, তাহা সেন যুগেও অব্যাহত ছিল।

**চালুক্য, রাষ্ট্রকূট, চাণ্ডেলা, বৃহত্তর, গঙ্গ, পল্লব ও চোলদের আমলে ধর্ম ঃ—** খ্রীষ্টীয় পঞ্চম শতক পর্যন্ত এইসব অঞ্চলে বিশেষ কোন ধর্মবিরোধ ছিল না। কিন্তু ষষ্ঠ শতকে, বিশেষতঃ শৈব ও বৈষ্ণব ধর্মাবলম্বীদের নেতৃত্বে আরম্ভ হয় জৈন ও বৌদ্ধ ধর্মের বিরুদ্ধে প্রবল আন্দোলন। দক্ষিণ ভারতের চালুক্য, পল্লব ও রাষ্ট্রকূট বংশীয় রাজাদের ঐকান্তিক পৃষ্ঠপোষকতায় এবং হিন্দু দার্শনিক ও যুগন্ধর ধর্মপ্রচারকদের আবির্ভাবে জৈন ও বৌদ্ধধর্মের প্লাবন স্তিমিত হয় এবং সমগ্র দাক্ষিণাত্যে সমাজ-জীবন অনুপ্রাণিত হইয়া উঠে হিন্দুধর্মের কল্লোলধ্বনিতে, হিন্দুধর্মের পুনরভ্যুদয়ে। এই-সকল রাজবংশের অনেক রাজাই অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠান করিয়াছেন। তাঁহারা শিব ও বিষ্ণুর উপাসনা করিতেন। পল্লব যুগে বৈষ্ণব ধর্মের প্রচারকগণ মন্দিরে মন্দিরে বিষ্ণুর মাহাত্ম্য কীর্তন করিতেন। তবে এই সব রাজ্য হইতে বৌদ্ধধর্ম তখনও সম্পূর্ণরূপে বিলুপ্ত হয় নাই। হিউ-এন-সাঙ্ চালুক্য রাজ্যেই শতাধিক বৌদ্ধমঠ দেখিয়াছিলেন।

দাক্ষিণাত্যে সেযুগে 'নায়নার' নামে পরিচিত অনেক শৈবপ্রচারকের আবির্ভাব ঘটে। তাঁহাদের মধ্যে অপ্পর, তিরুজ্ঞান সম্বন্দর, সুন্দরমূর্তি ও মাণিক্ক ভাসগর অর্জন করেন অমলিন খ্যাতি ও নিরঙ্কুশ প্রতিপত্তি। দাক্ষিণাত্যের বৈষ্ণব ধর্মপ্রচারকরা সাধারণতঃ পরিচিত ছিলেন 'আলভার' নামে। এইসব বৈষ্ণব আলভারের মধ্যে শ্রেষ্ঠ মর্যাদার আসনে অভিষিক্ত ছিলেন নম্ম, কুলশেখর ও শ্রীমতী অন্দল। কিন্তু তাঁহাদের সকলের কর্মক্ষেত্র ও প্রভাব প্রতিপত্তি সীমাবদ্ধ ছিল কেবলমাত্র দক্ষিণ-ভারতে। উত্তর-ভারতের অনেকেই তাঁহাদের নামও জানিত না।

তবে সেযুগে কয়েকজন দক্ষিণ ভারতীয় দার্শনিক ও ধর্মপ্রচারক সর্বভারতীয় খ্যাতি অর্জন করেন। তাঁহাদের মধ্যে উল্লেখযোগ্য হইলেন কুমারিল ভট্ট, শঙ্করাচার্য এবং বসব। তাঁহাদেরই কণ্ঠে সেযুগে মূর্ত হইয়া উঠে ভারতের সনাতনধর্মের মাহাত্ম্য ও শ্রেষ্ঠত্ব।

**কুমারিল ভট্ট** ঃ—দাক্ষিণী ব্রাহ্মণ বংশোদ্ভূত কুমারিল ভট্ট আবির্ভূত হন সপ্তম শতকে। তিনি ছিলেন সেযুগের প্রথিতযশা পণ্ডিতদের অন্যতম। তিনি বৌদ্ধধর্মের বিরুদ্ধে বৈদিক ধর্ম ও বৈদিক ক্রিয়াকাণ্ডের মাহাত্ম্য প্রচারে অবতীর্ণ হইয়াছিলেন।

**শঙ্করাচার্য** ঃ—অদ্বৈতবাদের প্রচারক শঙ্করাচার্য আবিভূর্ত হন অষ্টম শতকে। তিনি প্রচার করেন, একমাত্র ব্রহ্মই সত্য, জগৎ মিথ্যা, ব্রহ্ম ভিন্ন দ্বিতীয় শক্তির অস্তিত্ব ত্রিভুবনে নাই। এই মতবাদই অদ্বৈতবাদ নামে পরিচিত। শঙ্করাচার্য রচিত উপনিষদ, গীতা ও বেদান্তের কালজয়ী ভাষ্য তাঁহার অনন্যসাধারণ পাণ্ডিত্য ও প্রতিভার পরিচায়ক। তিনি সমগ্র ভারত পর্যটন করিয়া দেশের চারিটি প্রান্তে চারিটি মঠ প্রতিষ্ঠা করেন। মাত্র বত্রিশ বৎসর বয়সে শঙ্করাচার্য দেহরক্ষা করেন।

**রামানুজ** ঃ—দ্বাদশ শতকের প্রথম ভাগে রামানুজ প্রচার করেন বৈষ্ণব ধর্ম। তিনি যে ধর্মমত প্রচার করেন তাহার মর্মবাণী হইল একমাত্র ভক্তির দ্বারাই ভগবানকে লাভ করা যায়, অন্য কোন উপায়ে নয়। তাঁহার মতবাদ 'বিশিষ্টাদ্বৈতবাদ' নামে পরিচিত। তাঁহার মতে সকল জীবই ব্রহ্মের অংশবিশেষ। জ্ঞান নয়, ভক্তিই মোক্ষলাভের একমাত্র সোপান। তিনি ভারতের নানাস্থানে চুয়াত্তরটি বৈষ্ণব ক্ষেত্র স্থাপন করেন। তাঁহার অনুগামীরা 'শ্রীবৈষ্ণব' নামে পরিচিত।

**সাহিত্য** ঃ এই যুগে সংস্কৃত ও তামিল সাহিত্যের অবদান উল্লেখযোগ্য। শঙ্করাচার্য ও রামানুজ ছিলেন সংস্কৃত গদ্য সাহিত্যের অন্যতম শ্রেষ্ঠ স্রষ্টা। রাষ্ট্রকূট রাজগণ সংস্কৃত ভাষা ও সাহিত্যের অনুরাগী ছিলেন। প্রথম অমোঘবর্ষ নিজেও একজন সুসাহিত্যিক ছিলেন। তিনি 'রত্ন মালিকা' ও 'কবিরাজমার্গ' নামে দুইখানি গ্রন্থ লিখিয়া প্রশংসা অর্জন করিয়াছেন।

পল্লবরাজগণও সাহিত্যের পৃষ্ঠপোষক ছিলেন। পল্লব রাজধানী কাঞ্চী ছিল শিক্ষা ও সংস্কৃতির পীঠস্থান এবং সংস্কৃত শিক্ষার একটি প্রধান কেন্দ্র। মন্দিরে মন্দিরে তখন সংস্কৃত শিক্ষার চর্চা হইত। খ্যাতনামা সংস্কৃত কবি ভারবি 'কিরাতার্জনীয়ম্ এবং প্রসিদ্ধ সংস্কৃত পণ্ডিত দন্ডিন্ 'কাব্যাদর্শ' রচনা করিয়া যশস্বী হইয়াছিলেন।' পল্লবরাজ প্রথম মহেন্দ্রবর্মণ নিজেও সুসাহিত্যিক ছিলেন। তাঁহার রচিত 'মত্তবিলাস' একখানি উৎকৃষ্ট গ্রন্থ। চালুক্য ও চোল যুগেও সাহিত্যের উন্নতি ঘটে। কল্যাণীর চালুক্যরাজ ষষ্ঠ বিক্রমাদিত্য ছিলেন বিদ্যোৎসাহী ও সাহিত্যানুরাগী। 'বিক্রমাঙ্কদেব চরিত' রচয়িতা বিহলন এবং 'মিতাক্ষরা' গ্রন্থের রচয়িতা বিজ্ঞানেশ্বর তাঁহার সভাকবি ছিলেন। চোলরাজ প্রথম রাজরাজাও ছিলেন সাহিত্যের পরম পৃষ্ঠপোষক।

মধ্যভারতের চান্ডেলাগণ এবং উড়িষ্যার বৃহত্তর গঙ্গ বংশের রাজগণও সাহিত্যের পৃষ্ঠপোষক ছিলেন। চান্ডেলা নরপতি কীর্তি বর্মণের আমলে বিখ্যাত কবি কৃষ্ণ মিশ্র 'প্রবোধ চন্দ্রোদয়' নামে একখানি নাটক লিখিয়াছিলেন। উড়িষ্যার গঙ্গ বংশের নরপতি অনন্তবর্মণ চোড়গঙ্গ সংস্কৃত ও তামিল সাহিত্যের পৃষ্ঠপোষক ছিলেন।

শিল্প ঃ—দক্ষিণ ভারতের শিল্পকলার উৎকর্ষ সাধনে চালুক্য, রাষ্ট্রকূট, পল্লব ও চোল রাজবংশের অবদান অতুলনীয়। চালুক্য রাজগণের পৃষ্ঠপোষকতায় দক্ষিণ ভারতে চিত্রশিল্প, স্থাপত্য ও ভাস্কর্যের প্রভুত উন্নতি হইয়াছিল। এই সময়ে অনেক গুহামন্দির এবং ব্রহ্মা, বিষ্ণু ও শিবের মন্দির নির্মিত হইয়াছিল। চালুক্য রাজগণের আমলেই অজন্তা ও এলিফ্যাণ্টার গুহাচিত্রগুলির কয়েকটি অঙ্কিত হইয়াছিল।



ইলোরার কৈলাস মন্দিরের ভাস্কর্য


রাষ্ট্রকূট শিল্প

রাষ্ট্রকূট রাজগণের রাজত্বকালেও দাক্ষিণাত্যে স্থাপত্য ও ভাস্কর্য শিল্পের যথেষ্ট উন্নতি হইয়াছিল। তাঁহারা বহু মন্দির নির্মাণ করিয়াছিলেন। ইহাদের মধ্যে ইলোরার কৈলাস মন্দির সর্বাপেক্ষা উল্লেখযোগ্য। ঐতিহাসিক ডঃ স্মিথ মন্তব্য করিয়াছেন, "ইহা যে কোন জাতির গৌরবের বস্তু"। পর্বতগাত্র খোদাই করিয়া এই মন্দির নির্মাণ করা হইয়াছিল। এই মন্দিরের আসল দেবতা শিব।


পল্লব শিল্প

পল্লবরাজগণ শিল্পানুরাগী ছিলেন। শিল্পের উৎকর্ষ সাধনে পল্লবযুগ ভারত ইতিহাসে এক গুরুত্বপূর্ণ অধ্যায় সৃষ্টি করিয়াছে। পল্লবদের শিল্পকার্যে সম্পূর্ণ ভারতীয় শিল্পরীতি পরিলক্ষিত হয়। কাঞ্চী ও মহাবলীপুরমে পল্লবশিল্পের প্রচুর নিদর্শন রহিয়াছে। পল্লবশিল্পীগণ বড় বড় পাহাড় কাটিয়া মন্দির নির্মাণ করিয়াছেন এবং উহাতে সূক্ষ্ম কারুকার্য রচনা করিয়াছেন। তাঁহাদের শিল্প-কৌশল ও সূক্ষ্ম সৌন্দর্যবোধ দর্শককে মুগ্ধ করে। কাঞ্চীর কৈলাসনাথের মন্দির, ঐরাবতেশ্বরের মন্দির এবং মহাবলীপুরমের সপ্তরথ মন্দির আজও পল্লবযুগের শিল্পকীর্তি ঘোষণা করিতেছে। এই

মন্দিরগুলি দক্ষিণ ভারতের স্থাপত্য ও ভাস্কর্য শিল্পের গৌরব বহন করে। পল্লব-শিল্প-রীতি দক্ষিণ পূর্ব এশিয়ার ভারতীয় উপনিবেশগুলিতে বিস্তার-লাভ করিয়াছিল।



মহাবলীপুরমের সপ্তরথ মন্দির



তাঞ্জোরের মন্দির

শিল্পক্ষেত্রে চোলযুগের প্রধান কীর্তি তাঞ্জোর এবং গঙ্গৈকোণ্ড-চোলপুরমের বিখ্যাত মন্দির সমূহ। তাঞ্জোরের রাজরাজেশ্বরের মন্দির চোল স্থাপত্য শিল্পের এক অপূর্ব নিদর্শন। মন্দিরটি উচ্চতায় ১৯০ ফুট। এই মন্দিরের চূড়ায় চৌদ্দটি স্তর আছে। প্রতি মন্দিরের চারিপার্শ্বে 'গোপুরম' নামে চারিটি করিয়া কারুকার্য খচিত তোরণ রহিয়াছে। ব্রোঞ্জনির্মিত নটরাজের মূর্তি চোল-শিল্পীগণের শিল্পদক্ষতার অন্যতম নিদর্শন।

চোল শিল্প

শুধু দক্ষিণ ভারতেই নহে, মধ্যভারত ও পূর্ব ভারতেও স্থাপত্য ও ভাস্কর্য শিল্পের যথেষ্ট উন্নতি হইয়াছিল। মধ্যভারতে চান্দেলাগণের রাজধানী খাজুরাহো ছিল শিল্প-চেতনার এক প্রধান কেন্দ্র। দশম শতাব্দীতে এই বংশের রাজা ধংগ খাজুরাহোর মন্দিরগুলি নির্মাণ করেন। পূর্ব ভারতের উড়িষ্যা একটি মন্দিরের দেশ। একাদশ শতাব্দীতে বৃহত্তর গঙ্গ বংশের নরপতি অনন্তবর্মণ চোড়গঙ্গ ছিলেন শিল্পানুরাগী। তাঁহার আমলেই পুরীর বিখ্যাত জগন্নাথ মন্দির নির্মিত হয়। এই মন্দিরের শিল্পবিন্যাস অপূর্ব।

চান্দেলা ওউড়িষ্যা শিল্প

## (খ) বহির্বিশ্বের সহিত বাণিজ্যিক ও সাংস্কৃতিক সংযোগ

ভারতবর্ষ যদিও চারিদিকে সমুদ্র ও পর্বত দ্বারা বেষ্টিত, তথাপি কেবল ভারতবর্ষের মধ্যেই এই সভ্যতা ও সংস্কৃতি সীমাবদ্ধ ছিল না। অতি প্রাচীনকাল হইতেই বিভিন্ন দেশের সহিত ভারতের বাণিজ্যিক ও সাংস্কৃতিক যোগাযোগ ছিল। ইহার ফলে ভারতের বাহিরেও নানাদেশে ভারতীয়দের কীর্তি ছড়াইয়া পড়িয়াছিল।

ভারতীয়রা প্রথমতঃ ব্যবসা-বাণিজ্যের জন্য এই সকল দেশে গমন করিত। ভারতের অধিবাসীরা জলপথে ও স্থলপথে ভারতের বাহিরে গমন করিয়াছিল। বৈদেশিক বাণিজ্যে লাভবান হইয়া ভারতের বিভিন্ন রাজ্য সমৃদ্ধিশালী হইয়া উঠিতে থাকে। জনৈক গ্রীক নাবিক রচিত "পেরিপ্লাস অব দি ইরিথিয়ান সী" গ্রন্থখানি হইতে সমসাময়িক ভারতের বন্দর সমূহের সমৃদ্ধির পরিচয় পাওয়া যায়। 'জাতক', 'কথাকোষ,' 'বৃহৎ কথা', 'কথাসরিত সাগর' প্রভৃতি গ্রন্থ হইতে ভারতীয় বণিকদের সামুদ্রিক অভিযানের কথা জানা যায়।

এই দেশের ঋষিরা, ব্রাহ্মণ ও আচার্যেরা তাহাদের ধর্ম এবং বুদ্ধদেবের অমূল্য বাণী ও উপদেশ সমূহ ভারতের বাহিরে নানাদেশে প্রচার করিয়াছিলেন। সেই সকল দেশের অধিবাসীরা আদরের সঙ্গে আমাদের ঋষিদের ও ব্রাহ্মণদের ধর্ম ও উপদেশ এবং বুদ্ধদেবের উপদেশ গ্রহণ করিল। আমাদের ধর্ম ও চিন্তা, পুরাণ-কথা ও কাহিনী, আচার ও অনুষ্ঠান, শিল্প ও সংগীত, সবকিছুই গ্রহণ করিল।

**মধ্য-এশিয়া ঃ** বহু পূর্ব হইতেই মধ্য-এশিয়ার দেশগুলির সহিত ভারতের বাণিজ্যিক ও সাংস্কৃতিক যোগাযোগ-সূত্র স্থাপিত হইয়াছিল। কুষাণ সম্রাট কণিষ্কের আমলে মধ্য-এশিয়ায় ভারতীয় সংস্কৃতির প্রভাব বৃদ্ধি পায়। মধ্য-এশিয়ায় খোটান, কুচা, তুরফান, কাশগড় প্রভৃতি অঞ্চলে সেযুগে ভারতীয় উপনিবেশ গড়িয়া উঠিয়াছিল। স্যার অরেল ষ্টাইনের প্রত্নতাত্ত্বিক আবিস্কারের ফলে মধ্য-এশিয়ার ভারতীয় ধর্ম ও সংস্কৃতির অনেক নিদর্শন আবিষ্কৃত হইয়াছে। [বিস্তৃত বিবরণের জন্য পঞ্চম অধ্যায়ের 'ঙ' পরিচ্ছেদ দ্রষ্টব্য।]

**চীন ঃ** অতি প্রাচীনকাল হইতেই ভারতের সংগে চীনের ঘনিষ্ঠ সম্পর্ক ছিল। ভারতের বস্ত্র ইওনান ও ব্রহ্মদেশ হইয়া চীনের বাজারে যাইত। এই বাণিজ্যের সূত্র ধরিয়াই ভারতীয় সংস্কৃতি চীনে প্রবেশ করে। ভারতের পণ্যের সংগে সংগে সে দেশে প্রবেশ করিল বৌদ্ধধর্ম। চীনের মঠ, আশ্রম ও বিদ্যাপীঠ হইতে বহু তীর্থযাত্রী বৌদ্ধশাস্ত্র অধ্যয়ন করিবার জন্য ভারতে আগমন করেন এবং ভারতবর্ষ হইতেও বহুলোক সেখানে গমন করেন। খ্রীষ্টীয় প্রথম শতাব্দীতে ভারতের বৌদ্ধাচার্য ধর্মরত্ন ও কাশ্যপ মাতংগ চীনে বৌদ্ধধর্ম প্রচার করেন। পরবর্তীকালে বৌদ্ধধর্ম চীনের ধর্মে পরিণত হয়। চীন হইতে ভারতে আসেন ফা-হিয়েন, হিউ-এন-সাঙ্, ইৎ-সিং প্রভৃতি পর্যটকগণ। ফা-হিয়েন ভারত হইতে বহু সংস্কৃত পুস্তকের পাণ্ডুলিপি সংগ্রহ করিয়াছিলেন। তিনি চীনা ভাষায়, 'বিনয়পিটক' গ্রন্থখানি রচনা করিয়াছিলেন। তাঙ সম্রাটের রাজত্বকালের বহু চীন শ্রমণ নালদা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করিতে আসিয়াছিলেন। হিউ-এন সাঙ্ নিজেও নালন্দা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করিয়াছিলেন। দেশে ফিরিয়া তিনি বহু বৌদ্ধগ্রন্থ চীনা ভাষায় অনুবাদ করেন। খ্রীষ্টীয় তৃতীয় শতাব্দীর মধ্যে চীনে প্রায় ১৮০ টি বৌদ্ধমঠ নির্মিত হইয়াছিল। এই সকল মঠে কয়েক হাজার ভারতীয় বৌদ্ধভিক্ষু বাস করিত। ইহা ছাড়া চীনা শিল্পেও ভারতীয় প্রভাব পরিলক্ষিত হয়। চোলরাজ রাজেন্দ্র চোলের আমলেও চীনের সংগে ভারতের বাণিজ্যিক দূত বিনিময় ঘটিয়াছিল।

**কোরিয়া ও জাপান ঃ** চীনের পথ দিয়া বৌদ্ধধর্ম প্রবেশ করিল কোরিয়া ও জাপানে। ৩৭২ খ্রীষ্টাব্দে সুন্দো নামক এক চীনা শ্রমণ কোরিয়ায় বৌদ্ধধর্ম প্রচার করেন। কিছুদিনের মধ্যে সমগ্র কোরিয়ায় বৌদ্ধধর্ম প্রচারিত হইল।

জাপানে বৌদ্ধধর্ম প্রবেশ করে ষষ্ঠ শতাব্দীতে। কালক্রমে ইহা সেখানকার রাজধর্মে পরিণত হয়। জাপানের হরিয়ুজি মন্দিরে ভারতীয় লিপি পাওয়া গিয়াছে। বোধিসেন নামে এক ভিক্ষু জাপানে মঠ প্রতিষ্ঠা করিয়াছিলেন। জাপানের নৃত্য ও সংগীতকলার মধ্যেও ভারতীয় প্রভাব পরিলক্ষিত হয়।

**ব্রহ্মদেশ ঃ** অতি প্রাচীনকাল হইতেই ভারতীয়গণ ব্রহ্মদেশে উপনিবেশ স্থাপন করেন। তাহাদের মাধ্যমে সেখানে হিন্দু ও বৌদ্ধধর্ম প্রচারিত হইয়াছিল। নবম শতাব্দীতে বৌদ্ধধর্ম সমগ্র ব্রহ্মদেশে প্রচারিত হয়। ইহার ফলে ব্রহ্মদেশে সংস্কৃত ও পালি ভাষায় চর্চা আরম্ভ হইল। সেখানকার লিপিতে ভারতীয় ব্রাহ্মীলিপি বেশ প্রভাব বিস্তার করিয়াছিল। ইহা ছাড়া ব্রহ্মদেশের বহু স্তূপ ও মন্দিরের নির্মাণকার্যে ভারতীয় স্থাপত্যরীতির পরিচয় পাওয়া যায়। ভারতের সহিত ব্রহ্মদেশের যোগাযোগের ব্যাপারে সেখানকার রাজাদের ভূমিকা ছিল উল্লেখযোগ্য।

**তিব্বত ঃ** হর্ষবর্ধনের রাজত্বকালে তিব্বতের রাজা ছিলেন স্রং-সান গাম্পো। তাঁহার আমল হইতেই ভারত তিব্বত সম্পর্ক ঘনিষ্ঠ হইতে থাকে। তাঁহার দুই রাণী বৌদ্ধধর্মাবলম্বী ছিলেন। তাঁহাদের প্রভাবে স্রং-সান গাম্পো বৌদ্ধধর্ম গ্রহণ করেন এবং তিব্বতে এই ধর্ম প্রচার করেন। তাঁহারই পৃষ্ঠপোষকতায় তিব্বতে সংস্কৃত ভাষার চর্চা আরম্ভ হয় এবং বহু বৌদ্ধ বিহার ও মন্দির প্রতিষ্ঠিত হয়। বাংলার পাল রাজগণের সহিত তিব্বতের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক ছিল। একাদশ শতাব্দীতে বঙ্গালী বৌদ্ধপণ্ডিত অতীশ দীপংকর তিব্বতের রাজার অনুরোধে তিব্বত গমন করিয়াছিলেন। তিব্বত হইতেও বৌদ্ধ সন্ন্যাসীগণ নালন্দা ও বিক্রমশীলায় শিক্ষালাভ করিতে আসিতেন। বহু বৌদ্ধ ধর্মগ্রন্থ তিব্বতী ভাষায় অনুদিত হইয়াছিল। তিব্বতে ভারতের ইতিহাস, ধর্ম ও সভ্যতা সম্বন্ধে বহু প্রাচীন গ্রন্থ আছে।

**চম্পা ঃ** ইন্দোচীনে চম্পা (বর্তমান আনাম অঞ্চল লইয়া গঠিত) নামে একটি উল্লেখযোগ্য রাজ্য ছিল। চম্পা হিন্দু সভ্যতা ও সংস্কৃতির একটি প্রধান কেন্দ্র ছিল। হিন্দু ও বৌদ্ধ উভয় ধর্মই সেখানে প্রচলিত ছিল। আর ছিল বৈষ্ণব ধর্মের প্রচলন। সেখানে শিবের পূজা বেশী হইত। সেখানকার রাষ্ট্রীয় ভাষা ছিল সংস্কৃত। বৌদ্ধ ও হিন্দু মন্দিরগুলিতে ভারতীয় শিল্প ও সংস্কৃতির পরিচয় পাওয়া যায়। এই রাজ্যের রাজাদের মধ্যে শম্ভুবর্মণ, ইন্দ্রবর্মণ, হরিবর্মণ প্রভৃতির নাম উল্লেখযোগ্য। তাঁহারা অনেকেই হিন্দুদর্শন, বৌদ্ধদর্শন ও সংস্কৃত ভাষার চর্চা করিতেন।

**কম্বোজ ঃ** ইন্দোচীনে স্থাপিত হিন্দুরাজ্যগুলির মধ্যে কম্বোজ ছিল উল্লেখযোগ্য। প্রাচীন কিংবদন্তী অনুসারে কৌণ্ডিল্য নামক জনৈক ব্রাহ্মণ এই রাজ্যটি প্রতিষ্ঠা করেন। কম্বোজ রাজগণ ব্রাহ্মণ্য, শৈব ও বৈষ্ণবধর্মের পৃষ্ঠপোষক ছিলেন। কেহ কেহ বৌদ্ধধর্মেরও অনুরাগী ছিলেন। সেখানকার অধিবাসীরা ভারতীয় সভ্যতা ও সংস্কৃতি গ্রহণ করিয়াছিল। এমনকি দুই দেশের অধিবাসীদের

মধ্যে বৈবাহিক সম্বন্ধও স্থাপিত হইয়াছিল। এইখানকার শিক্ষা-ব্যবস্থা ছিল সম্পূর্ণ ভারতীয়। কম্বোজ রাজ্যের আংকোরভাটের বিখ্যাত বিষ্ণুমন্দির হিন্দু সভ্যতার এক অপূর্ব নিদর্শন। এই মন্দিরটি পৃথিবীর মধ্যে সর্বাপেক্ষা বৃহৎ। মন্দিরের দেওয়ালে



আংকোরভাটের মন্দির

রামায়ণ ও মহাভারতের কাহিনী ও নটরাজমূর্তি প্রভৃতি অঙ্কিত আছে। বিষ্ণুভক্ত রাজা দ্বিতীয় সূর্যবর্মার আমলে এই মন্দিরের নির্মাণকার্য আরম্ভ হইয়াছিল। এখানকার বেয়নের শিব মন্দিরও ভাস্কর্য শিল্পের অন্যতম নিদর্শন।

**সিংহল ঃ** প্রাচীনকালেই সিংহলে ভারতীয় সভ্যতা বিস্তার লাভ করিয়াছিল। সম্রাট অশোকের আমলেও সিংহলে বুদ্ধদেবের বাণী প্রচারিত হইয়াছিল। সেই সময় হইতে সিংহল বৌদ্ধধর্মের একটি কেন্দ্র হিসাবে পরিচিত হয়। সমুদ্রগুপ্তের আমলে সিংহলরাজ মেঘবর্ণ বুদ্ধগয়াতে একটি মন্দির নির্মাণ করিয়াছিলেন। বৌদ্ধধর্মের প্রভাবের ফলে সিংহলে অনেক বৌদ্ধস্তুপ নির্মিত হইয়াছিল। এগুলির নির্মাণকার্যে ভারতীয় শিল্পরীতির যথেষ্ট পরিচয় পাওয়া যায়। সিংহলে পালি ভাষার চর্চাও দেখা যায়। 'মহাবংশ' ও 'দ্বীপবংশ' নামক গ্রন্থদুইটি পালি ভাষায় রচিত হইয়াছিল। ভারতীয় বংশোদ্ভূত তামিল ভাষাভাষী অধিবাসীরা এখনও সিংহলের জনসমষ্টির বৃহৎ অংশ অধিকার করিয়া আছে।

**শৈলেন্দ্র সাম্রাজ্য ঃ** অষ্টম শতাব্দীতে শৈলেন্দ্রবংশীয় রাজগণ সুমাত্রা, যবদ্বীপ, বোর্ণিও, বালি ও মালয় উপদ্বীপে এক বিশাল সাম্রাজ্য স্থাপন করিয়াছিলেন। দ্বাদশ

শতাব্দী পর্যন্ত তাঁহাদের ক্ষমতা অপ্রতিহত ছিল। আরব বণিকদের বর্ণনা হইতে শৈলেন্দ্র রাজাদের কীর্তিকলাপের কথা জানা গিয়াছে। শৈলেন্দ্র রাজাদের অধীনে যে শক্তিশালী নৌবহর ছিল, তাহারই সাহায্যে তাঁহারা দক্ষিণ-পূর্ব এশিয়ার এই বিস্তৃত দ্বীপাঞ্চলে তাঁহাদের সুবিশাল সাম্রাজ্য গড়িয়া তুলিতে পারিয়াছিলেন। শৈলেন্দ্র রাজারা মহাযান বৌদ্ধধর্মের অনুরাগী ছিলেন। নবম শতকে শৈলেন্দ্ররাজ বালপুত্রদেব নালন্দায় একটি বৌদ্ধবিহার নির্মাণের জন্য তৎকালীন পালবংশীয়



বরোবুদুরের বৌদ্ধ মন্দির

সম্রাটের নিকটে দূত পাঠান। বিখ্যাত বাঙ্গালী বৌদ্ধপণ্ডিত কুমার ঘোষ শৈলেন্দ্র রাজবংশের ধর্মগুরু ছিলেন। শৈলেন্দ্র রাজবংশের আমলেই যবদ্বীপের বিখ্যাত বরোবুদুরের বৌদ্ধমন্দিরটি নির্মিত হইয়াছিল। এই মন্দিরের গাত্রে অসংখ্য বুদ্ধমূর্তি এবং জাতকে বর্ণিত কাহিনীর চিত্ররূপ অঙ্কিত রহিয়াছে। এই মন্দিরটি ভারতীয় ভাস্কর্য ও স্থাপত্য শিল্পের এক অনুপম নিদর্শন। বাংলার কবি সত্যেন্দ্রনাথ দত্ত একদিন গর্বভরেই বলিয়াছিলেন—

"স্থপতি মোদের স্থাপনা করেছে 'বরভূধর'-এর ভিত্তি,
শ্যাম-কম্বোজ 'ওংকারধাম' মোদেরি প্রাচীন কীর্তি।"

ইহা ছাড়া আরব, পারস্য, মিশর প্রভৃতি দেশের সহিতও সমুদ্রপথে ভারতের বাণিজ্যিক যোগাযোগ ছিল। রাষ্ট্রকুটগণের আমলে ভারতের সঙ্গে আরব বণিকদের বাণিজ্য সম্পর্ক গড়িয়া উঠিয়াছিল এবং তাহাদের মধ্যে মিত্রতা স্থাপিত হইয়াছিল।

# মধ্যযুগের ভারত—১৭০৭ খ্রীষ্টাব্দ পর্যন্ত

## (১) মধ্যযুগের ভারত

মানব ইতিহাসের ধারা যুগ যুগান্তর ধরিয়া কখনও দ্রুত, কখনও মন্থর গতিতে বহিয়া চলিয়াছে। পতন-অভ্যুদয়ের ভিতর দিয়া এক যুগ শেষ হইয়া অপর যুগের শুরু হইয়াছে। যদিও এক যুগ হইতে অপর যুগে সভ্যতার উত্তরণের সময়-সীমা কখনও নির্দিষ্ট থাকিতে পারে না, তথাপি আলোচনার সুবিধার্থে এবং সভ্যতার বিবর্তনকে ধারা অনুযায়ী সঠিকভাবে জানিবার জন্য ইতিহাসকে তিনটি যুগে ভাগ করা হইয়াছে।

'মধ্যযুগের ভারত' বলিতে মোটামুটিভাবে ভারতের প্রাচীন ও আধুনিক যুগের মধ্যবর্তী সময়কেই বুঝাইয়া থাকে। মধ্যযুগের অন্যতম প্রধান বৈশিষ্ট্য সামন্ততন্ত্র গুপ্তরাজগণের আমলে দেখা দিলেও, প্রকৃতপক্ষে ভারতবর্ষে দ্বাদশ শতাব্দীতে ইসলাম-ধর্মী তুর্কীদের আগমনের সময় হইতেই মধ্যযুগ শুরু হয়। ঔরংজেবের মৃত্যুকাল (১৭০৭ খ্রীঃ) পর্যন্ত এই যুগের শেষ সময়রেখা ধরা হয়। তাহা হইলে ভারত-ইতিহাসের এই মধ্যবর্তী সময়কে 'মুসলিম ভারত' না বলিয়া 'মধ্যযুগের ভারত' বলিবার কারণ কি ?

ভারতবর্ষে দীর্ঘকাল মুসলমান রাজত্ব থাকিলেও কোন সময়ই সমগ্র দেশ এককভাবে মুসলমানদের করতলগত হয় নাই। প্রকৃতপক্ষে আলাউদ্দিন খলজীর পূর্বে দিল্লীর কোন সুলতানই দক্ষিণ ভারতে প্রবেশ করিতে পারেন নাই। এমন কি সুলতানী আমলেও দক্ষিণ ভারতে হিন্দুরাজ্য বিজয়নগর তাহার নিজের ঐতিহ্য বজায় রাখিয়া চলিয়াছিল। মুঘল যুগেও ঔরংজেবের সাম্রাজ্যের পাশাপাশি অবস্থান করিত শিবাজীর নেতৃত্বে গঠিত মহারাষ্ট্রের হিন্দু রাজ্য।

ভারত-ইতিহাসের মধ্যযুগ নানা ঘটনার বৈচিত্রে পরিপূর্ণ। একদিকে যেমন দেখিতে পাই তৈমুরলঙ ও নাদিরশাহের বর্বর ধ্বংসলীলা, অন্যদিকে শুনিতে পাই শ্রীচৈতন্য, কবীর, নানক প্রমুখ ধর্ম-সংস্কারকগণের প্রেমের বাণী। একদিকে ভক্তিবাদ অন্যদিকে সুফীবাদ। এই ভক্তিবাদ ও সুফীবাদের আদর্শে সুলতানী আমলে হিন্দু ও মুসলমান উভয় সম্প্রদায়ের মধ্যে গড়িয়া উঠিয়াছিল চমৎকার সৌহার্দ্য। এই যুগে একমাত্র ভারতবর্ষেই হিন্দু ও ইসলামী সংস্কৃতির অপূর্ব সমন্বয় সম্ভব হইয়াছিল। মুঘল যুগেও আমরা দেখিতে পাই, সম্রাট আকবর 'দীন-ই-ইলাহী'-র মাধ্যমে কিভাবে সর্বধর্ম সমন্বয়ের চেষ্টা করিয়াছেন। তাই ভারত-ইতিহাসের এই মধ্যবর্তী সময়কে 'মুসলিম ভারত' রূপে চিহ্নিত না করিয়া 'মধ্যযুগের ভারত' নামে অভিহিত করাই যুক্তিসঙ্গত।

## (২) সুলতানী যুগের ইতিহাসের উপাদান

সুলতানী যুগের ইতিহাসের উপাদানকে প্রধানতঃ দুইভাগে ভাগ করা যায়—(ক) ঐতিহাসিক গ্রন্থ, (খ) বিদেশী পর্যটকদের বিবরণী।

(ক) প্রধান ঐতিহাসিক গ্রন্থসমূহ

১। **চাচ্‌নামা**ঃ আরবী ভাষায় রচিত মূল গ্রন্থটি ফার্সী ভাষায় অনুবাদ করেন আবু বকর কুফি। ইহা আরবদের সিন্ধু বিজয়ের একটি প্রামাণিক গ্রন্থ।

২। **কিতাব-উল-হিন্দ**ঃ এই গ্রন্থটি রচনা করেন অল্‌-বিরুণী। এই গ্রন্থটি হইতে সুলতান মামুদের ভারত আক্রমণের প্রাক্কালে ভারতের অবস্থা এবং সেইযুগে ভারতের ধর্ম, বিজ্ঞান, সাহিত্য ও দর্শন সম্বন্ধে অনেক মূল্যবান তথ্য জানা যায়।

৩। **তাজ উল-মাসির**ঃ হাসান নিজামি কর্তৃক রচিত এই গ্রন্থ হইতে দিল্লীর সুলতানী রাজত্বের প্রথমার্ধের ইতিহাস জানা যায়।

৪। **তবাকাত-ই-নাসিরী**ঃ ইহা মিন্‌হাজ-উস-সিরাজ কর্তৃক রচিত। ইহাতে ১২৬০ খ্রীষ্টাব্দ পর্যন্ত দিল্লীর সুলতানীর নির্ভুল ও ধারাবাহিক ইতিহাস আছে।

৫। **খাজাইন-উল্‌-ফুতুহ্‌**ঃ বিখ্যাত কবি ও ঐতিহাসিক আমীর খসরু এই গ্রন্থটির রচয়িতা। আমীর খসরু ১২৯০ হইতে ১৩২৫ খ্রীষ্টাব্দ পর্যন্ত দিল্লীর দরবারে সভাকবি ছিলেন। সুতরাং তাঁহার এই গ্রন্থ হইতে খল্‌জী ও তুঘলক রাজত্বের প্রকৃত ইতিহাস জানা যায়। আমীর খসরুর রচিত অন্যান্য গ্রন্থের মধ্যে 'তুঘলক নামা' উল্লেখযোগ্য।

৬। **তারিখ-ই-ফিরোজ শাহী**ঃ জিয়া উদ্দিন-বারণী রচিত 'তারিখ-ই-ফিরোজ-শাহী' একখানি মূল্যবান গ্রন্থ। জিয়াউদ্দিন দীর্ঘকাল মহম্মদ-বিন-তুঘলকের রাজ দরবারে উচ্চপদে অধিষ্ঠিত ছিলেন। তাঁহার গ্রন্থে বলবনের রাজত্বকাল হইতে ফিরোজ তুঘলকের রাজত্বের প্রথম ছয় বৎসর পর্যন্ত সময়ের ইতিহাস, বিশেষ করিয়া আলাউদ্দিন খল্‌জী ও মহম্মদ-বিন-তুঘলকের রাজস্ব-সংস্কার সবিস্তারে বর্ণিত আছে। 'ফতওয়া-ই-জাহান্দারী' জিয়াউদ্দিন-বারণীর অপর একটি উল্লেখযোগ্য গ্রন্থ।

৭। **ফুতুহ্‌-উস্‌-সালাতিন**ঃ এই গ্রন্থটি রচনা করেন খাজা আবু মালিক ইসামি। এই গ্রন্থে গজনীর সুলতান মামুদের সময় হইতে মহম্মদ-বিন-তুঘলকের রাজত্বকাল পর্যন্ত ধারাবাহিক ইতিহাস আছে।

৮। শামস্‌-ই-সিরাজ আফিফ **'তারিখ-ই-ফিরোজশাহী'** নামে একখানি গ্রন্থ রচনা করেন। এই গ্রন্থে ফিরোজ তুঘলকের রাজত্বকাল বর্ণিত আছে।

৯। **তারিখ ই-মুবারক শাহী**ঃ ইয়াহিয়া-বিন-শরহিন্দ এই গ্রন্থটির রচয়িতা। ইহাতে সৈয়দ বংশের ইতিহাস সন্নিবিষ্ট আছে।

১০। **তারিখ-ই-সালাতিন-ই-আফগানা**ঃ আহম্মদ ইয়াদ্‌গর এই গ্রন্থটি রচনা করেন। ইহাতে লোদীবংশের উত্থান-পতনের ইতিহাস আছে।

ইহা ছাড়া, সুলতান ফিরোজ তুঘলকের আত্মচরিত **'ফতুহাৎ-ই-ফিরোজশাহী'**,

আব্বাস শেরওয়ানী রচিত 'তারিখ-ই-শেরশাহী' প্রভৃতি এই যুগের অন্যান্য ঐতিহাসিক গ্রন্থ।

(খ) **বিদেশী পর্যটকদের বিবরণী ঃ** সুলতানী যুগে যে সকল বিদেশী পর্যটক ভারতে আগমন করেন তাঁহাদের মধ্যে আফ্রিকার ইবন্-বতুতা সর্বাপেক্ষা উল্লেখযোগ্য। তাঁহার রচিত 'রাহেলা' ( সফরনামা ) গ্রন্থে সুলতানী আমলের, বিশেষ করিয়া মহম্মদ-বিন-তুঘলকের রাজত্বকালের কাহিনী বর্ণিত আছে। পঞ্চদশ শতাব্দীর প্রথমভাগে চৈনিক পর্যটক মা-হুয়ান বংগদেশে আসেন। তিনি সেখানকার ধন-সম্পদের এক সুন্দর বিবরণ লিখিয়া গিয়াছেন। ইটালীর পর্যটক নিকোলো কণ্টি, হিরাটের পর্যটক আবদুর রজ্জাক, পর্তুগীজ পর্যটক পায়েজ ও নুনিজের বিবরণ হইতে বিজয়নগর রাজ্যের এবং রাশিয়ার পর্যটক আথেনাসিয়াস নিকিতিনের বিবরণ হইতে বাহমনী রাজ্যের ইতিহাস জানা যায়। অন্যান্য পর্যটকদের মধ্যে বারথেমা, বারবোসা ও মার্কো পোলো উল্লেখযোগ্য।

## (৩) ভারতে ইসলামের সূচনা

হজরত মহম্মদের প্রবর্তিত ধর্ম ইসলামধর্ম নামে খ্যাত। আরবের লোকেরা এই ধর্মে দীক্ষিত হয়। মহম্মদের মৃত্যুর একশত বৎসরের মধ্যে এশিয়া, আফ্রিকা ও স্পেনে ইসলামধর্ম প্রচারিত হইল এবং এই বিস্তীর্ণ ভুভাগে আরব সাম্রাজ্য প্রতিষ্ঠিত হইল। এইবার ইসলামের বিজয় নিশান ভারতের দ্বারপ্রান্তে উপনীত হইল।

**আরবদের সিন্ধু বিজয় ঃ** প্রাচীনকাল হইতেই আরবদেশের সহিত ভারতের বাণিজ্যিক যোগাযোগ ছিল। ভারতের ধন-সম্পদ আরবদের দৃষ্টি আকর্ষণ করিয়াছিল। সপ্তম শতাব্দীর মধ্যভাগে আরবগণ পশ্চিম ভারতে উপদ্রব আরম্ভ করিয়াছিল। কিন্তু অষ্টম শতাব্দীর আগে তাহারা রাজ্যবিস্তারের চেষ্টা করে নাই।

দাহির

অষ্টম শতাব্দীর প্রথমভাগে দাহির নামে ব্রাহ্মণ-বংশীয় এক রাজা সিন্ধুদেশে রাজত্ব করিতেন। ৭০৮ খ্রীষ্টাব্দে সিংহলের রাজা একটি জাহাজে করিয়া অনেক মূল্যবান উপঢৌকন খলিফার নিকট প্রেরণ করিয়াছিলেন। সিন্ধুর নিকটবর্তী দেবল বন্দরের কাছে জলদস্যুরা সেই জাহাজ লুণ্ঠন করে। ইহাতে ইরাকের মুসলিম শাসনকর্তা হজ্জাজ ক্ষতিপূরণ দাবী করিয়া দাহিরের নিকট এক পত্র প্রেরণ করিলেন। সিন্ধুরাজ দাহির ক্ষতিপূরণ দিতে অনিচ্ছা প্রকাশ করিলেন। ফলে খলিফার প্রতিনিধি হজ্জাজ দাহিরের বিরুদ্ধে এক অভিযান প্রেরণ করিলেন। এই অভিযান ব্যর্থ হইলে হজ্জাজ তাঁহার জামাতা ও ভ্রাতুষ্পুত্র মহম্মদ-বিন কাশিমের নেতৃত্বে আর একটি অভিযান প্রেরণ করিলেন। মহম্মদ-বিন কাশিম ৭১২ খ্রীষ্টাব্দে দেবল বন্দরে উপস্থিত হইলেন। অনায়াসে

মহম্মদ বিন কাশিম কর্তৃক দেবল অধিকার

দেবল অধিকার করিয়া কাশিম হিন্দু বন্দীদিগকে ইসলামধর্ম গ্রহণ করিতে বাধ্য করিলেন। যাহারা ইসলাম-ধর্ম গ্রহণ করিল না তাহাদিগকে নির্মমভাবে হত্যা করা হইল। কাশিম এইবার উত্তরদিকে অগ্রসর হইলেন। রাওয়ার দুর্গের

নিকট উভয়পক্ষে তুমুল যুদ্ধ হইল। বীরত্বের সহিত যুদ্ধ করিয়া দাহির প্রথমে জয়লাভ করিলেন। কিন্তু পরে তিনি পরাজিত ও নিহত হইলেন। দেশপ্রেমিক দাহির বিদেশীদের আক্রমণ হইতে স্বদেশভূমি রক্ষার্থে জীবন উৎসর্গ করিয়া ইতিহাসে স্মরণীয় হইয়া আছেন।

কাশিম রাওয়ার দুর্গ আক্রমণ করেন। বিধবা রাণী সর্বশক্তি দ্বারা কাশিমের বাহিনীকে বাধা দান করেন। আপ্রাণ চেষ্টা করিয়াও তিনি দুর্গ রক্ষা করিতে পারিলেন না। দুর্গের পতন যখন আসন্ন, তখন তিনি নিজের সম্মান রক্ষা করিবার জন্য অন্যান্য রমণীদের সহিত জলন্ত অগ্নিকুণ্ডে আত্ম-বিসর্জন দিলেন। রাওয়ার দুর্গে সঞ্চিত সমস্ত ধনরত্ন মুসলমানদিগের হস্তগত হইল। ইহার পর কাশিম সেখানকার ছয় হাজার লোককে নির্মমভাবে হত্যা করেন। অতঃপর রাজধানী আলোর মুসলমানদিগের অধিকারভুক্ত হইল। প্রচণ্ড যুদ্ধের পর মুলতানও তাহাদের করতলগত হইল।

রাওয়ার দুর্গের পতন

**সিন্ধু বিজয়ের প্রভাব :** ভারতের ইতিহাসে আরবদের সিন্ধু বিজয় একটি সাধারণ ঘটনা। সিন্ধু ব্যতীত আরবগণ ভারতের অভ্যন্তরে প্রবেশ করিতে পারে নাই। কারণ গুর্জর-প্রতিহারগণের নিকট তাহারা বাধা পাইয়াছিল। সিন্ধুর কিছু লোককে তাহারা ইসলামধর্মে দীক্ষিত করিলেও, ভারতের শিক্ষা, সংস্কৃতি, ভাষা, শিল্প-কলা, আচার-ব্যবহার প্রভৃতির ক্ষেত্রে তেমন কোন প্রভাব বিস্তার করিতে পারে নাই। বরং আরবগণই ভারতের জ্ঞান-বিজ্ঞানের দ্বারা প্রভাবিত হইয়াছিল।

## (৪) মুসলমান শাসনের সূচনা

**মুসলমান আক্রমণের পূর্বে উত্তর ও পশ্চিম ভারতের অবস্থা :** ভারতবর্ষে প্রতিহার সাম্রাজ্যের শক্তি ও ক্ষমতা যতদিন অক্ষুণ্ণ ছিল ততদিন তাহারা বহিঃশত্রুর আক্রমণ প্রতিরোধ করিতে সমর্থ হইয়াছিল। কিন্তু প্রতিহারগণের শক্তি বিনষ্ট হইবার ফলে উত্তর-পশ্চিম ভারতে কয়েকটি ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্যের অভ্যুদয় হয়। প্রতিহারগণের শক্তি তখন শুধুমাত্র কনৌজের মধ্যেই সীমাবদ্ধ ছিল। চান্দেলা, কলচুরি, চৌহান, চালুক্য প্রভৃতি রাজবংশের মধ্যে কোন ঐক্য ছিল না। ফলে তাহারা বৈদেশিক আক্রমণের বিরুদ্ধেও সংঘবদ্ধ হইতে পারে নাই। পরবর্তীকালে ভারতবর্ষে যখন তুর্ক-আফগান আক্রমণ শুরু হয়, তখন উত্তর-পশ্চিম ভারতের ক্ষুদ্র এবং দুর্বল রাজ্যগুলির পক্ষে এককভাবে সেই আক্রমণ প্রতিরোধ করা সম্ভব হয় নাই।

**সুলতান মামুদের ভারত আক্রমণ :** নবম শতাব্দীর শেষভাগে সিন্ধুদেশ হইতে আরব শাসনের অবসান ঘটে। কালক্রমে তুর্কী জাতি ক্ষমতাশালী হইয়া উঠে। ৯৬৩ খ্রীষ্টাব্দে আফগানিস্তানে গজনী নামক এক স্বাধীন রাজ্য প্রতিষ্ঠিত হইল। এই রাজ্যের প্রতিষ্ঠাতা ছিলেন আলপ্তাগিন নামে জনৈক তুর্কী ক্রীতদাস। তাঁহার মৃত্যুর পর ৯৭৭ খ্রীষ্টাব্দে তাঁহার ক্রীতদাস ও জামাতা সবুক্তগীণ গজনীর সিংহাসনে আরোহণ করেন।

সবুক্তগীনের মৃত্যুর পর তাঁহার পুত্র সুলতান মামুদ ৯৯৮ খ্রীষ্টাব্দে গজনীর সুলতান হইলেন। ধন-সম্পদের লিপ্সা ও ধর্মান্ধতাই তাঁহাকে বারংবার ভারত আক্রমণে উদ্বুদ্ধ করিয়াছিল। মামুদ প্রায় প্রতি বৎসর ভারত আক্রমণ করিয়াছিলেন। এই আক্রমণগুলির মধ্যে সতেরটি আক্রমণ ইতিহাসে প্রসিদ্ধিলাভ করিয়াছে। ১০০০ খ্রীষ্টাব্দে মামুদ ভারত সীমান্তের কয়েকটি দুর্গ দখল করেন। পর বৎসর পেশোয়ারের নিকট পিতৃশত্রু জয়পালের সহিত তাঁহার প্রচণ্ড যুদ্ধ হয়। প্রাণপণ যুদ্ধ করিয়াও জয়পাল মামুদের কাছে পরাজিত ও বন্দী হইলেন। প্রচুর অর্থ ও পঞ্চাশটি হাতী দিবার প্রতিশ্রুতিতে জয়পাল মুক্তিলাভ করিলেন। এই অপমান সহ্য করিতে না পারিয়া জয়পাল তাঁহার পুত্র আনন্দপালের হাতে রাজ্যভার অর্পণ করিয়া জ্বলন্ত অগ্নিকুণ্ডে প্রাণ বিসর্জন দিলেন।


সুলতান মামুদ

১০০৬ খ্রীষ্টাব্দে সুলতান মামুদ মুলতান আক্রমণ করিলে আনন্দপাল মুলতানের মুসলমান শাসকের পক্ষে যোগ দিলেন এবং মামুদকে প্রতিরোধ করিবার জন্যে পেশোয়ারের দিকে অগ্রসর হইলেন। যুদ্ধে আনন্দপাল পরাজিত হইয়া কাশ্মীরে আশ্রয় গ্রহণ করিতে বাধ্য হইলেন। ইহাতেও আনন্দপাল নিরুৎসাহ হইলেন না। তিনি উত্তর ভারতের হিন্দুরাজগণের সহায়তা লাভ করিয়া পুনরায় যুদ্ধের জন্য প্রস্তুত হইলেন। পেশোয়ার ও উদ্‌ভান্তপুরের মধ্যবর্তী স্থানে ১০০৯ খ্রীষ্টাব্দে উভয়পক্ষে প্রচণ্ড যুদ্ধ হইল। আনন্দপাল এবারেও পরাজিত হইলেন। সুলতান মামুদ নগরকোট দুর্গ অধিকার করিয়া প্রচুর ধনরত্ন লুণ্ঠন করেন। আনন্দপালের মৃত্যুর পরেও সুলতান মামুদ বেশ কয়েকবার ভারত আক্রমণ করিয়া প্রচুর ধনসম্পত্তি লুণ্ঠন করিয়াছিলেন।

**মামুদের ভারত আক্রমণের ফল ঃ** অপরিমেয় ধনরত্ন লুণ্ঠনের ফলে ভারতের অর্থনৈতিক অবস্থা শোচনীয়ভাবে বিপর্যস্ত হইল। শুধুমাত্র সোমনাথ মন্দির লুণ্ঠন করিয়াই মামুদ দুই কোটি স্বর্ণমুদ্রা, কয়েকশত মণ স্বর্ণ ও রৌপ্য নির্মিত বাসন-পত্র গজনীতে লইয়া যান। ইহা হইতে অনুমান করা যায় যে সতেরবার ভারতবর্ষ আক্রমণ করিয়া তিনি ভারতবর্ষ হইতে কি পরিমাণ ধনরত্ন লুণ্ঠন করিয়াছিলেন। এইভাবে ভারতের অর্থনৈতিক অবস্থা ভাঙিয়া পড়ায় ভারতীয় রাজ্যগুলি দুর্বল হইয়া পড়িল। ইহার ফলে ভারতে মুসলমান অধিকার বিস্তারের পথ সুগম হইয়া উঠিল। সুলতান মামুদের সঙ্গেই বিখ্যাত পণ্ডিত অল্-বিরুণী গজনী হইতে ভারতে আসেন।

সোমনাথ মন্দির লুণ্ঠন

**অল্-বিরুণী ঃ ( ৯৭০—১০৩৮ খৃঃ ) ;** লুণ্ঠনকারী রূপে প্রতীয়মান হইলেও বিদ্যোৎসাহী হিসাবে সুলতান মামুদের যথেষ্ট খ্যাতি ছিল। 'শাহনামা' রচয়িতা মহাকবি ফিরদৌসী এবং গজনীর প্রসিদ্ধ পণ্ডিত অল্-বিরুণী তাঁহার সভা অলংকৃত করিতেন। অল্-বিরুণী 'কিতাব-উল্-হিন্দ' নামে একখানি গ্রন্থ রচনা করিয়াছিলেন। এই গ্রন্থে তিনি ভারতের ধর্ম, বিজ্ঞান, দর্শন, সাহিত্য, জ্যোতিষ ও চিকিৎসাশাস্ত্রের ভূয়সী প্রশংসা করেন। তিনি আরবী ও ফার্সী ভাষায় সুপণ্ডিত ছিলেন। তিনি দুইটি সংস্কৃত গ্রন্থ আরবী ভাষায় এবং কয়েকটি আরবী গ্রন্থ ফার্সী ভাষায় অনুবাদ করিয়াছিলেন।

## (৫) দিল্লীর সুলতানীর প্রতিষ্ঠা

**মহম্মদ ঘুরীর আক্রমণ হইতে সাম্রাজ্য গঠন পর্যন্ত ঃ** সুলতান মামুদের মৃত্যুর পর গজনী রাজ্য দুর্বল হইয়া পড়িল। এই সময়ে গজনীর পশ্চিমে ঘুর নামে একটি রাজ্য ছিল। এই রাজ্যটি তখন খুব শক্তিশালী হইয়া উঠিল। পরে গজনী ঘুর রাজ্যের অন্তর্ভুক্ত হয়। এই রাজ্যের একজন সুলতান গিয়াসউদ্দিন ঘুরীর ভ্রাতা ছিলেন মুইজউদ্দিন বা মহম্মদ ঘুরী। গিয়াসউদ্দিন মহম্মদ ঘুরীকে গজনীর শাসনকর্তা নিযুক্ত করেন।



মহম্মদ ঘুরী

মহম্মদ ঘুরী ছিলেন ক্ষমতাশালী শাসক ও সামরিক নেতা। নিজের বাহুবলে তিনি উত্তর-পশ্চিম ভারতের মুসলমান রাজাদের পরাজিত করিয়া মুলতান, পেশোয়ার ও লাহোর জয় করেন। কিন্তু ইহাতেই মহম্মদ ঘুরী সন্তুষ্ট হইতে পারেন নাই। তাঁহার জীবনের প্রধান উদ্দেশ্য ছিল, ছলে বলে কৌশলে ভারতে মুসলমান সাম্রাজ্য প্রতিষ্ঠা করা।

মহম্মদ ঘুরী যে সময়ে ভারতবর্ষ আক্রমণ করেন সেই সময়ে উত্তর ভারত কয়েকটি ক্ষুদ্র রাজ্যে বিভক্ত ছিল। অধিকাংশ রাজ্যেই রাজপুত রাজারা রাজত্ব করিতেন। ইহাদের মধ্যে দিল্লী ও আজমীরের রাজা চৌহানবংশীয় পৃথ্বীরাজ ও কনৌজের রাজা জয়চন্দ্রের নাম উল্লেখযোগ্য। এই দুইজন ক্ষমতাশালী নরপতির মধ্যে প্রবল শত্রুতা ছিল।

তরাইনের প্রথম ও দ্বিতীয় যুদ্ধ

মহম্মদ ঘুরী এই সুযোগ গ্রহণ করিলেন। তিনি ভারতবর্ষ আক্রমণ করিলেন। ১১৯১ খ্রীষ্টাব্দে তরাইনের প্রথম যুদ্ধে তিনি পৃথ্বীরাজের নিকট পরাজিত হন। কিন্তু ১১৯২ খ্রীষ্টাব্দে তরাইনের দ্বিতীয় যুদ্ধে তিনি পৃথ্বীরাজকে পরাজিত ও নিহত করিলেন।

তরাইনের যুদ্ধের পর মহম্মদ ঘুরী ভারতে রাজ্যবিস্তারে মনোনিবেশ করিলেন। এই রাজ্যবিস্তারে তাঁহার প্রধান সহায় ছিল তাঁহারই ক্রীতদাস ও সেনাপতি

কুতুবউদ্দিন। কুতুবউদ্দিনকে ভারতের বিজিত অঞ্চলের শাসনকর্তা নিযুক্ত করিয়া মহম্মদ ঘুরী ঘুর রাজ্যে প্রত্যাবর্তন করেন। কুতুবউদ্দিনের সময়ে ইখ্‌তিয়ারউদ্দিন মহম্মদ বিন্ বখতিয়ার খল্‌জী নামে একজন তুর্কী সেনাপতি বাংলার সেনবংশীয় রাজা লক্ষ্মণ সেনকে পরাজিত করিয়া নদীয়া অধিকার করিয়াছিলেন।

মহম্মদ ঘুরী নিঃসন্তান ছিলেন। ১২০৬ খ্রীষ্টাব্দে তিনি শত্রুহস্তে নিহত হইলে তাঁহার রাজ্যের ভারতীয় অংশ দুইভাগে বিভক্ত হইয়া পড়ে। নাসিরুদ্দিন কুবাচা সিন্ধু এবং কুতুবউদ্দিন আইবক দিল্লীর অধিপতি হইলেন।

**কুতুবউদ্দিন কর্তৃক দিল্লীতে সুলতানীর প্রতিষ্ঠা ঃ** কুতুবউদ্দিন ১২০৬ খ্রীষ্টাব্দের ২৪শে জুন দিল্লীতে স্বাধীন সুলতানী বংশের প্রতিষ্ঠা করেন। তিনি সুলতান উপাধি গ্রহণ করিয়া দিল্লীর সিংহাসনে আরোহণ করেন। এইভাবে ভারতে মুসলমান শাসন প্রতিষ্ঠিত হইল এবং ভারতের ইতিহাসে এক নূতন অধ্যায়ের সূচনা হইল। সুলতানী আমলে পাঁচটি রাজবংশ দিল্লীতে তিনশত বৎসরের অধিককাল রাজত্ব করিয়াছিল। এই সময় তুর্ক-আফগান সুলতানগণ রাজত্ব করিয়াছিলেন বলিয়া এই আমলকে তুর্ক-আফগান শাসনকালও বলা হয়।



কুতুবউদ্দিন

**দাসবংশ**

কুতুবউদ্দিন প্রথম জীবনে ক্রীতদাস ছিলেন। তাঁহার পরবর্তী কয়েকজন সুলতানও ক্রীতদাস ছিলেন। সেইজন্য কুতুবউদ্দিনের প্রতিষ্ঠিত রাজবংশ ইতিহাসে 'দাসবংশ' নামে পরিচিত। কোন কোন ঐতিহাসিকের মতে এই বংশকে 'দাসবংশ' বলা সমীচীন নহে। কারণ এই বংশের কয়েকজন সুলতান প্রথম জীবনে ক্রীতদাস থাকিলেও সিংহাসন লাভের পর তাঁহারা দাসত্ব হইতে মুক্ত হইয়াছিলেন।

**কুতুবউদ্দিনের কৃতিত্ব**

কুতুবউদ্দিন চারি বৎসর রাজত্ব করিয়াছিলেন (১২০৬—১২১০ খ্রীঃ)। তিনি নাসিরউদ্দিন কুবাচাকে পরাজিত করিয়া সিন্ধু অধিকার করেন। তিনি তাঁহার অপর একজন শত্রু গজনীর শাসক তাজউদ্দিন ইল্‌দিজকেও পাঞ্জাব হইতে বিতাড়িত করেন। তিনি কনৌজ, গোয়ালিয়র প্রভৃতি জয় করেন। কুতুবউদ্দিন খুব সাহসী যোদ্ধা ও সুদক্ষ শাসক ছিলেন। দেশের শান্তি-শৃঙ্খলার প্রতি তাঁহার যথেষ্ট দৃষ্টি ছিল। তাঁহার রাজ্য দিল্লী, পাঞ্জাব, বিহার, বঙ্গদেশের একাংশ, গুজরাট ও কালিঞ্জর পর্যন্ত বিস্তার লাভ করিয়াছিল। তিনি খুব দানশীল ছিলেন। লক্ষ লক্ষ টাকা দান করিতেন বলিয়া লোকে তাঁহাকে 'লাখবক্স' বা 'লক্ষমুদ্রা দাতা' উপাধি দিয়াছিল। দিল্লীর বিখ্যাত কুতুবমিনারের নির্মাণ কার্য তিনিই আরম্ভ করেন। তিনি আজমীর ও দিল্লীতে


দুইটি মসজিদও স্থাপন করেন। ১২১০ খ্রীষ্টাব্দে 'চৌগান' বা 'পোলো' খেলিবার সময় ঘোড়া হইতে পড়িয়া তাঁহার মৃত্যু ঘটিয়াছিল।

**ইলতুৎমিস (১২১১—১২৩৬ খ্রীঃ)ঃ** কুতুবউদ্দিনের মৃত্যুর পর তাঁহার পোষ্য পুত্র আরাম শাহ * প্রায় একবৎসরকাল রাজত্ব করেন। তিনি অকর্মণ্য ও আরামপ্রিয় ছিলেন বলিয়া দিল্লীর ওমরাহগণ তাঁহাকে সিংহাসনচ্যুত করেন এবং ইলতুৎমিসকে সুলতান ঘোষণা করেন।

ইলতুৎমিস ছিলেন কুতুবউদ্দিনের ক্রীতদাস। পরে তিনি কুতুবউদ্দিনের জামাতা হইয়াছিলেন। কুতুবউদ্দিনের মৃত্যুর পর দেশের চারিদিকে বিদ্রোহ ও অশান্তি দেখা দিল। এই সময়ে ইলতুৎমিস অসাধারণ ধৈর্য্যের সঙ্গে মুসলমান সাম্রাজ্যটিকে সব বিপদ হইতে মুক্ত করেন এবং দেশকে শক্তিশালী করিয়া গড়িয়া তোলেন। তিনি পাঞ্জাব, রণথম্ভোর, গোয়ালিয়র ও বঙ্গদেশ অধিকার করেন।

রাজ্যজয়

তাঁহারই সময়ে মধ্য-এশিয়ার দুর্ধর্ষ মোঙ্গল নেতা চেঙ্গীস খাঁ খোয়ারিজমের রাজপুত্র জালালউদ্দিনকে অনুসরণ করিয়া ভারতে প্রবেশ করেন। জালালউদ্দিন ইলতুৎমিসের দরবারে আশ্রয় প্রার্থনা করিলেন। কিন্তু ইলতুৎমিস ইহাতে রাজী হইলেন না। তখন চেঙ্গীস খাঁ ভারত হইতে প্রত্যাবর্তন করেন। এইভাবে ইলতুৎমিস এক বিরাট বিপদ হইতে রক্ষা পাইলেন।



কুতুবমিনার

ইলতুৎমিসকে দিল্লীর সুলতানীর প্রকৃত প্রতিষ্ঠাতা বলা হয়। তিনি কুতুবউদ্দিনের বিজিত সাম্রাজ্যকে স্থায়ীভাবে প্রতিষ্ঠিত করিয়াছিলেন। ইলতুৎমিস বাগদাদের খলিফার সহিত রাজনৈতিক সম্বন্ধ স্থাপন করিয়া নিজের প্রতিপত্তিবৃদ্ধি করিয়াছিলেন। খলিফা ইলতুৎমিসকে 'সুলতান-ই-আজম' উপাধি দান করিয়াছিলেন। তাঁহার নাম হইল শামসউদ্দিন ইলতুৎমিস। ইলতুৎমিস সুদক্ষ শাসক ছিলেন। তিনি বিদ্যোৎসাহী ও শিল্পানুরাগী ছিলেন। তাঁহার দরবারে বহু জ্ঞানী ও গুণী লোকের সমাবেশ ছিল। তিনি কুতুবমিনারের নির্মাণ কার্য সমাপ্ত করেন এবং জুম্মা মসজিদের ভিত্তি স্থাপন করেন। ১২৩৬ খ্রীষ্টাব্দে তাঁহার মৃত্যু হয়।

কৃতিত্ব

*The relationship of Aram with Qutub-ud-din is a subject of Controversy. According to some he was Qutub-ud-din's son, but Minhaj-us-sirai distinctly writes that Qutub-ud-din had only three daughters. Abul Fazal has made the "astonishing statement" that "he was the Sultan's brother"—An Advanced History of India—Dr. R. C. Mazumder.

ইলতুৎমিসের মৃত্যুর পর তাঁহার সুযোগ্য কন্যা রিজিয়া ( ১২৩৬—১২৪০ খ্রীঃ ) এবং তাঁহার পতনের পর নাসিরউদ্দিন মামুদ ( ১২৪৬—১২৬৬ খ্রীঃ ) সহ তিনজন সুলতান মোট ছাব্বিশ বৎসর রাজত্ব করিয়াছিলেন। রিজিয়ার বহু গুণ থাকা সত্ত্বেও নারী শাসন দিল্লীর আমীর ওমরাহদের পছন্দ হয় নাই। পরবর্তী তিনজন সুলতানও ছিলেন অকর্মণ্য ও অপদার্থ।

**গিয়াসউদ্দিন বলবন** ( ১২৬৬—১২৮৭ খ্রীঃ ) ঃ নাসিরউদ্দিন অপুত্রক অবস্থায় মারা গেলে উলুঘ খাঁ গিয়াসউদ্দিন বলবন নাম ধারণ করিয়া দিল্লীর সিংহাসনে আরোহণ করেন। প্রথম জীবনে তিনি ছিলেন ক্রীতদাস। পরে নিজের প্রতিভাবলে তিনি ইলতুৎমিসের ব্যক্তিগত পরিচালক নিযুক্ত হন এবং তাঁহার কন্যাকে বিবাহ করেন। বলবনই ছিলেন দাস বংশের যোগ্যতম সুলতান।



গিয়াসউদ্দিন বলবন

**আভ্যন্তরীণ বিদ্রোহ দমন** ঃ শাসনকার্যে বলবন দক্ষতার পরিচয় দিয়াছিলেন। তাঁহার পূর্বের সুলতানগণ রাজ্যবিস্তারের দিকে বেশী মনোযোগী ছিলেন। কিন্তু বলবন রাজ্যবিস্তার অপেক্ষা রাজ্যের আভ্যন্তরীণ বিশৃঙ্খলা দূর করিতে বেশী মনোযোগী হইলেন। এই সময়ে মেওয়াটী নামে রাজপুত দস্যুগণ দিল্লীর উপকণ্ঠে উপদ্রব করিত। বলবন ইহাদের দমন করিলেন। ইহা ছাড়া তিনি দোয়াবের হিন্দু দস্যুগণকেও দমন করিয়াছিলেন। সিংহাসনে আরোহণ করিবার পর তুর্কী অভিজাতগণকে দমন করাই তাঁহার প্রধান সমস্যা ছিল। তিনি বুদ্ধিবলে এই উদ্ধত আমীরগণকে দমন করিতে সমর্থ হন। ইহার পর তিনি সেনাবাহিনীকে সংগঠিত করেন। ইহার ফলে অশ্বারোহী ও পদাতিক সৈন্যের সমর-দক্ষতা বৃদ্ধি পায়। তিনি পুরাতন সেনাবাহিনীর বহু সংস্কার সাধন করেন।

**মোঙ্গল আক্রমণ** ঃ মোঙ্গল আক্রমণ প্রতিরোধ বলবনের শ্রেষ্ঠ কৃতিত্ব। মোঙ্গলরা বারবার উত্তর-পশ্চিম সীমান্তে আক্রমণ চালাইতেছিল। বলবন সীমান্ত রক্ষার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেন। তিনি পুত্র মহম্মদকে সসৈন্যে মোঙ্গল আক্রমণ প্রতিহত করিতে পাঠাইলেন। মোঙ্গলরা তাঁহার নিকট পরাজিত হইয়া ফিরিয়া যায়। ১২৮৬ খ্রীষ্টাব্দে মোঙ্গলগণ পুনরায় ভারত আক্রমণ করিলে, মহম্মদ তাহাদিগকে বাধা দিতে গিয়া প্রাণ হারাইলেন। তখন বলবন সসৈন্যে অগ্রসর হইয়া লাহোর পুনরুদ্ধার করেন।

**বঙ্গদেশের বিদ্রোহ দমন** ঃ সুযোগ বুঝিয়া বঙ্গদেশের শাসনকর্তা তুঘরীল খাঁও বিদ্রোহ ঘোষণা করেন। সত্তর বৎসর বয়সে বৃদ্ধ সুলতান স্বয়ং তুঘরীল খাঁর বিরুদ্ধে যুদ্ধযাত্রা করেন এবং যুদ্ধে তাঁহাকে নিহত করেন। পরে নিজপুত্র বুঘরা খাঁকে বঙ্গদেশের শাসনকর্তা নিযুক্ত করিয়া বলবন দিল্লীতে ফিরিয়া আসেন। এইভাবে বলবন তাঁহার রাজ্যের মধ্যে শান্তিশৃঙ্খলা অক্ষুণ্ণ রাখেন। ১২৮৭ খ্রীষ্টাব্দে তিনি মৃত্যুমুখে পতিত হন।

**কৃতিত্ব—সুলতানীর ভিত্তি সুদৃঢ়করণ ঃ** বলবন কঠোর অথচ ন্যায়পরায়ণ সুলতান ছিলেন। অপরাধীকে তিনি উপযুক্ত শাস্তি দিতেন। তাঁহার নিকট উচ্চ-নীচ কোন প্রভেদ ছিল না। তিনি আমীরগণের বিশেষ ক্ষমতা বাতিল করিয়া দেন। তিনি তাঁহার দরবারে পারস্যদেশীয় আদব-কায়দা প্রচলন করেন। তিনি রাজ্যে গুপ্তচর-প্রথা প্রবর্তন করেন এবং স্থায়ী সৈন্যবাহিনী গঠন করেন। তাঁহার শাসনের প্রধান উদ্দেশ্য ছিল দিল্লীর সুলতানীর ভিত্তি সুদৃঢ় করা। তিনি সুলতান এবং রাষ্ট্রশক্তির মর্যাদা বৃদ্ধি করিয়া তুর্কী সাম্রাজ্যের শৃংখলা ফিরাইয়া আনেন। ডঃ আর. পি. ত্রিপাঠির মতে বলবন রাজকীয় শক্তির সহিত রাজকীয় দায়িত্ববোধের সমন্বয় সাধন করিয়াছিলেন। পরবর্তীকালে আলাউদ্দিন খলজী তাঁহার প্রদর্শিত পথই অনুসরণ করিয়াছিলেন। মধ্য এশিয়ার কয়েকজন পলাতক রাজাকে বলবন নিজের দরবারে আশ্রয় দিয়াছিলেন। বলবন অত্যন্ত বিদ্যোৎসাহী ছিলেন। প্রসিদ্ধ কবি আমীর খসরু তাঁহার সভাকবি ছিলেন।

## (৬) খল্‌জী সাম্রাজ্যবাদ

বলবনের পরবর্তী সুলতান কাইকোবাদের দুর্বলতা, অনভিজ্ঞতা ও উচ্ছৃংখলতার সুযোগে দিল্লীর অভিজাতগণ খল্‌জী এবং তুর্কীদলে বিভক্ত হইয়া পড়ে। খল্‌জী দলের নেতা জালালউদ্দিন কৌশলে কাইকোবাদকে হত্যা করাইয়া ১২৯০ খৃষ্টাব্দে দিল্লীর সিংহাসন অধিকার করেন। জালালউদ্দিনের (১২৯০—১২৯৬ খ্রীঃ) প্রতিষ্ঠিত রাজবংশের নাম খল্‌জী বংশ। খল্‌জী বংশের শ্রেষ্ঠ সুলতান আলাউদ্দিন খল্‌জী।

**আলাউদ্দিন খল্‌জী** ( ১২৯৬—১৩১৬ খ্রীঃ ) ঃ স্নেহ পরায়ণ পিতৃব্য ও শ্বশুর জালালউদ্দিন খল্‌জীকে নৃশংসভাবে হত্যা করিয়া আলাউদ্দিন দিল্লীর সিংহাসনে আরোহণ করেন। এই অমানুষিক, বর্বরোচিত হত্যাকাণ্ডে বিক্ষুব্ধ আমীর-ওমরাহদের মুক্তহস্তে উৎকোচ দিয়া, উচ্চপদের লোভ দেখাইয়া তিনি তাঁহাদের বশীভূত করেন। তারপর তিনি মোংগল আক্রমণ প্রতিরোধ ও কয়েকটি বিদ্রোহ দমন করিলেন। মোংগলদের মধ্যে অনেকেই 'নব-মুসলমান' হইয়া দিল্লীর উপকণ্ঠে বাস করিতেছিল। আলাউদ্দিন তাহাদিগকে দমন করিবার জন্য একদিনে প্রায় কুড়ি হাজার নব মুসলমানকে হত্যা করেন। ঐতিহাসিক জিয়াউদ্দিন বারণী তাঁহাকে 'নিষ্ঠুর ও রক্তপিপাসু' বলিয়া নিন্দাবাদ করিয়াছেন।



আলাউদ্দিন খল্‌জী

**রাজ্যবিস্তার ঃ** আলাউদ্দিন ছিলেন সাহসী ও বিচক্ষণ যোদ্ধা। তাঁহার তীব্র উচ্চাকাংখা ছিল। তিনি গ্রীক বীর আলেকজাণ্ডারের মত দিগ্বিজয়ী হইতে ইচ্ছা পোষণ করিয়াছিলেন। সেইজন্য তিনি নিজেকে 'দ্বিতীয় আলেকজাণ্ডার' বলিয়া অভিহিত করিতেন। স্যার উলস্‌লী হেইগের মতে আলাউদ্দিন খলজীর

রাজত্বকাল হইতেই সুলতানী সাম্রাজ্যবাদের যুগ শুরু হয়। রোমিলা থাপারও স্বীকার করেন যে আলাউদ্দিনের আমলেই সুলতানী সাম্রাজ্য সর্বাধিক বিস্তার লাভ করিয়াছিল। আলাউদ্দিনের এই রাজ্যবিস্তার নীতিই হইল খলজী সাম্রাজ্যবাদ।

আলাউদ্দিন প্রথমে গুজরাট জয় করেন এবং সেখানকার রাজা দ্বিতীয় কর্ণদেবের পত্নী কমলাদেবীকে বন্দী করিয়া আনিয়া তাঁহাকে বিবাহ করেন। এই সময়ে তিনি চিতোরের রানা রতনসিংহের বিরুদ্ধে যুদ্ধযাত্রা করেন। কর্ণেল টডের 'রাজস্থান কাহিনী' নামক গ্রন্থ থেকে জানা যায় যে, চিতোরের রাজমহিষী পদ্মিনীর অসামান্য রূপে মুগ্ধ হইয়া তাঁহাকে লাভ করিবার জন্যই আলাউদ্দিন চিতোর অবরোধ করিয়াছিলেন।* তিনি চিতোর অধিকার করিলেন বটে কিন্তু পদ্মিনীকে লাভ করিতে পারিলেন না। মুসলমান সৈন্য দুর্গে প্রবেশ করিবার পূর্বেই পদ্মিনী আটশত পুরনারী সহ জ্বলন্ত চিতায় প্রাণ বিসর্জন দিলেন। আলাউদ্দিন তাঁহার জ্যেষ্ঠ পুত্র খিজির খাঁকে চিতোরের শাসনকর্তা নিযুক্ত করেন। অতঃপর আলাউদ্দিন মালব, উজ্জয়িনী, চান্দেরী প্রভৃতি রাজ্য জয় করেন। এইভাবে কাশ্মীর, নেপাল ও আসাম ব্যতীত সমগ্র উত্তর ভারত আলাউদ্দিনের পদানত হয়।

উত্তর ভারতে রাজ্যজয়

উত্তর ভারতে আধিপত্য স্থাপন করিয়া আলাউদ্দিন তাঁহার সেনাপতি মালিক কাফুরকে দাক্ষিণাত্য জয় করিতে পাঠাইলেন। দাক্ষিণাত্য বিজয়ই আলাউদ্দিনের রাজনৈতিক জীবনের শ্রেষ্ঠ কীর্তি। কোন কোন ঐতিহাসিক মনে করেন, দক্ষিণ ভারতের ধন-সম্পদ লাভ করিবার উদ্দেশ্যেই আলাউদ্দিন সেখানে অভিযান করিয়াছিলেন। কিন্তু রোমিলা থাপারের মতে সমগ্র ভারতবর্ষে সুলতানী প্রভুত্ব প্রতিষ্ঠা করাই ছিল আলাউদ্দিনের প্রকৃত উদ্দেশ্য। এই সময়ে গুজরাটের পলাতক রাজা দ্বিতীয় কর্ণদেব ও তাঁহার কন্যা দেবলাদেবীকে আশ্রয় দেন দেবগিরির রাজা রামচন্দ্র দেব। মালিক কাফুর রামচন্দ্রকে যুদ্ধে পরাজিত করিয়া কর্ণদেবের কন্যা দেবলাদেবীকে দিল্লীতে পাঠাইয়া দেন। দেবলাদেবীর সহিত আলাউদ্দিনের জ্যেষ্ঠ পুত্র খিজির খাঁর বিবাহ হয়। এখানে উল্লেখ করা প্রয়োজন, পূর্বেই এই দেবগিরি রাজ্যে আলাউদ্দিনের আগমন ঘটিয়াছিল। পিতৃব্য জালালউদ্দিনের রাজত্বকালে যুবরাজ আলাউদ্দিন দেবগিরির যাদব রাজ্য আক্রমণ করিয়াছিলেন। যাদব রাজ্যের অধীশ্বর রামচন্দ্রকে পরাজিত করিয়া সেইসময় তিনি অপরিমিত ধন-সম্পদ হস্তগত করিয়াছিলেন।

মালিক কাফুরের নেতৃত্বে দাক্ষিণাত্যে রাজ্যজয়

দেবগিরির পর মালিক কাফুর বরঙ্গলের কাকতীয় রাজা প্রতাপরুদ্রকে পরাজিত

---

"Some modern historians are of opinion that the story of Padmini is a myth" —A short History of the Muslim Rule in India—Dr. Ishwari Prasad.

করেন ( ১৩০৮ খ্রীঃ ) এবং তাঁহাকে কর দিতে বাধ্য করেন। মালিক কাফুরের প্রচেষ্টায় দোরসমুদ্রের হোয়সলরাজও দিল্লীর বশ্যতা স্বীকার করিতে বাধ্য হন ( ১৩১০ খ্রীঃ )। আরও দক্ষিণে পাণ্ড্যরাজ্যের অধিপতিও মালিক কাফুরের বিজয় অভিযানের নিকট নতিস্বীকার করেন ( ১৩১১ খ্রীঃ )। মাদুরা লুণ্ঠন করিয়া কাফুর প্রচুর ধনরত্ন হস্তগত করেন। ১৩১৩ খ্রীষ্টাব্দে মালিক কাফুর পুনর্বার দেবগিরি জয় করেন। এই সময়ে দেবগিরির রাজা ছিলেন রামচন্দ্রদেবের পুত্র শংকরদেব। এই বিরাট সামরিক সাফল্যে আলাউদ্দিনের বিজয় পতাকা উড্ডীন হইল উত্তরে হিমালয়ের পাদদেশ হইতে দক্ষিণে সেতুবন্ধ রামেশ্বর পর্যন্ত। আলাউদ্দিনের পূর্বে দিল্লীর আর কোন সুলতান এত বড় সাম্রাজ্য স্থাপন করিতে পারেন নাই।

বিশাল সাম্রাজ্যের অধীশ্বর হইয়াও আলাউদ্দিনের শেষ জীবন শান্তিতে কাটে নাই। কথিত আছে, মালিক কাফুরই বিষ প্রয়োগ করিয়া বৃদ্ধ সুলতানকে হত্যা করেন ( ১৩১৬ খ্রীঃ )।

**কেন্দ্রীয় শাসন ব্যবস্থা সুদৃঢ়করণ ঃ** আলাউদ্দিন খল্‌জি ছিলেন স্বৈরাচারী শাসক। শরিয়তী বিধি-বিধানের অনুসরণ করিলেও নিজ স্বার্থসিদ্ধির জন্য প্রয়োজন হইলে তিনি কোরাণের নির্দেশও লংঘন করিতেন। রাজ্যপ্রাপ্তির কয়েক বৎসরের মধ্যেই তাঁহার রাজ্যে আরম্ভ হয় নানা বিদ্রোহ। এইসব বিদ্রোহের কারণ বিশ্লেষণ করিয়া তিনি বুঝিতে পারেন, পারস্পরিক বিবাহ সম্পর্ক স্থাপন করিয়া আমীর ওমরাহরা শক্তিশালী হইয়া উঠেন। তাই তাঁহাদের শক্তি খর্ব করিবার মানসে সুলতানের বিনা অনুমতিতে আমীর-ওমরাহদের মধ্যে বৈবাহিক সম্পর্ক স্থাপন এবং অন্যান্য সামাজিক আদান-প্রদান নিষিদ্ধ হইয়া যায়। আমীর-ওমরাহ ও প্রজাদের উচ্ছৃংখলতা দমনের জন্য তিনি মদ্যপান, জুয়াখেলা, পাশাখেলা বন্ধ করিয়া দেন। আমীর-ওমরাহদের প্রতিপত্তি হ্রাসের জন্য তিনি তাঁহাদের জায়গির বাজেয়াপ্ত করেন। এইভাবে তিনি সামন্তশক্তির গর্ব খর্ব করেন। আলাউদ্দিন বিত্তবান হিন্দুদের বিরুদ্ধে কতগুলি কঠোর আইনের প্রবর্তন করেন। তাঁহার আদেশে হিন্দুরা অশ্বারোহণ, অস্ত্রধারণ, মূল্যবান পোশাক-পরিধান বা বিলাস-সামগ্রী ব্যবহার করিতে পারিত না। এইসব অন্যায় জুলুম ছাড়াও, হিন্দুদের উপর জিজিয়া কর ধার্য করা হয়। আমীর ওমরাহদের উপর কড়া নজর রাখিবার জন্য তিনি বহু গুপ্তচর নিযুক্ত করেন। তাঁহার কঠোর শাসনে দেশে বিদ্রোহ বন্ধ হইয়া গিয়াছিল।

আলাউদ্দিন তাঁহার সাম্রাজ্য রক্ষা করিবার জন্য এক বিশাল সেনাবাহিনী গঠন করিয়াছিলেন। আলাউদ্দিন শাসিত বিশাল সাম্রাজ্যের প্রধানতম স্তম্ভ ছিল সামরিক শক্তি। সামরিক ক্ষেত্রে তিনি বলবনের নীতি অনুসরণ করিয়াছিলেন। তাঁহার সৈন্যবাহিনীতে চারি লক্ষ পঁচাত্তর হাজার সৈন্য ছিল। সামরিক শক্তির সাহায্যে তিনি মোঙ্গল আক্রমণ প্রতিরোধ করেন এবং সীমান্তে নিরাপত্তা রক্ষার

সু-ব্যবস্থা করেন। তিনি সামান ও দীপালপুরে স্থায়ী সৈন্যবাহিনী মোতায়েন করিয়াছিলেন। তাহা ছাড়া তিনি উত্তর-পশ্চিম সীমান্তে বহু দুর্গ নির্মাণ করেন। পুরাতন দুর্গগুলিরও তিনি সংস্কার সাধন করেন। সুলতান স্বয়ং সৈন্যবাহিনীর তত্ত্বাবধান করিতেন। তাঁহার নির্দেশে সেনাবাহিনীতে প্রবর্তিত হয় কঠোর নিয়মানুবর্তিতা ও আইনশৃংখলা।

আলাউদ্দিন জায়গীর প্রথার বিলোপ সাধন করেন। দোয়াব অঞ্চলের হিন্দুদের নিকট হইতে তিনি উৎপন্ন ফসলের অর্ধাংশ এবং মুসলমানদের নিকট হইতে একচতুর্থাংশ রাজস্ব হিসাবে গ্রহণ করিতেন।

**অর্থনৈতিক ব্যবস্থা ঃ** বিরাট সেনাবাহিনীর ব্যয়ভার লাঘবের জন্য আলাউদ্দিন সৈনিকদের স্বল্পহারে বেতনদানের নীতি গ্রহণ করেন। অল্পবেতনে সৈন্যদের দৈনন্দিন জীবনযাত্রা নির্বাহ করিতে যাহাতে কোনরূপে অসুবিধা না হয় সেজন্য তিনি নিত্য ব্যবহার্য জিনিসপত্রের সর্বোচ্চ মূল্য* নির্ধারণ করিয়া দেন। যদি কোন বিক্রেতা কোন জিনিস ওজনে কম দিত তাহা হইলে তাহার দেহ হইতে সম পরিমাণ মাংস কাটিয়া নেওয়া হইত। প্রত্যেক বাজারে শাহান-ই-মণ্ডী বা বাজারের তত্ত্বাবধায়ক নামে এক-শ্রেণীর পদস্থ কর্মচারী স্বয়ং উপস্থিত থাকিয়া সরকারের প্রয়োজনীয় দ্রব্য সামগ্রী ক্রয় করিতেন। সরকারী অনুমতি ব্যতীত কোন মালপত্র বিদেশের হাটে-বাজারে রপ্তানি হইতে পারিত না। দিল্লী ও তৎসন্নিহিত অঞ্চলে এই দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ নীতি প্রচলিত হইলেও সাম্রাজ্যের দূরবর্তী অঞ্চল সমূহে এই ব্যবস্থা সুষ্ঠুভাবে প্রযুক্ত হয় নাই। তাহা ছাড়া এই ব্যবস্থায় সৈনিক ও সরকারী কর্মচারীদের সুবিধা হইলেও শস্যের উপযুক্ত মূল্য না পাওয়ায় কৃষকদের বিশেষ ক্ষতিগ্রস্ত হইতে হয়। কৃষকদের উৎপন্ন ফসলের অর্ধাংশ রাজস্ব দিতে হইত। তাই সাময়িকভাবে এই দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ ব্যবস্থা ফলপ্রসূ হইলেও আলাউদ্দিনের মৃত্যুর পর ইহার বিলোপ ঘটে। তথাপি এই কথা স্বীকার করিতেই হইবে যে, মধ্যযুগে এই প্রকার অর্থনৈতিক প্রচেষ্টা আলাউদ্দিনের বাস্তববুদ্ধি ও উর্বর মস্তিষ্কের পরিচায়ক।

ফলাফল

আলাউদ্দিনের চরিত্র ও কৃতিত্ব সম্পর্কে ঐতিহাসিকগণ পরস্পর বিরোধী মতবাদ পোষণ করেন। জিয়াউদ্দিন বারণী তাঁহাকে মিশরের ফ্যারাও অপেক্ষাও অধিক অত্যাচারী এবং রক্ত-পিপাসু বলিয়া মন্তব্য করিয়াছেন। এই কথা ঠিক যে তিনি বলবনের মত সাম্রাজ্যের শাসন-ব্যবস্থায় "রক্ত ও লৌহ" নীতি প্রয়োগ করিয়াছিলেন। কিন্তু মোঙ্গল আক্রমণ প্রতিরোধ ব্যবস্থা, সমগ্র দেশে সুলতানী প্রভুত্ব প্রতিষ্ঠা, কেন্দ্রীয় শাসন-ব্যবস্থা সুদৃঢ়করণ এবং অর্থনৈতিক ব্যবস্থা তাঁহার কৃতিত্বেরই পরিচয়

---

* আলাউদ্দিনের আমলে নির্ধারিত দ্রব্যমূল্য ঃ গম প্রতি মণ ৭½ জীতল ; যব এক মণ = ৪ জীতল ; ধান এক মণ = ৫ জীতল ; ডাল এক মণ = ৫ জীতল ; চিনি প্রতি সের = ১½ জীতল ; ঘৃত প্রতি তিন সের = ১ জীতল ; সরিষার তৈল আড়াই সের = ১ জীতল।

[ ১ জীতল = পূর্বের ১ পয়সা = বর্তমান ১·৫৬ পয়সা ]

বহন করে। তাই ইবন বতুতার মতে তিনি একজন শ্রেষ্ঠ সুলতান। কবি আমীর খসরু এবং সুফী সন্ত নিজামউদ্দিন আউলিয়া তাঁহার আনুকূল্য লাভ করেন। দিল্লীর আলাই দরওয়াজা তাঁহার আমলেই নির্মিত হয়।

## (৭) তুঘলক বংশের সুলতানগণের শাসন

আলাউদ্দিনের মৃত্যুর পর সাম্রাজ্যে আবার বিশৃংখলা দেখা দিল। তাঁহার কয়েকজন পুত্র ক্রমান্বয়ে সিংহাসনে বসেন বটে কিন্তু তাঁহারা দেশে শান্তি শৃংখলা স্থাপন করিতে পারেন নাই। এই সময়ে পাঞ্জাবের অন্তর্গত দীপালপুরের শাসনকর্তা গাজী মালিক খলজী বংশের শেষ সুলতানকে হত্যা করেন এবং গিয়াসউদ্দিন তুঘলক শাহ নাম ধারণ করিয়া দিল্লীর সিংহাসনে বসেন। গিয়াসউদ্দিন তুঘলক (১৩২০—১৩২৫ খ্রীঃ) যে নূতন রাজবংশের প্রতিষ্ঠা করেন তাহার নাম 'তুঘলক বংশ'।


মহম্মদ-বিন-তুঘলক

**মহম্মদ-বিন-তুঘলক ঃ (১৩২৫—৫১ খ্রীঃ) ঃ** গিয়াসউদ্দিন তুঘলকের মৃত্যুর পর তাঁহার পুত্র জুনা খাঁ মহম্মদ-বিন-তুঘলক উপাধি ধারণ করিয়া দিল্লীর সিংহাসনে আরোহণ করেন। তিনি ছিলেন এই বংশের শ্রেষ্ঠ সুলতান। সুলতানী লাভের পর তিনি রাজস্ব সংস্কারে মন দেন। গংগা-যমুনার দোয়াব অঞ্চলে রাজস্ব বৃদ্ধি করিয়া তিনি রাজকোষ স্ফীত করিতে সচেষ্ট হন।

**দোয়াব অঞ্চলে কর বৃদ্ধি ঃ** দুর্ভাগ্যবশতঃ দোয়াব অঞ্চলে উপর্যুপরি কয়েক বৎসর অনাবৃষ্টি হওয়ায় এক ভয়াবহ দুর্ভিক্ষের (১৩২৫—১৩৩০ খ্রীঃ) প্রাদুর্ভাব ঘটে। রাজকর্মচারীরা জোরজবরদস্তি করিয়া রাজস্ব আদায় করিতে তৎপর হইলে অনেক কৃষক দেশত্যাগ করে, অনেকে আবার প্রকাশ্যে বিদ্রোহী হইযা উঠে। কঠোর হস্তে এই বিদ্রোহ দমন করা হয়। সৈন্যদের অত্যাচারে বহু কৃষক প্রাণ হারায় (১৩৩৩ খ্রীঃ)। মহম্মদ-বিন-তুঘলক অবশ্য দুর্ভিক্ষ-প্রপীড়িত কৃষকদের ত্রাণের জন্য খাদ্য, শস্যবীজ, পশু ও ঋণদানের ব্যবস্থা করেন। কিন্তু ইতিপূর্বেই বহু কৃষক অনাহারে মারা যায় কিংবা সৈন্যদের অত্যাচারে নিহত হয়। সুতরাং রাজকোষের আয়বৃদ্ধি তো দূরের কথা, আর্থিক ক্ষতি হয় অপরিসীম। উপরন্তু প্রজা অসন্তোষও তীব্র আকার ধারণ করে।

**রাজধানী পরিবর্তন ঃ** নব বিজিত দাক্ষিণাত্য অঞ্চলে শান্তিশৃংখলা-বিধান এবং মোংগল আক্রমণের হাত হইতে রাজধানী সুরক্ষিত করিবার মানসে মহম্মদ-বিন-তুঘলক দিল্লী হইতে প্রায় সাতশত মাইল দূরবর্তী দেবগিরিতে রাজধানী স্থানান্তরিত করেন (১৩২৭ খ্রীঃ)। এই নূতন রাজধানীর নাম হয় দৌলতাবাদ। প্রচুর আপত্তি ও

অসন্তোষ থাকা সত্ত্বেও তিনি দিল্লীর সকল অধিবাসীকে দৌলতাবাদে গমন করিবার কঠোর নির্দেশ দেন। কিন্তু দৌলতাবাদের জলবায়ু দিল্লীবাসীদের সহ্য না হওয়ায় তিনি তাহাদের দিল্লী প্রত্যাবর্তনের আদেশ দেন। এইভাবে দুইবার যাতায়াতে সাধারণ মানুষের দুঃখ-দুর্দশার সীমা-পরিসীমা ছিল না। রাজধানী পরিবর্তনের নীতি যুক্তিসংগত হইলেও ইহাতে রাজকোষের বিপুল অর্থের অপচয় হয়। সর্বশ্রেণীর জনগণের মধ্যেও ধূমায়িত অসন্তোষ বর্দ্ধিমান হইয়া উঠে।


**তাম্রমুদ্রার প্রচলন ঃ** রাজধানী পরিবর্তনের ব্যয়-বাহুল্য, বিদ্রোহদমন, দুর্ভিক্ষ-ত্রাণ, প্রজাদের রাজস্বদানে অস্বীকৃতি প্রভৃতি নানাবিধ কারণে রাজকোষের অর্থ প্রায় নিঃশেষিত হইয়া যায়। তাই রাজকোষের আয়বৃদ্ধির জন্য চীনা-সম্রাট কুবলাই খাঁ এবং পারস্য সম্রাট গাইখাটুর অনুকরণে স্বর্ণ ও রৌপ্য মুদ্রার পরিবর্তে মহম্মদ-বিন-তুঘলক স্বনামাঙ্কিত তামমুদ্রার প্রচলন করেন ( ১৩২৯—১৩৩০ খ্রীঃ )। কিন্তু জাল মুদ্রা প্রচলন রোধ করার কোন সুবন্দোবস্ত না থাকায় সারাদেশে জাল মুদ্রায় ছাইয়া যায়। ফলে বিদেশী বণিকরা তামমুদ্রা গ্রহণ করিতে অস্বীকৃত হয়। মুসলিম উলেমারাও তামমুদ্রা ইসলাম-বিরোধী বলিয়া ঘোষণা করেন। ইহাতে ব্যবসা-বাণিজ্য বন্ধ হইবার উপক্রম হয়। তখন গত্যন্তর না থাকায় মহম্মদ-বিন-তুঘলক রাজকোষ হইতে তামমুদ্রার পরিবর্তে রৌপ্য ও স্বর্ণমুদ্রা দিয়া তামমুদ্রার প্রচলন বন্ধ করিয়া দেন। ইহারই অনিবার্য ফলস্বরূপ অর্থাভাব প্রকট হইয়া উঠে।

**মহম্মদ বিন-তুঘলকের দিগ্বিজয়-প্রচেষ্টা ঃ** সে যুগের চিরাচরিত রীতি অনুসারে মহম্মদ-বিন-তুঘলক পররাজ্য-জয়ের নেশায় মাতিয়া উঠেন। আভ্যন্তরীণ অবস্থা দুর্বল ছিল বলিয়া সর্বপ্রথমে তিনি ইরাক, খোরাসান প্রভৃতি রাজ্য আক্রমণ করিতে তৎপর হন। এই উদ্দেশ্যে তিনি প্রায় চারিলক্ষ সৈন্যও সংগ্রহ করেন। কিন্তু শেষ পর্যন্ত অর্থাভাবে ও অন্যান্য কারণে এই পরিকল্পনা বাস্তবে রূপায়িত করা সম্ভব হয় নাই। ইহাতে অকারণে প্রচুর অর্থ ব্যয়িত হয়। সৈন্যদের অসন্তোষও তীব্র হইয়া উঠে।

অনেক ঐতিহাসিকের ধারণা মহম্মদ-বিন-তুঘলক চীন আক্রমণের পরিকল্পনা করেন। কিন্তু প্রকৃতপক্ষে তিনি কোনদিনই চীনদেশে অভিযান প্রেরণ করেন নাই। সমসাময়িক ঐতিহাসিক জিয়াউদ্দিন বারণীর মতে সুলতান চীন ও ভারত সীমান্তের মধ্যবর্তী অঞ্চলে অবস্থিত কারাজল রাজ্যটি অধিকারের জন্য একলক্ষ সৈন্য লইয়া গঠিত একটি সুসজ্জিত সামরিক অভিযান প্রেরণ করেন। তাঁহার বিশাল বাহিনীর অধিকাংশই তুষারপাতে, খাদ্যাভাবে এবং পর্বতবাসীদের লুণ্ঠনে বিধ্বস্ত হয়। তাহা সত্ত্বেও এই অভিযানের প্রকৃত উদ্দেশ্য সিদ্ধ হয়। কেন না কারাজল অধিপতি ভীত হইয়া দিল্লীর অধীনতা স্বীকার করেন। করদানেরও প্রতিশ্রুতি দেন।

**মহম্মদ-বিন-তুঘলকের শেষ জীবন ঃ** আন্তরিক সদিচ্ছা ও প্রচুর কর্মদক্ষতা থাকা সত্ত্বেও মহম্মদ বিন-তুঘলক জীবনের প্রায় সর্বক্ষেত্রেই পরাজয় স্বীকার করিতে বাধ্য হন। ১৩২৬—১৩৫১ খ্রীষ্টাব্দ পর্যন্ত দীর্ঘ পঁচিশ বৎসর ধরিয়া তাঁহার

সাম্রাজ্যভুক্ত দাক্ষিণাত্য, বঙ্গদেশ, কারা, অযোধ্যা, লাহোর, মুলতান, গুজরাট প্রভৃতি অঞ্চলে নিরবিচ্ছিন্ন বিদ্রোহ চলিতে থাকে। অবশেষে সিন্ধুদেশে বিদ্রোহ দমন




করিতে গিয়া থাট্টা নামক স্থানে হঠাৎ তিনি অসুস্থ হইয়া পড়েন। সেখানেই ভগ্নহৃদয় সুলতান মহম্মদের কর্মক্লান্ত জীবনের অবসান ঘটে (১৩৫১ খ্রীঃ)।

**মহম্মদ-বিন-তুঘলকের চরিত্র ঃ** মহম্মদ-বিন-তুঘলক অদ্ভুত প্রকৃতির লোক ছিলেন। তাঁহার মত অতবড় গুণী ও বিদ্বান আর কোন সুলতান দিল্লীর সিংহাসনে আরোহণ করেন নাই। তিনি গণিত, বিজ্ঞান, দর্শন, ইতিহাস প্রভৃতি বিষয়ে খুব পারদর্শী ছিলেন। তাঁহার হাতের লেখা ছিল খুব সুন্দর। তিনি ছিলেন একজন নিষ্ঠাবান মুসলমান। সম্পূর্ণ কোরাণ তাঁর কণ্ঠস্থ ছিল। তিনি ন্যায় পরায়ণ

ও দানশীল ছিলেন। দরিদ্র প্রজাদের জন্য তিনি বহু চিকিৎসালয় ও দরিদ্র-ভাণ্ডার স্থাপন করিয়াছিলেন।

একদিকে যেমন মহম্মদ-বিন-তুঘলকের অশেষ গুণ ছিল, অন্যদিকে আবার তাঁহার কতকগুলি মারাত্মক দোষও ছিল। তিনি ছিলেন নিষ্ঠুর, সন্দিগ্ধ পরায়ণ ও অবিবেচক শাসক। তাঁহার চরিত্রের প্রধান দোষ ছিল তাঁহার ধৈর্যহীনতা ও বাস্তব বুদ্ধির অভাব। তাঁহার যখন যেরূপ খেয়াল হইত, ভালমন্দ বিবেচনা না করিয়া তিনি তাহাই করিতেন। ঐতিহাসিক লেনপুল বলিয়াছেন, "মহৎ উদ্দেশ্য এবং সুন্দর পরিকল্পনা থাকা সত্ত্বেও বাস্তববুদ্ধি, ধৈর্য এবং সাধারণ জ্ঞানের অভাবেই মহম্মদ-বিন-তুঘলকের কার্যাবলী সাফল্যমণ্ডিত হয় নাই।" তাঁহার এইরূপ চরিত্রের জন্য অনেকে তাঁহাকে 'পাগলা রাজা' বলিতেন। তাঁহার আমলে আফ্রিকার পর্যটক ইবন বতুতা ভারতে আসেন ( ১৩৩৩ খ্রীঃ )। সুলতান তাঁহাকে দিল্লীর প্রধান কাজীর পদে নিযুক্ত করেন এবং পরে তাঁহাকে চীনে ভারতীয় দূত হিসাবে প্রেরণ করেন। তাঁহার চরিত্রে বিভিন্ন দোষগুণের সমন্বয় দেখিয়া খ্যাতনামা পর্যটক ইবন বতুতা যথার্থই উক্তি করিয়াছেন—"মহম্মদ-বিন-তুঘলক ছিলেন বিশ্বের বিস্ময়।" এলফিনস্টোন, স্মিথ প্রভৃতি ঐতিহাসিকগণ মহম্মদ-বিন-তুঘলককে 'বিকৃত মস্তিষ্ক' বলিলেও ব্রাউন, গার্ডনার এবং ডঃ ঈশ্বরীপ্রসাদ এইরূপ মন্তব্যের যৌক্তিকতা অস্বীকার করেন। ডঃ ঈশ্বরীপ্রসাদের মতে মধ্যযুগের সম্রাটদের মধ্যে তিনি ছিলেন সর্বাপেক্ষা যোগ্য ব্যক্তি।

**ফিরোজ তুঘলক ( ১৩৫১—১৩৮৮ খ্রীঃ ):** অপুত্রক মহম্মদ-বিন-তুঘলকের মৃত্যুর পরে তাঁহার জ্ঞাতি ভ্রাতা ( খুল্লতাত রজবের পুত্র ) ফিরোজ তুঘলক দিল্লীর সিংহাসনে আরোহণ করেন। ফিরোজের চেষ্টায় রাজ্যে আবার শান্তি-শৃঙ্খলা ফিরিয়া আসিল।

মহম্মদ-বিন-তুঘলকের খামখেয়ালিতে সারা সাম্রাজ্যে বিশৃঙ্খলা দেখা দিয়াছিল। চারিদিকে বিদ্রোহ শুরু হইয়াছিল। সিংহাসনে আরোহণ করিয়াই ফিরোজ তুঘলক এইসব বিশৃঙ্খলা দূর করিয়া বিদ্রোহ দমন করিতে তৎপর হন। দিল্লীর প্রাধান্য পুনঃ প্রতিষ্ঠার জন্য তিনি দুইবার বঙ্গদেশে অভিযান পরিচালনা করেন। কিন্তু বঙ্গ দেশের স্বাধীন সুলতান শামসুদ্দিন ইলিয়াস শাহ ও তাঁহার পুত্র সিকান্দর শাহকে তিনি পরাজিত করিতে সমর্থ হন নাই। সিকান্দর শাহ মাত্র কয়েকটি হস্তির বিনিময়ে নিজ স্বাতন্ত্র্য অক্ষুণ্ণ রাখেন ( ১৩৫৯ খ্রীঃ )। দিল্লী প্রত্যাবর্তনের পথে ফিরোজ শাহ জাজনগর বা উড়িষ্যা রাজ্য আক্রমণ করেন। তখন উড়িষ্যার ভীত-সন্ত্রস্ত হিন্দুরাজা করদানে স্বীকৃত হইয়া তাঁহার সহিত সন্ধি করেন ( ১৩৬০ খ্রীঃ )। ১৩৬১ খ্রীষ্টাব্দে পাঞ্জাবের অন্তর্গত নগরকোট দুর্গটি তাঁহার করায়ত্ত হয়।

**ফিরোজ তুঘলকের সংস্কার:** ইহা সত্য যে ফিরোজ তুঘলক সামরিক প্রতিভার বিশেষ কোন পরিচয় দেন নাই। তবে নানাবিধ সংস্কার-সাধনের মাধ্যমে তাঁহার প্রশাসন-দক্ষতার পরিচয় পাওয়া যায়। প্রশাসনিক ব্যাপারে তিনি শরিয়তী বিধিবিধান

সমূহ বর্ণে বর্ণে পালন করিতেন। সে সময়ে প্রচলিত তেইশ প্রকার কর ও শুল্ক রহিত করিয়া তিনি কোরাণসম্মত চারিপ্রকার কর প্রজাদের উপর ধার্য করেন। তিনি বিচার বিভাগেরও সংস্কার করেন। যেসব নির্মম, নিষ্ঠুর দণ্ডবিধি তখন প্রচলিত ছিল সেগুলি তিনি রহিত করেন। তাঁহার নির্দেশে রাজ্যের আয়-ব্যয় পরীক্ষার ব্যবস্থা প্রবর্তিত হয়।

বিভিন্ন প্রকার কর ও শুল্ক রহিত

ফিরোজ তুঘলক ছিলেন গোঁড়া সুন্নী মুসলমান। তিনি সর্বপ্রথম ব্রাহ্মণদের উপর জিজিয়াকর ধার্য করেন। তাঁহার আমলে জায়গীর প্রথা পুনঃ প্রবর্তিত হয়। ইহাতে আমীর ওমরাহদের শক্তিবৃদ্ধি হওয়ায় কেন্দ্রীয় রাজশক্তি দুর্বল হইয়া পড়ে।

জায়গীর প্রথার পুনঃ প্রবর্তন

ফিরোজ শাহের রাজত্বকালে ফিরোজাবাদ, হিসাব-ই-ফিরোজ, জৌনপুর, ফতেহাবাদ প্রভৃতি নগরী নির্মিত হয়। তিনি অসংখ্য পুরাতন উদ্যানের সংস্কার করেন। দিল্লীর উপকণ্ঠে তিনি বহু নূতন উদ্যান নির্মাণ করেন। তাঁহার রাজত্বকালেই জিয়াউদ্দিন বারণী রচনা করেন তাঁহার বিখ্যাত গ্রন্থ 'তারিখ-ই-ফিরোজ-শাহী'।

নগর ও উদ্যান নির্মাণ

ফিরোজ তুঘলক ছিলেন প্রজাহিতৈষী সুলতান। তবে তাঁহার প্রজাহিতৈষণা সীমাবদ্ধ ছিল মুসলমান সমাজের মধ্যেই। তিনি সর্বক্ষণ মোল্লা পরিবৃত হইয়া থাকিতেন। দরিদ্র ও অনাথ মুসলমানদের ভরণপোষণ এবং নিঃসম্বল মুসলমান কন্যাদের বিবাহের জন্য অর্থ সাহায্যের উদ্দেশ্যে তিনি 'দেওয়ান-ই খয়রাত' নামে একটি সংস্থা স্থাপন করেন। তাঁহার আমলে বেকারদের কর্মসংস্থানের জন্য বর্তমান কালের ন্যায় একটি 'নিয়োগ পরিষদ' গঠিত হয়। বহু দাতব্য চিকিৎসালয় স্থাপন করিয়া এবং ব্যবসা-বাণিজ্য প্রসারের নানারূপ ব্যবস্থা অবলম্বন করিয়া তিনি প্রচুর খ্যাতি অর্জন করেন। দেশে বহু জলাশয় ও খাল খনন করিয়া এবং সেচের ব্যবস্থা করিয়া তিনি কৃষির উন্নতি বিধান করেন। উৎপন্ন ফসলের মাত্র এক-দশমাংশ সেচকর হিসাবে ধার্য হইত। প্রজাদের মঙ্গলের জন্য তিনি বহু মসজিদ, কলেজ ও মাদ্রাসা স্থাপন করিয়াছিলেন। তাঁহার আদেশে তিনশত সংস্কৃত গ্রন্থ ফার্সী ভাষায় অনূদিত হয়।

প্রজাহিতৈষী কার্যকলাপ

১৩৮৮ খ্রীষ্টাব্দে ফিরোজ তুঘলকের মৃত্যু হয়। তাঁহার পুত্র মামুদ শাহের আমলে তুঘলক বংশের পতন ঘটে।

## (৮) তৈমুরের ভারত আক্রমণ ও দিল্লীর সুলতানীর পতন

**তৈমুরের আক্রমণঃ** তুঘলক বংশের শেষ সুলতান মামুদের সময়ে সমরখন্দের রাজা তৈমুরলঙ্ ভারত আক্রমণ করেন। তৈমুর ছিলেন তুর্কী চাঘতাই বংশীয় তারাঘাই-এর পুত্র। ভারতের ধনরত্ন লুণ্ঠন করাই তাঁহার উদ্দেশ্য ছিল। দিল্লী সুলতানের পতনোন্মুখ অবস্থার সংবাদে তাঁহার অর্থাকাঙ্ক্ষা আরও বাড়িয়া গেল।

১৩৯৮ খ্রীষ্টাব্দের প্রারম্ভে তৈমুর তাঁহার পৌত্র পীর মহম্মদের অধীনে একটি অগ্রগামী সৈন্যদল প্রেরণ করিয়া মুলতান অধিকার করিলেন। কয়েক মাস পরে সমরখন্দ হইতে বিরাট সৈন্যবাহিনী-সহ সিন্ধু-ঝিলাম-ইরাবতী অতিক্রম করিয়া ছয় মাসের মধ্যে দিল্লীর সন্নিকটে উপস্থিত হইলেন। পথে তৈমুর প্রতিটি নগর ধ্বংস ও লুণ্ঠন করিলেন এবং নির্বিচারে হিন্দু হত্যা করিলেন। তৈমুর দিল্লীর লক্ষ লক্ষ অধিবাসীকে নৃশংসভাবে হত্যা করিলেন। দিল্লী অধিকারের পর তিনি লুণ্ঠনের আদেশ দিলেন। তাঁহার আক্রমণে দিল্লী শ্মশানে পরিণত হইল। পরে বহু ধনরত্ন লইয়া তৈমুর স্বদেশে প্রত্যাবর্তন করেন। এই সময়ে খিজির খাঁ নামক একজন আরব জাতীয় সৈন্যাধ্যক্ষকে তিনি লাহোর ও মুলতানের শাসনকর্তা নিযুক্ত করিয়া গেলেন।

**তৈমুরের ভারত আক্রমণের ফলাফল :** তৈমুরের আক্রমণের ফলে দিল্লীর বিশাল তুর্ক-আফগান সাম্রাজ্য শতধা বিচ্ছিন্ন হইয়া গেল। কেন্দ্রীয় শক্তি নামমাত্র অবশিষ্ট রহিল। দিল্লীর চারিপার্শ্বে কয়েক মাইল মাত্র স্থান ব্যাপিয়া দিল্লী সাম্রাজ্য সংকুচিত হইয়া গেল। দাক্ষিণাত্যে বিজয়নগর ও বাহমনী রাজ্য সুদৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত হইল। জৌনপুর, গুজরাট, মালব, ভরতপুর, গোয়ালিয়র, মেবার প্রভৃতি রাজ্যগুলি দিল্লীর আধিপত্য সম্পূর্ণ অস্বীকার করিল।

তৈমুরের আক্রমণের ফলে হিন্দুস্থান নিঃস্ব হইয়া গেল। তৈমুরের সৈন্যগণ শস্যক্ষেত্র নষ্ট করিবার ফলে দেশে দুর্ভিক্ষ দেখা দিল। উত্তর-পশ্চিম ভারত শ্মশান-ক্ষেত্রে পরিণত হইল।

তখন হিন্দুস্থান ছিল মুসলিম শাসিত দেশ। কাজেই তৈমুরের অভিযান ছিল মুসলিমের বিরুদ্ধে মুসলিমের অভিযান। তৈমুরের সৈন্যগণ হিন্দু-মুসলমান উভয়েরই সম্পদ সমভাবে লুণ্ঠন করিয়াছিল।

**সৈয়দ ও লোদী বংশ :** তুঘলক বংশের পতনের পর সৈয়দ বংশের সুলতানগণ ১৪১৪ খ্রীষ্টাব্দ হইতে ১৪৫১ খ্রীষ্টাব্দ পর্যন্ত দিল্লীতে রাজত্ব করেন। লাহোর ও মুলতানের শাসনকর্তা খিজির খাঁ এই রাজবংশ প্রতিষ্ঠা করেন। তিনি আরবের সৈয়দ বংশের ( হজরত মহম্মদের বংশধর ) সন্তান ছিলেন। তাই এই বংশের নাম 'সৈয়দ বংশ'।

সৈয়দ বংশ

সৈয়দ বংশের পর বহ্‌লুল লোদী নামে একজন পাঠান লোদী রাজবংশের প্রতিষ্ঠা করেন। তাঁহার পুত্র সিকান্দর লোদী বিহার পর্যন্ত সাম্রাজ্য বিস্তার করিয়াছিলেন। তিনি ছিলেন এই বংশের শ্রেষ্ঠ সুলতান। তাঁহার পর তাঁহার পুত্র ইব্রাহিম লোদী সিংহাসনে আরোহণ করেন। তিনি ১৫২৬ খ্রীষ্টাব্দ পর্যন্ত রাজত্ব করেন। অবশেষে ইব্রাহিম লোদীকে পরাজিত ও নিহত করিয়া তৈমুরলঙের বংশধর বাবর দিল্লীর সিংহাসন অধিকার করিয়াছিলেন। সেই সময় হইতে ভারতের ইতিহাসে এক নূতন যুগের সূচনা হয়।

লোদী বংশ

## (৯) কয়েকটি আঞ্চলিক শক্তির উত্থান

### (ক) ইলিয়াস শাহী বংশের আমলে বঙ্গদেশ

**শামসুদ্দিন ইলিয়াস শাহ্ (১৩৪৫—১৩৫৭ খ্রীঃ)ঃ** সুলতানী আমলে বঙ্গদেশ একরকম স্বাধীনভাবেই চলিতেছিল। দিল্লী হইতে বঙ্গদেশের দূরত্বই এই স্বাধীনতার একমাত্র কারণ বলা যায়। মহম্মদ-বিন-তুঘলকের রাজত্বকালে পূর্ববঙ্গে মালিক ফকরুদ্দিন এবং উত্তর ও দক্ষিণ বঙ্গে আলাউদ্দিন আলিশাহ্ স্বাধীনভাবে রাজত্ব করিতেছিলেন। আলীশাহের এক পালিত ভ্রাতা হাজী ইলিয়াস ১৩৪৫ খ্রীষ্টাব্দে সমগ্র বঙ্গদেশ নিজ অধিকারে আনিয়া শামসুদ্দিন ইলিয়াস শাহ্ উপাধি ধারণ করিয়া স্বাধীনভাবে রাজত্ব করিতেছিলেন। বঙ্গদেশে স্বীয় ক্ষমতা সুপ্রতিষ্ঠিত করিয়া ইলিয়াস শাহ, ত্রিহুত (উঃ বিহার) ও উড়িষ্যা আক্রমণ করেন। তিনি ত্রিহুত ও উড়িষ্যা হইতে কর আদায় করিয়াছিলেন। সেই সময় দিল্লীর সুলতান ছিলেন ফিরোজ তুঘলক। তিনি ইলিয়াস শাহ্‌কে দমন করিবার জন্য সসৈন্যে বঙ্গদেশ আক্রমণ করেন। ইলিয়াস শাহ্ দিনাজপুর জেলার সুদৃঢ় একডালা দুর্গে আশ্রয় গ্রহণ করেন। দীর্ঘদিন অবরোধ করিয়াও দুর্গ অধিকার করিতে না পারিয়া ফিরোজ তুঘলক অবশেষে দিল্লী প্রত্যাবর্তন করেন।

ত্রিহুত ও উড়িষ্যা অধিকার

বঙ্গদেশের স্বাধীন সুলতানদের মধ্যে ইলিয়াস শাহ্ অন্যতম শ্রেষ্ঠ ছিলেন। তাঁহার রাজত্বকালে বঙ্গদেশে শান্তি ও শৃংখলা অক্ষুন্ন ছিল। সেই সময় শিল্প, সাহিত্য প্রভৃতির যথেষ্ট উন্নতি হইয়াছিল। তিনি হাজীপুর নগরটি প্রতিষ্ঠা করেন। ইলিয়াস শাহ্ তাঁহার রাজধানী গৌড় হইতে পাণ্ডুয়াতে স্থানান্তরিত করেন। তাঁহার রাজ্য উত্তরবিহার পর্যন্ত বিস্তৃত ছিল। তাঁহার মৃত্যুর পর তাঁহার পুত্র সিকান্দর শাহ্ ১৩৫৭ খ্রীষ্টাব্দ হইতে ১৩৯৩ খ্রীষ্টাব্দ পর্যন্ত স্বাধীনভাবে রাজত্ব করেন।

শিল্প ও সাহিত্যের প্রতি অনুরাগ

**গিয়াসউদ্দিন আজম্ শাহ্ (১৩৯৩-১৪১০ খ্রীঃ)ঃ**—সিকান্দর শাহের পর তাঁহার পুত্র গিয়াসউদ্দিন আজম্ ১৩৯৩ খ্রীষ্টাব্দে বাংলার সিংহাসনে আরোহণ করিয়াছিলেন। গিয়াসউদ্দিন আজম্ শাহ্ সুদক্ষ ও উদারচেতা শাসক ছিলেন। তিনি ন্যায় বিচারের পক্ষপাতী ছিলেন।

সাহিত্য ও সাহিত্যিকদের প্রতি তাঁহার প্রগাঢ় শ্রদ্ধা ছিল। বিশ্ববিখ্যাত কবি হাফেজের সহিত তাঁহার পত্র বিনিময় ঘটে। তাঁহার রাজত্বকালে চীনদেশের সহিত বঙ্গদেশের দূত বিনিময় হইয়াছিল। চীনদেশীয় পণ্ডিত মা-হুয়ানের বিবরণ হইতে সেকালের বঙ্গদেশ ও বাঙ্গালী জাতি সম্বন্ধে অনেক সংবাদ জানা যায়।

মা-হুয়ান

**রাজা গণেশ ঃ**—গিয়াসউদ্দিন আজমের মৃত্যুর পর তাঁহার পুত্র সৈইফউদ্দিন হামজা শাহের রাজত্বকালে ভাতুরিয়া ও দিনাজপুরের প্রতাপশালী জমিদার রাজা

গণেশ স্বাধীনতা ঘোষণা করেন। ১৪১৪ খ্রীষ্টাব্দে রাজা গণেশ বঙ্গদেশের সিংহাসন অধিকার করেন। অনেকে অনুমান করেন যে গণেশ নিজে সিংহাসনে আরোহণ না করিয়া যথাক্রমে দুইজন দুর্বল সুলতানকে সিংহাসনে রাখিয়া প্রকৃতপক্ষে নিজেই রাজ্য শাসন করিতেছিলেন। হিন্দুরাজা গণেশকে সহ্য করিতে না পারিয়া একজন মুসলমান ধর্মগুরু জৌনপুরের ইব্রাহিম শাহ্‌কে বঙ্গদেশ আক্রমণ করিতে আহবান করেন। কিন্তু রাজা গণেশের চেষ্টায় সেই আক্রমণ ব্যর্থ হয়।

গণেশ ও দনুজমর্দন

তাঁহার সমসাময়িক দনুজমর্দন নামক একজন রাজার মুদ্রা পাওয়া গিয়াছে। অনেকে অনুমান করেন যে রাজা গণেশই দনুজমর্দন। আবার কেহ কেহ বলেন যে রাজা গণেশ বঙ্গদেশ অধিকার করিয়া দনুজমর্দনদেব নাম ধারণ করিয়া সিংহাসনে আরোহণ করিয়াছিলেন। পাণ্ডুনগর, সপ্তগ্রাম, সুবর্ণনগর এবং চাটি গ্রাম এই কয়েকটি টাকশাল হইতে বাংলা অক্ষরে সংস্কৃত ভাষায় তাঁহার অজস্র রৌপ্য মুদ্রা নির্মিত হইয়াছিল। মুদ্রাগুলিতে ১৩৩৯ শকাব্দ এবং ১৩৪০ শকাব্দ—এই দুইটি মাত্র বৎসরের উল্লেখ রহিয়াছে। মুদ্রাগুলির একপৃষ্ঠে লিখিত আছে—"শ্রীচণ্ডীচরণ পরায়ন"। অপর পৃষ্ঠে লিখিত আছে—"শ্রীশ্রী দনুজমর্দন দেবস্য"।

যদু

রাজা গণেশ কিছুকাল রাজত্ব করিবার পর তাঁহার পুত্র যদুর হস্তে সিংহাসন অর্পণ করিয়া অবসর গ্রহণ করেন। যুগ প্রভাবে যদু পরে মুসলমান হইয়া জালালউদ্দিন মহম্মদ শাহ্‌ নাম ধারণ করিয়াছিলেন। যদু বা জালালউদ্দিনের মৃত্যুর পরে বঙ্গদেশে ইলিয়াস শাহী বংশ পুনঃ প্রতিষ্ঠিত হয়। সেই সময়ে আবিসিনীয় ক্রীতদাসগণ (হাবসী) রাজ্যে সর্বেসর্বা হইয়া উঠে।

## হোসেন শাহী বংশ

**আলাউদ্দিন হোসেন শাহ্‌** (১৪৯৩—১৫১৯ খ্রীঃ):—১৪৯৩ খ্রীষ্টাব্দে সৈয়দবংশীয় হোসেন শাহ্‌ হাবসীদের ক্ষমতা ধ্বংস করিয়া বঙ্গদেশের সিংহাসনে আরোহণ করেন। হোসেন শাহ মধ্যযুগের বঙ্গদেশের স্বাধীন শাসকগণের মধ্যে সর্বশ্রেষ্ঠ সুদক্ষ শাসক ছিলেন। সিংহাসনে আরোহণ করিয়াই হোসেন শাহ্‌ হাবসী ক্রীতদাসদিগকে দেশ হইতে বিতাড়িত করেন। কিছুদিনের মধ্যেই তিনি রাজ্যে শান্তি ও শৃঙ্খলা ফিরাইয়া আনিতে সমর্থ হন। ইহার পর তিনি রাজ্যবিস্তারে মন দেন।

রাজ্যবিস্তার

তিনি বিহারের একাংশ বাংলার অধিকারে আনেন। তিনি আসাম ও উড়িষ্যার বিরুদ্ধে অভিযান চালাইয়া এই দুই স্থানের নিকটবর্তী স্থান সমূহ অধিকার করেন। দিল্লীর সুলতান বহ্‌লুল লোদী কর্তৃক বিতাড়িত জৌনপুরের শাসক শাহ হোসেনকে তিনি আশ্রয় দিয়াছিলেন। তাঁহার রাজত্বকালে বঙ্গদেশে কোন বিদ্রোহ দেখা দেয় নাই।

হোসেন শাহ্‌ উদার মনোভাবাপন্ন সুলতান ছিলেন। বিদ্বানের প্রতি তাঁহার শ্রদ্ধা

ছিল অপরিসীম। তাঁহার রাজত্বকালে বঙ্গদেশের হিন্দু ও মুসলমান সম্প্রদায়ের মধ্যে পরম প্রীতির সম্পর্ক স্থাপিত হয়। ধর্মের ভিত্তিতে তিনি প্রজাদের মধ্যে প্রভেদ রাখিতেন না। তাঁহার উজীর পুরন্দর খাঁ (গোপীনাথ বসু), চিকিৎসক মুকুন্দ দাস, দবীর খাস রূপ গোস্বামী ও সনাতন গোস্বামী এবং টাঁকশালের প্রধান কর্মচারী অনূপ সকলেই হিন্দু ছিলেন।

হিন্দু-মুসলিম প্রীতির সম্পর্ক

তিনি শিল্প ও সাহিত্যের একজন প্রধান পৃষ্ঠপোষক ছিলেন। তিনি প্রতি জেলায় মসজিদ ও হাসপাতাল নির্মাণ করাইয়া দিয়াছিলেন। তাঁহারই সময়ে শ্রীচৈতন্যদেবের আবির্ভাব হইয়াছিল। সেইযুগে হিন্দু মুসলমান সংস্কৃতির সমন্বয়ে হোসেন শাহ্ ছিলেন একজন পথিকৃৎ।

শিল্প ও সাহিত্যের পৃষ্ঠপোষকতা

**নুসরৎ শাহ্** (১৫১৯—১৫৩৩ খ্রীঃ)—হোসেন শাহের মৃত্যুর পর তাঁহার পুত্র নুসরৎ শাহ্ বাংলার সিংহাসনে আরোহণ করেন। মুঘল সম্রাট বাবর তাঁহার আত্মজীবনীতে নুসরৎ শাহ্‌কে ভারতের পাঁচজন শ্রেষ্ঠ মুসলমান শাসকের অন্যতম বলিয়া বর্ণনা করিয়াছেন। নুসরৎ শাহের শক্তিশালী সৈন্যবাহিনী ছিল। তিনি ত্রিহুত ও হাজীপুর জয় করিয়াছিলেন। পাণিপথের যুদ্ধের পর তিনি বহু আফগান আমীরকে নিজরাজ্যে আশ্রয় দেন। তাঁহার আমলে গুজরাটের স্বাধীন নরপতি বাহাদুর শাহের সহিত বঙ্গদেশের কূটনৈতিক সম্পর্ক স্থাপিত হয়।

ত্রিহুত ও হাজীপুর জয়

নুসরৎ শাহ্ তাঁহার পিতার মতই শিল্প ও সংস্কৃতির পৃষ্ঠপোষক ছিলেন। তিনি বাংলা সাহিত্যের একজন অনুরাগী ছিলেন। নুসরৎ শাহের মৃত্যুর পর আলাউদ্দিন ফিরোজ শাহ্ কয়েক মাসের জন্য বাংলার সুলতান হন। অতঃপর হুসেনশাহী বংশের শেষ সুলতান গিয়াসউদ্দিন মামুদ শাহ্‌কে পরাজিত করিয়া ১৫৩৮ খ্রীষ্টাব্দে শেরশাহ্ বঙ্গদেশ অধিকার করেন।

শিল্প ও সংস্কৃতির পৃষ্ঠপোষকতা

**সাংস্কৃতিক উন্নতি ঃ**—হোসেনশাহী আমলে বাংলায় স্থাপত্য ও ভাস্কর্য শিল্পের অভূতপূর্ব উন্নতি হইয়াছিল। হোসেন শাহের আমলের সর্বাধিক উল্লেখযোগ্য স্থাপত্য কীর্তি গৌড়ের বিখ্যাত ছোট সোনা মসজিদ এবং গুমটি ফটক। নুসরৎ শাহের আমলে গৌড়ের বড় সোনা মসজিদ এবং কদম রসুলের নির্মাণ কার্য পরিসমাপ্ত হয়।

স্থাপত্য ও ভাস্কর্য শিল্প

এইযুগে ভাষা ও সাহিত্যের বিশেষতঃ বাংলা সাহিত্যের যথেষ্ট উন্নতি সাধিত হয়। বাংলার স্বাধীন সুলতানদের অনেকেই বাংলা ভাষাভাষী এবং বাংলা সাহিত্যের পৃষ্ঠপোষক ছিলেন। হোসেন শাহের সেনাপতি পরাগল খাঁর পৃষ্ঠপোষকতায় কবীন্দ্র পরমেশ্বর এবং পরাগল খাঁর পুত্র ছুটি খাঁর উৎসাহে শ্রীকরনন্দী মহাভারতের কয়েকটি পর্বের বাংলা অনুবাদ করেন। সুলতান নুসরৎ শাহের আগ্রহেও মহাভারতের একটি বাংলা অনুবাদ সুসম্পন্ন হয়। বিজয় গুপ্ত, মালাধর বসু, বিপ্রদাস এবং যশোরাজ খানের রচনায় সুলতান

সাহিত্য

হোসেনশাহের ভূয়সী প্রশংসা করা হইয়াছে। এই যুগেই বিজয়গুপ্ত তাঁহার 'পদ্ম-পুরাণ' এবং বিপ্রদাস 'মনসামঙ্গল' রচনা করেন। হোসেন শাহের পৃষ্ঠপোষকতায় মালাধর বসু ভাগবতের কিয়দংশ অনুবাদ করেন এবং তাঁহার এই কীর্তির জন্য সুলতানের নিকট হইতে 'গুণরাজ খাঁ' উপাধিতে ভূষিত হন।

## (খ) বাহমনী রাজ্য

**বাহমনী রাজ্যের প্রতিষ্ঠা ঃ**—মহম্মদ-বিন-তুঘলকের রাজত্বের শেষভাগে ইসমাইল মুখ নামক একজন মুসলমান নেতার অধীনে দৌলতাবাদে একটি স্বাধীন রাজ্য প্রতিষ্ঠিত হয়। তিনি হাসান খাঁ নামে একজন আমীরের হস্তে রাজ্যভার প্রদান করেন ( ১৩৪৭ খ্রীঃ )। এই বাদশাই ইতিহাসে আলাউদ্দিন বাহমন শাহ্ এবং হাসান গঙ্গু বাহমনী নামে পরিচিত। কোন কোন ঐতিহাসিক বলেন, হাসান প্রথমে গঙ্গু নামক এক ব্রাহ্মণের দাস ছিলেন। পরবর্তীকালে প্রভুর প্রতি কৃতজ্ঞতা বশতঃ তিনি হাসান গঙ্গু বাহমনী উপাধি গ্রহণ করেন। কিন্তু হাসান নিজেকে পারস্যের বীর বাহমনের বংশধর বলিয়া দাবী করিতেন। এজন্য তাঁহার প্রতিষ্ঠিত বংশ বাহমনী বংশ এবং তাঁহার স্থাপিত রাজ্য বাহমনী রাজ্য নামে খ্যাত। বাহমনী বংশে মোট আঠার জন সুলতান রাজত্ব করেন।

আলাউদ্দিন বাহমন শাহ্ ও হাসান গঙ্গু


কিন্তু পঞ্চদশ শতাব্দীর মধ্যভাগে আমীরদের মধ্যে আভ্যন্তরীণ বিরোধের ফলে বাহমনী রাজ্য দুর্বল হইয়া পড়ে। এই সময়ে মামুদ গাওয়ান নামক একজন বিচক্ষণ মন্ত্রী পঁচিশ বৎসর বাহমনী রাজ্যের শাসন কার্য পরিচালনা করেন। তাঁহার মন্ত্রীত্বকালে গোয়া ও কাঞ্চী বাহমনী রাজ্যভুক্ত হয়। এই সময়ই রুশ পর্যটক নিকিতিন বিদরে আসিয়াছিলেন। তিনি বাহমনী রাজ্যের বিরাট সৈন্যবাহিনীর প্রশংসা করিয়াছেন। দুর্ভাগ্য বশতঃ বিজয়নগরের সহিত ষড়যন্ত্রের এক মিথ্যা অভিযোগে সুলতান তৃতীয় মহম্মদ শাহের আদেশে মামুদ গাওয়ানের প্রাণদণ্ড হয়। তাঁহার মৃত্যুর সঙ্গে সঙ্গে বিশাল বাহমনী রাজ্য ভাঙ্গিয়া পড়িল।

মামুদ গাওয়ান

**বাহমনী রাজ্যের পঞ্চশাখা ঃ**—এইভাবে বাহমনী রাজ্য ভাঙ্গিয়া পাঁচটি রাজ্যের সৃষ্টি হইল—(১) ইউসুফ আদিল শাহ প্রতিষ্ঠিত বিজাপুরের আদিল শাহী বংশ, (২) আহম্মদ নিজাম শাহ প্রতিষ্ঠিত আহম্মদনগরের নিজাম শাহী বংশ, (৩) ফতুল্লা ইমাদশাহ প্রতিষ্ঠিত বেরারের ইমাদশাহী বংশ, (৪) কুলি কুতব শাহ প্রতিষ্ঠিত গোল-কুণ্ডার কুতবশাহী বংশ, (৫) আমীর বারিদ শাহ প্রতিষ্ঠিত বিদরের বারিদশাহী বংশ। এই রাজ্যগুলির মধ্যে মোটেই সম্ভাব ছিল না। পরবর্তী কালে মুঘল সম্রাটগণ এই রাজ্যগুলি অধিকার করেন।

(গ) **বাহমনী-বিজয়নগর সংঘর্ষ ঃ** বাহমনী বংশের প্রথম সুলতান হাসান পার্শ্ববর্তী রাজ্যগুলি জয় করিয়া রাজ্যের সীমা বৃদ্ধি করেন। তিনি গুলবর্গায়

রাজধানী স্থাপন করেন। তাঁহার রাজ্য চারিটি 'তরফ' বা বিভাগে বিভক্ত ছিল—গুলবর্গা, দৌলতাবাদ, বেরার ও বিদর। প্রত্যেক বিভাগে একজন শাসনকর্তা ছিলেন। হাসান ন্যায়পরায়ণ ও সুদক্ষ সুলতান ছিলেন।




হাসানের মৃত্যুর পর তাঁহার পুত্র প্রথম মহম্মদ শাহের রাজত্বকালে ( ১৩৫৮—১৩৭৭ খ্রীঃ ) বিজয়নগর ও বাহমনী রাজ্যের মধ্যে দীর্ঘস্থায়ী সংগ্রাম আরম্ভ হয়। রায়চুর দোয়াবের অধিকার লইয়া এই সংগ্রামের সূচনা হয়। এই যুদ্ধে মহম্মদ শাহ জয়লাভ করেন।

মহম্মদ শাহের পর তাঁহার পুত্র মুজাহিদ সিংহাসনে আরোহণ করেন (১৩৭৭ খ্রীঃ)। তিনি দুইবার বিজয়নগরের বিরুদ্ধে অগ্রসর হইয়া দুইবারই পরাজিত হন।

পরবর্তী সুলতান দ্বিতীয় মহম্মদ শাহ্ ( ১৩৭৮—১৩৯৭ খ্রীঃ ) শান্তিপ্রিয় শাসক ছিলেন। যুদ্ধবিগ্রহ অপেক্ষা তিনি শিল্প, সাহিত্য ও বিজ্ঞানের প্রতি অধিক অনুরাগী ছিলেন। দ্বিতীয় মহম্মদ শাহের পর ১৩৯৭ খ্রীষ্টাব্দে ফিরোজ শাহ সুলতান হইলেন। তিনি ছিলেন শক্তিশালী নরপতি। তাঁহার সময়ে বিজয়নগরের সহিত বাহমনী রাজ্যের তিনবার যুদ্ধ হয়। প্রথম দুইবার জয়লাভ করিয়াও তৃতীয়বারে ফিরোজশাহ্ শোচনীয় ভাবে পরাজিত হন।

পরবর্তী সুলতান ছিলেন ফিরোজের ভ্রাতা আহম্মদ শাহ। বিজয়নগররাজ দ্বিতীয় দেবরায় তাঁহার সহিত সন্ধি করিতে বাধ্য হন। আহম্মদ শাহ্ বরঙ্গল অধিকার করেন এবং মালবের সুলতানকে পরাজিত করেন। তিনি রাজধানী গুলবর্গা হইতে বিদরে স্থানান্তরিত করেন।

## বিজয়নগর

(ঘ) উৎপত্তি ঃ মহম্মদ-বিন-তুঘলকের রাজত্বকালে সুলতানী সাম্রাজ্যে যে বিদ্রোহের সৃষ্টি হইয়াছিল তাহার সুযোগে ১৩৩৬ খ্রীষ্টাব্দে দাক্ষিণাত্যে বিজয়নগরের উৎপত্তি হয়। ঐতিহাসিক সিউয়েলের 'এ ফরগটন এম্পায়ার' গ্রন্থ হইতে বিজয়নগরের

উৎপত্তির কথা জানা যায়। কথিত আছে যে, সঙ্গমের পাঁচপুত্র তুঙ্গভদ্রা নদীর দক্ষিণ তীরে বিজয়নগর সাম্রাজ্য প্রতিষ্ঠা করেন।

**সঙ্গম বংশ ( ১৩৩৬—১৪৮৬ খ্রীঃ ) ঃ** সঙ্গমের নাম অনুসারে বিজয়নগরের প্রথম রাজবংশ সঙ্গম বংশ নামে পরিচিত। এই বংশের প্রথম তিনজন রাজা ছিলেন হরিহর, বুক্কা ও দ্বিতীয় হরিহর।

**দ্বিতীয় দেবরায় ঃ** দ্বিতীয় দেবরায় ছিলেন সঙ্গম বংশের শ্রেষ্ঠ নরপতি। তিনি ১৪২৫ খ্রীষ্টাব্দ হইতে ১৪৪৭ খ্রীষ্টাব্দ পর্যন্ত রাজত্ব করেন। তাঁহার সময়ে ইতালীয় পর্যটক নিকোলো কণ্টি এবং পারসিক দূত আবদুর রজ্জাক বিজয়নগর পরিদর্শন করেন। তাঁহাদের লিখিত বিবরণ হইতে বিজয়নগরের অপরিমিত ঐশ্বর্যের কথা জানা যায়। দ্বিতীয় দেবরায়ের সময় বিজয়নগর রাজ্য সিংহল সহ প্রায় সমস্ত দক্ষিণ ভারতে বিস্তৃত ছিল। তিনি বাহমনী সুলতানদের পরাজিত করিবার উদ্দেশ্যে সৈন্য বাহিনী পুনর্গঠিত করেন। কিন্তু তিনি বাহমনী সুলতান আহম্মদ শাহের নিকট পরাজিত হন।

**শালুব বংশ ( ১৪৮৬—১৫০৫ খ্রীঃ ) ঃ** সঙ্গম বংশের শেষ সুলতান বিরূপাক্ষকে সিংহাসনচ্যুত করিয়া তাঁহার মন্ত্রী নরসিংহ শালুব বিজয়নগরে শালুব বংশ প্রতিষ্ঠা করেন। নরসিংহের পর তাঁহার দুই পুত্র পরপর রাজা হন। কিন্তু কার্যতঃ সেনাপতি নরস নায়কই শাসনকার্য পরিচালনা করিতেন।

**তুলুব বংশ ( ১৫০৫—১৫৭০ খ্রীঃ ) ঃ** নরস নায়কের পুত্র বীর নরসিংহ ১৫০৫ খ্রীষ্টাব্দে শালুব বংশের শেষ রাজাকে সিংহাসনচ্যুত করিয়া নিজেই বিজয়নগরের সিংহাসনে আরোহণ করেন। এইরূপে তুলুব বংশের উদ্ভব হয়।

**কৃষ্ণদেব রায় ঃ** এই বংশের কৃষ্ণদেব রায় ছিলেন বিজয়নগরের শ্রেষ্ঠ নরপতি। তিনি বীর যোদ্ধা এবং বিচক্ষণ রাজনীতিবিদ ছিলেন। বিদ্রোহী সামন্তদিগকে দমন করিয়া তিনি রাজ্যে শান্তি-শৃঙ্খলা স্থাপন করেন তিনি উড়িষ্যারাজ প্রতাপরুদ্রকে পরাজিত করিয়া উদয়গিরি দখল করেন। বিজাপুরের শাসনকর্তাকে পরাজিত করিয়া তিনি রায়চুর দোয়াব পুনরুদ্ধার করেন। ইহা ছাড়া গুলবর্গা ও বিদর তাঁহার অধিকারভুক্ত হয়। এইরূপে তাঁহার রাজ্যসীমা অনেক দূর পর্যন্ত বিস্তার লাভ করিয়াছিল।

কৃষ্ণদেব রায়ের রাজত্বকালে পর্তুগীজ পর্যটক পায়েস বিজয়নগরে আসিয়াছিলেন। তিনি কৃষ্ণদেব রায়ের শাসন ক্ষমতার ভূয়সী প্রশংসা করেন। বিজয়নগরকে পায়েস পৃথিবীর সর্বাপেক্ষা সমৃদ্ধশালী নগরী বলিয়া বর্ণনা করিয়াছেন।



কৃষ্ণদেব রায়

কৃষ্ণদেব রায় ছিলেন বিদ্যোৎসাহী ও শিল্পানুরাগী। তিনি নিজে বৈষ্ণব ধর্মাবলম্বী হইলেও পরধর্ম সহিষ্ণু ছিলেন। কৃষ্ণদেব রায় ছিলেন যুদ্ধে অজেয়, শান্তিতে মানবহিতৈষী, পরাজিত শত্রুর প্রতি ক্ষমাশীল এবং বৈদেশিকদের নিকট অতিথি বৎসল। মন্দির ও বিগ্রহাদির নিমিত্ত তিনি অপরিমিত অর্থ দান করিয়াছিলেন। তাঁহার দীর্ঘ দেহ, সৌম্য মূর্তি, বিনয়-নম্র স্বভাব সকল শ্রেণীর লোককে মুগ্ধ করিত। তিনি সর্বদা শ্বেত বস্ত্র পরিধান করিতেন। তাঁহার নিকট শ্বেত-বস্ত্র ছিল শান্তির প্রতীক।

কৃষ্ণদেব রায়ের মৃত্যুর পর তাঁহার ভ্রাতা অচ্যুত রায় বিজয়নগরের সিংহাসনে আরোহণ করেন। তাঁহার পরে কৃষ্ণদেব রায়ের ভ্রাতুষ্পুত্র অকর্মণ্য সদাশিব রায়কে নামেমাত্র সিংহাসনে বসাইয়া মন্ত্রী রাম রায় নিজেই শাসনকার্য চালাইতে লাগিলেন। ১৫৬৫ খ্রীষ্টাব্দে তালিকোটের যুদ্ধে রাম রায় শোচনীয়ভাবে পরাজিত ও নিহত হন।

**আরবীড়ু বংশ (১৫৭০—১৫৮৫ খ্রীঃ)ঃ** ১৫৭০ খ্রীষ্টাব্দে রাম রায়ের ভ্রাতা তিরুমল সদাশিব রায়কে পদচ্যুত করিয়া পেনুগোণ্ডায় আরবীড়ু বংশ প্রতিষ্ঠা করেন। এই বংশের রাজা ছিলেন অত্যন্ত দুর্বল। তাঁহারা বিজয়নগরের পূর্বগৌরব আর ফিরাইয়া আনিতে পারেন নাই। কালক্রমে বিজয়নগর সাম্রাজ্য খণ্ড-বিখণ্ড হইয়া যায়।

**বিজয়নগরের শাসন ব্যবস্থাঃ** বিজয়নগরের শাসন ব্যবস্থা ছিল রাজতান্ত্রিক। শাসন বিভাগ, সামরিক বিভাগ এবং বিচার বিভাগে রাজাই ছিলেন সর্বোচ্চ ক্ষমতার অধিকারী। রাজাকে শাসনকার্যে সাহায্য করিবার জন্য একটি মন্ত্রিসভা ছিল। মন্ত্রীগণ ব্যতীত আরও বহু সংখ্যক রাজ-কর্মচারী নিযুক্ত হইত, যেমন—প্রধান কোষাধ্যক্ষ, মণিমাণিক্যের সংরক্ষক এবং পুলিশ বিভাগের কর্তা ইত্যাদি। সমস্ত গুরুত্বপূর্ণ ব্যাপারে প্রধান মন্ত্রী রাজাকে পরামর্শ দিতেন। শহরের শান্তিরক্ষার ভার ছিল পুলিশের উপর। সমগ্র দেশটি 'নায়ক' উপাধিধারী প্রায় দুইশত শাসনকর্তার অধীনে বিভক্ত ছিল।

রাজার ক্ষমতা

বিজয়নগর সাম্রাজ্য কতকগুলি প্রদেশে বিভক্ত ছিল। একজন শাসনকর্তার উপর প্রদেশের শাসনভার ন্যস্ত হইত। প্রাদেশিক শাসনকর্তাগণ স্ব স্ব কেন্দ্রে শাসন ব্যাপারে প্রায় স্বাধীন ছিলেন। কিন্তু রাজার ইচ্ছার বিরুদ্ধে তাঁহারা কিছু করিতে পারিতেন না। তাঁহারা রাজ্যকে নিয়মিত কর দিতেন। যুদ্ধের সময় রাজা তাঁহাদের নিকট হইতে সামরিক সাহায্য পাইতেন। প্রত্যেক শাসনকর্তার নিজস্ব সৈন্যদল ও ভূ-সম্পত্তি ছিল। মধ্যযুগীয় সামন্তনীতি এখানেও প্রচলিত ছিল।

প্রাদেশিক শাসন-ব্যবস্থা

গ্রাম্যসভা (পঞ্চায়েত) গ্রামের শাসনকার্য পরিচালনা করিত। 'আয়গার' নামক কর্মচারীগণ এই কার্যে গ্রাম্যসভাকে সাহায্য করিতেন। ক্ষুদ্র ক্ষুদ্র বিবাদের নিষ্পত্তি, রাজস্ব আদায় এবং শান্তি-শৃঙ্খলা রক্ষা করার দায়িত্ব ছিল তাঁহাদের উপর। তাঁহাদের মাধ্যমে জনগণের সহিত কেন্দ্রের যোগাযোগ রক্ষা করা হইত। সুতরাং গ্রাম-শাসনে পঞ্চায়েতের যথেষ্ট গুরুত্ব ছিল।

গ্রামীণ শাসন-পদ্ধতি

সাম্রাজ্যের প্রধান আয় ছিল ভূমি-রাজস্ব। রাজস্ব ব্যতীত প্রজাগণকে গোচারণ কর, শিল্প কর, বিবাহ কর ইত্যাদি দিতে হইত।

রাজস্ব-ব্যবস্থা

দেওয়ানী মোকদ্দমার বিচার হিন্দু আইন অনুযায়ী সম্পন্ন হইত। ফৌজদারী বিচার ছিল কঠোর। পর্তুগীজ পর্যটক নুনিজ বলিয়াছেন—চোরের শাস্তি ছিল হস্ত-পদ ছেদন, বিশ্বাস ঘাতকের শাস্তি ছিল চর্ম-উৎপাটন এবং হত্যাকারীর শাস্তি ছিল প্রাণদণ্ড।

দণ্ডবিধি

**সামাজিক অবস্থা :** বিজয়নগরের সমাজ ছিল হিন্দু আচার ও রীতি-নীতি-দ্বারা পরিচালিত। সমাজে জাতিভেদ প্রথা প্রচলিত ছিল। ব্রাহ্মণগণ সমাজে অতি উচ্চাসন লাভ করিতেন। তাঁহারা ছিলেন নিরামিষাশী। অন্য শ্রেণীর পক্ষে মাছ-মাংস নিষিদ্ধ ছিল না। সমাজে নারীদের মর্যাদা ছিল। তাহারা শিল্পে, সংগীতে, মল্লযুদ্ধে এবং জ্যোতিষ শাস্ত্র আলোচনায় অংশ গ্রহণ করিতেন। সমাজে সতীদাহ ও বাল্যবিবাহেরও প্রচলন ছিল। উচ্চ শ্রেণীর লোকেরা বহু-বিবাহ করিতেন। ধন-সম্পদের প্রাচুর্যের ফলে অভিজাতগণ বিলাস-ব্যসনে আসক্ত ছিলেন।

**সাংস্কৃতিক অবস্থা :** প্রায় তিন শত বৎসর ধরিয়া বিজয়নগর ছিল হিন্দু সভ্যতার প্রধান কেন্দ্র। এখানকার রাজগণের পৃষ্ঠপোষকতায় সংস্কৃত, তেলেগু ও কানাড়ি সাহিত্যের উন্নতি হইয়াছিল। বেদের বিখ্যাত ভাস্যকার সায়ন এবং তাঁহার ভ্রাতা মাধব বিজয়নগরের রাজসভা অলঙ্কৃত করিয়াছিলেন।

সাহিত্য

কৃষ্ণদেব রায় স্বয়ং পণ্ডিত ও কবি ছিলেন। তিনি ছিলেন বিদ্যোৎসাহী ও সাহিত্যের পৃষ্ঠপোষক। তিনি তেলেগু ভাষায় গ্রন্থ রচনা করিয়াছিলেন। তাঁহার রচিত 'আমুক্তমাল্যদা' একখানি রাজনীতি বিষয়ক গ্রন্থ। তেলেগু সাহিত্যের আটজন পণ্ডিত তাঁহার রাজসভা অলংকৃত করিতেন। তাঁহার আমলে ধর্ম, তর্ক, দর্শন, নৃত্য, সংগীত এবং নাটক সম্বন্ধে বহু গ্রন্থ রচিত হইয়াছিল।

**স্থাপত্য ও ভাস্কর্য** শিল্পে দক্ষিণ ভারতের মধ্যে বিজয়নগরের দান সর্বাধিক। বিজয়নগর হিন্দুরাজ্য হইলেও এখানকার শাসকগণ ধর্ম বিষয়ে উদার মত পোষণ করিতেন। হিন্দুধর্মের প্রতি শ্রদ্ধার নিদর্শন স্বরূপ বিজয়নগরের রাজগণ বহু মন্দির নির্মাণ করিয়াছিলেন। এখানকার সহস্র দ্বার মন্দির ও বিঠলস্বামীর মন্দির আজও শিল্পরসিকদের মুগ্ধ করে। বৈদেশিক পর্যটকগণ বিজয়নগরের স্থাপত্য ও ভাস্কর্য রীতির কথা উল্লেখ করিয়াছেন।

ধর্ম

স্থাপত্য ও ভাস্কর্য শিল্প

**অর্থনৈতিক অবস্থা :** বৈদেশিক পর্যটকগণের বিবরণী হইতে জানা যায় যে, বিজয়নগর ছিল একটি সমৃদ্ধশালী সাম্রাজ্য। এখানে কৃষি ও সেচ-ব্যবস্থা উন্নতিলাভ করিয়াছিল। দেশে প্রচুর খাদ্য-শস্য উৎপন্ন হইত। তবে কৃষকদের অবস্থা উন্নত ছিল না।

কৃষি

শিল্পের মধ্যে বস্ত্রশিল্প ও খনিজশিল্প ছিল বিশেষ উল্লেখযোগ্য।

শিল্প

শিল্পী ও বণিকদের অবস্থা বেশ উন্নত ছিল। তাহাদের পৃথক পৃথক সংঘ ছিল।

বিজয়নগরের অর্থনৈতিক উন্নতি হইয়াছিল বাণিজ্যের জন্য। রাজারা বণিকদিগকে বাণিজ্যে উৎসাহ দান করিতেন। পণ্যশুল্ক ছিল রাজকোষের আয়ের অন্যতম উৎস।

বাণিজ্য

পর্যটক আবদুর রজ্জাক লিখিয়াছেন, বিজয়নগরে প্রায় তিন শত সামুদ্রিক বন্দর ছিল। ইহাদের মধ্যে কালিকট ছিল সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ। ইউরোপ ও দূর প্রাচ্যের বণিকদের সঙ্গে তাহাদের বাণিজ্য চলিত। বিজয়নগরের নিজস্ব জাহাজ ছিল।

বিজয়নগরে স্বর্ণ ও তাম্র মুদ্রার প্রচলন ছিল। জিনিস-পত্র এখানে সুলভে বিক্রী হইত। বৈদেশিক বিবরণ হইতে জানা যায় যে, অভিজাত শ্রেণীর জীবন যাত্রার মান ছিল খুব উন্নত।

মুদ্রা

কিন্তু শিলালিপি হইতে জানা যায় যে, জনসাধারণ করভারে জর্জরিত ছিল।

## (১০) সুলতানী আমলে ভারতে ইসলামের প্রভাব

**ভারতীয় সমাজে ইসলামের সংঘাত:** সুলতানী শাসন প্রবর্তনের সংগে সংগে ভারতে ইসলামেরও অনুপ্রবেশ ঘটে। মুসলমানদের সামরিক ও রাষ্ট্রশক্তির সাফল্যই ইহার কারণ। আরব-তুর্কী বাহিনী যথাক্রমে তরবারির ঝংকারে প্রথমে সিন্ধুদেশে এবং ইহার চারিশত বৎসর পরে প্রায় সমগ্র ভারতে তাহাদের রাষ্ট্রীয় আধিপত্য স্থাপন করিয়াছিল। প্রাচীন যুগে গ্রীক, শক, হূণ প্রভৃতি বিদেশী জাতি ভারতের বিভিন্ন স্থান অধিকার করিয়াছিল। তাহারা ভারতে বসবাস করিয়া ভারতীয়দের সংগে একাত্ম হইয়া গিয়াছে। তাহারা ভারতীয় ধর্ম ও সংস্কৃতি গ্রহণ করিয়াছে। আবার তাহাদের সভ্যতা ও সংস্কৃতির অবদানেও ভারতীয় সভ্যতা ও সংস্কৃতি পুষ্ট হইয়াছে।

ইসলামের প্রবেশ

কিন্তু ভারতে ইসলামের প্রবেশ ও প্রতিষ্ঠা হইয়াছে সম্পূর্ণ অন্য ভাবে। আরবগণ সিন্ধু দেশে, সুলতান মামুদ পাঞ্জাবে এবং তুর্কীগণ উত্তর-ভারতে প্রবেশ করিয়াছে হিন্দুদের মন্দির এবং দেব-দেবীর মূর্তি ধ্বংস করিয়া। প্রাণের ভয় দেখাইয়া হাজার হাজার হিন্দুকে ধর্মান্তরিত করা হইয়াছে। ইহাতে ভারতীয়গণ আতংকিত হইয়াছে। তুর্ক-আফগানের এই নিষ্ঠুর কার্যে ধর্মান্ধ উলেমাগণ প্রেরণা যোগাইয়াছে। পবিত্র ইসলামধর্মের প্রকৃত স্বরূপ উপলব্ধি করিবার সময় কিংবা সুযোগ ভারতীয়রা তখন পায় নাই। বরং উহার বিরুদ্ধে আত্মরক্ষা করিবার জন্যই তাহারা ব্যস্ত ছিল।

ভারতে সুলতানী সাম্রাজ্য গঠনের পর হিন্দু এবং মুসলমানগণ পরস্পরকে নূতন দৃষ্টিতে দেখিতে থাকে। মুসলমানগণ ভারতীয় সমাজে মিশিল না। আবার

হিন্দুগণও তাহাদের গ্রহণ করিবার কোন আগ্রহ দেখাইল না। পরস্পরের মধ্যেই তখন উদারতার অভাব ছিল। হিন্দুগণ মুসলমানদের ম্লেচ্ছ মনে করিত এবং মুসলমানগণও হিন্দুদিগকে জিম্মি বলিত। হিন্দুধর্ম ও ইসলামের মধ্যে মৌলিক পার্থক্য ছিল। হিন্দুগণ দেব-দেবীতে বিশ্বাস করিত এবং মন্দির প্রতিষ্ঠা করিয়া সেখানে দেব-দেবীর মূর্তি স্থাপন করিত। আর হিন্দু মন্দির ধ্বংস করাই মুসলমানগণ ধর্মীয় কাজ মনে করিত। মন্দির ধ্বংস করিয়া তাহারা সেখানে মসজিদ স্থাপন করিত। পরাজিত হিন্দুগণ অনেক সময় বাধ্য হইয়া মুসলমান হইত।

পরস্পর বিরোধী মনোভাব

এইভাবে ইসলামের প্রসার ভারতীয় জনসমাজে তীব্র আলোড়নের সৃষ্টি করিল। এদিকে হিন্দুসমাজে জাতিভেদ প্রথার কঠোরতা বৃদ্ধি পাইল। সমাজের উচ্চশ্রেণীর লোকেরা নিম্নশ্রেণীর লোকদের ঘৃণা করিত এবং তাহাদের এড়াইয়া চলিত। নিম্নশ্রেণীর লোকদের সঙ্গে উচ্চশ্রেণীর লোকদের কোন সামাজিক সম্পর্ক ছিল না। এই অবস্থায় ইসলামের ভ্রাতৃত্বভাব এবং সরল ও অনাড়ম্বর ধর্মানুষ্ঠান অবহেলিত ও অস্পৃশ্য হিন্দুগণকে দারুণভাবে আকর্ষণ করে। সামাজিক ঘৃণা ও অত্যাচার হইতে মুক্তিলাভের ইচ্ছায় তাহারা ইসলাম ধর্ম গ্রহণ করিতে আগ্রহী হইল। নিম্নবর্ণের হিন্দুগণ মুসলমান ধর্ম গ্রহণ করিলে উচ্চ রাজকার্যে নিযুক্ত হইতে পারিত। এইভাবে হিন্দুদের ধর্ম ও সমাজ ক্রমশঃ শিথিল হইয়া পড়িল। হিন্দু সমাজকে এই অধঃপতনের হাত হইতে রক্ষা করিবার জন্য রক্ষণশীল সমাজ তখন তৎপর হইয়া উঠিল।

**রক্ষণশীল প্রতিক্রিয়া ঃ** এই সময়ে হিন্দু সমাজপতিগণ খুব রক্ষণশীল হইয়া উঠিলেন। হিন্দু সমাজকে ইসলামধর্মের প্রভাব হইতে মুক্ত করিবার জন্য তাঁহারা কঠোর বিধি-নিষেধ প্রবর্তন করিতে সচেষ্ট হইলেন। এই বিধি-নিষেধ অমান্য করিলে হিন্দুগণকে জাতিচ্যুত হইতে হইত। ফলে দুই সমাজের মধ্যে বিরাট ব্যবধান রচিত হইল। ব্রাহ্মণ পণ্ডিতগণ মুসলমান অধিকৃত অঞ্চল ত্যাগ করিয়া কাশ্মীর, বারাণসী প্রভৃতি অঞ্চলে আশ্রয় গ্রহণ করিলেন। পণ্ডিতগণ স্মৃতিশাস্ত্রের নূতন ব্যাখ্যা আরম্ভ করিলেন। এই রক্ষণশীল নেতাদের মধ্যে বিখ্যাত স্মার্ত পণ্ডিত রঘুনন্দন ও মাধবাচার্যের নাম বিশেষ উল্লেখযোগ্য।

রঘুনন্দন বঙ্গদেশের নবদ্বীপে জন্মগ্রহণ করেন। তিনি শ্রীচৈতন্যদেবের সমসাময়িক ছিলেন। মাধবাচার্য ছিলেন দাক্ষিণাত্যের বিজয়নগরের অধিবাসী। সমাজকে রক্ষা করিবার জন্য রঘুনন্দন আটাশখানি স্মৃতিগ্রন্থ প্রণয়ন করেন। ইহা 'অষ্ট বিংশতি তত্ত্ব' নামে পরিচিত। প্রচলিত ধর্ম ও সমাজবিধির সহিত এই স্মৃতি-গ্রন্থের অনেক বিষয়ে পার্থক্য ছিল। তথাপি হিন্দুসমাজের মধ্যে তাঁহার মতবাদ প্রতিষ্ঠা লাভ করে। স্মৃতিশাস্ত্রের কঠোর অনুশাসনে জাতিভেদের কঠোরতা আরও বৃদ্ধি পাইল। স্ত্রীজাতির অবরোধ প্রথা ব্যাপক হইয়া উঠিল। হিন্দু কন্যাদের অল্প বয়সেই বিবাহ দেওয়ার নীতি প্রচলিত হইল। রঘুনন্দন হিন্দু সমাজের সকল দ্বার বন্ধ করিয়া দিলেন। ফলে হিন্দু সমাজের উদারতা নষ্ট হইল এবং হিন্দু সমাজ রক্ষণশীল হইয়া পড়িল। হিন্দুগণ সম্পূর্ণরূপে মুসলমানদের সংস্পর্শ হইতে বিচ্ছিন্ন হইয়া পড়িল।

রঘুনন্দন ও মাধবাচার্য

**সমন্বয় সাধন :** কিন্তু এই বিরোধ দীর্ঘদিন স্থায়ী হয় নাই। যখন দুইটি সভ্যতা পরস্পরের সংস্পর্শে আসে তখন একে অপরের দ্বারা প্রভাবিত হইতে বাধ্য। বহুকাল একসঙ্গে বসবাসের ফলে এবং হিন্দু-মুসলমান উভয় সম্প্রদায়ের সহনশীলতার ফলে বঙ্গদেশে এবং ভারতের অন্যান্য স্থানে ধর্মের এক সমন্বয় দেখা দেয়। ধর্মের ক্ষেত্রে এক নূতন দৃষ্টিভঙ্গী পরিলক্ষিত হয়। এই ধর্ম সমন্বয়ে হিন্দু সাধু সন্ন্যাসী ও ধর্ম প্রচারক এবং মুসলিম দরবেশের যথেষ্ট অবদান রহিয়াছে। হিন্দু ধর্মাচার্যগণ ও মুসলমান পীরগণ ধর্মের ক্ষেত্রে প্রায় একই আদর্শ স্থাপন করিয়াছিলেন। মুসলমানগণ ক্রমে ক্রমে উপলব্ধি করিল যে, হিন্দুধর্মকে সম্পূর্ণরূপে ধ্বংস করিয়া সমগ্র ভারতবাসীকে ইসলাম ধর্মে দীক্ষিত করা সম্ভব নহে; আবার হিন্দুগণও বুঝিতে পারিল যে, মুসলমানদের সহিত চিরকাল বিরোধ জিয়াইয়া রাখা সংগত নহে। তখন উভয় সম্প্রদায় ধর্মের ক্ষেত্রে পরস্পরের মধ্যে সামঞ্জস্য বিধানের চেষ্টা করিল। হিন্দু ও মুসলমান উভয় সম্প্রদায় পরস্পরের চিন্তাধারা গ্রহণ করিতে লাগিল। পরস্পরের ধর্ম ও সংস্কৃতি জানিবার জন্য পরস্পরের আকাঙ্ক্ষা হইল। মুসলমানগণ যেরূপ হিন্দুদের বেদান্তদর্শনে আকৃষ্ট হইল, হিন্দুগণও সেইরূপ মুসলমান জ্যোতিষশাস্ত্রের চর্চা করিতে লাগিল। হিন্দুর উৎসব প্রাঙ্গণে মুসলমানগণ যেরূপ মিলিত হইত, মুসলমানের উৎসবক্ষেত্রেও হিন্দুরা যোগ দিত। ধর্মান্তরে কোন বাধা ছিল না। হোসেন শাহের আমলে বাংলার বহু মুসলমান শ্রীচৈতন্যের শিষ্যত্ব গ্রহণ করিয়াছিল। সুলতানী আমলে ভারতের নানাস্থানে পরধর্ম সহিষ্ণুতার এক উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপিত হইয়াছিল।

হিন্দু-মুসলিম সংস্কৃতির সমন্বয়

এইভাবে হিন্দু-মুসলমান উভয় সম্প্রদায়ের মধ্যে সামাজিক অবস্থারও পরিবর্তন হইতে লাগিল। ক্রমে ক্রমে পরস্পরের মধ্যে উদার মনোভাবের বিকাশ ঘটিল এবং বিরোধের তীব্রতা হ্রাস পাইল। উভয় সমাজের মধ্যে মিত্রতা স্থাপিত হইল। বহু মুসলমান হিন্দু রমণীর পাণি গ্রহণ করিল। হিন্দু রমণীর প্রভাবে মুসলমান পরিবারে হিন্দুর আচার ব্যবহার ও সামাজিক রীতি নীতি প্রচলিত হইল। ধর্মান্তরিত হিন্দুগণও তাহাদের সামাজিক প্রথা সম্পূর্ণরূপে ত্যাগ করিতে পারে নাই। তাঁহাদের প্রভাবে হিন্দুদের কিছু কিছু আচার-ব্যবহার মুসলমান সমাজে প্রবেশ করিল। উদাহরণ স্বরূপ, মুসলমান পরিবারে পান সুপারি খাওয়ার প্রচলনের কথা উল্লেখ করা যায়। সরকারী কার্যে নিযুক্ত হিন্দুগণ পোশাক পরিচ্ছদ ও রীতি-নীতিতে অনেকটা মুসলমান ভাবাপন্ন হইয়া পড়িল। ফলে হিন্দু সমাজেও নানারূপ পরিবর্তন দেখা দিল। আবার বহিরাগত মুসলমানগণও এদেশের বেশ-ভূষা গ্রহণ করিতে লাগিল। সূক্ষ্ম সূতী বস্ত্র ও রেশমী বস্ত্র ব্যবহারে তাঁহারা অভ্যস্থ হইল। এমনকি, ধর্মীয় বাধা-নিষেধ অগ্রাহ্য করিয়া মুসলমান পুরুষেরা হিন্দুগণের অনুকরণে হার, আংটি প্রভৃতি ব্যবহার করিত। এইভাবে বহু হিন্দু প্রথা ধীরে ধীরে মুসলমান সমাজে প্রবেশ করিল। হিন্দুদের মধ্যে জাতিভেদের কঠোরতা হ্রাস পাইল এবং মুসলমান ধর্ম গ্রহণের প্রবৃত্তিও কমিয়া গেল।

মোটকথা, কি ধর্মীয় ব্যাপারে, কি সামাজিক ব্যাপারে নূতন সংস্কারের ফলে

উভয় সম্প্রদায়ের মধ্যে মৈত্রীর বন্ধন দৃঢ় হইয়াছিল। পরবর্তীকালে আকবরের আমলে হিন্দু-মুসলমানের মধ্যে মিলনের যে যোগসূত্র স্থাপিত হইয়াছিল, তাহার বীজ এই যুগেই স্থাপিত হইয়াছিল।

**ভক্তিবাদ ও মধ্যযুগের ধর্মসংস্কারকগণ ঃ** হিন্দুধর্ম ও ইসলাম ধর্মের মধ্যে মিলনসেতু রচনার কাজে সর্বাধিক প্রভাব বিস্তার করিয়াছিল ভক্তিবাদ। ভক্তিবাদের মূল কথা হইল আল্লাহ, রাম, কৃষ্ণ ইত্যাদি যেকোন নামেই ঈশ্বরের উপাসনা করা হউক না কেন, ঈশ্বর এক ও অভিন্ন। ঈশ্বরের প্রতি ভক্তিই হইল ধর্মসাধনার সহজতম ও শ্রেষ্ঠ পথ। পঞ্চদশ শতকের মধ্য ও শেষভাগে ভারতবর্ষে যে এক নূতন শ্রেণীর ধর্মপ্রচারক আবির্ভূত হইয়াছিলেন, তাঁহারাই ছিলেন ভক্তিবাদের প্রবক্তা। তাঁহারা কোন বিশেষ ধর্ম সম্প্রদায়ের অনুগত ছিলেন না এবং তাঁহাদের প্রচারিত ধর্মমতে কোনরূপ সাম্প্রদায়িক সঙ্কীর্ণতার স্থান ছিল না। তাঁহারা জাতিভেদ প্রথা এবং পৌত্তলিকতার বিরোধী ছিলেন এবং একেশ্বরবাদে বিশ্বাসী ছিলেন। গোঁড়ামি ও সঙ্কীর্ণতা বর্জন করিয়া ভগবানের প্রতি গভীর প্রেম ও ভক্তি নিবেদন এবং ভগবৎসৃষ্ট মানুষের প্রতি প্রীতি ও ভালবাসা প্রদর্শন—ইহাই ছিল তাঁহাদের মূল উপদেশ। ইহাই ছিল ভক্তিবাদের আসল কথা। ফলে হিন্দু ও মুসলমান উভয় সম্প্রদায়ের মানুষই তাঁহাদের ধর্মমতের দ্বারা বিশেষভাবে প্রভাবিত হইয়াছিলেন।

ভক্তিবাদ

**রামানন্দ ঃ** মধ্যযুগের হিন্দুধর্ম ও সমাজ সংস্কারকগণের মধ্যে রামানুজের শিষ্য রামানন্দের নামই সর্বপ্রথমে উল্লেখযোগ্য। রামানন্দ চতুর্দশ শতাব্দীতে দাক্ষিণাত্যে বা এলাহাবাদে এক ব্রাহ্মণ বংশে জন্মগ্রহণ করেন। তিনি রাম ও সীতার উপাসনা করিতেন। রামানন্দ বৈষ্ণব ছিলেন। তিনি বিশ্বাস করিতেন যে, সকল ধর্মের মূলকথা একই। ধর্মসংস্কারকগণের মধ্যে তিনিই প্রথম সহজ সরল হিন্দী ভাষায় একেশ্বরবাদের আদর্শ প্রচার করেন। তিনি সমগ্র উত্তর ভারত ভ্রমণ করিয়া তাঁহার ধর্মের বাণী পেঁাছাইয়া দেন। তিনি পুরোহিত শ্রেণীর আধিপত্য এবং জাঁকজমকপূর্ণ পূজাপদ্ধতির বিরোধী ছিলেন। তিনি ভক্তিকে ধর্মের প্রধান অঙ্গ বলিয়া মনে করিতেন।



রামানন্দ

তিনি জাতিভেদ প্রথা মানিতেন না। জাতি-ধর্ম নির্বিশেষে তিনি সকলকে দীক্ষা দিতেন। তাঁহার বারজন প্রধান শিষ্যের মধ্যে একজন নাপিত, একজন মুচি এবং একজন মুসলমান তাঁতি। রামানন্দের শিষ্যগণের মধ্যে কবীর ছিলেন সর্বাপেক্ষা উল্লেখযোগ্য।

**কবীর ঃ** কবীরের জন্ম-পরিচয় সঠিকভাবে জানা যায় না। কেহ কেহ বলিয়া থাকেন যে তিনি ব্রাহ্মণ সন্তান! যাহা হউক পরে তিনি ইসলাম ধর্ম গ্রহণ করিয়াছিলেন। তিনি ছিলেন একজন তাঁতি। বস্ত্র বয়ন করিয়া তিনি জীবিকা নির্বাহ করিতেন। প্রাপ্ত বয়সে তিনি রামানন্দের শিষ্যত্ব গ্রহণ করিয়াছিলেন। পঞ্চদশ শতাব্দীতে সহজ ও সরল ভাষায় প্রেমধর্ম প্রচার করিয়া তিনি হিন্দু-মুসলমানের মধ্যে মিলনের চেষ্টা করেন। তিনি হিন্দুদের জাতিভেদ প্রথার তীব্র নিন্দা করেন। ধর্মের কোনরূপ বাহ্যিক অনুষ্ঠানে তাঁহার বিশ্বাস ছিল না। তিনি মনে করিতেন কেবলমাত্র উপাসনার দ্বারাই মুক্তিলাভ সম্ভব। তাঁহার শিষ্যগণ 'কবীরপন্থী' নামে পরিচিত।



কবীর


কবির দুই লাইনে খুব সহজ ভাষায় অনেক 'দোঁহা' রচনা করিয়াছিলেন। এই সকল দোঁহার সাহায্যে তিনি উপদেশ প্রচার করিতেন।

**শ্রীচৈতন্য ঃ** সুলতানী আমলে সারা ভারতবর্ষে ধর্ম-সংস্কার ও ভক্তিবাদের বন্যা বহিয়াছিল। ধর্ম-সংস্কারকগণের মধ্যে শ্রীচৈতন্য মহাপ্রভু ছিলেন সর্বশ্রেষ্ঠ। সুলতানী আমলে যখন জাতিভেদের প্রাচীর তুলিয়া উচ্চশ্রেণীর মানুষ নিম্নশ্রেণীর মানুষকে দূরে সরাইয়া রাখিল, তখন মানুষ আর প্রচলিত ধর্মের উপর আস্থা রাখিতে পারিল না। সংস্কৃত-চর্চা কমিয়া গেল, সনাতন হিন্দুধর্ম লোপ পাইতে বসিল। কথিত আছে যে, সর্বত্র অধর্ম ও অনাচারের চিত্র দেখিতে পাইয়া শান্তিপুরের অদ্বৈতাচার্য ভগবানের কাছে আকুল কণ্ঠে আবেদন জানাইয়া বলিয়াছিলেন—তিনি যেন ভগবানের রূপ ধারণ করিয়া ধর্ম ও পুণ্য স্থাপনের জন্য পৃথিবীতে আসেন। অবশেষে ১৪৮৫ খ্রীষ্টাব্দে বঙ্গদেশের নবদ্বীপে শ্রীচৈতন্যের আবির্ভাব হয়।

তখন নবদ্বীপ ছিল শিক্ষা-দীক্ষার মূল কেন্দ্র। ঐসময় হোসেন শাহ্ বাংলায় রাজত্ব করিতেন। তিনি শ্রীচৈতন্যের প্রতি বিশেষ শ্রদ্ধাশীল ছিলেন। শ্রীচৈতন্য অল্প বয়সেই নানা শাস্ত্র অধ্যয়ন করিয়া অসাধারণ পণ্ডিত হইয়া উঠেন। মাত্র ২৪ বৎসর বয়সে তিনি সংসার ত্যাগ করিয়া সন্যাস ধর্ম গ্রহণ করেন। তাঁহার প্রভাবে ভারতবর্ষে এক বিরাট ভক্তমণ্ডলী গড়িয়া উঠে। মানুষের প্রতি ছিল তাঁহার গভীর ভালবাসা। সেইজন্য তিনি মানুষের মধ্যে কোন প্রভেদ দেখিতেন না। উচ্চ-নীচ, ব্রাহ্মণ-শূদ্র, হিন্দু-মুসলমান, ধনী-দরিদ্র সকলেই ভগবানের সৃষ্টি বলিয়া মনে করিতেন। সেইহেতু সকলের মধ্যেই যে ভগবান আছেন—এই ধারণা তাঁহার ছিল। তাঁহাকে সকলেই বলিত প্রেমের ঠাকুর শ্রীচৈতন্যদেব। তিনি যে ধর্ম প্রচার করেন তাহা 'গৌড়ীয় বৈষ্ণব ধর্ম' নামে পরিচিত। তাঁহার মতে প্রকৃত বৈষ্ণবকে তৃণের অপেক্ষা বিনয়ী ও তরুর ন্যায় সহিষ্ণু হইতে হইবে।* তাঁহার কৃষ্ণভক্তি ছিল

* "তৃণাদপি সুনীচেন তরোরিব সহিষ্ণুনা"—শিক্ষাষ্টকম্

অসামান্য। ভাবে বিভোর হইয়া তিনি কেবল কৃষ্ণ নাম প্রচার করিতেন। শ্রীচৈতন্যদেব পায়ে হাঁটিয়া কাশী, বৃন্দাবন, বাংলা, উড়িষ্যা ও দাক্ষিণাত্যে



শ্রীচৈতন্য

জাতি-ধর্ম-নির্বিশেষে প্রেমধর্ম প্রচার করেন। তাঁহার মতে জীবে প্রেম, ঈশ্বরে ভক্তিই হইল শ্রীভগবানকে লাভ করিবার উপায়। তাঁহার এই ভক্তি-ধর্মের প্রভাবে

মানুষের সকল বিভেদ বিদ্বেষ দূর হইয়া যায়। তাঁহার প্রচারিত প্রেমধর্মের ছায়ায় সমস্ত বাঙালী তথা ভারতবাসী ঐক্য ও জাতীয়তাবোধে উদ্বুদ্ধ হয়।

উড়িষ্যার রাজা প্রতাপরুদ্রদেব শ্রীচৈতন্যের নিকট দীক্ষা গ্রহণ করেন। যবন হরিদাস তাঁহার শিষ্য ছিলেন। ইহা ছাড়া উচ্চ নীচ, ব্রাহ্মণ-শূদ্র, হিন্দু-মুসলমান অনেকেই তাঁহার শিষ্যত্ব গ্রহণ করিয়াছিল। লক্ষ লক্ষ লোক এখনও তাঁহাকে শ্রীকৃষ্ণের অবতার বলিয়া পূজা করিয়া থাকে। বাংলার সমাজ ও ধর্মীয় জীবনের উপর শ্রীচৈতন্যের প্রভাব অপরিসীম।

**মীরাবাঈ :** ভক্তিবাদ প্রচারকদের মধ্যে রাজপুতনার বিখ্যাত সাধিকা মীরাবাঈ-এর নামও উল্লেখযোগ্য। তিনি সংগীতের মাধ্যমে ভক্তিবাদ প্রচার করেন। তিনি বলিতেন ভক্তি ও ভালবাসার পথই ভগবানকে লাভ করিবার একমাত্র উপায়। তিনি হিন্দী ভাষায় রাধা-কৃষ্ণের লীলাবিষয়ক পদাবলী রচনা করেন। তাঁহার ভজনগুলি এখনও বিশেষ জনপ্রিয়।

**বল্লভাচার্য :** তিনি বারাণসীতে এক তেলেগু পরিবারে জন্মগ্রহণ করেন। প্রথম জীবনে তিনি কৃষ্ণদেব রায়ের আমলে বিজয়নগর রাজসভার পণ্ডিত ছিলেন। পরে তিনি বহু তীর্থস্থান ভ্রমণ করেন। তাঁহার ধর্মের মূল কথাই হইল শ্রীকৃষ্ণের নিকট সম্পূর্ণ আত্মসমর্পণ।

**নামদেব :** ভক্তিবাদ প্রচারকদের মধ্যে নামদেব অন্যতম। তিনি নিম্নবর্ণের লোক ছিলেন। চতুর্দশ শতাব্দীতে তিনি মহারাষ্ট্রে ধর্মপ্রচার করেন। তিনি বলিতেন, ভগবান এক ও অভিন্ন। তাঁহার মতে ভগবানকে পাইতে হইলে মূর্তিপূজা, ব্রত, উপাসনা ও তীর্থভ্রমণের প্রয়োজন নাই। হরিনাম কীর্তন এবং ভগবৎপ্রেমই মুক্তিলাভের একমাত্র উপায়। তিনি জাতিভেদ প্রথার ঘোর বিরোধী ছিলেন।

**নানক :** নানক প্রসিদ্ধ ধর্মসংস্কারকগণের মধ্যে অন্যতম। ১৪৬৯ খ্রীষ্টাব্দে লাহোরের অন্তর্গত তালবন্দী গ্রামে তাঁহার জন্ম হয়। বাল্যকাল হইতেই ধর্মের প্রতি তাঁহার প্রবল আসক্তি ছিল। প্রথম জীবনে ব্যবসা করিতে গিয়া বহুবার তিনি নিজের অর্থ গরীব দুঃখীদের মধ্যে বিলাইয়া দিয়াছেন। তারপর ধর্ম সাধনা আরম্ভ করিয়া তিনি নানা তীর্থ ভ্রমণ করেন। তিনি মক্কা ও বাগদাদেও গিয়াছিলেন। কবীরের ন্যায় তিনিও জাতিভেদ প্রথার বিরোধী ছিলেন। ইসলাম ও হিন্দুধর্মের সমন্বয় সাধন তাঁহার জীবনের ব্রত ছিল। হিন্দু ও মুসলমান ধর্মের যাহা কিছু মহান তাঁহার উপর ভিত্তি করিয়া তিনি এক নূতন ধর্মমত গড়িয়া তোলেন। তিনি যে ধর্মের প্রচার করেন তাহা 'শিখধর্ম' নামে পরিচিত। তিনি একেশ্বরবাদ প্রচার করেন।



গুরু নানক


তিনিও মূর্তি পূজায় বিশ্বাসী ছিলেন না। তিনি বলেন, ভালবাসা ও পবিত্রতার দ্বারাই ঈশ্বরকে লাভ করা যায়। কোন বাহ্যিক ধর্মানুষ্ঠানে তাঁহার মোটেই আস্থা ছিল না। হিন্দু-মুসলমান উভয় সম্প্রদায়ের লোকই তাঁহার নিকট দীক্ষা গ্রহণ করে। নানকের শিষ্যগণ 'শিখ' নামে পরিচিত।

**সুফীবাদ ঃ** হিন্দুধর্মে যখন এইরূপ উদারনৈতিক সংস্কার চলিতেছিল, তখন ইসলাম ধর্মেও ইহার প্রভাব পড়ে। মানুষে মানুষে সমতার আদর্শ এবং পরস্পরের মধ্যে প্রেম ও প্রীতি বিনিময় ইসলাম ধর্মেও অধিক জনপ্রিয় হইয়া উঠিল। ইসলাম ধর্মের এই উদারনৈতিক সংস্কার আন্দোলনই সুফীবাদ নামে পরিচিত। বস্তুতঃ বিভিন্ন ধর্মের আদর্শের সমন্বয়েই সুফীবাদের উৎপত্তি

সুফীসন্ত

হয়। ভারতে সুফীবাদের প্রবক্তাগণের মধ্যে নিজামউদ্দিন আউলিয়া এবং মইনউদ্দিন চিস্তি বিশেষ উল্লেখযোগ্য। তাঁহারা মানুষের মধ্যে মৈত্রী ও প্রেমের বাণী প্রচার করিয়াছিলেন। স্বয়ং আলাউদ্দিন খল্‌জী আউলিয়ার প্রতি শ্রদ্ধাশীল ছিলেন। হিন্দু ও মুসলমান উভয় সম্প্রদায়ের মানুষই তাঁহার শিষ্যত্ব গ্রহণ করিয়াছিল। এইভাবে ভক্তিবাদ ও সুফীবাদের আদর্শে সুলতানী আমলে হিন্দু ও মুসলমান সম্প্রদায়ের মধ্যে সৌহার্দ্য বৃদ্ধি পাইয়াছিল।

**শিল্প, সংস্কৃতি ও সাহিত্যের উপর প্রভাব ঃ**—সুলতানী আমলে হিন্দু মুসলমান উভয় সম্প্রদায়ই পরস্পরের শিল্পরীতি, সাহিত্য ও সংস্কৃতির দ্বারা প্রভাবিত




কদম রসুল মসজিদ

হইয়াছিল। হিন্দু ও মুসলমান স্থাপত্য রীতির মিলনের ফলে যে নূতন শিল্প ও স্থাপত্যরীতি গড়িয়া উঠে, তাহা ইন্দো-মুসলিম

নূতন শিল্পরীতি

স্থাপত্যরীতি নামে পরিচিত। ইসলামী স্থাপত্যরীতির গম্বুজ, অলিন্দ ও নক্‌সার বুরুজ ও খিলানের সঙ্গে হিন্দু স্থাপত্যরীতির স্তম্ভসহ

কাজ যুক্ত হইয়া এক মিশ্র স্থাপত্যরীতি গড়িয়া উঠিয়াছিল। দক্ষ মুসলমান শিল্পীর অভাব এবং বিধ্বস্ত হিন্দুমন্দিরের উপকরণের সাহায্যে প্রাসাদ, মসজিদ ইত্যাদি নির্মাণের প্রচেষ্টা এই নূতন শিল্পরীতি গড়িয়া উঠিতে সাহায্য করিয়াছিল।



বড় সোনা মসজিদ

বিজাপুরের আদিল শাহের সমাধি, পাণ্ডুয়ার আদিনা মসজিদ, গৌড়ের বড়সোনা মসজিদ, কদম রসুল মসজিদ প্রভৃতি এই যুগের ইন্দো-মুসলিম স্থাপত্যের নিদর্শন।



আদিনা মসজিদ

আলাউদ্দিন খলজীর আমলে নির্মিত আলাই দরওয়াজা ভারতীয় ও মুসলিম শিল্প-রীতির যুগ্ম প্রভাবের ফল।

এই যুগে প্রত্যেক প্রদেশেই নিজস্ব প্রাদেশিক শিল্প-রীতিও গড়িয়া উঠিয়াছিল। প্রাদেশিক শিল্প ও স্থাপত্যের মধ্যে জৌনপুরের আতল মসজিদ, বাংলার জাম-ই-মসজিদ, দিল্লীর কুতুব মিনার ও নিজামউদ্দিন আউলিয়ার কবরের উপর নির্মিত-মসজিদ প্রভৃতি বিশেষভাবে উল্লেখযোগ্য। ঐতিহাসিক ফারগুসনের মতে সুলতানী আমলের শিল্পরীতি ভারতীয় ও আরবীয়রীতির সংমিশ্রণ। কলারসিক হেভেল বলিয়াছেন, "সুলতানী শিল্পরীতি অন্তরে ও বাহিরে পুরাপুরি ভারতীয়।"

সংস্কৃতি

সুলতানী আমলে হিন্দু ও মুসলমান উভয় সম্প্রদায়ই জ্ঞাত ও অজ্ঞাতসারে পরস্পরের শিক্ষা, সঙ্গীত, পোশাক-পরিচ্ছদ প্রভৃতির আদান-প্রদানে অভ্যস্ত হইয়া উঠিল। হিন্দু অভিজাতগণ রাজকার্য উপলক্ষে চোগা-চাপকান পরা অভ্যাস করেন এবং ফার্সীভাষা শিখেন। হিন্দুধর্মের দ্বারা প্রভাবিত সুফীবাদ মুসলমান ধর্মের অন্যতম অঙ্গ হইয়া দাঁড়াইল। হিন্দু ও মুসলমানগণ পীর ফকিরকে শ্রদ্ধা করিতে শিখিল। এইযুগে হিন্দু ও মুসলমানদের দ্বারা পূজিত সত্যপীর-এর উদ্ভব উভয় ধর্মের প্রভাবের ফলেই হইয়াছিল।

এই যুগে ভাষা ও সাহিত্যের ক্ষেত্রেও সমন্বয় সাধনের প্রচেষ্টা দেখা যায়। পরস্পরের সংস্কৃতি জানিবার জন্য পরস্পর আকাঙ্খিত হইল। মুসলমানগণ যেরূপ হিন্দুর বেদান্ত দর্শনে আকৃষ্ট হইল, হিন্দুগণও সেইরূপ মুসলমান জ্যোতিষশাস্ত্রের চর্চা করিতে লাগিল। মুসলমান লেখকগণ হিন্দুর জীবনী বাংলা ভাষায় লিপিবদ্ধ করিলেন, হিন্দু লেখকগণও পারসিক ভাষায় গ্রন্থ রচনা করিলেন। এইভাবে দুইটি সংস্কৃতি সমন্বয়ের পথে অগ্রসর হইতে লাগিল।

ফার্সী ভাষা

এই যুগে ফার্সী ভাষায় শ্রেষ্ঠ কবি ছিলেন আমীর খসরু। তিনি বলবন, আলাউদ্দিন খলজী এবং গিয়াসউদ্দিন তুঘলকের পৃষ্ঠপোষকতা লাভ করিয়াছিলেন। মুসলমান সাহিত্যিকদের মধ্যে তিনিই প্রথম হিন্দী শব্দ ব্যবহার করেন। এই যুগে ফার্সী ভাষায় বহু ইতিহাস গ্রন্থ রচিত হয়।

সংস্কৃত ভাষা

মুসলমানগণ ফার্সী ভাষায় সাহিত্য ও ইতিহাস রচনা করিলেও সংস্কৃতকে অমর্যাদা করে নাই। সংস্কৃত সাহিত্যিকদের মধ্যে জীব গোস্বামী, রঘুনন্দন, বাচস্পতি মিশ্র, মাধবাচার্য, বিশ্বেশ্বর, রূপ গোস্বামী, পার্থসারথি মিশ্র প্রমুখ উল্লেখযোগ্য। মুসলমান পণ্ডিতগণের মধ্যেও অনেকে সংস্কৃত শিখিয়াছিলেন। ফিরোজ তুঘলক ও সিকান্দর লোদীর পৃষ্ঠপোষকতায় বহু সংস্কৃত গ্রন্থ ফার্সী ভাষায় অনুদিত হইয়াছিল। তাহা ছাড়া সুলতানী আমলের শাসকগণ তাঁহাদের মুদ্রায় আরবী অক্ষরের সঙ্গে দেবনাগরী অক্ষর ব্যবহার করিয়া ভারতীয় ভাষাকে মর্যাদা দান করিয়াছেন।

সুলতানী যুগের ধর্ম সংস্কারগণ জনসাধারণের মধ্যে ধর্মপ্রচারের উদ্দেশ্যে সাধারণের বোধগম্য ভাষাই ব্যবহার করিতেন। ফলে গুরুমুখী, হিন্দী, মারাঠী ও কাশ্মীরী ভাষার শ্রীবৃদ্ধি হয়। হিন্দী ভাষা সুলতানী যুগে খুব প্রসার লাভ করে। মুসলিম কবিগণ হিন্দী কাব্য ও সাহিত্য রচনায় নূতন প্রেরণা সৃষ্টি করিয়াছিলেন। মুসলমান লেখক মালিক মহম্মদ জ্যায়সী হিন্দু কাহিনী অবলম্বনে হিন্দী ভাষায় 'পদ্মাবৎ' কাব্য রচনা করেন। কাশ্মীরের সুলতান জৈন-উল-আবেদিনের পৃষ্ঠপোষকতায় সেখানকার আঞ্চলিক ভাষা ও সাহিত্যের যথেষ্ট উন্নতি হইয়াছিল। উভয় সম্প্রদায়ের মধ্যে সৌহার্দ স্থাপনের জন্য তিনি মহাভারত ও কহ্লন প্রণীত 'রাজতরঙ্গিনী' পারসিক ভাষায় অনুবাদ করাইয়াছিলেন। উদারতা এবং পরধর্ম সহিষ্ণুতার জন্য তাঁহাকে 'কাশ্মীরের আকবর' বলা হয়। তাহা ছাড়া গুরু নানক ও তাঁহার শিষ্যগণ গুরুমুখী ভাষায় এবং ধর্মপ্রচারক নামদেব মারাঠী ভাষায় ধর্মগ্রন্থাদি রচনা করিয়াছেন।

হিন্দী, কাশ্মিরী, গুরুমুখী ও মারাঠী ভাষা

প্রাদেশিক ভাষাগুলির মধ্যে বাংলা ভাষার সর্বাধিক উন্নতি হইয়াছিল। বাংলা ভাষা ও সাহিত্যের উন্নতিকল্পে হোসেন শাহ ও নুসরৎ শাহের অবদানের কথা পূর্বেই আলোচনা করা হইয়াছে। এই যুগের বৈষ্ণব লেখকদের মধ্যে চণ্ডীদাসের নাম সর্বপ্রথমেই উল্লেখযোগ্য। তাঁহার সমসাময়িক বিদ্যাপতি মিথিলার লোক হইলেও তিনি বাংলারই কবি। এই যুগে মুসলমান শাসকদের পৃষ্ঠপোষকতায় রামায়ণ এবং মহাভারত সংস্কৃত হইতে বাংলায় অনূদিত হইয়াছিল। সুলতান হোসেন শাহের পৃষ্ঠপোষকতায় মালাধর বসু বাংলায় ভাগবতের অনুবাদ করিয়াছিলেন। গৌড়েশ্বর হোসেন শাহ মালাধর বসুকে 'গুণরাজ খাঁ' উপাধি দান করিয়াছিলেন। হোসেন শাহের সেনাপতি পরাগল খাঁ কবীন্দ্র পরমেশ্বরকে দিয়া মহাভারতের বাংলা অনুবাদ করেন। পরাগল খাঁর পুত্র ছুটি খাঁ শ্রীকর নন্দীর দ্বারা মহাভারতের অশ্বমেধ পর্বের বঙ্গানুবাদ করাইয়াছিলেন। সুলতান নুসরৎ শাহও মহাভারত বাংলায় অনুবাদ করাইয়াছিলেন। বিদ্যাপতি নুসরৎ শাহ এবং সুলতান গিয়াসউদ্দিনের উচ্ছ্বসিত প্রশংসা করিয়াছেন।

বাংলা ভাষা ও সাহিত্য

এই যুগেই ফার্সী ও উত্তর ভারতে প্রচলিত হিন্দী ভাষার সংমিশ্রণে উর্দু ভাষার উদ্ভব হয়। এই নূতন ভাষা হিন্দু ও মুসলমান সম্প্রদায়ের মধ্যে সংযোগ স্থাপনের ব্যাপারে খুবই সহায়ক হইয়াছিল। এই যুগের বিখ্যাত কবি আমীর খসরু উর্দু ভাষায় তাঁহার সাহিত্য রচনা করিয়া ইহার উৎকর্ষ বৃদ্ধি করেন। উর্দু ভাষার এবং হিন্দী ভাষার প্রায় একই ব্যাকরণ। এই ভাষার অধিকাংশ শব্দই ফার্সী ও হিন্দী হইতে গ্রহণ করা হইয়াছে।

উর্দু ভাষার উদ্ভব

# মুঘল যুগ ( ১৫২৬-১৭০৭ খ্রীঃ )

## (১ মুঘল যুগের ইতিহাসের উপাদান

মুঘল যুগের ভারত-ইতিহাস রচনার উপাদান প্রচুর। এই যুগের ইতিহাসের উপাদানগুলি প্রধানতঃ তিন প্রকার—(ক) আত্মচরিত, (খ) ঐতিহাসিক গ্রন্থ এবং (গ) বিদেশী পর্যটকদের বিবরণ।

(ক) **আত্মচরিত ঃ**

১। মুঘল সম্রাট বাবরের **'আত্মচরিত'** গ্রন্থে সেই যুগের ভারতবর্ষের রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক অবস্থার এক মনোজ্ঞ চিত্র অঙ্কিত হইয়াছে।

২। **'হুমায়ুন নামা' ঃ** বাবরের কন্যা গুলবদন বেগম কর্তৃক রচিত **'হুমায়ুন নামা'** হইতে বাবর ও হুমায়ুনের রাজত্বকালের অনেক তথ্য জানা যায়।

৩। **'তুজুক-ই-জাহাঙ্গীরী' ঃ** সম্রাট জাহাঙ্গীরের রচিত এই আত্মচরিত গ্রন্থ মুঘল যুগের অপর এক উল্লেখযোগ্য ঐতিহাসিক উপাদান।

(খ) **ঐতিহাসিক গ্রন্থ ঃ**

১। **'তাজকিরাৎ উল-ওয়াকিয়াৎ' ঃ** সম্রাট হুমায়ুনের পার্শ্বচর জওহর কর্তৃক রচিত এই গ্রন্থ হইতে পারস্যে হুমায়ুনের দিনগুলির বিবরণ এবং তাঁহার চারিত্রিক গুণাবলীর কথা জানা যায়।

২। **'আইন-ই-আকবরী' ও 'আকবরনামা' ঃ** আবুল ফজল রচিত এই গ্রন্থ দুইটি সম্রাট আকবরের রাজত্বকালের নানা তথ্যে পরিপূর্ণ। প্রথমটিতে বর্ণিত হইয়াছে আকবরের শাসন-সংক্রান্ত নিয়ম-কানুন এবং দ্বিতীয়টিতে আছে সেযুগের ভারতের রাজনৈতিক ইতিহাস।

৩। **'মুন্তাখাব-উল-তোয়ারিক' ঃ** সম্রাট আকবরের সমালোচক বদায়ুনী কর্তৃক রচিত এই গ্রন্থে আকবরের রাজত্বকাল সম্পর্কে মূল্যবান তথ্য সন্নিবিষ্ট আছে।

৪। **'পাদশাহ্‌নামা' ঃ** এই গ্রন্থটি রচনা করেন আবদুল হামিদ লাহোরী। এই গ্রন্থ হইতে শাহজাহানের রাজত্বকাল সম্পর্কে অনেক তথ্য জানা যায়।

৫। **'মাসির-ই-আলমগীরি' ঃ** সাকী মুস্তাইদ খান এই গ্রন্থটির রচয়িতা। ঔরংজেবের রাজত্বকালের বহু তথ্য এই গ্রন্থ হইতে জানা যায়।

৬। **'মুন্তাখাব-উল-লুবাব' ঃ** বিখ্যাত ঐতিহাসিক কাফী খাঁ রচিত এই গ্রন্থ হইতে ঔরংজেবের রাজত্বকালের বহু মূল্যবান কথা জানা যায়।

ইহা ব্যতীত, গোলাম হোসেন রচিত 'রিয়াস-আস-সালাতিন' গ্রন্থটি মুঘল যুগে বঙ্গদেশ সম্পর্কে নানা তথ্যে পরিপূর্ণ। টড রচিত 'রাজস্থানের ইতিহাস' গ্রন্থটিও রাজপুত ইতিহাসের মূল্যবান উপাদান।

( গ ) **বিদেশী পর্যটকদের বিবরণ ঃ** ষোড়শ শতাব্দী হইতে বহু ইউরোপীয় পর্যটক ভারতে আসিয়াছেন। তাঁহাদের লিখিত বিবরণ হইতে মুঘলযুগের রাজনৈতিক ইতিহাস এবং জনসাধারণের সামাজিক ও অর্থনৈতিক অবস্থা সম্পর্কে প্রকৃত তথ্য

জানা যায়। এই সকল পর্যটকদের মধ্যে র‍্যাল্‌ফ ফিচ, ফাদার মনুসয়েট, হকিন্স স্যার টমাস-রো, পালসেয়ার্ট এডওয়ার্ড বার্ণিয়ে, টে-ভার্ণিয়ে ও মানুচি বিশেষ উল্লেখযোগ্য।

## (২) ভারতে মুঘল রাজত্বের প্রতিষ্ঠা

**মুঘলগণ :**—মুঘল বা মোগল কথাটি মোঙ্গল শব্দ হইতে আসিয়াছে। মোঙ্গলদের আদি নিবাস ছিল মধ্য এশিয়ার অন্তর্গত মোঙ্গলিয়া। মোঙ্গলগণ কয়েকটি উপদলে বিভক্ত ছিল। ইহাদের মধ্যে সর্বাপেক্ষা শক্তিশালী উপদলের নেতা ছিলেন ইয়েসুকাই এবং পরে তাঁহার পুত্র চেঙ্গিস খাঁ। চেঙ্গিস খাঁর সামরিক প্রতিভা এবং সংগঠন শক্তি ছিল অসাধারণ। তিনি ত্রয়োদশ শতাব্দীর প্রথম ভাগে উত্তরে সাইবেরিয়া হইতে দক্ষিণে জর্জিয়া পর্যন্ত বিস্তৃত ভূখণ্ডে এক বিশাল সাম্রাজ্য স্থাপন করেন। তাঁহার মৃত্যুর পরে তাঁহার বংশধরগণ অনেকদিন পর্যন্ত মধ্য এশিয়ায় রাজত্ব করেন। এই সময়ে পশ্চিমাঞ্চলে তাতারদের সংখ্যাধিক্য থাকায় সেখানে তাতার মোংগল সংমিশ্রণ ঘটে। এই মিশ্রিত তাতার-মোংগল জাতি হইতে তৈমুরলঙের উদ্ভব হইয়াছিল। তাঁহারই বংশধর বাবর ভারতে মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা।

মুঘলদের পূর্বপরিচয়

**বাবর :** (১৫২৬-১৫৩০ খ্রীঃ):—জহির-উদ্দিন-মহম্মদ বাবর ১৪৮৩ খ্রীষ্টাব্দে জন্মগ্রহণ করেন। তিনি পিতার দিক দিয়া তৈমুরের এবং মাতার দিক দিয়া চেঙ্গিসের বংশধর ছিলেন। এজন্য তিনি নিজেকে মুঘল বলিয়া পরিচয় দিতেন। ভারতবর্ষের ইতিহাসে তাঁহার স্থাপিত রাজবংশ মুঘলবংশ নামে পরিচিত।

মুঘল রাজবংশের প্রতিষ্ঠা



বাবর

বাবরের পিতা ওমর শেখ মীর্জা মধ্য এশিয়ার অন্তর্গত ক্ষুদ্র ফরগণা রাজ্যের অধিপতি ছিলেন। পিতার মৃত্যুর পর মাত্র এগার বৎসর বয়সে বাবর ফরগণার শাসক হন। ইহার পর তিনি পূর্ব-পুরুষদের রাজধানী সমরখন্দ অধিকার করেন। পুরুষ সিংহ বাবর এক বিশাল সাম্রাজ্য গড়িয়া তুলিবার স্বপ্ন দেখিতেছিলেন। কিন্তু কিছুদিন পরেই উজবেগদিগের আক্রমণে সমরখন্দ তাঁহার হস্তচ্যুত হয়। জ্ঞাতিদের চক্রান্তে ফরগণা হইতেও তিনি বিতাড়িত হইলেন। কিন্তু বাবর ছিলেন প্রতিভাবান ব্যক্তি। রাজ্যহীন হইয়াও তিনি নিজের শক্তিতে বিশ্বাস

হারাইলেন না। ১৫০৪ খ্রীষ্টাব্দে তিনি কাবুল অধিকার করিলেন। পরে কান্দাহার অধিকার করিয়া তিনি ধনধান্যে ভরা হিন্দুস্থান জয়ের পরিকল্পনা করিতে লাগিলেন। তাঁহার এই আশা বিফল হয় নাই। লোদী বংশে তখন প্রচণ্ড আত্মকলহ চলিতেছিল। এই সময়ে পাঞ্জাবের শাসনকর্তা দৌলত খাঁ লোদী বাবরকে ভারত আক্রমণ করিবার জন্য আমন্ত্রণ জানান। বাবর সানন্দে এই আমন্ত্রণ গ্রহণ করিলেন।

১৫২৫ খ্রীষ্টাব্দে বহু সংখ্যক সৈন্য লইয়া বাবর ভারতবর্ষ আক্রমণ করেন। দিল্লীর নিকটে পাণিপথের প্রান্তরে পাঠান সুলতান ইব্রাহিম লোদীর সঙ্গে বাবরের তুমুল যুদ্ধ হয় (১৫২৬ খ্রীঃ)। বাবর কামান ও বন্দুকের সাহায্যে ইব্রাহিম লোদীকে পরাজিত ও নিহত করিলেন। ভারতবর্ষের ইতিহাসে এই ঘটনা পাণিপথের প্রথম যুদ্ধ নামে বিখ্যাত। এই যুদ্ধে জয়লাভ করিয়াই বাবর ভারতে মুঘল সাম্রাজ্যের ভিত্তি স্থাপন করেন। পাণিপথে জয়লাভের পর বাবর দিল্লী ও আগ্রা অধিকার করেন।

পাণিপথের প্রথম যুদ্ধ

এই সময়ে রাজপুতনার অন্তর্গত মেবারের বীর রাণা সংগ্রামসিংহ তাঁহাকে বাধা দিবার জন্য অগ্রসর হন। সংগ্রামসিংহ ছিলেন পরাক্রমশালী রাজা। তিনি দিল্লীর সুলতানগণের সহিত বার বার যুদ্ধ করিয়া নিজের সামরিক শক্তির পরিচয় দিয়াছিলেন। রাজপুতনার এক বৃহৎ অংশে তাঁহার আধিপত্য স্থাপিত হইয়াছিল। তিনি উত্তর ভারতে হিন্দুরাজ্য স্থাপন করিতে চাহিয়াছিলেন। ফলে মুঘল ও রাজপুতদের মধ্যে সংঘর্ষ ঘটিল। কিন্তু ১৫২৭ খ্রীষ্টাব্দে খানুয়ার যুদ্ধে বাবরের নিকট সংগ্রামসিংহ পরাজিত হইলেন; ইহার ফলে উত্তর ভারতে রাজপুত প্রাধান্য স্থাপিত হইবার সম্ভাবনা তিরোহিত হইল।

খানুয়ার যুদ্ধ



সংগ্রাম সিংহ

১৫২৮ খ্রীষ্টাব্দে বাবর চান্দেরী দুর্গ অধিকার করেন। এই সময়ে বাংলা ও বিহারের আফগান দলপতিগণ সংঘবদ্ধভাবে বাবরের বিরুদ্ধে দাঁড়াইলেন। ১৫২৯ খ্রীষ্টাব্দে গোগরার যুদ্ধে বাবর তাঁহাদিগকে পরাজিত করিলেন। এইভাবে তিনি উত্তর ভারতে নিজের অধিকার সুপ্রতিষ্ঠিত করেন। কিন্তু বিজিত সাম্রাজ্যকে সুগঠিত করিবার পূর্বেই ১৫৩০ খ্রীষ্টাব্দে তাঁহার মৃত্যু হয়।

গোগরার যুদ্ধ

**বাবরের 'আত্মচরিত'**: মধ্যযুগের ইতিহাসে বাবর এক অপূর্ব চরিত্র। ভাবপ্রবণতা ছিল তাঁহার চরিত্রের বৈশিষ্ট্য। বাবর ছিলেন সাহিত্যানুরাগী। কাব্য ও কবিতা বাবরকে আনন্দ দিত। 'জীবন-স্মৃতি' রচনা ছিল তাঁহার এক অসামান্য

তাঁহার রচিত 'আত্মচরিত' বা 'তুজুক-ই-বাবরী' সমগ্র জীবনী-সাহিত্যের এক অপরূপ সম্পদ। তুর্কী ভাষায় বাবরের এই রচনা ছিল সুন্দর ও নির্ভুল। প্রকৃতির প্রতি আবেদন এবং ভাষার সাবলীলতা বাবরের আত্মজীবনীকে অপূর্ব শ্রীমণ্ডিত করিয়াছে। আত্মজীবনীতে বাবর তাঁহার নিজস্ব ভঙ্গীতে ভারতের আবহাওয়া, জলবায়ু, ফল-ফুল, পশু-পাখী, প্রাকৃতিক সৌন্দর্য এবং ভারতীয়দের চরিত্রের বৈশিষ্ট্য বর্ণনা করিয়াছেন। এই গ্রন্থে তৎকালীন ভারতের রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক অবস্থার এক মনোজ্ঞ বিবরণ পাওয়া যায়। এই গ্রন্থ হইতে বাবরের ব্যক্তিত্ব এবং সামরিক দক্ষতারও সুস্পষ্ট পরিচয় পাওয়া যায়। ইহাতে বাবর তাঁহার চরিত্রের দোষ-গুণ মুক্তকণ্ঠে স্বীকার করিয়াছেন। এই অমূল্য গ্রন্থখানি ফার্সী ও ইংরাজী ভাষায় অনূদিত হইয়াছে।

## (ক) মুঘল-আফগান সংঘর্ষ

বাবরের মৃত্যুর পর তাঁহার জ্যেষ্ঠপুত্র হুমায়ুন (১৫৩০—১৫৪০ খ্রীঃ) দিল্লীর সিংহাসনে আরোহণ করেন। তিনি পিতার মতই সাহসী ও রণকুশল ছিলেন। কিন্তু অলসতাই ছিল তাঁহার সর্বাপেক্ষা বড় দোষ। পিতার নির্দেশে তিনি তাঁহার ভ্রাতাদের প্রতি সদ্ব্যবহার করিতে ত্রুটি করেন নাই। এমনকি কয়েকটি স্থানে তাহাদের অধিকার স্বীকার করিয়া লইলেন। ইহাতে হুমায়ুন নিজেই মুঘল সাম্রাজ্যের ঐক্য নষ্ট করিয়াছিলেন।

হুমায়ুনের দুর্বলতায় মুঘল সাম্রাজ্যের ঐক্য বিনাশ

হুমায়ুনের সিংহাসন লাভের সঙ্গে সঙ্গে গুজরাটের শাসনকর্তা বাহাদুর শাহ্ বিদ্রোহ ঘোষণা করেন। হুমায়ুন সসৈন্যে তাঁহার বিরুদ্ধে অগ্রসর হইলেন। বাহাদুর শাহ্ পরাজিত হইলে মালব ও গুজরাট হুমায়ুনের হস্তগত হইল। কিন্তু পূর্বভারতে পাঠান শাসক শের খাঁর ক্ষমতাবৃদ্ধিতে চিন্তিত হইয়া তিনি গুজরাট ত্যাগ করেন। ফলে মালব ও গুজরাট তাঁহার হস্তচ্যুত হয়।

**শেরশাহের সাম্রাজ্য স্থাপন ঃ** শেরশাহ্ বিহারের অন্তর্গত সাসারামের জায়গীরদার হাসান খাঁর পুত্র ছিলেন। বাল্যকালে তাঁহার নাম ছিল ফরিদ খাঁ। বিমাতার নির্যাতন সহ্য করিতে না পারিয়া ফরিদ গৃহত্যাগ করেন এবং জৌনপুরে চলিয়া যান। এখানে অবস্থান-কালে তিনি লেখাপড়া শিখিয়া শাসনকার্যে অভিজ্ঞতা সঞ্চয় করেন। তাঁহার পাণ্ডিত্যের পরিচয় পাইয়া জৌনপুরের শাসনকর্তা জামাল খাঁ তাঁহাকে তাঁহার পিতার নিকট পাঠাইয়া দেন। অতঃপর তিনি কয়েক বৎসর জায়গীরের শাসনকার্য পরিচালনা করেন কিন্তু বিমাতার চক্রান্তে তিনি পুনরায় গৃহত্যাগ করিতে বাধ্য হন। এইবার তিনি বিহারের শাসনকর্তা বহর খাঁ লোহানীর অধীনে চাকুরী গ্রহণ করেন। শীঘ্রই বহর খাঁ ফরিদের কার্যদক্ষতায় অত্যন্ত খুশী হন এবং তাঁহাকে আরও গুরুত্বপূর্ণ পদে নিযুক্ত করেন। তিনি বহর খাঁর পুত্র জালাল খাঁর শিক্ষক নিযুক্ত হইয়াছিলেন। এই সময়ে ফরিদ একাই একটি বাঘ মারিয়াছিলেন। তাঁহার বীরত্বে খুশী হইয়া বহর খাঁ ফরিদকে 'শের'—

শের খাঁর ব্যক্তিত্ব

অর্থাৎ 'বাঘ' উপাধি দান করেন। ঐ সময় হইতেই ফরিদ 'শের খাঁ' নামে পরিচিত হন। তাঁহার অসাধারণ ব্যক্তিত্বের ফলে ক্রমে তিনি বিহারের সর্বময় কর্তা হইয়া উঠিলেন। স্বভাবতঃই শের খাঁর আকাঙ্ক্ষা আরও বৃদ্ধি পাইতে লাগিল। তিনি দিল্লীর সিংহাসন অধিকার করিয়া ভারতে আফগান প্রভুত্ব স্থাপনের স্বপ্ন দেখিতে লাগিলেন।

আফগান প্রভুত্ব স্থাপনের পথ

**হুমায়ুন ও শেরশাহের দ্বন্দ্ব ঃ** ক্রমেই শের খাঁর শক্তি বৃদ্ধি পাইতেছে দেখিয়া হুমায়ুন শঙ্কিত হইয়া উঠিলেন। শের খাঁ ইতিপূর্বেই বিহারে চুনার ও অন্যান্য দুর্গ অধিকার করিয়া আপন আধিপত্য সুপ্রতিষ্ঠিত করিয়াছিলেন। ১৫৩১ খ্রীষ্টাব্দে হুমায়ুন শের খাঁর বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিয়া চুনার দুর্গটি অবরোধ করেন। সাময়িকভাবে শের খাঁ হুমায়ুনের আনুগত্য স্বীকার করিয়া লইয়া তাঁহাকে সন্তুষ্ট রাখেন। ১৫৩৭ খ্রীষ্টাব্দে শের খাঁ গৌড় আক্রমণ করিয়া দুর্ভেদ্য রোটাস দুর্গ অধিকার করিলেন। হুমায়ুন তখন চুনার দুর্গ অবরোধ করিয়া সময় নষ্ট করিতেছিলেন। ১৫৩৮ খ্রীষ্টাব্দে হুমায়ুন বঙ্গদেশে যাত্রা করেন। অবশেষে চৌসার যুদ্ধে (১৫৩৯ খ্রীঃ) এবং পুনরায় বিলগ্রামের যুদ্ধে (১৫৪০ খ্রীঃ) হুমায়ুন শের খাঁর নিকট শোচনীয়ভাবে পরাজিত হন। রাজ্যহারা হুমায়ুন শেষে নিরুপায় হইয়া পারস্যে চলিয়া যান। এদিকে শের খাঁ 'শেরশাহ' নাম ধারণ করিয়া দিল্লীর সিংহাসনে আরোহণ করেন। এইভাবে ভারতে সাময়িকভাবে আবার আফগান প্রভুত্ব স্থাপিত হইল।

চৌসার ও বিলগ্রামের যুদ্ধ



শেরশাহ

আফগান প্রভুত্ব

**শেরশাহের শাসন-ব্যবস্থা ও রাজস্ব সংস্কার ঃ** শুধু যোদ্ধা হিসাবেই নহে, দক্ষ শাসক হিসাবেও শেরশাহ ভারতের ইতিহাসে প্রসিদ্ধি লাভ করিয়াছেন। শেরশাহ মাত্র পাঁচ বৎসর রাজত্ব করিয়াছিলেন। এই অল্প সময়ের মধ্যেই তিনি শাসন-ব্যবস্থার অনেক সংস্কার সাধন করিয়াছিলেন।

শাসনকার্যের সুবিধার জন্য তিনি সমগ্র সাম্রাজ্যকে কয়েকটি সুবা বা প্রদেশ এবং সুবাগুলিকে ৪৭টি সরকারে এবং প্রতি সরকারকে কতকগুলি পরগণায় বিভক্ত করিয়াছিলেন। ইহাদের যথাযথ শাসনের জন্য তিনি বিভিন্ন রকমের রাজ-কর্মচারী নিয়োগ করিয়াছিলেন। সরকারগুলির শান্তিরক্ষা ও প্রশাসনিক তত্ত্বাবধানের দায়িত্ব ন্যস্ত ছিল প্রধান শিকদার বা 'শিকদার-ই-শিকদারণ' নামে এক শ্রেণীর সরকারী কর্মচারীর উপর। প্রধান মুন্সেফ বা 'মুনসিফ-ই-মুনসিফান' পরিচালনা করিতেন রাজস্ব বিভাগের

শাসন সংস্কার

কাজকর্ম। প্রত্যেকটি পরগণায় ছিলেন আমিন, শিকদার, কারকুন প্রভৃতি রাজ-কর্মচারী। গ্রামের শাসনভার ন্যস্ত থাকিত গ্রাম-পঞ্চায়েতের উপর।

শেরশাহ্ বিচার বিভাগেরও সংস্কার সাধন করেন। সম্রাট ছিলেন সাম্রাজ্যের সর্বোচ্চ বিচারক। সরকারগুলিতে প্রধান কাজী এবং পরগণায় সাধারণ কাজী ও মীর আদলের উপর বিচারের দায়িত্ব ছিল। শেরশাহ্ ছিলেন ন্যায় বিচারের পক্ষপাতী। অন্যায় করিলে বড় বড় রাজকর্মচারী-গণও কঠিন শাস্তি পাইতেন।

বিচার বিভাগীয় সংস্কার

শেরশাহের একটি উল্লেখযোগ্য কৃতিত্ব এই যে, তিনি প্রথমেই উপলব্ধি করেন, ভারতে রাষ্ট্রগঠন করিতে হইলে হিন্দু-মুসলিম সহযোগিতার প্রয়োজন। তাই জাতি ধর্ম-নির্বিশেষে তিনি সকল শ্রেণীর প্রজার শান্তি ও নিরাপত্তা বিধানের ব্যবস্থা করেন। শেরশাহের প্রধান সেনাপতি ব্রহ্মজিৎ গৌড় ছিলেন হিন্দু। ইসলামধর্মে দৃঢ় বিশ্বাসী হইয়াও তাঁহার এই উদার ও ধর্মনিরপেক্ষ দৃষ্টিভঙ্গী নিঃসন্দেহে অকুণ্ঠ প্রশংসার যোগ্য।

ধর্ম নিরপেক্ষতা

দেশে শান্তিরক্ষার জন্য তিনি সেনাবাহিনী ও পুলিশ বাহিনীরও সংস্কার করিয়াছিলেন। তাঁহার আমলে সাধারণতঃ জায়গীরের পরিবর্তে নিয়মিত বেতন দেওয়া হইত। তবে ডঃ শ্রীবাস্তবের মতে তিনি নাকি জায়গীর প্রথার বিলোপ সাধনে ব্যর্থ হইয়াছিলেন। সাম্রাজ্যের গুরুত্বপূর্ণ অঞ্চলগুলিতে এক-একজন ফৌজদারের নিয়ন্ত্রণাধীনে দুর্গ ও দুর্গরক্ষার জন্য সুসজ্জিত বাহিনী ছিল। তিনি সাম্রাজ্যের সর্বত্র গুপ্তচর প্রথা প্রবর্তন করেন।

সামরিক সংস্কার

রাজস্ব-সংস্কার শেরশাহের সর্বাপেক্ষা উল্লেখযোগ্য কীর্তি। ভূমি-রাজস্বের সংস্কার সাধন করিয়া তিনি অসামান্য কৃতিত্ব অর্জন করেন। তিনিই সর্বপ্রথম রাজ্যের সমস্ত জমি জরিপ করাইয়া প্রত্যেক প্রজার জমির সীমানা ও রাজস্বের হার নির্দিষ্ট করিয়া দেন। সম্রাট ও প্রজার দায়িত্ব নির্ধারণের জন্য শেরশাহ্ পাট্টা ও কবুলিয়ত প্রথার প্রচলন করেন। প্রজাকে ভূমির স্বত্ব ও দেয় খাজনার পরিমাণ উল্লেখ করিয়া যে রাজকীয় দলিল দেওয়া হইত তাহাকেই বলা হইত পাট্টা। কবুলিয়ত নামক দলিলে প্রজারা সম্রাটকে রাজস্ব আদায় দিতে স্বীকৃতি দিত। আমিন, শিকদার, কানুনগো ও পাটোয়ারী নামক কর্মচারীদের উপর রাজস্ব আদায়ের দায়িত্ব ছিল। রাজস্ব নগদ বা ফসলে দেওয়া যাইত। উৎপন্ন ফসলের ⅓ অংশ কিংবা ¼ অংশ রাজস্বরূপে গৃহীত হইত। ব্যবসা-বাণিজ্যের সুবিধার জন্য তিনি প্রচলিত মুদ্রানীতির সংস্কার সাধন করিয়া 'তংকা' নামে একপ্রকার রৌপ্যমুদ্রার প্রচলন করেন।


রাজস্ব সংস্কার

শেরশাহের আর একটি অবিস্মরণীয় কীর্তি হইল সৈন্য ও প্রজাসাধারণের যাতায়াত ও মালপত্র পরিবহনের জন্য কয়েকটি সুপ্রশস্ত রাজপথ-নির্মাণ। বঙ্গদেশের সোনার গাঁ হইতে সিন্ধুদেশ পর্যন্ত প্রসারিত গ্র্যাণ্ড ট্রাঙ্ক রোড তাঁহার আনুকূল্যেই নির্মিত হয়। পথিক ও বণিকদের সুবিধার জন্য এইসব রাজপথের স্থানে স্থানে কূপ ও সরাইখানা নির্মিত হয়। তাঁহার

অন্যান্য জনহিতকর সংস্কার

আমলে ডাক বিভাগেরও সংস্কার সাধিত হয়। ঘোড়ার পিঠে করিয়া ডাক একস্থান হইতে অন্যস্থানে পাঠাইবার ব্যবস্থা তিনিই করিয়াছিলেন।

**শেরশাহের অবদান ঃ** এক উন্নত শাসনপ্রণালী ও বহু জনহিতকর ব্যবস্থা অবলম্বন করিয়া শেরশাহ্ অসাধারণ প্রশাসনিক প্রতিভার পরিচয় দিয়াছেন। তিনি হিন্দু মুসলমান সকল শ্রেণীর প্রজার শ্রদ্ধা অর্জন করিয়াছিলেন। পরবর্তীকালে সম্রাট আকবর শেরশাহের শাসননীতি বহুলাংশে অনুসরণ করেন। উইলিয়ম আরস্কিনের মতে, "আকবরের পূর্বে শেরশাহের ন্যায় আর কোন শাসকই এমন জনহিতকর কাজ করেন নাই।"* আধুনিককালের ঐতিহাসিক ডঃ কালিকিঙ্কর দত্ত বলিয়াছেন, "ভারতবর্ষে একটি জাতীয় শাসনব্যবস্থা প্রবর্তনের জন্য যেসকল গুণাবলীর প্রয়োজন তাহার সমস্তই তাঁহার মধ্যে বর্তমান ছিল।" ইংরাজ ঐতিহাসিক কীন (Keene) মন্তব্য করিয়াছেন, "কোন শাসক এমনকি ব্রিটিশরা পর্যন্ত এই পাঠানের ন্যায় বুদ্ধিমত্তা প্রদর্শন করিতে পারেন নাই।" (No Government—not even the British has shown so much wisdom as this Pathan.)।



শেরশাহের সমাধি

**মুঘল রাজত্বের পুনঃপ্রতিষ্ঠা ঃ** ১৫৪৫ খ্রীষ্টাব্দে কালিঞ্জর দুর্গ অবরোধের সময় এক বিস্ফোরণের ফলে দগ্ধ হইয়া শেরশাহ্ মৃত্যুমুখে পতিত হন। তাঁহার মৃত্যুর পর তাঁহার উত্তরাধিকারীগণ নিজেদের মধ্যে দলাদলি ও কলহ করিয়া দুর্বল হইয়া পড়েন।

* "He had more of the spirit of a legislator and a Guardain of his people than any prince before Akbar." An Advanced History of India—Mazumder, Roy Choudhuri, Dutta.

এই সুযোগে হুমায়ুন ভারতে প্রবেশ করিয়া দিল্লী ও আগ্রা পুনরায় অধিকার করেন (১৫৫৫ খ্রীঃ)। ভারতে মুঘল রাজত্ব পুনঃ প্রতিষ্ঠিত হইল। কিন্তু হুমায়ুন বেশীদিন রাজত্ব করিতে পারেন নাই। অল্পদিন পরেই গ্রন্থাগারের সিঁড়ি হইতে পতনের ফলে আকস্মিকভাবে তাঁহার মৃত্যু হয় (১৫৫৬ খ্রীঃ)।

**(খ) মুঘল সাম্রাজ্যের বিস্তার—আকবর কর্তৃক সুদৃঢ় ভিত্তি স্থাপন:** শেরশাহের নিকট পরাজিত হইয়া হুমায়ুন যখন পত্নী হামিদাবানুকে সঙ্গে লইয়া পারস্য অভিমুখে যাত্রা করেন, তখন অমরকোট নামক স্থানে ১৫৪২ খ্রীষ্টাব্দে আকবরের জন্ম হয়। ১৫৫৬ খ্রীষ্টাব্দে আকবর সিংহাসনে আরোহণ করেন। তখন তিনি ছিলেন মাত্র তের বৎসরের নাবালক। ১৫৬০ খ্রীষ্টাব্দ পর্যন্ত পিতৃবন্ধু বৈরাম খাঁ ছিলেন আকবরের অভিভাবক। প্রকৃতপক্ষে তিনিই তখন রাজকার্য পরিচালনা করিতে থাকেন। আকবরকে প্রথমেই নানাবিধ সমস্যার সম্মুখীন হইতে হয়। কিন্তু বৈরাম খাঁর সহায়তায় এবং স্বীয় তীক্ষ্ণ বিচার-বুদ্ধি ও সাহসিকতার সাহায্যে আকবর সব সমস্যার সমাধান করেন।

এই সময়ে শেরশাহের উত্তরাধিকারী মহম্মদ আদিলশাহের মন্ত্রী হিমু আগ্রা ও দিল্লী অধিকার করিলে আকবর ও বৈরাম খাঁ তাঁহার বিরুদ্ধে যুদ্ধযাত্রা করেন। ফলে ১৫৫৬ খ্রীষ্টাব্দে পাণিপথের প্রান্তরে মুঘলে আর পাঠানে দ্বিতীয়বার ভাগ্য পরীক্ষা হইল। ইহা পাণিপথের দ্বিতীয় যুদ্ধ নামে খ্যাত। এই যুদ্ধে হিমু পরাজিত ও নিহত হইলেন। ফলে পাঠান শক্তির পুনরুত্থানের আর কোন সম্ভাবনা রহিল না। ভারতে মুঘল সাম্রাজ্য স্থায়ী ভিত্তির উপর প্রতিষ্ঠিত হয়।* সেই কারণে আকবরকে মুঘল সাম্রাজ্যের প্রকৃত প্রতিষ্ঠাতা বলা হয়।




আকবর

**রাজ্যবিস্তার:** পাণিপথের যুদ্ধে জয়লাভের পর আকবর সাম্রাজ্য বিস্তারে মনযোগী হইলেন। ক্রমে গোয়ালিয়র, আজমীর ও যৌনপুর মুঘল অধিকারে আসে। ১৫৬০ খ্রীষ্টাব্দে আকবর বৈরাম খাঁর নিকট হইতে শাসনভার স্বহস্তে গ্রহণ করেন। কিন্তু আরও দুই বৎসর আকবরকে তাঁহার ধাত্রীমাতা মাহম্ অনাগা ও তাঁহার পুত্র আদম খাঁর প্রভাবাধীনে থাকিতে হইল। এই সময়ে মালব মুঘল অধিকারে আসে (১৫৬১ খ্রীঃ)। ১৫৬২ খ্রীষ্টাব্দে আকবর আদম খাঁকে হত্যা করিয়া মাহম্ অনাগার নারীতন্ত্রের (Pettycoat Government)

বৈরাম খাঁ ও মাহম্ অনাগার প্রভাবমুক্ত

* "The second battle of Panipath marked the real beginning of the Mughal Empire in India"—Advanced History of India.

প্রভাব হইতে মুক্ত হন। তারপর সমগ্র ভারতে তিনি মুঘল আধিপত্য




স্থাপনে উদ্যোগী হইলেন। ১৫৬৪ খ্রীষ্টাব্দে তাঁহার সেনাপতি আসফ খাঁ গণ্ডোয়ানা জয় করেন। গণ্ডোয়ানার রাণী দুর্গাবতী অসীম বীরত্বের সহিত যুদ্ধ করিয়া পরাজিত হন এবং বন্দী হইবার আশংকায় আত্মহত্যা করেন।

গণ্ডোয়ানা জয়

এইবার আকবর রাজপুতনার দিকে দৃষ্টি নিক্ষেপ করেন। আকবর ছিলেন সুচতুর রাজনীতিজ্ঞ। দূরদর্শী সম্রাট বুঝিতে পারিয়াছিলেন যে বীর রাজপুতদের

সাহায্য ব্যতীত মুঘল সাম্রাজ্য দীর্ঘস্থায়ী হইতে পারে না। সেইজন্য তিনি রাজপুতদের সহিত মৈত্রী সম্পর্ক স্থাপন করেন। ক্রমে বিকানীর, জয়শলমীর প্রভৃতি রাজপুত নরপতিগণ আকবরের বশ্যতা স্বীকার করেন।

রাজপুত নরপতিগণের বশ্যতা স্বীকার

কিন্তু মেবারের রাণা উদয়সিংহ আকবরের অধীনতা স্বীকার করিতে চাহিলেন না। ফলে আকবর মেবারের রাজধানী চিতোর আক্রমণ করেন। চিতোর মুঘলদের হস্তগত হয়। অতঃপর আকবর রণথম্বোর ও কালিঞ্জর দুর্গ জয় করেন (১৫৬৯ খৃীঃ)।

রণথম্বোর ও কালিঞ্জর অধিকার

উদয়সিংহের মৃত্যুর পর তাঁহার বীরপুত্র রাণাপ্রতাপ চিতোর পুনরুদ্ধার করিবার জন্য দৃঢ়প্রতিজ্ঞ হইলেন। দেশপ্রেমিক, স্বাধীনতাপ্রিয় রাণাপ্রতাপ কিছুতেই মুঘল সম্রাট আকবরের বশ্যতা স্বীকার করিতে চাহিলেন না। মেবারের স্বাধীনতা রক্ষার জন্য তিনি আকবরের বিরুদ্ধে প্রাণপণ সংগ্রাম করিয়াছিলেন। কিন্তু ১৫৭৬ খ্রীষ্টাব্দে হলদিঘাটের যুদ্ধে প্রতাপসিংহ পরাজিত হন। অতঃপর তিনি আরাবল্লীর পার্বত্য অঞ্চলে আশ্রয় গ্রহণ করেন। সেখানে তিনি বনে-জঙ্গলে ভ্রমণ করিয়াছেন, তৃণশয্যায় শয়ন করিয়াছেন আর ঘাসের রুটি আহার করিয়া দিন কাটাইয়াছেন। হলদিঘাটের যুদ্ধের পরেও প্রায় বিশ বৎসর ধরিয়া এই রাজপুত বীর এইভাবে দেশরক্ষার জন্য চেষ্টা করিয়া গিয়াছেন। মৃত্যুর পূর্বে তিনি মেবারের বহুস্থান পুনরুদ্ধার করিতে সমর্থ হইয়াছিলেন, কিন্তু মেবারের রাজধানী চিতোর উদ্ধার করা তাঁহার পক্ষে সম্ভব হয় নাই। ১৫৯৭ খ্রীষ্টাব্দে রাণাপ্রতাপের মৃত্যু হয়, কিন্তু তাঁহার গভীর দেশপ্রেম ও স্বাধীনতা-স্পৃহার জন্য তিনি আজও ইতিহাসে অমর হইয়া আছেন।

রাণাপ্রতাপ সিংহ ও হলদিঘাটের যুদ্ধ



রাণাপ্রতাপ সিংহ

রাণাপ্রতাপের জন্য আকবরের রাজ্যবিস্তার বাধাপ্রাপ্ত হইলেও তিনি পশ্চিমে গুজরাট হইতে পূর্বে বঙ্গদেশ পর্যন্ত বিস্তৃত ভূভাগ জয় করেন। বঙ্গ-বিজয়ের কয়েক বৎসর পরে আকবর উড়িষ্যাও জয় করিয়াছিলেন। ক্রমে কাবুল, কান্দাহার, কাশ্মীর, বেলুচিস্তান ও সিন্ধুদেশ তাঁহার রাজ্যের অন্তর্ভুক্ত হয়।

গুজরাট, বঙ্গদেশ ও উড়িষ্যা বিজয়

কাবুল, কান্দাহার, কাশ্মীর প্রভৃতি জয়

উত্তর ভারত বিজয় সমাপ্ত করিয়া আকবর দক্ষিণ ভারতেও রাজ্যবিস্তার করিতে চেষ্টা করেন। খান্দেশ আকবরের বশ্যতা স্বীকার করিলে আকবর সেখানকার বিখ্যাত অসীরগড় দুর্গ অধিকার করেন। আহম্মদ নগরের চাঁদ সুলতানা স্বদেশের স্বাধীনতা রক্ষার জন্য অসীম বীরত্বের সংগে যুদ্ধ করিয়াও আকবরের নিকট পরাজিত হন। ফলে বেরার ও আহম্মদনগর মুঘল সাম্রাজ্যভুক্ত হয়। এইভাবে আকবর এক বিশাল সাম্রাজ্য গড়িয়া তুলিয়াছিলেন।

অসীরগড় দুর্গ অধিকার

বেরার ও আহম্মদ নগর জয়

**আকবর-অনুসৃত রাজপুত ও হিন্দুনীতি ঃ** আকবর যে শুধুমাত্র শক্তিশালী বিজেতা ছিলেন তাহা নহে, সুদক্ষ শাসক হিসাবেও তিনি অসাধারণ কৃতিত্বের পরিচয় দিয়াছিলেন। একদিকে যেমন তিনি রণনৈপুণ্যের ফলে এক বিশাল সাম্রাজ্য গড়িয়া তোলেন, আবার অন্যদিকে তেমনি তাঁহার বিচক্ষণ বুদ্ধি ও রাজনীতি কুশলতার দ্বারা তিনি সেই বিশাল সাম্রাজ্যের সুশাসনের ব্যবস্থাও করেন।

আকবরের রাজত্বকালে রাজপুতনায় যে-সব রাজপুত রাজ্য অবস্থিত ছিল তাহাদের পরাজিত করিতে পারিলেও বশীভূত করা সম্ভব ছিল না। তাই আকবর যুদ্ধ বিগ্রহের পরিবর্তে রাজপুতদের সহিত মৈত্রী স্থাপনের নীতি গ্রহণ করেন। তিনি অনেক রাজপুত পরিবারের সহিত বৈবাহিক সম্পর্ক স্থাপন করেন, বহু রাজপুতকে গুরুত্বপূর্ণ পদে নিয়োগ করেন। আকবর স্বয়ং বিহারীমলের কন্যা যোধাবাঈকে বিবাহ করেন (১৫৬২ খৃীঃ)। শাহজাদা সেলিমের সহিত বিহারীমলের পুত্র ভগবানদাসের কন্যা মানবাঈ-এর বিবাহ হয়। ভগবানদাসের পালিতপুত্র মানসিংহ আকবরের বিশ্বস্ত সেনাপতি ছিলেন। আকবরের সেনাপতি হিসাবে মানসিংহের অবদান অবিস্মরণীয়। টোডরমল আকবরের রাজস্ব সচিব ছিলেন। এই উদার বন্ধুত্বপূর্ণ নীতি অনুসরণ করায় রাজপুতনায় অবস্থিত মারোয়ার, বিকানীর, জয়শলমীর, বুন্দি, কোটা প্রভৃতি রাজ্য স্বেচ্ছায় তাঁহার আনুগত্য স্বীকার করে।

রাজপুত নীতি

হিন্দু প্রজাদের মনস্তুষ্টির জন্য আকবর জিজিয়া কর ও তীর্থকর রহিত করিয়া দেন। আকবর কোনদিনই নূতন হিন্দু মন্দির নির্মাণে বাধা দেন নাই বা প্রাচীন হিন্দু মন্দিরও ধ্বংস করেন নাই। সত্য কথা বলিতে কি, মুঘল আমলে ভারতের যে অভুতপূর্ব সমৃদ্ধি ঘটে তাঁহার মূলে ছিল আকবর-অনুসৃত ধর্মান্ধতা বর্জিত উদার রাষ্ট্রনীতি, যাহার অপর নাম হিন্দুপ্রীতি।

হিন্দুনীতি

**নূতন শাসন ব্যবস্থার প্রবর্তন ঃ** আকবর ছিলেন প্রজাহিতৈষী-স্বেচ্ছাচারী (benevolent despot) সম্রাট। প্রজার কল্যাণ সাধনই ছিল তাঁহার প্রধান লক্ষ্য। দূরদর্শী আকবর বুঝিতে পারিয়াছিলেন যে সাম্রাজ্যের ভিত্তি সুদৃঢ় করার জন্য প্রয়োজন শাসক ও শাসিতের মধ্যে সদ্ভাব ও প্রীতির সম্বন্ধ। তাই তিনি হিন্দু ও

মুসলমানকে সংঘবদ্ধ করিয়া মধ্যযুগে ভারতে সর্বপ্রথম ধর্মনিরপেক্ষ ও একতাবদ্ধ রাষ্ট্র সৃষ্টির চেষ্টা করিয়াছিলেন। কেন্দ্রীয় মন্ত্রণা-সভার সাহায্যে আকবর সাম্রাজ্যের শাসনকার্য পরিচালনা করিতেন। পার্সিভ্যাল স্পিয়ারের মতে সাম্রাজ্যের শাসন-ব্যবস্থার উপর তাঁহার পূর্ণ নিয়ন্ত্রণ ছিল। তিনি একাধারে সম্রাট, সেনাপতি ও বিচারক ছিলেন। তিনি সুলতানী যুগের শাসন-ব্যবস্থার অনেক পরিবর্তন ঘটাইয়া এক নূতন শাসন-ব্যবস্থা প্রবর্তন করেন। এই শাসন-ব্যবস্থা ভারতীয় ও বহির্ভারতীয় প্রথার সংমিশ্রণে গঠিত। স্যার যদুনাথ সরকার ইঁহাকে "ভারতীয় কাঠামোতে পারস্য ও আরবীয় প্রথার মিশ্রণ" ("The perso-Arabic system in an Indian setting") বলিয়া মন্তব্য করিয়াছেন।

শাসন নীতি

আকবরের শাসন-ব্যবস্থার একটি উল্লেখযোগ্য সংস্কার হইল 'জায়গীরদারী' প্রথার উচ্ছেদ সাধন এবং 'মনসবদারী' প্রথার প্রবর্তন। আকবরের পূর্বে সৈন্যাধ্যক্ষ ও উচ্চপদস্থ রাজকর্মচারিগণকে বেতনের পরিবর্তে জায়গীর দেওয়া হইত। এই প্রথার দোষ ছিল যে, ইহাতে রাজকোষে বিশেষ অর্থাগম হইত না। বরং জায়গীর-দারগণ ঐশ্বর্যবান হইয়া অনেক সময় স্বাধীনতা লাভের চেষ্টা করিতেন। এইজন্য তিনি এই প্রথা রহিত করিয়া 'মনসবদারী' প্রথার প্রবর্তন করেন। 'মনসব' কথাটির অর্থ হইল পদমর্যাদা। দশ হইতে আরম্ভ করিয়া দশ হাজার পর্যন্ত অশ্বারোহী এবং পদাতিক সৈন্য লইয়া 'মনসব' পদ গঠিত হইত। অশ্বগুলিকে রাজকীয় মোহরাঙ্কিত করা হইত। সৈন্যদের নাম 'দপ্তর পরিচয়ে' লিখিত থাকিত। প্রতি দলপতির উপাধি ছিল 'মনসবদারী'। মনসবদারগণ তেত্রিশটি শ্রেণীতে বিভক্ত ছিলেন। পদের তারতম্য অনুসারে তাঁহাদিগকে বেতন দেওয়া হইত। দুই প্রকারে মনসবদারদের বেতন দেওয়া হইত—জায়গীর ও নগদ বেতন। মনসবদারদের যে জায়গীর দেওয়া হইত তাহা হইতেই উহারা বেতন পাইতেন। আবার রাজকোষ হইতে নগদেও বেতন দেওয়া হইত। যুদ্ধের সময় রাজকীয় বাহিনীর সহিত সসৈন্যে যোগদান করা তাঁহাদের প্রধান কর্তব্য ছিল। এমন কি বেসরকারী কর্তব্য পালনেও তাঁহারা বাধ্য থাকিতেন। জায়গীরদারীর মত মনসবদারী উত্তরাধিকার সূত্রে প্রদত্ত হইত না।

জায়গীরদারী প্রথার উচ্ছেদ সাধন ও মনসবদারী প্রথার প্রবর্তন

আকবরের শাসন-ব্যবস্থার সর্বাপেক্ষা উল্লেখযোগ্য ঘটনা হইল রাজস্ব-সংস্কার। এই ব্যাপারে আকবরের প্রধান সহায়ক ছিলেন তাঁহার রাজস্ব-মন্ত্রী টোডরমল। রাজস্ব-সংস্কারে তিনি শেরশাহের দৃষ্টান্ত অনুসরণ করিয়াছিলেন। রাজস্ব নির্ধারণের সুবিধার জন্য প্রথমে সাম্রাজ্যের সমস্ত জমি জরিপ করান হইল। এইবার উর্বরতা অনুসারে কৃষি-জমি পোলজ, বনজর, চাচর এবং পরোতি এই চারি শ্রেণীতে বিভক্ত করা হইল। জমির

রাজস্ব সংস্কার

বিভিন্নতা অনুযায়ী করের পরিমাণ নির্ধারিত হইত। উৎপন্ন ফসলের ⅓ অংশ রাজকররূপে গৃহীত হইত। রাজকর নগদ মূল্যেও দেওয়া যাইত। আমলাগুজার, পাটোয়ারী, কানুনগো, পোদ্দার প্রভৃতি বহু শ্রেণীর কর্মচারী রাজস্ব-বিভাগের কাজে নিযুক্ত ছিলেন।

প্রকৃতপক্ষে রাজস্ব আদায়ের সুবিধার জন্যই আকবর সমগ্র দেশকে কয়েকটি সুবায় (প্রথমে বারটি, পরে পনেরটি) বা প্রদেশে বিভক্ত করেন। সুবার শাসনকর্তাকে বলা হইত 'সিপাহ-শালার' বা 'সুবাদার'। প্রত্যেকটি সুবা আবার কয়েকটি 'সরকার' বা জেলায় বিভক্ত ছিল। সরকারের শাসনকর্তার উপাধি ছিল ফৌজদার। সরকারগুলি আবার পরগণায় বিভক্ত ছিল। গ্রামের আমলাগুজার হইতে আরম্ভ করিয়া পাটোয়ারী, কানুনগো, পোদ্দার প্রভৃতি বহু কর্মচারী রাজস্ব বিভাগের সঙ্গে যুক্ত ছিলেন।

সুবা, সরকার ও পরগণা

### আকবরের ব্যক্তিগত গুণাবলী (সাংস্কৃতিক জীবন—দীন-ই-ইলাহী—দরবার কক্ষ—সৌধ নির্মাণ)

**সাংস্কৃতিক জীবন :** কেবল যুদ্ধে জয় আর দেশ শাসন ছাড়াও ব্যক্তিগত জীবনে আকবর ছিলেন বহুগুণের অধিকারী। সংস্কৃতির প্রতি রুচিবোধ তাঁর চরিত্রের একটি প্রধান বৈশিষ্ট্য। তাঁহার শিল্পজ্ঞান ছিল অতি নিপুণ। চিত্রাঙ্কন ছিল তাঁহার ব্যসন। কবিতা আবৃত্তি তাঁহাকে আনন্দ দিত। সঙ্গীত ছিল তাঁহার অবসর বিনোদনের উৎস। সংগীত-রসিক আকবর নিজে বাদ্যযন্ত্রও আবিষ্কার করিয়াছিলেন। বীণার তারে তিনি অপূর্ব ঝঙ্কার তুলিতেন। সুরশিল্পী তানসেন, ভক্তকবি সুরদাস, সাধক তুলসীদাস, ললিতকণ্ঠ বৈজু বাওরা প্রমুখ তাঁহার পরম বান্ধব ছিলেন। কাব্য এবং সাহিত্যের প্রতিও তাঁহার অনুরাগ ছিল যথেষ্ট। বিভিন্ন ধর্মগ্রন্থের অনুবাদ এবং আলোচনাতেও তিনি আনন্দ পাইতেন।

**দীন-ই-ইলাহী :** ধর্মালোচনার জন্য আকবর ফতেপুর সিক্রীতে ইবাদৎখানা বা উপাসনাগৃহ নির্মাণ করেন। সেখানে মুসলিম উলেমাগণ এবং হিন্দু, জৈন, পারসিক, খ্রীষ্টান, বৌদ্ধ, অগ্নি-উপাসক, ইহুদী প্রভৃতি বিভিন্ন সম্প্রদায়ভুক্ত পণ্ডিত ও সাধুগণ সমবেত হইয়া ধর্মালোচনা করিতেন। আকবরের নির্দেশে ইবাদৎখানার প্রচ্ছদপটে বিভিন্ন ধর্মগ্রন্থের সারকথা ফার্সী ভাষায় অনূদিত হইয়াছিল। ইহাতে ধর্ম ও সংস্কৃতির সমন্বয় সহজ হইয়াছিল।

আকবর ছিলেন যুক্তিবাদী মানুষ। অন্ধ বিশ্বাসে তিনি কোনদিনই বিভ্রান্ত হন নাই। তিনি মনোযোগ সহকারে এইসব ধর্মালোচনা শুনিতেন এবং প্রতি-ধর্মের সারকথার উপর গুরুত্ব আরোপ করিতেন। এইভাবে তাঁহার চিন্তাধারার মধ্যে সকল ধর্মের সংমিশ্রণ ঘটে। আকবর-প্রবর্তিত নূতন ধর্মমতই 'দীন-ই-ইলাহী' নামে পরিচিত।

মানুষের হৃদয়ে সৎপ্রবৃত্তির উন্মেষ ঘটান যদিও ইহার উদ্দেশ্য, তথাপি এইকথা

স্বীকার করিতেই হইবে যে ইহার পশ্চাতে আসল লক্ষ্য ছিল রাজনৈতিক ঐক্য স্থাপন এবং সাম্প্রদায়িকতা দূরীকরণ। ডঃ স্মিথ আকবরের এই ধর্মমতকে চরম 'মূর্খতার পরিচায়ক" রূপে মন্তব্য করিলেও পার্সিভ্যাল স্পিয়ার প্রমুখ ঐতিহাসিকগণ মনে করেন যে, একমাত্র রাজনৈতিক স্বার্থ পূরণের জন্যই আকবর এই ধর্মমত প্রচার করিয়াছিলেন। কেননা দীন-ই-ইলাহীর মূল কথাই ছিল সম্রাটের প্রতি আনুগত্য প্রকাশ। তবে সম্ভ্রান্ত মুসলমানগণের মধ্যে মাত্র আঠার জন এবং হিন্দুদের মধ্যে একমাত্র বীরবল (মহেশ দাস) এই ধর্মমত গ্রহণ করিয়াছিলেন। আকবরের মৃত্যুর পর এই ধর্মমত বিলুপ্ত হইয়া যায়। তাঁহার প্র-পৌত্র দারা শিকো এবং প্র-পৌত্রী জাহানারাই দীন ই-ইলাহী ধর্মমতের সর্বশেষ পৃষ্ঠপোষক ছিলেন।

**আকবরের দরবার কক্ষ ঃ** আকবর ছিলেন প্রকৃত গুণগ্রাহী ব্যক্তি। তাঁহার দরবার কক্ষে নবরত্নের সমাবেশ ঘটিয়াছিল। আকবরের নবরত্ন সভার এই নয় জন রত্ন হইলেন— (১) ঐতিহাসিক আবুল ফজল, (২) তাঁহার ভ্রাতা কবি ফৈজী, (৩) রাজস্ব মন্ত্রী টোডরমল, (৪) প্রিয় সখা ও রসিকশ্রেষ্ঠ বীরবল, (৫) অপর বিদূষক মোল্লা দো পিঁয়াজা, (৬) চিকিৎসক ও রাজসভার রীতি-নীতির নিয়ামক পারস্যদেশীয় হাকিম হুমায়ুন, (৭ শ্বশুর ও প্রধান পরামর্শ-দাতা বিহারীমল, (৮) সেনাপতি মানসিংহ এবং (৯) বহুভাষাবিদ ও ভক্তকবি সুফী আবদুর রহিম আবুল ফজল প্রণীত 'আইন-ই-আকবরী' নামে ইতিহাস গ্রন্থ ও 'আকবর-নামা' নামে আকবরের জীবনীগ্রন্থ মুঘল যুগের ইতিহাসের এক অমূল্য উপাদান। ফৈজী 'ভগবদ্‌গীতা' ও 'নল-দময়ন্তী' কাব্য ফার্সী ভাষায় অনুবাদ করিয়া খ্যাতিলাভ করেন। বীরবল ও মোল্লা দো পিঁয়াজা যখন রাজসভায় কবিতার মাধ্যমে উত্তর-প্রত্যুত্তর দিতেন, তখন সমস্ত সভাগৃহ কলহাস্যে মুখরিত হইয়া উঠিত। নিরক্ষর হইলেও আকবর এইসকল গুণী ব্যক্তিদের কথা শুনিয়া জ্ঞান আহরণ করিতেন। বস্তুতঃ আকবরের দরবারকক্ষ ছিল ফার্সী ভাষা, সাহিত্য ও সংস্কৃতির পীঠস্থান। বহু ফার্সী কবি, চিত্রকর ও সেনানায়ক তাঁহার দরবারে সমাদৃত হইয়াছিলেন। আকবরের আমলে পারস্য ও ভারতবর্ষের মধ্যে এক সমন্বয়ী সাংস্কৃতিক মিলন হইয়াছিল। তাঁহার রাজ-সভায় পারস্যদেশীয় উৎসব 'নওরোজ' পালিত হইত।

নবরত্ন

**সৌধ নির্মাণ ঃ** শুধু সংস্কৃতির ক্ষেত্রেই নহে, স্থাপত্য শিল্পেও আকবর হিন্দু ও পারসিক রীতির সমন্বয় ঘটাইয়াছিলেন। ফতেপুর সিক্রির সৌধগুলি আকবরের এই শিল্পরীতির সাক্ষ্য-বহন করিতেছে। ডঃ স্মিথ বলিয়াছেন, "ফতেপুর সিক্রি যেন প্রস্তরে নির্মিত কাব্য।" এখানকার 'বুলন্দ-দরওয়াজা', সেলিম চিস্তির 'সমাধি-সৌধ' ইত্যাদি তাঁহার সৌধ-নির্মাণ পরিকল্পনার উৎকৃষ্ট উদাহরণ। নগর পরিকল্পনায়, প্রাসাদ নির্মাণে, খাল খননে, উদ্যান রচনায় আকবর স্বয়ং বাস্তুকারকে নির্দেশ ও পরামর্শ দিতেন।

## (গ) জাহাঙ্গীর ও শাহ্‌জাহান

**জাহাঙ্গীর (১৬০৫—১৬২৭ খ্রীঃ):** আকবরের মৃত্যুর (১৬০৫ খ্রীঃ) পর তাঁহার জ্যেষ্ঠ পুত্র সেলিম জাহাঙ্গীর নাম ধারণ করিয়া দিল্লীর সিংহাসনে আরোহণ করেন। ১৬১১ খ্রীষ্টাব্দে তিনি মির্জাগিয়াস বেগ নামে এক ইরাণীর পরমাসুন্দরী কন্যা মেহেরুন্নিসাকে বিবাহ করেন। বিবাহের পর মেহেরুন্নিসা নূরজাহান নামে পরিচিতা হন। নূরজাহান শব্দের অর্থ হইল 'জগতের আলো'। অসামান্য সৌন্দর্য, বুদ্ধি ও ব্যক্তিত্বের ফলে নূরজাহান শীঘ্রই স্বামীর উপর আধিপত্য স্থাপন করেন এবং শাসনকার্যে অপরিসীম ক্ষমতা বিস্তার করেন। প্রকৃতপক্ষে নূরজাহানই জাহাঙ্গীরের নামে রাজ্য পরিচালনা করিতেন।

নূরজাহানের কর্তৃত্ব

**রাজ্য বিস্তার:** পিতার ন্যায় জাহাঙ্গীরও রাজ্য বিস্তারের নীতি অনুসরণ করিয়াছিলেন। আকবরের রাজত্বকালে বঙ্গদেশ মুঘল সাম্রাজ্যভুক্ত হইলেও সেখানকার বিভিন্ন জমিদারগণ (ভুইঞা) মুঘল আধিপত্য অস্বীকার করিয়াছিলেন। জাহাঙ্গীরের আমলে বাংলার সুবাদার ইসলাম খাঁ বাংলায় মুঘল আধিপত্য সুপ্রতিষ্ঠিত করেন। জাহাঙ্গীরের আমলেই মেবারের রানা অমরসিংহ মুঘলের বশ্যতা স্বীকার করিতে বাধ্য হন। জাহাঙ্গীর আহম্মদ নগরের বিরুদ্ধে যুদ্ধে প্রবৃত্ত হইয়া কয়েকটি দুর্গও অধিকার করেন। কিন্তু তাঁহার সময়ে পারস্য-সম্রাট মুঘলদের হাত হইতে কান্দাহার অধিকার করেন।



জাহাঙ্গীর

**ইংরাজ বণিকদের প্রতি জাহাঙ্গীরের নীতি:** জাহাঙ্গীরের রাজত্বকালে ইউরোপের সহিত ভারতের বাণিজ্যিক যোগাযোগ বৃদ্ধি পায়। ১৬০৮ খ্রীষ্টাব্দে ইংরাজ বণিক উইলিয়ম হকিন্স ইংলণ্ডরাজ প্রথম জেমস্-এর সুপারিশ সহ সম্রাট জাহাঙ্গীরের দরবারে আগমন করেন। তাঁহার উদ্দেশ্য ছিল ভারতে ইংরাজ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর পক্ষে বাণিজ্যিক সুবিধা আদায়। কিন্তু তাঁহার দৌত্য সফল হয় নাই। ইহার পর ১৬১৫ খ্রীষ্টাব্দে স্যার টমাস রো ইংলণ্ডরাজ প্রথম জেমস-এর দূতরূপে জাহাঙ্গীরের রাজসভায় আসেন। তাঁহার দৌত্য সফল হইল। ইংরাজগণ জাহাঙ্গীরের নিকট হইতে এক সনদ লাভ করিল। এই সনদের বলেই ইংরাজ বণিকগণ ভারতবর্ষে বিনা শুল্কে বাণিজ্য করিবার সুযোগ পায়। ঐতিহাসিক ডঃ ঈশ্বরী প্রসাদের মতে জাহাঙ্গীরের এই উদার নীতির ফলেই ইংরাজগণ অর্থনৈতিক শক্তিতে বলীয়ান হইয়া ভারতে ব্রিটিশ সাম্রাজ্য স্থাপন করিতে সমর্থ হইয়াছিল।

হকিন্স

স্যার টমাস রো

**শেষ জীবন ঃ** জাহাঙ্গীরের শেষ জীবন শান্তিপূর্ণভাবে কাটে নাই। তাঁহার রাজত্বের শেষভাগে তাঁহার পুত্র শাহ্‌জাহান (খুরম্‌) এবং সেনাপতি মহাবৎ খাঁ বিদ্রোহ করিয়াছিলেন। ১৬১৭ খ্রীষ্টাব্দে জাহাঙ্গীরের মৃত্যু হয়।

**জাহাঙ্গীরের চরিত্র ও শিল্পানুরাগ ঃ** জাহাঙ্গীরের চরিত্রে বহু পরস্পর-বিরোধী গুণের সমাবেশ দেখা যায়। একদিকে যেমন তিনি ছিলেন অমায়িক ও স্নেহশীল আবার অন্যদিকে তিনি ছিলেন অত্যন্ত নিষ্ঠুর। তবে তিনি ন্যায় বিচারের পক্ষপাতী ছিলেন। রাজ্যের দীনতম প্রজাও সম্রাটের নিকট নিজের অভিযোগ জ্ঞাপন করিতে পারিত।

শিল্প, সাহিত্য ও চিত্রাঙ্কনে তাঁহার প্রবল অনুরাগ ছিল। জাহাঙ্গীর ছিলেন চিত্র রসিক। প্রাকৃতিক ও নৈসর্গিক চিত্র তাঁহাকে বেশী মুগ্ধ করিত। জাহাঙ্গীরের আমলে সেকেন্দ্রায় আকবরের সমাধি সৌধ তাঁহার শিল্পানুরাগের একটি উৎকৃষ্ট নিদর্শন। তাঁহার আত্মজীবনী 'তুজুক-ই জাহাঙ্গীরী' হইতে তাঁহার সাহিত্যানুরাগেরও পরিচয় পাওয়া যায়। ধর্ম সম্বন্ধে তিনি আকবরের ন্যায় উদার না হইলেও, তাঁহার মধ্যে কোন গোঁড়ামী ছিল না।

**শাহ্‌জাহান ঃ (১৬২৮—১৬৫৮ খ্রীঃ) ঃ** জাহাঙ্গীরের মৃত্যুকালে তাঁহার তৃতীয় পুত্র শাহ্‌জাহান দাক্ষিণাত্যে ছিলেন। এই সুযোগে নূরজাহান জাহাঙ্গীরের কনিষ্ঠ পুত্র শাহ্‌রিয়ারকে সিংহাসনে বসাইবার চক্রান্ত করিলেন। কারণ নূরজাহান শাহ্‌জাহানকে ঈর্ষা করিতেন। কিন্তু নূরজাহানের ভ্রাতা আসফ খাঁ ছিলেন শাহ্‌জাহানের শ্বশুর। তিনি শাহ্‌রিয়ারকে বন্দী করিলে শাহ্‌জাহান দিল্লীতে আসিয়া ১৬২৮ খ্রীষ্টাব্দে সিংহাসনে আরোহণ করেন।

সিংহাসনে আরোহণ




শাহ্‌জাহান

**রাজ্য বিস্তার ঃ** সিংহাসনে আরোহণ করিয়াই শাহ্‌জাহান বুন্দেলখণ্ড ও দাক্ষিণাত্যের বিদ্রোহ দমন করেন। এইবার শাহ্‌জাহান সাম্রাজ্য বিস্তারে মনোযোগী হইলেন। ১৬৩৩ খ্রীষ্টাব্দে তিনি আহম্মদ-নগর অধিকার করেন। বিজাপুর ও গোলকুণ্ডার সুলতানগণ তাঁহার বশ্যতা স্বীকার করিতে বাধ্য হইয়াছিলেন। ইহার কিছুকাল পরে শাহ্‌জাহান তাঁহার তৃতীয় পুত্র ঔরংজেবকে দাক্ষিণাত্যের সুবাদার নিযুক্ত করেন। শাহ্‌জাহান কান্দাহার ও মধ্য এশিয়ায় তাঁহার পূর্ব পুরুষদের রাজধানী সমরখন্দ পুনরুদ্ধারের চেষ্টা করিয়াছিলেন। কিন্তু তাঁহার এই চেষ্টা ব্যর্থ হইয়াছিল।

**ইউরোপীয় বণিকদের আগমন ঃ** শাহ্‌জাহানের আমলে ফরাসী বণিক টে-ভার্ণিয়ে মুঘল দরবারে আগমন করেন। এই সময় ভারত ও ইউরোপের মধ্যে বাণিজ্য সম্পর্ক বৃদ্ধি পায়। সম্রাট আকবরের এক সনদের বলে পর্তুগীজ বণিকগণ বঙ্গদেশের হুগলীতে উপনিবেশ স্থাপন করিয়াছিল। ক্রমে পর্তুগীজ বণিকগণ স্থানীয় অধিবাসীদের উপর অত্যাচার শুরু করে। হুগলীতে পর্তুগীজদের অত্যাচার বন্ধ করিবার জন্য শাহ্‌জাহান ১৬৩২ খ্রীষ্টাব্দে বাংলার সুবাদার কাশিম আলি খাঁকে সেখানে প্রেরণ করিয়াছিলেন এবং তাহাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা অবলম্বন করিয়াছিলেন। ইহার ফলে বঙ্গদেশে পর্তুগীজদের ব্যবসা-বাণিজ্য বন্ধ হইয়া যায়।

**শাহ্‌জাহানের শিল্পানুরাগ ঃ** যুদ্ধবিগ্রহ অপেক্ষা শাহ্‌জাহানের রাজত্বকালে শিল্পোন্নতি ও জাঁকজমকের জন্য প্রসিদ্ধ ছিল। ঐতিহাসিকদের মতে তাঁহার রাজত্বকালে মুঘল সাম্রাজ্যের চরম উন্নতি ঘটিয়াছিল।



দেওয়ান-ই-খাস


শাহ্‌জাহান মুঘল সম্রাটগণের মধ্যে সর্বাপেক্ষা বিলাসী ও আড়ম্বর প্রিয় ছিলেন। জগদ্বিখ্যাত কোহিনুর হীরক তাঁহার মুকুটে শোভা পাইত। বহু মণিমুক্তাখচিত ময়ূর সিংহাসনে তিনি উপবেশন করিতেন। এই সিংহাসনটি প্রস্তুত করিতে এক কোটি টাকা ব্যয় হইয়াছিল। বেবাদেল খাঁ নামক এক শিল্পী এই সিংহাসনটি নির্মাণ করেন। পারস্য সম্রাট নাদিরশাহ ১৭৩৯ খ্রীষ্টাব্দে এই বহুমূল্য সিংহাসনটি নিজের দেশে লইয়া গিয়াছেন।

ময়ূর সিংহাসন

শাহ্‌জাহানের রাজত্বকাল স্থাপত্যশিল্পের উন্নতির জন্য প্রসিদ্ধি লাভ করিয়াছে। তিনি আগ্রা দুর্গের অভ্যন্তরে অনেক সৌধ নির্মাণ করিয়াছিলেন। 'দেওয়ান-ই-আম' ও 'দেওয়ান-ই-খাস' নামে দুইটি অপূর্ব সৌধও তাঁহারই আমলে নির্মিত হইয়াছিল। কিন্তু শাহ্‌জাহানের শ্রেষ্ঠ নিদর্শন আগ্রার তাজমহল। প্রিয়তমা পত্নী মমতাজের স্মৃতি রক্ষার জন্য তিনি এই শ্বেত মর্মরের সমাধি সৌধটি নির্মাণ করাইয়া এক অক্ষয়কীর্তি স্থাপন করিয়াছেন। ২২ বৎসরের পরিশ্রমে ও প্রায় তিন কোটি টাকা ব্যয়ে ওস্তাদ ঈশার নেতৃত্বে এই সৌধটি নির্মিত হইয়াছিল।

দেওয়ান-ই আম, দেওয়ান-ই খাস

তাজমহল



তাজমহল

তাঁহার পৃষ্ঠপোষকতায় চিত্রশিল্প ও সাহিত্যেরও যথেষ্ট উন্নতি ঘটিয়াছিল। বস্তুতঃ শাহ্‌জাহানের রাজত্বকালকে মুঘল শাসনের 'সুবর্ণ-যুগ' বলা হয়।

**শেষ জীবন:** শাহ্‌জাহানের শেষ জীবন শান্তিতে কাটে নাই। তাঁহার জীবদ্দশাতেই তাঁহার পুত্রদের মধ্যে সিংহাসন লইয়া বিবাদ ও সংঘর্ষ আরম্ভ হয়। জ্যেষ্ঠ পুত্র দারা ছিলেন বিদ্বান ও গুণবান। তিনি সম্রাটের সর্বাধিক প্রিয় ছিলেন। দ্বিতীয় পুত্র সুজা ছিলেন অলস ও আরামপ্রিয়। তিনি বাংলা ও উড়িষ্যার সুবাদার ছিলেন। তৃতীয় পুত্র ঔরংজেব ছিলেন সুচতুর ও কুটকৌশলী। কনিষ্ঠ পুত্র মুরাদ ছিলেন মদ্যপায়ী ও নির্বোধ। তিনি গুজরাটের শাসনকর্তা ছিলেন। শাহ্‌জাহানের অসুস্থতার সংবাদ পাইয়া তাঁহার পুত্রগণ দিল্লী অভিমুখে যাত্রা করিলেন। পরিশেষে ঔরংজেব বৃদ্ধ পিতাকে বন্দী করিয়া এবং ভ্রাতাদের হত্যা

করিয়া সিংহাসন অধিকার করেন। বন্দী অবস্থায় অশেষ দুঃখ ও নির্যাতন ভোগ করিয়া বৃদ্ধ শাহ্‌জাহান ১৬৬৬ খ্রীষ্টাব্দে মৃত্যুমুখে পতিত হন।

(ঘ) **ঔরংজেব** (১৬৫৮—১৭০৭ খ্রীঃ)ঃ ঔরংজেব ১৬৫৮ খ্রীষ্টাব্দে 'মহিউদ্দিন মুহম্মদ ঔরংজেব আলমগীর' বা বিশ্ববিজয়ী উপাধি ধারণ করিয়া দিল্লীর সিংহাসনে আরোহণ করেন। তিনি ছিলেন শাহ্‌জাহানের তৃতীয় পুত্র। পিতা শাহ্‌জাহান তাঁহার রাজত্বের শেষদিকে ঔরংজেবকে দাক্ষিণাত্যের সুবাদার নিযুক্ত করিয়াছিলেন।



ঔরংজেব

**সিংহাসনের জন্য ভ্রাতৃদ্বন্দ্বঃ** ১৬৫৭ খ্রীষ্টাব্দের শেষ ভাগে, শাহ্‌জাহান গুরুতর পীড়ায় আক্রান্ত হইয়া শয্যাশায়ী হন। তখন তাঁহার চারি পুত্র দারা, সুজা, ঔরংজেব ও মুরাদের মধ্যে সিংহাসন লাভের জন্য বিরোধ ও প্রতিদ্বন্দ্বিতা আরম্ভ হয়। মুসলমানদের মধ্যে উত্তরাধিকারের

সিংহাসন লাভ

কোন বিধি ছিল না। এই কারণেই শাহ্‌জাহানের চারি পুত্রের মধ্যে সিংহাসন লাভের জন্য দারুণ ব্যগ্রতা দেখা দিল। জ্যেষ্ঠ পুত্র দারা সম্রাটের সর্বাপেক্ষা প্রিয় ছিলেন। তিনি আগ্রায় পিতার নিকটেই অবস্থান করিতে ছিলেন। দ্বিতীয় পুত্র সুজা বঙ্গদেশের শাসনকর্তা ছিলেন। তৃতীয় পুত্র ঔরংজেব এবং কনিষ্ঠ পুত্র মুরাদ যথাক্রমে দাক্ষিণাত্য ও গুজরাটের শাসনকর্তা ছিলেন।


দারা সম্রাটের অসুস্থতার সংবাদ প্রচার করিলে অন্যান্য ভ্রাতারা আগ্রার দিকে রওনা হইলেন। সুজা রাজমহলের নিকট নিজেকে সম্রাট বলিয়া ঘোষণা করিলেন। ঔরংজেব দৌলতাবাদ হইতে মালবে আসিলেন। মুরাদ আসিয়া ঔরংজেবের সহিত মিলিত হইলেন। দারার পুত্র সুলেমান শুকোর নিকট বাধা পাইয়া সুজা বঙ্গদেশে ফিরিয়া যান। এদিকে ঔরংজেব ও মুরাদের সম্মিলিত বাহিনী অতি দ্রুত আগ্রার নিকটে সামুগড়ে উপস্থিত হন। দারা এবং তাঁহার সেনাপতি রামসিংহ ও তাঁহার রাজপুত সৈন্যরা ঔরংজেবকে বাধা দেন। কিন্তু যুদ্ধে তাঁহারা পরাজিত হইলেন। ঔরংজেব ও মুরাদ আগ্রা অবরোধ করিলেন। ১৬৫৮ খ্রীষ্টাব্দে আগ্রার দুর্গে প্রবেশ করিয়া তিনি পিতা শাহ্‌জাহানকে বন্দী করেন। আগ্রা অধিকারের পরই তিনি মুরাদকে বন্দী করিয়া প্রথমে সলিমগড়ে এবং পরে গোয়ালিয়রে আটক রাখেন। এই ভ্রাতৃবিরোধে শেষ পর্যন্ত সকল ভ্রাতাকে ছলে বলে কৌশলে নিহত করিয়া বিচক্ষণ, বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন এবং কূটকুশলী ঔরংজেব জয়ী হন।

শাহ্‌জাহান জীবিত থাকা সত্ত্বেও নিজেকে হিন্দুস্থানের বাদশাহ রূপে ঘোষণা করেন (১৬৫৮ খ্রীঃ)।

খাজুয়ার যুদ্ধে সুজাকে এবং দেওরাই-এর যুদ্ধে দারাকে চূড়ান্তরূপে পরাজিত করিবার পর দিল্লীর দেওয়ান-ই-খাসে সাড়ম্বরে ঔরংজেবের

দ্বিতীয় ও তৃতীয় রাজ্যাভিষেক দ্বিতীয় অভিষেক হয় (১৬৫৯ খ্রীঃ)। শাহ্‌জাহানের মৃত্যুর পর মহাসমারোহে তিনি তৃতীয়বার আগ্রায় রাজ্যাভিষিক্ত হন (১৬৬৬ খ্রীঃ)।

**রাজ্য বিস্তার ঃ** আকবরের ন্যায় তিনিও সাম্রাজ্য বিস্তারের পক্ষপাতী ছিলেন।




ঔরংজেব সিংহাসনে আরোহণ করিবার সঙ্গে সঙ্গেই উত্তর-পূর্ব সীমান্তে অহোম

জাতি অত্যন্ত পরাক্রান্ত হইয়া উঠে। ইহা ছাড়া আরাকান রাজ্যের মগ জাতি ও উত্তরবঙ্গে কোচ জাতি একই সময়ে উপদ্রব আরম্ভ করে। ঔরংজেব বাংলার শাসনকর্তা মীরজুমলাকে এই সকল উপদ্রবকারীদের দমন করিতে পাঠাইলেন। অহোমগণ ত্রয়োদশ শতাব্দীতে উত্তর ব্রহ্ম হইতে আসামে প্রবেশ করিয়া ব্রহ্মপুত্র উপত্যকায় রাজ্য স্থাপন করিয়াছিল। ক্রমে তাহারা শক্তিশালী হইয়া রাজ্যের সীমা বিস্তার করিতে থাকে। শাহ্‌জাহানের রাজত্বের শেষদিকে উত্তরাধিকারের যুদ্ধের সুযোগ লইয়া অহোমগণ ১৬৫৮ খ্রীষ্টাব্দে গৌহাটি অধিকার করে। এই অহোম শক্তিকে ধ্বংস করিবার জন্য মীরজুমলা এক শক্তিশালী সৈন্যবাহিনী লইয়া ঢাকা হইতে রওনা হইলেন (১৬৬১ খ্রীঃ)। মীরজুমলা কোচবিহার অধিকার করিয়া আসামের দিকে অগ্রসর হইলেন। ১৬৬২ খ্রীষ্টাব্দে তিনি অহোম রাজধানী গরগাঁও অধিকার করেন। অহোমরাজ জয়ধ্বজ মীরজুমলার সহিত সন্ধি করিতে বাধ্য হইলেন। সন্ধির শর্ত স্বরূপ আহোমরাজ প্রচুর ক্ষতিপূরণ এবং বার্ষিক কর প্রদানে স্বীকৃত হইলেন। তিনি কয়েকটি জেলাও মুঘল সম্রাটকে ছাড়িয়া দিলেন। ১৬৬৩ খ্রীষ্টাব্দে ঢাকা প্রত্যাবর্তনের পথে মীরজুমলা মারা যান। মীরজুমলা সাময়িকভাবে সাফল্যলাভ করিলেও, তাঁহার মৃত্যুর পরে কোচবিহার ও আসাম স্বাধীনতা ঘোষণা করে। অতঃপর ঔরংজেবের মাতুল শায়েস্তা খাঁ যখন বাংলার শাসনকর্তা নিযুক্ত হইলেন তখন তিনি মগদের পরাজিত করিয়া চট্টগ্রাম দখল করেন এবং পর্তুগীজদের নিকট হইতে সন্দীপ অধিকার করেন।

চট্টগ্রাম ও সন্দীপ দখল

উত্তর-পশ্চিম সীমান্তের উপদ্রব ঔরংজেব নিজেই দমন করিয়াছিলেন। দাক্ষিণাত্যের বিজাপুর ও গোলকুণ্ডা রাজ্য দুইটি তিনি সম্পূর্ণরূপে জয় করেন। ঔরংজেব যখন দাক্ষিণাত্যের সুবাদার ছিলেন তখনই তিনি এই রাজ্য দুইটি অধিকার করিতে চেষ্টা করিয়াছিলেন। কিন্তু পিতা শাহ্‌জাহানের বাধাদানে তখন তিনি বিফল হন। এইবার ঔরংজেব এই দুইটি সিয়া রাজ্য ধ্বংস করিতে দৃঢ়প্রতিজ্ঞ হইলেন। ১৬৮৫ খ্রীষ্টাব্দে তিনি বিজাপুর আক্রমণ করিয়া আদিল শাহী সুলতানীর অবসান ঘটাইলেন। বিজাপুর জয়ের পর তিনি ১৬৮৭ খ্রীষ্টাব্দে গোলকুণ্ডাকেও পদানত করিলেন। ইহা ছাড়া তাঞ্জোর ও ত্রিচিনাপল্লী রাজ্য দুইটিও তিনি অধিকার করেন। এইভাবে ঔরংজেবের রাজত্বকালে মুঘল সাম্রাজ্যের সীমা দাক্ষিণাত্যে বহুদূর পর্যন্ত বিস্তার লাভ করিয়াছিল।

বিজাপুর ও গোলকুণ্ডা জয়

তাঞ্জোর ও ত্রিচিনপল্লী অধিকার

**ঔরংজেবের ধর্মনীতি :** ঔরংজেব ছিলেন নিষ্ঠাবান সুন্নী মুসলমান, ধার্মিক অথচ পরধর্ম বিদ্বেষী। মুঘল রাজ পরিবার ও দরবারের ঐশ্বর্য, জাঁকজমক, আড়ম্বর এবং বিলাসিতাপূর্ণ এক বিচিত্র পরিবেশের মধ্যে জন্মগ্রহণ করিয়াও তিনি উহাতে মোটেই আকৃষ্ট ছিলেন না। বাল্যকাল হইতেই ঔরংজেব বিলাস ব্যসনের প্রতি বীতশ্রদ্ধ এবং ধর্মনিষ্ঠ ছিলেন। ইসলামের অনুশাসন অনুসারে তিনি ধর্মীয়

জীবনে সদা অভ্যস্থ ছিলেন। কোন বাধাই তাঁহাকে ধর্মানুষ্ঠান হইতে বিরত রাখিতে পারিত না। একবার মধ্য এশিয়ায় যুদ্ধ চলাকালে নামাজের সময় অতিবাহিত হইয়া যাওয়ার ভয়ে যুদ্ধ ক্ষেত্রেই তিনি নামাজে বসেন। উলেমাগণ এই ধর্মনিষ্ঠ সম্রাটকে আশ্রয় করিয়া নিজেদের প্রভাব-প্রতিপত্তি বৃদ্ধি করিতে সচেষ্ট হইয়াছিলেন। কিন্তু তিনি উলেমাদের আধিপত্য প্রতিষ্ঠিত হইতে দেন নাই। ইসলামের প্রতিষ্ঠা ও প্রসারই ছিল তাঁহার একমাত্র কাম্য। সুন্নী মুসলমান ব্যতীত অন্য মুসলমানকে তিনি মোটেই বরদাস্ত করিতেন না। তিনি তাঁহার সাম্রাজ্যে সুন্নী মতের প্রাধান্য স্থাপনে আগ্রহী ছিলেন। তিনি মনে করিতেন, মুঘল সাম্রাজ্য যেহেতু মুসলীম সাম্রাজ্য সেইহেতু এই সাম্রাজ্য ইসলাম ধর্মসম্মত বিধিনিষেধ ও শরিয়তী অনুশাসনে শাসিত হইবে। তাঁহার ধারণা ছিল মুসলমান রাষ্ট্রে কোন বিধর্মীকেই সম্মানের আসন প্রদান করা উচিত নয়। পরধর্মাবলম্বীদের প্রতি এই অন্ধবিদ্বেষের বশবর্তী হইয়া ঔরংজেব হিন্দুদের উপর জিজিয়া কর পুনঃ স্থাপিত করেন (১৬৭৯ খ্রীঃ)। তাঁহার ধর্মান্ধতায় বহু হিন্দু কর্মচারী পদচ্যুত হন। মুঘল দরবারে তিনি নওরোজ দেওয়ালী প্রভৃতি উৎসব বন্ধ করিয়া দেন। তাঁহার নির্দেশে মুঘল দরবারে নৃত্য গীতও বন্ধ হইয়া যায়। কাশী, গুজরাট, মথুরা প্রভৃতি তীর্থস্থান এবং হিন্দু দেব-দেবীর মন্দির বিধ্বস্ত হয়। হিন্দুদের ধর্মমেলা, শোভাযাত্রা, ধর্মোৎসব নিষিদ্ধ হয়। হিন্দু বণিকদের উপর দ্বিগুণ বাণিজ্যকর ধার্য করা হয়। তাঁহার আদেশে রাজপুত ব্যতীত অন্য কোন হিন্দু হস্তি, অশ্ব বা পাল্কী আরোহণ করিতে পারিত না।* ঔরংজেব অনুসৃত এই ধর্মীয় সংকীর্ণতায় সমগ্র হিন্দুসমাজ বিক্ষুব্ধ হইয়া উঠে। কালক্রমে জাঠ, সৎনামী, শিখ ও মারাঠারা মুঘল রাজশক্তির বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করে।

জিজিয়া কর স্থাপন

হিন্দুমন্দির ধ্বংস

হিন্দুসমাজের বিক্ষোভ

কোন কোন ঐতিহাসিকের মতে ঔরংজেব উদারপন্থি দারা শিকোকে জব্দ করিবার জন্যেই গোঁড়া সুন্নী মতের আশ্রয় গ্রহণ করিয়া দারার সমর্থনকারী হিন্দু ও শিখদের প্রতি ধর্মীয় অত্যাচার বৃদ্ধি করিয়াছিলেন। কিন্তু ডঃ যদুনাথ সরকার এই মত স্বীকার করেন না।

**উত্তর ও উত্তর-পশ্চিম সীমান্তে বিদ্রোহ ঃ** ১৬৮৮ খ্রীষ্টাব্দে জাঠ-সর্দার রাজারামের নেতৃত্বে জাঠরা সেক্রেন্দ্রায় আকবরের সমাধি লুন্ঠন করে। অন্যতম জাঠ অধিনায়ক চূড়ামনের অধীনে জাঠরা ঔরংজেব জীবনের শেষ দিন পর্যন্ত মুঘল সাম্রাজ্যকে নানাভাবে বিপর্যস্ত করিয়া তোলে। মুঘল রাজশক্তির চিরবান্ধব বুন্দেলখণ্ডের রাজা চম্পৎরাও ঔরংজেবের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করেন। কিন্তু যুদ্ধে পরাজিত হইয়া তিনি আত্মহত্যা

জাঠ ও বুন্দেল বিদ্রোহ

* History of Aurangzeb ( Vol III )—J. N. Sarkar.

করেন। তাঁহার পুত্র ছত্রশাল বিদ্রোহী হইয়া মালবে 'পান্না' নামে একটি স্বাধীন রাজ্য স্থাপন করেন। নিরীহ সৎনামী সম্প্রদায়ও মুঘলদের উৎপীড়নে ক্ষিপ্ত হইয়া বিদ্রোহ ঘোষণা করে (১৬৭২ খ্রীঃ)।

সৎনামী বিদ্রোহ

শেষ পর্যন্ত নিশ্চিহ্ন হইয়া গেলেও মুঘল শক্তির নিকট তাহারা নতিস্বীকার করে নাই। রাজদ্রোহের অভিযোগে ঔরংজেব শিখগুরু তেগবাহাদুরকে হত্যা করেন। ফলে তাঁহার পুত্র শিখগুরু গোবিন্দ সিংহ আমৃত্যু মুঘল শক্তির বিরুদ্ধে সংগ্রাম চালাইয়া যান। মাড়োয়ারের রানা যশোবন্ত সিংহের কাবুলে সন্দেহজনকভাবে মৃত্যু হইলে ঔরংজেব তাঁহার পত্নী মহামায়া দেবী ও শিশুপুত্র অজিত সিংহকে বন্দী করিয়া দিল্লীতে আনেন। যশোবন্ত সিংহের মন্ত্রিপুত্র রাঠোর বীর দুর্গাদাস তাঁহাদের সুকৌশলে উদ্ধার করিয়া মাড়োয়ারে ফিরিয়া যান। ইহাতে ক্রুদ্ধ হইয়া ঔরংজেব মাড়োয়ার আক্রমণ করেন। মাড়োয়ারে প্রবেশ করিয়া মুঘল বাহিনী সমগ্র নগরী লুণ্ঠন করে। বহু দেব মন্দির ধ্বংস করিয়া দেয়। দুর্গাদাস তখন মেবারের রানা রাজসিংহের আশ্রয় প্রার্থনা করেন। শিশোদীয় বংশোদ্ভূত রানা রাজসিংহ রাঠোরদের নিকট আত্মীয় ছিলেন। এই সময় ঔরংজেব রাজসিংহের উপরও জিজিয়া কর ধার্য করেন। তখন রাজসিংহ জিজিয়া কর প্রদান করিতে অস্বীকৃত হইয়া রাণী মহামায়া দেবী ও অজিত সিংহকে আশ্রয় দেন। ফলে ঔরংজেব মেবার আক্রমণ করেন। মুঘল সৈন্যদের তাণ্ডবলীলায় মেবারের রাজধানী উদয়পুর ধ্বংসস্তূপে পরিণত হয়। এই নিদারুণ দুঃসময়ে রানা রাজসিংহ লোকান্তরিত হন (১৬৮০ খ্রীঃ)।

শিখ বিদ্রোহ

রাজপুতদের সহিত সংঘর্ষ

এই ঘটনার এক বৎসর পরে দাক্ষিণাত্যে, উত্তর-পশ্চিম সীমান্তে নিদারুণ বিশৃঙ্খলা দেখা দেয়। ঔরংজেব তখন রানা রাজসিংহের পুত্র জয়সিংহের সহিত সন্ধি করিতে বাধ্য হন (১৬৮১ খ্রীঃ)। এইভাবে রাজপুতদের সহিত সংঘর্ষে ঔরংজেব রাজপুত জাতির অকুণ্ঠ সহযোগিতা হইতে বঞ্চিত হন। যুদ্ধে প্রভূত অর্থব্যয় ও সৈন্যক্ষয় হওয়ায় মুঘল সাম্রাজ্যের ভিত্তিভূমি শিথিল হইয়া যায়।

জয়সিংহের সহিত সন্ধি

**দাক্ষিণাত্যে মারাঠা জাতির অভ্যুত্থানঃ** সপ্তদশ শতাব্দীতে মারাঠা জাতির অভ্যুত্থান ভারতের ইতিহাসে এক গুরুত্বপূর্ণ ঘটনা। মারাঠাগণ ঔরংজেবের পরম শত্রু ছিল। তাহারা মুঘল সম্রাটদের বিরুদ্ধে বহু সংগ্রাম করিয়া পরিশেষে স্বাধীন রাজ্য প্রতিষ্ঠা করিতে সমর্থ হইয়াছিল।

বিভিন্ন কারণে এই সময়ে মারাঠা শক্তির অভ্যুদয় ঘটিয়াছিল। প্রথমতঃ, মহারাষ্ট্র দেশ দাক্ষিণাত্যের পশ্চিমাংশে বিভিন্ন পর্বত দ্বারা বেষ্টিত। মহারাষ্ট্রের এই সকল পর্বতশ্রেণী মারাঠা জাতিকে বহিঃশত্রুর আক্রমণ হইতে রক্ষা করিত। পর্বতসংকুল দুর্গে আশ্রয় গ্রহণকারী মারাঠাগণকে ধ্বংস করা মুঘল বাহিনীর পক্ষে এক দুঃসাধ্য

ব্যাপার ছিল। দ্বিতীয়তঃ, পর্বতসংকুল বলিয়া মহারাষ্ট্র দেশ অত্যন্ত অনুর্বর ছিল। ইহা ছাড়া এখানে বৃষ্টিপাতের কোন নিশ্চয়তা ছিল না। এজন্য জীবনধারণের জন্য স্বভাবতঃই মারাঠাগণ অত্যন্ত কর্মঠ, কষ্টসহিষ্ণু ও সাহসী হইয়া উঠিয়াছিল। তৃতীয়তঃ, একনাথ, তুকারাম, রামদাস প্রমুখ ধর্ম-সংস্কারকগণের ভক্তিবাদ প্রচারের ফলে মারাঠা দেশে জাতীয় ভাবের উন্মেষ ঘটিয়াছিল। চতুর্থতঃ মারাঠা ভাষা ও সাহিত্য মারাঠাগণকে ঐক্যবদ্ধ জাতিতে পরিণত করিতে সাহায্য করিয়াছিল। সর্বোপরি মারাঠানায়ক শিবাজীর অসাধারণ নেতৃত্বই ছিল মারাঠা শক্তির অভ্যুদয়ের মূল প্রেরণা। তিনি মারাঠা জাতিকে নূতন জীবন ও নূতন প্রেরণা দান করিয়া তাহাদিগকে এক মহাজাতিতে পরিণত করিয়াছিলেন। বিচ্ছিন্ন মারাঠা শক্তিকে একত্রিত করিয়া স্বাধীন রাজ্য প্রতিষ্ঠা করাই ছিল শিবাজীর শ্রেষ্ঠ কৃতিত্ব।

মারাঠা শক্তির উত্থানের কারণ

**শিবাজী:** ১৬২৭ বা ১৬৩০ খ্রীষ্টাব্দে পুনা জেলার শিবনের গিরিদুর্গে শিবাজীর জন্ম হয়। তাঁহার পিতার নাম শাহজী ভোঁসলে ও মাতার নাম জিজাবাঈ। বাল্যকালে শিবাজী তাঁহার অভিভাবক দাদাজী কোণ্ডদেবের নিকট হইতে সামরিক শিক্ষা লাভ করেন। সম্ভবতঃ তিনি সেই সময়ে লেখাপড়া শিখিবার সুযোগ পান নাই। শিবাজীর চরিত্র গঠনে তাঁহার মাতার প্রভাবও ছিল যথেষ্ট। বাল্যকালে মাতার নিকট হইতে রামায়ণ ও মহাভারতের বীরত্ব কাহিনী শুনিয়া তাঁহার মনে ধর্মভাব ও দেশাত্মবোধ জাগরিত হইয়াছিল। সেই সময় হইতেই তিনি স্বাধীন হিন্দুরাজ্য গঠনের স্বপ্ন দেখিতেন। নিজের উদ্দেশ্য সিদ্ধির জন্য শিবাজী পার্বত্য অঞ্চলের দুর্ধর্ষ মাওয়ালীগণের সহিত ঘনিষ্ঠতা স্থাপন করেন। পরে তাহাদিগকে লইয়া তিনি এক বিশ্বস্ত সেনাবাহিনী গড়িয়া তোলেন। দাদাজী কোণ্ডদেবের মৃত্যুর পরে শিবাজী রাজ্যজয়ে প্রবৃত্ত হইলেন। মাওয়ালীগণের সাহায্যে তিনি বিজাপুর রাজ্যের অন্তর্গত কয়েকটি দুর্গ দখল করিয়াছিলেন। ১৬৪৮ খ্রীষ্টাব্দে শিবাজী পুরন্দর দুর্গ দখল করিলেন। ১৬৫৫ খ্রীষ্টাব্দে জাওয়ালী দুর্গ তাঁহার হস্তগত হয়। পরে তিনি রায়গড়ে একটি দুর্গ নির্মাণ করেন। ১৬৫৯ খ্রীষ্টাব্দের মধ্যে উত্তর কোংকন তাঁহার অধিকারভুক্ত হয়। এইভাবে শিবাজী বিজাপুর রাজ্যের একটি বিস্তৃত অংশ এবং বহু দুর্গ অধিকার করেন। এই সময়ে শিবাজীকে দমন করিবার জন্য বিজাপুরের সুলতান তাঁহার সুদক্ষ সেনাপতি আফজল খাঁকে প্রেরণ করেন। আফজল খাঁ

হিন্দুরাজ্য গঠনের স্বপ্ন



শিবাজী

শিবাজীর রাজ্যবিস্তার

শিবাজীর হস্তে নিহত হন (১৬৫৯ খ্রীঃ)। আফজল খাঁর মৃত্যুর পরেই শিবাজী কোংকন প্রদেশের দক্ষিণাংশ এবং কোলাপুর অধিকার করিয়াছিলেন।




**মুঘল মারাঠা সংঘর্ষ:** ঔরংজেব যখন সিংহাসনে আরোহণ করেন, তাঁহারই সমকালে মারাঠা নায়ক শিবাজী বিজাপুর রাজ্যের সেনাপতি আফজল খাঁকে নিহত করিয়া দাক্ষিণাত্যে শক্তি সঞ্চয় করিতে থাকেন। শিবাজীকে শায়েস্তা করিবার জন্য ঔরংজেব তাঁহার মাতুল শায়েস্তা খাঁকে দাক্ষিণাত্যে পাঠান। শায়েস্তা খাঁ পুনা অধিকার করেন। কিন্তু রাত্রির অন্ধকারে অতর্কিতে আক্রমণ করিয়া শিবাজী পুনা পুনরাধিকার করেন। কোনক্রমে পলায়ন করিয়া শায়েস্তা খাঁ প্রাণরক্ষা করিতে সমর্থ হন। ঔরংজেব শিবাজীকে দমন করিবার জন্য জয়সিংহ ও দিলওয়ার খাঁকে দাক্ষিণাত্যে পাঠান (১৬৬৫ খ্রীঃ)।

পুরন্দরের সন্ধি

জয়সিংহের চেষ্টায় পুরন্দরের সন্ধি স্থাপিত হয়। এই সন্ধির শর্তানুসারে

শিবাজী বারটি দুর্গ ছাড়া অন্যান্য দুর্গ ঔরংজেবকে প্রত্যর্পণ করেন। জয়সিংহের প্রতিশ্রুতিতে বিশ্বাস করিয়া শিবাজী তাঁহার পুত্র শম্ভুজীকে লইয়া আগ্রার মুঘল দরবারে উপস্থিত হন। সেখানে রাজোচিত সম্মান প্রদর্শন না করিয়া শিবাজীকে নজরবন্দী করা হয়। শিবাজী পরে ছদ্মবেশ ধারণ করিয়া সুকৌশলে আগ্রাদুর্গ হইতে পলায়ন করেন। নানা স্থান পরিভ্রমণ করিয়া ১৬৬৬ খ্রীষ্টাব্দে রায়গড়ে শিবাজীর অভিষেক হয়। তিনি 'গো-ব্রাহ্মণ-প্রতিপালক' ও 'ছত্রপতি' উপাধি গ্রহণ করেন।

১৬৮০ খ্রীষ্টাব্দে শিবাজীর মৃত্যু হয়। ইহার পর তাঁহার পুত্র শম্ভুজী ঔরংজেবের বিরুদ্ধে আট বৎসর যুদ্ধ পরিচালনা করেন। ১৬৮৯ খ্রীষ্টাব্দে তিনি মুঘলদের হস্তে বন্দী হন। তাঁহাকে নিষ্ঠুরভাবে হত্যা করা হয়। শম্ভুজীর শিশুপুত্র শাহু বন্দী হইয়া মুঘল হারেমে প্রতিপালিত হইতে থাকেন। শিবাজীর কনিষ্ঠ পুত্র রাজারাম এবং রাজারামের মৃত্যুর পর তাঁহার বিধবা পত্নী তারাবাঈ নাবালক পুত্র তৃতীয় শিবাজীর অভিভাবকরূপে মুঘলদের বিরুদ্ধে যুদ্ধ চালাইয়া যান। ঔরংজেবের জীবদ্দশায় মারাঠা শক্তিকে তিনি দমন করিতে পারেন নাই।

শিবাজীর বংশধরগণ

**শিবাজীর শাসনব্যবস্থা:** শিবাজী তাঁহার রাজ্যে একটি সুন্দর শাসন-ব্যবস্থা প্রবর্তন করেন। এই শাসন ব্যবস্থায় রাজাই ছিলেন সর্বোচ্চ ক্ষমতার অধিকারী। শাসনকার্যে তাঁহাকে সাহায্য করিবার জন্য অষ্টপ্রধান বা আটজন মন্ত্রীর একটি পরিষদ ছিল। এই আটজন মন্ত্রী বিভিন্ন বিভাগ পরিচালনা করিতেন। বিভিন্ন মন্ত্রীর বিভিন্ন উপাধি ছিল। (১) প্রধান মন্ত্রীকে বলা হইত পেশোয়া। তিনি শাসনকার্যের তত্ত্বাবধান করিতেন। (২) রাজস্ব মন্ত্রীর উপাধি ছিল অমাত্য। রাজস্ব আদায় ও আয়-ব্যয় সংক্রান্ত ব্যাপার তাঁহার দায়িত্বে ছিল। (৩) রাজ্যের উল্লেখযোগ্য ঘটনাবলী যিনি লিপিবদ্ধ করিতেন তাঁহাকে ওয়াকিয়ানবিশ বলা হইত। (৪) পররাষ্ট্র মন্ত্রীকে বলা হইত দবীর। (৫) সরকারী পত্রাদি প্রেরণের বিভাগীয় মন্ত্রীকে বলা হইত সচিব। (৬) সামরিক বিভাগের মন্ত্রী সেনাপতি হিসাবে পরিচিত ছিলেন। (৭) রাজপুরোহিত পণ্ডিত এবং (৮) প্রধান বিচারপতি ন্যায়াধীশ নামে পরিচিত ছিলেন। পণ্ডিত ও ন্যায়াধীশ ব্যতীত অপর সকল মন্ত্রীকে বে-সামরিক কর্তব্যের সহিত সামরিক কর্তব্যও পালন করিতে হইত।

অষ্টপ্রধান

শিবাজীর রাজ্য চারিটি প্রান্তে বা প্রদেশে বিভক্ত ছিল। প্রত্যেকটি প্রদেশের শাসনভার একজন করিয়া শাসনকর্তার উপর ন্যস্ত ছিল। প্রত্যেক প্রদেশ কয়েকটি পরগণায়, প্রত্যেক পরগণা কয়েকটি তরফে এবং প্রত্যেক তরফ আবার কয়েকটি গ্রামে বিভক্ত ছিল। গ্রামের শাসনভার ছিল গ্রাম পঞ্চায়েতের উপর। গ্রামের শাসনকার্য পরিদর্শনের জন্য 'দেশপাণ্ডে' এবং 'দেশমুখ' নামে কর্মচারী নিযুক্ত ছিলেন।

প্রদেশ, পরগণা, তরফ

শিবাজীর পূর্বে এই অঞ্চলে মিরাশদারী বা ঠিকাদারী প্রথার প্রচলন ছিল। মিরাশদার বা মধ্যস্বত্ব ভোগকারীগণ গ্রামের চাষীদের উপর নির্মম অত্যাচার চালাইয়া অর্থ আদায় করিত। এই অর্থের অতি সামান্য অংশই রাজস্বরূপে সরকারের তহবিলে জমা পড়িত। এই ব্যবস্থায় চাষী ও রাজা উভয়েই ক্ষতিগ্রস্ত হইত। শিবাজী মিরাশদারী প্রথা লোপ করিয়া সরাসরি রাজস্ব আদায়ের ব্যবস্থা করেন। ইহার ফলে পাতিল, দেশমুখ, দেশাই, কুলকর্ণী প্রভৃতি মিরাশদারগণের আর কর্তৃত্ব রহিল না। শিবাজীর নির্দেশে রাজ্যের সমস্ত জমি জরিপ করা হয়। শিবাজী উৎপন্ন ফসলের শতকরা ত্রিশ ভাগ এবং পরবর্তীকালে শতকরা চল্লিশ ভাগ রাজস্ব গ্রহণ করেন। প্রজাগণ ফসলের পরিবর্তে নগদ টাকাও রাজস্বরূপে দিতে পারিত। রাজস্ব সংক্রান্ত ব্যাপারে রায়তের উপর জায়গীরদারদের কোন কর্তৃত্ব দেওয়া হয় নাই। মজুমদার, কারকুন প্রভৃতি রাজকর্মচারীগণকেও রায়তের ন্যায় রাজস্ব দিতে হইত এবং উহা তাহাদের বেতন হইতে কাটিয়া রাখা হইত। শিবাজী রায়তদের সুবিধা ও অসুবিধার দিকেও দৃষ্টি রাখিতেন। তিনি কৃষির উন্নতির জন্য চেষ্টা করেন। প্রয়োজনীয় জিনিস ক্রয়ের জন্য কৃষকদিগকে ঋণ দেওয়া হইত এবং তাহা সহজ কিস্তিতে পরিশোধ করা যাইত। শিবাজী প্রতিবেশী রাজ্যগুলির নিকট হইতে 'চৌথ' ( রাজস্বের এক-চতুর্থাংশ ) ও 'সরদেশমুখী' ( রাজস্বের দশমাংশ ) নামক করও আদায় করিতেন। এই কর দুইটি আদায়ের স্বপক্ষে যুক্তি দেখান হইয়াছে যে, পর্বতসঙ্কুল ও অনুর্বর মহারাষ্ট্রে উৎপন্ন শস্যের পরিমাণ ছিল অতি সামান্য। তাই শিবাজীকে বিরাট সৈন্যবাহিনী পোষণের জন্য এই কর আদায় করিতে হইত।

রাজস্ব

**সামরিক ব্যবস্থা :** শিবাজী একটি স্থায়ী সৈন্যবাহিনী গঠন করেন। তাঁহার সৈন্যবাহিনী অশ্বারোহী ও পদাতিক সৈন্য লইয়া গঠিত ছিল। অশ্বারোহী সৈন্যের সংখ্যা ছিল চল্লিশ হাজার এবং পদাতিক সৈন্যের সংখ্যা দশ হাজার। অশ্বারোহী বাহিনী আবার দুই শ্রেণীতে বিভক্ত ছিল—বর্গী ও শিলাদার। বর্গীরা সরকার হইতে বেতন ও অস্ত্রশস্ত্র পাইত। শিলাদারগণ সরকার হইতে বেতন পাইলেও অস্ত্রশস্ত্র ও ঘোড়া নিজেদের আনিতে হইত।

বর্গী ও শিলাদার

পঁচিশ জন অশ্বারোহী একজন হাবিলদারের অধীনে থাকিত। আবার পাঁচজন হাবিলদারের উপর একজন জুমলাদার, দশজন জুমলাদারের উপর একজন হাজারী এবং পাঁচজন হাজারীর উপর একজন পাঁচ হাজারী কর্তৃত্ব করিতেন। প্রধান সেনাপতিকে বলা হইত সর-ই-নৌবত। পদাতিক বাহিনীর সংগঠনেও মোটামুটি এক নীতি অনুসৃত হইত। নয়জন পাইকের উপর একজন নায়ক, পাঁচজন নায়কের উপর একজন হাবিলদার, দুই বা তিনজন হাবিলদারের উপর একজন জুমলাদার, দশজন জুমলাদারের উপর একজন হাজারী এবং সাতজন হাজারীর উপর একজন

সাতহাজারী নেতৃত্ব করিতেন। তাহাদের সকলের উপরে থাকিতেন প্রধান সেনাপতি। শিবাজীর সৈন্যরা হাল্কা অস্ত্রে সজ্জিত থাকিত। কেননা তাহারা গেরিলা পদ্ধতিতে যুদ্ধ করিত। তাঁহার সৈন্যবাহিনীতে কঠোর নিয়মশৃংখলা ছিল। সৈন্যবাহিনীতে নারীর প্রবেশ নিষিদ্ধ ছিল; তাঁহার দুর্গের সংখ্যা ছিল প্রায় ২৪০টি।

নৌবাহিনী

শিবাজীর একটি নৌবাহিনীও ছিল। তাঁহার নৌবাহিনীতে প্রায় দুইশত বিভিন্ন আকারের রণতরী ছিল। দুইজন কর্মচারী নৌবহরের তত্ত্বাবধান করিতেন। তাঁহাদের বলা হইত 'দরিয়া সারঙ্গ' ও 'মিয়া সারঙ্গ'। সমসাময়িক ঐতিহাসিকগণ শিবাজীর শাসন-ব্যবস্থার ভুয়সী প্রশংসা করিয়াছেন।

**ঔরংজেবের দাক্ষিণাত্য নীতি ও ইহার সুদূরপ্রসারী ফলাফল:** উদীয়মান মারাঠাশক্তি দমন এবং বিজাপুর ও গোলকুণ্ডার শিয়া মতাবলম্বী সুলতানগণের ধ্বংস সাধন করাই ছিল ঔরংজেবের দাক্ষিণাত্যনীতির মূলকথা। দাক্ষিণাত্যে সুবাদার থাকাকালে ঔরংজেব বিজাপুর ও গোলকুণ্ডা জয়ের আশা পূর্ণ করিতে পারেন নাই। সম্রাট হইয়া তিনি জীবনের শেষ ছাব্বিশ বৎসর (১৬৮১—১৭০৭ খ্রীঃ) দাক্ষিণাত্যে অতিবাহিত করেন। এই সময়ে একদিকে মারাঠা শক্তির উত্থান এবং অন্যদিকে অন্তর্দ্বন্দ্বে বিজাপুর ও গোলকুণ্ডার পতন প্রায় আসন্ন। এই সুযোগে তিনি বিজাপুর ও গোলকুণ্ডা জয় করিলেন বটে, কিন্তু ইহার ফল বিপরীত হইয়াছিল। এই রাজ্য দুইটি ধ্বংস করিয়া ঔরংজেব অদূরদর্শিতার পরিচয় দিয়াছিলেন। কেননা মুসলিম রাষ্ট্র দুইটি ধ্বংসের ফলে দাক্ষিণাত্যে মারাঠা শক্তির আর কোন প্রতিদ্বন্দ্বী রহিল না। হয়ত তিনি বিজাপুর ও গোলকুণ্ডার সাহায্যেই মারাঠাদিগকে দমন করিতে পারিতেন। কিন্তু দীর্ঘকালব্যাপী যুদ্ধ করিয়াও ঔরংজেব মারাঠাগণকে দমন করিতে পারেন নাই। শিবাজীর মৃত্যুর পর তাঁহার পুত্র শম্ভুজী ঔরংজেবের সহিত যুদ্ধ করেন। শম্ভুজী পরাজিত হইলেন ও নিহত হইলেন। কিন্তু ইহা সত্ত্বেও মারাঠাগণ মুঘলদের বিরুদ্ধে অবিরাম যুদ্ধ চালাইয়া যায়। মারাঠাদের সহিত যুদ্ধের ফলে মুঘল সাম্রাজ্যের পতন ত্বরান্বিত হইয়াছিল সে বিষয়ে কোন সন্দেহ নাই। তাঁহার দাক্ষিণাত্য নীতির ফলে গোলকুণ্ডা, বিজাপুর প্রভৃতি মুসলমান রাজ্যগুলি দমিত হইয়াছিল বটে, কিন্তু ইহার ফলেই মারাঠাগণ শক্তি সঞ্চয় করিবার সুযোগ পাইয়াছিল। মারাঠাগণের সহিত অবিরাম সংঘর্ষে লিপ্ত থাকার ফলে ঔরংজেবকে দাক্ষিণাত্যেই অধিককাল অবস্থান করিতে হইয়াছিল। ফলে ঔরংজেবের পক্ষে উত্তর ভারতকে নিয়ন্ত্রণ করা সম্ভব হয় নাই। উত্তর ভারতের রাজকর্মচারীদের উপর সম্রাটের কর্তৃত্ব শিথিল হওয়ায় কেন্দ্রীয় শাসন-ব্যবস্থা ও শৃঙ্খলা বিনষ্ট হইল। উত্তর ভারতে ঔরংজেবের দীর্ঘ অনুপস্থিতির সুযোগে জাঠগণ দুইবার আগ্রা লুণ্ঠন করে। এদিকে দীর্ঘকালব্যাপী যুদ্ধে বহু সৈন্য বিনাশ ও অর্থব্যয়ে সম্রাটের রাজকোষও প্রায় শূন্য হইয়া পড়িল। এই সময়ে

ঔরংজেবের তৃতীয় পুত্র, শাহজাদা আকবর বিদ্রোহ করিয়া শিবাজীর পুত্র শম্ভুজীর দরবারে আশ্রয় গ্রহণ করে। বিদ্রোহী পুত্রকে দমন করিবার জন্য তিনি মারাঠা রাজ্যের ধ্বংসে প্রবৃত্ত হইলেন। কিন্তু মারাঠাগণকে তিনি দমন করিতে ব্যর্থ হন। এই ব্যর্থতায় ও নৈরাশ্যে ঔরংজেবের দেহ ও মন দুই-ই ভাঙ্গিয়া পড়িল। ঔরংজেবের এই ভুল নীতির জন্যই বিশাল মুঘল সাম্রাজ্যের পতন আরম্ভ হইয়াছিল। ঐতিহাসিক ডঃ স্মিথ মন্তব্য করিয়াছেন যে দাক্ষিণাত্য নীতিই ঔরংজেবের সমাধিক্ষেত্র রচনা করিয়াছিল।* বাস্তবিকই, স্পেনীয় ক্ষত (Spanish ulcer) যেমন নেপোলিয়নের পতন ডাকিয়া আনিয়াছিল, তেমনি দাক্ষিণাত্য ক্ষতও (Deccan ulcer) ঔরংজেবের পতনের অনিবার্য কারণ ছিল।

দাক্ষিণাত্য ক্ষত

**ঔরংজেবের শাসন-ব্যবস্থা ঃ** আকবর কর্তৃক প্রবর্তিত ধর্ম-নিরপেক্ষ রাষ্ট্রের আদর্শ ঔরংজেবের আমলে সম্পূর্ণরূপে নষ্ট হইয়া গিয়াছিল। ঔরংজেব ছিলেন গোঁড়া সুন্নী মুসলমান এবং ধর্মান্ধ। শাসন-ব্যবস্থায় তিনি হিন্দু ও সিয়াদের প্রতি নির্যাতনমূলক নীতি অবলম্বন করিয়াছিলেন। সুতরাং তাঁহার শাসন-ব্যবস্থায় জাতীয় চরিত্রের কোন লক্ষণই ছিল না।

শাসনের প্রকৃতি

মুঘল শাসন-ব্যবস্থায় সম্রাট ছিলেন সর্বোচ্চ আসনের অধিকারী। সেইদিক হইতে ঔরংজেবও ছিলেন সীমাহীন ক্ষমতার অধিকারী। তিনি ছিলেন একাধারে প্রধান বিচারক, আইন-প্রণেতা, সৈন্যবাহিনীর সর্বাধিনায়ক এবং ইসলামের রক্ষাকর্তা। খান-ই-সামান, মীর বক্সী, সদর-উস-সুদুর, দেওয়ান কাজী, মুহতাসিব প্রমুখ উচ্চপদস্থ কর্মচারীগণ সম্রাটকে শাসনকার্যে সাহায্য করিতেন।

কেন্দ্রীয় শাসন ব্যবস্থা

শাসনকার্যের সুবিধার জন্য ঔরংজেব সমগ্র সাম্রাজ্যকে একুশটি সুবায় বিভক্ত করেন। প্রত্যেক সুবার শাসনভার একজন শাসনকর্তার উপর ন্যস্ত ছিল। তাঁহাকে সুবাদার বা নাজিম বলা হইত। তাঁহার অধীনে দেওয়ান, ফৌজদার, কোতয়াল প্রভৃতি কর্মচারী ছিলেন।

সুবা

ঔরংজেবের আমলে মুর্শিদকুলি খাঁ বাংলার রাজস্ব-ব্যবস্থার উল্লেখযোগ্য সংস্কার সাধন করিয়াছিলেন। তিনি টোডরমলের রাজস্ব-ব্যবস্থার কিছু পরিবর্তন করিয়া জমির উর্বরতা, সেচের সুবিধা এবং কৃষি ব্যবস্থার সুবিধা অনুযায়ী বিভিন্ন প্রকার রাজস্ব-ব্যবস্থা প্রবর্তন করেন। তিনি জায়গীরগুলি বাজেয়াপ্ত করেন এবং সমস্ত জমি খাস জমিতে পরিণত করেন। কর্মচারীদের পরিবর্তে ইজারাদারদের উপর রাজস্ব আদায়ের ভার অর্পিত হয়।

রাজস্ব ব্যবস্থা

---

* "The Deccan was the grave of his body as well as of his empire."—Dr. Smith.

ইজারাদাররা যাহাতে প্রজাদের উপর অত্যাচার না করে সেইদিকেও লক্ষ্য রাখা হইত। কৃষকদের অবস্থার দিকে লক্ষ্য রাখিবার জন্য ঔরংজেব স্বয়ং বিভিন্ন প্রদেশের দেওয়ানদের নির্দেশ দিতেন।*

ঔরংজেবের সেনাবাহিনী ছিল প্রধানতঃ চারি শ্রেণীতে বিভক্ত—(১) অশ্বারোহী, (২) পদাতিক, (৩) গোলন্দাজ, (৪) নৌবাহিনী। তবে নৌবাহিনীর উপর তেমন গুরুত্ব দেওয়া হইত না। সামরিক বিভাগের পূর্ণ দায়িত্ব ছিল মীর বক্সীর উপর। ঔরংজেবের আমলে সাম্রাজ্যের সীমা বৃদ্ধি পাইয়াছিল বলিয়া তাঁহাকে সৈন্য সংখ্যাও বৃদ্ধি করিতে হইয়াছিল। তাই মীর বক্সীকে সাহায্য করিবার জন্য তিনি আরও তিন জন উচ্চপদস্থ সামরিক কর্মচারী নিযুক্ত করেন। মর্যাদা অনুসারে মনসবদারগণ তেত্রিশটি শ্রেণীতে বিভক্ত ছিলেন। ঔরংজেবের আমলে সর্বনিম্ন মনসব ছিল দশ এবং সর্বোচ্চ দশ হাজার। ঔরংজেব সেনাবাহিনীর বিলাস ও ব্যভিচার দূর করিবার জন্য সচেষ্ট ছিলেন।

সামরিক শাসন ব্যবস্থা

**ঔরংজেবের চরিত্র ও ব্যক্তিত্ব ঃ** ঔরংজেবের চরিত্রে বহু রাজোচিত গুণের সমাবেশ ঘটিয়াছিল। তাঁহার ন্যায় সাহসী ও রণকৌশলী-সম্রাট খুব কমই দেখা যায়। তিনি ছিলেন শিক্ষিত ও প্রতিভাবান ব্যক্তি। তিনি আরবী, ফার্সী ও হিন্দি ভাষায় সুপন্ডিত ছিলেন। তাঁহার হস্তাক্ষর ছিল অতি সুন্দর। ইসলামধর্মে তাঁহার প্রগাঢ় ভক্তি ও বিশ্বাস ছিল। তিনি কোরাণের প্রতিটি উপদেশ মানিয়া চলিতেন। এমন কি যুদ্ধ-ক্ষেত্রেও তিনি নামাজ লঙ্ঘন করেন নাই। তিনি কখনও মদ্যপান করিতেন না। দৈনন্দিন জীবনে তাঁহার কোন আড়ম্বর ছিল না। তাঁহার আদেশে রাজসভায় নাচ, গান, আমোদ-আহ্লাদ প্রভৃতি নিষিদ্ধ ছিল। কিন্তু তাঁহার দোষও ছিল অনেক। তিনি অত্যন্ত সন্দিগ্ধপরায়ণ ব্যক্তি ছিলেন। কাহাকেও তিনি বিশ্বাস করিতেন না। এমনকি তিনি নিজের ছায়া দেখিয়াও আতঙ্কে শঙ্কিত হইয়া পড়িতেন। রাজ্যের সমস্ত কাজ তিনি নিজেই দেখাশুনা করিতেন। পরধর্মের প্রতি তাঁহার মোটেই উদারতা ছিল না। তিনি হিন্দুদের দেবমন্দিরগুলি ভাঙ্গিয়া দিয়াছিলেন। তিনি হিন্দুদের উপর আবার জিজিয়া কর প্রবর্তন করিয়াছিলেন। সুতরাং সাম্রাজ্যের পতনের জন্য তাঁহার দায়িত্ব কম নহে।

**শাসক হিসাবে কৃতিত্ব ঃ** শাসক হিসাবে ঔরংজেবের কৃতিত্ব আলোচনা করা খুবই কঠিন ব্যাপার। তাঁহার নানাবিধ ত্রুটির জন্য তিনি একজন বহু সমালোচিত শাসক। দিল্লীর সিংহাসন অধিকারের জন্য তাঁহার ভ্রাতৃদ্বন্দ্ব ও রক্তক্ষয়ী সংগ্রাম এক কলঙ্কিত অধ্যায়। সর্বোপরি তাঁহার নির্মম পিতৃহত্যা নিঃসন্দেহে নিন্দনীয়।

---

* Farman of Aurangzib to Muhammad Hasim, diwan of Gujrat, issued in 1669 A.D.

"They should Practise benevolence to the cultivators, enquire into their condition..."—Mughal Administration—J. N. Sarkar.

অন্যদিকে শাসক হিসাবে ঔরংজেব ছিলেন অসম সাহসী এবং দ‍ৃঢ়চেতা প‍ুর‍ুষ। তাঁহার সামরিক অভিযানগ‍ুলিতে তাঁহার বীরত্বের পরিচয় পাওয়া যায়। রাজকার্যে তাঁহার ক‍ূটনীতি ব‍ুদ্ধিও ছিল অসাধারণ।

কিন্তু অসাধারণ কর্মদক্ষতা, চারিত্রিক দ‍ৃঢ়তা এবং অসম সাহসিকতার অধিকারী হইয়াও শাসক হিসাবে ঔরংজেব সম্প‍ূর্ণ ব্যর্থ হইয়াছিলেন। ধর্মীয় গোঁড়ামির ফলে তিনি বিভিন্ন ধর্মাবলম্বীদের যথোচিত সম্মান প্রদর্শন করিতে পারেন নাই। ধর্মীয় ও রাজনীতির ক্ষেত্রে তিনি মহামতি আকবরের নীতি সম্প‍ূর্ণর‍ূপে বিসর্জন দিয়াছিলেন। ফলে রাজপ‍ুত ও হিন্দ‍ুদের সহায়তা তিনি লাভ করিতে পারেন নাই। বরং রাজপ‍ুত ও মারাঠাদের সঙ্গে তাঁহার দীর্ঘকালব্যাপী য‍ুদ্ধ সাম্রাজ্যের ধ্বংসকেই তরান্বিত করিয়াছিল। তাহা ছাড়া শাসনকার্যও তিনি নিজ হস্তে কেন্দ্রীভ‍ূত করিয়া রাখিয়াছিলেন। ফলে রাজকর্মচারীদের দায়িত্ব ও কর্মক্ষমতা তিনি নিজেই বিনষ্ট করিয়াছিলেন। এককথায় রাজনৈতিক দ‍ূরদ‍ৃষ্টির অভাবেই তাঁহার স‍ুদীর্ঘ রাজত্বকাল ব্যর্থতায় পর্যবসিত হয়। বহ‍ুকালব্যাপী মারাঠা য‍ুদ্ধে ব্যাপ‍ৃত থাকায় ঔরংজেব অত্যন্ত ক্লান্ত হইয়া পড়িয়াছিলেন। ব্যর্থতার ফলে সম্রাটের শরীর ও মন ভাঙ্গিয়া পড়িয়াছিল। সাম্রাজ্যের ভবিষ্যত চিন্তা করিয়া তিনি আতঙ্কিত হইয়াছিলেন। প‍ুত্রগণ কর্তৃক অবহেলিত ব‍ৃদ্ধ সম্রাট নিজের জীবনের ব্যর্থতার কথা ভাবিয়া অন‍ুশোচনা করিয়াছিলেন। একবার তিনি তাঁহার এক প‍ুত্রকে লিখিয়াছিলেন, "আমার ভ‍ুলের বোঝা আমি মাথায় করিয়া লইয়া যাইতেছি। যাহা আসে আস‍ুক, আমি তরী ভাসাইলাম।" তাঁহার এই চিঠির মধ্যেই যে দ‍ুঃখ ও বেদনার চিত্র ফ‍ুটিয়া উঠিয়াছে, তাহাতে আর কোন সন্দেহ নাই। আস্তে আস্তে তাঁহার স্বাস্থ্য ভাঙ্গিয়া পড়িয়াছিল। অবশেষে ১৭০৭ খ্রীষ্টাব্দের ৩রা মার্চ আহম্মদনগরে ঔরংজেবের ম‍ৃত্যু হয়।

## (৬) ইউরোপীয় বাণিজ্য কোম্পানীগুলির কার্যকলাপ

**স‍ূচনা ঃ** প্রাচীনকাল হইতেই ভারতের সহিত ইউরোপীয় দেশগ‍ুলির ব্যবসা বাণিজ্য চলিত। খ্রীষ্টীয় সপ্তম শতাব্দীতে আরব ও লোহিত সাগরে আরবদের একচ্ছত্র আধিপত্য ছিল। ইহার ফলে ভারতের বাণিজ্য তাহাদের হাতে চলিয়া যায়। আরবদের নিকট হইতে ভারতীয় পণ্য-সামগ্রী ক্রয় করিয়া ইতালীর ভেনিস ও জেনোয়া শহরের বণিকগণ উচ্চম‍ূল্যে ইউরোপের বিভিন্ন দেশে বিক্রয় করিত।

প্রাচ্যের সহিত প্রত্যক্ষ বাণিজ্য স্থাপনের উদ্দেশ্যে ইউরোপীয়গণ ন‍ূতন জলপথ আবিষ্কারের প্রয়োজনীয়তা উপলব্ধি করে। এই ব্যাপারে আগ্রহী হইল স্পেন ও পর্তুগাল। ইতালীর নাবিক কলম্বাস ভারতবর্ষ আবিষ্কার করিতে গিয়া ন‍ূতন ভ‍ূ-খণ্ড আমেরিকা আবিষ্কার করেন। ন‍ূতন জলপথ আবিষ্কারের প্রচেষ্টায় বার্থালোমিউ দিয়াজ নামে এক পর্তুগাল নাবিক ১৪৮৭ খ্রীষ্টাব্দে আফ্রিকার দক্ষিণ

উপকূল পর্যন্ত আসিয়া স্বদেশে ফিরিয়া যান। ১৪৮৯ খ্রীষ্টাব্দে পর্তুগালের নাবিক ভাস্কো-ডা-গামা লিসবন হইতেআফ্রিকার উত্তমাশা অন্তরীপ ঘুরিয়া ভারতের কালিকট বন্দরে আসিয়া উপস্থিত হন। অতঃপর ওলন্দাজ, ফরাসী, ইংরাজ, দিনেমার প্রভৃতি বিভিন্ন জাতীয় নাবিকগণ ভারতে আসিয়া বিভিন্ন প্রান্তে বাণিজ্য কুঠি-স্থাপন করে।



ভাস্কো-ডা-গামা

**পর্তুগীজ বণিকগণঃ** ভারতে প্রথম আসিয়াছিল পর্তুগীজ বণিকেরা। ভাস্কো-ডা-গামা ভারতে আগমনকারী পর্তুগীজ বণিকদের পথিকৃৎ। কালিকটের হিন্দুরাজা জামোরিণ ( আদি নাম সামুদ্রিন ) ভাস্কো-ডা গামাকে সসম্মানে গ্রহণ করেন। ভাস্কো-ডা-গামা সেখান হইতে প্রচুরমশলা এবং অন্যান্য দ্রব্যাদি সঙ্গে লইয়া স্বদেশে ফিরিয়া যান।


ভাস্কো-ডা-গামার সাফল্যে উৎসাহিত হইয়া পেড্রো ক্যাব্রাল নামে অপর একজন পর্তুগীজ নাবিক ১৫০০ খ্রীষ্টাব্দে প্রচুর পণ্য সম্ভার লইয়া ভারতে আসেন। কালিকটের রাজা তাঁহার প্রতিও সদয় হন এবং তাঁহাকে বাণিজ্য করিবার অনুমতি দেন। এইভাবে ক্যাব্রালের নেতৃত্বে পর্তুগীজরা ভারতের উপকূলে কালিকটে প্রথম বাণিজ্যকুঠি স্থাপন করে। কিন্তু শীঘ্রই কালিকটের রাজা জামোরিণের সঙ্গে ক্যাব্রালের বিবাদ আরম্ভ হয়। ফলে ক্যাব্রালকে স্বদেশে ফিরিয়া যাইতে হয়।

ইহার দুই বৎসর পর ( ১৫০২ খ্রীঃ ) ভাস্কো-ডা-গামা এক শক্তিশালী নৌবহর লইয়া দ্বিতীয়বার ভারতে আগমন করিলে জামোরিণের সাথে তাঁহার বিবাদ বাধে। পরে ভাস্কো-ডা গামা কোচিনে একটি বাণিজ্যকুঠি স্থাপন করিয়া দেশে ফিরিয়া যান।

ক্রমে ক্রমে পর্তুগীজরা ভারতে রাজ্যবিস্তারে উৎসাহী হয় এবং সেখানে রাজ-প্রতিনিধি রাখিবার ব্যবস্থা করে। ১৫০৯ খ্রীষ্টাব্দে আলফান্‌সো-দ্য-আলবুকার্ক ভারতে পর্তুগীজ কুঠির শাসনকর্তা নিযুক্ত হইয়া আসেন। পর বৎসর তিনি বিজাপুরের সুলতানকে পরাজিত করিয়া গোয়া অধিকার করেন। ইহার পর হইতে ভারতে পর্তুগীজদের প্রভাব বৃদ্ধি পাইতে থাকে। ষোড়শ শতাব্দীর প্রথমার্ধে পর্তুগীজরা ভারতের পশ্চিম উপকূলে দিউ, দমন, সলসেট, বেসিন ও বোম্বাই মাদ্রাজের নিকট সানটোমে এবং বঙ্গদেশের হুগলীতে বাণিজ্য কুঠি স্থাপন করে। প্রকৃতপক্ষে পর্তুগীজরা ভারতের সমুদ্রের উপকূলভাগেই সীমাবদ্ধ ছিল। তাহারা ভারতের অভ্যন্তরে প্রবেশ করে নাই।

নানাকারণে এদেশে পর্তুগীজদের আধিপত্য হ্রাস পায়। তাহারা ছিল একাধারে

বণিক, ধর্মান্তরকারী, দাস ব্যবসায়ী ও জলদস্য। তাহারা সৎভাবে ভারতে বাণিজ্য করিত না। তাহারা বলপ্র্বক ভারতীয়দের ধর্মান্তরিত করিত। এদেশের নরনারীকে তাহারা ক্রীতদাসর্পে অন্যদেশেও চালান দিত। সম্দ্রে অন্যদেশের জাহাজ ল্ণ্ঠন



ভারতবর্ষ ও ইউরোপের মধ্যকার নূতন বাণিজ্য পথ

করা ছিল তাহাদের আর একটি অপকীর্তি। এই সমস্ত কারণে ১৬৩২ খ্রীষ্টাব্দে সম্রাট শাহ্জাহানের আদেশে বাংলার স্বাদার কাশিম খাঁ তাহাদিগকে হ্গলী হইতে উচ্ছেদ করেন। পরে ওলন্দাজ ও ইংরাজদের সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা করিতে গিয়া ভারতে পর্তুগীজদের সংখ্যা আরও লোপ পায়। কেবলমাত্র গোয়া, দমন ও দিউতে তাহাদের অধিকার বলবৎ থাকে।

বাংলার পর্তুগীজগণ

**ওলন্দাজদের আগমন:** পর্তুগীজদের পরে ভারতে আগমন করে ওলন্দাজ বণিকগণ। ১৬০২ খ্রীষ্টাব্দে হল্যাণ্ডে ইস্ট-ইণ্ডিয়া কোম্পানি নামে তাহাদের একটি বাণিজ্য সংঘ গঠিত হয়। প্রাচ্যের দেশগ্লিতে উপনিবেশ স্থাপন করিয়া সেখানে ব্যবসা-বাণিজ্য করাই ছিল ওলন্দাজ বণিকদের প্রধান লক্ষ্য। তাহারা প্রথমে প্র্ব ভারতীয় দ্বীপপ্ঞ্জে ব্যবসা-বাণিজ্য করিত। সেখানকার মশলা ও লংকা বিক্রয় করিয়া তাহারা প্রচুর অর্থ উপার্জন করিত। পরে তাহাদের দৃষ্টি পড়ে ভারতের দিকে।

ওলন্দাজ বাণিজ্য সংঘ

১৬১৬ খ্রীষ্টাব্দে ওলন্দাজগণ ভারতের পশ্চিম উপকুলে স্রাটে একটি কুঠি স্থাপন করে। এইস্থানে এতদিন পর্যন্ত পর্তুগীজদের আধিপত্য ছিল। ফলে পর্তুগীজদের সঙ্গে ওলন্দাজদের প্রতিদ্বন্দ্বিতা আরম্ভ হয় এবং শেষ পর্যন্ত এই প্রতিদ্বন্দ্বিতায় পর্তুগীজদের পরাজয় ঘটে। ওলন্দাজগণ ভারতের বিভিন্ন অঞ্চলে আরও উপনিবেশ স্থাপন করে। এই উপনিবেশগ্লির মধ্যে উল্লেখযোগ্য হইল বঙ্গদেশের চুঁচুড়া, বরাহনগর ও কাশিমবাজার, বিহারের পাটনা, উড়িষ্যার বালেশ্বর এবং দক্ষিণ ভারতের

পর্তুগীজ ও ওলন্দাজ প্রতিযোগিতা

নেগাপত্তম ও কোচিন। ভারত হইতে সুতীবস্ত্র, রেশম, চাউল ও আফিম সংগ্রহ করিয়া বিদেশে রপ্তানি করিত। কিন্তু কিছুদিনের মধ্যেই ওলন্দাজদের সংগে ইংরাজদের প্রতিদ্বন্দ্বিতা আরম্ভ হয়।

**ইংরাজদের আগমন ঃ** ভারতে আগমনকারী ইউরোপীয় বণিকদের মধ্যে সর্বাপেক্ষা উল্লেখযোগ্য হইল ইংরাজ বণিকসম্প্রদায়। তাহারা ভারতে বাণিজ্যের ক্ষেত্রে এবং পরে রাজনীতির ক্ষেত্রে সর্বাধিক সাফল্যলাভ করিয়াছিল। ১৬০০ খ্রীষ্টাব্দে ইংলণ্ডের রাণী এলিজাবেথ ইংলণ্ডের এক বণিকসম্প্রদায়কে ভারত ও প্রাচ্যদেশে বাণিজ্য করার সনদ দান করেন। এই বাণিজ্যপ্রতিষ্ঠানই ইংরাজ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী নামে পরিচিত। পরবর্তীকালে এই ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী ভারতে ব্রিটিশ সাম্রাজ্যের গোড়াপত্তন করে।

ইংরাজ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী

**ইংরাজদের বাণিজ্য চুক্তি ঃ** ১৬০৮ খ্রীষ্টাব্দে ইংরাজ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর প্রতিনিধি ক্যাপ্টেন হকিন্স ইংলণ্ডের রাজা প্রথম জেমস্-এর নিকট হইতে পরিচয়পত্র লইয়া ভারতের-সম্রাট জাহাংগীরের দরবারে আসেন। হকিন্স সুরাটে বাণিজ্যকুঠি স্থাপনের জন্য সম্রাট জাহাংগীরের অনুমতি চাহিলেন। কিন্তু পর্তুগীজদের বিরোধিতার ফলে সম্রাট সুরাটে ইংরাজদের বাণিজ্য-অধিকার দানে সম্মত হইলেন না।

হকিন্স

ইহার পর প্রথম জেমস্ ইংরাজ বণিকদের বাণিজ্যের সুযোগ সুবিধার জন্য সম্রাট জাহাংগীরের দরবারে স্যার টমাস্ রো নামে এক দূত পাঠাইয়াছিলেন। রো-এর দৌত্য মোটামুটি সফল হইয়াছিল। তাঁহার চেষ্টায় ও বাদশাহী সনদ অনুসারে ইংরাজ বণিকগণ সম্রাট জাহাঙ্গীরের নিকট হইতে সুরাটে কুঠি স্থাপন করিবার অনুমতি লাভ করে। কয়েক বৎসরের মধ্যে আগ্রা, এলাহাবাদ, আহমেদাবাদ ও ব্রোচে ইংরাজদের কুঠি স্থাপিত হয়।

স্যার টমাস রো

সপ্তদশ শতাব্দীর দ্বিতীয় দশকে ইংরাজরা গোলকুণ্ডার সুলতানের অনুমতি লইয়া মসুলিপত্তমে কুঠি স্থাপন করে। ১৬৪০ খ্রীষ্টাব্দে ইংরাজরা চন্দ্রগিরির রাজার নিকট হইতে মসুলিপত্তমের দক্ষিণে কিছু জমি ইজারা নেয়। সেখানে তাহারা সেণ্ট জর্জ দুর্গ নির্মাণ করে। পরবর্তীকালে এই দুর্গকে কেন্দ্র করিয়া মাদ্রাজ শহর গড়িয়া উঠে। ১৬৫১ খ্রীষ্টাব্দের মধ্যে ইংরাজরা বালেশ্বর, হুগলী, পাটনা ও কাশিমবাজারে বাণিজ্য কুঠি স্থাপন করিতে সমর্থ হয়। ১৬৬১ খ্রীষ্টাব্দে ইংলণ্ডের রাজা পর্তুগীজ রাজকুমারীকে বিবাহ করিয়া পর্তুগালের নিকট হইতে বিবাহের যৌতুক স্বরূপ বোম্বাই নগর লাভ করেন। তিনি তাহা কোম্পানীকে ইজারা দিয়া দিলেন। পরে পশ্চিম উপকূলে বোম্বাই ইংরাজদের প্রধান বাণিজ্যকেন্দ্র হইয়া দাঁড়ায়।

সেণ্ট জর্জ দুর্গ

সম্রাট শাহ্‌জাহানের রাজত্বকালে ১৬৫১ খ্রীষ্টাব্দে ইংরাজ বণিকগণ বাংলার সুবাদার সুজার নিকট হইতে একটি 'ফরমান' পাইয়াছিল। এই 'ফরমান' অনুযায়ী বার্ষিক তিন হাজার টাকা নজরানার প্রতিশ্রুতিতে বঙ্গদেশে ইংরাজ বণিকদের বাণিজ্য শুল্ক রহিত করিয়া দেওয়া হইল। কিন্তু স্থানীয় মুঘল কর্মচারীগণ ইংরাজ বণিকদের নিকট হইতে বাণিজ্য শুল্ক ছাড়াও অন্যান্য শুল্ক ও কর অন্যায়ভাবে আদায় করিতে লাগিল। ফলে ইংরাজ বণিকদের সঙ্গে মুঘলদের সংঘর্ষ আরম্ভ হয়। সম্রাট ঔরংজেবের রাজত্বকালে ১৬৮৬ খ্রীষ্টাব্দে বঙ্গদেশ হইতে ইংরাজগণ চলিয়া যাইতে বাধ্য হইল। পরে ঔরংজেবের রাজত্বের শেষভাগে জব চার্ণক বর্তমান কলিকাতা নগরীর পত্তন করেন (১৬৯০ খ্রীঃ)। ইংরাজগণ সুতানুটি, গোবিন্দপুর ও কালীঘাট এই তিনটি গ্রামের জমিদারি গ্রহণ করিল। ক্রমে তাহারা এই স্থানে ফোর্টউইলিয়ম দুর্গটি স্থাপন করে এবং হুগলী, কাশিমবাজার, ঢাকা, মালদহ প্রভৃতি স্থানে বাণিজ্য চালাইতে থাকে।

জব চার্ণক কর্তৃক কলিকাতা নগরীর প্রতিষ্ঠা

**ফরাসীদের আগমন:** ভারতের প্রতি ফরাসীদের দৃষ্টি আকৃষ্ট হইয়াছিল ঔরংজেবের রাজত্বকালে। ১৬৬৪ খ্রীষ্টাব্দে ফরাসীরাজ চতুর্দশ লুই-এর মন্ত্রী কোলবার্টের চেষ্টায় সেখানে ফরাসী ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী নামে একটি বণিকসংস্থা গঠিত হয়। ফরাসী বণিকগণ ১৬৬৮ খ্রীষ্টাব্দে ভারতে প্রথম বাণিজ্যকুঠি স্থাপন করে সুরাটে। পর বৎসর তাহারা মসুলিপত্তমেও একটি কুঠি স্থাপন করে।

ফরাসী ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী

১৬৭৪ খ্রীষ্টাব্দে পণ্ডিচেরীতে ফরাসীদের আর একটি কুঠি স্থাপিত হয়। ঐ বৎসরই বাংলার শাসনকর্তা শায়েস্তা খাঁর অনুমতি লইয়া ফরাসীগণ চন্দননগরে একটি কুঠি নির্মাণ করে। পরে করমণ্ডল উপকূলে অবস্থিত কারিকলেও তাহাদের বাণিজ্যকেন্দ্র গড়িয়া উঠে। কিন্তু অষ্টাদশ শতাব্দীর মধ্যভাগ হইতে ভারতে ফরাসী সাম্রাজ্য স্থাপন করাই তাহাদের প্রধান লক্ষ্য হইয়া উঠে। ফলে সেই সময় হইতে ইংরাজদের সহিত ফরাসীদের প্রতিদ্বন্দ্বিতা আরম্ভ হয়।

**অন্যান্য ইউরোপীয় বণিকদের আগমন:** পর্তুগীজ, ওলন্দাজ, ইংরাজ এবং ফরাসীগণ ছাড়াও অন্যান্য ইউরোপীয় বণিকগণ বাণিজ্যের উদ্দেশ্যে ভারতে বিভিন্ন সময়ে আগমন করে। ১৬১৬ খ্রীষ্টাব্দে দিনেমারগণ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী গঠন করে। তাহারা ত্রিবাঙ্কুর ও শ্রীরামপুরে বাণিজ্যকুঠি স্থাপন করে। কিন্তু ভারতের বাণিজ্য ক্ষেত্রে তাহারা সাফল্যলাভ করিতে পারে নাই।

দিনেমার ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী

## (৩) মুঘল যুগে ভারতবর্ষ

**রাজনৈতিক জীবন:** মুঘল যুগে বিভিন্ন দিক দিয়া সর্বভারতীয় ঐক্য প্রতিষ্ঠিত হইয়াছিল। উত্তরে কাশ্মীর, দক্ষিণে রামেশ্বর, পূর্বে আসাম এবং পশ্চিমে কাবুল

পর্যন্ত মুঘল সাম্রাজ্য বিস্তারলাভ করিয়াছিল। এক সম্রাট, এক রাষ্ট্র, এক শাসন, এক বিধান, এক রাষ্ট্রভাষা, এক মুদ্রা সমগ্র ভারতবর্ষের রাজনৈতিক ঐক্য স্থাপনে সহায়ক ছিল। এখানে বহু ধর্মের পার্থক্য থাকা সত্ত্বেও এক মিলিত বা সমন্বয়ী সংস্কৃতি রাষ্ট্রীয় ঐক্য সৃষ্টি করিয়াছিল। বস্তুতঃ মুঘল যুগ ছিল সমন্বয়ের যুগ। এই যুগে শিল্প, সাহিত্য, সংস্কৃতির যথেষ্ট সমন্বয় হইয়াছিল। মুঘল বংশে নানা জাতির রক্ত ও সভ্যতার সংমিশ্রণ ঘটিয়াছে। মুঘল আমলে এই সমন্বয়ী সংস্কৃতি, জাতীয় ঐক্য সৃষ্টি করিতে যথেষ্ট সাহায্য করিয়াছিল।

রাষ্ট্রীয় ঐক্য

বাবর মুঘল সাম্রাজ্যের মূল প্রতিষ্ঠাতা হইলেও আকবরকেই এই সাম্রাজ্যের প্রকৃত প্রতিষ্ঠাতা বলা হয়। আকবর মুঘল রাজতন্ত্রকে সকল সম্প্রদায়ের রাজতন্ত্রে পরিণত করিয়াছিলেন। সকল সম্প্রদায়ের নিকট তিনি ছিলেন সীমাহীন ও সর্বব্যাপক ক্ষমতার অধিকারী। তিনি হইলেন 'দিল্লীশ্বরোবা জগদীশ্বরোবা'; তিনি হইলেন দুনিয়ার মালিক বাদশাহ। বহু সংখ্যক রাজকর্মচারী এবং মন্ত্রিসভা শাসন কার্যে সহায়তা করিলেও সম্রাট ছিলেন রাষ্ট্রের সকল বিভাগের শীর্ষে। তাঁহার নির্দেশ অমান্য করিবার শক্তি কাহারও ছিল না। মন্ত্রী বা সচিবদের পরামর্শ সম্রাট ইচ্ছা হইলে গ্রহণ করিতেন, ইচ্ছা না হইলে গ্রহণ করিতেন না। আকবরের পরবর্তী সম্রাটগণও এই আদর্শ অনুসরণ করিয়াছেন। মোটকথা কেন্দ্রীয় শাসন-ব্যবস্থার সাফল্য সম্রাটের শক্তি এবং কর্মদক্ষতার উপরই নির্ভর করিত।

কেন্দ্রীয় ক্ষমতা

উচ্চপদস্থ কর্মচারীদের মধ্যে দেওয়ান, কাজী, খান-ই-সামান, মীরবক্সী, সদর-উস-সুদুর এবং মুহতাসিব ছিলেন বিশেষ উল্লেখযোগ্য। দেওয়ানের উপর রাজস্ব ও অর্থ বিভাগের ভার থাকিত। খান-ই-সামান ছিলেন সম্রাটের পারিবারিক বিষয়ের ভারপ্রাপ্ত কর্মচারী। কর্মচারীদের বেতন প্রদান করা, সৈন্য সংগ্রহ করা এবং মনসবদারদের উপর নজর রাখার দায়িত্ব ছিল মীর বক্সীর উপর। সদর-উস সুদুর ধর্মবিষয়ের তত্ত্বাবধান করিতেন। প্রধান কাজী ছিলেন প্রধান বিচারপতি। দুর্নীতি দমনের দায়িত্ব ছিল মুহতাসিব নামক কর্মচারীর উপর। শহরে শান্তি-শৃঙ্খলা রক্ষা করিতেন কোতয়াল। ইহা ছাড়া দারোগা-ই-তোপখানা, মীরমল, মীরমনজিল, মীর বহরী ইত্যাদি বহু সংখ্যক কর্মচারীর উপর শাসন কার্যের বিভিন্ন বিভাগের দায়িত্ব ছিল। তাহাদের লইয়াই সম্রাট কেন্দ্রীয় শক্তির ক্ষমতা প্রয়োগ করিতেন।

শাসক শ্রেণী

প্রাদেশিক শাসন কার্যের সুবিধার জন্য আকবর সমগ্র সাম্রাজ্যকে প্রথমে বারটি এবং পরে পনেরটি সুবায় বিভক্ত করিয়াছিলেন। জাহাঙ্গীরের সময় সাম্রাজ্য সতেরটি এবং ঔরংজেবের সময় একুশটি সুবায় বিভক্ত ছিল। সুবার শাসনভার একজন শাসনকর্তার উপর ন্যস্ত থাকিত। তাঁহাকে বলা হইত সিপাহ-সালার, সাহেব সুবা, সুবাদার বা

নাজিম। তাঁহার অধীনেও দেওয়ান, বক্সী, ফৌজদার, কোতয়াল, কাজী ইত্যাদি কর্মচারী নিযুক্ত থাকিত।

জায়গীরদার গণ

মুঘল অভিজাতশ্রেণী তুর্ক, পারসিক, ভারতীয় মুসলমান ও হিন্দু প্রভৃতি বিভিন্ন সম্প্রদায়ের লোক লইয়া গঠিত ছিল। ফলে তাহারা কখনও ঐক্যবদ্ধ হইতে পারে নাই। ইহাদের পদমর্যাদা বংশানুক্রমিক ছিলনা। তাহারা সম্রাটের নিকট হইতে উচ্চ বেতন কিংবা জায়গীর পাইত। জায়গীরদারীও বংশানুক্রমিক ছিলনা। এইজন্য জায়গীরদারগণ তাহাদের জীবদ্দশাতেই জায়গীর হইতে প্রচুর ধন-সম্পদ অর্জনের চেষ্টা করিত। বিলাস-ব্যসন ও ব্যাভিচারের মধ্যেই তাহাদের দিন কাটিত। জায়গীরদারগণের ক্ষমতা খর্ব করিয়া কেন্দ্রীয় রাজশক্তিকে আরও ক্ষমতাশালী করিবার জন্য সম্রাট আকবর জায়গীর প্রথা রহিত করিয়া মনসবদারী প্রথার প্রবর্তন করিয়াছিলেন।

রাজস্ব ব্যবস্থা

আকবরের পূর্বে রাজস্বের হ্রাস-বৃদ্ধি হইত। তাই আকবর তাঁহার রাজস্ব-মন্ত্রী টোডরমলের সাহায্যে রাজস্ব-ব্যবস্থার সংস্কার করেন। এই ব্যাপারে আকবর শেরশাহের রাজস্ব-প্রথা অনুসরণ করিয়াছিলেন। প্রথমে জমি জরিপ করিয়া সমস্ত আবাদী জমিকে পোলজ, পরোতি, চাচর ও বনজর এই চারি শ্রেণীতে বিভক্ত করা হয়। উৎপন্ন শস্যের এক-তৃতীয়াংশ রাজস্ব ধার্য হইয়াছিল। রাজস্ব শস্য অথবা নগদ মূল্যে দেওয়া যাইত। বঙ্গদেশের রাজস্ব-ব্যবস্থার নাম ছিল 'নসক'। উত্তরভারতের প্রচলিত রাজস্ব-ব্যবস্থাকে 'জাবৃতি' এবং উত্তর-পশ্চিম সীমান্ত ও কাশ্মীরে ইহাকে 'ঘল্লাবক্স' বলা হইত।

বিদেশীদের দৃষ্টিতে শাসক সমাজ

মুঘল যুগে ভারতবর্ষের ঐশ্বর্য মুষ্টিমেয় লোকের হাতেই ছিল। সম্রাট এবং আমীর-ওমরাহগণ এই ঐশ্বর্য বিলাস-ব্যসন এবং ব্যাভিচারে ব্যয় করিতেন। অন্যদিকে সাধারণ মানুষ সীমাহীন দারিদ্রে দিন কাটাইত। এই বৈষম্য অবস্থা কিন্তু বৈদেশিক পর্যটকগণের দৃষ্টি এড়ায় নাই। উইলিয়ম হকিন্স জাহাঙ্গীরের দরবারে আমীর-ওমরাহদের সহিত মিশিবার সুযোগ পাইয়াছিলেন। তিনি তাঁহার বিবরণে মুঘল দরবারের ঐশ্বর্যের কথা উল্লেখ করিয়াছেন। ইংলণ্ডের রাজদূত স্যার টমাস রো-র বিবরণেও সম্রাটদের জাঁক-জমক এবং আমীর-ওমরাহদের জীবনযাত্রার কথা উল্লেখ রহিয়াছে। টে-ভারনিয়ে সম্রাট শাহজাহানের ঐশ্বর্য, আড়ম্বর এবং ময়ূর সিংহাসন দর্শনে বিস্ময়াভিভূত হইয়াছিলেন। **তিনি** সম্রাট ঔরংজেবকে প্রতিভাসম্পন্ন রাজনীতিবিদ বলিয়া মনে করিতেন। মানুচীর মতে দিল্লীর সম্রাট ছিলেন পৃথিবীর সর্বশ্রেষ্ঠ ধনী। তিনি রাজ-কর্মচারীদের অত্যাচার এবং মুঘল অন্তঃপুরের অনেক কাহিনী লিখিয়া গিয়াছেন। বস্তুতঃ প্রাসাদতুল্য বাসগৃহ, বহুমূল্য বসন-ভূষণ, আহারে বিলাস, বিহারে আড়ম্বর এবং নৃত্য-গীতে যথাসর্বস্ব ব্যয়—এই ছিল মুঘলযুগের শাসক সমাজের বৈশিষ্ট্য। অন্তঃপুরে অসংখ্য মহিলার অবস্থিতি মুঘল বাদশাহ এবং আমীরদের কাছে ছিল আভিজাত্যের নিদর্শন।

**অর্থনৈতিক অবস্থা ঃ** মুঘল যুগে ব্যবসা-বাণিজ্যের বিশেষ প্রসার ঘটিয়াছিল। এই সময় বিদেশ হইতে যে সব দ্রব্য আমদানি করা হইত তাহাদের মধ্যে উল্লেখযোগ্য ছিল কাঁচা রেশম, চীনামাটির বাসনপত্র, নানাবিধ সুগন্ধি দ্রব্য, প্রবাল এবং মুক্তা। ভারতবর্ষ হইতে বিদেশে যে সব দ্রব্য রপ্তানি করা হইত তাহাদের মধ্যে প্রধান ছিল উৎকৃষ্ট সুতী ও রেশমী বস্ত্র, নীল, আফিম ও সোরা। এই যুগের সর্বাপেক্ষা উল্লেখযোগ্য বাণিজ্যকেন্দ্র ছিল গোয়া, কালিকট, কোচিন, মসুলিপত্তম, সুরাট, ব্রোচ এবং বাংলার সপ্তগ্রাম, চট্টগ্রাম ও সোনারগাঁও।

ব্যবসা-বাণিজ্য

বন্দর শুল্ক, বাণিজ্য শুল্ক এবং সীমান্ত শুল্ক সংগ্রহের জন্য বিভিন্ন কর্মচারী নিযুক্ত ছিলেন। শ্রেষ্ঠিগণ হুন্ডীর সাহায্যে দূরাঞ্চলে অর্থপ্রেরণ করিতেন। প্রধানতঃ স্বর্ণকারগণ—মহাজনী ব্যবসা করিয়া জীবনযাপন করিতেন।

মুঘল সম্রাট, আমীর, এমনকি মুঘল রাজান্তঃপুরিকাগণও ব্যবসা-বাণিজ্যে লিপ্ত থাকিতেন। আকবরের মাতা হামিদাবানু বেগম এবং জাহাঙ্গীরের মহিষী নূরজাহানের পণ্যদ্রব্য স্থলপথে ও জলপথে আমদানি ও রপ্তানি হইত; বিদেশ হইতে আনীত দ্রব্য সম্রাটের প্রয়োজনে ক্রীত হওয়ার পরে জনসাধারণের নিকট বিক্রয়ের জন্য আসিত। দ্রব্যমূল্য সম্রাটের কর্মচারীগণই স্থির করিতেন।

মুঘল যুগের অর্থনৈতিক জীবনের একটি বিশেষ দিক ছিল নানাবিধ শিল্পের অগ্রগতি। এই যুগের অন্যতম প্রধান শিল্প ছিল বস্ত্রশিল্প। বস্ত্রশিল্পের প্রধান কেন্দ্র ছিল গুজরাট, খান্দেশ, জৌনপুর, বারাণসী, পাটনা এবং বাংলা ও উড়িষ্যার বিভিন্ন অঞ্চল। সুতী এবং রেশমী বস্ত্রশিল্প, বিশেষতঃ রেশমী বস্ত্রশিল্পে এই যুগে অভূতপূর্ব উন্নতি ঘটিয়াছিল। ঢাকার মসলিনের খ্যাতি পৃথিবীর দেশ দেশান্তরে ছড়াইয়া পড়িয়াছিল। ইহা ছাড়া কুটির শিল্পের মধ্যে আগ্রার রঙীন বস্ত্র, কাশ্মীরের শাল, লাহোরের কম্বল, বিদরের মীনার কাজ, উড়িষ্যার রূপালী জরি এবং বারাণসীর সোনালী জরির কাজও উল্লেখযোগ্য।

শিল্প

ভোগই ছিল মুঘলগণের জীবন যাত্রার মুখ্য উদ্দেশ্য। মুঘল বাদশাহ, বেগম, আমীর—সকলেই ভোগবিলাসী ও শৌখীন ছিলেন। জীবনকে পরিপূর্ণভাবে উপভোগ করিবার জন্য যাহা কিছু প্রয়োজন, তাহা হয় দেশে উৎপন্ন হইত, নতুবা বিদেশ হইতে আসিত। এই সকল দ্রব্য উৎপাদনের জন্য সরকারী কারখানা ছিল। সম্রাট আকবরের সময় এই সকল কারখানার বিভিন্ন বিভাগে দুই হাজার কারিগর কাজ করিত। বাদশাহের প্রয়োজনীয় প্রায় সকল দ্রব্যই এই কারখানায় প্রস্তুত হইত। আবুল ফজল বলেন, আকবর স্বয়ং সপ্তাহে একবার কারখানা পরিদর্শন করিতেন, শিল্পীদিগকে উৎসাহিত করিতেন এবং সুদক্ষ কারিগরকে পুরস্কৃত করিতেন। প্রত্যেকটি সরকারী কারখানা পরিদর্শনের জন্য একজন দারোগা বা অধিকর্তা নিযুক্ত ছিলেন।

মুঘল যুগে ভারতের সমৃদ্ধিতে আকৃষ্ট হইয়া বাণিজ্যের লোভে ভারতবর্ষে তখন ইউরোপীয় বণিকশ্রেণীর আগমন বৃদ্ধি পাইয়াছিল। তাহারা মুঘল সম্রাটদের সনদ লাভ করিয়া এদেশের ব্যবসা-বাণিজ্যে অধিকতর মনোযোগী হয়। পর্তুগীজ ইংরাজ, ওলন্দাজ, ফরাসী, দিনেমার প্রভৃতি ইউরোপীয় বণিকগণ ভারত হইতে নানাবিধ পণ্য সংগ্রহ করিয়া লইয়া যাইত। প্রধানতঃ সুতীবস্ত্র, মসলিন, নীল, সোরা প্রভৃতি তাহাদের নিকট আদরের বস্তু ছিল। আবুল ফজলের বর্ণনা হইতে জানা যায় জিনিসপত্রের মূল্য সস্তা ছিল। ইহা সত্ত্বেও ইংরাজ বণিকগণ প্রায়ই শুল্ক ফাঁকি দিত।

ইউরোপীয় বণিকশ্রেণী

**সাংস্কৃতিক জীবন: স্থাপত্য শিল্প:** একমাত্র ঔরংজেব ছাড়া মুঘল বাদশাহদের প্রায় সকলেই শিল্পানুরাগী, সৌন্দর্যপ্রিয় এবং সৌন্দর্যস্রষ্টা ছিলেন। মুঘল স্থাপত্যে ভারতীয় ও পারসিক স্থাপত্যরীতির অপূর্ব-সমন্বয় পরিলক্ষিত হয়। এই যুগের শিল্পধারা মুঘল বা তৈমুরীয় শিল্পরীতি নামে পরিচিত। হুমায়ুনের বিধবা পত্নী হাজী

হুমায়ুনের সমাধি সৌধ



হুমায়ুনের সমাধি সৌধ

বেগম দিল্লীতে হুমায়ুনের যে সমাধি সৌধ নির্মাণ করেন তাহার সর্বাঙ্গে পারসিক রীতি পরিলক্ষিত হয়। আকবরের পরিকল্পনা অনুসারে জাহাঙ্গীরের আমলে নির্মিত সিকান্দ্রায় আকবরের সমাধিতে বৌদ্ধবিহারের গঠনরীতির প্রভাব একান্তভাবেই লক্ষণীয়। এতদভিন্ন নূরজাহান নির্মিত আগ্রায় অবস্থিত তাঁহার পিতা ইতমাৎ-উদ্দৌলার সমাধি, লাহোর-সন্নিহিত জাহাঙ্গীরের সমাধি মুঘল স্থাপত্য শিল্পের অতুলনীয় কীর্তি।


আকবরের সমাধি সৌধ

ইতমাৎ উদ্দৌলার সমাধি

শেখ সেলিম চিশ্তির সম্মানার্থে আগ্রার অনতিদূরে ফতেপুর সিক্রী নামে আকবর যে নূতন নগরী নির্মাণ করেন (১৫৭০—৮০ খ্রীঃ), সেখানে অনেকগুলি অনুপম সৌধ, জাম-ই-মসজিদ, বুলন্দ দরওয়াজা, যোধপুরী-মহল, সেলিম চিস্তীর শুক্তি খচিত সমাধি, বীরবলের প্রাসাদ, হিরণমীনার, পাঁচমহল, ইবাদৎখানা ইত্যাদি অবস্থিত রহিয়াছে। এগুলির মধ্যে বীরবলের সূক্ষ্ম কারুকার্য খচিত প্রাসাদ ও যোধপুরী-মহল হিন্দুশিল্পধারার যথাযথ অনুসৃতি। স্থাপত্যশিল্পে আকবর পারসিক ও ভারতীয় শিল্পরীতির সংমিশ্রণ প্রবর্তন করেন। তাই আবুল ফজলের ভাষায় বলিতে গেলে, আকবরের স্থাপত্যকলায় তাঁহার মিলনকামী বিরাট মনের অকৃত্রিম প্রতিচ্ছবি বিধৃত হইয়াছে।

আকবরের আমলে স্থাপত্য শিল্প

জাহাঙ্গীর, শাহ্‌জাহান ও ঔরংজেব প্রত্যেকেরই উদ্যোগে আগ্রাদুর্গ ও দিল্লীর লালকেল্লায় বিভিন্ন মহল নির্মিত হয়। দিল্লী নগরীর অনেক পরিবর্তন, পরিমার্জন ও পরিবর্ধন করিয়া শাহ্‌জাহান তাহার নাম দেন 'শাহজাহানাবাদ'। তিনি আগ্রার দুর্গ ও লালকেল্লায় দেওয়ান-ই-আম, দেওয়ান-ই-খাস, শিশমহল প্রভৃতি নির্মাণ করেন।



দেওয়ান-ই-আম

এই সকল স্থাপত্যকীর্তিতে পারসিক ও ভারতীয় শিল্পধারার সংমিশ্রণ সুপরিস্ফুট। ইহাদের সৌন্দর্যসুষমা ও শিল্পনৈপুণ্যও বিস্ময়কর। লাহোর দুর্গেও শাহ্‌জাহান দেওয়ান-ই-খাস, দেওয়ান-ই-আম, নহবৎখানা প্রভৃতি সৌধ নির্মাণ করেন। লাহোর প্রাসাদে সুবিখ্যাত রঙ্‌মহল, মোতিমহল ও হীরামহল নির্মিত

শাহ্‌জাহানের আমলে স্থাপত্য শিল্প

হয়। রঙ্মহলে প্রতিটি ঋতুতে ফুলের উৎসব অনুষ্ঠিত হইত। বর্ণাঢ্য পরিবেশে প্রতি সন্ধ্যায় আতসবাজীর খেলা চলিত। শাহ্জাহান গর্ব ভরে বলিতেন, মর্তলোকে তিনি স্বর্গভূমি রচনা করিয়াছেন।


ময়ূর সিংহাসন

নিঃসন্দেহে সম্রাট শাহ্জাহান মুঘল সম্রাটদের মধ্যে শ্রেষ্ঠ শিল্পরসিক ছিলেন। শিল্প ছিল তাঁহার স্বপ্ন, তাঁহার সাধনা। শিল্পস্বপ্নে বিভোর শাহ্জাহান যে সাতটি সিংহাসনের পরিকল্পনা করেন, তাহাদের মধ্যে এক কোটি টাকা ব্যয়ে নির্মিত ময়ূর সিংহাসন অবিনশ্বর খ্যাতি অর্জন করিয়াছে।

**তাজমহল**

শাহ্জাহানের শ্রেষ্ঠ শিল্পকীর্তি তাঁহার প্রিয়তমা মহিষী মমতাজ-এর কালজয়ী সমাধি, 'কালের কপোলতলে শুভ্রসমুজ্জ্বল'—তাজমহল। আগ্রায় যমুনা নদীর তীরে অবস্থিত এই সমাধিসৌধটি নির্মাণ করিতে বাইশ হাজার শ্রমিকের বাইশ বৎসর লাগিয়াছিল (১৬৩২—৫৩ খ্রীঃ)। কথিত আছে এই নির্মাণ কার্যে ব্যয়িত হয় তিন কোটি টাকা। পারস্যের বিখ্যাত স্থপতি ওস্তাদ আহম্মদ ইহার পরিকল্পনা করেন। দেশী ও বিদেশী বহু শিল্পীর পরিশ্রমে এই মর্মর সৌধটি নির্মিত হইয়াছিল। পার্সি ব্রাউনের মতে, ইহার গঠনকার্যের দায়িত্ব প্রধানতঃ মুসলমান শিল্পীদের উপর ন্যস্ত হইয়াছিল; কিন্তু মুখ্যতঃ হিন্দু শিল্পীরা কারুকার্য সম্পন্ন করেন। এই সকল শিল্পীদের মধ্যে পারস্যের মির্জা ঈশা এবং বাংলার বলদেব দাশ উল্লেখযোগ্য। নিখুঁত পরিকল্পনা, চমৎকার গঠনশৈলী, অপূর্ব কারুকার্য এবং সর্বোপরি দাম্পত্য প্রেমের মহান নিদর্শনরূপে তাজমহলকে বাস্তবিকই 'মর্মর স্বপ্ন' বলিয়া মনে হয়।

**চিত্রকলা ঃ** মুঘল যুগে স্থাপত্য শিল্পেরও উন্নতি হইয়াছিল। এই যুগের চিত্রশিল্পে ভারতীয় রীতির সহিত পারসিক রীতির সংমিশ্রণ হয়। ইসলাম ধর্মে চিত্রাঙ্কন নিষিদ্ধ হইলেও মুঘল বাদশাহেরা চিত্র-শিল্পের অকৃত্রিম পৃষ্ঠপোষক ছিলেন। বাবর চিত্র শিল্পের অনুরাগী ছিলেন। তাঁহার দরবারে কয়েকজন চিত্র শিল্পী ছিলেন। রাজ্য হারাইয়া পারস্যে বাস করিবার সময় হুমায়ুন পারসিক শিল্পীদের সংস্পর্শে আসেন। তাঁহাদের মধ্যে মীর সৈয়দ আলী ও আবদুস সামাদ নামে দুইজন প্রখ্যাত শিল্পীকে তিনি ভারতে আনয়ন করেন। মীর সৈয়দ আলীকে বলা হইত 'প্রাচ্যের র্যাফেল'। দেশীয় শিল্পীদের সহযোগিতায় তাঁহারা চিত্রশিল্পে নূতন একটি ধারার প্রবর্তন করেন। ইহাই মুঘল চিত্রকলা নামে পরিচিত।

আকবরের সময় ফতেপুর সিক্রির দেওয়াল গাত্রে অংকিত চিত্রগুলিতে হিন্দু ও পারসিক রীতির সমন্বয় দেখা যায়। তাঁহার দরবারে সতেরো জন প্রথম শ্রেণীর চিত্র শিল্পীর মধ্যে তেরোজনই ছিলেন হিন্দু। তাঁহাদের মধ্যে বাসওয়ান, মুকুন্দ, জগন্নাথ প্রভৃতির নাম উল্লেখযোগ্য।

জাহাঙ্গীরের সময়ও চিত্রশিল্পের উন্নতি অম্লান ছিল। টমাস রো জাহাঙ্গীরের চিত্রানুরাগের উচ্ছ্বসিত প্রশংসা করিয়াছেন। তাঁহার দরবারে শ্রেষ্ঠ চিত্রশিল্পীদের মধ্যে আবুল হাসান, আগা রেজা, ওস্তাদ মনসুর, বিষান দাস, মনোহর প্রভৃতির নাম বিশেষ উল্লেখযোগ্য। জাহাঙ্গীর দেশী-বিদেশী নানা ধরনের চিত্র ক্রয় করিতেন। তাঁহার আমলে ভারতীয় চিত্রশিল্প ধীরে ধীরে পারসিক প্রভাব হইতে মুক্ত হয়।

শাহজাহান চিত্রশিল্প অপেক্ষা স্থাপত্য শিল্পেই বেশী অনুরাগী ছিলেন। ঔরংজেব চিত্রকলার প্রতি মোটেই অনুরাগী ছিলেন না। মুঘল চিত্রশিল্পীরা কাগজের উপর অংকিত ক্ষুদ্র ক্ষুদ্র চিত্র ও প্রাচীর-চিত্রে বিশেষ পারদর্শিতা অর্জন করেন। মুঘলযুগে এই বিশিষ্ট রীতিতে অংকিত চিত্রগুলির মধ্যে দরবার ও শিকারের দৃশ্যগুলি সবিশেষ প্রশংসনীয়। অতিমাত্রায় অলংকরণ, বিচিত্র বর্ণসমাবেশ, সূক্ষ্ম রেখাংকন ও অঙ্গ-প্রত্যঙ্গের সুষম অনুপাতে মুঘল-চিত্রকলা বৈশিষ্ট্যমণ্ডিত।

**সাহিত্য ঃ** বাস্তবিকই মুঘলযুগে ভারতীয় সাহিত্যের ইতিহাসে এক নবযুগের সূচনা হইয়াছিল। সম্রাটগণের আনুকূল্য লাভ করায় এই সময়ে পারসিক ও দেশীয় সাহিত্যের যথেষ্ট উন্নতি হইয়াছিল। বাবর পারসিক ও তুর্কী ভাষায় সুপণ্ডিত ছিলেন। হুমায়ুনও সাহিত্যানুরাগী ছিলেন। তাঁহাদের আমলে বহু মূল্যবান গ্রন্থ রচিত হইয়াছিল। সর্বোপরি আকবরের রাজত্বকাল ছিল সাহিত্যের স্বর্ণযুগ। তাঁহার আমলে পারসিক সাহিত্যে মৌলিক রচনা ও অনুবাদ দুই-ই দেখা যায়। তাঁহার রাজসভায় সমবেত কবিদের মধ্যে গিজলী, ফৈজী প্রমুখ উল্লেখযোগ্য। এই যুগের পারসিক সাহিত্যের সর্বশ্রেষ্ঠ লেখক আবুল ফজল একাধারে কবি, প্রবন্ধ লেখক, সমালোচক ও ঐতিহাসিক ছিলেন। আকবর সংস্কৃত, গ্রীক, আরবী এবং তুর্কী ভাষায় লিখিত কয়েকখানি গ্রন্থ পারসিক ভাষায় অনুবাদ করাইয়াছিলেন। কয়েকজন মুসলমান পণ্ডিতের চেষ্টায় এই সময়ে মহাভারতের বিভিন্ন অংশ পারসিক ভাষায় অনূদিত হয়। ইহা 'রজম নামা' বলিয়া খ্যাত।

জাহাঙ্গীরও একজন সুপণ্ডিত ও সমালোচক ছিলেন। তাঁহার রাজসভায় যে সব কবি সমাদৃত হইতেন তাঁহাদের মধ্যে উল্লেখযোগ্য ছিলেন পারসিক কবি নাসিরা।

সম্রাট শাহ্‌জাহানও বিদ্যানুরাগী ছিলেন। তাঁহার আমলে সাহিত্যের শ্রীবৃদ্ধি ঘটে। মুঘল বাদশাহের পরিবারভুক্ত অনেকেই সাহিত্য-রসিক, সাহিত্যের পৃষ্ঠ-পোষক এবং সাহিত্য-স্রষ্টা ছিলেন। হুমায়ুনের ভ্রাতা কামরানের 'দেওয়ান' বা 'কাব্য সংগ্রহ', দারাশিকো-অনূদিত উপনিষদ মুঘল রাজবংশের সাহিত্য প্রীতির শ্রেষ্ঠ নিদর্শন। দারাশিকো অসাধারণ প্রতিভাবান পণ্ডিত ছিলেন। 'মজমু-উল্-বহরেন্'

তাঁহার রচিত শ্রেষ্ঠ মৌলিক গ্রন্থ। এই গ্রন্থে তিনি বলিয়াছেন যে, হিন্দু ধর্ম ও ইসলাম ধর্মরূপ দুইটি পথ দিয়া একই অভীষ্ট স্থানে পৌঁছান যায়। মুঘল-হারেমের কয়েকজন মহিলাও কাব্য সাহিত্য ও ইতিহাস রচনা করিয়া যশস্বিনী হন। নূরজাহান, শাহ্‌জাহানের কন্যা জাহানারা, ঔরংজেবের কন্যা জেবউন্নিসা ফার্সী ভাষায় কবিতা রচনা করিয়া খ্যাতি লাভ করেন। সে যুগে ফার্সী ভাষায় অথর্ববেদ, রামায়ণ, মহাভারত, যোগ বাশিষ্ট, নল-দময়ন্তী উপাখ্যান এবং নানাগ্রন্থ অনূদিত হয়।

**ইতিহাস রচনা ঃ** মুঘল যুগে বহু ইতিহাস গ্রন্থ রচিত হইয়াছিল। বাবর ও জাহাঙ্গীরের 'তুজুক' বা 'আত্মজীবনী' সেযুগের বিখ্যাত ঐতিহাসিক গ্রন্থ। হুমায়ুনের ভগ্নী গুলবদন রচনা করেন বিখ্যাত ইতিহাস গ্রন্থ 'হুমায়ুননামা'। আবুল ফজল, নিজামউদ্দীন বক্‌সী' বাদায়ুনি, আবদুল হামিদ লহুরী এবং কাসিম ফেরিস্তা সমকালীন রাজনৈতিক ও সামাজিক ইতিহাস সম্বন্ধে কয়েকখানি তথ্যবহুল গ্রন্থ রচনা করেন। সেযুগে কয়েকজন হিন্দু ঐতিহাসিকও যথেষ্ট খ্যাতি লাভ করেন। তাঁহাদের মধ্যে সবিশেষ উল্লেখযোগ্য হইলেন সুজনরায় ক্ষেত্রী, ঈশ্বরদাস নগর এবং ভীমসেন। ঔরংজেবের রাজত্বকালে ইতিহাস রচনা নিষিদ্ধ হয়। কিন্তু কাফি খাঁ ছদ্মনামে মুহম্মদ হামিদ সেযুগের একখানি তথ্যসমৃদ্ধ ইতিহাস রচনা করেন।

**সংগীত ঃ** মুঘল সম্রাটদের দরবারে সংগীতেরও বিশেষ সমাদর ছিল। বাবর নিজে গান গাহিতে পারিতেন। আকবরও সংগীত রসিক ছিলেন। তিনি কয়েকটি রাগ-রাগিণী ও বাদ্যযন্ত্রের উদ্ভাবন করেন। তাঁহার দরবার তানসেন, রাজবাহাদুর প্রভৃতি সেযুগের শ্রেষ্ঠ সঙ্গীতজ্ঞেরা অলংকৃত করিতেন। মুঘল দরবারে উচ্চাঙ্গ সঙ্গীতের কদর ছিল। শিঙ্গা, বাঁশী, ঢাক প্রভৃতি বাদ্যযন্ত্র হিসাবে ব্যবহৃত হইত।

**আঞ্চলিক সংস্কৃতি ঃ** মুঘল যুগে কয়েকটি আঞ্চলিক সংস্কৃতিরও বিকাশ ঘটিয়াছিল। মুঘল চিত্রকলার অনুসরণ করিয়া রাজপুতগণ চিত্রশিল্পের সমাদর করিতেন। এই শিল্পে তাহাদের নিজস্ব বৈশিষ্ট্য বিরাজ করিত। সাধারণতঃ গ্রাম্য জীবন এবং গ্রামবাসীদের ধর্ম রাজপুত চিত্রকলার বৈশিষ্ট্য ছিল। ইহা 'রাজপুত শিল্পকলা' নামে পরিচিত। জয়পুর রাজপুত চিত্রকলার প্রধান কেন্দ্র।


রাজপুত ও কাংড়া চিত্রকলা

অষ্টাদশ শতাব্দীর মধ্যভাগে পাহাড়ী কিংবা কাংড়া চিত্ররীতির আবির্ভাব হয়। এই চিত্রকলার প্রধান বৈশিষ্ট্য ছিল কৃষ্ণ-লীলা চিত্রের উৎকর্ষ সাধন।

মুঘল যুগে আঞ্চলিক সাহিত্যেরও উন্নতি হইয়াছিল। হিন্দী কবিদের মধ্যে তুলসীদাস বিশেষ উল্লেখযোগ্য। তিনি 'রামচরিত মানস' গ্রন্থটি রচনা করেন। সুরদাস এবং বীরবলও বিখ্যাত হিন্দী লেখক ছিলেন। সুরদাস 'সুরসাগর' গ্রন্থটির রচয়িতা। এই গ্রন্থে শ্রীকৃষ্ণের বাল্যলীলা বর্ণিত হইয়াছে। আকবরের আমলে হিন্দী কাব্য রচনা করিয়া আবদুর রহিম খান সমাদৃত হইয়াছেন। এই সময়েই হিন্দী কবি রস খাঁ শ্রীকৃষ্ণের বৃন্দাবন লীলা বিষয়ক কবিতাবলী রচনা করিয়াছেন। আকবরের রাজত্বকাল ছিল

হিন্দী সাহিত্য

হিন্দী কাব্যের স্বর্ণযুগ। জাহাঙ্গীর এবং শাহ্‌জাহানের আমলেও হিন্দী কবিতা রচনা অব্যাহত ছিল।



পাহাড়ী (কাংড়া) চিত্র

**মারাঠি সাহিত্য**

মুঘল যুগে মারাঠি সাহিত্যেরও উন্নতি পরিলক্ষিত হয়। রামদাস স্বামীর 'দশবোধ' মারাঠি সাহিত্যের অমূল্য সম্পদ। তাহা ছাড়া তুকারামের 'অভঙ্গ' নামক ভক্তিমূলক সংগীত সকলেরই প্রিয়।

**বাংলা সাহিত্য**

মুঘল যুগে বাংলা সাহিত্যের যথেষ্ট উন্নতি ঘটে। কৃষ্ণদাস কবিরাজ রচিত 'শ্রীচৈতন্য-চরিতামৃত', বৃন্দাবন দাস ঠাকুর রচিত 'শ্রীচৈতন্য ভাগবত', জয়ানন্দ ও লোচনদাস রচিত 'শ্রীচৈতন্য মঙ্গল', নরহরি চক্রবর্তী রচিত 'ভক্তি রত্নাকর' বৈষ্ণব সাহিত্যের পুষ্টি সাধন করিয়াছে। তাহা ছাড়া, কবি কংকন মুকুন্দরাম চক্রবর্তী, রায়গুণাকর ভারতচন্দ্র, রামপ্রসাদ প্রভৃতি লেখকদের রচনায় বাংলা ভাষা সমৃদ্ধি লাভ করে। এই যুগে ভগবদ্‌গীতা, রামায়ণ এবং মহাভারত বাংলা ভাষায় অনূদিত হইয়াছিল।

**উর্দু সাহিত্য**

অষ্টাদশ শতাব্দীর মধ্যভাগে মুঘল দরবারে উর্দু ভাষার প্রচলন হয়। ঔরংজেবের আমলে উত্তর ও দক্ষিণ ভারতে উর্দু সাহিত্যের উন্নতি হইয়াছিল। ঔরংজেবের দুর্বল উত্তরাধিকারীগণের সময় হইতে ইংরাজদের আগমনের পূর্ব পর্যন্ত প্রাদেশিক সাহিত্যের অবনতি হইলেও সাহিত্য চর্চার ধারা একেবারে রুদ্ধ হইয়া যায় নাই।

# ভারতের ইতিহাস : ( ১৭০৭-১৮৫৭ খ্রীঃ )

## (১) মুঘল সাম্রাজ্যের পতন ও সংহতি বিনাশ

**ঔরংজেবের আমলে পতনোন্মুখতা :** মুঘল সাম্রাজ্যের মধ্যে ঔরংজেব ছিলেন শেষ পরাক্রান্ত সম্রাট। তাঁহার রাজত্বকালে মুঘল সাম্রাজ্যের সীমা উত্তরে কাশ্মীর হইতে দক্ষিণে কর্ণাট এবং পশ্চিমে গজনী হইতে পূর্বে চট্টগ্রাম পর্যন্ত বিস্তার লাভ করিয়াছিল। কিন্তু বিশাল সাম্রাজ্যের অধিকারী হইয়াও তিনি ইহাকে রক্ষা করিতে পারেন নাই। অসাধারণ সামরিক প্রতিভাবলে বাবর যে সাম্রাজ্য প্রতিষ্ঠা করেন, বিরাট শাসন দক্ষতা ও উদার নীতির দ্বারা আকবর যে সাম্রাজ্য সুদৃঢ় করেন, ঔরংজেবের আমলে সেই সাম্রাজ্যের পতন আরম্ভ হয়।

তবে এই কথাও ঠিক যে কোন সাম্রাজ্যের পতন হঠাৎ করিয়া একদিনে শুরু হইতে পারে না। ডঃ কালীকিংকর দত্ত প্রমুখ ঐতিহাসিকগণ মনে করেন, সম্রাট শাহ্জাহানের বিপুল ঐশ্বর্য ও আড়ম্বরের মধ্যেই সাম্রাজ্যের ধ্বংসের বীজ নিহিত ছিল। বিলাস-ব্যসন ও আড়ম্বরকে চরিতার্থ করিবার নিমিত্ত শাহ্জাহান রাজকোষের অর্থ দুই হাতে ব্যয় করিয়াছেন। প্রকৃতপক্ষে তাঁহার আমলেই মুঘল সাম্রাজ্যের আর্থিক অনটনের সূত্রপাত হয়। অতঃপর ঔরংজেবের রাজত্বকালে ধীরে ধীরে এই সাম্রাজ্য পতনোন্মুখ হইয়া পড়ে।

**উত্তর-পশ্চিম সীমান্ত উপজাতি সংঘর্ষ :** উত্তর ভারতে থাকাকালে ঔরংজেবকে উত্তর-পশ্চিম সীমান্তে ইউসুফজাই ও আফ্রিদি নামক পাঠান উপজাতিদের সহিত সংঘর্ষে লিপ্ত থাকিতে হইয়াছিল। শেষ পর্যন্ত তিনি বহু উপজাতি সর্দারকে উপঢৌকন, ভাতা ও জায়গীর প্রদান করিয়া এবং অন্যান্যদের ক্ষেত্রে বল প্রয়োগের সাহায্যে এই বিদ্রোহ দমন করিয়াছিলেন বটে, তবে ইহার ফল মোটেই ভাল হয় নাই। ইহার জন্য তাঁহাকে বহু অর্থ ব্যয় করিতে হইয়াছিল। আফগানদের রাজপুত যুদ্ধে নিয়োগ করাও ঔরংজেবের পক্ষে অসম্ভব হইয়া পড়িয়াছিল। উত্তর-পশ্চিম সীমান্তের উপজাতিদের দমন করিতে দাক্ষিণাত্য হইতে মুঘল সৈন্য বাহিনীর এক বিরাট অংশ সীমান্তে প্রেরণ করিতে হইয়াছিল। দাক্ষিণাত্যে মুঘল সৈন্য সংখ্যা হ্রাস পাওয়ায় শিবাজীর পক্ষে বিরাট অঞ্চলে আধিপত্য স্থাপন করা সম্ভব হইয়াছিল। তাহা ছাড়া ঔরংজেব দীর্ঘদিন ধরিয়া সীমান্ত অঞ্চলে ব্যস্ত ছিলেন বলিয়া রাজপুত-বিদ্রোহ ও মারাঠাদের অভ্যুত্থানের পথ সুগম হইয়াছিল।

পাঠান উপজাতি

**জাঠ, বুন্দেলা, সৎনামী বিদ্রোহ :** অতিষ্ঠ হইয়া ঔরংজেবের ধর্মনীতির বিরুদ্ধে সর্বপ্রথম বিদ্রোহ ঘোষণা করে মাথুর অঞ্চলে হিন্দু জাঠগণ ( ১৬৬৯ খ্রীঃ )।

জাঠনেতা গোকলা মুঘলদের হস্তে নিহত হইলে ১৬৮৫ খ্রীষ্টাব্দে তাহারা রাজারামের নেতৃত্বে পুনরায় বিদ্রোহী হয়। রাজারামও মুঘলবাহিনী কর্তৃক পরাজিত ও নিহত হন। জাঠেরা এইবার চূড়ামন নামক একজন শক্তিশালী নেতার অধীনে সংঘবদ্ধ হয়। ঔরংজেবের পক্ষে জাঠ বিদ্রোহ সম্পূর্ণরূপে দমন করা সম্ভব হয় নাই।

জাঠনেতা গোকলা

ঔরংজেবের সংকীর্ণ ধর্মনীতির বিরুদ্ধে দ্বিতীয় বিদ্রোহ দেখা দেয় বুন্দেলখণ্ডে। বুন্দেলানেতা চম্পৎরায় মুঘলদের নিকট পরাজিত হইয়া আত্মহত্যা করেন। অতঃপর তাঁহার পুত্র ছত্রশাল মুঘলবাহিনীকে পরাজিত করিয়া মালবে একটি স্বাধীন রাজ্য স্থাপন করিতে সক্ষম হইয়াছিলেন।

বুন্দেলানেতা চম্পৎ রায় ও তাঁহার পুত্র ছত্রশাল

১৬৭২ খ্রীষ্টাব্দে পাঞ্জাবে পাতিয়ালা এবং রাজস্থানে আলোয়ার অঞ্চলে সৎনামী নামে এক ধর্ম সম্প্রদায়ও মুঘল সাম্রাজ্যের বিরুদ্ধে অস্ত্র ধারণ করিয়াছিল। ভগবানের সৎনামে বিশ্বাসী ছিল বলিয়া তাহাদের ঐ নামে অভিহিত করা হইত। মুঘল সৈন্য কর্তৃক জনৈক সৎনামী কৃষক নিহত হইলে সৎনামী সম্প্রদায় পাতিয়ালা রাজ্যে নারনোল ও মেওয়াট অঞ্চলে বিদ্রোহী হইয়া উঠে। প্রচণ্ড যুদ্ধ করিয়াও শেষ পর্যন্ত তাহারা মুঘলবাহিনীর নিকট শোচনীয়ভাবে পরাজিত হয়।

সৎনামী সম্প্রদায়

**শিখ বিদ্রোহ ঃ** ঔরংজেবের অদূরদর্শী ধর্মনীতি পাঞ্জাবের শিখ সম্প্রদায়কেও বিদ্রোহী করিয়া তুলিয়াছিল। মুঘলদের সঙ্গে শিখদের সংঘর্ষ সম্রাট জাহাঙ্গীরের আমল হইতে শুরু হইয়াছিল। ঔরংজেবের আমলে এই বিদ্রোহের তীব্রতা আরও বৃদ্ধি পায়। শিখগুরু তেগবাহাদুরকে হত্যা করিয়া তিনি পরিণামে মস্ত ভুল করিয়াছিলেন। তেগ বাহাদুর ছিলেন শিখদের নবম গুরু। তিনি ঔরংজেবের ধর্মনীতির তীব্র প্রতিবাদ জানাইয়াছিলেন এবং কাশ্মীরের ব্রাহ্মণগণকে ঔরংজেবের আদেশ অমান্য করিতে প্ররোচনা দিয়াছিলেন। ইহাতে ক্রুদ্ধ হইয়া ঔরংজেব তাঁহাকে দিল্লীতে বন্দী করিয়া লইয়া আসেন। স্বধর্ম ত্যাগ অথবা মৃত্যু—ইহার মধ্যে তেগ বাহাদুর মৃত্যুকেই বাছিয়া লইয়াছিলেন। তেগবাহাদুরের হত্যা শিখগণকে মুঘলের প্রবল শত্রুতে পরিণত করিল। তাঁহার পুত্র গুরু গোবিন্দ সিংহ পিতৃহত্যার প্রতিশোধ লইতে বদ্ধ-পরিকর হইলেন। তিনি শিখগণকে একটি সামরিক সম্প্রদায়ে পরিণত করেন। এই নূতন সম্প্রদায় 'খালসা' নামে পরিচিত হইল। গুরু গোবিন্দ সিংহের নেতৃত্বে শিখগণ মুঘলের সহিত সংগ্রামে প্রবৃত্ত হইল। শেষ পর্যন্ত ঔরংজেবের পক্ষে এই দুর্ধর্ষ শিখ জাতিকে দমন করা সম্ভব হয় নাই।

তেগবাহাদুর

**রাজপুতদের বিরোধিতা ঃ** মুঘল সম্রাট আকবরের আমলে তাঁহার উদার ও বন্ধুত্বপূর্ণ নীতির ফলে রাজপুতগণ মুঘল সাম্রাজ্যের স্তম্ভরূপে পরিণত হইয়াছিল।

কিন্তু ঔরংজেবের হিন্দু বিদ্বেষী ধর্মনীতির ফলে সেই রাজপুত্রগণ মুঘলদের প্রবল শত্রুতে পরিণত হইল। [ বিশদ বিবরণ পূর্ববর্তী অধ্যায়ে দ্রষ্টব্য। ]

**অর্থ সংকট ঃ** ঔরংজেবের রাজত্বের শেষভাগে মুঘল রাজকোষে এক দারুণ অর্থনৈতিক সংকট দেখা দেয়। এই সংকটের দুইটি প্রধান কারণ হইল সামরিক খাতে ব্যয় এবং রাজস্বের পরিমাণ হ্রাস। সারাজীবন ব্যাপী যুদ্ধবিগ্রহের ফলে শুধুমাত্র সৈন্যক্ষয় ঘটে নাই, তাঁহার রাজকোষও একেবারে শূন্য হইয়া পড়ে। মুঘল শাসনব্যবস্থায় দেখা যায়, যুদ্ধের সময় মনসবদারেরা সম্রাটকে সৈন্য দিয়া সাহায্য করিতেন। ইহাতে সামরিক খাতে সম্রাটের বিপুল অর্থব্যয় হইত।

যুদ্ধের ফলে রাজকোষে অর্থাভাব

এদিকে সম্রাটের আয়ও পূর্বাপেক্ষা অনেক হ্রাস পায়। মুঘল দরবারে আয়ের প্রধান উৎস ছিল ভূমি-রাজস্ব। জায়গীরদারদের মাধ্যমে ভূমি-রাজস্ব আদায় করা হইত। এখানে উল্লেখ করা প্রয়োজন, টোডরমলের পরামর্শে সম্রাট আকবর তাঁহার রাজত্বকালে জায়গীর প্রথা রহিত করিয়া দিয়াছিলেন। কিন্তু ঔরংজেবের আমলে জায়গীর প্রথার বহুল প্রচলন দেখা যায়। তবে নানা কারণে জায়গীরদারদের নিকট হইতে ঠিকমত রাজস্ব আদায় করা সম্ভব হইত না। চারিদিকে বিদ্রোহ ও অশান্তির ফলে সারা দেশের আইন-শৃঙ্খলা সম্পূর্ণরূপে ভাঙ্গিয়া পড়ে। ফলে জায়গীর-দারদের নিকট হইতে রাজস্ব আদায় করা কঠিন হইয়া পড়ে। জায়গীরদারদের পদমর্যাদা বংশানুক্রমিক ছিল না। তাঁহারা জানিতেন যে মৃত্যুর পরে জায়গীরের ভার গ্রহণ করিবেন সম্রাট। তাই তাঁহারা নিজেদের জীবদ্দশায় জায়গীর হইতে প্রভুত অর্থ অর্জনের চেষ্টা করিতেন। রাজস্ব আদায়ের দিক হইতে সর্বাপেক্ষা ক্ষতিগ্রস্ত হয় দাক্ষিণাত্য অঞ্চল। সেখানে মারাঠা হামলার ফলে জায়গীরগুলির আয় কমিয়া যায়। সেখানকার মনসবদারেরা তখন উত্তর ভারতে জায়গীরের জন্য সম্রাটের নিকট দাবী জানান। জায়গীর বণ্টনের ক্ষেত্রেও সম্রাট বৈষম্যমূলক নীতি গ্রহণ করেন। যাঁহারা ছিলেন সম্রাটের খুব ঘনিষ্ঠ ও প্রিয়পাত্র তাঁহারাই বিশেষ সুযোগ সুবিধা লাভ করিতেন। জায়গীরের প্রশ্নকে কেন্দ্র করিয়া মুঘল দরবারে অভিজাতগণের মধ্যে বিভেদ লাগিয়াই থাকিত। অভিজাতগণ বিভিন্ন শ্রেণীতে বিভক্ত ছিলেন। তাঁহাদের এই দ্বন্দ্বও মুঘল সাম্রাজ্যের পতনের অন্যতম কারণ।

জায়গীর প্রথার কুফল

এইসব ঐতিহাসিক সত্যকে ঔরংজেব উপলব্ধি করিতে পারেন নাই। তাই বহুগুণের অধিকারী হইয়াও ঔরংজেব রাজনীতিতে সম্পূর্ণ ব্যর্থ হইয়াছিলেন।* অবশেষে ব্যর্থতার গ্লানি বহন করিয়া ১৭০৭ খ্রীষ্টাব্দে তিনি মৃত্যুমুখে পতিত হন।

---

* "Politically, therefore, Aurangzeb with all these virtues was a complete failure"—J. N. Sarkar.

**উত্তরাধিকারীগণের দুর্বলতা এবং মুঘল দরবারে দলাদলি প্রবণতা :** তাঁহার মৃত্যুর পর হইতেই পতনোন্মুখ মুঘল সাম্রাজ্য আস্তে আস্তে সম্পূর্ণরূপে ভাঙ্গিয়া পড়ে। পিতার মৃত্যুর পর সিংহাসন লইয়া ভ্রাতাদের মধ্যে বিবাদ ও হানাহানি—মুঘল সাম্রাজ্যের ইতিহাসে এক কলঙ্কিত ঘটনা। শাহ্‌জাহান ও ঔরংজেব উভয়েই মুঘল সিংহাসনে আরোহণ করিয়াছিলেন বাহুবলে অন্য ভ্রাতাদের পরাজিত করিয়া। ঔরংজেবের মৃত্যুর পর যদি সেই ঘটনারই পুনরাবৃত্তি ঘটে, ইহাতে আর আশ্চর্য কি! মৃত্যুর পূর্বেই ঔরংজেব এইরূপ আশঙ্কা করিয়া তিন পুত্রের মধ্যে সাম্রাজ্য বণ্টন করিয়া দিয়া গিয়াছিলেন। তথাপি তাঁহারা সকলেই দিল্লীর সিংহাসন অধিকার করিবার জন্য ব্যস্ত হইয়া উঠিলেন। ফলে তাহাদের মধ্যে আরম্ভ হইল এক বিরাট গৃহযুদ্ধ। এই গৃহযুদ্ধের ফলেই ধ্বংসোন্মুখ মুঘল সাম্রাজ্যের আরও পতন ঘটিতে থাকে।

গৃহযুদ্ধ

ঔরংজেব যখন মারা যান তখন তাঁহার পাঁচ পুত্রের মধ্যে তিনজন মাত্র জীবিত ছিলেন। তাঁহারা হইলেন মুয়াজ্জেম, কামবক্স ও আজম্। দিল্লীর সিংহাসন লইয়া গৃহযুদ্ধ আরম্ভ হইলে মুয়াজ্জেম তাঁহার দুই ভ্রাতা কামবক্স ও আজমকে হত্যা করেন এবং প্রথম বাহাদুর শাহ্ বা প্রথম শাহ্ আলম নাম ধারণ করিয়া দিল্লীর সিংহাসনে আরোহণ করেন।

প্রথম বাহাদুর শাহ্ মাত্র পাঁচ বৎসর রাজত্ব করিয়াছিলেন। তাঁহার পক্ষে সাম্রাজ্যের পতন রোধ করা সম্ভব হয় নাই। তাঁহার রাজত্বকালে মুঘল দরবারের অভিজাতগণ তিনটি দলে বিভক্ত হইয়া পড়িয়াছিলেন। সুন্নী সম্প্রদায়ভুক্ত 'তুরাণী'-দের দলপতি ছিলেন নিজাম-উল-মুল্‌ক্ আর শিয়া সম্প্রদায়ভুক্ত 'ইরাণী'দের দলপতি ছিলেন জুলফিকার আলি। সৈয়দ হুসেন আলী এবং তাঁহার ভ্রাতা সৈয়দ আবদুল্লা ছিলেন 'হিন্দুস্তানী'—দলের নেতা। ইতিহাসে তাঁহারা 'সৈয়দ ভ্রাতৃদ্বয়' নামে পরিচিত। এই 'সৈয়দ ভ্রাতৃদ্বয়' তখন খুব প্রভাবশালী ছিলেন।

তুরাণী, ইরাণী ও হিন্দুস্থানী দল

প্রথম বাহাদুর শাহের ছিল চারিপুত্র—জাহান্দার শাহ্, আজিম্-উস-শান, রফি-উস্-শান ও জাহান শাহ্। ১৭১২ খ্রীষ্টাব্দে প্রথম বাহাদুর শাহের মৃত্যু হইলে তাঁহার পুত্রদের মধ্যে সিংহাসন লইয়া ভ্রাতৃযুদ্ধ আরম্ভ হইল। শেষ পর্যন্ত ইরাণী দলের নেতা জুলফিকার আলির সাহায্যে জাহান্দার শাহ এই ভ্রাতৃযুদ্ধে জয়ী হন এবং দিল্লীর সিংহাসনে বসেন। জাহান্দার শাহ্ ছিলেন অত্যন্ত দুর্বল। প্রকৃতপক্ষে জুলফিকার আলিই তাঁহাকে পরিচালনা করিতেন।

পরে সৈয়দ ভ্রাতৃদ্বয় জাহান্দার শাহ্ ও তাঁহার মন্ত্রী জুলফিকার আলিকে হত্যা করিয়া ১৭১৩ খ্রীষ্টাব্দে আজিম-উস্-শানের পুত্র ফারুকশিয়ারকে দিল্লীর সিংহাসনে বসাইলেন। এই সৈয়দ ভ্রাতৃদ্বয় ফারুকশিয়ারকে তাঁহাদের হাতের পুতুলে পরিণত করিয়া রাখিয়াছিলেন। ফারুকশিয়ার ছিলেন দুর্বল, অকর্মণ্য অথচ ক্ষমতালিপ্সু। তিনি সব ক্ষমতা নিজের হাতে রাখিতে চাহিলেন। ফলে সৈয়দ ভ্রাতৃদ্বয় ও

সৈয়দ ভ্রাতৃদ্বয় ও ফারুক-শিয়ারের মধ্যে বিরোধ

ফারুকশিয়ারের মধ্যে বিরোধের সৃষ্টি হইল। এই বিরোধের ফলেই ফারুকশিয়ার সৈয়দ ভ্রাতৃদ্বয়ের হস্তে নিহত হইলেন।

ইহার পর সৈয়দ ভ্রাতৃদ্বয় রফি-উস্-শানের দুই পুত্র রফি-উদ্-দরাজাত ও রফি-উদ্-দৌলাকে পর পর সিংহাসনে বসাইলেন। কিন্তু কিছুদিনের মধ্যে তাঁহাদেরও পতন হইল (১৭১৯ খ্রীঃ)।

অতঃপর জাহানশাহের পুত্র রোহ্‌শান-আখ্‌তার সৈয়দ ভ্রাতৃদ্বয়ের সাহায্য গ্রহণ করিয়া এবং মহম্মদ শাহ্‌ নাম ধারণ করিয়া দিল্লীর বাদশাহ্‌ হন। বাদশাহ হইয়া মহম্মদ শাহ্‌ সৈয়দ ভ্রাতৃদ্বয়ের প্রভাব প্রতিপত্তি সহ্য করিতে চাহিলেন না। তিনি দাক্ষিণাত্যের শাসনকর্তা নিজাম-উল্-মুলক্-এর সাহায্যে সৈয়দ ভ্রাতৃদ্বয়কে হত্যা করেন।

মহম্মদ শাহ্‌ ২৯ বৎসর (১৭১৯—৪৮ খ্রীঃ) রাজত্ব করিয়াছিলেন। তাঁহার রাজত্বকাল দীর্ঘ হইলেও নিজের অকর্মণ্যতা ও দুর্বলতার জন্য তিনি সাম্রাজ্যের পতনকে রোধ করিতে পারেন নাই। মহম্মদ শাহের প্রধান মন্ত্রী নিজাম-উল্-মুলক্ উপাধিধারী মীর কামরুদ্দিন চিন্ ফিলিচ খান সমরখন্দী নামক এক ব্যক্তি দাক্ষিণাত্যের শাসনকর্তার পদে অধিষ্ঠিত হইয়া একটি স্বাধীন সু-বিশাল রাজ্য প্রতিষ্ঠা করেন (১৭২৪ খ্রীঃ)। এই সময়ে অযোধ্যার শাসনকর্তা সফদরজঙ্গ্ এবং বাংলা-বিহার-উড়িষ্যার সুবাদার আলিবর্দী খাঁ দুইটি স্বাধীন রাজ্য গড়িয়া তোলেন। অন্যদিকে আগ্রার নিকটে জাঠগণ, পাঞ্জাবে শিখগণ এবং রোহিলাখণ্ডের রোহিলাগণ স্বাধীন হইয়া পড়ে। রোহিলা আফগানগণ আলী মহম্মদ খান নামক জনৈক ধর্মান্তরিত হিন্দুর নেতৃত্বে স্বাধীন রোহিলাখণ্ডের পত্তন করিল। এই সময়ে মধ্যভারতের রাজপুতগণও প্রকৃতপক্ষে স্বাধীন হইয়া পড়িল। ইহা ছাড়া মারাঠাগণ চারিদিকে নিজেদের প্রভাব বিস্তার করে। মারাঠাগণ মালব ও গুজরাটে প্রাধান্য স্থাপন করিয়া পেশোয়া প্রথম বাজীরাও-এর নেতৃত্বে বীরদর্পে দিল্লীর অভিমুখে অগ্রসর হইল (১৭৩৭ খ্রীঃ)। ফলে মুঘল সাম্রাজ্যের আয়তন তখন মুষ্টিমেয় কয়েকটি প্রদেশের মধ্যে সীমাবদ্ধ হইয়া পড়ে। এইভাবে মহম্মদ শাহের রাজত্বকালে মুঘল সাম্রাজ্য প্রায় ছিন্ন-ভিন্ন হইয়া যায়।

বিভিন্ন সুবায় স্বাধীনতা ঘোষণা

**বৈদেশিক আক্রমণ :** সাম্রাজ্যে যখন এইরূপ চরম দুর্দিন, তখন ১৭৩৯ খ্রীষ্টাব্দে পারস্য সম্রাট নাদির শাহ্‌ ভারত আক্রমণ করেন। যুদ্ধ করিতে হইলে কারণ প্রদর্শন করা রাজনৈতিক শিষ্টাচার। নাদির শাহ্‌ কারণ প্রদর্শন করিলেন যে, মুঘল দরবারে পারস্যের দূতের প্রতি যথোচিত মর্যাদা প্রদর্শিত হয় নাই। রাজদূতের অপমান প্রকৃতপক্ষে রাজার অপমান; আর সেই অপমানের প্রতিশোধ গ্রহণ রাজার কর্তব্য। তাই নাদির শাহ্‌ দিল্লী অভিযানে অগ্রসর হইলেন (১৭৩৮ খ্রীঃ)। দিল্লীর ময়ূর সিংহাসন ও মূল্যবান কোহিনূর হীরক-এর কথা তিনি পূর্বেই শুনিয়াছেন। আসলে এই ধনরত্নই তাঁহাকে প্রলুব্ধ করিয়াছিল।

নাদির শাহ্‌ বিনা বাধায় গজনী, কাবুল ও লাহোর জয় করিয়া দিল্লী অভিমুখে

অগ্রসর হইলেন। মুঘল সম্রাট মহম্মদ শাহ্ কর্ণাল নামক স্থানে তাঁহার গতিরোধ করিলেন। কর্ণালের যুদ্ধে মুঘল বাহিনী পারসিকদের হস্তে পরাজিত হইল। পরাজিত মহম্মদ শাহ্ বিজয়ী নাদির শাহের সহিত এক সঙ্গে দিল্লী প্রবেশ করিলেন। কয়েকদিন পরে দিল্লীতে গুজব রটিল যে, নাদির শাহের মৃত্যু হইয়াছে। এই মিথ্যা রটনায় ক্রুদ্ধ হইয়া নাদির শাহ্ প্রতিশোধ গ্রহণে প্রবৃত্ত হইলেন। তিনি প্রায় ৩০ হাজার দিল্লীবাসীকে নিষ্ঠুরভাবে হত্যা করেন। দুই মাস ভারতে লুণ্ঠন করিয়া নাদির শাহ্ বহু ধনরত্ন, বিশ্ববিখ্যাত ময়ূর-সিংহাসন, কোহিনূর হীরক ও প্রায় ৭০ কোটি টাকা স্বদেশে লইয়া যান। ইহা ছাড়া দশ হাজার ঘোড়া, তিনশত হাতী এবং বহু উট তিনি সঙ্গে লইয়া গেলেন। সিন্ধু, কাবুল ও পশ্চিম পাঞ্জাব নাদির শাহকে ছাড়িয়া দিতে হইল। নাদির শাহের আক্রমণ পতনোন্মুখ মুঘল সাম্রাজ্যের উপর যে আঘাত হানিল তাহা হইতে ইহার পুনরুজ্জীবনের কোন উপায় ছিল না। এই আক্রমণের ফলে মুঘল সাম্রাজ্যের মর্যাদা চিরতরে বিনষ্ট হয়। বিস্মিত জগৎবাসী প্রথম উপলব্ধি করিল, 'দিল্লীশ্বরো বা জগদীশ্বরো বা' অসহায় পুত্তলিকা মাত্র।

নাদির শাহের আক্রমণ



নাদির শাহ্

নাদির শাহের আক্রমণের ধাক্কা সামলাইয়া উঠিতে না উঠিতেই ১৭৪৮ খ্রীষ্টাব্দে আবার আহম্মদশাহ্ আবদালী বা দুর্‌রাণী ভারত আক্রমণ করেন। ১৭৪৮ খ্রীষ্টাব্দে নাদির শাহ্ নিহত হইলে তাঁহার আফগান সেনাপতি আহম্মদশাহ্ আবদালী বা দুর্‌রাণী পারস্যের পূর্বভাগে আধিপত্য স্থাপন করেন। তিনি ছিলেন আফগানিস্তানের 'আবদালী' বংশ সম্ভূত। তিনি 'দুর-ই দওরান' অর্থাৎ যুগরত্ন উপাধি ধারণ করিয়াছিলেন। এইজন্য তাঁহার বংশ 'দুর্‌রাণী বংশ' নামে পরিচিত। নাদির শাহের ভারত আক্রমণের ফলে মুঘল রাজশক্তির দুর্বলতা তাঁহার নিকট সুস্পষ্ট হইয়া উঠে। তিনি আফগানিস্তানের অধিপতি রূপে ১৭৪৮ খ্রীষ্টাব্দে মহম্মদশাহের রাজত্বের শেষভাগে ভারত আক্রমণ করেন। ইহার পর আরও কয়েকবার তিনি ভারত আক্রমণ করিয়াছিলেন। ইহার ফলে মুঘল সাম্রাজ্যের যেটুকু অবশিষ্ট ছিল তাহাও প্রায় ধ্বংস হইয়া গেল।

আহম্মদশাহ্ আবদালীর আক্রমণ

মহম্মদ শাহের মৃত্যুর পর তাঁহার পুত্র আহম্মদশাহ্ ১৭৪৮ খ্রীষ্টাব্দে দিল্লীর সিংহাসনে আরোহণ করেন। কিন্তু ধ্বংসপ্রায় মুঘল সাম্রাজ্যকে পুনর্গঠিত করিবার মত শক্তি তাঁহার ছিল না। অতঃপর যথাক্রমে দ্বিতীয় আলমগীর, দ্বিতীয় আকবর

এবং দ্বিতীয় বাহাদুরশাহ্ দিল্লীর সিংহাসনে আরোহণ করেন। তাঁহারা নামেমাত্র সম্রাট ছিলেন। তাঁহাদের রাজত্ব শুধু দিল্লীর নিকটেই সীমাবদ্ধ ছিল। ১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহে যোগদানের অপরাধে শেষ মুঘল সম্রাট দ্বিতীয় বাহাদুর শাহ্‌কে ইংরাজরা রেঙ্গুনে নির্বাসিত করে। সেখানে ১৮৬২ খ্রীষ্টাব্দে তাঁহার মৃত্যু ঘটিলে মুঘল রাজ-বংশের অবসান ঘটে।

**মুঘল সাম্রাজ্যের পতনের বিভিন্ন কারণ:** বিখ্যাত ঐতিহাসিক ইবন্ খালদুন বলিয়াছেন, "মানুষের মত সাম্রাজ্যেরও জন্ম, উত্থান ও পতন আছে।" (Empire like human beings has its birth, rise and death)। স্বীয় প্রতিভাবলে বাবর যে সাম্রাজ্য প্রতিষ্ঠা করিয়াছেন, মহামতি আকবর তাঁহার শাসন-ক্ষমতা ও উদার নীতির দ্বারা যে সাম্রাজ্যকে সুদৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত করিয়াছেন, ঔরংজেবের আমলে সেই সাম্রাজ্যের পতন অনিবার্য হইয়া উঠিয়াছিল। প্রকৃতির অমোঘ বিধানে স্পর্ধিত সেই মুঘল সাম্রাজ্য তখন ধূলায় লুণ্ঠিত। মুঘল সাম্রাজ্যের পতনের জন্য ঔরংজেব বহুলাংশে দায়ী ছিলেন, সেই বিষয়ে কোন সন্দেহ নাই। তাঁহার সংকীর্ণ ও ধর্মান্ধ নীতি, সন্দিগ্ধ-পরায়ণতা ও ভ্রান্ত দাক্ষিণাত্য নীতিই সাম্রাজ্যের পতন ডাকিয়া আনিয়াছিল। এক সময়ে যে প্রজারা ছিল সাম্রাজ্যের ভিত্তি স্বরূপ ঔরংজেবের আমলে সম্প্রীতির অভাবে তাঁহারাই সাম্রাজ্যের ধ্বংসের কারণ হইয়া উঠিয়াছিল। কিন্তু কোন একটিমাত্র কারণে বিশাল মুঘল সাম্রাজ্যের পতন হয় নাই, বিভিন্ন কারণে এই সাম্রাজ্যের পতন ঘটিয়াছিল।

উত্তরাধিকারীগণের অকর্মণ্যতা

প্রথমতঃ, ঔরংজেবের উত্তরাধিকারীগণ ছিলেন অত্যন্ত দুর্বল। তাঁহাদের মধ্যে কাহারও সাম্রাজ্য পরিচালনা করিবার মত শক্তি কিংবা প্রতিভা ছিল না। তাঁহারা প্রায় সকলেই ছিলেন অকর্মণ্য, বিলাসী, স্বার্থপর এবং দরবারের চক্রান্তকারীদের হাতের পুতুল। কেন্দ্রীয় শক্তির এই দুর্বলতার সুযোগে প্রদেশগুলি একে একে স্বাধীন হইয়া উঠিল। ফলে মুঘল সাম্রাজ্য ছিন্ন বিচ্ছিন্ন হইয়া পড়িল।

আমীরওমরাহদের চক্রান্ত

দ্বিতীয়তঃ, আমীর ওমরাহদের চারিত্রিক অবনতিও মুঘল সাম্রাজ্যের পতনের অন্য একটি কারণ। ঐশ্বর্য্যের প্রাচুর্য মুঘল দরবারের আমীর-ওমরাহদের লোভী, চক্রান্তকারী, মদ্যপ ও দুর্নীতিপরায়ণ করিয়া তুলিয়াছিল। ফলে সমস্ত শাসনব্যবস্থা পঙ্গু হইয়া পড়িয়াছিল।

সামরিক বাহিনীর দুর্বলতা

তৃতীয়তঃ, সামরিক বাহিনীর আভ্যন্তরীণ ত্রুটি মুঘল সাম্রাজ্যের পতনের অন্যতম কারণ। অতিরিক্ত বিলাস-ব্যসন ও জাঁকজমকের ফলে মুঘল সৈন্যবাহিনীর শৃঙ্খলা বিনষ্ট হইয়াছিল। নর্তক-নর্তকী, দাস-দাসী এবং আমোদ-প্রমোদে পরিপূর্ণ মুঘল সৈন্যশিবির ছিল যেন একটি ভ্রাম্যমান শহর। ফলে বিলাসপ্রিয় মুঘল সৈন্যরা ক্ষিপ্রগতি মারাঠা যোদ্ধাদের সঙ্গে কিছুতেই আঁটিয়া উঠিতে পারে নাই।

চতুর্থতঃ, সাম্রাজ্যের বিশালতাও মুঘল সাম্রাজ্যের পতনের আর একটি কারণ।

বিশাল সাম্রাজ্যকে একটি কেন্দ্র হইতে শাসন করা খুবই দুঃসাধ্য ছিল। সে যুগে পরিবহণ ব্যবস্থার উন্নতি হয় নাই বলিয়া সাম্রাজ্যের বিভিন্ন অংশের মধ্যে যোগাযোগ রক্ষা করা এবং সম্রাটের পক্ষে সর্বত্র সতর্ক দৃষ্টি রাখা সম্ভব ছিল না। ফলে কোন অঞ্চলে বিদ্রোহ কিংবা অরাজকতা দেখা দিলে তাহা দমন করাও সম্রাটের পক্ষে অসম্ভব ছিল।

সাম্রাজ্যের বিশালতা

পঞ্চমতঃ, রাজকোষের অর্থাভাব মুঘল সাম্রাজ্যের পতনের অন্যতম কারণ। ঔরংজেবের পরবর্তী মুঘল সম্রাটগণ সব সময়েই নিজেদের মধ্যে অন্তর্দ্বন্দ্ব ও যুদ্ধ-বিগ্রহে লিপ্ত ছিলেন। ইহার ফলে এবং অতিরিক্ত বিলাস-ব্যসনে রাজকোষ শূন্য হইয়া পড়িয়াছিল। (এই বিষয়ে পূর্বেই বিস্তারিত আলোচনা করা হইয়াছে)।

নৌ-শক্তির অভাব

ষষ্ঠতঃ, মুঘল সাম্রাজ্যের সুদূর প্রসারিত উপকূলভাগকে রক্ষা করিবার মত উপযুক্ত নৌ-শক্তি ছিল না।

সপ্তমতঃ, সাম্রাজ্যে যখন ঘোর সংকটকাল উপস্থিত, তখন নাদিরশাহ্‌ ও আহম্মদশাহ আবদালির আক্রমণে মুঘল সাম্রাজ্য চিরতরে শ্মশানে পরিণত হইল।

## (২) আঞ্চলিক শক্তিসমূহের উত্থান

(ক) **আঞ্চলিক শক্তিসমূহের উত্থান ঃ** মুঘল সাম্রাজ্যের ভাঙ্গনের যুগে ভারতের রাজনীতিতে এক বিরাট অনিশ্চয়তা ও অস্থিরতা দেখা দিল। মুঘল সম্রাটগণের অপদার্থতার ফলে কেন্দ্রীয় শাসনব্যবস্থায় চরম বিশৃঙ্খলার সৃষ্টি হয়। এই পরিস্থিতিতে আঞ্চলিক শক্তিগুলি নিজ নিজ প্রাধান্যলাভে সচেষ্ট হইয়া উঠে। ডঃ কালীকিংকর দত্ত অষ্টাদশ শতাব্দীর ভারত ইতিহাসকে 'ভাগ্যান্বেষীদের ক্ষমতা লাভের কাহিনী' বলিয়া মন্তব্য করিয়াছেন। কেন্দ্রীয় সরকারের দুর্বলতার সুযোগে নিজাম-উল্‌-মুল্‌ক্‌ হায়দ্রাবাদে, সাদাৎ আলি খাঁ অযোধ্যায় এবং মুর্শিদকুলি খাঁ বাংলায় 'প্রায় স্বাধীন' রাজ্য স্থাপন করেন। পাঞ্জাবে শিখ শক্তির জাগরণ, মহীশূরে হায়দর আলির উত্থান এবং শিবাজীর নেতৃত্বে মারাঠা শক্তির বিস্তারলাভ এই সময়ের আরও কয়েকটি তাৎপর্যপূর্ণ ঘটনা। এইভাবে ঔরংজেবের মৃত্যুর প্রায় ত্রিশ বৎসরের মধ্যেই মুঘল সাম্রাজ্যের অস্তিত্ব ভগ্নরেখায় পরিণত হয়।

এই আঞ্চলিক শক্তিগুলির উত্থানের কয়েকটি বৈশিষ্ট্য এখানে উল্লেখ করা যাইতে পারে। প্রথমতঃ, আঞ্চলিক বা প্রাদেশিক শক্তিগুলির উত্থানের ফলেই মুঘল সাম্রাজ্যের পতন অনিবার্য হইয়া পড়িয়াছিল।

আঞ্চলিক শক্তির উত্থানের বৈশিষ্ট্য

দ্বিতীয়তঃ, ইহার একটি ইতিবাচক দিকও আছে। মুঘল সাম্রাজ্য ধীরে ধীরে ধ্বংসের পথে অগ্রসর হইতেছিল বলিয়াই প্রাদেশিক ক্ষমতা মাথাচাড়া দিয়া উঠিয়াছিল। প্রকৃতির স্বাভাবিক নিয়মেই যেমন পুরাতন কিছু ধ্বংসের সঙ্গে সঙ্গে নূতন কিছু সৃষ্টি হয়, তেমনি ইতিহাসের স্বাভাবিক গতিতেই অষ্টাদশ শতাব্দীতে ভারতের বিভিন্ন অঞ্চলে বেশ কয়েকটি নূতন শক্তির জন্মলাভ হইয়াছিল।

তৃতীয়তঃ, ঔরংজেবের মৃত্যুর পর হইতে মুঘল শাসনব্যবস্থা সম্পূর্ণরূপে পঙ্গু হইয়া যাওয়ার ফলে জনসাধারণের জীবনযাত্রায় কোনরূপ নিরাপত্তা ছিল না। নূতন শক্তিগুলির বিকাশলাভের ফলে ভারতের বিভিন্ন অঞ্চলে দীর্ঘকাল পরে আবার স্থায়ী ও মজবুত সরকার গঠিত হইল।

চতুর্থতঃ, এই শক্তিগুলির স্বরূপ ও গঠন-প্রকৃতিও আবার একরকম ছিল না। এইগুলি ছিল অঞ্চলভিত্তিক শক্তি। উগ্র-জাতীয়তাবোধে উদ্বুদ্ধ মারাঠাদের লক্ষ্য ছিল হিন্দু-রাজ্য গঠন; বাংলায় দেখা দিল নবাবী শাসন; আবার শিখদের খালসা বাহিনীর আদর্শ ছিল ধর্মকেন্দ্রিক 'অভিসিঞ্চন'।

**বাংলা ঃ** ঔরংজেবের রাজত্বকাল পর্যন্ত বাংলায় মুঘল আধিপত্য সুপ্রতিষ্ঠিত ছিল। ইহার পর হইতে বাংলায় নবাবী শাসনের সূত্রপাত হয়। ১৭০৩ খ্রীষ্টাব্দে ঔরংজেব মুর্শিদকুলি খাঁকে বাংলার দেওয়ান ও শাসনকর্তা নিযুক্ত করিয়া পাঠাইয়াছিলেন। ১৭০৭ খ্রীষ্টাব্দে ঔরংজেবের মৃত্যুর পর মুর্শিদকুলি খাঁ স্বাধীনভাবে বাংলায় শাসন করিতে থাকেন। বিহার ও উড়িষ্যা তাঁহার সুবার অন্তর্গত ছিল। তাঁহারই সময়ে বাংলার রাজধানী ঢাকা হইতে মুর্শিদাবাদে স্থানান্তরিত হয় এবং তাঁহার নামানুসারে নূতন রাজধানীর নামকরণ হইল মুর্শিদাবাদ। তিনি মুর্শিদাবাদে নূতন টাঁকশালের পত্তন করেন।

মুর্শিদকুলি খাঁ

মুর্শিদকুলি খাঁর শ্রেষ্ঠ কীর্তি তাঁহার রাজস্ব-ব্যবস্থা। সলিমুল্লা প্রণীত 'তারিখ-ই-বাংলা' হইতে মুর্শিদকুলি খাঁর রাজস্ব-ব্যবস্থা সম্বন্ধে অনেক তথ্য জানা যায়। বাংলার রাজস্ব-ব্যবস্থায় তিনি আকবরের রাজস্ব মন্ত্রী টোডরমলের মূলনীতি অনুসরণ করিয়াছিলেন। তাঁহার সুন্দর রাজস্ব-ব্যবস্থার ফলে বাংলার রাজকোষে প্রচুর অর্থ সঞ্চিত হইয়াছিল। রাজস্ব আদায়ে কঠোরতা ছিল সন্দেহ নাই, কিন্তু প্রয়োজনবোধে তিনি কৃষকদিগকে ঋণদানের ব্যবস্থাও করিতেন।

সুদক্ষ শাসক হিসাবে তাঁহার যথেষ্ট সুখ্যাতি ছিল। শাসনকার্যের ব্যাপারে তিনি এমন নিরপেক্ষ ছিলেন এবং আইনের প্রতিটি অক্ষর তিনি এমন কঠোরভাবে পালন করিতেন যে, আইন-ভঙ্গের অপরাধে তিনি তাঁহার নিজ পুত্রকেও মৃত্যুদণ্ডে দণ্ডিত করিয়াছিলেন।* শাসনব্যবস্থায় তিনি অনেক নূতন প্রথা প্রবর্তন করেন। তিনি রাজসভার মর্যাদা বৃদ্ধি করেন। রাজকার্যে তিনি হিন্দু কর্মচারী বেশী পছন্দ করিতেন। ভূপতি রায় ও কিশোর রায় নামে দুই হিন্দু তাঁহার রাজকোষের তত্ত্বাবধায়ক ছিলেন। তিনি সৈন্যবাহিনীর খরচ বহুলাংশে হ্রাস করেন। তাঁহার আমলে বাংলার অধিবাসীগণ বেশ শান্তিতেই ছিল। ১৭২৭ খ্রীষ্টাব্দে মুর্শিদকুলি খাঁর মৃত্যু হয়।

* "So impartial was he in his decisions, and so rigid in the execution of the sentence of the law that he put his own son to death for an infraction of its regulations".—History of Culture of Bengal—Dr. A. K. Sur.

তাঁহার মৃত্যুর পর তাঁহার জামাতা সুজাউদ্দৌলা বাংলার সুবাদার নিযুক্ত হন। তাঁহার আমলেই আলিবর্দী খাঁ বিহারের শাসনকর্তার পদ লাভ করেন। সুজাউদ্দৌলা নিয়মিতভাবে দিল্লীতে রাজস্ব প্রেরণ করিয়া মুঘল সম্রাটের অনুগ্রহ লাভ করিয়াছিলেন। তিনি সুশাসক ছিলেন। সামরিক শক্তিবৃদ্ধি করিবার উদ্দেশ্যে তিনি অনেক দক্ষ সৈনিক নিয়োগ করেন। ১৭৩৯ খ্রীষ্টাব্দে তাঁহার মৃত্যু হয়।

সুজাউদ্দৌলা

অতঃপর তাঁহার পুত্র সরফরাজ খাঁ বাংলার নবাব হইলেন। তিনি শাসন-ব্যবস্থায় মুর্শিদকুলি খাঁকে বহুলাংশে অনুকরণ করিয়াছিলেন। তাঁহার সময়েই নাদিরশাহ্ ভারত আক্রমণ করেন এবং ইহার ফলে দিল্লীতে রাজনৈতিক অব্যবস্থা দেখা দেয়। এই সুযোগে বিহারের শাসনকর্তা আলিবর্দী খাঁ তাঁহাকে মসনদচ্যুত করিবার উদ্দেশ্যে সসৈন্যে বাংলা অভিমুখে অগ্রসর হইলেন। ১৭৪০ খ্রীষ্টাব্দে ঘেরিয়ার যুদ্ধে সরফরাজ খাঁকে পরাজিত ও নিহত করিয়া আলিবর্দী খাঁ বাংলার নবাবপদে অধিষ্ঠিত হইলেন।

সরফরাজ খাঁ

মসনদে আরোহণ করিয়াই আলিবর্দী খাঁ মুঘল সম্রাট মহম্মদ শাহকে উপযুক্ত পরিমাণ অর্থ উপঢৌকন দিয়া বাংলার শাসনকর্তা পদে তাঁহার অধিকার আইনতঃ স্বীকার করাইয়া লইলেন। আলিবর্দী খাঁ ছিলেন একজন সাহসী যোদ্ধা ও সুযোগ্য শাসক। নবাব মুর্শিদকুলি খাঁ ও সুজাউদ্দৌলার সময়ে ইংরাজ বণিকগণ বাংলায় প্রভাব প্রতিপত্তি বৃদ্ধি করিবার চেষ্টা করিয়া ব্যর্থ হইয়াছিল। তাই তাঁহাদের সঙ্গে ইংরাজ বণিকদের সম্পর্ক ভাল ছিল না। কিন্তু দূরদর্শী আলিবর্দী খাঁ ইংরাজ বণিকদের প্রতি কোন প্রকার বিদ্বেষপূর্ণ আচরণ না করিয়া কৌশলে তাহাদের প্রতি সতর্কতামূলক মৈত্রী নীতি অনুসরণ করিয়াছিলেন।

আলিবর্দী খাঁ

নবাব আলিবর্দী খাঁর আমলে বাংলায় মারাঠা বর্গীদের আক্রমণ একটি বাৎসরিক ঘটনা হইয়া দাঁড়াইয়াছিল। তিনি তাহাদিগকে বাৎসরিক বার লক্ষ টাকা চৌথ (রাজস্বের এক চতুর্থাংশ) এবং উড়িষ্যার একাংশের রাজস্ব আদায়ের অধিকার দানের প্রতিশ্রুতি দিয়া তাহাদের আক্রমণ হইতে বাংলাকে রক্ষা করেন। ১৭৫৬ খ্রীষ্টাব্দে আলিবর্দী খাঁর মৃত্যু হইলে তাঁহার সুযোগ্য দৌহিত্র সিরাজদ্দৌলা বাংলা-বিহার-উড়িষ্যার নবাবপদে আসীন হইলেন। শীঘ্রই তাঁহার সঙ্গে ইংরাজদের বিবাদ উপস্থিত হয় এবং ইহার ফলস্বরূপ বাংলার রাজনীতিতে এক নূতন অধ্যায়ের সৃষ্টি হয়।

**হায়দ্রাবাদ ঃ** ঔরংজেবের রাজত্বকালে দাক্ষিণাত্যের সুবাদার ছিলেন সুন্নী সম্প্রদায়ভুক্ত তুরাণীদের দলপতি নিজাম-উল্-মূল্ক্। কিন্তু ঔরংজেবের মৃত্যুর পর মুঘল সাম্রাজ্যে ভাঙ্গন দেখা দিলে তিনি কার্যত স্বাধীন নৃপতিরূপে রাজ্যশাসন করিতে থাকেন। মহম্মদ শাহের রাজত্বকালে তিনি সৈয়দ-ভ্রাতৃদ্বয়কে হত্যা করিয়া

তাঁহাদের প্রভাব হইতে সম্রাটকে মুক্ত করেন। পরে নিজাম-উল্-মুল্‌ক্ হইলেন মহম্মদ শাহের প্রধানমন্ত্রী (১৭২২ খ্রীঃ)। 'নিজাম-উল্-মুল্‌ক্' কথাটি আসলে একটি উপাধি। তাঁহার আসল নাম ছিল মীর কমরুদ্দীন চিন্ ফিলিচ খাঁ সমরখন্দী। কিছুকাল পরে তিনি দাক্ষিণাত্যে ফিরিয়া আসিয়া স্বাধীন ও সুবিশাল হায়দ্রাবাদ রাজ্যটি প্রতিষ্ঠা করেন (১৭২৪ খ্রীঃ) এবং রাজ্যপ্রধানরূপে নিজাম নামে আখ্যায়িত হন। মুঘল সম্রাটের প্রতি নামেমাত্র অনুগত থাকিয়া তিনি স্বাধীনভাবে রাজ্যশাসন করিতে থাকেন। দিল্লীর সম্রাট তাঁহাকে 'আসফ ঝাঁ' উপাধিতে ভূষিত করিয়াছিলেন।

নিজাম-উল্-মুল্‌ক্

১৭৪৮ খ্রীষ্টাব্দে নিজাম-উল্-মুল্‌ক্-এর মৃত্যু হইলে তাঁহার পুত্র নাসির জঙ্গ নিজাম হন। এদিকে পরলোকগত নিজামের দৌহিত্র মুজাফ্‌ফর জঙ্গ সিংহাসনের দাবিদার হইলে হায়দ্রাবাদে দারুণ গোলযোগের সৃষ্টি হয়। ক্রমে নিজাম-রাজ্যের গোলযোগ দাক্ষিণাত্যের ইঙ্গ-ফরাসী দ্বন্দ্বের সঙ্গে জড়িত হইয়া পড়ে।

**মহীশূর ঃ** মহীশূর পূর্বে বিজয়নগর রাজ্যের অন্তর্ভুক্ত ছিল। যখন পতন প্রায় আসন্ন, সেই সময় মহীশূরে একটি স্বাধীন হিন্দু রাজবংশের উদ্ভব হয়। ওদেয়ার (Wodeyar) নামে এই রাজবংশের একজন রাজা ১৬১০ খ্রীষ্টাব্দে শ্রীরঙ্গপত্তমে মহীশূর রাজ্যের ভিত্তি স্থাপন করেন।* এই সময়ে বিজয়নগরের রাজা দ্বিতীয় ভেঙ্কট মহীশূরের স্বাধীনতা স্বীকার করিয়া লন। রাজা কৃষ্ণরাজ যখন মহীশূরের সিংহাসনে আরোহণ করেন (১৭৩৪ খ্রীঃ), তখন তাঁহার মন্ত্রী বা দলবই (Dalwai) ছিলেন নান্‌জারাজ। শীঘ্রই নান্‌জারাজ প্রভূত ক্ষমতার অধিকারী হইয়া কৃষ্ণরাজকে তাঁহার হাতের পুতুলে পরিণত করিলেন। এই সময়ে হায়দার আলি নামে এক ভাগ্যান্বেষী ও দুঃসাহসিক ব্যক্তি নান্‌জারাজের নিকট হইতে সমস্ত ক্ষমতা কাড়িয়া লইয়া ক্রমে মহীশূরের সর্বেসর্বা হন।

ওদেয়ার

নান্‌জারাজ

**হায়দর আলির অভ্যুদয় ঃ** হায়দর আলি মহীশূরের একজন সাধারণ সৈনিকের গৃহে জন্মগ্রহণ করেন (১৭২১ খ্রীঃ)। তিনি লেখাপড়া শিখিবার সুযোগ পান নাই। কিন্তু তাঁহার সাহস ছিল অসীম এবং বুদ্ধি ছিল খুব তীক্ষ্ণ। তিনি প্রথমে নান্‌জারাজের অধীনে সামান্য একজন সৈনিক হিসাবে চাকরীতে যোগদান করেন। শীঘ্রই নিজের কর্মদক্ষতার গুণে তিনি নান্‌জারাজের সুনজরে আসেন। একবার তিনি নান্‌জারাজের সঙ্গে ত্রিচিনাপল্লীতে ইঙ্গ-ফরাসী সংঘর্ষে অংশগ্রহণ করেন। এই সময়ে তিনি ইউরোপীয়দের যুদ্ধপদ্ধতির সহিত পরিচিত হন। হায়দরের সামরিক প্রতিভায় সন্তুষ্ট হইয়া নান্‌জারাজ তাঁহাকে দিন্দিগুল নামক স্থানের ফৌজদার নিযুক্ত করেন। এখানে তিনি নিজের অধীনে ইউরোপীয় কায়দায় একটি সুশিক্ষিত সৈন্যদল গড়িয়া

সামরিক প্রতিভা

* The native states of India—Jadav Chandra Chakraborti

তোলেন। পরে মহীশূর রাজ্যের আভ্যন্তরীণ গোলযোগের সুযোগ লইয়া হায়দর আলি নানজারাজের হাত হইতে ক্ষমতা দখল করেন। কিছুকালের মধ্যেই তিনি মহীশূরের হিন্দুরাজাকে অপসারিত করিয়া সেখানকার সুলতান হলেন (১৭৬১ খ্রীঃ)।

সিংহাসনে আরোহণ করিয়াই হায়দর আলি রাজ্যের শান্তি শৃঙ্খলা ফিরাইয়া আনেন। অতঃপর তিনি মহীশূরকে এক শক্তিশালী রাজ্যে পরিণত করিয়া রাজ্যবিস্তারে মনোযোগ দেন। তিনি সিরা, বিদনুর, সুন্ডা, গুটি, চিতলদ্রুগ, কূর্গ ও মালাবার প্রভৃতি স্থান দখল করিয়াছিলেন। এইভাবে হায়দরের অসামান্য কৃতিত্বের ফলে মহীশূর রাজ্যের রাজনৈতিক গুরুত্ব বৃদ্ধি পায় এবং ইহা দাক্ষিণাত্যের অন্যতম শক্তিশালী রাজ্য হিসাবে পরিণত হয়। দাক্ষিণাত্যে ইংরাজ শক্তি প্রতিরোধে হায়দর আলি এবং পরবর্তীকালে তাঁহার সুযোগ্য পুত্র টিপু সুলতান যে উল্লেখযোগ্য ভূমিকা গ্রহণ করিয়াছেন তাহা ইতিহাসের পাতায় উজ্জ্বল স্বর্ণাক্ষরে লিখিত থাকিবে।

রাজ্য বিস্তার

**অযোধ্যা ঃ** অযোধ্যা একটি সুপ্রাচীন ঐতিহ্যময় রাজ্য। দ্বাদশ শতাব্দীর শেষভাগে গাড়োয়াল বংশীয় রাজা জয়চন্দ্র পরাজিত ও নিহত হইলে অযোধ্যা প্রথম মুসলমানদের অধিকারে আসে।

মুঘল সাম্রাজ্যের পতনের যুগে অযোধ্যায় নবাবী শাসন প্রতিষ্ঠিত হয়। পারস্যের অন্তর্গত নিশাপুরের অধিবাসী সাদাৎ খাঁ ছিলেন এই নবাব বংশের প্রতিষ্ঠাতা। সাদাৎ খাঁ ভারতে ভাগ্যান্বেষণে আসেন এবং নিজের যোগ্যতাবলে মুঘল রাজদরবারে উচ্চপদ লাভ করেন। ১৭২০ খ্রীষ্টাব্দে তিনি হিন্দায়ুন ও বায়ানার ফৌজদার নিযুক্ত হন। অতঃপর তিনি আগ্রা ও অযোধ্যার শাসনদায়িত্ব লাভ করেন। তখন তাঁহার উপাধি হয় বারহান-উল্-মুল্‌ক্। এই সময়ে দিল্লীর মুঘল বাদশাহ ছিলেন মহম্মদ শাহ্। মহম্মদ শাহের দুর্বলতার সুযোগে সাদাৎ খাঁ কার্যত স্বাধীন নবাবরূপে অযোধ্যার শাসনকার্য চালাইতে থাকেন। তিনি ১৭২২ খ্রীষ্টাব্দ হইতে ১৭৩৯ খ্রীষ্টাব্দ পর্যন্ত অযোধ্যার নবাবপদে আসীন ছিলেন। কর্ণালের যুদ্ধে নাদিরশাহের হাতে তিনি বন্দী হন এবং বন্দী অবস্থায় দিল্লীতে আত্মহত্যা করেন।

সাদাৎ খাঁ

সাদাৎ খাঁর পর অযোধ্যার নবাব হন তাঁহার ভ্রাতুষ্পুত্র ও জামাতা আবদুল মনসুর খাঁ। তিনি সফদর জঙ্গ নামে পরিচিত ছিলেন। তিনি ১৭৩৯ খ্রীষ্টাব্দ হইতে ১৭৫৪ খ্রীষ্টাব্দ পর্যন্ত অযোধ্যার শাসনকার্য পরিচালনা করেন। নাদিরশাহকে প্রায় দুই কোটি টাকা উপঢৌকন দিয়া তিনি তাঁহার হাত হইতে অব্যাহতি পান। তিনি অযোধ্যা হইতে মৌজাবাদে তাঁহার রাজধানী স্থানান্তরিত করেন। তাঁহার শাসনকালে এলাহাবাদ ও রোহিলাখণ্ড অযোধ্যা সুবার অন্তর্ভুক্ত হয়।

সফদর জঙ্গ

সফদর জঙ্গ এর পর তাঁহার পুত্র সুজাউদ্দৌলা অযোধ্যার নবাব হন (১৭৫৪ খ্রীঃ)। তাঁহার শাসনকালে আহম্মদ শাহ আবদালি ভারত আক্রমণ করেন এবং পানিপথের প্রান্তরে আহম্মদ শাহ আবদালির সঙ্গে মারাঠাদের যে ঐতিহাসিক যুদ্ধ সংঘটিত হয় তাহাতে সুজাউদ্দৌলা আহম্মদ শাহ আবদালির পক্ষ অবলম্বন করেন। মুঘল সম্রাট দ্বিতীয় শাহ আলম যখন রাজ্যহারা হইয়া ঘুরিয়া বেড়াইতেছিলেন তখন তিনি সুজাউদ্দৌলার আশ্রয় গ্রহণ করেন। সুজাউদ্দৌলার পর আরও কয়েকজন অযোধ্যার নবাবপদে আসীন ছিলেন। অবশেষে লর্ড ডালহৌসীর আমলে অযোধ্যা ব্রিটিশ সাম্রাজ্যের অন্তর্ভুক্ত হয়।

সুজাউদ্দৌলা

**শিখ শক্তির উত্থান ঃ** পঞ্চদশ শতাব্দীর শেষভাগে গুরু নানক (১৪৬৯—১৫৩৮ খ্রীঃ) শিখ ধর্মের প্রবর্তন করেন। ইহার ফলেই শিখ সম্প্রদায়ের উদ্ভব হয়। গুরু নানক এবং তাঁহার পরবর্তী তিনজন শিখগুরু অঙ্গদ, অমরদাস ও রামদাস খুব শান্তিতে ধর্মপ্রচার করিয়া গিয়াছেন। রাজনীতির সঙ্গে তাঁহারা মোটেই জড়িত ছিলেন না। গুরু রামদাসের ধর্মপ্রবণতা ও পরধর্ম সহিষ্ণুতার জন্য সম্রাট আকবর তাঁহাকে খুব শ্রদ্ধা করিতেন। আকবর তাঁহাকে অমৃতসরে একখণ্ড জমি দান করিয়াছেন। এই জমির উপরই পরে অমৃতসরের বিখ্যাত স্বর্ণ মন্দির বা গুরুদ্বার নির্মিত হইয়াছে।

শিখদের পঞ্চম গুরু অর্জুনের (১৫৮১—১৬০৬ খ্রীঃ) অসাধারণ সংগঠন শক্তির ফলে শিখ সম্প্রদায় এক সংঘবদ্ধ জাতিতে পরিণত হয়। তাঁহার সময় হইতেই শিখগুরুর পদ বংশানুক্রমিক হয়। শিখদের আদিগ্রন্থ 'গ্রন্থসাহেব' তিনিই সংকলন করেন। অমৃতসরের স্বর্ণমন্দিরটি তাঁহার সময়েই নির্মিত হয়। সম্রাট জাহাঙ্গীরের আমলে গুরু অর্জুন মুঘল দরবারের রাজনীতিতে জড়িত হইয়া পড়েন। তাঁহার শক্তি বৃদ্ধিতে জাহাঙ্গীর অত্যন্ত বিরক্তবোধ করেন। সম্রাট জাহাঙ্গীর তাঁহার বিদ্রোহী পুত্র খসরুকে সাহায্য করিবার অপরাধে গুরু অর্জুনকে প্রাণদণ্ডে দণ্ডিত করেন (১৬০৬ খ্রীঃ)। অর্জুনের মৃত্যুর পর তাঁহার পুত্র ষষ্ঠ গুরু হরগোবিন্দ (১৬০৬—১৬৪৫ খ্রীঃ) শিখ জাতিকে আরও সংঘবদ্ধ ও শক্তিশালী করিয়া তোলেন। তাঁহার সঙ্গেও জাহাঙ্গীরের দীর্ঘদিন ধরিয়া বিবাদ চলিয়াছিল। জাহাঙ্গীর তাঁহাকে বার বৎসর গোয়ালিয়র দুর্গে বন্দী করিয়া রাখেন।

গুরু অর্জুন

শিখদের সপ্তম গুরু ছিলেন হররায় (১৬৪৫—১৬৬১ খ্রীঃ)। শাহজাহানের রাজত্বের শেষভাগে সিংহাসনের উত্তরাধিকার লইয়া তাঁহার পুত্রগণের মধ্যে বিবাদ উপস্থিত হইলে হরগোবিন্দ দারাশিকোর পক্ষ সমর্থন করেন। ইহাতে তিনি ঔরংজেবের বিরাগভাজন হন। অষ্টম গুরু হরকিষেণের (১৬৬১—১৬৬৪ খ্রীঃ) সময়ও শিখ শক্তির তৎপরতা একইরকম থাকে।

তেগবাহাদুর (১৬৬৪—১৬৭৫ খ্রীঃ) ছিলেন শিখদের নবমগুরু। তিনি ঔরংজেবের হিন্দুবিরোধী নীতির প্রতিবাদ করিলে সম্রাট তাঁহার উপর রুষ্ট হন। সম্রাটের নির্দেশে তাঁহাকে বন্দী করিয়া দিল্লীতে আনা হইল। সেখানে তেগবাহাদুরকে ইসলাম ধর্ম গ্রহণ অথবা মৃত্যুদণ্ডের মধ্যে যে কোন একটিকে বাছিয়া লইতে বলা হয়। তেগবাহাদুর দৃঢ়তার সহিত জানাইলেন, তিনি শির দিতে প্রস্তুত আছেন, কিন্তু 'সার' অর্থাৎ ধর্ম বিসর্জন দিবেন না। ঔরংজেব তাঁহাকে প্রাণদণ্ডে দণ্ডিত করেন (১৬৭৫ খ্রীঃ)।

তেগবাহাদুর

শিখদের দশম ও শেষ গুরু ছিলেন গুরু গোবিন্দ সিংহ (১৬৭৫—১৭০৮ খ্রীঃ)। তিনি তাঁহার পিতা তেগবাহাদুরের নির্মম হত্যার প্রতিশোধ গ্রহণের জন্য দৃঢ় প্রতিজ্ঞাবদ্ধ হন। সমগ্র শিখজাতি তাঁহার নেতৃত্বে এক নূতন বলে বলীয়ান হইয়া উঠিল। তিনি শিখদের মধ্যে 'পাহুল' বা দীক্ষা দেওয়ার রীতি প্রবর্তন করেন। নবদীক্ষিত শিখদের লইয়া তিনি 'খালসা' বা পবিত্র শিখ বাহিনী গঠন করেন। ইংলণ্ডের সপ্তদশ শতাব্দীর শক্তিশালী নেতা ক্রমওয়েলের লৌহ বাহিনীর (Iron side) সহিত গুরু গোবিন্দ সিংহের খালসা বাহিনীর তুলনা করা চলে। শিখদের মধ্যে একতা বৃদ্ধির উদ্দেশ্যে তিনি পঞ্চ 'ক' কার অর্থাৎ কেশ (লম্বা চুল), কঙ্খ (চিরুনী), কাচ্ছা (জাঙ্গিয়া), কড় (লোহার বালা) ও কৃপাণ (তরবারী) ধারণ করিবার নির্দেশ দেন। তিনি প্রত্যেক শিখকে 'সিংহ' উপাধি গ্রহণ করিতে বলেন। তাঁহার নির্দেশে শিখদের মধ্যে জাতিভেদ প্রথা, মাংস ভক্ষণ ও ধূমপান নিষিদ্ধ হয়। তিনি বলিতেন 'ধূমপান সমগ্র জাতিকে ধ্বংস করিয়া দেয়'।* এই আদর্শবান নেতা ও সংগঠকের প্রেরণায় শিখ জাতির মধ্যে এক প্রাণশক্তির জোয়ার সঞ্চারিত হয়।

গুরুগোবিন্দ সিংহ



গুরুগোবিন্দ সিংহ

গুরু গোবিন্দের মৃত্যুর পর তাঁহার অনুচর বান্দা শিখজাতির নেতৃত্ব গ্রহণ করেন এবং মুঘলদের বিরুদ্ধে সংগ্রাম পরিচালনা করিতে থাকেন।

**(খ) মারাঠা শক্তির উত্থান ও পতন ঃ** সপ্তদশ শতাব্দীর দ্বিতীয়ার্ধে ভারতবর্ষের রাজনীতিতে মারাঠা শক্তির অভ্যুত্থান একটি গুরুত্বপূর্ণ ঘটনা।** তাহারা মুঘল

*"Tobacco destroyeth all generations"—The oxford History of India—Vincent A. Smith.

**"The rise of the Maratha power introduced an important factor in Indian politics during the second half of the 17th century."—Advanced History of India.

সম্রাটের বিরুদ্ধে বহু সংগ্রাম করিয়া পরিশেষে স্বাধীন রাজ্য প্রতিষ্ঠা করিতে সমর্থ হইয়াছিল। মহাদেব গোবিন্দ রানাডের মতে, এই সময়ে অন্যান্য প্রদেশের উদ্ভবের সঙ্গে মারাঠা শক্তির অভ্যুত্থানের পার্থক্য হইল যে, অন্যান্য প্রদেশের শক্তিশালী সুবাদারগণ ঔরংজেবের মৃত্যুর পরে স্বাধীন হইয়াছিলেন, কিন্তু মারাঠা শক্তির প্রতিষ্ঠাতা এবং তাঁহার বংশধরগণ মুঘল সাম্রাজ্যের চরম উন্নতির সময়েও দীর্ঘকাল যাবৎ তাঁহাদের প্রচণ্ড আক্রমণের মোকাবিলা করিয়াছিলেন।* প্রকৃতপক্ষে মারাঠা শক্তির ইতিহাস একটি জাতি গঠনের ইতিহাস। বিভিন্ন কারণে এই সময়ে মারাঠা শক্তির অভ্যুদয় ঘটিয়াছিল। সর্বোপরি, মারাঠা নায়ক শিবাজীর অসাধারণ নেতৃত্বই ছিল মারাঠা শক্তির অভ্যুদয়ের মূল প্রেরণা। তিনি মারাঠা জাতিকে নূতন জীবন ও নূতন প্রেরণা দান করিয়া এক মহাজাতিতে পরিণত করিয়াছিলেন। [ বিশদ বিবরণ পূর্বে বর্ণিত হইয়াছে। ]

শিবাজী

**শিবাজীর উত্তরাধিকারীগণ ঃ** শিবাজীর মৃত্যুর পর তাঁহার পুত্র শম্ভুজী রাজা হন। তিনি পিতার ন্যায় যোগ্য ছিলেন না বটে, তবে মুঘলদের সহিত যুদ্ধ চালাইয়া যান। ১৬৮৯ খ্রীষ্টাব্দে শম্ভুজী মুঘলদের হস্তে বন্দী হন এবং পরে তাঁহাকে হত্যা করা হয়। এই সময়ে মুঘল বাহিনী কর্তৃক মারাঠা রাজধানী রায়গড় অধিকৃত হয়। মুঘল বাহিনী শম্ভুজীর শিশুপুত্র শাহুকেও বন্দী করিল।

শম্ভুজী

এই অবস্থায় মারাঠা রাজ্যের নেতৃত্ব গ্রহণ করিলেন শম্ভুজীর ভ্রাতা রাজারাম। রাজারাম শক্তিশালী সৈন্যবাহিনী লইয়া ঔরংজেবের সহিত যুদ্ধ চালাইতে থাকেন। ১৭০০ খ্রীষ্টাব্দে রাজারামের মৃত্যু হয়।

রাজারাম

রাজারামের মৃত্যুর পর তাঁহার বিধবা পত্নী তারাবাঈ নিজ শিশুপুত্র তৃতীয় শিবাজীকে সিংহাসনে বসাইয়া রাজ্যের শাসনভার দৃঢ়হস্তে গ্রহণ করিলেন। তারাবাঈ ছিলেন অসাধারণ বুদ্ধিমতী নারী। তাঁহার নেতৃত্বে মারাঠাগণ যথেষ্ট পরিমাণে রাজনৈতিক প্রাধান্য বিস্তার করিতে সমর্থ হইয়াছিল। মুঘল বাদশাহ একদিকে মারাঠা দুর্গ অধিকার করিয়া অন্যদিকে চলিয়া যাইবার সঙ্গে সঙ্গেই মারাঠাগণ তাহাদের দুর্গ পুনরায় অধিকার করিয়া লইত। ঔরংজেব মারাঠাগণকে 'পার্বত্য মূষিক' বলিয়া ব্যঙ্গ করিতেন। কিন্তু তিনি আপ্রাণ চেষ্টা করিয়াও এই পার্বত্য মূষিকগণকে দমন করিতে পারেন নাই।

তারাবাঈ

* "Unlike the great subhedars of provinces, who became independent after the death of Aurangzeb, the founder of the Maratha Power and his successors for two generations bore the brunt of the attack of the Moghul Empire at the zenith of its splendour." —Rise of the Maratha Power—Mahadeo Gobind Ranade.

ঔরংজেবের মৃত্যুর পর শম্ভুজীর পুত্র শাহু মুক্তি লাভ করেন। স্বদেশে ফিরিয়া শাহু মারাঠা সিংহাসন দাবী করেন। কিন্তু তারাবাঈ শাহুর দাবী অস্বীকার করিলে মারাঠাদের মধ্যে গৃহযুদ্ধ আরম্ভ হয়। এই গৃহযুদ্ধে শাহুর প্রধান সমর্থক ছিলেন বালাজী বিশ্বনাথ নামে একজন বুদ্ধিমান ও কূটনীতিবিদ ব্রাহ্মণ। তাঁহার সাহায্যে শাহু জয়ী হন এবং দ্বিতীয় শিবাজী উপাধি ধারণ করিয়া সাঁতারায় রাজধানী স্থাপন করেন। তারাবাঈ ও তৃতীয় শিবাজী কোলাপুরে নিজেদের রাজধানী স্থানান্তরিত করেন। এইভাবে মারাঠা সাম্রাজ্য দুইভাগে বিভক্ত হইয়া পড়ে। তৃতীয় শিবাজীর মৃত্যু হইলে রাজারামের অপর পত্নী রাজসবাঈ নিজপুত্র দ্বিতীয় শম্ভুজীকে কোলাপুরের সিংহাসনে বসাইলেন। অবশেষে দীর্ঘকাল পরে বালাজী বিশ্বনাথের চেষ্টায় মারাঠাদের মধ্যে পুনরায় ঐক্য স্থাপিত হয়। ১৭১৩ খ্রীষ্টাব্দে শাহু বালাজী বিশ্বনাথকে পেশোয়ার পদে নিযুক্ত করেন। এই সময় হইতে মারাঠা রাজ্যে পেশোয়াগণের শাসন প্রবর্তিত হইল।

শাহু

তৃতীয় শিবাজী

**পেশোয়াগণের আমলে মারাঠা সাম্রাজ্যের বিস্তৃতি—বালাজী বিশ্বনাথ—(১৭১৩-১৭২০ খ্রীঃ)** ঃ পেশোয়া বালাজী বিশ্বনাথ ছিলেন কোংকনের বিখ্যাত চিতপাবন বংশীয় ব্রাহ্মণ। এই সময়ে তিনি মারাঠা জাতির রক্ষাকর্তা হিসাবে আবির্ভূত হন। তিনি ছিলেন অসাধারণ প্রতিভাবান ব্যক্তি। বালাজীর সুদক্ষ নেতৃত্বে মারাঠাগণ দাক্ষিণাত্যে শক্তিশালী হইয়া উঠে। তিনি তাঁহার বিরাট সংগঠনী শক্তি দ্বারা মারাঠা রাজ্যকে এমন ভাবে পুনর্গঠিত করিলেন যে, মারাঠা নায়কগণ রাজ্যের শাসন-ব্যবস্থায় সহযোগিতা করিতে বাধ্য হইয়াছিলেন। তিনি মুঘল সম্রাট ফারুক শিয়ারের সহিত সন্ধি করিয়া দাক্ষিণাত্যে মারাঠা প্রভুত্ব সুপ্রতিষ্ঠিত করেন। ইহা ছাড়া উত্তর ভারতে তিনি মারাঠা প্রভুত্বের পথ রচনা করেন। বালাজী বিশ্বনাথের সময় হইতেই পেশোয়া পদ বংশানুক্রমিক হয়।

বালাজী বিশ্বনাথের নেতৃত্ব

**প্রথম বাজীরাও ( ১৭২০-১৭৪০ খ্রীঃ )** ঃ বালাজী বিশ্বনাথের মৃত্যুর পর তাঁহার পুত্র প্রথম বাজীরাও পেশোয়া হইয়াই এক সর্বভারতীয় হিন্দু সাম্রাজ্য ( হিন্দু-পাদ-পাদশাহী ) গঠনের উদ্দেশ্যে রাজ্যবিস্তারে মনোযোগী হন। কিছুদিনের মধ্যেই তিনি মালব, গুজরাট ও বুন্দেলখণ্ডের কিয়দংশ দখল করেন। এইবার তিনি উত্তরভারতে প্রাধান্য বিস্তারে সচেষ্ট হইলেন এবং সসৈন্যে দিল্লীর দিকে যাত্রা করিলেন। মুঘল সম্রাট নিজামের সাহায্য লইয়া মারাঠাদের বিরুদ্ধে যুদ্ধে অবতীর্ণ হন এবং শেষ পর্যন্ত মারাঠা সৈন্যবাহিনীর নিকট শোচনীয়ভাবে পরাজয় বরণ করেন। ইহার ফলে উত্তর ভারতেও মারাঠাদের প্রভুত্ব স্থাপিত হয়। কিছুদিন পরে মারাঠাগণ পর্তুগীজদের নিকট হইতে পশ্চিম উপকূলের সলসেট ও বেসিন বন্দর লাভ করে।

প্রথম বাজীরাও-এর কৃতিত্ব

নাদিরশাহের বিরুদ্ধেও তিনি সামরিক অভিযানের আয়োজন করেন। কিন্তু এমন সময়ে মাত্র চল্লিশ বৎসর বয়সে তাঁহার মৃত্যু হয় ( ১৭৪০ খ্রীঃ )।

সুশাসনের জন্য প্রথম বাজীরাও মারাঠা রাজ্যকে পাঁচটি অঞ্চলে বিভক্ত করিয়া এক এক অঞ্চলের কর্তৃত্ব এক এক জন সেনানায়কের উপর ন্যস্ত করেন। গোয়ালিয়রের রনোজী সিন্ধিয়া, ইন্দোরের মলহররাও হোলকার, বরোদার পিলাজী গায়কোয়ার, নাগপুরের রঘুজী ভোঁসলে এবং মালবের ধারা অঞ্চলে পামার-বংশীয় জনৈক সেনানায়ক লাভ করেন আঞ্চলিক কর্তৃত্ব। সাময়িকভাবে তাঁহারা পেশোয়ার আধিপত্য স্বীকার করিলেও পরবর্তী কালে সকলেই স্বাধীনভাবে নিজ নিজ অঞ্চল শাসন করিতে থাকেন। ইহাতে মারাঠা রাজ্য পাঁচটি স্ব স্ব প্রধান অংশে বিভক্ত হইয়া পড়িয়াছিল। এই মারাঠা নায়কদের পারস্পরিক বিরোধিতা ও প্রতিদ্বন্দ্বিতাই মারাঠা শক্তির ধ্বংসের পথ সুগম করিয়া দিয়াছিল।

**বালাজী বাজীরাও ( ১৭৪০-১৭৬১ খ্রীঃ ) ঃ** প্রথম বাজীরাও-এর মৃত্যুর পর কয়েকজন মারাঠা নায়কের প্রবল বিরোধিতা সত্ত্বেও তাঁহার পুত্র বালাজী বাজীরাও ১৭৪৯ খ্রীষ্টাব্দে পেশোয়া পদ লাভ করেন। সাম্রাজ্য বিস্তারের আগ্রহ থাকিলেও তিনি হিন্দুপাদ পাদশাহীর মহান আদর্শ বিসর্জন দিয়া অর্থ সংগ্রহে লিপ্ত হন। মারাঠা সৈন্যদল হিন্দু-মুসলমান নির্বিশেষে সকলের উপর অত্যাচার ও সর্বত্র লুণ্ঠন করিতে থাকে। তখন মারাঠা বাহিনীতে মুসলমান সৈন্য তো ছিলই ; তাহা ছাড়া ফরাসী, আর্মানি প্রভৃতি বিদেশী সেনাপতি এবং বিদেশী সৈন্যও ছিল। ইহাতে তিনি মারাঠাদের বিদ্বেষভাজন হন। বালাজী বাজীরাও অনুসৃত এইসব নীতির অনিবার্য ফলস্বরূপ মারাঠাবাহিনীও জাতীয়তাবাদী আদর্শ হইতে বিচ্যুত হয়।

তবুও বালাজী বাজীরাও-এর আমলেই মারাঠা সাম্রাজ্যের চরম উন্নতি ঘটে। মহীশূর রাজ্যের কিয়দংশ বালাজী বাজীরাও-এর করতলগত হয়। তাঁহার আধিপত্য গুজরাটেও বিস্তৃতি লাভ করে। মেবারের মারাঠানায়ক ভোঁসলে বাংলায় অভিযান পরিচালনা করেন। তিনি উড়িষ্যা অধিকার করিয়া নবাব আলিবর্দী খাঁকে চৌথ দিতে বাধ্য করেন। উদ্গীরের যুদ্ধে হায়দ্রাবাদের নিজাম মারাঠা সেনাপতি সদাশিব রাও-এর নিকট পরাজিত হন। তিনি তখন বার্ষিক যাট লক্ষ টাকা চৌথ ও সরদেশমুখী দিবার অঙ্গীকারে আবদ্ধ হইয়া মারাঠাদের সহিত সন্ধি স্থাপন করেন ( ১৭৬০ খ্রীঃ )। বালাজী বাজীরাও-এর ভ্রাতা রঘুনাথ রাও আহম্মদ শাহের পুত্র তৈমুর শাহ্ দুররাণীকে পরাজিত করিয়া সরহিন্দ ও লাহোর অধিকার করেন। রাজপুতনা এবং গঙ্গা-যমুনার মধ্যবর্তী দো-আব অঞ্চলেও মারাঠা-প্রভুত্ব প্রতিষ্ঠিত হয়। কিন্তু মারাঠাদের এই সাফল্য ছিল বিদ্যুত-চমকের মত ক্ষণস্থায়ী।

**পাণিপথের তৃতীয় যুদ্ধ ( ১৭৬১ খ্রীঃ ) ঃ** বালাজী বাজীরাও-এর সাফল্য বেশীদিন স্থায়ী হইল না। এই সময়ে পেশোয়ার ভ্রাতা রঘুনাথ রাও উত্তর ভারতে অভিযান চালাইয়া পাঞ্জাব দখল করেন। পাঞ্জাব তখন আফগান সম্রাট আহম্মদ শাহ আবদালির অধিকারভুক্ত ছিল। স্বভাবতঃই আহম্মদ শাহ আবদালি ইহাতে ক্রুদ্ধ হন। তিনি ১৭৫৯ খ্রীষ্টাব্দে পাঞ্জাব পুনরায় দখল করিয়া দিল্লীর দিকে

অগ্রসর হইলেন। অযোধ্যার নবাব সুজাউদ্দৌলা ও রোহিলা নায়ক নাজির খাঁ তাঁহার পক্ষ অবলম্বন করিলেন। রাজপুত, জাঠ ও শিখগণ নিরপেক্ষ রহিল। মারাঠা নায়ক সম্পূর্ণভাবে নিজের শক্তির উপর নির্ভর করিয়া সেনাপতি সদাশিব রাও-এর নেতৃত্বে এক বিরাট বাহিনী আফগানদের বিরুদ্ধে প্রেরণ করিলেন। সদাশিব রাও-এর সহযোগী হইলেন পেশোয়ার পুত্র বিশ্বাস রাও। আফগান বাহিনীর সৈন্য সংখ্যা ছিল ৬০,০০০ এবং মারাঠা সৈন্যসংখ্যা ছিল ৪৫,০০০। উভয় সৈন্যবাহিনী প্রায় দুইমাস পরস্পরের সম্মুখীন হইয়া রহিল। অবশেষে মারাঠা বাহিনীর সঙ্গে ১৭৬১ খ্রীষ্টাব্দে পাণিপথের ঐতিহাসিক প্রান্তরে আফগান সম্রাট আহম্মদ শাহ আবদালির তুমুল যুদ্ধ হয়। এই যুদ্ধ পাণিপথের তৃতীয় যুদ্ধ নামে পরিচিত। আহম্মদ শাহ আবদালির সমর কৌশলের নিকট মারাঠারা শেষ পর্যন্ত শোচনীয়ভাবে পরাজিত হইল। যুদ্ধক্ষেত্রে বহু মারাঠা সৈন্য প্রাণ হারায় এবং সদাশিব রাও ও বিশ্বাস রাও নিহত হন। পাণিপথের যুদ্ধের ফলাফল পেশোয়াকে এক সাংকেতিক বার্তায় প্রেরণ করা হইয়াছিল। বার্তাটি এইরূপ—যুদ্ধে দুইটি মুক্তা বিনষ্ট হইয়াছে, বাইশটি সোনার মোহর হাতছাড়া হইয়াছে এবং সোনা-রুপার ক্ষতির পরিমাণ গণনা করা সাধ্যাতীত। এখানে দুইটি মুক্তা বলিতে সেনাপতি সদাশিব রাও এবং পেশোয়ার পুত্র বিশ্বাস রাওকে ইঙ্গিত করা হইয়াছে। এই মর্মান্তিক ঘটনা এবং পরাজয়ের সংবাদ শুনিয়া পেশোয়া বালাজী বাজীরাও ভগ্নহৃদয়ে প্রাণ ত্যাগ করেন।

**পাণিপথের তৃতীয় যুদ্ধের গুরুত্ব ও ফলাফল ঃ** পাণিপথের তৃতীয় যুদ্ধ ভারতের ইতিহাসে একটি যুগান্তকারী ঘটনা। এই যুদ্ধে পরাজয়ের ফলে মারাঠা সাম্রাজ্যের শক্তি, মর্যাদা ও ঐক্য যথেষ্ট ক্ষুণ্ণ হইয়াছিল। এই সুযোগে মালব, রাজপুতনা এবং গঙ্গা-যমুনার দোয়াব অঞ্চল মারাঠাদের হস্তচ্যুত হয় এবং পাঞ্জাবে শিখজাতির অভ্যুত্থান সহজ হয়। এদিকে দাক্ষিণাত্যে নিজাম আবার সক্রিয় হইয়া উঠেন এবং মহীশূরে হায়দর আলি এক শক্তিশালী রাজ্য স্থাপন করিতে সক্ষম হন। মারাঠা জাতির এই বিপর্যয়ের ফলে বাংলা ও কর্ণাটকে ইংরাজদের রাজনৈতিক আধিপত্য স্থাপনের পথ সুগম হয়।

**মারাঠা শক্তির পতনোন্মুখতা ঃ** মুঘলদের সঙ্গে দীর্ঘকাল যুদ্ধ বিগ্রহের ফলে রাজারামের আমল হইতেই মারাঠা শক্তির তেজ কমিয়া আসিতে থাকে। প্রথম বাজীরাও-এর সময় মারাঠা সাম্রাজ্যের মধ্যে রঘুজী ভোঁসলে, পিলাজী গায়কোয়ার, রনোজী সিন্ধিয়া ও মলহর রাও-এর নেতৃত্বে কয়েকটি প্রায় স্বাধীন রাজবংশ ও রাজ্যের উদ্ভব হইয়াছিল। ইহার ফলেও মারাঠা সাম্রাজ্যের সংহতি অনেকটা হ্রাস পাইয়াছিল। মারাঠা সামন্তদের স্বার্থপরতা, দ্বন্দ্ব, বিদ্বেষ ও জাতীয়তাবোধের অভাব তাহাদের পতনের অন্যতম কারণ। মারাঠাদের রাজস্ব-ব্যবস্থা ছিল অত্যন্ত ত্রুটিপূর্ণ। রাজ্য এবং সেনাবাহিনীর খরচ মিটাইবার জন্য তাহারা পররাজ্য হইতে অত্যাচারমূলক চৌথ ও সরদেশমুখী আদায় করিত, ইহাতে তাহাদের মর্যাদা হ্রাস পাইয়াছিল।

তাহা ছাড়া এই জাতীয় রাজস্বের কোন নিশ্চয়তাও ছিলনা। স্যার যদুনাথ সরকার মন্তব্য করিয়াছেন যে, পেশোয়াগণ শিল্প-বাণিজ্যের মাধ্যমে রাজ্যের সম্পদ বৃদ্ধির কোন চেষ্টাই করেন নাই। সর্বোপরি বালাজী বাজীরাও-এর অদূরদর্শী কার্যকলাপের মধ্যেই প্রকৃতপক্ষে মারাঠা শক্তির পতনের বীজ নিহিত ছিল। তিনি শিবাজীর জাতীয় সৈন্যবাহিনী গঠনের আদর্শ পরিত্যাগ করিয়া মারাঠা বাহিনীতে বহু সংখ্যক বেতনভুক্ত অ-মারাঠা সৈন্য নিয়োগ করিয়াছিলেন। ইহার ফলে সৈন্যবাহিনীর মধ্যে জাতীয়তাবোধ হ্রাস পাইয়াছিল এবং এই অবস্থায় হিন্দু সাম্রাজ্য গঠনের আদর্শ বাস্তবে রূপায়িত করা খুবই কঠিন হইয়া পড়িয়াছিল। পাণিপথের তৃতীয় যুদ্ধে চরম বিপর্যয় লক্ষ্য করিয়াও উত্তর ভারতের হিন্দুগণ বালাজী বাজীরাওকে সাহায্য করে নাই। ইহার পরিণতিস্বরূপ মারাঠাগণকে এই যুদ্ধে পরাজয় বরণ করিতে হইয়াছিল। এইসব নানা কারণে এই সময়ে মারাঠা শক্তির পতন আসন্ন হইল। পরবর্তীকালে মারাঠাদের হৃত গৌরব সাময়িকভাবে ফিরিয়া আসিলেও, মারাঠা সাম্রাজ্য গঠনের শক্তি তাহাদের লোপ পাইয়াছিল।

## (৩) ইউরোপীয় বাণিজ্য কোম্পানীসমূহের প্রতিদ্বন্দ্বিতার বিস্তার

ভারতবর্ষে ইউরোপীয় বণিকদের আগমন এবং ঔরংজেবের আমল পর্যন্ত তাহাদের বাণিজ্যিক প্রতিদ্বন্দ্বিতার কথা পূর্বেই আলোচনা করা হইয়াছে। ভারতে প্রথম আসিয়াছিল পর্তুগীজ বণিকেরা। ভাস্কো-ডা-গামা ছিলেন ভারতে আগমনকারী পর্তুগীজ বণিকদের পথিকৃৎ। ক্রমে ওলন্দাজ, ইংরাজ ও ফরাসী এবং অন্যান্য ইউরোপীয় বণিকগণও ভারতে বাণিজ্যের উদ্দেশ্যে আগমণ করে। ঔরংজেবের মৃত্যুর পর হইতে তাহাদের মধ্যে বাণিজ্যিক প্রতিদ্বন্দ্বিতা খুব তীব্র হইয়া উঠে।

সম্রাট শাহ্‌জাহানের আমলে বাংলায় পর্তুগীজদের প্রতিপত্তি বিনষ্ট হয়। এদিকে ১৭২৩ খ্রীষ্টাব্দে অষ্ট্রিয়ার সম্রাটের অনুমতি লইয়া ফ্লাণ্ডার্সের বণিকগণ ওয়েস্টেণ্ড নামে একটি কোম্পানী গঠন করে এবং ১৭৩১ খ্রীষ্টাব্দে সুইডিস ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী গঠিত হয়। কিন্তু ভারতে বাণিজ্যিক প্রতিদ্বন্দ্বিতায় তাহারা সফল হইতে পারে নাই। ১৭৫৯ খ্রীষ্টাব্দে বিদরের যুদ্ধে ওলন্দাজগণ ইংরাজ কোম্পানীর অধিনায়ক ক্লাইভের নিকট পরাজিত হয়। ইহার ফলে ভারতে ওলন্দাজদের বাণিজ্যিক প্রাধান্য লোপ পায়। সুতরাং ভারতে ইউরোপীয় বণিকদের মধ্যে তখন ইংরাজদের প্রাধান্যই ছিল সর্বাপেক্ষা বেশী।

১৭১৫ খ্রীষ্টাব্দে মুঘল সম্রাট ফারুকশিয়ারের দরবারে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী জন সারম্যান নামে এক দূত প্রেরণ করিয়াছিলেন। জন সারম্যানের সঙ্গে শল্য চিকিৎসক উইলিয়াম হেমিল্টনও ছিলেন। দিল্লীতে হেমিল্টন ফারুকশিয়ারকে রোগ যন্ত্রণা হইতে মুক্ত করেন। ইহাতে খুশী হইয়া ফারুকশিয়ার কোম্পানীকে একটি রাজকীয় সনদ প্রদান করেন (১৭১৭ খ্রীঃ)। এই সনদ বা ফরমান অনুযায়ী বার্ষিক তিন

হাজার টাকা নজরানার বিনিময়ে ইংরাজ বণিকগণ বাংলায় বিনা শুল্কে বাণিজ্য করিবার সুযোগ ও অন্যান্য আরও সুবিধা লাভ করিয়াছিল। এইভাবে কলিকাতা, বোম্বাই, মাদ্রাজ ও অন্যান্য স্থানে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর বাণিজ্য ও প্রতিপত্তি দিন দিন বৃদ্ধি পাইতে থাকে।

এই সময়ে ইংরাজ বণিকদের প্রধান প্রতিদ্বন্দ্বী ছিল ফরাসী বণিকগণ। পণ্ডিচেরি ছাড়া ক্রমে মরিসাস, মাহে প্রভৃতি স্থানেও ফরাসীদের উপনিবেশ স্থাপিত হয়। প্রথম দিকে ভারতে বাণিজ্য বিস্তার করাই ছিল ফরাসীদের উদ্দেশ্য। কিন্তু অষ্টাদশ শতাব্দীর মধ্যভাগ হইতে ভারতে ফরাসী সাম্রাজ্য স্থাপন করাই তাহাদের প্রধান লক্ষ্য হইয়া উঠে। ফলে তখন হইতে ইংরাজদের সঙ্গে ফরাসীদের প্রতিদ্বন্দ্বিতা আরম্ভ হয়।

**ভারতে ইঙ্গ-ফরাসী প্রতিদ্বন্দ্বিতা:** যতদিন ভারতে মুঘল-শক্তি অটুট ছিল ততদিন ইউরোপের বণিকেরা এদেশে বাণিজ্য করিয়াই সন্তুষ্ট ছিল। কিন্তু ঔরংজেবের মৃত্যুর পর যখন মুঘল সাম্রাজ্যের পতন আরম্ভ হইল তখন হইতেই বণিকের মানদণ্ড ক্রমে ক্রমে রাজদণ্ডের প্রতি আকৃষ্ট হইল। ইংরাজ ও ফরাসী বণিকগণ ভারতে সাম্রাজ্য স্থাপনের স্বপ্ন দেখিল। আভ্যন্তরীণ নানা কারণে ভারতবর্ষ তখন অত্যন্ত দুর্বল ও ছিন্ন বিচ্ছিন্ন হইয়া পড়িয়াছে। দক্ষিণ ভারতের কর্ণাটকের সিংহাসন লইয়া আনোয়ার উদ্দিন দোস্ত আলির আত্মীয়-স্বজনের মধ্যে বিবাদ এবং অন্য দিকে হায়দ্রাবাদের নিজাম ও মারাঠাদের মধ্যে প্রতিদ্বন্দ্বিতার ফলে দক্ষিণ ভারতের পরিস্থিতি অত্যন্ত জটিল আকার ধারণ করে। সেই সময়ে ইউরোপে অষ্ট্রিয়ার উত্তরাধিকারী যুদ্ধের সূত্র ধরিয়া দক্ষিণ ভারতে ইঙ্গ-ফরাসী প্রতিদ্বন্দ্বিতা আরম্ভ হয় এবং ক্রমে বঙ্গদেশেও উহা ছড়াইয়া পড়ে। এই ইঙ্গ-ফরাসী দ্বন্দ্ব ১৭৬০ খ্রীষ্টাব্দ পর্যন্ত চলে। এই সংঘর্ষের প্রথম ও প্রধান কেন্দ্র হইল কর্ণাটক। করমণ্ডল উপকূল ও ইহার নিকটবর্তী অঞ্চলকে ইংরাজগণ কর্ণাটক বলিত। কর্ণাটকের রাজধানী ছিল আর্কট।

**দাক্ষিণাত্যে ইঙ্গ-ফরাসী সংঘর্ষের কারণ:** নানাবিধ কারণে এই সময়ে দাক্ষিণাত্যে ইঙ্গ-ফরাসী দ্বন্দ্ব শুরু হইয়াছিল। প্রথমতঃ, অষ্টাদশ শতাব্দীতে ইউরোপের বণিকশ্রেণীর মধ্যে বিশ্ব-বাণিজ্যের ক্ষেত্রে একচেটিয়া অধিকার লাভের প্রবণতা দেখা গিয়াছিল। পূর্বেই উল্লেখ করা হইয়াছে যে ভারতে বাণিজ্যের ক্ষেত্রে প্রাধান্য বিস্তারের উদ্দেশ্যেই ইংরাজ ও ফরাসীদের মধ্যে প্রতিদ্বন্দ্বিতা শুরু হয়। বণিক সংস্থাগুলির মধ্যে বাণিজ্যিক প্রতিদ্বন্দ্বিতা এই সংঘর্ষের মূল কারণ হইলেও আসলে অন্যান্য কারণও ইহার জন্য দায়ী ছিল। দ্বিতীয়তঃ, এই সময়ে পণ্ডিচেরীর ফরাসী-শাসনকর্তা ছিলেন যোসেফ দুপ্লে। তিনি ছিলেন একজন প্রখর রাজনীতিবিদ ও উচ্চাকাঙ্ক্ষী ব্যক্তি। ভারতে ফারসী সাম্রাজ্য গড়িয়া তোলাই ছিল তাঁহার প্রধান উদ্দেশ্য। ভারতে ইউরোপীয়

বণিক শ্রেণীর অধিকার লাভের প্রবণতা

দুপ্লের রণপ্রস্তুতি

শাসনকর্তাদের মধ্যে তিনিই সর্বপ্রথম সাম্রাজ্য গঠনের পরিকল্পনা করেন। এই স্বার্থে তাঁহার রণ-প্রস্তুতি ইঙ্গ-ফরাসী দ্বন্দ্বের অন্যতম কারণ ছিল। তৃতীয়তঃ, ১৭৪৬ খ্রীষ্টাব্দে ইউরোপে অষ্ট্রিয়ার উত্তরাধিকার যুদ্ধ শুরু হইলে ইংলণ্ড ও ফ্রান্স পরস্পর বিরুদ্ধ পক্ষে অবতীর্ণ হইয়াছিল। ইউরোপের এই ইঙ্গ-ফরাসী দ্বন্দ্বের প্রতিক্রিয়া ভারতবর্ষেও দেখা দিল। স্বভাবতঃই ভারতে অবস্থানরত ইংরাজ ও ফরাসীগণ দুইটি বিবদমান শিবিরভুক্ত হইল। চতুর্থতঃ, আভ্যন্তরীণ নানা-কারণে ভারতবর্ষ তখন অত্যন্ত দুর্বল ও ছিন্ন-বিচ্ছিন্ন হইয়া পড়িয়াছিল। দক্ষিণ ভারতে একদিকে কর্ণাটকের সিংহাসন লইয়া এবং অন্যদিকে হায়দ্রাবাদের নিজাম পদ লইয়া উত্তরাধিকার যুদ্ধ শুরু হইলে ইংরাজ ও ফরাসীগণ সেখানকার দেশীয় নৃপতিগণের দুর্বলতার পূর্ণ সুযোগ গ্রহণ করে। তাহা ছাড়া দাক্ষিণাত্যে কাহার আধিপত্য প্রতিষ্ঠিত হইবে এই লইয়া আবার নিজাম ও মারাঠাদের মধ্যে তীব্র বিরোধ দেখা দেয়। এই অন্তর্দ্বন্দ্বের ফলে নিজাম কিংবা মারাঠাগণ কেহই বিদেশী বণিকদের শক্তি বৃদ্ধি রোধ করিতে পারেন নাই। বিশেষ করিয়া দুপ্লের নেতৃত্বে এদেশে পাশ্চাত্য যুদ্ধরীতিতে সুশিক্ষিত এক সৈন্যবাহিনী গড়িয়া উঠিলে দেশীয় নৃপতিদের মধ্যে বিরাট প্রতিক্রিয়ার সৃষ্টি হয়। সামগ্রিকভাবে দাক্ষিণাত্যের রাজনৈতিক অবস্থা তখন অত্যন্ত জটিল আকার ধারণ করে। তাহারই ফলস্বরূপ সেখানে পরপর তিনটি যুদ্ধ সংঘটিত হয়।



দুপ্লে

অষ্ট্রিয়ার উত্তরাধিকার যুদ্ধের প্রভাব

দেশীয় নৃপতিদের অন্তর্দ্বন্দ্ব

**প্রথম কর্ণাটক যুদ্ধ** ( ১৭৪৬-১৭৪৮ খ্রীঃ ): ঔপনিবেশিক সাম্রাজ্য স্থাপনের প্রতিদ্বন্দ্বিতার ফলে দীর্ঘকাল ধরিয়া ইংরাজ ও ফরাসী জাতির মধ্যে শত্রুতা চলিতেছিল। এমতাবস্থায় ১৭৪৬ খ্রীষ্টাব্দে ইউরোপে অষ্ট্রিয়ার উত্তরাধিকার যুদ্ধ আরম্ভ হইলে ইংরাজ ও ফরাসীগণ ইহাতে জড়িত হইয়া পড়ে এবং পরস্পর পরস্পরের বিরোধী পক্ষ অবলম্বন করে। সুদূর ইউরোপ হইতে এই যুদ্ধের ঢেউ ভারতে আসিয়া পেঁছায়। এই সময়ে করমণ্ডল উপকূলে ইংরাজগণ ফরাসীদের একটি জাহাজ দখল করিলে ভারতে ইঙ্গ-ফরাসী যুদ্ধের সূচনা হয় ( ১৭৪৬ খ্রীঃ )। ইহাই প্রথম কর্ণাটক যুদ্ধ নামে পরিচিত।

এই অবস্থায় পণ্ডিচেরীর ফরাসী শাসনকর্তা দুপ্লে নিজের শক্তি বৃদ্ধির জন্য মরিসাসের শাসনকর্তা লা-বুরদনের সাহায্য প্রার্থনা করেন। লা-বুরদনে এক শক্তিশালী নৌবহর লইয়া করমণ্ডল উপকূলে উপনীত হইলেন এবং মাদ্রাজ দখল করিলেন। ফরাসীগণ মাদ্রাজ দখল করিলে কর্ণাটকের নবাব আনোয়ার উদ্দিন উহার প্রতিবাদ করেন। কারণ মাদ্রাজ ছিল তাঁহার রাজ্যভুক্ত। ফরাসীগণকে শাস্তিদানের উদ্দেশ্যে আনোয়ার উদ্দিন তাঁহার পুত্রের অধীনে দশহাজার অশ্বারোহী

সৈন্যের এক বাহিনী সেণ্টথোমে প্রেরণ করেন। কিন্তু দুপ্লের মাত্র পাঁচশত সৈন্যের এক সুশিক্ষিত গোলন্দাজ বাহিনীর নিকট তাঁহারা পরাজিত হন। ইহাতে দুপ্লের মর্যাদা বৃদ্ধি পায়।

১৭৪৮ খ্রীষ্টাব্দে আই-লা-স্যাপল-এর সন্ধিদ্বারা অষ্ট্রিয়ার উত্তরাধিকার যুদ্ধের অবসান ঘটে। সন্ধির শর্তানুসারে ইউরোপে ইংলণ্ড ও ফ্রান্সের মধ্যে শান্তি স্থাপিত হয়। ভারতেও সাময়িকভাবে ইঙ্গ-ফরাসী প্রতিদ্বন্দ্বিতার অবসান ঘটে। দুপ্লে ইংরাজদের মাদ্রাজ ফিরাইয়া দেন। এই যুদ্ধে কোন পক্ষেরই বিশেষ কোন লাভ হয় নাই।

আই-লা-স্যাপলের সন্ধি

**দ্বিতীয় কর্ণাটক যুদ্ধ ( ১৭৪৯-১৭৫৪ খ্রীঃ ) :** কিন্তু এই শান্তি বেশী দিন স্থায়ী হয় নাই। কিছুদিন যাইতে না যাইতেই ইংরাজ ও ফরাসীদের মধ্যে আবার বিরোধ বাধে। ১৭৪৮ খ্রীষ্টাব্দে হায়দ্রাবাদের নিজাম আসফ ঝাঁর ( নিজাম উল্-মুল্ক্ ) মৃত্যু হয়। এই সময়ে তাঁহার জ্যেষ্ঠ পুত্র দিল্লীতে ছিলেন। তখন আসফ ঝাঁর দ্বিতীয় পুত্র নাসিরজঙ্গ ও দৌহিত্র মুজাফ্ফর জঙ্গের মধ্যে নিজাম পদ লইয়া বিরোধ আরম্ভ হয়। একই সময়ে কর্ণাটকের পূর্বতন নবাব দোস্ত আলির জামাতা চাঁদা সাহেব কর্ণাটকের সিংহাসন দাবী করিলে তাঁহার সহিত আনোয়ার উদ্দিনের বিরোধ বাধে।




দুপ্লে দেশীয় রাজাদের এই অন্তর্দ্বন্দ্বের সুযোগ গ্রহণ করিলেন। তিনি কর্ণাটকে চাঁদাসাহেব ও হায়দ্রাবাদে মুজাফ্ফর জঙ্গের পক্ষ অবলম্বন করিলেন। ইংরাজগণ স্বভাবতঃই আনোয়ার উদ্দিন ও নাসির জঙ্গের সহিত যোগদান করিল। এইভাবে ইংরাজ ও ফরাসীগণ পুনরায় যুদ্ধে লিপ্ত হয়। ইহা দ্বিতীয় কর্ণাটকের যুদ্ধ নামে পরিচিত।

যুদ্ধের প্রথমদিকে ফরাসীদের প্রাধান্য পরিলক্ষিত হয়। চাঁদা সাহেব মুজাফ্ফর জঙ্গ ও ফরাসীগণের সাহায্যে ১৭৪৯ খ্রীষ্টাব্দে অম্বুরের যুদ্ধে আনোয়ার উদ্দিনকে পরাজিত ও নিহত করেন এবং তাঁহার জ্যেষ্ঠ পুত্র মাহফুজ খাঁকে বন্দী করেন। আনোয়ার উদ্দিনের দ্বিতীয় পুত্র মহম্মদ আলি ত্রিচিনাপল্লীতে আশ্রয় গ্রহণ করিলেন। ১৭৫০ খ্রীষ্টাব্দে নাসির জঙ্গও এক শত্রুর হস্তে নিহত হইলেন। এইভাবে ফরাসীদের সহায়তায় চাঁদা সাহেব ও মুজাফ্ফর জঙ্গ যথাক্রমে কর্ণাটকে ও

হায়দ্রাবাদের সিংহাসন লাভ করিলেন। ফলে সাময়িকভাবে দাক্ষিণাত্যে ফরাসীদের প্রভাব বৃদ্ধি পায়।

এই সময়ে ফরাসী সেনাপতি বুসী এক বিরাট সৈন্যবাহিনী লইয়া হায়দ্রাবাদে উপস্থিত হন। তাঁহার কূটনৈতিক বুদ্ধি ও সামরিক প্রতিভা ছিল অসাধারণ।

ফরাসী সেনাপতি বুসী

১৭৫১ খ্রীষ্টাব্দে এক আততায়ীর হস্তে মুজাফ্‌ফর জঙ্গ নিহত হন। বুসী তখন আসফ ঝাঁর তৃতীয় পুত্র সলাবৎ জঙ্গকে হায়দ্রাবাদের সিংহাসনে বসাইলেন। সৈন্যবাহিনীর ব্যয় নির্বাহের জন্য সলাবৎ জঙ্গ বুসীকে কয়েকটি জেলা ছাড়িয়া দিলেন। এইভাবে বুসীর তৎপরতায় দাক্ষিণাত্যে দুপ্লের সাফল্য প্রায় সম্পূর্ণ হইয়া উঠিল।

ফরাসীদের এই সাফল্যে ইংরাজগণ ভীত হইয়া পড়িল। ইংরাজদের যখন এই অবস্থা তখন স্যাণ্ডার্স মাদ্রাজের শাসনকর্তা নিযুক্ত হইয়া আসিলেন (১৭৫০ খ্রীঃ)। এই সময়ে রবার্ট ক্লাইভ নামে একজন সৈনিক মাদ্রাজের ইংরাজকুঠিতে কেরাণীর কাজ করিতেন। স্যাণ্ডার্স তাঁহাকে কর্ণাটকে রওনা হইবার জন্য নির্দেশ দেন। ক্লাইভ

রবার্ট ক্লাইভ

এইবার মসি ত্যাগ করিয়া অসি ধারণ করিলেন। আর তাঁহার সকল প্রচেষ্টা সফল হইতে লাগিল। তরুণ সৈনিক রবার্ট ক্লাইভের রণকৌশলে ইংরাজগণ ১৭৫১ খ্রীষ্টাব্দে কর্ণাটকের রাজধানী আর্কট জয় করিতে সমর্থ হইল। রবার্ট ক্লাইভ দুপ্লে ও চাঁদাসাহেবকে পরাজিত করিয়া ত্রিচিনাপল্লী অধিকার করিলেন। ইংরাজদের মিত্র তাঞ্জোরের রাজার সহায়তায় চাঁদাসাহেবকে হত্যা করা হইল। ইহার পর ক্লাইভ ত্রিচিনাপল্লী হইতে মহম্মদ আলিকে উদ্ধার করিয়া কর্ণাটকের সিংহাসনে বসাইলেন।



রবার্ট ক্লাইভ

এদিকে ফরাসী কোম্পানীর অর্থাভাব দেখা দিল। নিদারুণ ভাগ্য বিপর্যয়েও দুপ্লে কিন্তু হতাশ হইলেন না। তিনি ব্যক্তিগতভাবে প্রায় সাড়ে তিন লক্ষ পাউণ্ড খরচ করিয়া আরও দুই বৎসর যুদ্ধ চালাইলেন। শেষ পর্যন্ত ফরাসী কর্তৃপক্ষের নির্দেশে তাঁহাকে স্বদেশে ফিরিয়া যাইতে হইল। তাঁহার স্থলে গভেহু পণ্ডিচেরীতে নূতন শাসনকর্তা নিযুক্ত হইলেন। তিনি ১৭৫৪ খ্রীষ্টাব্দে ইংরাজদের সহিত এক সন্ধি স্থাপন করেন এবং তাহার ফলে এই যুদ্ধের অবসান ঘটে। এই যুদ্ধের ফলে হায়দ্রাবাদে ফরাসীদের এবং কর্ণাটকে ইংরাজদের প্রভাব স্থাপিত হয়।

**তৃতীয় কর্ণাটক যুদ্ধ (১৭৫৬—১৭৬৩ খ্রীঃ)ঃ** ১৭৫৪ খ্রীষ্টাব্দের সন্ধি দুই

বৎসরও স্থায়ী হয় নাই। ১৭৫৬ খ্রীষ্টাব্দে ইউরোপে সপ্তবর্ষব্যাপী যুদ্ধ আরম্ভ হয়। এই যুদ্ধেও ইংলণ্ড ও ফ্রান্স পরস্পর বিপরীত পক্ষ অবলম্বন করে। ফলে ভারতেও তৃতীয় পর্যায়ে ইংরাজ ও ফরাসীদের মধ্যে আবার যুদ্ধ আরম্ভ হয়। ইহা তৃতীয় কর্ণাটক যুদ্ধ নামে পরিচিত।

ইউরোপের সপ্তবর্ষব্যাপী যুদ্ধ

এই সময়ে বাংলায় ইংরাজদের প্রধান ঘাঁটি কলিকাতা এবং ফরাসীদের ঘাঁটি ছিল চন্দননগর। ফরাসীদের সঙ্গে প্রতিদ্বন্দ্বিতায় নিজেদের শক্তি বৃদ্ধি করিবার জন্য ইংরাজরা কলিকাতায় দুর্গ মেরামত করিল। পরে ১৭৫৭ খ্রীষ্টাব্দে পলাশীর যুদ্ধে ইংরাজগণ বাংলার নবাব সিরাজদ্দৌলাকে পরাজিত করিলে সেখানে ইংরাজদের আধিপত্য প্রতিষ্ঠিত হয়। পলাশীর যুদ্ধ কর্ণাটকে প্রভাব বিস্তার করে।

দক্ষিণ ভারতে যুদ্ধ আরম্ভ হয় ১৭৫৮ খ্রীষ্টাব্দে। এই সময় ফ্রান্স হইতে কাউণ্ট লালী ভারতে ফরাসী সেনাপতি নিযুক্ত হইয়া আসিলেন। তিনি সেণ্ট ডেভিড দুর্গ অধিকার করিলেন এবং মাদ্রাজ আক্রমণে তাঁহাকে সাহায্য করিবার জন্য বুসীকে হায়দ্রাবাদ হইতে কর্ণাটকে ফিরাইয়া আনিলেন। বুসীর প্রস্থানের সঙ্গে সঙ্গে হায়দ্রাবাদে ফরাসীদের প্রভাব নষ্ট হইল। ইংরাজ নৌবহরের তৎপরতায় লালী এত করিয়াও মাদ্রাজ অধিকার করিতে ব্যর্থ হইলেন। পণ্ডিচেরীর নিকটে ফরাসী নৌ-বাহিনীর পরাজয় ঘটিলে করমণ্ডল উপকূলে ইংরাজ আধিপত্য প্রতিষ্ঠা হয়। ১৭৬০ খ্রীষ্টাব্দে বন্দীবাসের যুদ্ধে ইংরাজ সেনাপতি স্যার আয়ার কুট ফরাসী সেনাপতি কাউণ্ট লালীকে পরাজিত করেন। ফলে পণ্ডিচেরী ইংরাজদের অধিকারভুক্ত হয়। ইহার পর মাহে, গিন্‌জি প্রভৃতি ফরাসী ঘাঁটিগুলিরও পতন ঘটে।

বন্দীবাসের যুদ্ধ

১৭৬৩ খ্রীষ্টাব্দে প্যারিসের সন্ধি স্বাক্ষরিত হইলে ইউরোপে সপ্তবর্ষব্যাপী যুদ্ধের অবসান ঘটে। এই সন্ধির ফলে ইউরোপে ইংল্যাণ্ড ও ফ্রান্সের মধ্যে শান্তি স্থাপিত হয়। ভারতেও ইঙ্গ-ফরাসী যুদ্ধের সমাপ্তি ঘটে।

**কর্ণাটক যুদ্ধের ফলাফল :**—প্রথম কর্ণাটক যুদ্ধের পরে দুপ্লের সুশিক্ষিত সেনাবাহিনীর রণ-কৌশলের কাছে ভারতীয় সামরিক নীতির দুর্বলতা সহজেই ধরা পড়িয়া যায়। দ্বিতীয়তঃ, দক্ষিণ ভারতে দীর্ঘকালব্যাপী ইংরাজ ও ফরাসীগণ নিজেদের শক্তিবৃদ্ধির উদ্দেশ্যে প্রতিদ্বন্দ্বিতায় লিপ্ত থাকার ফলে স্বভাবতঃই দেশীয় নৃপতিদের শক্তি বিনষ্ট হয়। তৃতীয়তঃ, এই যুদ্ধের ফলে ভারতবর্ষে ফরাসীদের সাম্রাজ্য গঠনের আশা চিরতরে বিলুপ্ত হয়। আর ইংরাজগণ ভারতের বাণিজ্যের ক্ষেত্রে অপ্রতিদ্বন্দ্বী হইয়া উঠে এবং ক্রমে এদেশের রাজনীতিতে প্রভাব বিস্তার করিতে মনোযোগী হয়।

**ফরাসীদের ব্যর্থতার কারণ :**—ভারতে ইঙ্গ-ফরাসী যুদ্ধে ফরাসীদের পরাজয়ের কয়েকটি কারণ ছিল। প্রথমতঃ, ফরাসী ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর তুলনায় ইংরাজ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর আর্থিক স্বচ্ছলতা ছিল অনেক বেশী। এই ব্যাপারে ইংরাজ কোম্পানীকে নিজেদের খরচের জন্য কাহারও উপর নির্ভর করিতে হইত না।

ইংরাজগণ ব্যবসা-বাণিজ্যে অধিক উৎসাহী ছিল এবং অর্থও উপার্জন করিয়াছিল প্রচুর। কিন্তু দুপ্লের নেতৃত্বে ফরাসীগণ বাণিজ্যনীতির প্রতি সম্পূর্ণ উদাসীন ছিল। বাণিজ্য অপেক্ষা সাম্রাজ্য গঠনের দিকেই তাহাদের আগ্রহ বেশী ছিল। ফলে আর্থিক ব্যাপারে তাহারা সরকারের সাহায্যও ঠিকমত পায় নাই। অর্থাভাবে অনেক সময় দুপ্লে ও লালীর পক্ষে সৈনিকদের বেতন দেওয়া পর্যন্ত সম্ভব হয় নাই।

দ্বিতীয়তঃ, ফরাসী নৌ-বহরের দুর্বলতা তাহাদের ব্যর্থতার অন্যতম কারণ ছিল। উপযুক্ত নৌ-বহরের অভাবে ফরাসীগণ স্বদেশ হইতে যুদ্ধের প্রয়োজনীয় উপকরণ আনিতে পারে নাই। ফরাসীদের তুলনায় ইংরাজদের নৌ-বাহিনী ছিল অনেক বেশী শক্তিশালী। তাহাদের নৌ-বহর পর্যাপ্ত ছিল বলিয়া তাহাদের পক্ষে ইংলণ্ড হইতে সৈন্য সরবরাহ করা এবং বাংলা ও ভারতের অন্যান্য স্থান হইতে যুদ্ধের প্রয়োজনীয় রসদ ও উপকরণ কর্ণাটকে প্রেরণ করা সহজসাধ্য ছিল। তাই নৌ-বলে বলীয়ান ইংরাজদের সঙ্গে প্রতিদ্বন্দ্বিতায় টিকিয়া থাকা ফরাসীদের পক্ষে সম্ভব ছিল না।

তৃতীয়তঃ, ফরাসী সেনানায়কদের ব্যক্তিগত অক্ষমতা তাহাদের পরাজয়ের জন্য যথেষ্ট দায়ী ছিল। দুপ্লে ফরাসী কর্তৃপক্ষের নিকট হইতে তাঁহার কর্মপন্থা গোপন রাখিয়া এবং সৈন্যবাহিনীকে বিভক্ত করিয়া খুব ভুল করিয়াছিলেন। লালী হায়দ্রাবাদ হইতে বুসীকে স্থানান্তরিত করিয়াও মারাত্মক ভুল করিয়াছিলেন। ইহার ফলে দাক্ষিণাত্যে ফরাসী প্রভাব নষ্ট হইয়াছিল। অপরপক্ষে ক্লাইভ, আয়ার কুট প্রমুখ ইংরাজ সেনানায়কদের সংগঠনী শক্তি ছিল অসাধারণ।

চতুর্থতঃ, দেশীয় নৃপতিদের অনিশ্চিত সাহায্যের উপর ভরসা করা ফরাসীদের পক্ষে মোটেই উচিত হয় নাই।

পঞ্চমতঃ, লালীর উগ্র মেজাজ, উদ্ধত স্বভাব ও রূঢ় ভাষণ ফরাসীদের মধ্যে বিভেদ সৃষ্টি করিয়াছিল। তাঁহার এইরূপ মেজাজ ও স্বভাবের জন্য তিনি অনেকেরই সহযোগিতা পান নাই।

ষষ্ঠতঃ, বাংলায় ইংরাজদের শক্তিশালী সামরিক ঘাঁটি ছিল, কিন্তু ফরাসীদের পক্ষে সেইরকম কোন সুযোগ ছিল না।

সপ্তমতঃ, ফরাসী কোম্পানীর শাসনব্যবস্থায় যথেষ্ট ত্রুটি ছিল। কর্মচারীদের দুর্নীতি ও দলাদলি তাহাদের পতন ডাকিয়া আনিয়াছিল।

## (৪) ১৭৬৫ খ্রীষ্টাব্দ পর্যন্ত বাংলায় ইংরাজদের বাণিজ্যিক ও রাজনৈতিক শক্তির প্রতিষ্ঠা ঃ

**অষ্টাদশ শতাব্দীর মধ্যভাগ পর্যন্ত বাংলায় ইংরাজদের বাণিজ্যবিস্তার ঃ—** পূর্বেই উল্লেখ করা হইয়াছে যে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী বাংলায় প্রথম বাণিজ্যকুঠি স্থাপন করিয়াছিল ১৬৫১ খ্রীষ্টাব্দে। ইহার পর হইতেই এখানে তাহাদের বাণিজ্যের উন্নতি ঘটিতে থাকে। ইতিপূর্বে তাহারা সুরাট, মসলিপত্তম প্রভৃতি স্থানেও বাণিজ্য-কুঠি স্থাপন করিয়াছিল। কিন্তু বাংলার বাণিজ্য ছিল তাহাদের নিকট সর্বাপেক্ষা বেশী

আকর্ষণীয় ও গুরুত্বপূর্ণ। জলপথে যাতায়াতের সুযোগ সুবিধা সমন্বিত বাংলার সমৃদ্ধ ও বিস্তৃত পশ্চাদভূমিতে উৎপন্ন সুন্দর সুন্দর পণ্যসামগ্রীর ইউরোপের বাজারে দারুণ চাহিদা ছিল। বাণিজ্যিক পণ্য সামগ্রীর মধ্যে উল্লেখযোগ্য ছিল সুতী বস্ত্র, রেশম বস্ত্র, সুতা এবং চিনি। তাহা ছাড়া ইউরোপে তখন ক্রমাগত যুদ্ধ লাগিয়া থাকায় সোরার চাহিদাও ছিল প্রচুর। অষ্টাদশ শতাব্দীর প্রথমভাগে বাংলায় বাণিজ্য বিস্তারের ক্ষেত্রে ইংরাজদের পক্ষে বিশেষ সুবিধা এই ছিল যে, বোম্বাই, সুরাট কিংবা মাদ্রাজের তুলনায় সেখানকার বাণিজ্য যুদ্ধবিগ্রহের ফলে খুব কম বাধাপ্রাপ্ত হইয়াছিল। তাহা ছাড়া কেন্দ্রে মুঘল শক্তির দুর্বলতাও বাংলায় ইংরাজ কোম্পানীর বাণিজ্য সম্প্রসারণের পথ সুগম করিয়াছিল।

**১৭১৭ খ্রীষ্টাব্দের সনদ :**—পূর্বেই উল্লেখ করা হইয়াছে যে, ১৭১৫ খ্রীষ্টাব্দে মুঘল সম্রাট ফারুকশিয়ারের দরবারে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী জন সুরম্যান নামে এক দূত প্রেরণ করিয়াছিলেন। ১৭১৭ খ্রীষ্টাব্দে ফারুকশিয়ার কোম্পানীকে একটি ফরমান (সনদ) প্রদান করেন। এই ফরমান বা সনদ অনুযায়ী বার্ষিক তিন হাজার টাকার বিনিময়ে ইংরাজ বণিকগণ বাংলায় বিনা শুল্কে বাণিজ্য করিবার সুযোগ ও অন্যান্য আরও সুবিধা লাভ করিয়াছিল। ঐতিহাসিক ডঃ স্মিথের মতে ১৭১৭ খ্রীষ্টাব্দে ফারুকশিয়ারের দরবারে সুরম্যান দৌত্য একটি কূটনৈতিক জয়ের সংকেত বহন করে।* এই ব্যবস্থা পরবর্তী চল্লিশ বৎসর ব্যাপী এদেশের সঙ্গে ইংরাজ কোম্পানীর বাণিজ্যিক সম্পর্ক নিয়ন্ত্রণ করিয়াছিল। কিন্তু কেন্দ্রীয় শক্তির পতনের সঙ্গে সঙ্গে কোম্পানীর কর্মচারীগণ বাণিজ্য সংক্রান্ত ব্যাপারে সম্রাটের পরিবর্তে স্থানীয় সুবাদার কিংবা বাংলার নবাবদের সঙ্গে জড়িত হইয়া পড়িল।

**বাংলার নবাবদের সঙ্গে ইংরাজদের বিরোধ :**—পূর্বেই উল্লেখ করা হইয়াছে যে, নবাব মুর্শিদকুলি খাঁ ও সুজাউদ্দৌলার আমলে ইংরাজ বণিকগণ বাংলায় নিজেদের প্রভাব প্রতিপত্তি বৃদ্ধি করিবার চেষ্টা করিয়াছিল। কিন্তু তাঁহারা অত্যন্ত দক্ষতার সহিত ইংরাজ বণিকদের সেই চেষ্টা ব্যর্থ করিয়া দেন। তাই তাঁহাদের সঙ্গে ইংরাজদের সম্পর্কের অবনতি ঘটে এবং বিরোধের সূচনা হয়।

আলিবর্দী খাঁ

নবাব আলিবর্দী খাঁ ছিলেন অত্যন্ত বুদ্ধিমান, দায়িত্বপূর্ণ ও সুযোগ্য শাসক। তিনি বাংলার সমৃদ্ধির জন্য ব্যবসা-বাণিজ্যের গুরুত্ব উপলব্ধি করেন। সেইজন্য দূরদর্শী আলিবর্দী খাঁ ইংরাজ বণিকদের সঙ্গে ভাল ব্যবহার করিলেও তাহাদের উদ্দেশ্য সম্পর্কে সম্পূর্ণ সতর্ক ছিলেন। তিনি ইংরাজদের কোনপ্রকার রাজনৈতিক বা সামরিক শক্তি সঞ্চয়ের সুযোগদানের পক্ষপাতী ছিলেন না। নবাব আলিবর্দী বুঝিতে পারিয়াছিলেন যে নৌবলে বলীয়ান ইংরাজদিগকে বাংলা হইতে বিতাড়িত করা সহজসাধ্য নহে। একবার এক সভাসদ তাঁহাকে বাংলা হইতে ইংরাজ বণিকদের বহিষ্কারের পরামর্শ দিলে

* "In 1717 Surman's embassy to the court of Farukshiyar achieved a signal of diplomatic success"—The Oxford History of India.

আলিবর্দী খাঁ উত্তরে বলিয়াছিলেন—"থলে আগুন লাগিলে তাহা নিভাইবার সাধ্য কাহার ? তিনি ইংরাজগণের প্রতি সতর্কতামূলক বন্ধুত্বনীতিও অনুসরণ করিতেন, আবার প্রয়োজনবোধে তাহাদের নিকট হইতে অর্থ সংগ্রহ করিতেন। কিন্তু আলিবর্দী খাঁর মৃত্যুর সঙ্গে সঙ্গে বাংলার ভাগ্যলক্ষ্মী অন্তর্হিত হইল।*

আলিবর্দী খাঁর কোন পুত্র-সন্তান ছিলনা। মৃত্যুকালে তিনি তাঁহার দৌহিত্র ( কনিষ্ঠ কন্যা আমিনা ও জামাতা জৈনউদ্দিনের পুত্র ) সিরাজদ্দৌলাকে সিংহাসনের উত্তরাধিকারী মনোনীত করিয়া যান। মৃত্যুর পূর্বে তিনি সিরাজদ্দৌলাকে ইংরাজদের সম্পর্কে সতর্ক করিয়া দিয়া গিয়াছিলেন।

**সিরাজদ্দৌলা ও ইংরাজ কোম্পানী** :—১৭৫৬ খ্রীষ্টাব্দে সিরাজদ্দৌলা বাংলা-বিহার-উড়িষ্যার নবাব হইলেন। সিরাজের তখন বয়স কম ছিল। শাসনকার্য সম্বন্ধে তাঁহার মোটেই অভিজ্ঞতা ছিল না। তিনি ছিলেন অস্থিরমতি ও অত্যাচারী। সিংহাসন প্রাপ্তির সঙ্গে সঙ্গে নানা কারণে চারিদিকে তাঁহার শত্রু বাড়িয়া উঠিল। আলিবর্দীর জ্যেষ্ঠা কন্যা ঘসেটি বেগম ছিলেন নিঃসন্তান। মধ্যমা কন্যার দুই পুত্র শৌকত জঙ্গ ( পূর্ণিয়ার শাসনকর্তা ) ও মির্জা রমজান। শৌকত জঙ্গ সিরাজের প্রতিদ্বন্দ্বী ছিলেন। সিরাজের সঙ্গে ঘসেটি বেগমেরও প্রবল শত্রুতা ছিল। পর্দার আড়াল হইতে বাংলায় রাজত্ব করিবার অভিপ্রায়ে ঘসেটি বেগম তাঁহার পোষ্যপুত্র আক্রামউদ্দৌলাকে ( সিরাজের কনিষ্ঠ ভ্রাতা ) বাংলার নবাব করিতে চাহিয়াছিলেন। অবশ্য অল্পবয়সেই আক্রামের মৃত্যু হয়। তাঁহারা সিরাজের মনোনয়নকে সহ্য করিতে না পারিয়া তাঁহার বিরুদ্ধে ষড়যন্ত্র আরম্ভ করিলেন। সিরাজের নবাবীলাভে তাঁহার সেনাপতি মীরজাফর, দেওয়ান রাজবল্লভ, ধনকুবের জগৎশ্রেঠ, বণিক উমিচাঁদ কেহই সন্তুষ্ট ছিলেন না। বাহিরের শত্রু ইংরাজ এই সুযোগ গ্রহণ করিল। শুরু হইতেই ইংরাজগণ সিরাজকে অবমাননা করিয়া আসিতেছিল। মুর্শিদাবাদের নবাবগণ যখনই সিংহাসনে আরোহণ করিয়াছেন তখনই ইংরাজগণ নজরানা পাঠাইয়া তাঁহাদের সম্মানিত করিয়াছেন। সিরাজের ক্ষেত্রে এই চিরাচরিত প্রথা প্রচলিত না হওয়ায় তাঁহার আত্মমর্যাদায় আঘাত লাগিল। তিনি ইংরাজদের প্রতি রুষ্ট হইলেন।

আভ্যন্তরীণ শত্রুতা



সিরাজদ্দৌলা

ইংরাজগণ বিনাশুল্কে এই দেশে বাণিজ্য করিয়া নবাবের রাজস্বের ক্ষতিসাধন করিতেছিল। তাহা ছাড়া তাহারা বাণিজ্য সংক্রান্ত সুযোগ সুবিধার অপব্যবহার করিতে লাগিল। ইহাতে সিরাজ ইংরাজদের উপর অত্যন্ত বিরাগভাজন হইলেন।

* মুজফফর নামা—করম আলি।

এই সময়ে নবাবের অবাধ্য কর্মচারী রাজা রাজবল্লভের পুত্র কৃষ্ণদাস ঢাকা হইতে প্রচুর ধনরত্ন লইয়া কলিকাতায় চলিয়া আসে এবং ইংরাজদের নিকট আশ্রয় লাভ করে। এই ব্যাপারে কলিকাতার গভর্ণর ড্রেক কৃষ্ণদাসকে সাহায্য করেন। নবাব ইংরাজদের নিকট কৃষ্ণদাসকে তাঁহার হস্তে সমর্পণ করিবার দাবী জানাইলেন। ইংরাজগণ তাঁহার দাবী অগ্রাহ্য করিলে নবাব তাহাদের উপর ভয়ানক অসন্তুষ্ট হন।

বাংলায় ইংরাজদের প্রধান ঘাঁটি ছিল কলিকাতা এবং ফরাসীদের কুঠি ছিল চন্দননগরে। এই সময়ে ইউরোপের সপ্তবর্ষব্যাপী যুদ্ধের সূত্র ধরিয়া দাক্ষিণাত্যে ইঙ্গ-ফরাসী যুদ্ধ শুরু হয়। তখন ফরাসীগণ কলিকাতা আক্রমণ করিতে পারে এইরূপ আশংকা করিয়া ইংরাজগণ কলিকাতায় দুর্গ মেরামত করিতেছিল। সিরাজদ্দৌলার গুপ্তচরদের সর্দার মেদিনীপুরের ফৌজদার রাজা রাম সিং তাঁহাকে এই বিষয়ে অবহিত করেন। নবাব দুর্গের সংস্কার সাধন নিষেধ করিলে ইংরাজগণ তাহা অগ্রাহ্য করিল। ইংরাজদের দুর্ব্যবহারে সিরাজের ক্রোধের সীমা রহিল না। তিনি প্রথমে তাহাদের কাশিমবাজারের কুঠি অধিকার করিলেন এবং পরে আকস্মিকভাবে পঞ্চাশ হাজার সৈন্যসহ কলিকাতা আক্রমণ করেন (১৬ই জুন, ১৭৫৬) এবং ফোর্ট উইলিয়াম দুর্গ দখল করেন। কলিকাতার গভর্ণর ড্রেক পরাজিত হইয়া জলপথে ফলতায় পলায়ন করিলেন। তখন মাণিকচাঁদকে কলিকাতার গভর্ণর নিযুক্ত করিয়া সিরাজ মুর্শিদাবাদে ফিরিয়া গেলেন। হলওয়েল নামক একজন ইংরাজ লেখকের বিবরণী হইতে জানা যায় যে ১৪৬ জন বন্দী ইংরাজকে নবাবের নির্দেশে ১৮ ফুট দীর্ঘ ও ১৪ ফুট ১০ ইঞ্চি প্রস্থ বিশিষ্ট একটি ক্ষুদ্র কক্ষে আবদ্ধ করিয়া রাখা হয়। প্রচণ্ড গ্রীষ্মে শ্বাসরুদ্ধ হইয়া তাহাদের ১২৩ জন মৃত্যুমুখে পতিত হয়। এই ঘটনা ইতিহাসে 'অন্ধকূপ হত্যা' (Black Hole Tragedy) নামে পরিচিত। আধুনিক ঐতিহাসিকগণ প্রমাণ করিয়াছেন যে হলওয়েলের ঐ কাহিনী অসত্য ও উদ্দেশ্য প্রণোদিত। ঐরকম একটি ক্ষুদ্র কক্ষে ১৪৬ জন ইংরাজ জোয়ানকে আবদ্ধ করিয়া রাখা একটি অসম্ভব ব্যাপার। তাহা ছাড়া তখন এতগুলি ইংরাজকে পাওয়া গেলই বা কোথা হইতে?

ইংরাজদের দুর্গ মেরামত

অন্ধকূপ হত্যা

এদিকে কলিকাতায় ইংরাজদের বিপর্যয়ের সংবাদ মাদ্রাজে পৌঁছাইলে ইংরাজ সেনাপতি রবার্ট ক্লাইভ ও এডমিরাল ওয়াটসন মাদ্রাজ হইতে একদল সৈন্য লইয়া বাংলা অভিমুখে রওনা হইলেন। ক্লাইভ ও ওয়াটসন মানিকচাঁদকে সহজেই বিতাড়িত করিয়া কলিকাতা পুনরুদ্ধার করেন। এই সংবাদ পাইয়া সিরাজ পুনরায় সসৈন্যে কলিকাতায় আসেন। কিন্তু যুদ্ধ না করিয়া তিনি ইংরাজদের সহিত আলিনগরের সন্ধি স্বাক্ষর করেন (৯ই ফেব্রুয়ারী, ১৭৫৭)। এই সন্ধিতে ইংরাজদের শর্ত মানিয়া লইয়া সিরাজ ইংরাজদের বিনাশুল্কে বাণিজ্য করিবার অনুমতি দিলেন।

আলিনগরের সন্ধি

কিন্তু আলিনগরের সন্ধি দীর্ঘদিন স্থায়ী হইল না। নবাবের নিষেধ অগ্রাহ্য করিয়া ইংরাজগণ ফরাসীদের চন্দননগরের কুঠি দখল করে। চন্দননগরের ফরাসী প্রতিনিধি সিরাজকে এই বিষয়ে অবহিত করেন এবং তাঁহার সাহায্য প্রার্থনা করেন। ইংরাজদের এই ঔদ্ধত্যে সিরাজ খুব ক্রুদ্ধ হইলেন। তিনি ফরাসীদিগকে নিজের দরবারে আশ্রয় দিলেন। সিরাজ ইংরাজদের এইসব অন্যায় কার্যকলাপ বরদাস্ত করিতে রাজী হইলেন না। শীঘ্রই তাহাদের মধ্যে চূড়ান্ত সংঘর্ষ অনিবার্য হইয়া উঠিল।


ইংরাজগণ কর্তৃক চন্দননগরের কুঠি দখল

অনেকদিন হইতেই সিরাজের সেনাপতি মীরজাফর সিরাজকে সিংহাসন হইতে অপসারিত করিয়া নবাবী পদ লাভের জন্য গোপন ষড়যন্ত্র করিতেছিলেন। মীরজাফর ছিলেন সিরাজদ্দৌলার আত্মীয়। আলিবর্দী খাঁর এক বৈমাত্রেয় ভগিনীর সহিত তাঁহার বিবাহ হইয়াছিল। মীরজাফর চিরকালের বিশ্বাস-ঘাতক। রায়দুর্লভ, ইয়ারলতিফ, উমিচাঁদ ও জগৎশেঠের মত প্রভাবশালী ব্যক্তিরাও এই ষড়যন্ত্রে লিপ্ত ছিলেন। ভাগ্যলক্ষ্মী বোধ হয় ইংরাজদের সহায়ক ছিলেন। কেননা ক্লাইভ ঠিক এইসময় ঠিক এইরকম একটি সুযোগের অপেক্ষায় ছিলেন। তিনি আসিয়া এই ষড়যন্ত্রকারীদের সংগে যোগ দিলেন। ইংরাজ ও মীরজাফরের মধ্যে গোপনে এক সন্ধিপত্র স্বাক্ষরিত হইল। উভয় পক্ষে স্থির হইল যে, সিরাজকে সিংহাসন হইতে অপসারিত করিয়া মীরজাফরকে নবাবী দিতে হইবে। বিনিময়ে মীরজাফর ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীকে প্রচুর অর্থ দিবেন এবং ব্যবসা-বাণিজ্যের আরও সুযোগ-সুবিধা প্রদান করিবেন।

সিরাজের বিরুদ্ধে ষড়যন্ত্র

**পলাশীর যুদ্ধ :**—পূর্ব হইতেই সিরাজ মীরজাফরের চক্রান্তের আভাস পাইয়াও চক্রান্তকারীদের বিরুদ্ধে তিনি সময় মত ব্যবস্থা গ্রহণ করিতে ব্যর্থ হন। এদিকে আলিনগরের সন্ধিভংগের মিথ্যা অজুহাতে পূর্ব-পরিকল্পিত ষড়যন্ত্র অনুযায়ী রবার্ট ক্লাইভ সিরাজের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেন। ইংরাজ সৈন্য মুর্শিদাবাদ আক্রমণ করিবার জন্য কলিকাতা হইতে অভিযান শুরু করিল। চক্রান্তের ফলে নবাব সৈন্য কাটোয়ার নিকটে তাহাদিগকে বাধাদানে বিরত রহিল। ১৭৫৭ খ্রীষ্টাব্দের ২৩শে জুন নদীয়া জেলার অন্তর্গত ভাগীরথীর তীরে পলাশীর আম্রকাননে সিরাজের সহিত ইংরাজদের যুদ্ধ আরম্ভ হইল। এই যুদ্ধে ইংরাজ বাহিনীর পরিচালনা করিয়াছিলেন রবার্ট ক্লাইভ। তিনি মাত্র আটশত ইউরোপীয় সৈন্য এবং দুই হাজার দুইশত সিপাহী লইয়া সিরাজের বিরুদ্ধে অগ্রসর হইলেন। সিরাজ প্রায় পঞ্চাশ হাজার সৈন্য লইয়া ক্লাইভকে বাধা দেন। এই যুদ্ধে তিনি তাঁহার প্রধান শত্রু মীরজাফরকেই প্রধান সেনাপতি পদে নিযুক্ত করেন। কিন্তু প্রকৃতপক্ষে বীরত্বের সহিত প্রাণপণ যুদ্ধ করেন নবাবের বিশ্বস্ত সৈনিক মোহনলাল, মীরমদন ও সিনফ্রে। নবাবের প্রধান সেনাপতি মীরজাফরের ইঙ্গিতে রায়দুর্লভ, ইয়ারলতিফ ও উমিচাঁদের দল যুদ্ধক্ষেত্রে

নীরব পুতুলের ন্যায় দাঁড়াইয়া রহিলেন। পঞ্চাশ হাজার সৈন্যের মধ্যে মাত্র বার হাজার সৈন্য যুদ্ধে যোগদান করিয়াছিল। তবু মীরমদন, মোহনলাল ও সিনফ্রের সমরদক্ষতায় ইংরাজ সেনাপতি ক্লাইভ যুদ্ধে জয়লাভ সম্পর্কে চিন্তান্বিত হইয়া উঠিলেন। এই অবস্থায় মীরমদন যুদ্ধক্ষেত্রে আকস্মিকভাবে নিহত হইলেন। তাঁর মৃত্যুতে নবাবের যেন বুকের পাঁজর ভাঙ্গিয়া গেল। কিন্তু মোহনলাল ও সিনফ্রে ইহাতে বিন্দুমাত্র দমিলেন না। তাঁহারা আরও দৃঢ়তার সহিত যুদ্ধ চালাইয়া যান। হয়ত তাঁহারা সহজেই ইংরাজ বাহিনীকে পরাজিত করিতে পারিতেন, কিন্তু মীরজাফর সমেত অন্যান্য সেনাপতিদের নিষ্ক্রিয়তা ও নীরবতা লক্ষ্য করিয়া নবাব হতবুদ্ধি হইয়া পড়িলেন। তিনি মীরজাফরকে দেশরক্ষার জন্য কাতর অনুরোধ জানাইলে এমতাবস্থায় মীরজাফর যুদ্ধ বন্ধের পরামর্শ দিলেন। কিন্তু সেনাপতি মোহনলাল




এই প্রস্তাবে রাজী হইলেন না। অগত্যা নবাবের আদেশে মোহনলালকে যুদ্ধ বন্ধের প্রস্তাব মানিতেই হইল। ইংরাজ বাহিনী যখন প্রায় পরাজয়ের মুখে ঠিক সেই মুহূর্তে সুযোগ বুঝিয়া বিশ্বাসঘাতক মীরজাফর যুদ্ধ বন্ধের আদেশ দেন। এদিকে

যুদ্ধ বন্ধের আদেশ পাইয়া নবাব সৈন্য যখন অসতর্ক হইল, ইংরাজ বাহিনী তখন অতর্কিতে আক্রমণ করিয়া তাহাদের ছত্রভঙ্গ করিয়া দেয় এবং যুদ্ধে জয়ী হয়। এইভাবে পলাশীতে সিরাজের শোচনীয় পরাজয় ঘটে। হৃতভাগ্য সিরাজ যুদ্ধক্ষেত্র হইতে বিহারের দিকে নৌকাযোগে পলায়ন করিলেন। ভাগলপুরের ফরাসী কুঠির অধ্যক্ষ মসিয়েঁল-এর নিকট হইতে পুনরায় সৈন্য সংগ্রহ করিয়া তিনি একবার শেষ চেষ্টা করিতে চাহিলেন। কিন্তু পথিমধ্যে ধৃত হইয়া মীরজাফরের পুত্র মীরনের আদেশে নবাব নিহত হইলেন।

**পলাশীর যুদ্ধের গুরুত্ব ও ফলাফল :** পলাশীর যুদ্ধকে একটি প্রকৃত যুদ্ধ বলিলে খুব ভুল হইবে। এই যুদ্ধ স্থায়ী হইয়াছিল মাত্র আট ঘণ্টা। ইহাতে ইংরাজপক্ষে নিহতের সংখ্যা ছিল তেইশ আর নবাবের পক্ষে পাঁচশত জন সৈন্য মাত্র। সামান্য দাঙ্গায়ও বোধ হয় ইহা অপেক্ষা বেশী লোক হতাহত হয়। সুতরাং যুদ্ধের ব্যাপকতা এবং হতাহতের সংখ্যার দিক হইতে বিচার করিলে পলাশীর যুদ্ধকে প্রকৃত যুদ্ধ বলিয়া অভিহিত করা যায় না। যদি নবাবের পঞ্চাশ হাজার সৈন্য তাঁহার প্রতি অনুগত থাকিয়া যুদ্ধ করিত তাহা হইলে পলাশীর প্রান্তরে ক্লাইভের সৈন্যবাহিনীর কোন অস্তিত্ব খুঁজিয়া পাওয়া যাইত না। নিদারুণ ভাগ্য বিপর্যয়ে সিরাজ পরাজিত ও নিহত হইলেন।

**ফলাফল**

তথাপি এই যুদ্ধ বাংলা তথা ভারতের ইতিহাসে এক গুরুত্বপূর্ণ ঘটনা। এই যুদ্ধের ফল সুদূরপ্রসারী হইয়াছিল। পলাশীর যুদ্ধের পর মীরজাফর বাংলার নবাব হইলেন বটে, কিন্তু তাঁহাকে সম্মুখে রাখিয়া বাংলার প্রকৃত শাসক হইয়া উঠিল ইংরাজ কোম্পানী। কোম্পানী সামান্য একটি বাণিজ্যিক প্রতিষ্ঠান হইতে ক্রমে ক্রমে রাজনৈতিক শক্তিতে পরিণত হয়। বাংলার সম্পদ লুণ্ঠন করিয়াই যে ইংরাজগণ সারা ভারতবর্ষে নিজেদের আধিপত্য বিস্তার করিয়াছিল সে বিষয়ে কোন সন্দেহ নাই। বস্তুতঃ পলাশীর যুদ্ধের ফলে ইংরাজগণ ভারতে স্থায়ী শক্তি প্রতিষ্ঠা করিতে সমর্থ হইয়াছিল এবং সেই সঙ্গে ফরাসীদের আধিপত্য বিস্তারের আশা চিরতরে নির্মূল হইয়াছিল। ঐতিহাসিক যদুনাথ সরকারের মতে বাংলার ইতিহাসে ১৭৫৭ খ্রীষ্টাব্দ এক যুগসন্ধিক্ষণ। সাধারণভাবে একটি কথা প্রচলিত আছে যে, পলাশীর যুদ্ধের ফলেই বাংলার স্বাধীনতার সূর্য অস্তমিত হইয়াছিল। কিন্তু আধুনিক মতবাদে কথাটি সম্পূর্ণ ভুল। কেননা পলাশীর যুদ্ধের পরও সাত আট বৎসর (১৭৬৪ খ্রীঃ পর্যন্ত) বাংলায় নবাবী শাসন ছিল। নবাব মীরকাশিম ইংরাজ শক্তির প্রতিরোধে প্রচণ্ড লড়াই করিয়াছিলেন। অবশেষে বক্সারের যুদ্ধে তাহার পরিণতি ঘটে।

**গুরুত্ব**


**মীরজাফর ও ইংরাজ কোম্পানী :** বিশ্বাসঘাতকতার পুরস্কারস্বরূপ মীরজাফর বাংলার নবাবী লাভ করিলেন বটে, কিন্তু ইংরাজ কোম্পানীই প্রকৃতপক্ষে বাংলার শাসনকার্য চালাইত। এই সময়ে ক্লাইভ বাংলার গভর্ণর পদে নিযুক্ত হন।

মীরজাফর ছিলেন তাঁহাদের হাতের পুতুল মাত্র। ক্লাইভ ও কোম্পানীর কর্মচারীগণকে তিনি বহুমূল্য উপঢৌকন প্রদান করিয়া রাজকোষ প্রায় শূন্য করিয়া ফেলিলেন। তাহা ছাড়া মীরজাফর কোম্পানীকে সমগ্র চব্বিশ পরগণার জমিদারী দান করিয়াছিলেন। এইভাবে নানা অজুহাতে অর্থ দাবী করিয়া ইংরাজগণ তাঁহাকে অচিরেই অতিষ্ঠ করিয়া তুলিল। তিনি বাংলা হইতে ইংরাজদের বিতাড়িত করিবার জন্য গোপনে চুঁচুড়ার ওলন্দাজদের সহিত যোগাযোগ স্থাপন করেন এবং তাহাদের সাহায্য প্রার্থনা করেন। রবার্ট ক্লাইভ বিদরের যুদ্ধে (১৭৫৯ খ্রীঃ) ওলন্দাজদের পরাজিত করেন। ফলে বাংলায় ইংরাজশক্তির প্রতিষ্ঠা দৃঢ়তর হইতে থাকে এবং ওলন্দাজদের উচ্ছেদ ঘটে। ১৭৬০ খ্রীষ্টাব্দে ক্লাইভ ইংল্যান্ডে প্রত্যাগমন করিলে ভ্যান্সিটার্ট বাংলার গভর্ণর নিযুক্ত হইলেন। মীরজাফর যখন কোম্পানীর দাবী অনুসারে টাকা দিতে ব্যর্থ হইলেন, তখন তাঁহাকে সিংহাসনচ্যুত করিয়া ভ্যান্সিটার্ট তাঁহার জামাতা মীরকাশিমকে বাংলার নবাব করিলেন ( ১৭৬০ খ্রীঃ )।



মীরজাফর

**মীরকাশিমের সহিত ইংরাজদের সংঘর্ষ : বক্সারের যুদ্ধ ( ১৭৬৪ খ্রীঃ ) :** মীরকাশিম ছিলেন অত্যন্ত স্বাধীনচেতা ও সুদক্ষ নবাব। বাংলার শাসনকার্যে তিনি ইংরাজদের হস্তক্ষেপ পছন্দ করিতেন না। সিংহাসনে আরোহণ করিবার পর তিনি প্রথমেই ইংরাজদিগকে বর্ধমান, চট্টগ্রাম ও মেদিনীপুর এই তিনটি জেলা পারিতোষিক হিসাবে ছাড়িয়া দিলেন। তবে তিনি এই কথাও বুঝিতে পারিয়াছিলেন যে, ইংরাজদের সঙ্গে বেশীদিন মিত্রতা রক্ষা করা সম্ভব হইবে না। তিনি ইংরাজদের প্রভাব হইতে মুক্ত থাকিবার জন্য মুর্শিদাবাদ হইতে মুঙ্গেরে রাজধানী স্থানান্তরিত করেন। তিনি ইংরাজদের প্রতি বন্ধুত্ব ভাবাপন্ন অভিজাতগণকে কঠোর হস্তে দমন করেন। তাঁহার সময়ে রাজস্ব আদায়ের ব্যাপারে কঠোরতা ছিল এবং শাসনকার্যে যথাসম্ভব ব্যয় সংকোচের নীতি গ্রহণ করা হইয়াছিল। তিনি গুর্গিন খাঁ, মার্কার ও সমরু প্রমুখ বিদেশী সেনাপতিদের সহায়তায় ইউরোপীয় সামরিক পদ্ধতিতে নিজ সেনাবাহিনীকে শিক্ষাদান করিয়াছিলেন। তাঁহার শিক্ষিত সেনাবাহিনীর মধ্যে কামান, বন্দুক প্রভৃতি যুদ্ধোপকরণ ব্যবহার করা হইত।



মীরকাশিম

মীরকাশিম এইভাবে শক্তিবৃদ্ধির উদ্যোগ করিতেছেন দেখিয়া ইংরাজদের মনে সন্দেহ জাগিল। শীঘ্রই বাণিজ্য ও শুল্কসংক্রান্ত ব্যাপারে নবাবের সহিত ইংরাজদের সংঘর্ষের সূচনা হইল। ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী বাংলায় বিনা শুল্কেই বাণিজ্য করিত। মীরজাফরের নির্দেশে তাঁহার আমল হইতেই যে কোন ইংরাজ কুঠির অধ্যক্ষ বাণিজ্য সংক্রান্ত ব্যাপারে ইংরাজ কোম্পানীকে 'দস্তক' দেওয়ার অধিকার লাভ করিয়াছিলেন। ইহার ফলে কোম্পানীর কর্মচারীগণও দস্তকের অপব্যবহার করিয়া এদেশে বিনাশুল্কে বাণিজ্য করিতেছিল। ইহাতে দেশীয় বণিকদের ব্যবসা-বাণিজ্যের দারুণ ক্ষতি হইতে লাগিল। প্রজাবৎসল নবাব তখন দেশীয় বণিকদের স্বার্থে দেশী বিদেশী সর্বশ্রেণীর বণিকদের শুল্ক রহিত করিয়া দিলেন। এই কারণে ইংরাজগণ তাঁহার উপর অসন্তুষ্ট হইল। এই ঘটনা হইতেই ইংরাজদের সহিত তাঁহার সংঘর্ষ অনিবার্য হইয়া উঠে।

ইংরাজ সৈন্যাধ্যক্ষ এলিস পাটনা আক্রমণ করিলে মীরকাশিমের সহিত ইংরাজদের যুদ্ধ আরম্ভ হয়। অতঃপর মেজর অ্যাডামস পাঁচ হাজার সৈন্য লইয়া মীরকাশিমের বিরুদ্ধে অগ্রসর হইলেন। ক্রমান্বয়ে কাটোয়া, ঘেরিয়া ও উদয়নালার যুদ্ধে নবাব ইংরাজদের নিকট পরাজিত হইলেন। উপায়ান্তর না দেখিয়া মীরকাশিম এইবার অযোধ্যার নবাব সুজাউদ্দৌলার সহিত মিত্রতা স্থাপন করিয়া এবং মুঘল সম্রাট শাহ আলমের সাহায্য লইয়া ইংরাজদের বিরুদ্ধে বক্সারের যুদ্ধে অবতীর্ণ হইলেন (১৭৬৪ খ্রীঃ)। এই যুদ্ধে দেশীয় সৈন্যবাহিনী ইংরাজদের বিরুদ্ধে অসামান্য বীরত্বের পরিচয় দিয়াছিল। কিন্তু হেক্টর মুনরো পরিচালিত সুশিক্ষিত ইংরাজ বাহিনীর নিকট মীরকাশিম বক্সারের যুদ্ধে পরাজিত হইয়া অযোধ্যায় পলায়ন করিলেন। বাংলার স্বাধীনতা রক্ষার জন্য মীরকাশিম আপ্রাণ চেষ্টা করিয়াও ব্যর্থ হন।

বক্সারের যুদ্ধের গুরুত্ব

বক্সারের যুদ্ধকে পলাশীর যুদ্ধের পরিপূরক বলা চলে। পলাশীর যুদ্ধের ফলে বাংলায় ইংরাজদের রাজনৈতিক আধিপত্যের সূচনা হইয়াছিল, কিন্তু বক্সারের যুদ্ধে ইহার পূর্ণ পরিণতি ঘটিল। ঐতিহাসিক ডঃ স্মিথ পলাশীর যুদ্ধকে কয়েকটি কামানের লড়াই এবং বক্সারের যুদ্ধকে ইংরাজদের চূড়ান্ত বিজয় বলিয়া মন্তব্য করিয়াছেন। বস্তুতঃ বক্সারের যুদ্ধের ফলে বাংলা তথা ভারতে ইংরাজদের রাজনৈতিক আধিপত্য আরও সুপ্রতিষ্ঠিত হইল।

**মীরজাফরের পুনরায় মসনদে আরোহণ:** মীরকাশিম অযোধ্যায় পলায়ন করিবার পর ইংরাজদের অনুগ্রহ লাভ করিয়া মীরজাফর পুনরায় বাংলার নবাব হইয়াছিলেন (১৭৬৪ খ্রীঃ)। ১৭৬৫ খ্রীষ্টাব্দে মীরজাফরের মৃত্যুর পর তাঁহার পুত্র নজিমউদ্দৌলা বাংলার নবাব হন। তিনি ছিলেন আরও দুর্বল। তিনি একটি চুক্তি দ্বারা শাসন কর্তৃত্ব কোম্পানীর হস্তে অর্পণ করেন।

**ক্লাইভের দ্বিতীয় শাসনকাল ঃ কোম্পানীর দেওয়ানী লাভ ঃ** রবার্ট ক্লাইভ ইংলন্ডে থাকাকালীন বাংলায় নানারকম বিশৃঙ্খলা দেখা দিয়াছিল। বাংলায় শান্তি ও শৃঙ্খলা স্থাপনের জন্য কোম্পানীর কর্তৃপক্ষ ক্লাইভকে দ্বিতীয়বার বাংলার গভর্ণর নিযুক্ত করিয়া পাঠান (১৭৬৫ খ্রীঃ)। এইবার তাঁহাকে 'লর্ড' উপাধিতে ভূষিত করা হয়। বাংলায় ইংরাজ অধিকার যে কোন সময় বিপন্ন হইতে পারে, এই কথা চিন্তা করিয়া এইবার লর্ড ক্লাইভ এক পররাষ্ট্রনীতি গ্রহণ করিলেন। বক্সারের যুদ্ধে পরাজিত অযোধ্যার নবাবের সহিত তিনি এক সন্ধি করিলেন। সন্ধির শর্তানুসারে অযোধ্যার নবাব সুজাউদ্দৌলা কোম্পানীকে পঞ্চাশ লক্ষ টাকা এবং কারা ও এলাহাবাদ প্রদেশ দুইটি প্রদান করিলেন। মুঘল সম্রাট শাহ আলম তখন



কোম্পানীর দেওয়ানী লাভ

রাজ্যহারা হইয়া ঘুরিয়া বেড়াইতেছেন। ১৭৬৫ খ্রীষ্টাব্দে ক্লাইভ শাহ আলমকে কারা ও এলাহাবাদ প্রদেশ দুইটি উপঢৌকন দিলেন এবং বার্ষিক ছাব্বিশ লক্ষ টাকা করদানের বিনিময়ে বাংলা, বিহার, উড়িষ্যার রাজস্ব আদায় ভোগ করিবার এবং দেওয়ানী মামলার বিচারের অধিকার পাইলেন। ইহার ফলে কোম্পানীর ক্ষমতা আইনগতভাবে স্বীকৃত হইল। বাংলার নবাব নাজিমউদ্দৌলার ক্ষমতা বিশেষভাবে হ্রাস পাইল। আর্থিক সাহায্যের জন্য নবাব সম্পূর্ণরূপে কোম্পানীর উপর নির্ভরশীল হইয়া পড়িলেন। নবাব মাত্র বার্ষিক তিপান্ন লক্ষ টাকার বিনিময়ে কোম্পানীর হস্তে 'নিজামত' ছাড়িয়া দিলেন। 'নিজামত' শব্দের অর্থ হইল বাংলা, বিহার ও উড়িষ্যার সামরিক ও ফৌজদারী বিভাগের কর্তৃত্ব। সুতরাং শাসনকার্যে নবাবের আর কোন ক্ষমতা রহিল না। নবাবের হস্তে পুলিশ ও বেসামরিক শাসনভার মাত্র রহিল।

এইভাবে বাংলায় কোম্পানী সর্বোচ্চ শক্তির অধিকারী হইল। ক্লাইভের নির্দেশে রাজস্ব আদায় ও দেওয়ানী মোকদ্দমার ভার কোম্পানীর হস্তে রহিল এবং দেশ শাসনের গুরু দায়িত্ব অর্পিত হইল নবাবের উপর। এই দ্বিধা বিভক্ত শাসন ইতিহাসে 'দ্বৈত-শাসন' ( Dual Government ) নামে পরিচিত। এই ব্যবস্থার ফলে ক্ষমতাহীন দায়িত্ব পাইলেন নবাব আর দায়িত্বহীন ক্ষমতা রহিল ইংরাজ কোম্পানীর হস্তে।

দ্বৈত-শাসন

কিন্তু ইংরাজ কর্মচারীদের বাংলায় রাজস্ব সম্পর্কে কোনরূপ অভিজ্ঞতা ছিল না। তাই কোম্পানী সঙ্গে সঙ্গে রাজস্ব আদায়ের ভার স্বহস্তে গ্রহণ না করিয়া দেশীয় কর্মচারীদের উপর এই দায়িত্ব ছাড়িয়া দিল। কোম্পানী বাংলা ও বিহারে যথাক্রমে রেজা খাঁ ও রাজা সিতাব রায়কে 'নায়েব-নাজিম' নিযুক্ত করিল। তাঁহারা আইনগত ভাবে নবাবের অধীন ছিলেন বটে, কিন্তু প্রকৃতপক্ষে কোম্পানীর নিয়ন্ত্রণাধীন ছিলেন। বস্তুতঃ কোম্পানীর দেওয়ানী লাভ বাংলা তথা ভারতে ইংরাজ শক্তি প্রতিষ্ঠার তৃতীয় ও শেষ পর্যায়।

## (৫) ব্রিটিশ সাম্রাজ্য বিস্তার ( ১৭৬৭-১৮৫৭ খ্রীঃ )

লর্ড ক্লাইভের পর যথাক্রমে ভেরেলেস্ট ( ১৭৬৭-১৭৬৯ খ্রীঃ ) এবং কার্টিয়ার ( ১৭৬৯-১৭৭২ খ্রীঃ ) বাংলার গভর্ণর নিযুক্ত হইয়াছিলেন। তাঁহাদের আমলে বাংলার লর্ড ক্লাইভ প্রবর্তিত দ্বৈত-শাসন ব্যবস্থার কুফল প্রকট হইয়া উঠে।

**ওয়ারেন হেস্টিংস ( ১৭৭২-১৭৮৫ খ্রীঃ ) : ব্রিটিশ শক্তির প্রসার :** বাংলার এই দুরবস্থার সংবাদ পাইয়া কোম্পানীর কর্তৃপক্ষ ওয়ারেন হেস্টিংসকে বাংলার গভর্ণর নিযুক্ত করিয়া পাঠাইলেন। তাঁহার আমল হইতে ভারতে ব্রিটিশ শক্তির বিস্তার আরম্ভ হয়। ওয়ারেন হেস্টিংস উপলব্ধি করিলেন যে, ভারতে ব্রিটিশ শক্তিকে সুদৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত করিতে হইলে সাম্রাজ্যের প্রসার একান্ত দরকার এবং সেই সঙ্গে অধিকৃত সাম্রাজ্যের শাসন-ব্যবস্থাকেও শক্তিশালী করা প্রয়োজন। এই উদ্দেশ্যে তিনি ভারতীয় শক্তিগুলির সহিত রাজনৈতিক সম্পর্ক স্থাপন করিতে আগ্রহী ছিলেন। এই সময়ে মারাঠা ও মহীশূর শক্তি ইংরাজদের উদ্বেগের কারণ হইয়া উঠে। মহারাষ্ট্র ও মহীশূর উভয় রাজ্যেই ব্রিটিশ শক্তির বিরুদ্ধে প্রতিরোধ গড়িয়া উঠিয়াছিল। কিন্তু তাহাদের মধ্যে কোন যুগ্ম প্রচেষ্টা ছিল না বলিয়া ইংরাজগণ ভারতে ব্রিটিশ সাম্রাজ্য বিস্তারের পথ সুগম করিয়াছিল।



ওয়ারেন হেস্টিংস

**হেস্টিংসের রাজ্যবিস্তারে মারাঠাদের প্রতিরোধ—প্রথম ইঙ্গ-মারাঠা যুদ্ধ** ( ১৭৭৫-১৭৮২ খ্রীঃ ) ঃ পাণিপথের তৃতীয় যুদ্ধের পর পেশোয়া মাধব রাও-এর নেতৃত্বে মারাঠা শক্তি পুনরায় পরাক্রান্ত হইয়া উঠে। মাধব রাও-এর মৃত্যুর পর তাঁহার ভ্রাতা নারায়ণ রাও ও পিতৃব্য রঘুনাথ রাও-এর মধ্যে পেশোয়া-র পদ লইয়া প্রতিদ্বন্দ্বিতা আরম্ভ হয়। রঘুনাথ রাও নারায়ণ রাওকে হত্যা করিয়া পেশোয়া হন। কিন্তু পরে তিনি গতিচ্যুত হইয়া রাজ্য হইতে বিতাড়িত হন। নানাফড়নবীশ প্রমুখ মারাঠা নায়কগণ নারায়ণ রাও-এর শিশুপুত্র দ্বিতীয় মাধব রাও বা নারায়ণকে পেশোয়া পদে নিযুক্ত করেন। এই সময়ে মারাঠা রাজ্যের রাজনীতিতে মারাঠা নায়কদের কর্তৃত্ব ছিল অপরিসীম। নানাফড়নবীশ এবং আরও এগার জন মারাঠা নায়ককে লইয়া 'দ্বাদশ ভ্রাতৃ সমিতি' গঠিত হইয়াছিল। এই সমিতির পরিকল্পনা অনুযায়ীই দ্বিতীয় মাধব রাওকে পেশোয়া করা হয়। এই অবস্থায় রঘুনাথ রাও ইংরাজদের শরণাপন্ন হইলেন। তাঁহাদের মধ্যে সুরাটের সন্ধি স্বাক্ষরিত হয় ( ১৭৭৫ খ্রীঃ )। এই সন্ধির শর্ত অনুযায়ী বোম্বাই-এর ইংরাজ গভর্ণমেণ্ট রঘুনাথ রাওকে সৈন্য দিয়া সাহায্য করিতে সম্মত হন। ইহার বিনিময়ে রঘুনাথ ইংরাজদের বেসিন ও সলসেট প্রদান করিতে স্বীকৃত হন। ইহার পর ইংরাজ বাহিনী ও রঘুনাথ রাও-এর বাহিনী যুগ্মভাবে পুণার দিকে অগ্রসর হন। নানাফরনবীশের নেতৃত্বে দাক্ষিণাত্যের অন্যান্য নৃপতিগণ ইংরাজদের বিরুদ্ধে এক বিরাট শক্তি সংগঠিত করিয়া তোলেন।

সুরাটের সন্ধি (১৭৭৫ খ্রীঃ)

১৭৭৫ খ্রীষ্টাব্দে প্রথম ইঙ্গ-মারাঠা যুদ্ধ আরম্ভ হয়। প্রথম দিকে ইংরাজগণ বিশেষ সুবিধা করিতে সমর্থ হয় নাই। পরে ওয়ারেন হেষ্টিংস সুরাটের সন্ধি নাকচ করিয়া মাধব রাও নারায়ণের সহিত পুরন্দরের সন্ধি স্বাক্ষর করেন ( ১৭৭৫ খ্রীঃ )। এই সন্ধি অনুসারে স্থির হইল যে, কোম্পানী রঘুনাথের পক্ষ ত্যাগ করিবেন এবং বিনিময়ে সলসেট ও নগদ এগার লক্ষ টাকা লাভ করিবেন। কিন্তু শেষপর্যন্ত ইংলণ্ডের কর্তৃপক্ষের নির্দেশে হেষ্টিংসকে রঘুনাথ রাও-এর পক্ষ সমর্থন করিতে হইয়াছিল। কিছুদিন যুদ্ধ চলিবার পর ইংরাজগণ মারাঠাদের নিকট পরাজিত হয় এবং ১৭৭৯ খ্রীষ্টাব্দে উভয়ের মধ্যে ওয়ারগাঁও-এর সন্ধি হয়। এই সন্ধি অনুসারে ইংরাজ সৈন্য বাহিনী রঘুনাথ রাওকে মারাঠাদের হস্তে সমর্পণ করিতে সম্মত হয়। কিন্তু ওয়ারেন হেষ্টিংস এই অপমানজনক সন্ধি স্বীকার করিলেন না। সুতরাং পুনরায় যুদ্ধ আরম্ভ হইল। এইবারও পুণার নিকট ইংরাজ বাহিনী পরাজিত হয়। তখন মহাদজী সিন্ধিয়ার মধ্যস্থতায় উভয় পক্ষের মধ্যে সন্ধি স্থাপিত হয়। ইহা সলবাই-এর সন্ধি ( ১৭৮২ খ্রীঃ ) নামে খ্যাত। সলবাই-এর সন্ধি অনুসারে কোম্পানী সলসেট লাভ করে। তাহারা মাধব রাও নারায়ণকে পেশোয়ারূপে স্বীকার করিয়া লয়। রঘুনাথ রাও-এর

প্রথম ইঙ্গ-মারাঠা যুদ্ধ—
পুরন্দরের সন্ধি (১৭৭৬ খ্রীঃ)

ওয়ারগাঁও-এর সন্ধি
(১৭৭৯ খ্রীঃ)

সলবাই-এর সন্ধি (১৭৮২ খ্রীঃ)

পেশোয়া পদের দাবী তাহারা নাকচ করিয়া দেয়। আর রঘুনাথ রাওকে বার্ষিক বৃত্তিদানের ব্যবস্থা করা হয়। তাহা ছাড়া ইংরাজগণ সিন্ধিয়ার রাজ্যের অধিকৃত স্থান ছাড়িয়া দেয়। তবে সলবাই-এর সন্ধির দ্বারাও ইঙ্গ-মারাঠা দ্বন্দ্বের মীমাংসা সম্ভব হয় নাই। ভবিষ্যতে ভারতের পশ্চিমাংশে এবং দাক্ষিণাত্যে ইংরাজ অথবা মারাঠা কাহাদের প্রাধান্য বজায় থাকিবে তাহা অনিশ্চিত রহিয়া গেল। এদিকে দক্ষিণ ভারতে তখন মহীশূর রাজ্যের শক্তিও প্রবল হইয়া উঠিয়াছে।

**ইংরাজ শক্তি প্রতিরোধে মহীশূর রাজ্যের ভূমিকা :** ইংরাজদের প্রভুত্ব বিস্তার করিতে গিয়া ভারতের বিভিন্ন অঞ্চলে বিভিন্ন বিরোধী শক্তির সম্মুখীন হইতে হইয়াছিল। কিন্তু ভারতীয় নৃপতিদের মধ্যে পারস্পরিক বিভেদ ও বিদ্বেষ ভারতে ব্রিটিশ সাম্রাজ্য বিস্তারের পথ সুগম করিয়া দিয়াছিল।

দক্ষিণ ভারতে মহীশূর রাজ্য ছিল ইংরাজশক্তির এক প্রবল শত্রু। শীঘ্রই মহীশূর রাজ্যের সঙ্গে ইংরাজদের সংঘর্ষ আরম্ভ হইল। স্বাধীনতা সংগ্রামী হায়দর আলি ও তাঁহার সুযোগ্য পুত্র টিপু সুলতান বীর বিক্রমে ইংরাজদের এদেশ হইতে তাড়াইবার চেষ্টা করিয়া ইতিহাসে অমর হইয়া আছেন।

**হায়দর আলি (১৭৬১-১৭৮২ খ্রীঃ) :** বাংলায় যখন রাজনৈতিক পরিবর্তন চলিতেছিল এবং দক্ষিণ ভারতের কর্ণাটকে যখন চরম গণ্ডগোল দেখা দিল, সেই সময় মহীশূর রাজ্যে হায়দর আলির অভ্যুত্থান ঘটে। হায়দর আলি একজন সাধারণ সৈনিকের গৃহে জন্মগ্রহণ করেন। তিনি নিজেও ছিলেন একজন ভাগ্যান্বেষী সৈনিক। বাল্যকালে তিনি লেখাপড়া শিখিবার সুযোগ পান নাই। কিন্তু তাঁহার সাহস ছিল অসীম এবং বুদ্ধি ছিল খুব তীক্ষ্ন। তিনি প্রথমে মহীশূর রাজ্যের প্রধান মন্ত্রী নানজারাজের অধীনে সামান্য সৈনিক হিসাবে যোগদান করেন। শীঘ্রই হায়দরের কর্মদক্ষতায় সন্তুষ্ট হইয়া নানজারাজ তাঁহাকে দিন্দিগুল নামক স্থানের ফৌজদার নিযুক্ত করেন। এখানে তিনি নিজের অধীনে একটি সুশিক্ষিত সৈন্যদল গড়িয়া তোলেন। নানজারাজের অধীনে তিনি ত্রিচিনাপল্লীতে ইঙ্গ-ফরাসী সংঘর্ষে অংশ গ্রহণ করিয়াছিলেন। তখনই তিনি ইউরোপীয় সমর পদ্ধতির সহিত পরিচিত হইবার সুযোগ পাইয়াছিলেন। এইবার তিনি মহীশূর রাজ্যের আভ্যন্তরীণ দুর্বলতার সুযোগে নিজের ক্ষমতা বৃদ্ধি করিতে চেষ্টা করেন। ক্রমে তিনি নানজারাজকে ক্ষমতাচ্যুত করেন এবং সেখানকার সর্বেসর্বা হইয়া উঠেন। অতঃপর তিনি মহীশূরের হিন্দুরাজাকে অপসারিত করিয়া ১৭৬১ খ্রীষ্টাব্দে মহীশূরের সুলতান হইলেন। ঐতিহাসিক স্মিথ হয়াদরকে



হায়দর আলি

অত্যাচারী ও বিবেক-বর্জিত শাসকরূপে মন্তব্য করিয়াছেন। তবে ক্রমবর্ধমান শক্তি প্রতিরোধ করিতে গিয়া হায়দর যে যুগোপযোগী নীতি গ্রহণ করিয়াছিলেন, তাহাতে কোন সন্দেহ নাই।

হায়দর আলি মহীশূরকে এক শক্তিশালী রাজ্যে পরিণত করিয়া রাজ্যবিস্তারে মনোযোগ দিলেন। তিনি সিয়া, বিদনুর, সুণ্ডা প্রভৃতি স্থান অধিকার করেন। হায়দরের শক্তিবৃদ্ধিতে ভীত হইয়া পেশোয়া মাধবরাও তাঁহাকে দমন করিতে অগ্রসর হইলেন। হায়দর মারাঠা সৈন্যবাহিনীর নিকট পরাজিত হন। মাধবরাও-এর মৃত্যুর পর হায়দর বেলারি, গুটি, চিতলদুর্গ এবং কৃষ্ণা হইতে তুঙ্গভদ্রা পর্যন্ত সমগ্র অঞ্চল অধিকার করিয়া লইলেন। হায়দরের শক্তিবৃদ্ধিতে ইংরাজ, মারাঠা ও হায়দ্রাবাদের নিজাম অত্যন্ত ঈর্ষান্বিত হইয়া পড়েন এবং তাঁহারা হায়দরের বিরুদ্ধে একটি 'ত্রিশক্তি সংঘ' গঠন করেন। মারাঠা ও নিজামের যুগ্মশক্তির বিরুদ্ধে হায়দর অপূর্ব সাফল্য অর্জন করিলেন। এই সময়ে হেষ্টিংসকে একদিকে মারাঠা ও অপরদিকে হায়দর আলির সহিত যুদ্ধে প্রবৃত্ত হইতে হইল।

ত্রিশক্তি সংঘ

**প্রথম ইঙ্গ-মহীশূর যুদ্ধ** ( ১৭৬৭-১৭৬৯ খ্রীঃ ) : মারাঠাগণ মহীশূর আক্রমণ করিলে হায়দর কূটনীতির সাহায্যে তাহাদিগকে বশীভূত করিলেন। কিছুকাল পরে নিজাম হায়দর আলির পক্ষে যোগ দিলেন। নিজামের সহিত একত্রিত হইয়া হায়দর কর্ণাটক আক্রমণ করিলে প্রথম ইঙ্গ-মহীশূর যুদ্ধ আরম্ভ হয় ( ১৭৬৭ খ্রীঃ )। দুইটি যুদ্ধে হায়দর ও নিজাম ইংরাজদের নিকট পরাজিত হইলেন। এইবার নিজাম হায়দরের পক্ষ ত্যাগ করিয়া ১৭৬৯ খ্রীষ্টাব্দে ইংরাজদের সহিত সন্ধি করেন। ইহার পর হায়দর একাই ইংরাজদের সহিত যুদ্ধ চালাইয়া যান। তিনি সসৈন্যে মাদ্রাজে উপস্থিত হইলে মাদ্রাজের ইংরাজগণ তাঁহার সহিত সন্ধি করিতে বাধ্য হয়। সন্ধির শর্ত অনুসারে তাঁহারা পরস্পরের বিজিত স্থানগুলি ফিরিয়া পাইলেন। ইহা ছাড়া তৃতীয় শক্তি দ্বারা কেহ আক্রান্ত হইলে ইংরাজ ও হায়দর পরস্পরকে সাহায্য করিবেন।

**দ্বিতীয় ইঙ্গ-মহীশূর যুদ্ধ** ( ১৭৮০—১৭৮৪ খ্রীঃ ) : কিন্তু ১৭৭১ খ্রীষ্টাব্দে মারাঠাগণ মহীশূর রাজ্য আক্রমণ করিলে ইংরাজগণ সন্ধির শর্ত ভঙ্গ করিয়া হায়দরকে সাহায্য করিতে অস্বীকার করিল। ১৭৭৯ খ্রীষ্টাব্দে হায়দর নিজাম ও মারাঠাদের সহিত একত্রে ইংরাজ বিরোধী মৈত্রীতে যোগদান করেন। এই সময়ে ইংরাজরা হায়দরের রাজ্যের অন্তর্গত ফরাসী উপনিবেশ মাহে আক্রমণ করিলে হায়দর ক্রুদ্ধ হইয়া ইংরাজদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেন ( ১৭৮০ খ্রীঃ )। ইহা দ্বিতীয় ইঙ্গ-মহীশূর যুদ্ধ নামে খ্যাত। হেষ্টিংস কৌশলে মারাঠা নায়ক সিন্ধিয়া ও নিজামকে হায়দরের পক্ষ ত্যাগ করিতে বাধ্য করিলেন। উল্লেখ করা প্রয়োজন, ইংরাজগণ নিজেদের স্বার্থসিদ্ধির জন্য ভারতীয় নৃপতিদের সঙ্গে বরাবরই কূটনীতির খেলা খেলিয়াছে। হায়দরকে পরাজিত করিবার জন্য হেষ্টিংস এক বিরাট সৈন্যবাহিনীসহ

স্যার আয়ার কূটকে প্রেরণ করিলেন। হায়দর স্থলপথে ইংরাজদের রসদ সরবরাহের পথ বন্ধ করিয়া দিলেন। ইহার ফলে আয়ার কূট কুদ্দালোরে অবরুদ্ধ হইয়া পড়িলেন। অবশ্য তিনি সমুদ্রপথে প্রয়োজনীয় সাহায্য পাইয়াছিলেন। শেষ পর্যন্ত পোর্টোনোভোর যুদ্ধে হায়দর ইংরাজ সেনাপতি আয়ার কূটের হস্তে পরাজিত হইলেন। অপরদিকে হায়দর আলির সুযোগ্য পুত্র টিপু সুলতানের নিকট ইংরাজ সেনাপতি ব্রেথওয়েট তাঞ্জোরের যুদ্ধে পরাজিত হইলেন। এই সময়ে হায়দরের সাহায্যার্থে এক ফরাসী নৌ-বহর দক্ষিণ ভারতে আসিয়া উপস্থিত হইল। এই নৌ-বহরের নেতৃত্বে ছিলেন ফরাসী নৌ-সেনাপতি সাফ্রেন। তাঁহার সঙ্গে ইংরাজ নৌ-সেনাপতি হিউজেস-এর পাঁচটি নৌ-যুদ্ধ হইয়াছিল। কিন্তু ইংরাজগণ কোন সুবিধা করিতে পারে নাই। ইহাতে হায়দরের উৎসাহ ও শক্তি বৃদ্ধি পাইল। এই সময়ে ফরাসীদের পরিকল্পনা ছিল আরও সৈন্য ও রসদসহ বুসীকে হায়দরের সাহায্যার্থে প্রেরণ করা। কিন্তু সেই সাহায্যলাভের পূর্বেই ১৭৮২ খ্রীষ্টাব্দে হায়দর মৃত্যুমুখে পতিত হন।

তাঁহার মৃত্যুর পর তাঁহার সুযোগ্য সন্তান টিপু সুলতান ইংরাজদের সহিত যুদ্ধ চালাইয়া যান। টিপু বিদনুর ও ম্যাঙ্গালোর অধিকার করেন। ইংরাজ সৈন্যবাহিনী বিদনুর পুনরুদ্ধারের চেষ্টা করিয়াও ব্যর্থ হয়। এই সময়ে ইউরোপে ভার্সাই-এর সন্ধির (১৭৮৩ খ্রীঃ) ফলে ইংলণ্ড ও ফ্রান্সের মধ্যে শান্তি স্থাপিত হয়। এদিকে টিপুর বিরুদ্ধেও দীর্ঘস্থায়ী যুদ্ধে জয়লাভ অসম্ভব মনে করিয়া মাদ্রাজের শাসনকর্তা ম্যাকার্টনি টিপুর সঙ্গে সন্ধি স্থাপন করিতে আগ্রহী হইলেন। অবশেষে ম্যাঙ্গালোরের চুক্তিতে (১৭৮৪ খ্রীঃ) দ্বিতীয় ইঙ্গ-মহীশূর যুদ্ধের সমাপ্তি ঘটে। এই সন্ধির শর্ত অনুসারে উভয়পক্ষ পরস্পরের বিজিত রাজ্যগুলি ফিরাইয়া দেয়। তাহা ছাড়া পরস্পরের যুদ্ধবন্দীকেও ফিরাইয়া দেওয়া হয়।

ম্যাঙ্গালোরের চুক্তি

এইভাবে মহীশূর ও মারাঠা শক্তিকে প্রতিরোধ করিয়া ওয়ারেন হেষ্টিংস কোম্পানীর রাজ্যকে আরও সুদৃঢ় ভিত্তির উপর স্থাপন করিতে সক্ষম হন। তিনি অযোধ্যা রাজ্যেও ইংরাজদের প্রভাব-প্রতিপত্তি বৃদ্ধি করিতে সক্ষম হইয়াছিলেন। এই সময়ে কোম্পানীর শাসনকার্যের দায়িত্ব বৃদ্ধি পাওয়ায় ব্রিটিশ সরকার হেষ্টিংসকে গভর্ণর-জেনারেল পদে উন্নীত করেন। ওয়ারেন হেষ্টিংস ১৭৮৫ খ্রীষ্টাব্দে পদত্যাগ করিলে কিছুদিনের জন্য গভর্ণর-জেনারেল পদে নিযুক্ত ছিলেন ম্যাক্‌ফারসন। তারপর আসেন লর্ড কর্ণওয়ালিস।

**লর্ড কর্ণওয়ালিসের আমলে রাজ্যবিস্তার (১৭৮৬—১৭৯৩ খ্রীঃ):** লর্ড কর্ণওয়ালিস ১৭৮৬ খ্রীষ্টাব্দে গভর্ণর-জেনারেল হইয়া ভারতে আসেন। তিনি ছিলেন একজন দক্ষ শাসক। তিনি কতকগুলি বিশেষ ক্ষমতার অধিকারী ছিলেন। ১৭৮৪ খ্রীষ্টাব্দে ব্রিটিশ পার্লামেণ্টে ভারতের শাসন-ব্যবস্থা সম্বন্ধে একটি আইন পাশ হয়। ইহা 'পিটের ভারত আইন' নামে পরিচিত। এই আইনে উল্লেখ করা

হইয়াছিল যে ভারতে ইংরাজ কোম্পানী আর রাজ্য বিস্তারে লিপ্ত হইবে না এবং আত্মরক্ষা ব্যতীত ভারতীয় নৃপতিদের সহিত যুদ্ধ-বিগ্রহে অবতীর্ণ হইবে না। প্রথম কয়েক বৎসর লর্ড কর্ণওয়ালিস এই আইন মানিয়া চলিয়াছিলেন। কিন্তু কিছুদিনের মধ্যেই তিনি মহীশূরের সুলতান টিপুর সহিত তৃতীয় ইংগ-মহীশূর যুদ্ধে অবতীর্ণ হন।



লর্ড কর্ণওয়ালিস



টিপু সুলতান

হায়দর আলির মৃত্যুর পর তাঁহার পুত্র টিপু ১৭৮২ খ্রীষ্টাব্দে মহীশূরের সুলতান হইলেন। টিপু প্রকৃত বীর ও দেশপ্রেমিক ছিলেন। পিতার জীবদ্দশাতেই টিপু তাঁহার সামরিক দক্ষতার পরিচয় দিয়াছিলেন। তিনি ছিলেন স্বাধীনচেতা সুলতান। তিনি ইংরাজদের নিকট কখনও মাথা নত করেন নাই। সারাজীবন ধরিয়া টিপু ইংরাজদের সহিত সংগ্রাম করিয়া গিয়াছেন। তাঁহার সাহস ও রাজনৈতিক বুদ্ধি ছিল অপরিসীম। তিনি তাঁহার সেনাবাহিনীকে উন্নত সামরিক শিক্ষায় শিক্ষিত করিয়া তোলেন। ইংরাজদের শত্রুর সঙ্গে বন্ধুত্ব স্থাপন করাই ছিল তাঁহার কূটনীতির মূল উদ্দেশ্য। সেইজন্যই তিনি আফগানিস্তান, তুরস্ক ও ফ্রান্সে দূত প্রেরণ করিয়াছিলেন। কিন্তু ইংরাজদের কৌশল ও দেশীয় নৃপতিদের স্বার্থপরতার জন্য তাঁহার দেশরক্ষার সকল চেষ্টা ব্যর্থ হইয়া যায়।

**তৃতীয় ইঙ্গ-মহীশূর যুদ্ধ (১৭৯০—১৭৯২ খ্রীঃ)ঃ** ম্যাঙ্গালোরের চুক্তি (১৭৮৪ খ্রীঃ) বেশী দিন স্থায়ী হইল না। ফলে টিপু সুলতান ও ইংরাজদের মধ্যে শান্তিও দীর্ঘস্থায়ী হইল না। দুই পক্ষের মধ্যেই বিরোধের বীজ সুপ্ত ছিল। ১৭৮৯ খ্রীষ্টাব্দে লর্ড কর্ণওয়ালিস হায়দ্রাবাদের নিজামের সহিত এক শক্তি-জোটে আবদ্ধ হইয়া ম্যাঙ্গালোরের চুক্তি লঙ্ঘন করেন। কর্ণওয়ালিস নিজামের নিকট হইতে গুন্টুর নামক স্থানটি লাভ করিয়াছিলেন। বিনিময়ে তিনি টিপু সুলতানের অধিকৃত নিজামের কয়েকটি অঞ্চল পুনরুদ্ধারের জন্য নিজামকে সামরিক সাহায্য দান করিবেন

বলিয়া অঙ্গীকারবদ্ধ হইলেন কিন্তু ম্যাংগালোরের চুক্তির দ্বারা ইংরাজরা নিজামের দাবীকৃত স্থানগুলির উপর টিপু সুলতানের অধিকার মানিয়া লইয়াছিল। কিন্তু কর্ণওয়ালিস ইহার কোন মূল্যই দিলেন না, বরং তিনি টিপুর ধ্বংস সাধনে প্রবৃত্ত হইলেন। ইহাতে টিপু সুলতান ইংরাজদের দুরভিসন্ধি বুঝিতে পারিলেন। তিনি ইংরাজদের আশ্রিত রাজ্য ত্রিবাংকুর আক্রমণ করিলে ১৭৯০ খ্রীষ্টাব্দে তৃতীয় ইঙ্গ-মহীশুর যুদ্ধ আরম্ভ হয়। নিজাম-মারাঠা-ইংরাজ এই ত্রি-শক্তির সম্মিলিত বাহিনী টিপু সুলতানের বিরুদ্ধে যুদ্ধে অবতীর্ণ হইল। শেষ পর্যন্ত মহীশুরের রাজধানী শ্রীরঙ্গপত্তম্‌ অবরুদ্ধ হইলে টিপু সন্ধি করিতে বাধ্য হন। ইহা শ্রীরঙ্গপত্তমের সন্ধি (১৭৯২ খ্রীঃ) নামে পরিচিত। সন্ধির শর্ত অনুসারে টিপুকে অর্ধেক রাজ্য ছাড়িয়া দিতে হইল। ইংরাজ, মারাঠা ও নিজাম উহা নিজেদের মধ্যে বণ্টন করিয়া লইল। দিন্দিগুল, বড়মহল, কুর্গ ও মালাবার ইংরাজদের হস্তগত হয়। যুদ্ধের ক্ষতিপূরণ বাবদ টিপু ইংরাজগণকে তিন কোটি টাকা প্রদান করেন। এমনকি টিপু তাঁহার দুই শিশু পুত্রকে জামিনস্বরূপ ইংরাজদের হস্তে ছাড়িয়া দিতে বাধ্য হইলেন।

শ্রীরঙ্গপত্তমের সন্ধি

সুযোগ থাকা সত্ত্বেও কর্ণওয়ালিস কেন মহীশুরকে ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত করেন নাই, তাহা লইয়া অনেক সমালোচনা হইয়াছে। কিন্তু প্রকৃতপক্ষে কর্ণওয়ালিস ঠিক কাজই করিয়াছেন। কেননা সেই সময় মহীশুরকে ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত করিলে ভবিষ্যতে মারাঠা ও নিজামের পক্ষ হইতে বিরোধিতার আশংকা থাকিত। তাহা ছাড়া মহীশুরকে ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত করিলে পিটের ভারত আইন এবং কোম্পানীর পরিচালক মণ্ডলীর নির্দেশ সম্পূর্ণরূপে লঙ্ঘন করা হইত। সেইজন্য তিনি টিপুকে একেবারে ধ্বংস না করিয়া সন্ধি-সূত্রে আবদ্ধ হইতে বাধ্য করিলেন।

স্বাধীনচেতা সুলতান কিছুতেই এই অপমান সহ্য করিতে রাজী ছিলেন না। তিনি যুদ্ধের জন্য পুনরায় প্রস্তুত হইতে লাগিলেন। টিপু তাঁহার সৈন্য সংখ্যা বৃদ্ধি করিয়া তাহাদিগকে উন্নত ধরণের সামরিক শিক্ষা দিতে লাগিলেন। তিনি আফগানিস্তান, তুরস্ক, মরিসাস ও ফ্রান্স প্রভৃতি দেশে সাহায্য প্রার্থনা করিয়া দূত প্রেরণ করিলেন। ফ্রান্সে তখন বিখ্যাত ফরাসী বিপ্লব আরম্ভ হইয়া গিয়াছে। এই অবস্থায় টিপুকে সাহায্য করিবার জন্য কিছু সংখ্যক ফরাসী স্বেচ্ছাসেবক ম্যাঙ্গালোরে আসিয়া উপস্থিত হইল। লর্ড ওয়েলেসলী তখন ভারতে গভর্ণর জেনারেল নিযুক্ত হইয়া আসেন।

**লর্ড ওয়েলেসলীর আমলে রাজ্যবিস্তার (১৭৯৮—১৮০৫ খ্রীঃ):** লর্ড কর্ণওয়ালিসের পর স্যার জন শোর কিছুকাল (১৭৯৩—১৭৯৮ খ্রীঃ) গভর্ণর জেনারেল পদে নিযুক্ত ছিলেন। তাঁহার পর লর্ড ওয়েলেসলী গভর্ণর জেনারেল রূপে ভারতে আসেন। তিনি ছিলেন ঘোর সাম্রাজ্যবাদী। ভারতের সর্বত্র ব্রিটিশ

সাম্রাজ্য বিস্তার করাই ছিল তাঁহার একমাত্র উদ্দেশ্য ও নীতি। তাঁহারই আমলে ভারতীয় শক্তিগুলির সহিত কোম্পানীর চূড়ান্ত সংঘর্ষ ঘটে। তাই ব্রিটিশ সাম্রাজ্যবাদের ইতিহাসে লর্ড ওয়েলেসলীর রাজত্বকাল খুবই গুরুত্বপূর্ণ।


লর্ড ওয়েলেসলী

অধীনতামূলক মিত্রতা নীতি ( **Subsidiary Alliance** ): লর্ড ওয়েলেসলীর ভারতে গভর্ণর-জেনারেল হিসাবে আগমনের দুইটি মূল উদ্দেশ্য ছিল। প্রথমতঃ, সমগ্র ভারতে ব্রিটিশ সাম্রাজ্য বিস্তার করা এবং দ্বিতীয়তঃ, ভারতীয় নৃপতিগণের দরবার হইতে ফরাসী প্রভাব মুক্ত করা। তাঁহার এমন আশঙ্কাও ছিল যে, ফরাসী বীর নেপোলিয়ন মিশরে সসৈন্যে অবতরণ করিয়া ভারতের দিকে অগ্রসর হইবেন। তাই এদেশে ব্রিটিশ আধিপত্য সুদৃঢ় করিবার উদ্দেশ্যে উগ্র সাম্রাজ্যবাদী লর্ড ওয়েলেসলী 'অধীনতামূলক মিত্রতা' নামক এক নীতি গ্রহণ করেন। এই নীতির দ্বারা তিনি ভারতীয় নৃপতিগণকে যে কোন উপায়ে ইংরাজের বশ্যতা স্বীকার করাইতে বদ্ধপরিকর হইলেন। অধীনতামূলক মিত্রতা নীতির কতকগুলি শর্ত ছিল—প্রথমতঃ, ভারতের দেশীয় রাজ্যগুলিকে ইংরাজের সহিত অধীনতামূলক মিত্রতা চুক্তিতে আবদ্ধ হইবার জন্য আমন্ত্রণ জানান হইবে। দ্বিতীয়তঃ, যে সকল ভারতীয় নৃপতি অধীনতামূলক মিত্রতা চুক্তিতে আবদ্ধ হইবেন, তাঁহারা কোম্পানীর অনুমতি ব্যতীত অন্য কোন শক্তির বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা কিংবা তাঁহার সহিত সন্ধি স্থাপন করিতে পারিবেন না। তৃতীয়তঃ, মিত্ররাজ্যগুলিতে বহিঃশত্রুর আক্রমণ ও আভ্যন্তরীণ বিদ্রোহ দমনের দায়িত্ব ইংরাজ সরকার গ্রহণ করিবেন। চতুর্থতঃ, প্রত্যেক মিত্ররাজ্যে একদল ইংরাজ সৈন্য রাখিতে হইবে এবং ইহাদের ব্যয়ভার বহনের জন্য সেই রাজ্যের একাংশ কোম্পানীকে সমর্পণ করিতে হইবে। পঞ্চমতঃ, প্রত্যেক মিত্ররাজ্যে একজন করিয়া ইংরাজ প্রতিনিধি বা রেসিডেন্ট থাকিবেন। ষষ্ঠতঃ, মিত্র রাজ্যে ইংরাজ ব্যতীত অপর কোন ইউরোপীয় সৈন্য কিংবা নাগরিক থাকিতে পারিবে না। সপ্তমতঃ, মিত্ররাজ্যের আভ্যন্তরীণ ব্যাপারে কোম্পানী হস্তক্ষেপ করিবেন না।

অধীনতামূলক মিত্রতা নীতির শর্ত

হীনচেতা নিজাম সর্বপ্রথম এই অধীনতামূলক মিত্রতা চুক্তিতে আবদ্ধ হইলেন। ইহার পর অযোধ্যা, তাঞ্জোর, কর্ণাট প্রভৃতি রাজ্যের নৃপতিগণও একে একে বিনা যুদ্ধে ইংরাজের অধীনতামূলক মিত্রতা নীতি গ্রহণ করিলেন। ইংরাজদের সহিত মিত্রতা চুক্তিতে আবদ্ধ হইবার জন্য লর্ড ওয়েলেসলী টিপু সুলতান ও মারাঠা নায়কগণকে আমন্ত্রণ জানাইলেন। একমাত্র দ্বিতীয় বাজীরাও ব্যতীত অপর কোন মারাঠা নায়ক এই আবেদনে সাড়া দিলেন না। দ্বিতীয় বাজীরাও ইংরাজদের সহিত

মিত্রতা চুক্তিতে আবদ্ধ হইয়া তাহাদের সাহায্যে পুনরায় পেশোয়া পদ লাভ করেন। কিন্তু স্বাধীনচেতা টিপু সুলতান ইংরাজদের এই আমন্ত্রণ ঘৃণার সহিত প্রত্যাখ্যান করেন।

**চতুর্থ ইঙ্গ-মহীশূর যুদ্ধ ( ১৭৯৯ খ্রীঃ ) ঃ** টিপু তৃতীয় ইঙ্গ-মহীশূর যুদ্ধে পরাজিত হইয়াছিলেন সত্য, কিন্তু তিনি দমিবার পাত্র ছিলেন না। এই সময়ে ইউরোপে ইংলণ্ড ও ফ্রান্সের মধ্যে যুদ্ধ চলিতেছিল। সুযোগ বুঝিয়া টিপু ফ্রান্সের সহিত যোগাযোগ করিতেছিলেন। টিপু বুঝিতে পারিয়াছিলেন যে, সাম্রাজ্যবাদী ইংরাজদের সহিত মৈত্রী স্থাপন কোন মতেই সম্ভব নহে। তিনি তাঁহার শক্তি বৃদ্ধি করিতে লাগিলেন। তিনি কয়েকজন ফরাসীকে তাঁহার সৈন্যবাহিনীতে নিয়োগ করিলেন এবং বিধ্বস্ত দুর্গগুলির সংস্কার সাধন করিলেন। বৈদেশিক রাষ্ট্র হইতে সামরিক সাহায্যের জন্য তিনি দূত প্রেরণ করিলেন। এই অজুহাতে ১৭৯৯ খ্রীষ্টাব্দে লর্ড ওয়েলেসলী টিপুর বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করিলেন। ইহাই চতুর্থ ইঙ্গ-মহীশূর যুদ্ধ নামে পরিচিত। এই যুদ্ধে নিজাম ইংরাজদের পক্ষে যোগ দিলেন। ইংরাজ ও নিজামবাহিনী মিলিতভাবে মহীশূর রাজ্য আক্রমণ করিল। ইংরাজরা তিন দিক হইতে মহীশূরের বিরুদ্ধে সৈন্যবাহিনী প্রেরণ করিল। জেনারেল হ্যারিস-এর নেতৃত্বে ভেলোর হইতে, জেনারেল স্টুয়ার্টের নেতৃত্বে কান্নানোর হইতে এবং ওয়েলেসলীর ভ্রাতা আর্থার ওয়েলেসলী-র ( পরবর্তীকালে ডিউক অব ওয়েলিংটন নামে পরিচিত ) নেতৃত্বে হায়দ্রাবাদ হইতে তিনটি সৈন্যবাহিনী অগ্রসর হইল। প্রাণপণ যুদ্ধ করিয়াও টিপু সদাশির ও মালভেলীর যুদ্ধে পরাজিত হইলেন। ইংরাজগণ টিপুর রাজধানী শ্রীরঙ্গপত্তম্ অবরোধ করিল। টিপু যুদ্ধ করিতে করিতে বীরের মত প্রাণ বিসর্জন দিলেন। তাঁহার পুত্রগণ ইংরাজদের নিকট আত্মসমর্পণ করিলেন। টিপুর মৃত্যুর সঙ্গে সঙ্গে মহীশূরে মুসলমান রাজত্বের অবসান ঘটে। ইংরাজগণ এক প্রবল শত্রুর হাত হইতে নিস্তার লাভ করে। মহীশূরের শ্রীরঙ্গপত্তম, কানাড়া, কোয়েম্বাটোর প্রভৃতি স্থানসমূহ ব্রিটিশ রাজ্যভুক্ত হইল আর কিছু অংশ নিজামের ভাগে পড়িল। টিপুর পুত্রদের বৃত্তিদানের ব্যবস্থা করা হইল।

ঐতিহাসিক মিল লর্ড ওয়েলেসলীর মহীশূর নীতির কঠোর সমালোচনা করিয়া বলিয়াছেন, এই সময়ে এমন কোন গুরুতর অবস্থার সৃষ্টি হয় নাই যে টিপুকে ধ্বংস করার প্রয়োজন ছিল। অপর পক্ষে উইলসন ওয়েলেসলীর কার্য সমর্থন করিয়াছেন। উইলসনের মতে, এই সময়ে টিপুকে সম্পূর্ণরূপে ধ্বংস করিতে না পারিলে তাঁহার শক্তি অসাধারণ বৃদ্ধি পাইত। কেননা হায়দ্রাবাদে অবস্থিত ফরাসী সেনানায়ক রেমণ্ডের অধীন চৌদ্দ হাজার সৈন্য তাঁহাকে সাহায্য করিবার জন্য প্রস্তুত ছিল। মিশরেও এক বিরাট ফরাসী সৈন্যবাহিনী অবতরণ করিয়াছিল। তাহা ছাড়া আহম্মদ শাহ্ আবদালির পৌত্র এবং কাবুলের অধিপতি জামান শাহ্ও টিপুর সঙ্গে যোগসূত্র স্থাপন করিয়া ইংরাজদের উপর আক্রমণের পরিকল্পনা করিতেছিলেন। তাঁহাদের

সাহায্য পাইলে টিপু তখন অনায়াসেই ইংরাজশক্তির ধ্বংস সাধন করিতে পারিতেন। ওয়েলেসলীর তৎপরতার জন্যই ভারতে ইংরাজ সাম্রাজ্য আসন্ন ধ্বংসের হাত হইতে রক্ষা পাইয়াছিল। বস্তুতঃ ভারতে সাম্রাজ্য বিস্তারের ক্ষেত্রে ইংরাজগণ পলাশীর প্রান্তরে প্রথম পর্যায়ের বাধা অতিক্রম করিয়াছিল। এইবার টিপুর ধ্বংস সাধন করিয়া তাহারা দ্বিতীয় পর্যায়ের বাধা অতিক্রম করিল। কিন্তু ইহাতেও তাহারা নিস্তার পাইল না। পুনরায় মারাঠা ও ইংরাজশক্তি চূড়ান্ত সংগ্রামের জন্য পরস্পরের সম্মুখীন হইল।

**মারাঠাদের ইংরাজ-বিরোধিতা :** দক্ষিণ ভারতে প্রভুত্ব বিস্তার করিতে গিয়া ইংরাজ কর্তৃপক্ষ সর্বাপেক্ষা বেশী বাধার সম্মুখীন হইয়াছিল মারাঠাদের নিকট হইতে। ভারতীয় রাজন্যবর্গের পারস্পরিক দ্বন্দ্বের সুযোগ লইয়া ইংরাজগণ কোন না কোন পক্ষে যোগদান করিয়া নিজেদের স্বার্থসিদ্ধি করিয়া লইত। মারাঠা নায়কদের মধ্যে অন্তর্দ্বন্দ্ব দেখা দিলে ইংরাজগণ সেই সুযোগ মোটেই অপব্যবহার করে নাই।

মারাঠা নায়ক নানাফড়নবীশের নেতৃত্বে দ্বিতীয় মাধবরাও যখন পেশোয়া পদ লাভ করেন, সেই সময় হইতেই মারাঠা সাম্রাজ্যে বিচ্ছিন্নতা দেখা দেয়। বরোদার গাইকোয়াড়, বেরারের ভোঁসলে নিজ নিজ অঞ্চলে স্ব স্ব প্রধান হইয়া উঠিলেন। ইন্দোরে রাজত্ব করিতেছিলেন হোলকার মলহর রাও-এর পুত্রবধূ অহল্যাবাঈ। এদিকে উত্তর ভারতে মাহাদজী সিন্ধিয়া যথেষ্ট প্রভাব প্রতিপত্তি বৃদ্ধি করেন। তিনি নানাফড়নবীশের প্রাধান্য সহ্য করিতে পারেন নাই।

মাহাদজী সিন্ধিয়ার মৃত্যুর পরে মারাঠা সাম্রাজ্যের উপর নানাফড়নবীশের ক্ষমতা ও প্রতিপত্তি দারুণভাবে বৃদ্ধি পাইল। তিনি দ্বিতীয় বাজীরাও-এর প্রধানমন্ত্রী হইয়াছিলেন। নানাফড়নবীশ ছিলেন সুদক্ষ শাসক ও দূরদর্শী রাজনীতিক।

নানাফড়নবীশ

মারাঠাদের রাজনৈতিক ক্ষেত্রে ইংরাজরা অনুপ্রবেশ করিতে পারে, ইহা তিনি পূর্বেই আশংকা করিয়াছিলেন। সেইজন্য তিনি ইংরাজদিগকে প্রতিরোধ করিবার চেষ্টা করিয়াছিলেন। অবশেষে ১৮০০ খ্রীষ্টাব্দে দেশপ্রেমিক নানাফড়নবীশের মৃত্যু হইলে মারাঠাশক্তির অপূরণীয় ক্ষতি হইল।

**দ্বিতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধ : ( ১৮০৩-১৮০৫ খ্রীঃ ) :** পেশোয়া দ্বিতীয় বাজীরাও বেসিনের সন্ধিতে লর্ড ওয়েলেসলীর 'অধীনতামূলক মিত্রতা' নীতি গ্রহণ করিলে অন্যান্য মারাঠা নায়কদের মধ্যে দারুণ বিক্ষোভের সৃষ্টি হয়। কেননা ইহাতে পেশোয়াতন্ত্রের মর্যাদা সম্পূর্ণরূপে বিনষ্ট হইল। দ্বিতীয় বাজীরাও শীঘ্রই নিজের ভুল বুঝিতে পারিয়া অনুতপ্ত হন। তিনি সিন্ধিয়া ও ভোঁসলের সহিত মিলিত হইয়া ইংরাজদের বিরুদ্ধে যুদ্ধ করিতে প্রস্তুত হইলেন। বরোদার গাইকোয়াড় অবশ্য এই প্রস্তুতিতে যোগদান করিলেন না। ১৮০৩ খ্রীষ্টাব্দে সিন্ধিয়া ও ভোঁসলের যুগ্ম বাহিনী কোম্পানীর রাজ্য আক্রমণ করিলে দ্বিতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধ আরম্ভ হয়। কিন্তু তাঁহারা ইংরাজ সেনাপতি লেক-এর নিকট শোচনীয়ভাবে পরাজিত হইলেন।

শেষ পর্যন্ত সিন্ধিয়া ও ভোঁসলে উভয়েই ইংরাজদের সহিত 'অধীনতামূলক মিত্রতা' চুক্তি স্বাক্ষর করিতে বাধ্য হইলেন। এইভাবে দ্বিতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধের অবসান হয়।

দ্বিতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধে সিন্ধিয়া ও ভোঁসলের শোচনীয় পরাজয়ে কোন কোন ঐতিহাসিক বিস্ময় প্রকাশ করিয়াছেন। গ্রাণ্ট ডাফের মতে এই যুদ্ধের দ্রুত অবসান ও সাফল্য সমগ্র ভারতবর্ষকে স্তম্ভিত করিয়াছে। মারাঠাদের পরাজয়ের কারণ সম্পর্কে স্যার টমাস মুনরো বলিয়াছেন যে, মারাঠাগণ অশ্বারোহী বাহিনীকে অবহেলা করিয়া পদাতিক বাহিনীর উপর নির্ভর করিয়া ভুল করিয়াছিল। কেননা ইংরাজদের পদাতিক বাহিনী মারাঠাদের তুলনায় অনেক বেশী শক্তিশালী ছিল।

এই যুদ্ধের ফলে মারাঠা শক্তির চরম বিপর্যয় ঘটে এবং ইংরাজদের প্রতিপত্তি ও সাম্রাজ্য বৃদ্ধি পায়। জয়পুর, যোধপুর প্রভৃতি স্থান ইংরাজদের সাম্রাজ্যভুক্ত হয়। ইহা ছাড়া মুঘলসম্রাট দ্বিতীয় শাহ আলম ইংরাজদের রক্ষণাধীন হইলেন।

**হোলকারের সহিত ইংরাজদের সংঘর্ষ:** যশোবন্ত রাও হোলকার এতদিন নিরপেক্ষ ছিলেন। দ্বিতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধের পর তিনি একাই ইংরাজদের বিরুদ্ধে যুদ্ধে অবতীর্ণ হন। পরে ভরতপুরের রাজা তাঁহার সহিত যোগ দেন। প্রথম কয়েকটি যুদ্ধে জয়লাভ করিলেও হোলকার পরবর্তী দুইটি যুদ্ধে ইংরাজদের নিকট সম্পূর্ণ পরাজিত হইলেন। ইংরাজগণ হোলকারের রাজধানী ইন্দোর দখল করে। বুন্দী, ভরতপুর প্রভৃতি রাজ্য ইংরাজের সহিত 'অধীনতামূলক মিত্রতা' চুক্তিতে আবদ্ধ হইল।

১৮০৫ খ্রীষ্টাব্দে লর্ড ওয়েলেসলী ইংলণ্ডে প্রত্যাবর্তন করেন। কর্ণওয়ালিস দ্বিতীয় বার (১৮০৫ খ্রীঃ) ভারতের গভর্ণর জেনারেল হইলেন। তাঁহার মৃত্যু হইলে জর্জ বার্লো অস্থায়ীভাবে গভর্ণর জেনারেলের কাজ করেন (১৮০৫-১৮০৭ খ্রীঃ)। পরবর্তী গভর্ণর জেনারেল লর্ড মিণ্টো (১৮০৭-১৮১৩ খ্রীঃ) নিরপেক্ষ নীতি অনুসরণ করিয়া চলিয়াছেন।

**লর্ড ময়রা বা হেষ্টিংসের আমলে রাজ্য বিস্তার (১৮১৩-১৮২৩ খ্রীঃ):** লর্ড মিণ্টোর পর ১৮১৩ খ্রীষ্টাব্দে গভর্ণর-জেনারেল পদে আসীন হন লর্ড ময়রা বা হেষ্টিংস। লর্ড হেষ্টিংস ওয়েলেসলীর অগ্রসর নীতি অবলম্বন করিয়া নেপাল রাজ্যের সহিত যুদ্ধ, পিণ্ডারী দমন এবং মারাঠাশক্তির ধ্বংস সাধনে ব্রতী হইলেন।

**ইঙ্গ-নেপাল যুদ্ধ (১৮১৪-১৮১৬ খ্রীঃ):** লর্ড হেষ্টিংসের আমলের সর্বাপেক্ষা উল্লেখযোগ্য ঘটনা হইল ইঙ্গ-নেপাল যুদ্ধ। নেপালের সহিত ভারতের বাণিজ্যিক সম্পর্ক অষ্টাদশ শতাব্দীর শেষভাগে শুরু হয়। ১৭৯২ খ্রীষ্টাব্দে ভারতের ইংরাজ কর্তৃপক্ষ নেপালের সহিত একটি বাণিজ্যিক চুক্তি করে। কয়েক বৎসর পর দুই দেশের মধ্যে আর একটি বাণিজ্যিক চুক্তি সম্পাদিত হয়। নেপালে একজন ব্রিটিশ রেসিডেণ্টকে নিযুক্ত করা হয়। কিন্তু লর্ড ওয়েলেসলীর সময় হইতেই সম্পর্কের অবনতি ঘটিতে থাকে। লর্ড ওয়েলেসলী পূর্বের বাণিজ্যচুক্তি বাতিল করিয়া দেন। তিনি নেপালের

রাজধানী কাঠমাণ্ডু হইতে ব্রিটিশ রেসিডেণ্টকে ফিরাইয়া আনেন। এই সময়ে পূর্বে তিস্তা হইতে পশ্চিমে শতদ্রু পর্যন্ত সমগ্র হিমালয় এলাকায় নেপালীদের আধিপত্য বিস্তারলাভ করিয়াছিল। নেপালরাজ পৃথিবীনারায়ণ দক্ষিণে রাজ্যবিস্তারের চেষ্টা করিলে ১৮১৪ খ্রীষ্টাব্দে ইঙ্গ-নেপাল যুদ্ধ আরম্ভ হয়। এই যুদ্ধে ইংরাজ সেনাপতি অকটার লোনি নেপালরাজকে পরাজিত করেন। সগৌলির সন্ধির ( ১৮১৬ খ্রীঃ ) দ্বারা ইংরাজরা সিমলা, মুসৌরী, আলমোড়া, নৈনিতাল প্রভৃতি স্থান লাভ করে। নেপালের রাজধানী কাঠমাণ্ডুতে একজন ব্রিটিশ প্রতিনিধি রাখিবার ব্যবস্থা হইল।

**তৃতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধ ( ১৮১৭-১৮১৮ খ্রীঃ ) :** পেশোয়া দ্বিতীয় বাজীরাও ইংরাজদের সহিত অধীনতামূলক মিত্রতায় আবদ্ধ ছিলেন বটে কিন্তু তিনি এই অধীনতা-পাশ হইতে মুক্তিলাভ করিতে সচেষ্ট হইলেন। লর্ড হেষ্টিংস বাজীরাও-এর এই অভিসন্ধির কথা জানিতে পারিয়া ১৮১৭ খ্রীষ্টাব্দে পেশোয়াকে পুণার চুক্তিতে স্বাক্ষর করিতে বাধ্য করেন। এই চুক্তির দ্বারা ইংরাজরা পেশোয়ার রাজ্যের কিছু অংশ অধিকার করে। এই অপমান সহ্য করিতে না পারিয়া ক্রুদ্ধ বাজীরাও ইংরাজদের দূতাবাস জ্বালাইয়া দেন। হোলকার ও ভোঁসলে ইংরাজদের বিরুদ্ধে সংঘবদ্ধ হন। ১৮১৭ খ্রীষ্টাব্দে তাঁহারা সকলেই ইংরাজদের বিরুদ্ধে যুদ্ধে অবতীর্ণ হইলেন। ইহাই তৃতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধ নামে পরিচিত। কিন্তু পর পর তিনটি যুদ্ধে পরাজিত হইয়া পেশোয়া বাজীরাও ইংরাজদের নিকট আত্মসমর্পণ করেন। হোলকার ও ভোঁসলেরও একই দশা হইল। তাঁহারাও ইংরাজদের নিকট পরাজিত হইলেন। এইভাবে ১৮১৮ খ্রীষ্টাব্দে তৃতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধের অবসান হয়।

এই যুদ্ধের ফলে পেশোয়ার রাজ্য ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত হয় এবং তাঁহাকে বার্ষিক বৃত্তি দিয়ে কানপুরের নিকটে বিঠুরে নির্বাসিত করা হয়। ভোঁসলের রাজ্যের একাংশ ব্রিটিশ অধিকারভুক্ত হয়। এইভাবে মারাঠাশক্তির বিলোপ সাধন করিয়া লর্ড হেষ্টিংস ভারতে ব্রিটিশ সাম্রাজ্য বিস্তারের পথ নিষ্কণ্টক করিয়া দেন।

শিবাজীর বংশধরগণ এবং প্রথম তিনজন পেশোয়ার আমলে মারাঠাদের পতনের কারণ পূর্বেই আলোচনা করা হইয়াছে। দ্বিতীয় পর্যায়েও দেখা যায় ব্রিটিশ কূটনীতির বিরুদ্ধে মারাঠা নায়কগণ কোন দূরদৃষ্টি ও বিচক্ষণতার পরিচয় প্রদান করিতে পারেন নাই। তাঁহারা একাধিক চক্রান্তের দ্বারা ইংরাজশক্তির প্রতিরোধ করিতে যাইয়া শোচনীয় বিপর্যয়ের সম্মুখীন হইয়াছিলেন। ইংরাজদের যুদ্ধ পদ্ধতি মারাঠাদের তুলনায় অনেক উন্নত ছিল। সিন্ধিয়া, ভোঁসলে, নানাফড়নবীশ প্রমুখ মারাঠা নায়কগণ চেষ্টা করিয়াও ইউরোপীয় পদ্ধতিতে সৈন্যবাহিনী গড়িয়া তুলিতে পারেন নাই। এইভাবে মারাঠা শক্তি ধ্বংস হইল এবং বিলুপ্ত হইল তাহাদের সাম্রাজ্য বিস্তারের আশা।

মারাঠাদের ব্যর্থতার কারণ

**লর্ড আমহার্ষ্ট-এর আমলে রাজ্যবিস্তার ( ১৮২৩-১৮২৮ খ্রীঃ ) :** ১৮২৩ খ্রীষ্টাব্দে লর্ড আমহার্ষ্ট গভর্ণর-জেনারেল নিযুক্ত হইয়া আসিলেন। ব্রিটিশ সাম্রাজ্যের পূর্ব

সীমান্তে প্রতিরক্ষার প্রশ্নকে কেন্দ্র করিয়া তিনি ব্রহ্মদেশের সহিত যুদ্ধে অবতীর্ণ হইলেন।

**প্রথম ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধ** ( ১৮২৪-১৮২৬ খ্রীঃ ) ঃ অনেকদিন হইতেই ইংরাজরা ব্রহ্মদেশের সহিত শান্তিপূর্ণভাবে ব্যবসা-বাণিজ্য চালাইয়া যাইতেছিল। কিন্তু পরবর্তীকালে দুই দেশের মধ্যে সীমান্ত সংঘর্ষ দেখা দেয়। কয়েকবার দূত প্রেরণ করিয়াও ব্রিটিশ-সরকার ব্রহ্মদেশের সহিত কোন মীমাংসা করিতে পারিলেন না। উপরন্তু ব্রহ্মরাজ বোদোপায়া ঢাকা, চট্টগ্রাম, কাশিমবাজার, মুর্শিদাবাদ প্রভৃতি স্থানের উপর অধিকার দাবী করেন। কিন্তু ইংরাজ সরকার এই দাবী অস্বীকার করিলেন। বোদোপায়ার মৃত্যুর পর তাঁহার পুত্র পোগিদোয়া রাজা হইয়া আসাম ও চট্টগ্রামের নিকটস্থ শাহপুরী দ্বীপটি দখল করেন। অতঃপর ব্রহ্মরাজের কর্মচারীগণ দুইজন ইংরাজকে ধরিয়া লইয়া গেলে লর্ড-আমহার্স্ট-এর ধৈর্যচ্যুতি ঘটে। তিনি ব্রহ্মদেশের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেন ( ১৮২৪ খ্রীঃ )। ইংরাজ সৈন্য অনায়াসেই প্রোম দখল করিয়া নেয়। পরে ইয়ান্দাবুর সন্ধি (১৮২৬ খ্রীঃ ) দ্বারা এই যুদ্ধের অবসান হয়। সন্ধির শর্ত অনুসারে ব্রহ্মরাজকে আরাকান ও টেনাসেরিম অঞ্চল ইংরাজদের হস্তে ছাড়িয়া দিতে হইল।

**ইয়ান্দাবুর সন্ধি**

**লর্ড উইলিয়াম বেণ্টিংকের আমলে রাজ্যবিস্তার** ( ১৮২৭-১৮৩৫ খ্রীঃ ) ঃ পরবর্তী গভর্ণর-জেনারেল লর্ড বেণ্টিংক রাজ্যবিস্তার নীতির বিরোধী ছিলেন। কিন্তু কাছাড়ের রাজা কোন উত্তরাধিকারী না রাখিয়া মারা গেলে বেণ্টিংক প্রজাদের অনুরোধে কাছাড়কে ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত করেন। তিনি কুর্গ ও জয়ন্তিয়া রাজ্যও সাম্রাজ্যের অন্তর্ভুক্ত করিয়াছিলেন। রাশিয়ার অগ্রগতির বিরুদ্ধে ভারতের পশ্চিম সীমান্তের নিরাপত্তার জন্য বেণ্টিংক পাঞ্জাবকেশরী রণজিৎ সিংহ এবং সিন্ধুদেশের আমীরগণের সহিত মৈত্রী স্থাপন করিয়াছিলেন।


লর্ড বেণ্টিংক

**পরবর্তী গভর্ণর-জেনারেলগণের আমলে রাজ্যবিস্তার** ঃ লর্ড বেণ্টিংকের পর চার্লস মেটকাফ গভর্ণর-জেনারেল নিযুক্ত হইলেন। তাঁহার পর লর্ড অকল্যাণ্ড ১৮৩৬ খ্রীষ্টাব্দ হইতে ১৮৪২ খ্রীষ্টাব্দ পর্যন্ত গভর্ণর-জেনারেল পদে আসীন ছিলেন। তাঁহার সময়ে ইংরাজরা মাদ্রাজের অন্তর্গত কুর্ণুল অধিকার করে। তিনি আফগানিস্তানের উপর ব্রিটিশ প্রভাব বিস্তারের জন্য প্রথম ইংগ-আফগান যুদ্ধ আরম্ভ করেন। কিন্তু তাঁহার চেষ্টা ব্যর্থ হইয়াছিল।

ইহার পর লর্ড এলেনবরা গভর্ণর জেনারেল নিযুক্ত হন ( ১৮৪২-১৮৪৪ খ্রীঃ )। তাঁহার আমলে প্রথম ইংগ-আফগান যুদ্ধের অবসান ঘটে। সিন্ধুদেশ বিজয় লর্ড

এলেনবরার একটি শ্রেষ্ঠ কীর্তি। তাঁহার আমলে গোয়ালিয়র রাজ্য ইংরাজদের আশ্রিত রাজ্যে পরিণত হয়। পরবর্তী গভর্ণর জেনারেল লর্ড হার্ডিঞ্জ-এর আমলে ইংগ-শিখ বিরোধ চরমে উঠে।

**শিখ শক্তি ঃ** অষ্টাদশ ও ঊনবিংশ শতাব্দীর ইতিহাসে শিখ-শক্তি একটি বিশেষ স্থান অধিকার করিয়া আছে। প্রথম দিকে শিখরা ছিল এক শান্তিপ্রিয় ধর্মসম্প্রদায়। পরে তাহারা এক শক্তিশালী যুদ্ধপ্রিয় সম্প্রদায়ে পরিণত হইল। শিখদের মধ্যে ধর্মোম্মাদনা ছিল বলিয়াই তাহারা স্বাধীনতা যুদ্ধে অপরাজেয় ছিল।

শিখগণ আহম্মদ শাহ আবদালি ও তাঁহার বংশধরগণের সহিত সংগ্রাম করিয়া পাঞ্জাবে স্বাধীন হইয়াছিল। কিন্তু তাহাদের মধ্যে কোন রাজনৈতিক ঐক্য ছিল না। তাহারা বারটি মিসল বা উপদলে বিভক্ত ছিল। প্রত্যেক উপদলের নায়ক এক একটি রাজ্যখণ্ড শাসন করিতেন। তাঁহারা তখন পরস্পরে ক্ষমতার প্রতিদ্বন্দ্বিতায় মাতিয়া উঠিলেন। এদিকে ইংরাজরা ভারতবর্ষে সাম্রাজ্য বিস্তার শুরু করিয়া দিয়াছে। জাতির এই দুর্দিনে ইংরাজ-শক্তির বিরুদ্ধে সমগ্র শিখজাতিকে সংঘবদ্ধ করিয়া তুলিলেন পাঞ্জাবকেশরী রণজিৎ সিংহ।

**রণজিৎ সিংহ ( ১৭৮০-১৮৩৯ খ্রীঃ ) ঃ** ১৭৮০ খ্রীষ্টাব্দে রণজিৎ সিংহের জন্ম হয়। তাঁহার পিতা সুকেরচাকিয়া নামক এক ক্ষুদ্র মিসলের নায়ক ছিলেন। রণজিৎ সিংহ নিরক্ষর ছিলেন, কিন্তু অসামান্য সামরিক ও রাজনৈতিক প্রতিভাবলে তিনি একটি বিশাল স্বাধীন রাজ্য স্থাপন করিতে সমর্থ হইয়াছিলেন। ১৭৯৮ খ্রীষ্টাব্দে কাবুলের রাজা জামান শাহ্ রণজিৎ সিংহকে 'রাজা' উপাধিসহ লাহোরের শাসনকর্তার পদে নিযুক্ত করেন। পর বৎসর তিনি লাহোর অধিকার করেন। ক্রমে অমৃতসর, লুধিয়ানা এবং শতদ্রুর দক্ষিণ তীর পর্যন্ত বিস্তীর্ণ ভূভাগ তাঁহার অধিকারভুক্ত হয়। অতঃপর শতদ্রুর দক্ষিণ তীরে অবস্থিত কয়েকটি রাজ্য তাঁহার প্রভুত্ব হইতে রক্ষা পাইবার জন্য ইংরাজদের সাহায্য প্রার্থনা করিল।



রণজিৎ সিংহ

গভর্ণর জেনারেল লর্ড মিণ্টোর সময়ে ১৮০৯ খ্রীষ্টাব্দে অমৃতসরের সন্ধি দ্বারা ইংরাজদের সহিত রণজিৎ সিংহের মৈত্রী স্থাপিত হইল।

**অমৃতসরের সন্ধি**

ইংরাজরা শতদ্রুর দক্ষিণে প্রভাব বিস্তার করিল। ফলে যমুনা ও শতদ্রুর মধ্যবর্তী ভূখণ্ডে তাহাদের আধিপত্য প্রতিষ্ঠিত হইল আর শতদ্রুর অপর তীরে রণজিৎ সিংহের একাধিপত্য স্বীকৃত হইল। অমৃতসরের সন্ধির পর রণজিৎ সিংহ উত্তরে এবং উত্তর-পশ্চিমে রাজ্যবিস্তারে প্রবৃত্ত হইলেন। এই সময়ে আফগানদিগের সহিত তাঁহার সংঘর্ষ উপস্থিত হয়। বহু যুদ্ধ-বিগ্রহের পরে কাশ্মীর ও পেশোয়ার তাঁহার রাজ্যের অন্তর্ভুক্ত হইয়াছিল। কিন্তু ইংরাজরা বাধা দেওয়ায়

তিনি সিন্ধু অধিকার করিতে পারেন নাই। ১৮৩৯ খ্রীষ্টাব্দে রণজিৎ সিংহের মৃত্যু হয়।

রণজিৎ সিংহ একজন প্রজাহিতৈষী শাসক ছিলেন। দয়া, সততা, ন্যায়বিচার প্রভৃতি গুণ ছিল তাঁহার চরিত্রের মূল বৈশিষ্ট্য। ধর্মীয় ব্যাপারে তাঁহার উদার মনোভাবের জন্য তিনি প্রত্যেক সম্প্রদায়ের লোকের আনুগত্য লাভ করিয়াছিলেন।

কৃতিত্ব

তিনি ছিলেন একজন নিপুণ যোদ্ধা ও সুদক্ষ সেনাপতি। ফরাসী সেনানায়কদের দ্বারা তিনি তাঁহার সৈন্যবাহিনীকে ইউরোপীয় পদ্ধতিতে সামরিক শিক্ষা প্রদান করিয়াছিলেন। তাঁহার সৈন্যবাহিনীতে চল্লিশ হাজার স্থায়ী সৈন্য ছিল। তাঁহার গোলন্দাজ বাহিনীও সুদক্ষ ছিল। রণজিৎ সিংহ ভারত ইতিহাসের শ্রেষ্ঠ ব্যক্তিদের অন্যতম। ফরাসী পর্যটক জ্যাকেমোঁ তাঁহাকে 'নেপোলিয়ন বোনাপার্টের ক্ষুদ্র সংস্করণ' বলিয়া বর্ণনা করিয়াছেন।

**লর্ড ডালহৌসীর আমলে রাজ্যবিস্তার ( ১৮৪৮-১৮৫৬ খ্রীঃ ) ঃ** লর্ড হার্ডিঞ্জের ( ১৮৪৪—৪৮ খ্রীঃ ) পরবর্তী গভর্ণর-জেনারেল লর্ড ডালহৌসী ছিলেন উগ্র সাম্রাজ্যবাদী। তিনি রাজ্যবিস্তারের উদ্দেশ্যে যে কোনও সুযোগ গ্রহণ করিতে ইতস্ততঃ করেন নাই। তিনি রাজ্যবিস্তার করিয়াছিলেন কিছু যুদ্ধের দ্বারা, কিছু স্বত্ব-বিলোপ নীতি প্রয়োগ করিয়া আর কিছু অন্যান্য অজুহাতে।



লর্ড ডালহৌসী


**দ্বিতীয় ইঙ্গ-শিখ যুদ্ধ ( ১৮৪৮-১৮৪৯ খ্রীঃ ) ঃ** প্রথম ইঙ্গ-শিখ যুদ্ধে ( ১৮৪৫-৪৬ খ্রীঃ ) শিখরা পরাজিত হইলেও তাহাদের জাতীয়তাবোধ বিনষ্ট হয় নাই। তাহারা লাহোরে ইংরাজ রেসিডেণ্টের কর্তৃত্ব সহ্য করিতে পারিল না। এক গোপন ষড়যন্ত্রের অভিযোগে ইংরাজরা রাণীমাতা ঝিন্দনকে চুনার দুর্গে নির্বাসিত করিলে সারা পাঞ্জাবে ইহার প্রতিক্রিয়া দেখা দিল। ঠিক একই সময়ে মুলতানের শিখ শাসনকর্তা মুলরাজ ইংরাজদের বিরুদ্ধে বিদ্রোহী হইয়া উঠিলেন। মুলরাজের বিদ্রোহকে কেন্দ্র করিয়া শিখদের জাতীয় সংগ্রাম শুরু হয়; তখন লর্ড ডালহৌসী শিখদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেন। ইহা দ্বিতীয় ইঙ্গ-শিখ যুদ্ধ নামে পরিচিত। চিলিয়ানওয়ালার যুদ্ধে শিখবাহিনী সাহসিকতার সহিত যুদ্ধ করিয়া জয়লাভ করিলেও মুলতান ও গুজরাটের যুদ্ধে ইংরাজদের নিকট আত্মসমর্পণ করে। এইভাবে শিখশক্তির অবসান ঘটে।

চিলিয়ানওয়ালার যুদ্ধ

এই যুদ্ধের ফলে সমগ্র পাঞ্জাব ব্রিটিশ অধিকারভুক্ত হয়। দলীপ সিংহকে সিংহাসনচ্যুত করিয়া তাঁহাকে কিছু বৃত্তিদানের ব্যবস্থা করা হয়। খালসাবাহিনী সম্পূর্ণরূপে ভাঙ্গিয়া দেওয়া হয়।

পাঞ্জাব অধিকার

**দ্বিতীয় ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধ ( ১৮৫২ খ্রীঃ ) ঃ** কিছুদিনের মধ্যে ব্রহ্মদেশেও ইংরাজ-বিরোধী মনোভাব তীব্র হইয়া উঠে। ব্রিটিশ রেসিডেণ্ট বাধ্য হইয়া ব্রহ্মদেশ ত্যাগ করেন। ইহার পর কয়েকজন ইংরাজ বণিক বর্মীদের হস্তে লাঞ্ছিত ও ক্ষতিগ্রস্থ হইলে লর্ড ডালহৌসী ইহার ক্ষতিপূরণ দাবী করেন। তিনি কমোডোর ল্যাম্বার্ট




নামক একজন নৌ-সেনাপতিকে ব্রহ্মদেশে প্রেরণ করেন। ব্রহ্মরাজ ইংরাজদের সন্তুষ্ট করিবার জন্য রেঙ্গুনের বর্মী শাসনকর্তাকে পদচ্যুত করেন। কিন্তু ল্যাম্বার্ট ইহাতে সন্তুষ্ট না হইয়া ব্রহ্মদেশের একটি যুদ্ধজাহাজ আটক করেন। ইহার প্রতিবাদে বর্মীয় সৈন্যগণ ইংরাজ রণতরীর উপর গুলিবর্ষণ করিল এবং ইংরাজরাও পাল্টা

আক্রমণ করিল। এইভাবে দ্বিতীয় ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধ শুরু হইল। এই যুদ্ধে ইংরাজগণ জয়ী হইলে এক ঘোষণা বলে পেগু প্রদেশ ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত করা হয়।

**স্বত্ববিলোপ নীতি (Doctrine of Lapse)ঃ** লর্ড ডালহৌসীর রাজ্য বিস্তারের অপর একটি কৌশল হইল 'স্বত্ববিলোপ নীতি'। এই নীতির মূলকথা ছিল, কোম্পানীর আশ্রিত কোন অপুত্রক রাজার মৃত্যু হইলে তাঁহার রাজ্য ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত হইবে এবং ব্রিটিশ সরকারের অনুমতি ব্যতীত কোন দত্তক-পুত্র রাজ্যলাভের অধিকারী হইবে না। হিন্দু আইন অনুসারে হিন্দু পরিবারের কোন অপুত্রক পিতা দত্তক-পুত্র গ্রহণ করিতে পারিতেন এবং তাহাকে সম্পত্তির উত্তরাধিকারী মনোনীত করিয়া যাইতে পারিতেন। হিন্দু রাজগণের ক্ষেত্রেও দত্তক-পুত্র গ্রহণের নিয়ম ছিল। এই ক্ষেত্রেও অপুত্রক রাজার মৃত্যু হইলে তাঁহার দত্তক-পুত্র সিংহাসনের অধিকারী হইতে পারিতেন। কিন্তু লর্ড ডালহৌসী যুক্তি দেখাইলেন যে, ভারতে ইংরাজের সার্বভৌম শক্তি প্রতিষ্ঠিত। ইংরাজের বিনা অনুমতিতে কোন দেশীয় রাজা সিংহাসনে বসিতে পারেন না। সুতরাং ইংরাজের আশ্রিত কোন দেশীয় রাজ্যের রাজার পুত্র সন্তান না থাকিলে তাঁহার মৃত্যুর পর সেই রাজ্যের স্বত্ব বিলোপ হইবে অর্থাৎ সেই রাজ্য ইংরাজদের হস্তগত হইবে। ইংরাজের অনুমতি ব্যতীত দত্তক-পুত্র গ্রহণ করিয়া তিনি রাজ্যরক্ষা করিতে পারিবেন না। এই নীতি অনুসরণ করিয়া ডালহৌসী সাঁতারা, সম্বলপুর, উদয়পুর, ঝাঁসি প্রভৃতি রাজ্য ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত করেন। এই নীতির দ্বারা তিনি কর্ণাটক ও তাঞ্জোর রাজ্য দুইটিও গ্রাস করেন। ইহা ছাড়া দ্বিতীয় বাজীরাও-এর মৃত্যুর পর তাঁহার দত্তক-পুত্র নানাসাহেবের বৃত্তিও বন্ধ করিয়া দেওয়া হয়।

ডালহৌসীর এই সাম্রাজ্যবাদী নীতি ভারতীয় রাজন্যবর্গ ও ভারতীয়দের মনে দারুণ প্রতিক্রিয়ার সৃষ্টি করিয়াছিল। দত্তক-পুত্র গ্রহণের রীতি হিন্দুদের চিরাচরিত প্রথা। ধর্মীয় সংস্কার এবং প্রচলিত রীতিনীতিকে উপেক্ষা করিয়া স্বত্ববিলোপ নীতি প্রয়োগ করা ডালহৌসীর উচিত হয় নাই। ১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহের সময় ইহার শোচনীয় পরিণাম লক্ষ্য করা যায়। তথাপি এই কথা নিঃসন্দেহে বলা যায়, রাজ্য বিস্তারের দিক হইতে ভারতে প্রেরিত গভর্ণর জেনারেলদের মধ্যে লর্ড ডালহৌসীর অবদান ও কৃতিত্ব সর্বাপেক্ষা অধিক।

**অন্যান্য অজুহাতে রাজ্যবিস্তারঃ** লর্ড ডালহৌসী যুদ্ধ এবং 'স্বত্ববিলোপ নীতি'-র প্রয়োগ ব্যতীত অন্যান্য অজুহাতেও রাজ্যবিস্তার করিয়াছিলেন। কুশাসনের অজুহাতে অযোধ্যার নবাব ওয়াজিদ আলিকে বৃত্তি দানের ব্যবস্থা করিয়া তাঁহার রাজ্য অধিকার করা হইয়াছিল। কোম্পানীর প্রাপ্য অর্থ দিতে অক্ষম হওয়ায় নিজামের নিকট হইতে বেরার প্রদেশটি কাড়িয়া লওয়া হয়। ইহা ছাড়া, ইংরাজ কর্মচারীর উপর উৎপীড়ন করার অপরাধে লর্ড ডালহৌসী সিকিম রাজ্যের কিয়দংশও ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত করেন।

## (৬) শাসনতান্ত্রিক ভিত্তি প্রতিষ্ঠা

**১৭৬৫ খ্রীষ্টাব্দ পর্যন্ত ব্রিটিশ রাজনৈতিক ক্ষমতা বৃদ্ধির স্বরূপ ঃ** ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী ছিল মূলতঃ একটি বাণিজিক প্রতিষ্ঠান। ক্রমে ঘটনাচক্রে এবং অনুকূল অবস্থার ফলে বাংলার সর্বপ্রথম ইংরাজদের রাজনৈতিক প্রভুত্বের সূত্রপাত হয়। ১৭৬৫ খ্রীষ্টাব্দে দেওয়ানী লাভের পর রাজ্যের প্রকৃত শাসনক্ষমতার অধিকারী হইল ইংরাজ কোম্পানী। এইবার কোম্পানীর ক্ষমতা আইনগতভাবে স্বীকৃত হইল। পূর্বেই উল্লেখ করা হইয়াছে যে, দেওয়ানী লাভের ফলে কোম্পানী বাংলা, বিহার ও উড়িষ্যার রাজস্ব আদায়ের এবং দেওয়ানী মামলার বিচারের অধিকার পাইল। পুলিশ ও বে-সামরিক শাসনভার ব্যতীত নবাবের আর কোন ক্ষমতা রহিল না। আর্থিক সাহায্যের জন্য নবাবকে এখন কোম্পানীর মুখাপেক্ষী হইতে হইল। এক কথায় নবাব ক্ষমতাহীন দায়িত্ব পাইয়া যেন বিষহীন সর্পে পরিণত হইলেন। তবে নবাবের কোন ক্ষমতা না থাকিলেও রাজ্যশাসনের গুরুদায়িত্ব ছিল তাঁহারই উপর। এই ব্যবস্থায় রাজ্যের সর্বত্র চরম বিশৃঙ্খলা দেখা দিল।

শীঘ্রই লর্ড ক্লাইভ প্রবর্তিত দ্বৈত-শাসন ব্যবস্থার কুফল প্রকট হইয়া উঠে। কোম্পানীর কর্মচারীরা রাজস্ব আদায়ের জন্য প্রজাদের উপর যথেচ্ছ অত্যাচার করিত। কৃষিকার্যে নানারকম অসুবিধার সৃষ্টি হইল। এই অবস্থায় ১৭৭০ খ্রীষ্টাব্দে (বাংলা ১১৭৬ সালে) বঙ্গদেশে এক ভয়াবহ দুর্ভিক্ষ দেখা দিল। ইহা ইতিহাসে 'ছিয়াত্তরের মন্বন্তর' নামে পরিচিত। এই ভীষণ দুর্দিনে কোম্পানীর কর্মচারীরা লোকের প্রাণরক্ষার জন্য কোন চেষ্টাই করে নাই বরং তাহাদের নিকট হইতে জোর পূর্বক অতিরিক্ত রাজস্ব আদায় করিয়াছিল। এই দুর্ভিক্ষে বাংলার প্রায় এক-তৃতীয়াংশ লোক মৃত্যুমুখে পতিত হইয়াছিল।

**কেন্দ্রাভিমুখী শাসনের প্রসার (হেষ্টিংস হইতে কর্ণওয়ালিস পর্যন্ত)-হেষ্টিংসের আমলে ঃ** ১৭৭২ খ্রীষ্টাব্দে ওয়ারেন হেষ্টিংস ভারতের শাসনভার গ্রহণ করেন। তাঁহার আগমনের পূর্বে বাংলার শাসনব্যবস্থায় এক জটিল পরিস্থিতি দেখা দিয়াছিল। ক্লাইভ প্রবর্তিত দ্বৈত-শাসন ব্যবস্থার ফলে শাসনক্ষেত্রে বিশৃঙ্খলা, কোম্পানীর কর্মচারীর মধ্যে দুর্নীতি, রাজকোষে অর্থাভাব এবং ব্যবসা-বাণিজ্যে চরম অবনতি দেখা দিল। ভারতের এই অবস্থা ব্রিটিশ পার্লামেণ্টের দৃষ্টি আকর্ষণ করিয়াছিল। এইরূপ পরিস্থিতিতে ভারতের শাসনব্যবস্থায় ব্রিটিশ পার্লামেণ্টের হস্তক্ষেপ প্রয়োজন হইয়া পড়িল। ভারতবর্ষে ইংরাজদের রাজনৈতিক অধিকার ক্রমশঃ ব্যাপক ও গুরুত্বপূর্ণ হইয়া উঠিতে থাকিলে কোম্পানীর উপর পার্লামেণ্টের নিয়ন্ত্রণ স্থাপনের আবশ্যকতা দেখা দিল।

রেগুলেটিং এ্যাক্ট

কোম্পানীর শাসনকার্য নিয়ন্ত্রণের উদ্দেশ্যে প্রধানমন্ত্রী লর্ড নর্থ ১৭৭৩ খ্রীষ্টাব্দে রেগুলেটিং এ্যাক্ট (নিয়ামক আইন) নামে একটি আইন পার্লামেণ্টে পাশ করান। এই আইন অনুসারে চব্বিশ জন সভ্য লইয়া একটি পরিচালকমণ্ডলী গঠিত হইল। পরিচালক মণ্ডলীর সভ্যগণ চারি বৎসরের জন্য নির্বাচিত হইবেন। প্রতি বৎসর এক-চতুর্থাংশ

সদস্য অবসর গ্রহণ করিবেন। পরিচালক মণ্ডলী রাজস্ব, সামরিক এবং বে-সামরিক বিষয় সংক্রান্ত তথ্যাদি মন্ত্রিসভার নিকট পেশ করিবেন। আরও স্থির হয় যে, বাংলার গভর্ণর অতঃপর ভারতে কোম্পানীর অধিকৃত অঞ্চলের গভর্ণর জেনারেল নিযুক্ত হইবেন। তাঁহাকে পরামর্শদানের জন্য চারিজন সভ্যবিশিষ্ট একটি পরিষদ গঠিত হইল। গভর্ণর জেনারেল ও পরিষদের উপর দেশের শাসনভার ন্যস্ত হইল। এই পরিষদের যে কোন সিদ্ধান্ত সভ্যদের ভোটাধিক্যে গৃহীত হইবে। কোন বিষয়ে সমসংখ্যক ভোট পড়িলে গভর্ণর জেনারেল অতিরিক্ত ভোটদান করিতে পারিবেন। ইহা ছাড়া একজন প্রধান বিচারপতি ও তিনজন সাধারণ বিচারপতি লইয়া কলিকাতায় সুপ্রীম কোর্ট স্থাপিত হইল।

এই রেগুলেটিং এ্যাক্টই ব্রিটিশ পার্লামেণ্ট ও ভারতের মধ্যে প্রত্যক্ষ সংযোগ স্থাপনের প্রথম সোপান। তবে কোম্পানী পার্লামেণ্টের নিয়ন্ত্রনাধীন হইল বটে, কিন্তু তাহাতে কোম্পানীর শাসন-ব্যবস্থা ও আর্থিক অবস্থার বিশেষ উন্নতি হয় নাই।

রেগুলেটিং এ্যাক্টের ত্রুটি

এই আইনে গভর্ণর জেনারেল ও কাউন্সিলের কর্তৃত্ব ও ক্ষমতা সম্পর্কে কোন সুস্পষ্ট উল্লেখ ছিল না। জরুরী পরিস্থিতিতে গভর্ণর জেনারেলের বিশেষ ক্ষমতাও ইহাতে ছিল না। সুপ্রীম কোর্টের কর্তৃত্ব শুধুমাত্র ব্রিটিশ নাগরিকদের উপরই ন্যস্ত হইয়াছিল। শাসন বিভাগের সহিত বিচার বিভাগের সম্পর্ক নির্ধারণ করা না থাকায় পরবর্তীকালে নানাবিধ অসুবিধার সৃষ্টি হইয়াছিল।

এই আইনের কয়েকটি ত্রুটি সংশোধনের জন্য ১৭৮১ খ্রীষ্টাব্দে একটি সংশোধনী আইন পাশ করা হয়। এই আইনে ঠিক হয় যে, রাজস্ব সংক্রান্ত ব্যাপারে সুপ্রীম

১৭৮১ খ্রীষ্টাব্দের আইন

কোর্টের কোন কর্তৃত্ব থাকিবে না। সুপ্রীম কোর্টের এক্তিয়ার নির্দিষ্ট করিয়া দেওয়া হইল। এই আইনে দেশীয় আদালতগুলিকেও স্বীকৃতি দান করা হইল।

১৭৮৪ খ্রীষ্টাব্দে প্রধানমন্ত্রী উইলিয়ম পিট 'ইণ্ডিয়া এ্যাক্ট' নামে একটি আইন পাশ করাইলেন। ইহা 'পিটের ইণ্ডিয়া এ্যাক্ট' নামে পরিচিত। এই আইনের দ্বারা

পিটের ইণ্ডিয়া এ্যাক্ট

কোম্পানীর সামরিক, বে-সামরিক এবং রাজস্ব সংক্রান্ত সমস্ত কর্তৃত্ব একটি 'বোর্ড অব কণ্ট্রোল'-এর উপর অর্পণ করা হইল। ছয়জন কমিশনার লইয়া এই বোর্ড গঠিত হইল। বোর্ডের সভাপতি অধিক ক্ষমতা প্রয়োগের অধিকার লাভ করিলেন। বোর্ডের গোপন নির্দেশাবলী কোম্পানীর তিনজন পরিচালক লইয়া গঠিত একটি 'গোপন কমিটি'-র মাধ্যমে ভারতে প্রেরণ করা হইবে। গভর্ণর জেনারেলকে সাহায্য করিবেন তিনজন কাউন্সিলার। তাঁহাদের একজন হইলেন প্রধান সেনাপতি। আরও স্থির হইল যে, সামরিক ও বে-সামরিক ব্যাপারে বোম্বাই ও মাদ্রাজের কর্তৃপক্ষ বাংলা গভর্ণমেণ্টের অধীন থাকিবেন। এইভাবে রেগুলেটিং এ্যাক্টের কিছু ত্রুটি বিচ্যুতি দূর হইল।

**হেষ্টিংসের সংস্কার ঃ** প্রথম হইতেই হেষ্টিংসের লক্ষ্য ছিল কোম্পানীর ইষ্ট সাধন। তাই তিনি শাসনভার গ্রহণ করিয়াই নানাবিধ সংস্কারে প্রবৃত্ত হইলেন। তিনি প্রথমেই দ্বৈত-শাসন ব্যবস্থার বিলোপ সাধন করেন। তিনি দেওয়ানীর দায়িত্ব স্বহস্তে গ্রহণ করিলেন এবং রেজা খাঁ ও সিতাব রায়কে পদচ্যুত করিলেন। শাসনের দায়িত্ব অর্পিত হইল কোম্পানীর হস্তে। নবাবকে তিনি শাসনকার্যের সকল বিষয় হইতে সম্পূর্ণভাবে বিচ্ছিন্ন করিয়া রাখেন।

প্রশাসনিক সংস্কার

তিনি রাজস্ব বিভাগের আমূল পরিবর্তন সাধন করেন। তিনি রাজস্ব আদায়ের ভার 'কালেক্টর' নামে এক শ্রেণীর ইংরাজ কর্মচারীর উপর অর্পণ করেন। এই সকল ইংরাজ কর্মচারীদের সাহায্যের জন্য ভারতীয় দেওয়ান নিযুক্ত করা হয়। একটি ভ্রাম্যমান কমিটি গঠন করিয়া তিনি উহার উপর জমিদারদের নিকট জমি বন্দোবস্ত দিবার দায়িত্ব দিলেন। প্রথমে জমিদারগণকে পাঁচ বৎসরের জন্য জমি বন্দোবস্ত দেওয়ার নীতি গৃহীত হইল। ইহা 'পাঁচশালা ব্যবস্থা' নামে পরিচিত। রাজস্ব সংক্রান্ত ব্যবস্থা তত্ত্বাবধানের জন্য হেষ্টিংস 'রেভিনিউ বোর্ড' নামে একটি সমিতি গঠন করেন। এই কাজের সুবিধার জন্য রাজকোষ মুর্শিদাবাদ হইতে কলিকাতায় স্থানান্তরিত করা হইল। কিন্তু শীঘ্রই পাঁচশালা ব্যবস্থায় নানারকম কুফল দেখা দিল। অনেক জমিদার অল্প সময়ে বেশী পরিমাণ রাজস্ব আদায়ের জন্য প্রজাদের উপর অত্যাচার করিত। আবার অনেকে প্রতিশ্রুতি অনুসারে যথাসময়ে রাজস্ব সরকারী তহবিলে জমা দিতে পারিত না।

রাজস্ব সংস্কার

এইসকল অসুবিধা দূর করিয়া ১৭৭৩ খ্রীষ্টাব্দে এক নূতন ব্যবস্থা প্রবর্তিত হইল। ইংরাজ কালেক্টরের পদ তুলিয়া দেওয়া হইল। প্রত্যেক জেলায় একজন ভারতীয় দেওয়ানকে রাজস্ব আদায়ের ভার দেওয়া হইল এবং তাহাদের কার্য তত্ত্বাবধানের জন্য ছয়টি 'প্রাদেশিক কাউন্সিল' প্রতিষ্ঠিত হইল। কিছুকাল পরে এই ব্যবস্থার আংশিক পরিবর্তন করিয়া পাঁচ বৎসরের পরিবর্তে এক বৎসরের জন্য জমি বন্দোবস্ত দেওয়ার নীতি গৃহীত হইল। প্রকৃতপক্ষে হেষ্টিংসের রাজস্ব সংস্কারগুলি তখন পরীক্ষামূলকভাবেই চলিতেছিল।

ওয়ারেন হেষ্টিংস বিচার বিভাগেও নানাবিধ সংস্কার সাধন করেন। তিনি প্রতি জেলায় একটি দেওয়ানী ও একটি ফৌজদারী আদালত স্থাপনের ব্যবস্থা করেন। এই সকল আদালতে দেওয়ানী মামলার বিচারের ভার অর্পিত হইল কালেক্টরের উপর। কাজী ও মুফতিকে দেওয়া হইল ফৌজদারী মোকদ্দমার বিচারের ভার। মফঃস্বল আদালত হইতে আপীলের মীমাংসার জন্য কলিকাতায় স্থাপিত হইল দুইটি নূতন বিচারালয়—সদর দেওয়ানী আদালত ও সদর নিজামত আদালত। গভর্ণর ও তাঁহার কাউন্সিলের সদস্যগণ সদর দেওয়ানী আদালতের কার্য পরিচালনা করিতেন।

হেষ্টিংসের বিচার বিভাগীয় সংস্কার

সদর নিজামত আদালতের কার্যভার ছিল নবাবের উপর। ইহা ছাড়া, হেষ্টিংস বিচারের ক্ষেত্রে অত্যধিক জরিমানা নিষিদ্ধ করেন। তাঁহার নির্দেশে হিন্দু ও মুসলমান আইনবিধি সংকলিত হয়।

বাণিজ্য সংস্কার

কোম্পানীর আর্থিক অবস্থার উন্নতির জন্য হেষ্টিংস বাণিজ্যবিভাগেরও সংস্কার করেন। তিনি কোম্পানীর কর্মচারীদের বিনা শুল্কে বাণিজ্য বন্ধ করিয়া দেন। লবণ, সুপারী ও তামাক ব্যতীত সকল পণ্যদ্রব্যের উপর শতকরা ২½ টাকা হারে শুল্ক ধার্য করা হয়।

## কর্ণওয়ালিসের আমলে বিভিন্ন সংস্কার

লর্ড কর্ণওয়ালিস ছিলেন একজন অভিজাত শাসক। শাসনকার্যে তাঁহার অভিজ্ঞতা ও কর্তব্যপরায়ণতা ছিল যথেষ্ট। বিভিন্ন সংস্কারের মাধ্যমে ভারতে ব্রিটিশ শাসনকে সুদৃঢ় করার কার্যে লর্ড কর্ণওয়ালিসের অবদান চিরস্মরণীয়।

প্রশাসনিক সংস্কার

গভর্ণর জেনারেলরূপে কর্ণওয়ালিস প্রথমেই কোম্পানীর কর্মচারীদের মধ্যে দুর্নীতি দূর করিবার উদ্দেশ্যে পদমর্যাদা অনুযায়ী তাহাদের বেতন বৃদ্ধি করেন। এইভাবে তিনি কর্মচারীদের অবৈধ উপার্জনের পথ বন্ধ করেন। সিভিল সার্ভিসের উন্নতিকল্পে তিনি শাসনকার্যে দক্ষ কর্মচারী নিয়োগ করেন। শাসনকার্যের সুবিধার জন্য তিনি প্রত্যেক জেলার দুই শ্রেণীর উচ্চপদস্থ ইংরাজ কর্মচারী নিয়োগ করেন—জজ ও ম্যাজিস্ট্রেট এবং কালেক্টর। জজ বিচারকার্য সম্পাদন ও জেলার শান্তিরক্ষার ব্যবস্থা করিতেন। কালেক্টর শুধু রাজস্বকার্যে নিযুক্ত ছিলেন। বিচারসংক্রান্ত সংস্কারেও কর্ণওয়ালিসের অবদান কম নহে। দেওয়ানী মোকদ্দমার বিচারে জেলা জজকে সাহায্য করিবার জন্য একজন হিন্দু পণ্ডিত ও একজন মুসলমান কাজী নিযুক্ত ছিলেন। জেলা আদালতগুলির উপর আপীলের উদ্দেশ্যে কলিকাতা, ঢাকা, মুর্শিদাবাদ ও পাটনায় চারিটি প্রাদেশিক আপীল আদালত স্থাপন করা হয়।

বিচার বিভাগীয় সংস্কার

কর্ণওয়ালিস চারিটি ভ্রাম্যমান আদালতও স্থাপন করেন। ভ্রাম্যমান আদালতের বিচারকগণকে বৎসরে দুইবার জেলাগুলিতে ভ্রমণ করিয়া মামলার বিচার করিতে হইত। তাঁহারই সময়ে বাংলার নবাবের ফৌজদারী বিচার করিবার ক্ষমতা বিলুপ্ত করা হয়। ইহা ছাড়া, শাসন ও বিচারকার্যের সুবিধার জন্য তিনি বিভিন্ন আইন-কানুনের সংকলন করেন। এই সংকলনটি 'কর্ণওয়ালিস কোড' নামে খ্যাত।

পুলিশ ব্যবস্থার সংস্কার

কর্ণওয়ালিস পুলিশ বিভাগেরও সংস্কার করেন। পুলিশ বিভাগ ছিল জজের কর্তৃত্বাধীন। পুলিসের কাজের সুবিধার জন্য প্রত্যেক জেলাকে কয়েকটি থানায় বিভক্ত করা হইল। প্রত্যেক থানার ভার একজন দারোগার উপর ন্যস্ত করা হয়। দেশের শান্তিরক্ষার দায়িত্ব ছিল

তাহাদের উপর। এতকাল জমিদারগণ নিজ নিজ এলাকায় শান্তিরক্ষা করিতেন। পুলিশ বিভাগ স্থাপিত হওয়ায় জমিদারদের ক্ষমতা বিনষ্ট হইল।

বাণিজ্য সংস্কার

বাণিজ্যের ক্ষেত্রেও কর্ণওয়ালিস সংস্কার প্রবর্তন করেন। অন্তর্দেশীয় বাণিজ্য কোম্পানী যাহাতে অধিকতর লাভবান হইতে পারে এই উদ্দেশ্যে কর্ণওয়ালিস কোম্পানীর কর্মচারীদের মাধ্যমে পণ্যদ্রব্য ক্রয়ের ব্যবস্থা বন্ধ করিয়া দিলেন। তিনি সরাসরিভাবে দেশীয় বিক্রেতাদের নিকট হইতে পণ্যদ্রব্য ক্রয় করিবার নিয়ম প্রবর্তন করেন। এই ব্যবস্থার ফলে কোম্পানীর আর্থিক লাভ বৃদ্ধি পাইয়াছিল।

**চিরস্থায়ী বন্দোবস্ত (Permanent settlement) :** রাজস্ব সংস্কারের জন্যই কর্ণওয়ালিসের শাসনকাল বিশেষভাবে স্মরণীয়। লর্ড কর্ণওয়ালিসের সময়ই প্রকৃতপক্ষে এদেশের রাজস্ব সমস্যার স্থায়ী সমাধান সম্ভব হয়।

রাজস্ব সংস্কার

কর্ণওয়ালিসের আমলে সর্বাপেক্ষা উল্লেখযোগ্য সংস্কার হইল চিরস্থায়ী বন্দোবস্ত। সেকালের জমিতে জমিদারের স্থায়ী অধিকার স্বীকার করা হইত না। হেষ্টিংসের আমলে যিনি সর্বোচ্চ হারে খাজনা দিতে স্বীকৃত হইতেন তাঁহাকেই পাঁচ বৎসরের জন্য এবং পরবর্তীকালে এক বৎসরের জন্য জমিদারী দেওয়া হইত। জমিদার নিজের ভবিষ্যৎ অনিশ্চিত জানিয়া নির্দিষ্ট মেয়াদের মধ্যে প্রজাদের অর্থ শোষণ করিতেন এবং তাহাদের উপর অকথ্য অত্যাচার করিতেন। জমিদারগণ জমির উন্নতির কোন ব্যবস্থাই করিতেন না। অনেক সময় তাঁহারা কোম্পানীকে প্রতিশ্রুতিমত রাজস্ব দিতে না পারিয়া দেশত্যাগী হইতেন। ইহাতে প্রজার দুরবস্থা ঘটিত আবার কোম্পানীর পক্ষেও ক্ষতিজনক ছিল। কেননা রাজস্ববাবদ কোম্পানীর বৎসরে কত আয় হইবে তাহার কোন নিশ্চয়তা ছিল না। কর্ণওয়ালিস হেষ্টিংসের প্রবর্তিত ব্যবস্থার কুফল লক্ষ্য করিয়া স্থির করিলেন যে এই দেশেও ইংল্যাণ্ডের পদ্ধতি অনুযায়ী স্থায়ী জমিদারী প্রথা প্রবর্তন করা প্রয়োজন। কর্ণওয়ালিস ছিলেন ইংল্যাণ্ডের জমিদার বংশের লোক। তখন ইংল্যাণ্ডে জমিদারগণই ছিলেন জমির প্রকৃত মালিক। ১৭৯৩ খ্রীষ্টাব্দে লর্ড কর্ণওয়ালিস হেষ্টিংসের অস্থায়ী রাজস্ব-ব্যবস্থা বাতিল করিয়া বাংলা-বিহার-উড়িষ্যায় চিরস্থায়ীভাবে জমি বিলির নীতি গ্রহণ করেন। ইহাই ইতিহাসে চিরস্থায়ী বন্দোবস্ত নামে খ্যাত; এতদিন যাহাদের কাজ ছিল শুধু রাজস্ব আদায় করা আর জমা দেওয়া, তাঁহারাই হইলেন এখন জমিদার। জমিদারগণ বংশানুক্রমে জমির মালিক হইলেন। জমিদারগণ নির্দিষ্ট দিনে কোম্পানীকে নির্দিষ্ট পরিমাণ রাজস্ব দিবেন এবং ইহার পরিমাণ চিরস্থায়ীভাবে বাঁধিয়া দেওয়া হইবে। নির্দিষ্ট দিনে সূর্যাস্তের পূর্বে রাজস্ব জমা দিতে না পারিলে জমিদারী নিলাম হইয়া যাইত।

চিরস্থায়ী বন্দোবস্তের ফলে জমিদার, প্রজা ও সরকার প্রত্যেকেরই সুবিধা হইল।

প্রথমতঃ, নির্দিষ্ট পরিমাণ রাজস্ব দান করিয়া জমিদারগণ চিরস্থায়ীভাবে জমির মালিকানা স্বত্ব লাভ করিলেন। ইহাতে জমির উপর তাঁহাদের দরদ বৃদ্ধি পাইল। জমিদারগণ চাষ-আবাদ বৃদ্ধি করিয়া এবং নূতন নূতন প্রজা বসাইয়া জমিদারী হইতে অধিক আয় করিতে লাগিলেন। দ্বিতীয়তঃ, প্রজারাও অস্থায়ী ও অনির্দিষ্ট খাজনা দেওয়ার দায়িত্ব হইতে রক্ষা পাইল। তাহারা কৃষির উন্নতির দিকে মনোযোগ দিল। তৃতীয়তঃ, ভূমি-রাজস্বের পরিমাণ স্থায়ীভাবে নির্দিষ্ট হওয়ায় রাজস্ব সম্বন্ধে সরকার নিশ্চিন্ত হইলেন এবং প্রশাসন ব্যবস্থার উন্নতির দিকে মনোনিবেশ করিলেন। ইহা ছাড়া জমিদারগণ সরকারের অনুগত হওয়ায় সরকারের পক্ষে নানা দিক দিয়া সুবিধা হইল।

চিরস্থায়ী বন্দোবস্তের গুণ

কিন্তু চিরস্থায়ী বন্দোবস্তের দোষ কম ছিল না। প্রথমতঃ, বহু জমিদার সময়মত রাজস্ব না দিতে পারিয়া জমিদারী হারাইয়াছিলেন। জমিদারীর সীমা নির্দিষ্ট না থাকায় অনেকক্ষেত্রে জমিদারকে মামলা মোকদ্দমা লইয়া ব্যস্ত থাকিতে হইত। দ্বিতীয়তঃ, এই ব্যবস্থার ফলে প্রজারাই সর্বাধিক ক্ষতিগ্রস্থ হইয়াছিল। প্রজার স্বার্থরক্ষার কোন ব্যবস্থা না থাকায় জমিদারগণ ইচ্ছামত খাজনা বৃদ্ধি করিতেন এবং খেয়াল খুশী মত প্রজাদিগকে জমি হইতে উচ্ছেদ করিতেন। তৃতীয়তঃ, ভূমিরাজস্ব স্থায়ীভাবে নির্দিষ্ট হওয়ার ফলে জমির উন্নতি হইলেও সরকার অধিক রাজস্ব পাইতেন না। ইহাতে সরকারের আয় বৃদ্ধির পথ বন্ধ হইয়া গেল। চতুর্থতঃ, জমি বন্দোবস্তে অধিক লাভের সম্ভাবনা থাকায় ব্যবসায়ীরা জমিতে অর্থ নিয়োগ করিতে থাকে। ক্রমে দেশের ব্যবসা-বাণিজ্য ইংরাজদের হস্তে চলিয়া যায়। ইহা ছাড়া, পরবর্তীকালে জমিদারগণ গ্রাম ছাড়িয়া শহরে বসবাস আরম্ভ করিলে গ্রামের দুর্দশা বৃদ্ধি পাইতে থাকে।

চিরস্থায়ী বন্দোবস্তের দোষ

লর্ড কর্ণওয়ালিস প্রবর্তিত চিরস্থায়ী বন্দোবস্ত সম্পর্কে বিভিন্ন সমালোচক বিভিন্ন মত পোষণ করেন। চিরস্থায়ী বন্দোবস্তের নানা কুফল লক্ষ্য করিয়া হোমেন ইহাকে 'এক দুঃখজনক ভুল' বলিয়া মন্তব্য করিয়াছেন। অপরপক্ষে এই ব্যবস্থার সাফল্য অনুধাবন করিয়া মার্শম্যান ইহাকে 'একটি সাহসী ও বিজ্ঞজনোচিত ব্যবস্থা' বলিয়া অভিহিত করিয়াছেন। বস্তুতঃ ওয়ারেন হেষ্টিংসের আমল হইতে রাজস্ব সংক্রান্ত ব্যাপারে বহু পরীক্ষা-নিরীক্ষার পর কর্ণওয়ালিস একটি স্থায়ী সমাধান করিতে সফল হইয়াছিলেন।

## (৭) শিল্প ও বাণিজ্য

ইংরাজদের আগমনের পূর্বে ভারতে বণিক সম্প্রদায় অন্তর্বাণিজ্যে ও বহির্বাণিজ্যে সুনাম অর্জন করিয়াছিল। ঔরংজেবের মৃত্যুর পর হইতে পলাশীর যুদ্ধের পূর্বকাল অবধি এদেশে বাণিজ্যের উন্নতি ঘটিয়াছিল। বণিকগণ প্রচুর অর্থ উপার্জন করিত। এই সময়ে বাংলা হইতে বিদেশে প্রচুর পরিমাণে কাঁচা রেশম, সূতীবস্ত্র, চিনি, লবণ,

পাট প্রভৃতি পণ্যদ্রব্য রপ্তানি হইত। ইউরোপের বাজারে ঢাকার বিখ্যাত মসলিনের খুব চাহিদা ছিল। অষ্টাদশ শতাব্দীতে ওলন্দাজ বণিকগণও বাংলা হইতে হল্যাণ্ড এবং অন্যান্য স্থানে প্রচুর কাঁচা রেশম রপ্তানি করিত। তখনও পর্যন্ত ভারতের অর্থনীতির মূল ভিত্তি ছিল গ্রামীণ অর্থনীতি।

পলাশীর যুদ্ধের পূর্বে বাংলার বাণিজ্যিক অবস্থা

কিন্তু পলাশীর যুদ্ধের পর বাংলা তথা ভারতের অর্থনৈতিক বিপর্যয় শুরু হয়। নবাবী আমলে বাংলার অর্থনৈতিক অবস্থা অত্যন্ত শোচনীয় হইয়া পড়িয়াছিল। ইংরাজ কোম্পানীকে নানা ভাবে অর্থ প্রদান করিতেই নবাবের রাজকোষ শূন্য হইয়া পড়িয়াছিল। তাহা ছাড়া কোম্পানীর অসাধু কর্মচারীগণ 'দস্তক' অপব্যবহার করিয়া অবৈধভাবে বাণিজ্য করিত এবং শুল্ক ফাঁকি দিত। ইহার ফলে দেশীয় বাণিজ্যের দারুণ ক্ষতি হইল। বিদেশী ইংরাজদের একমাত্র লক্ষ্য ছিল ভারতের সম্পদ স্বদেশে লইয়া যাওয়া। পলাশীর যুদ্ধের পর কোম্পানীর কর্মচারীগণ বাংলা হইতে প্রচুর অর্থ লুণ্ঠন করিয়া স্বদেশে পাঠাইয়াছিল। ইহাকে 'পলাশী লুণ্ঠন' ( plassey plunder ) বলা হয়। ইংরাজগণ নিজেদের ব্যবসা-বাণিজ্য ও শিল্পের স্বার্থে এই সময়ে ভারতীয়দের উপর নির্বিচারে অর্থনৈতিক শোষণ চালাইত।

পলাশীর যুদ্ধের পরবর্তী সময়ে বাংলার আর্থিক চিত্র

উল্লেখ করা প্রয়োজন, ১৭১৭ খ্রীষ্টাব্দে ফারুকশিয়ার কর্তৃক প্রদত্ত ফরমানে একমাত্র ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীই বার্ষিক তিন হাজার টাকা প্রদানের বিনিময়ে বাংলায় বিনা শুল্কে বাণিজ্য করিবার অধিকার লাভ করিয়াছিল। বিদেশে পণ্য রপ্তানি এবং বিদেশ হইতে পণ্য আমদানি করার ক্ষেত্রেই এই সুযোগ বা অধিকার সীমাবদ্ধ ছিল। কিন্তু শীঘ্রই কোম্পানীর কর্মচারীগণ এই ফরমান ব্যবহার করার দাবী জানায়। মুর্শিদকুলি খাঁ এবং তাঁহার পরবর্তী নবাবগণ কোম্পানীর কর্মচারীদের এই অন্যায় দাবী অস্বীকার করেন এবং তাহাদের নিয়ন্ত্রণে রাখেন। কিন্তু পলাশীর যুদ্ধে ইংরাজদের জয়লাভের ফলে কোম্পানীর কর্মচারীগণ বিনা শুল্কে লবণ, তামাক ও সুপারি প্রভৃতি পণ্যের অবাধ বাণিজ্য শুরু করে। শুধু তাহাই নহে, কোম্পানীর গোমস্তা এবং ইউরোপীয় স্বাধীন বণিকগণও কোম্পানীর নিকট হইতে দস্তক ক্রয় করিয়া ঢালাও কারবার চালাইত। এমনকি ভারতীয় ধনী বণিকগণও এই কার্যের সঙ্গে যুক্ত থাকিত। কোম্পানীর কর্মচারীগণ তাহাদের গোমস্তাদের সাহায্যে স্থানীয় অঞ্চল হইতে কম দরে ধান, তামাক, সুপারি, লবণ, বাঁশ ও শিল্পদ্রব্য ক্রয় করিয়া বেশী দরে বিক্রয় করিত। কোম্পানীর অর্থলিপ্সু কর্মচারীগণ জাল দস্তকও দেশীয় বণিকদের নিকট বিক্রয় করিত। এক কথায় ব্যক্তিগত লাইসেন্স তখন ব্যক্তিগত অত্যাচারের সামিল হইয়া দাঁড়াইয়াছিল।*

দস্তকের অপব্যবহার

* "License for Private trade became license for Private tyranny."—Economic History of India—R. C. Datta.

এদিকে দেশীয় ও আর্মেণীয় বণিকগণ প্রতিদ্বন্দ্বিতায় তাহাদের সঙ্গে পারিয়া উঠিত না। কারণ তাহাদের বিরাট শুল্কের বোঝা বহন করিতে হইত আর কোম্পানীর কর্মচারীগণ ছিল শুল্কমুক্ত। এইরূপ পরিস্থিতিতে বাংলার বাণিজ্য ও কুটিরশিল্প ক্রমে ধ্বংসের মুখে ধাবমান হইল।

দেশীয় বণিকদের অবস্থা

প্রজাবৎসল নবাব মীরকাশিম দেশীয় বণিকদের স্বার্থরক্ষায় আগ্রহী ছিলেন। তিনি কোম্পানীর কর্মচারীদের অবৈধ ব্যবসার বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানান। ওয়ারেন হেষ্টিংসও এই অবৈধ অন্তর্দেশীয় বাণিজ্যের অবসান চাহিয়াছিলেন। আমদানি ও রপ্তানি বাণিজ্য সংক্রান্ত ব্যাপারে ১৭৬৩ খ্রীষ্টাব্দে ওয়ারেন হেষ্টিংস ও মীরকাশিমের মধ্যে এক চুক্তি সম্পাদিত হইয়াছিল। কিন্তু কোম্পানী এই চুক্তি লংঘন করে। তখন মীরকাশিম দেশীয় বণিকদের উপর হইতে বাণিজ্য শুল্ক রহিত করেন। তাহারই ফলস্বরূপ বক্সারের যুদ্ধ সংঘটিত হইয়াছিল এবং মীরকাশিমকেও নবাবী পদ হারাইতে হইয়াছিল।

দেশীয় বণিকদের স্বার্থে মীরকাশিমের ভূমিকা

ইংলণ্ডের কর্তৃপক্ষও বাংলায় ইংরাজদের ব্যক্তিগত ব্যবসায়ের পক্ষপাতী ছিলেন না। ১৭৬৫ খ্রীষ্টাব্দে তাঁহারা ক্লাইভকে এই ব্যাপারে অবহিত করেন। কিন্তু ক্লাইভ কোম্পানীর কর্মচারীদের ব্যক্তিগত ব্যবসা-বাণিজ্যের স্বপক্ষে ছিলেন। তিনি কোম্পানীর কর্মচারীদের ক্ষতি পূরণের জন্য একটি বাণিজ্যিক সংস্থা-গঠন করেন এবং উহার হস্তে লবণ, সুপারি ও তামাকের একচেটিয়া বাণিজ্যের অধিকার ন্যস্ত করেন। এই সময়ে ওলন্দাজ ও ফরাসী বণিকগণ ভারত হইতে বিতাড়িত হইলে এখানে ইংরাজ কোম্পানীর একচেটিয়া বাণিজ্যিক অধিকার সুপ্রতিষ্ঠিত হয়।

কোম্পানীর কর্মচারীদের একচেটিয়া বাণিজ্যিক অধিকার

এদেশের বাণিজ্য যখন সম্পূর্ণরূপে ইংরাজ কোম্পানীর হাতে চলিয়া যায় তখন ভারতীয়গণ শিল্পোদ্যোগের দিকে আকৃষ্ট হয়। অবশ্য ইহার পূর্বেও ভারতবর্ষের বিভিন্ন অঞ্চলে কয়েকটি বিশেষ শিল্পের সমাবেশ দেখা যায়। আর কুটিরশিল্প দীর্ঘ দিন ধরিয়াই এদেশে বর্তমান ছিল। ঊনবিংশ শতাব্দীর মধ্যভাগ পর্যন্ত ভারতবর্ষের অর্থনীতিতে যেসব শিল্পের প্রাধান্য লক্ষ্য করা যায় তাহাদের মধ্যে বস্ত্রশিল্প, পাটশিল্প, চিনিশিল্প এবং চা শিল্প বিশেষ উল্লেখযোগ্য।

শিল্পোদ্যোগ

বিভিন্ন শিল্পের মধ্যে ভারতবর্ষে তখন বস্ত্রশিল্পই গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করিয়াছিল। এই শিল্প প্রধানতঃ ভারতীয়দের উদ্যোগেই গড়িয়া উঠে। কার্পাস হইতে সুতীবস্ত্র উৎপাদন ভারতের একটি অতি প্রাচীন শিল্প। উন্নত প্রথায় সুতীবস্ত্র বয়ন ঊনবিংশ শতাব্দীর দ্বিতীয় দশকে শুরু হয়। ১৮১৮ খ্রীষ্টাব্দে কলিকাতার নিকটস্থ ঘুষুড়িতে ভারতের

বস্ত্রশিল্প

প্রথম সূতীবস্ত্র বয়নের কারখানা স্থাপিত হয়। ধীরে ধীরে বস্ত্রশিল্পের ক্রমোন্নতি ঘটিতে থাকে। কিন্তু ইউরোপের শিল্প বিপ্লব এই সময়ে ভারতের বস্ত্রশিল্পের উপর বিরাট আঘাত হানিল।

অষ্টাদশ শতাব্দীর মধ্যভাগ পর্যন্ত ইংলণ্ড কৃষিপ্রধান দেশ ছিল। কিন্তু ভারতে ইংরাজ রাজত্ব শুরু হইবার পর হইতে ভারতের বিপুল ঐশ্বর্য ইংলণ্ডে আসিতে থাকে। এই অর্থের দ্বারাই মানুষের শ্রমের পরিবর্তে যন্ত্রশক্তির সাহায্যে প্রয়োজনীয় নানারকমের জিনিস উৎপাদনের নূতন নূতন পদ্ধতি চালু হয়। শিল্পের ক্ষেত্রে এই অভূতপূর্ব এবং আমূল পরিবর্তনকেই শিল্প-বিপ্লব বলা হয়। অষ্টাদশ শতাব্দীর মধ্যভাগে ইংলণ্ডে এই বিপ্লবের সূচনা হয়। তারপর ধীরে ধীরে তাহা ইউরোপের অন্যান্য দেশেও ছড়াইয়া পড়ে। শিল্পের উন্নতি ও বাণিজ্যের বিস্তার ইহাই ছিল এই বিপ্লবের মূল কথা। ইংলণ্ডের সুযোগ-সুবিধাও ছিল যথেষ্ট। ইংলণ্ডে তাহারা উপনিবেশগুলি হইতে প্রচুর কাঁচামাল সংগ্রহ করিয়া নিজের দেশের শক্তি-সম্পদের সাহায্যে শিল্পদ্রব্য উৎপাদন করিতে থাকে। ইংলণ্ডের শিল্প-বিপ্লবের প্রতিক্রিয়া ভারতবর্ষে দারুণভাবে দেখা দিয়াছিল। ইংলণ্ডে যখন শিল্প-বিপ্লব সংঘটিত হয়, ভারতবর্ষ তখন ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত। পূর্বে ভারতের মসলিন, কার্পাস ও রেশমজাতদ্রব্য ইংলণ্ডে প্রচুর পরিমাণে রপ্তানি হইত। ঢাকার মসলিন ছিল তখন জগদ্বিখ্যাত। এই রপ্তানি বাণিজ্যে ভারতের প্রচুর অর্থাগম হইত। দেশীয় তাঁতীরাও বেশ সুখেই ছিল। কিন্তু শিল্প-বিপ্লবের ফলে এই অবস্থার পরিবর্তন ঘটিল। ইহার পর ভারত হইতে প্রচুর কাঁচামাল ইংলণ্ডে চালান যাইতে থাকে। সেই কাঁচামালে প্রচুর শিল্পদ্রব্য বিশেষ করিয়া পোষাক-পরিচ্ছদ উৎপন্ন এবং সেইগুলি আবার ভারতের বাজারেই চড়াদামে বিক্রয় হইত। ইংলণ্ডের মানচেষ্টার হইতে কলে উৎপন্ন সূতীবস্ত্র বাংলায় আমদানি হইতে লাগিল। ইহাছাড়া, ইংলণ্ডে বস্ত্রশিল্পের প্রসারের জন্য ভারতীয় দ্রব্যের উপর উচ্চহারে কর ধার্য করা হয়। যন্ত্রের সাহায্যে উৎপন্ন সস্তা সামগ্রীর সঙ্গে ভারতের তাঁতশিল্প ও কুটিরশিল্পজাত দ্রব্যাদি প্রতিযোগিতায় আঁটিয়া উঠিতে পারিল না। ফলে ভারতের তাঁতশিল্প ও কুটিরশিল্পগুলি ধ্বংস হইতে লাগিল। ইহার ফলে লক্ষ লক্ষ তাঁতী ও কর্মী বেকার হইয়া পড়িল। ক্রমে ভারতের অর্থনৈতিক কাঠামো সম্পূর্ণরূপে ভাঙিয়া পড়িল।

ইংলণ্ডে শিল্প বিপ্লবের প্রভাব

কোম্পানীর আমলে স্থাপিত শিল্পগুলির মধ্যে পাটজাত দ্রব্য (দড়ি, বস্তা ইত্যাদি) প্রস্তুতকরণ ছিল অপর একটি শিল্প। ১৮৫৪ খ্রীষ্টাব্দে ভাণ্ডির অনুকরণে ভারতের প্রথম পাটকল রিষড়ায় স্থাপিত হয়। তৎকালীন ইউরোপে তুরস্ক ও রাশিয়ায় শণজাত দ্রব্যের প্রচলন ছিল। পাট এই শণজাত দ্রব্যের প্রতিযোগীরূপে বাজারে প্রবেশ করে।

পাট, চা ও চিনি শিল্প

চা উৎপাদন ভারতের অন্যতম শিল্প। ১৮২৩ খ্রীষ্টাব্দে রবার্ট ব্রুস নামে একজন

সাহেব আসামের জঙ্গলে সর্বপ্রথম চা গাছ আবিষ্কার করেন। তবে চা শিল্প ইউরোপীয়দেরই সমৃদ্ধি ঘটাইয়াছিল। ইহাতে ভারতীয় শ্রমিকদের কোন উন্নতি হয় নাই।

ভারতে চিনি প্রস্তুত অতি প্রাচীনকাল হইতেই শুরু হইয়াছে। কোম্পানীর আমলেও ভারতে চিনি শিল্পের প্রচলন ছিল। কিন্তু কোম্পানীর উদাসীন্যে এইসব শিল্পের বিকাশলাভ সম্ভব হয় নাই।

১৮২০ খ্রীষ্টাব্দের পর ভারতে উৎপন্ন শিল্পসামগ্রী বিশেষ করিয়া সূতী ও পশমী বস্ত্র ইউরোপের বাজারে রপ্তানি করা প্রায় বন্ধ হইয়া গেল। শীঘ্রই কুটির শিল্পের অবলুপ্তি ঘটিল। কুটির ও ক্ষুদ্র শিল্পের এই অপমৃত্যু এবং শ্রমিকের বেকারত্বের ফলে মানুষ ক্রমশঃ কৃষির উপর নির্ভরশীল হইয়া পড়িল। ভারতীয়গণ তখন জমিতে মূলধন নিয়োগ করিতে লাগিল। ব্যবসা-বাণিজ্য ও শিল্পে ইউরোপীয়দের একচেটিয়া অধিকার স্থাপিত হইল। কোম্পানী বাংলার শিল্প-বাণিজ্য রক্ষার কোন চেষ্টাই করিল না। শুধু বাংলা নহে, সমগ্র ভারতবর্ষে এই একই অর্থনৈতিক এবং বাণিজ্যিক দুরবস্থার সৃষ্টি হইল।

**কুটির ও ক্ষুদ্র শিল্পের অপমৃত্যু**

শিল্প ও বাণিজ্য হইতে বিতাড়িত হইয়া ভারতীয়গণ কৃষির দিকে দৃষ্টিপাত করিল। কিন্তু সেখানেও একই অবস্থা। কৃষির উন্নয়নের জন্য কোন প্রয়োজনীয় ব্যবস্থাই ছিল না। তাহা ছাড়া উত্তরোত্তর খাজনা বৃদ্ধির ফলে কৃষিজীবিদের অবস্থাও চরম পর্যায়ে গিয়া পেঁছায়। কোম্পানীর কর্মচারী ও জমিদারদের অত্যাচারের ফলে শত শত গ্রাম জনশূন্য হইয়া পড়ে। ফলে গ্রামীণ অর্থনীতি সম্পূর্ণরূপে বিপর্যস্ত হয়। গ্রামীণ অর্থনীতি ধ্বংসের মূলে চিরস্থায়ী বন্দোবস্ত ও নীলকর সাহেবদের অত্যাচার কম দায়ী ছিল না।

**গ্রামীণ অর্থনীতির বিপর্যয়**

১৭৯৩ খ্রীষ্টাব্দের চিরস্থায়ী বন্দোবস্ত প্রবর্তিত হইলে জমিদারগণ জমির মালিক হইলেন। তাঁহারা জমির উন্নতির পরিবর্তে বরং কৃষকদের উপর খাজনাই বৃদ্ধি করিয়াছেন। তাহা ছাড়া নানা অজুহাতে নায়েব-গোমস্তাগণ চাষীদের উপর অত্যাচার চালাইত।

এদিকে নীলকর সাহেবদের অত্যাচারেও বাংলার কৃষককুলের দুর্দশা চরমে গিয়া পেঁছায়। ১৭৭৯ খ্রীষ্টাব্দে ইংরাজরা এদেশে সর্বপ্রথম নীল চাষ শুরু করে। নীলের ব্যবসা ছিল একটি লাভজনক ব্যবসা। এই ব্যবসায়ে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর একচেটিয়া অধিকার ছিল। ১৮১৩ খ্রীষ্টাব্দে চার্টার আইন পাশ হওয়ার পর যে কোন ইংরাজ এখানে অবাধে নীলের ব্যবসা করিত। বস্তুতঃ নীল শিল্পের উন্নতি ভারতবর্ষের কৃষকদের সমৃদ্ধি না আনিয়া তাহাদের দুর্দশাই ডাকিয়া আনিয়াছিল। অষ্টাদশ শতাব্দীর প্রথম ভাগে ভারতীয়রা নীল ব্যতীত পাট, আফিং, চা প্রভৃতি

বাণিজ্যিক ফসল উৎপাদনেও আগ্রহী ছিল। কিন্তু মধ্যস্বত্বভোগী সম্প্রদায়ের অত্যাচার এবং মহাজন শ্রেণীর শোষণের ফলে কৃষিব্যবস্থা ধ্বংসের সম্মুখীন হইল।

গ্রামীন অর্থনীতির বিপর্যয়ের সঙ্গে সঙ্গে নগর-অর্থনীতিরও শোচনীয় অবস্থা ঘটে। অষ্টাদশ শতাব্দীতে ঢাকা, মুর্শিদাবাদ, সুরাট, তাঞ্জোর, মসুলিপত্তম প্রভৃতি নগরগুলি শিল্পে সমৃদ্ধ ছিল। এই শিল্পের উপর লক্ষ লক্ষ শ্রমিক ও তাহাদের পরিবারবর্গের জীবিকা নির্ভর করিত। কিন্তু শিল্পের ধ্বংসের ফলে নগরসমূহ জনবিরল হইয়া পড়িল। ফলে একদা কর্মমুখর নগরগুলির অর্থনৈতিক অবস্থা বিপর্যস্ত হয়।

নগর অর্থনীতির শোচনীয় অবস্থা

এইভাবে উনবিংশ শতাব্দীর মধ্যভাগ পর্যন্ত ভারতবর্ষের অর্থনৈতিক কাঠামো সম্পূর্ণরূপে ইউরোপীয়দের দ্বারাই নিয়ন্ত্রিত হইতে থাকে। ইংলণ্ডের দ্রুত শিল্পোন্নতির ফলে ভারতের শিল্প ও বাণিজ্য ধ্বংসের মুখে পতিত হয়।

## (৮) সাংস্কৃতিক চিন্তাধারা

(১) **পুরাতন শিক্ষা-পদ্ধতির পরিবর্তন—পাশ্চাত্য সংস্কৃতির প্রভাব ঃ** ইংরাজ রাজত্বের পূর্বে ভারতবর্ষের শিক্ষা-ব্যবস্থা ছিল সম্পূর্ণ অন্য ধরণের। তখনকার হিন্দু ছাত্রগণ টোল ও চতুষ্পাঠীতে সংস্কৃত ভাষা এবং মুসলমান ছাত্রগণ মাদ্রাসা ও মক্তবে আরবীক ও ফার্সী ভাষা শিক্ষা করিত। টোল ও পাঠশালায় সংস্কৃতের সঙ্গে স্থানীয় ভাষাও শিক্ষা দেওয়া হইত ; ইতিহাস, ভূগোল, রাষ্ট্রবিজ্ঞান, প্রকৃতি বিজ্ঞান, গণিত প্রভৃতি বিষয়ের তখন কোন চর্চা হইত না। বাহিরের জগৎ সম্পর্কে তাহাদের কোন ধারণাই ছিল না।

পুরাতন পদ্ধতি

ইংরাজ শাসকগণ গোড়ার দিকে ভারতের শিক্ষা ব্যবস্থার কোন পরিবর্তন করেন নাই। তাঁহারা ভারতীয়গণকে প্রাচ্য ভাষা শিক্ষাদানের ব্যবস্থাই করিয়াছিলেন। তবে কোন কোন উদারচেতা ইংরাজ ও মিশনারীগণ ব্যক্তিগতভাবে ভারতে পাশ্চাত্য শিক্ষাবিস্তারে আগ্রহী হন। মূলতঃ তাহাদের প্রচেষ্টাতেই ভারতে পাশ্চাত্য শিক্ষা ও ভাবধারা অনুপ্রবেশ করে। ক্রমে শিক্ষা-ব্যবস্থায় পুরাতন পদ্ধতির আমূল পরিবর্তন ঘটে এবং ইংরাজী শিক্ষার প্রচলন শুরু হয়।

পরিবর্তন

ইংরাজ শাসনের ফলে পাশ্চাত্যশিক্ষা, সংস্কৃতি ও সভ্যতার সহিত ভারতের পরিচয় ঘটে। পাশ্চাত্য ভাবধারা ভারতীয়দের চিন্তার ক্ষেত্রে এক নূতন জোয়ার আনে। ফলে পশ্চিমের ভাবধারা এবং এদেশের প্রাচীন ভাবধারার সমন্বয়ে গড়িয়া উঠে নূতন ভারত নূতন সংস্কৃতি। পাশ্চাত্য শিক্ষায় শিক্ষিত হইয়া

ভারতের মধ্যবিত্ত শ্রেণী মধ্যযুগীয় সংকীর্ণতা, গোঁড়ামি ও অন্ধবিশ্বাসকে কাটাইয়া ধীরে ধীরে যুক্তিবাদী ও প্রগতিশীল হইয়া উঠিল।

পাশ্চাত্য শিক্ষার প্রভাব

পাশ্চাত্যের উদারনৈতিক ভাবধারা ভারতের শিক্ষিত সম্প্রদায়কে দারুণভাবে উদ্বুদ্ধ করে। পাশ্চাত্য শিক্ষা ও সংস্কৃতি প্রথমে বাংলায় বিস্তারলাভ করে। ক্রমে তাহা সমগ্র ভারতে ছড়াইয়া পড়ে। ইহার ফলে দীর্ঘ-দিনের পুঞ্জীভূত জড়তা কাটাইয়া ভারতের সমাজ, ধর্ম, শিক্ষা ও সংস্কৃতি এক নূতন পথে চালিত হয়।

পাশ্চাত্য শিক্ষা বিস্তারে খ্রীষ্টান মিশনারীদের প্রথম প্রচেষ্টা শুরু হয় বাংলায়। মিশনারীদের মধ্যে উইলিয়ম কেরী, মার্শম্যান ও টমাসের নাম বিশেষ উল্লেখযোগ্য। ১৭৯৯ খ্রীষ্টাব্দে উইলিয়ম কেরী শ্রীরামপুরে একটি ইংরাজী বিদ্যালয় ও একটি ছাপাখানা স্থাপন করেন। তিনি একটি বাংলা ব্যাকরণ ও অভিধানও রচনা করেন। এই সময়ে মিশনারীদের প্রচেষ্টায় ভারতের বিভিন্ন ভাষায় বাইবেলের অনুবাদ প্রকাশিত হয়।

মিশনারীগণ ও পাশ্চাত্য শিক্ষার প্রচলন

ভারতে ব্যক্তিগত উদ্যোগে ইংরাজী শিক্ষা বিস্তারের উদ্দেশ্যে যে সকল শিক্ষানুরাগী আত্মনিয়োগ করেন তাঁহাদের মধ্যে সর্বাপেক্ষা উল্লেখযোগ্য হইলেন ডেভিড হেয়ার। তিনি স্কচদেশীয় একজন ঘড়ি ব্যবসায়ী। শিক্ষাবিস্তারে তাঁহার অবদান অসামান্য। ইংরাজী ভাষায় পাঠ্যপুস্তক রচনা এবং তাহা বিতরণের উদ্দেশ্যে তিনি 'স্কুল বুক সোসাইটি' প্রতিষ্ঠা করেন। তিনি নিজ ব্যয়ে কলিকাতায় একটি ইংরাজী বিদ্যালয় প্রতিষ্ঠা করেন। বর্তমানে এই বিদ্যালয় 'হেয়ার স্কুল' নামে পরিচিত। এই সময়ে স্কটিশ মিশনারী আলেকজাণ্ডার ডাফের চেষ্টায় কলিকাতায় জেনারেল এসেমব্লীজ্ ইনস্টিটিউশন ( বর্তমানে স্কটিশ চার্চ কলেজ ) প্রতিষ্ঠিত হয়।

ডেভিড হেয়ার ও আলেকজাণ্ডার ডাফ



ডেভিড হেয়ার

এতদিন ইংরাজ সরকার ভারতীয়দের শিক্ষা-সংক্রান্ত ব্যাপারে কোন চেষ্টাই করেন নাই। ১৮১৩ খ্রীষ্টাব্দের চার্টার আইনে ইণ্ট ইণ্ডিয়া কোম্পানী ভারতীয়দের শিক্ষা প্রসারের জন্য বার্ষিক এক লক্ষ টাকা মঞ্জুর করিলেন। অবশ্য ইহার পূর্বেই ওয়ারেন হেষ্টিংস ১৭৮১ খ্রীষ্টাব্দে কলিকাতা মাদ্রাসা এবং লর্ড ওয়েলেসলী ১৮০০ খ্রীষ্টাব্দে কলিকাতায় ফোর্ট উইলিয়ম কলেজ প্রতিষ্ঠা করিয়াছিলেন।

১৮১৩ খ্রীষ্টাব্দের চার্টার আইন

ভারতে পাশ্চাত্য শিক্ষা বিস্তারে রাজা রামমোহন রায়ের ভূমিকা বিশেষ উল্লেখযোগ্য। রামমোহন ছিলেন ভারতের প্রথম আধুনিক মানুষ। তিনি উপলব্ধি করিয়াছিলেন যে জরাগ্রস্ত সমাজকে নূতনভাবে জাগাইতে হইলে এদেশে পাশ্চাত্য শিক্ষার একান্ত প্রয়োজন। ১৮১৭ খ্রীষ্টাব্দে ডেভিড হেয়ার, রাজা রামমোহন রায় প্রভৃতির চেষ্টায় কলিকাতায় হিন্দু কলেজ স্থাপিত হয়।

রাজা রামমোহন রায় ও হিন্দু কলেজ

এখানে ইংরাজীভাষা, সাহিত্য, দর্শন প্রভৃতি শিক্ষাদানের ব্যবস্থা হইল। পাশ্চাত্য শিক্ষা এবং প্রগতিশীল জীবন-চেতনা প্রসারের ক্ষেত্রে হিন্দু কলেজ তখন একটি বিশিষ্ট স্থান অধিকার করিয়াছিল।



রাজা রামমোহন রায়

উনবিংশ শতাব্দীর বাংলার নব চিন্তাধারার সঙ্গে ডিরোজিও-র (১৮০৯—১৮৩১ খ্রীঃ) নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। ১৮০৯ খ্রীষ্টাব্দে কলিকাতার এক অ্যাংলো-ইণ্ডিয়ান পরিবারে তিনি জন্মগ্রহণ করেন। পিতার নাম ফ্রান্সিস ডিরোজিও এবং মাতার নাম সোফিয়া জনসন। তাঁহার পুরা নাম হেনরি লুই ডিভিয়ান ডিরোজিও। মাত্র ১৯ বৎসর বয়সে তিনি হিন্দু কলেজের শিক্ষকরূপে যোগদান করেন। ছাত্রদের নিকট তিনি ছিলেন প্রাণপুরুষ। তিনি ছিলেন প্রগতিশীল, যুক্তিবাদী ও কাব্যানুরাগী। তাঁহার রচিত কাব্যগুলির মধ্যে 'দি ফকির অব জঙ্গিরা', 'টু ইণ্ডিয়া—মাই নেটিভ ল্যাণ্ড' ইত্যাদি খুবই বিখ্যাত। ভারতবর্ষকে তিনি স্বদেশরূপে বন্দনা করিতেন।* তাঁহার ছাত্রগণকে বলা হইত 'ইয়ং বেঙ্গল' বা নব্যবঙ্গ দল। তাঁহার ছাত্রদের মধ্যে কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায়, রসিককৃষ্ণ মল্লিক, রাধানাথ সিকদার, রামতনু লাহিড়ী ও দক্ষিণারঞ্জন মুখোপাধ্যায়ের নাম উল্লেখযোগ্য। ডিরোজিওর নেতৃত্বে তাঁহারা স্বাধীন চিন্তা ও যুক্তিবাদী মত প্রচার করিয়া বাঙ্গালী যুবসমাজকে সংস্কারমুক্ত করিয়াছিলেন। নব্যবঙ্গ দল কর্তৃক প্রকাশিত 'এনকুয়েরার' ও 'জ্ঞানান্বেষণ' নামক পত্রিকা দুইটি ভারতের নব জাগরণে বিশেষ সহায়তা করিয়াছে। ডিরোজিও-র অনুপ্রেরণায় হিন্দু কলেজের ছাত্ররা 'পার্থেনন' নামে একটি সাপ্তাহিক পত্রিকাও প্রকাশ করেন। ইহার

ডিরোজিও ও নব্যবঙ্গ দল



ডিরোজিও

* "My country! in thy day of glory past
A beautious halo, circled round thy brow."

মাধ্যমে ছাত্রগণ সামাজিক কু-প্রথা, ধর্মীয় কুসংস্কার এবং ভারতীয়দের প্রতি ইংরাজ সরকারের উদাসীনতা প্রভৃতির বিরুদ্ধে সমালোচনা করিতেন। ছাত্রদের মধ্যে স্বাধীন চিন্তাধারা এবং যুক্তিবাদ প্রসারের জন্য ডিরোজিও-র নেতৃত্বে বহু সভা-সমিতি ও আলোচনা অনুষ্ঠিত হইত। এইসব সভাগুলির মধ্যে অ্যাকাডেমিক এ্যাসোসিয়েশন বিশেষ উল্লেখযোগ্য। ডিরোজিও-র মহান আদর্শে নব্যবঙ্গের ছাত্রবৃন্দ জাতীয় চেতনা ও ভাবধারায় গভীরভাবে উদ্বুদ্ধ হইয়াছিলেন। শিক্ষা ও চিন্তার প্রগতির সঙ্গে তাঁহাদের অন্যান্য কর্মসূচী ছিল সামাজিক কুসংস্কার দূরীকরণ, বিধবা বিবাহ আন্দোলন, দেশীয় সংবাদপত্রের স্বাধীনতা আন্দোলন, স্ত্রীশিক্ষার প্রসার ইত্যাদি। বাংলার এমন এক প্রকৃত বান্ধবকেও হিন্দু কলেজের রক্ষণশীল কর্তৃপক্ষের আদেশে পদত্যাগ করিতে বাধ্য করা হইয়াছিল। মাত্র বাইশ বৎসর বয়সে তাঁহার মৃত্যু হয়।

ইংরাজী শিক্ষা প্রসারের ক্ষেত্রে লর্ড বেণ্টিংকের অবদান অসামান্য। ১৮১৩ খ্রীষ্টাব্দে চার্টার আইন অনুযায়ী ভারতীয়গণের শিক্ষাবাবদ বার্ষিক যে এক লক্ষ টাকা মঞ্জুর করা হয়, তাহা কিভাবে খরচ হইবে ইহা লইয়া দুইটি পরস্পর বিরোধী দল ও মতের সৃষ্টি হইয়াছিল। একদল ভারতীয় ভাষা শিক্ষার প্রতি জোর দেন। তাহাদের বলা হয় 'ওরিয়েণ্টালিষ্ট' বা প্রাচ্যবাদী। প্রিন্সেপ, কোল ব্রুক প্রভৃতি ছিলেন এই মতের সমর্থক। অপর দল ইংরাজী শিক্ষার উপর গুরুত্ব আরোপ করেন। তাহাদের বলা হয় 'এ্যাংলিসিষ্ট' বা পাশ্চাত্যবাদী। ভারত সরকারের আইন সচিব লর্ড মেকলে, রাজা রামমোহন রায়, আলেকজাণ্ডার ডাফ প্রভৃতি ছিলেন এই দলের সমর্থক। এই দ্বন্দ্ব দীর্ঘকাল ধরিয়া চলিয়াছিল। ১৮৩৫ খ্রীষ্টাব্দে লর্ড বেণ্টিংকের সিদ্ধান্ত অনুযায়ী স্থির হয় যে, এই অর্থ ইংরাজী শিক্ষার জন্যই ব্যয় করা হইবে। লর্ড বেণ্টিংকের আমলেই কলিকাতায় মেডিকেল কলেজ এবং বোম্বাইয়ে এলফিন্‌ষ্টোন কলেজ স্থাপিত হয়।

প্রাচ্যবাদী ও পাশ্চাত্যবাদী—বেণ্টিংকের সিদ্ধান্ত

পাশ্চাত্য ভাবধারার সংস্পর্শে আসিয়া রামকমল সেন, রাজেন্দ্রলাল মিত্র, মহাদেব গোবিন্দ রাণাডে প্রভৃতি ভারতীয় পণ্ডিতগণ উইলিয়ম জোনস, মুনিয়ার, প্রিন্সেপ, ম্যাক্সমুলার প্রভৃতি ইউরোপীয় পণ্ডিতদের সহযোগিতায় বৈজ্ঞানিক প্রথায় প্রাচীন ভারতের সংস্কৃতি চর্চা আরম্ভ করেন। ইহাকে ভারতবিদ্যা চর্চা বলা হয়। ইহার ফলে এই যুগের ভারতীয়গণ প্রাচীন ভারতের সভ্যতা, সংস্কৃতি ও ইতিহাস ভালভাবে জানিতে পারিল। মৌর্য, কুষাণ, এবং গুপ্ত যুগের রাজনৈতিক অখণ্ডতা তাহাদিগকে নূতন ভাবে ঐক্যবোধে এবং স্বাদেশিকতায় উদ্বুদ্ধ করিল।

ইংরাজ সরকারের উদ্যোগে এইভাবে পাশ্চাত্য শিক্ষার বিস্তার ঘটিতে থাকে। ১৮৪২ খ্রীষ্টাব্দে বড়লাট লর্ড হার্ডিঞ্জ কর্তৃক 'কাউন্সিল অব্ এডুকেশন' স্থাপিত হয়।

১৮৫৪ খ্রীষ্টাব্দে শিক্ষাব্যবস্থার উন্নতির জন্য ইংলণ্ডের বোর্ড অব্ কণ্ট্রোলের সভাপতি স্যার চার্লস উড কয়েকটি গুরুত্বপূর্ণ সুপারিশ করেন। ইহাই 'উডের ডেসপাচ' ( Wood's Despatch ) নামে খ্যাত। উডসাহেব তাঁহার নির্দেশনামায়

স্বতন্ত্র শিক্ষাদপ্তর গঠন এবং প্রাথমিক স্তর হইতে বিশ্ববিদ্যালয় স্তর পর্যন্ত শিক্ষাব্যবস্থাকে সুবিন্যস্ত করিতে বলিলেন। তাঁহার সুপারিশে ইংরাজী ভাষার সহিত মাতৃভাষায় শিক্ষাদানের উপরও গুরুত্ব দেওয়া হয়।

উডের ডেসপাচ

এই সুপারিশ অনুযায়ী ১৮৫৭ খ্রীষ্টাব্দে কলিকাতা, বোম্বাই ও মাদ্রাজে বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়। ক্রমে শিক্ষাব্যবস্থার আরও উন্নতি ঘটে।

কলিকাতায় তদানীন্তন প্রধান বিচারপতি স্যার উইলিয়ম জোনস ১৭৮৪ খ্রীষ্টাব্দে এশিয়াটিক সোসাইটি স্থাপন করেন। ভারতের নব চিন্তাধারায় এশিয়াটিক সোসাইটির অবদান বিশেষ উল্লেখযোগ্য। এই গ্রন্থাগারে প্রাচীন ইতিহাস, সংস্কৃত, পার্শি প্রভৃতি বিষয়ের বহু পাণ্ডুলিপি ও অমূল্য পুঁথি-পুস্তক সংরক্ষিত আছে। বৈজ্ঞানিক পদ্ধতিতে এইসব বিষয়ের উপর গবেষণার ব্যবস্থা করিয়া এশিয়াটিক সোসাইটি ভারতের সাংস্কৃতিক ক্ষেত্রে এক নবযুগের সূচনা করে। এইভাবে এই জ্ঞানভাণ্ডার ভারতীয় মনীষার বিকাশের পথ উন্মুক্ত করিয়া দেয়।



উইলিয়ম জোনস

(২) **সামাজিক ও সাংস্কৃতিক আন্দোলন :** বঙ্গদেশ তথা ভারতবর্ষে ইংরাজ শাসন দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত হইবার সঙ্গে সঙ্গে এই দেশের সমাজজীবনে পাশ্চাত্য শিক্ষার প্রভাব ও ভাবধারা ক্রমে ক্রমে প্রবেশ করিতে লাগিল। ইহার ফলে উনবিংশ শতাব্দীর প্রথমভাগে বাংলার ধর্ম, সমাজ, শিক্ষা ও সংস্কৃতির ক্ষেত্রে এক বিরাট পরিবর্তন দেখা দিল। বহু বাঙ্গালী হিন্দু সন্তান হিন্দুধর্ম ত্যাগ করিয়া খ্রীষ্টধর্ম গ্রহণ করিতে লাগিলেন। চারিদিকে যেন ধর্মান্তরের হিড়িক পড়িয়া গেল। বাংলার সমাজ তখন অজ্ঞতা ও কু-সংস্কারে আচ্ছন্ন। বহুবিবাহ, বাল্যবিবাহ, জাতিভেদ, সতীদাহ প্রভৃতি কু-প্রথা বাংলার সমাজ-জীবনকে জরাজীর্ণ করিয়া ফেলিয়াছিল। শিক্ষার ক্ষেত্রেও একই অবস্থা। পাশ্চাত্য শিক্ষায় শিক্ষিত যুবক সম্প্রদায় একেবারে উচ্ছৃঙ্খল হইয়া উঠিয়াছিলেন। বাংলার ধর্ম, সমাজ ও শিক্ষার ক্ষেত্রে যখন এই বিপর্যয় তখন বঙ্গদেশে নব নব সংস্কারকরূপে বহু মনীষীর আবির্ভাব ঘটিল। তাঁহারা নানাবিধ কু-সংস্কার দূর করিয়া, প্রগতিশীল ও সামঞ্জস্যপূর্ণ শিক্ষাব্যবস্থা প্রবর্তন করিয়া, ধর্মে নূতন চিন্তাধারা ও আদর্শ স্থাপন করিয়া দেশবাসীর মনে জাতীয়তাবোধ জাগ্রত করিয়া তুলিলেন। বাংলায় তখন নবজাগরণের যুগ। এই নবজাগরণের চিন্তাধারা ক্রমে বাংলা হইতে মহারাষ্ট্র, মাদ্রাজ, পাঞ্জাব এবং ভারতের অন্যান্য স্থানেও ছড়াইয়া পড়ে। এই নবজাগরণের যুগে বাংলার মনীষীদের মধ্যে বিভিন্ন ক্ষেত্রে সে ভাবের স্ফুরণ ঘটিয়াছিল তাহা বাংলা তথা ভারতবর্ষকে নূতন পথের সন্ধান দিয়াছিল। এইসকল

বাংলার নবজাগরণ

মহাপুরুষদের জীবনী শুধু ব্যক্তিমাত্রের ইতিহাস নহে। সামগ্রিকভাবে ইহা একটি জাতির ইতিহাস। রাজা রামমোহন, দেবেন্দ্রনাথ ঠাকুর, ব্রহ্মানন্দ, কেশবচন্দ্র, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, শ্রীরামকৃষ্ণ পরমহংস প্রমুখ মনীষীদের জীবনাদর্শ বাংলা তথা ভারতের সামাজিক ও ধর্মীয় সংস্কারে এক নূতন পথের সন্ধান দিয়াছে।

**রামমোহন রায় (১৭৭২—১৮৩৩ খ্রীঃ)ঃ** রাজা রামমোহন রায় বাংলা তথা নব ভারতের প্রথম আধুনিক পুরুষ ও অগ্রদৃষ্টিমান চিন্তানায়ক। ১৭৭২ খ্রীষ্টাব্দে বর্তমান হুগলী জেলার রাধানগর গ্রামে এক সম্ভ্রান্ত ব্রাহ্মণ বংশে রামমোহনের জন্ম হয়। কর্মনেতা রামমোহনের জীবন ছিল বিচিত্র ঘটনার দ্বন্দ্বে আলোড়িত। শিক্ষায়, ধর্মে, সমাজ-সংস্কারে, অর্থনৈতিক ও বিচারবিভাগীয় বিভিন্ন ক্ষেত্রে রামমোহনের অবদান ছিল অপরিসীম। পাশ্চাত্য শিক্ষাবিস্তারে রামমোহনের ভূমিকা সম্বন্ধে পূর্বে আলোচনা করা হইয়াছে। রামমোহন রায় ছিলেন জন্মবিদ্রোহী। তিনি সমাজের সকল কু-সংস্কারের বিরুদ্ধে সংগ্রাম করিয়া বাঙ্গালী জাতিকে মুক্তিমন্ত্র দান করিয়াছিলেন। বেণ্টিঙ্ক যখন ভারতের গভর্ণর জেনারেল তখন রামমোহনের বিদ্যা, খ্যাতি ও ব্যক্তিত্বের কথা শুনিয়া তিনি তাঁহাকে উত্তরবঙ্গের দেওয়ান নিযুক্ত করেন। কর্মদক্ষতার ফলে তিনি শীঘ্রই কলিকাতার প্রধান কার্যালয়ে মুখ্যদেওয়ান পদে নিযুক্ত হন। রাজকার্য পরিচালনা করিতে গিয়া তিনি সেদিন সমগ্র হিন্দুজাতিকে কু-সংস্কারের স্রোতে ভাসিয়া যাইতে দেখিয়াছিলেন। তিনি এই কু-সংস্কারের বিরুদ্ধে সংগ্রাম করিবার জন্য বদ্ধপরিকর হইলেন। হিন্দুসমাজে তখন সতীদাহ প্রথা প্রচলিত ছিল। 'সতী' শব্দের অর্থ সাধ্বী স্ত্রী। সেকালে উচ্চশ্রেণীর রমণীগণ স্বামীর মৃত্যু হইলে স্বেচ্ছায় স্বামীর জ্বলন্ত চিতায় প্রাণ বিসর্জন দিত। স্বামীর সহিত এই সহমরণকে সতীদাহ প্রথা বলা হইত। তৎকালীন সমাজে এই সহমরণ একটি পুণ্য কর্মরূপে বিবেচিত হইত। যে সব নারী এইভাবে জীবন বিসর্জন দিত, তাহারা 'সতী' নামে আখ্যাত হইত। অনেকসময় বলপূর্বক তাহাদিগকে 'সতী' হইতে বাধ্য করা হইত। মৃত স্বামীর চিতায় বিধবা স্ত্রীকে জীবন্ত অবস্থায় জোর করিয়া পুড়াইয়া মারা হইত। সমগ্র বঙ্গদেশে কু-সংস্কারের এই চিতা-বহ্নি দেখিয়া তিনি সহ্য করিতে পারিলেন না। রামমোহন, দ্বারকানাথ ঠাকুর প্রমুখ ব্যক্তিদের সহযোগিতায় এই নিষ্ঠুর সতীদাহ প্রথার বিরুদ্ধে সংগ্রাম আরম্ভ করিলেন। এই সংগ্রামে তিনি জয়যুক্ত হইলেন। লর্ড বেণ্টিঙ্ক অবশেষে ১৮২৯ খ্রীষ্টাব্দে আইন প্রণয়ন করিয়া এই বীভৎস প্রথা রহিত করিয়া দিলেন। সেদিন বাংলা তথা ভারতবর্ষ নবজাগরণের প্রথম উষার আলোকে উদ্ভাসিত হইল। সতীদাহ প্রথার বিরুদ্ধে সংগ্রাম করিতে গিয়া রামমোহন রায় বুঝিতে পারিলেন যে এদেশের লোক অশিক্ষা, কুশিক্ষা দ্বারা প্রভাবিত হইতেছে।

সতীদাহ প্রথার বিরুদ্ধে আন্দোলন

হিন্দুধর্ম তখন কতকগুলি লোকাচারের মধ্যে সীমাবদ্ধ ছিল। ঘোর পৌত্তলিকতা, তেত্রিশ কোটি দেব-দেবীর বিশ্বাস, নানারকমের পূজা-পার্বণ, আচার-অনুষ্ঠান

মানুষকে জন্ম হইতে মৃত্যু পর্যন্ত বজ্রশাসনে নিস্তেজ করিয়া রাখিয়াছিল। তখন ধর্মের নামে কু-সংস্কারে আচ্ছন্ন বাংলার মানুষকে রক্ষা করাই হইল সংগ্রামী রামমোহনের প্রধান লক্ষ্য। ইউরোপীয় মিশনারীগণ হিন্দুদিগকে প্রলোভন দেখাইয়া খ্রীষ্টধর্মে দীক্ষিত করিতে আরম্ভ করিয়াছিলেন।

**ব্রাহ্মধর্ম ও ব্রাহ্মসভা প্রতিষ্ঠা**

রামমোহন সেই মুহূর্তে হিন্দুধর্ম রক্ষার জন্য নূতন ব্রতে মাতিয়া উঠিলেন। তিনি উপনিষদ ও বেদান্তকে ভিত্তি করিয়া **১৮২৮ খ্রীষ্টাব্দে** ব্রাহ্মসভা প্রতিষ্ঠা করিলেন। মনীষী ব্রজেন্দ্রনাথ শীলের ভাষায় তিনি ছিলেন 'ব্রাহ্মণদের ব্রাহ্মণ' ( **Brahmin of Brahmins** )। ব্রাহ্মধর্মের মাধ্যমে হিন্দুধর্মের একটি প্রগতিশীল শাখা সৃষ্টি করিয়া তিনি হিন্দুধর্মকে রক্ষা করেন।

এই সময়ে বাংলাদেশে শিক্ষা, বিদ্যানুশীলন ও সংস্কৃতি চর্চার আলো ছিল নিষ্প্রভ। তাই দেশবাসীকে তিনি প্রকৃত শিক্ষায় শিক্ষিত করিয়া তুলিতে চাহিলেন। তাঁহারই মুখ্য প্রেরণায় হিন্দু কলেজ, ডাফ স্কুল প্রভৃতি প্রতিষ্ঠিত হয়। শিক্ষার বিস্তার ছাড়া কোন জাতির উন্নতি সম্ভব নহে। সেইজন্য রামমোহন এই দেশের লোকের মধ্যে ইংরাজী ভাষা ও পাশ্চাত্যের জ্ঞান-বিজ্ঞানের প্রচার চাহিয়াছিলেন। তবে এই বিষয়ে তাঁহার দৃষ্টিভঙ্গীটি ছিল জাতীয়তাবাদী। ইহা ছাড়া, শিক্ষা বিস্তারের উদ্দেশ্যে তিনি বাংলা, ইংরাজী, ফার্সী ও আরবী ভাষায় বহু গ্রন্থ ও সাময়িক পত্রিকা রচনা করিয়াছিলেন। রামমোহন বাংলা গদ্য ভাষা সংস্কারের একজন অগ্রদূত। আজ যে বাংলা গদ্য সাহিত্য এত সমৃদ্ধ হইয়াছে, তাহার মূলে আছে রামমোহন রায়ের অবদান।

রামমোহন যেদিন ইউরোপ যাত্রা করেন, বাংলার জাতীয় ইতিহাসে সেই দিনটি স্মরণীয়। ইংলণ্ড সেদিন পরম সমাদরেই তাঁহাকে গ্রহণ করিয়াছিল। পার্লামেণ্টের লর্ড সভার রক্ষণশীল দলের ভারত সংক্রান্ত বিরোধিতা রোধ করিবার জন্য তিনি আপ্রাণ চেষ্টা করিয়াছেন এবং ভারতবাসীকে মর্যাদার আসনে প্রতিষ্ঠিত করিয়াছেন। এইভাবে প্রতিটি সংগ্রামে জয়ী হইয়া তিনি প্রতিটি বাঙ্গালীর তথা ভারতবাসীর মনে নূতন প্রেরণা সৃষ্টি করিয়াছিলেন।

পরবর্তীকালে ভারতের স্বাধীনতা সংগ্রামের যে সোপান তৈয়ারী হইয়াছিল যুগপ্রবর্তক রামমোহন ছিলেন তাহারই পথ-প্রদর্শক। রবীন্দ্রনাথের ভাষায় তিনি ছিলেন 'বঙ্গদেশের নির্মাণকর্তা'।

**ব্রাহ্মসমাজের অন্যান্য নেতৃবৃন্দ :** রাজা রামমোহন রায়ের মৃত্যুর পর যাঁহারা ব্রাহ্মধর্মের প্রবর্তকরূপে খ্যাতি অর্জন করেন তাঁহাদের মধ্যে সর্বাপেক্ষা উল্লেখযোগ্য হইলেন মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর ও কেশবচন্দ্র সেন। তাহা ছাড়া শিবনাথ শাস্ত্রীও ব্রাহ্মসমাজের একজন নেতা ছিলেন।

**দেবেন্দ্রনাথ ঠাকুর ( ১৮১৭—১৯০৫ খ্রীঃ ) :** কলিকাতার জোড়াসাঁকোর বিখ্যাত ঠাকুরপরিবারে ১৮১৭ খ্রীষ্টাব্দের ১৫ই মে দেবেন্দ্রনাথ ঠাকুরের জন্ম হয়। তাঁহার

ধর্মনিষ্ঠা, সাধুপ্রকৃতি ও অসাধারণ পাণ্ডিত্যের জন্য লোকে তাঁহাকে মহর্ষি দেবেন্দ্রনাথ বলিত। পিতা প্রিন্স দ্বারকানাথ ঠাকুরের ন্যায় দেবেন্দ্রনাথও ছিলেন অত্যন্ত স্বদেশভক্ত। ধর্ম-সংস্কারের ক্ষেত্রে দেবেন্দ্রনাথ ঠাকুরের অবদান ছিল অসামান্য। তাঁহার নেতৃত্বে ব্রাহ্মসভা ব্রাহ্মসমাজে পরিণত হয়। তিনি ছিলেন ব্রাহ্মসমাজের একজন বলিষ্ঠ নেতা ও ব্রাহ্মধর্মের অন্যতম প্রবর্তক। ইউরোপীয় মিশনারীদের দ্বারা হিন্দুদিগকে খ্রীষ্টানীকরণের বিরুদ্ধে তিনি বাংলায় তীব্র আন্দোলন সৃষ্টি করেন। এই আন্দোলনে তাঁহাকে বিশেষভাবে সাহায্য করিয়াছিলেন বাংলার বিখ্যাত সমাজপতি রাজা রাধাকান্ত দেব। দেবেন্দ্রনাথ 'তত্ত্ববোধিনী সভা' নামে একটি ধর্মীয় সভা গঠন করিয়া তত্ত্ববোধিনী পাঠশালা প্রতিষ্ঠা করেন। পরে তত্ত্ববোধিনী পত্রিকা প্রকাশ করিয়া তাহাতে তিনি ঋগ্বেদের বঙ্গানুবাদ করেন।

ব্রাহ্মসমাজ



দেবেন্দ্রনাথ ঠাকুর

বাংলাদেশে শিক্ষা বিস্তারে দেবেন্দ্রনাথ ছিলেন একজন অগ্রণী পুরুষ। তিনি বাংলা ভাষায় সংস্কৃত ব্যাকরণ পুস্তক রচনা করিয়াছিলেন। তাঁহার রচিত অন্যান্য গ্রন্থের মধ্যে 'বাংলার নব্য সংস্কৃতি', 'জ্ঞান ও ধর্মের উন্নতি', 'ব্রাহ্মধর্ম' প্রভৃতি উল্লেখযোগ্য। হিন্দু কলেজ পরিচালনা ও মেট্রোপলিটন কলেজ প্রতিষ্ঠার ব্যাপারে তাঁহার যথেষ্ট সহযোগিতা ছিল। এই দেশের স্ত্রী-শিক্ষার উন্নতির জন্যও তিনি অনেক চেষ্টা করিয়াছেন।

**কেশবচন্দ্র সেন** (১৮৩৮—১৮৮৪ খ্রীঃ): উনবিংশ শতাব্দীর প্রথমার্ধে বাঙ্গালী জাতি যখন দিশাহারা হইয়া ধর্মের কোন্ পথে যাইবে স্থির করিতে পারিতেছে না, তখন কেশবচন্দ্র সেন ১৮৩৮ খ্রীষ্টাব্দের ২৯শে নভেম্বর কলিকাতার কলুটোলার বিখ্যাত সেন পরিবারে জন্মগ্রহণ করেন। কেশবচন্দ্রের কর্মজীবনের মূলভিত্তি ছিল ধর্ম। তিনি ব্রাহ্মধর্ম গ্রহণ করেন। মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুরের সঙ্গে তিনি বহুদিন ব্রাহ্মসমাজের কাজে আত্মনিয়োগ করিয়াছিলেন। এই সময় মহর্ষি তাঁহাকে 'ব্রহ্মানন্দ' উপাধি দেন। তখন হইতে তিনি ব্রহ্মানন্দ কেশবচন্দ্র নামে পরিচিত হন। সকল ধর্মের সারসত্যকে তিনি প্রকৃত ধর্ম বলিয়া গ্রহণ করিয়াছিলেন। তিনি তাঁহার নূতন ধর্মের নাম দেন নববিধান ধর্ম। ব্রাহ্মসমাজের প্রগতিশীল দলের স্ত্রী-স্বাধীনতা সম্পর্কিত

নববিধান ধর্ম

অতি উদার মতবাদ কেশবচন্দ্র সেনের মনঃপূত না হওয়ায় তিনি 'নববিধান' নামেই নূতন ব্রাহ্মসমাজ প্রতিষ্ঠা করেন। মানুষে মানুষে মিলন, সকল ধর্মের মধ্যে আদান-প্রদান ও সামঞ্জস্য সাধন করাই ছিল এই ধর্মের উদ্দেশ্য। ব্রাহ্মসমাজের উদ্দেশ্য ছিল জাতিভেদ প্রথা, পর্দাপ্রথা, বহু-বিবাহ, বাল্য-বিবাহ দূরীকরণ এবং স্ত্রীশিক্ষার প্রচলন ইত্যাদি।



কেশবচন্দ্র সেন

কেশবচন্দ্র ছিলেন একজন সমাজ সংস্কারক। প্রচলিত কু-সংস্কার, জাতিভেদ, সাম্প্রদায়িক সংকীর্ণতা প্রভৃতি দূর করিতে তিনি আপ্রাণ চেষ্টা করিয়া গিয়াছেন। অন্যায় ও অসত্যের মূল উৎপাটন করিবার জন্যই তাঁহার জন্ম হয়।

শিক্ষা বিস্তারে কেশবচন্দ্রের অবদান ছিল যথেষ্ট। উন্নত ধরনের উচ্চশিক্ষা, নীতিশিক্ষা ও স্ত্রী-শিক্ষার প্রচলনই ছিল তাঁহার শিক্ষা বিস্তারের উদ্দেশ্য। তিনি নিজের বাড়ীতে বালক ও মহিলাদের শিক্ষার ব্যবস্থা করেন। ক্রমে ক্রমে নৈশ বিদ্যালয়, ব্রাহ্ম বিদ্যালয়, শ্রমজীবী বিদ্যালয়, মহিলা বিদ্যালয়, ভিক্টোরিয়া ইনষ্টিটিউশন, এলবার্ট কলেজ প্রভৃতি তাঁহারই চেষ্টা ও যত্নে স্থাপিত হয়। শিক্ষা প্রসারের জন্য তিনি 'ইণ্ডিয়ান মিরর', 'সুলভ সমাচার', 'নব বিধান', 'বালকবন্ধু' প্রভৃতি পত্রিকা প্রকাশ করেন।

শিক্ষিত ভারত আজ যে এত অগ্রগতি লাভ করিয়াছে, বাংলাদেশে যে আজ এত স্ত্রী-শিক্ষা, শিশুশিক্ষা ও সংবাদপত্রের প্রচলন হইয়াছে, তাহার মূলে রহিয়াছে কেশবচন্দ্রের প্রেরণা।

**ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর** ( ১৮২০—১৮৯১ খ্রীঃ ) : যে সকল কৃতী বাঙ্গালী সমাজ-সংস্কারে ও শিক্ষা-বিস্তারে আত্মনিয়োগ করিয়াছিলেন, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ছিলেন তাঁহাদের অন্যতম। তিনি ১৮২০ খ্রীষ্টাব্দে মেদিনীপুর জেলার বীরসিংহ গ্রামে জন্মগ্রহণ করেন। সমাজ-সংস্কারক হিসাবে বিদ্যাসাগর যে ভূমিকা গ্রহণ করিয়াছিলেন দেশবাসী তাহা কোনদিনই ভুলিতে পারিবে না। বহু সামাজিক কুপ্রথা দূরীকরণে তিনি আপ্রাণ চেষ্টা করেন। বাংলায় তখন বাল্যবিবাহ প্রচলিত ছিল। সাত-আট বৎসরেই মেয়েদের বিবাহ হইত। এই ধরনের বহু নাবালিকা অতি অল্প বয়সেই স্বামীর মৃত্যুতে বিধবা হইয়া যাইত। এই সকল অল্পবয়স্কা বিধবাদের দুঃখ-দুর্দশা দেখিয়া বিদ্যাসাগরের প্রাণ কাঁদিয়া উঠিল। তিনি সমাজে বিধবা-বিবাহ প্রচলনের জন্য বদ্ধপরিকর হইলেন। নানা শাস্ত্রীয় যুক্তি-তর্ক দেখাইয়া তিনি প্রমাণ করিলেন যে, বিধবা-বিবাহ শাস্ত্র বিরুদ্ধ নহে।

বিধবা-বিবাহ আন্দোলন

তাঁহারই চেষ্টায় ১৮৫৬ খ্রীষ্টাব্দের ২৬শে জুলাই ইংরাজ সরকারের 'বিধবা-বিবাহ

আইন' পাশ হয়। বিদ্যাসাগর মহাশয় নিজের পরিবারের মধ্যেও বিধবা বিবাহ দিয়াছিলেন। তাঁহার একমাত্র পুত্র নারায়ণচন্দ্র বিদ্যারত্নের সহিত তিনি একটি বিধবা কন্যার বিবাহ দিয়াছিলেন। বিধবা-বিবাহ প্রচলন করিবার জন্য বিদ্যাসাগর মহাশয় একদিকে যেমন প্রবল চেষ্টা করেন, অন্যদিকে তেমনি বহুবিবাহ প্রথা দূর করিবার জন্যও তিনি কৃতসংকল্প হন। ইহা ছাড়া তিনি বহুবিধ সামাজিক কল্যাণে আত্মনিয়োগ করিয়াছিলেন। প্রকৃতপক্ষে বিদ্যাসাগর মহাশয়ের সামাজিক আন্দোলনই হইল বাংলার স্বদেশী আন্দোলনের আসল ভিত্তি।



বিদ্যাসাগর

শিক্ষা বিস্তারে বিদ্যাসাগর মহাশয়ের দান অতুলনীয়। তখনকার বড়লাট লর্ড হার্ডিঞ্জকে অনুরোধ করিয়া তিনি শতাধিক বঙ্গ বিদ্যালয় প্রতিষ্ঠা করেন। স্ত্রীশিক্ষার উন্নতির জন্য তিনি মেদিনীপুর, হুগলী, বর্ধমান ও নদীয়া—এই চারি জেলায় বহুসংখ্যক বালিকা বিদ্যালয় স্থাপন করেন। ১৮৪৯ খ্রীষ্টাব্দে তাঁহারই চেষ্টায় ওয়াটারড্রিঙ্ক বেথুন সাহেবের উদ্যোগে কলিকাতায় বেথুন স্কুল স্থাপিত হয়। অল্প ব্যয়ে উচ্চশিক্ষা দেওয়ার জন্য তিনি কলিকাতায় মেট্রোপলিটন কলেজ প্রতিষ্ঠা করেন। তাঁহার নাম অনুসারে আজ এই কলেজের নাম হইয়াছে বিদ্যাসাগর কলেজ। বিদ্যালয় পরিদর্শক হিসাবে যখন সরকারী কার্যে নিযুক্ত ছিলেন তখন তিনি শিক্ষাবিষয়ক নানাবিধ সংস্কার সাধন করিয়াছিলেন। তিনি বাংলা গদ্য সাহিত্যের আড়ষ্টতা দূর করিয়া ইহাকে সহজ ও সরল করিয়া তোলেন। তাঁহার রচিত বর্ণপরিচয়—প্রথম ভাগ ও দ্বিতীয় ভাগ বাংলা ভাষা ও সাহিত্যের এক অপূর্ব দান। বস্তুতঃ বাংলার জাতীয় জীবনে বিদ্যাসাগর মহাশয়ের প্রভাব ছিল অপরিসীম।

**শ্রীরামকৃষ্ণদেব ( ১৮৩৬—১৮৮৬ খ্রীঃ ) ঃ** উনবিংশ শতাব্দীতে যখন বাংলা পাশ্চাত্য সভ্যতার মোহে নিজের ধর্ম ও ঐতিহ্য ভুলিয়া যাইতে বসিয়াছিল, ধর্ম-জীবনের শত মত ও পথের মধ্যে যখন বৈষম্য ও দ্বন্দ্ব দেখা দিয়াছিল তখন হুগলী জেলার কামারপুকুর গ্রামে ১৮৩৬ খ্রীষ্টাব্দে যুগাবতার শ্রীরামকৃষ্ণ জন্মগ্রহণ করেন। তাঁহার ছেলেবেলার নাম ছিল গদাধর চট্টোপাধ্যায়। আধ্যাত্মিক জ্ঞানলাভের পর তিনি সকলের নিকট শ্রীরামকৃষ্ণ পরমহংস নামে পরিচিত হন। শ্রীরামকৃষ্ণ ছিলেন হিন্দু-ধর্মের প্রতীক-স্বরূপ। দক্ষিণেশ্বরের কালীমূর্তি পূজায় তিনি জীবন অতিবাহিত করেন। ইহার দ্বারা তিনি মূর্তি পূজার স্বার্থকতার কথা প্রচার করেন। তাঁহার

যত মত তত পথ

ধর্মের মূল কথা হইল 'যত মত তত পথ'। শ্রীরামকৃষ্ণ তাঁহার উপদেশের মাধ্যমে সকল ধর্মের মাহাত্ম্য স্বীকার করিয়াছেন। সেজন্য তাঁহার মধ্যে সকল ধর্ম এক অপূর্ব সমন্বয় লাভ

করিয়াছে। তাঁহারই প্রভাবে হিন্দুধর্মে অনেক উদারতা প্রবেশ করিল। ধর্ম বিষয়ে হিন্দুদের মন হইতে সকল সংশয় দূরীভূত হইল। এই মহাপুরুষ হিন্দুধর্ম ও সমাজকে এক নূতন পথের সন্ধান দিলেন। তিনি ছিলেন বাংলার সাধারণ মানুষের একজন। সহজ, সরল ভাষাতেই তিনি তাঁহার বাণী ও উপদেশ এমনভাবে প্রচার করিতেন যাহাতে প্রতিটি মানুষ ধর্মের সারকথা বুঝিতে পারে। তিনি বলিতেন 'যত্র জীব, তত্র শিব' অর্থাৎ যেখানে মানুষ সেখানেই ভগবান। শ্রীরামকৃষ্ণের সুযোগ্য শিষ্য ও মানস-সন্তান বিবেকানন্দ তাঁহার বাণী প্রচার করিয়া বিশ্বধর্মসভায় বাংলা তথা ভারতকে নূতন মর্যাদা দান করিয়াছেন। ধর্ম ও শিক্ষাকেন্দ্র হিসাবে আজ নানাস্থানে রামকৃষ্ণ মিশন স্থাপিত হইয়াছে।



শ্রীরামকৃষ্ণদেব

**প্রার্থনা সমাজ ঃ** বাংলার ব্রাহ্মসমাজের অনুকরণে মহারাষ্ট্রে প্রতিষ্ঠিত হয় প্রার্থনা সমাজ। কিন্তু প্রার্থনা সমাজের প্রবক্তারা ব্রাহ্মদের মত হিন্দুধর্ম ও সমাজ-বহির্ভূত কোন একটি পৃথক গোষ্ঠী গঠন করিতে উদ্যোগী হন নাই। বরং তাঁহারা যে হিন্দুসমাজের অঙ্গীভূত সেকথা মুক্তকণ্ঠে, দ্ব্যর্থহীন ভাষায় স্বীকার করিতেন। প্রার্থনা-সমাজের সমর্থকরা অবশ্য ব্রাহ্মসমাজের অনুকরণেই তাঁহাদের কর্মসূচী রচনা করেন। লোকশিক্ষার ব্যাপক প্রচারের জন্য নৈশ বিদ্যালয় স্থাপন, অনাথ আশ্রম ও বিধবা আশ্রম প্রতিষ্ঠা এবং সর্বোপরি বিধবা-বিবাহের প্রচলনে তাঁহারা অগ্রণী হন। প্রার্থনা সমাজের প্রতিষ্ঠাতা মহাদেব গোবিন্দ রাণাডের কর্মপ্রচেষ্টায় 'বিধবা-বিবাহ সহায়ক সমিতি', 'সমাজ-সংস্কার সমিতি', 'দাক্ষিণাত্য শিক্ষা সমিতি' প্রভৃতি জনহিতকর নানা সংস্থা গঠিত হয়। রাণাডের সমাজ-সংস্কার-মূলক কর্মসূচী সে যুগে সারা ভারতে এক নূতন দৃষ্টিভঙ্গির সৃষ্টি করে।



মহাদেব গোবিন্দ রাণাডে

**আর্য সমাজ ও দয়ানন্দ সরস্বতী ( ১৮২৪—১৮৮৩ খ্রীঃ ) ঃ** ভারতীয় মনীষীরা যখন ব্রাহ্মসমাজ ও প্রার্থনা সমাজ গঠন করিয়া ইউরোপীয় যুক্তিবাদকে গ্রহণ করিতে তৎপর হন, তখন রক্ষণশীল হিন্দুসমাজও প্রাচীন ধর্মশাস্ত্রের নূতন ব্যাখ্যা করিয়া ধর্মীয় ও সামাজিক জীবনে নূতন সংস্কার সাধন করেন। এই ব্যাপারে পাঞ্জাবের

আর্য সমাজের প্রতিষ্ঠাতা দয়ানন্দ সরস্বতীর কর্মপন্থা উল্লেখযোগ্য। দয়ানন্দ সরস্বতী জন্মগ্রহণ করেন গুজরাটের কাথিওয়াবাড়ে। তিনি ছিলেন বেদ-বিশারদ পণ্ডিত। তাঁহার দৃঢ় বিশ্বাস ছিল, বেদই সকল জ্ঞানের উৎস। রাজা রামমোহন রায়ের মত তিনি মূর্তি-পূজা, বাল্যবিবাহ ও জাতিভেদের বিরোধিতা করিতেন। প্রচারশীল হিন্দু-ধর্মে বিশ্বাসী দয়ানন্দ অহিন্দুদের হিন্দুধর্মে দীক্ষিত করিতেন। তাই তাঁহার নেতৃত্বে পরিচালিত আর্যসমাজ শুদ্ধি আন্দোলন আরম্ভ করে। তিনি 'সত্যার্থ প্রকাশ' নামে একটি পত্রিকা প্রকাশ করেন। দয়ানন্দ ও তাঁহার অনুগামীগণ বহু বিদ্যায়তন ও প্রার্থনালয় স্থাপন করেন এবং বৈদিক শাস্ত্রসম্মত শিক্ষার প্রচার করেন। সংরক্ষণশীল হইলেও আর্যসমাজীরা হিন্দুধর্মের যুগোপযোগী সংস্কার-সাধনের পোষকতা করেন।



স্বামী দয়ানন্দ সরস্বতী

## (৯) কৃষক বিক্ষোভ ও বিদ্রোহ

(ক) **কৃষক বিদ্রোহ :** ১৭৫৭ খ্রীষ্টাব্দ হইতে ১৮৫৭ খ্রীষ্টাব্দ পর্যন্ত একশত বৎসর ভারতবর্ষে কোম্পানীর শাসনের যে ইতিহাস তাহা প্রধানতঃ রাজনৈতিক ও অর্থনৈতিক শোষণের ইতিহাস। ক্রমেই ভারতীয়গণ ব্রিটিশ অপশাসনের এই স্বরূপ উপলব্ধি করিতে পারিল। ফলে হিন্দু, মুসলমান নির্বিশেষে সকল শ্রেণীর ভারতীয়দের মনে তীব্র অসন্তোষ ধূমায়িত হইতে থাকে। হিন্দুদের অপেক্ষা মুসলমানগণ রাজনৈতিক ও অর্থনৈতিক দিক দিয়া অধিক ক্ষতিগ্রস্ত ও বঞ্চিত হয়। ইংরাজ শাসনের বিরুদ্ধে মুসলমানদের মধ্যে ধর্মীয় প্রতিক্রিয়াও দেখা দেয়। বঞ্চিত কৃষকদের মধ্যে অর্থনৈতিক বিক্ষোভও ছিল প্রচণ্ড। তাহারই বহিঃপ্রকাশ হইল ফরাইজী আন্দোলন এবং ওয়াহাবী আন্দোলন।

**ফরাইজী আন্দোলন :** 'ফরাইজী' একটি মুসলিম ধর্মীয় প্রতিষ্ঠান। ১৮০৪ খ্রীষ্টাব্দে হাজি শরিয়তুল্লা নামে ফরিদপুরের এক ধর্মপরায়ণ মুসলমান এই প্রতিষ্ঠানটির প্রতিষ্ঠা করেন। ধর্মীয় সংস্কারের উদ্দেশ্যে এই সময়ে তাঁহার নেতৃত্বে যে আন্দোলন শুরু হয় তাহাই ফরাইজী আন্দোলন নামে পরিচিত। ধর্মীয় ব্যাপারে লিপ্ত থাকিলেও তিনি বাংলার কৃষক সম্প্রদায়ের মধ্যে এক আলোড়ন সৃষ্টি করেন। ফরিদপুরের বঞ্চিত কৃষক ও বেকার শ্রমিকগণ দলে দলে তাঁহার সঙ্গে যোগদান করে। শীঘ্রই ফরাইজী আন্দোলন রাজনৈতিক আন্দোলনে পরিণত হয়। শরিয়তুল্লার মতে ইংরাজ অধিকৃত ভারত হইল 'দুষমনের দেশ' (দার-উল-হারব)। ১৮৩৭ খ্রীষ্টাব্দে তাঁহার মৃত্যু হয়।

শরিয়তুল্লা

তাঁহার মৃত্যুর পর তাঁহার পুত্র মহম্মদ মুসিন ফরাইজী আন্দোলনের নেতৃত্ব গ্রহণ করেন। তিনি সকলের নিকট দুদুমিয়া নামে পরিচিত ছিলেন। সাংগঠনিক ক্ষমতাবলে তিনি এই সম্প্রদায়কে আরও শক্তিশালী করিয়া তোলেন। তিনি পূর্ববঙ্গকে কয়েকটি এলাকায় বিভক্ত করিয়া প্রতিটি এলাকায় একজন করিয়া খলিফা নিযুক্ত করেন। খলিফাদের কাজ হইল অর্থ সংগ্রহ করা। বাহাদুরপুরে তাঁহার রাজনৈতিক ও সাংগঠনিক কেন্দ্র স্থাপিত হইল। তিনি জমিদারদের বিরুদ্ধে কৃষকদিগকে উত্তেজিত করিয়া তুলিলেন। তাঁহার মতে দুনিয়ার মালিক ঈশ্বর; অতএব জমির মালিকও ঈশ্বর। তাই তিনি কৃষকদিগকে নিষেধ করিলেন তাহারা যেন জমিদারগণকে আর খাজনা না দেয়। দুদুমিয়ার এইসব কার্যকলাপে সেখানকার জমিদার ও নীলকরগণ ভীত হইয়া পড়েন। এই সময়ে ভীষণ হাঙ্গামার সৃষ্টি হয়। শেষপর্যন্ত ইংরাজবাহিনী এই বিদ্রোহ দমন এবং দুদুমিয়াকে গ্রেপ্তার করিতে সমর্থ হয় (১৮৫৭ খ্রীঃ)। ইহার পর ফরাইজী আন্দোলন স্তিমিত হইয়া পড়ে।

দুদুমিয়া

**ওয়াহাবী আন্দোলন ঃ** 'ওয়াহাবী' শব্দের অর্থ নবজাগরণ। অষ্টাদশ শতাব্দীতে আরবে আবদুল ওয়াহাব নামে এক ব্যক্তির নেতৃত্বে মুসলিম ধর্মের সংস্কারের নিমিত্ত যে গণজাগরণের সৃষ্টি হয় তাহাই ওয়াহাবী আন্দোলন নামে খ্যাত। ভারতে এই আন্দোলন শুরু হয় ঊনবিংশ শতাব্দীর গোড়ার দিকে এবং ইহার সূচনা করেন দিল্লীর সন্ত শাহ্ ওয়ালি উল্লাহ্ ও তাঁহার পুত্র আজিজ।

ভারতে ওয়াহাবী আন্দোলনের সূচনা

এই আন্দোলনের পশ্চাতে কতকগুলি কারণ ছিল। প্রথমতঃ, কোম্পানীর শাসন প্রতিষ্ঠার সংগে সংগে ভারতের মুসলমানদের রাজনৈতিক ক্ষমতা বিনষ্ট হয়। দ্বিতীয়তঃ, এই সময়ে তাহাদের সামাজিক মর্যাদাও ক্ষুণ্ণ হয়। ফার্সী ভাষার পরিবর্তে এদেশে ইংরাজী ভাষা প্রবর্তিত হয়। তৃতীয়তঃ, মুসলমানদের অর্থনৈতিক সুযোগ-সুবিধাও হ্রাস পায়। বহু মুসলমান সম্পত্তি ও চাকুরী লাভ হইতে বঞ্চিত হয়। চতুর্থতঃ, ভারতে পাশ্চাত্য শিক্ষা ও সংস্কৃতি বিস্তারের ফলে ইসলামের অস্তিত্ব বিপন্ন হইয়া পড়ে।

ওয়াহাবী আন্দোলনের কারণ

ইসলামের পবিত্রতা রক্ষা করা এবং মুসলিম সমাজকে গড়িয়া তোলাই এই আন্দোলনের প্রথম এবং প্রধান উদ্দেশ্য ছিল। তাই ওয়াহাবী আন্দোলন মূলতঃ একটি ধর্মীয় সংস্কার-আন্দোলন। এই আন্দোলনের প্রকৃত নেতা হইলেন সৈয়দ আহম্মদ। ১৮২০ খ্রীষ্টাব্দে তিনি আরবের ওয়াহাবীদের অনুকরণে ভারতে ধর্মীয় সংস্কারের কাজে ব্রতী হইলেন। বহু মুসলমান তাঁহার শিষ্যত্ব গ্রহণ করিয়া এই আন্দোলনে অংশগ্রহণ করে। সৈয়দ আহম্মদ সংগঠনকে শক্তিশালী করিবার জন্য চারি জন খলিফা নিযুক্ত করেন। ইঁহারা হইলেন বিলায়েত আলি, ইনায়েত আলি, শাহ্ মহম্মদ হোসেন ও ফারাৎ হোসেন।

সৈয়দ আহম্মদের নেতৃত্ব

শীঘ্রই এই ধর্মীয় আন্দোলন রাজনৈতিক আন্দোলনে পরিণত হয়। সৈয়দ আহম্মদ ঘোষণা করিলেন ভারতে—ইংরাজ অধিকৃত দেশ 'দুষমনের দেশ'। এইভাবে তিনি

ভারতীয় মুসলমানদের ইংরাজ শাসকদের বিরুদ্ধে উত্তেজিত করিয়া তোলেন। ভারত হইতে ইংরাজদের বিতাড়ন করাই এই আন্দোলনের লক্ষ্য হইল। তিনি মুসলমানদিগকে ইংরাজদের বিরুদ্ধে ঐক্যবদ্ধ করিয়া অস্ত্রচালনায় শিক্ষিত করিয়া তোলেন।

ক্রমে ওয়াহাবী আন্দোলন ভারতের বিভিন্ন অঞ্চলে প্রসার লাভ করে। ১৮২৭ খ্রীষ্টাব্দে পাঞ্জাবে ওয়াহাবীদের আক্রমণ শুরু হয়। সৈয়দ আহম্মদ শিখদের মুসলিম সমাজের শত্রু মনে করিতেন। শিখদের সঙ্গে ওয়াহাবীদের চারি বৎসর ধরিয়া যুদ্ধ চলে। এই যুদ্ধে সৈয়দ আহম্মদ নিহত হন। অতঃপর এই আন্দোলন বাংলা, বিহার, হায়দ্রাবাদ ও মীরাটে প্রবল আকার ধারণ করে। ১৮৫০ খ্রীষ্টাব্দে ইহা উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশেও ছড়াইয়া পড়ে। ১৮৭১ খ্রীষ্টাব্দে পাটনায় ইংরাজ বিচারপতি নরম্যান জনৈক মুসলমান আততায়ীর হস্তে নিহত হন। পর বৎসর গভর্ণর জেনারেল মেয়ো আন্দামানে অপর একজন মুসলমান আততায়ী কর্তৃক নিহত হন। ইহারা ওয়াহাবী আন্দোলনের সঙ্গে জড়িত বলিয়া সন্দেহ করা হয়। বাংলার ওয়াহাবী আন্দোলনের নেতা ছিলেন মীর নিশার আলি (১৭৮২—১৮৩১ খ্রীঃ)। তিনি তিতুমীর নামেই পরিচিত ছিলেন। ১৮৭২ খ্রীষ্টাব্দে বাংলার ২৪-পরগণা জেলার হায়দরপুর গ্রামে তাঁহার জন্ম হয়। প্রথম জীবনে তিনি একজন পালোয়ান ছিলেন। পরবর্তীকালে মক্কায় গিয়া তিনি সৈয়দ আহম্মদের শিষ্য হন। মক্কা হইতে প্রত্যাবর্তন করিয়া তিনি ওয়াহাবী আন্দোলন শুরু করেন। তাঁহার নেতৃত্বে বাংলার বারাসত, নদীয়া, ঢাকা, মালদহ, রাজসাহী ও রাজমহল প্রভৃতি স্থানে ওয়াহাবীদের আন্দোলন সক্রিয় হইয়া উঠে। তিতুমীর ছিলেন প্রকৃতপক্ষে কৃষক আন্দোলনের নেতা। জমিদারদের অত্যাচার হইতে বাংলার কৃষকদের রক্ষা করাই ছিল তাঁহার একমাত্র লক্ষ্য। এই কারণে প্রায়ই জমিদারদের সঙ্গে তাঁহার সংঘর্ষ হইত। ইসলামের পবিত্রতা রক্ষা করাও ছিল তাঁহার আন্দোলনের অন্যতম উদ্দেশ্য। তবে হিন্দুধর্মের প্রতি তাঁহার কোনরূপ বিদ্বেষ ছিল না। জমিদার ও নীলকর সাহেবদের সঙ্গে যখন তাঁহার সংঘর্ষ বাধে তখন স্বভাবতঃই কোম্পানীর সঙ্গে তাঁহার বিরোধ শুরু হয়। তিতুমীর ইংরাজ শাসনের বিরুদ্ধে জনমত গঠন করেন। এই সময়ে মিস্কিন শাহ্ নামে একজন ফকির তিতুমীরের সঙ্গে যোগদান করেন। তাঁহারা যুগ্মভাবে টাকি ও গোবরডাঙ্গার জমিদারের নিকট হইতে কর দাবী করেন। ইহাতে জমিদারের সঙ্গে তাঁহাদের সংঘর্ষ বাধিলে মোল্লাহাটির কুঠিয়াল ডেভিস সাহেব তিতুমীরকে বন্দী করিতে আসিয়া ব্যর্থ হন। ইহার পর বারাসতের কালেক্টরও তাঁহাকে দমন করিতে পারেন নাই। এইবার তিতুমীর নিজেকে 'বাদশাহ' বলিয়া ঘোষণা করেন। তিনি একটি বাঁশের কেল্লা তৈয়ার করিয়া সেখানে অস্ত্র-শস্ত্র সংগ্রহ করেন। নব বলে বলীয়ান হইয়া তিতুমীর স্থানীয় জমিদার, নীলকর এবং কোম্পানীর শাসনের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করেন। অবশেষে লর্ড বেণ্টিঙ্কের আদেশে ইংরাজ সৈন্য তিতুমীরের দুর্গ বিধ্বস্ত করে। এইসময়ে ইংরাজ সৈন্যের হস্তে তিতুমীর নিহত হন (১৮৩১ খ্রীঃ)। ওয়াহাবী আন্দোলন বন্ধ করিবার জন্য ইংরাজ সরকার প্রচণ্ড দমন নীতি গ্রহণ করেন। অবশেষে এই আন্দোলন স্তিমিত হয়।

আন্দোলনের বিস্তার

সৈয়দ আহম্মদের মৃত্যুর পর ওয়াহাবী আন্দোলনের প্রকৃতির পরিবর্তন ঘটে। ইহা রাজনৈতিক ও অর্থনৈতিক আন্দোলনে পর্যবসিত হয়। কেহ কেহ বলেন, এই আন্দোলন একদিকে সামাজিক ও ধর্মীয় এবং অন্যদিকে রাজনৈতিক।* ইংরাজ ঐতিহাসিক উইলিয়াম হান্টারের মতে ওয়াহাবী আন্দোলন ধর্মের দিক দিয়া ছিল ইউরোপের চরমপন্থী আন্দোলনের ন্যায় ও রাজনীতির দিক দিয়া ছিল রিপাবলিকানদের ন্যায়। কোন কোন ইংরাজ ঐতিহাসিকের মতে ইহা একটি শ্রেণী সংগ্রাম। বস্তুতঃ বাংলায় এই আন্দোলনে শ্রেণী সংঘাতের চেহারাই দেখা যায়। এখানে কৃষকদের আক্রমণের প্রধান লক্ষ্য ছিল জমিদারগণ। তবে মোটামুটিভাবে বলা যায়, ওয়াহাবী আন্দোলন ছিল ইংরাজ বিরোধী। সেই হিসাবে ইহাকে স্বাধীনতা আন্দোলনের প্রচেষ্টা বলা যাইতে পারে।

আন্দোলনের প্রকৃতি

এই আন্দোলন ব্যর্থ হইলেও ইহার প্রতিক্রিয়া ছিল সুদূরপ্রসারী। ওয়াহাবী আন্দোলন ইসলামী আদর্শের কথা প্রচার করিয়া ভারতের হিন্দু ও মুসলমানদের মধ্যে বিচ্ছিন্নতাবাদের সূচনা করিয়াছিল। তবে এই আন্দোলন যে মুসলিম সমাজের জাগরণ সৃষ্টি করিয়াছিল, সেবিষয়ে কোন সন্দেহ নাই।

ফলাফল

**(খ) আদিবাসী আন্দোলন ঃ** ভারতের আদিবাসীরা শিক্ষায় অনগ্রসর হইলেও স্বাধীনতার মর্ম বুঝিত। বনে-জঙ্গলে বাস করিয়া তাহাদের অবাধ স্বাধীনতাস্পৃহা এক তীব্র আকার ধারণ করিয়াছিল। নিজস্ব স্বাতন্ত্র্য বজায় রাখিতে ইহারা সংগ্রাম করিত। সেই সংগ্রামই স্বাধীনতার প্রথম পদক্ষেপ। ব্রিটিশ সরকার লক্ষ্য করিয়াছিলেন, আদিবাসীরা বীর ও সাহসী যোদ্ধা। তাই তাহাদের অন্ধকার গহ্বরে রাখিতে পারিলে তাঁহারা এদেশে নির্বিঘ্নে শাসন ও শোষণ চালাইতে পারিবেন। কিন্তু আদিবাসীরা বিভিন্ন আন্দোলনের মাধ্যমে ইংরাজ সরকারের সেই চেষ্টা ব্যর্থ করিয়া দিয়াছে। আদিবাসীদের দ্বারা সংঘটিত আন্দোলনগুলির মধ্যে কোল বিদ্রোহ ও সাঁওতাল বিদ্রোহ উল্লেখযোগ্য।

**কোল বিদ্রোহ ঃ** ১৮৩১ হইতে ১৮৩২ খ্রীষ্টাব্দ পর্যন্ত সিংভুম অঞ্চলের হো, মুণ্ডা এবং ওরাওঁগণ ইংরাজদের বিরুদ্ধে যে বিদ্রোহ করিয়াছিল তাহা কোল বিদ্রোহ নামে পরিচিত। ইংরাজ সরকারের নূতন পুলিশ রীতিনীতির পরিবর্তনকে অবলম্বন করিয়াই এই বিদ্রোহের সৃষ্টি হইয়াছিল। নূতন পুলিশগণ আসিয়া স্থানীয় জায়গীরদারদের সঙ্গে মিলিত হইয়া প্রজাদের উপর নানারকম অত্যাচার করিতে থাকে। আদিবাসীরা দিনের পর দিন অত্যাচারিত হইতে লাগিল। আদিবাসীদের কাকুতি মিনতি শুনিবার মত কেহ ছিল না। যে সমস্ত কোলগণ মুসলমান, শিখ ও অন্যান্যদের দ্বারা লাঞ্ছিত হইত তাহারা দারোগা ও ব্রিটিশের উচ্চপদস্থ কর্মচারীদের নিকট হইতে কোনরকম প্রতিবিধান পাইত না। তখন তাহারা বিদ্রোহী হইয়া উঠে।

সূচনা

সোনাপুর পরগণায় এই বিদ্রোহের প্রথম উন্মেষ হয়। শিখগণ যেখানে কৃষি

* The Wahabi Movement—Q. Ahamad.

আবাদ করিত সেইস্থানে সুরপার অধিনায়কত্বে সাত শত কোল এবং অসংখ্য মুন্ডা গিয়া তাহা ধ্বংস করিয়াছিল। কিছুদিন পরে মুসলমান ঠিকাদারদের হামলা শুরু হয়। ১৮৩২ খ্রীষ্টাব্দে এক হাজার বার শত বিদ্রোহী তীর-ধনুক লইয়া সব জায়গায় সতর্ক নজর রাখিতেছিল। সেরাসতি আদালতের নাজিরকে বিদ্রোহস্থানে শাস্তিপ্রদানের জন্য পাঠান হইলে তিনি বিদ্রোহী দলের একজন নেতাকে আটক করিতে সমর্থ হন। তখন হাঙ্গামা তীব্র আকার ধারণ করে। ইংরাজ সরকার এই ভয়াবহ ঘটনার জন্য প্রস্তুত ছিলেন না। ক্যাপ্টেন উইলকিনসনের নেতৃত্বে একদল ইংরাজ সেন্য নাগ্রি গ্রামের কাছে আদিবাসীদের সঙ্গে ভীষণ যুদ্ধে অবতীর্ণ হইল। সৈন্যদের গুলিতে বহু বিদ্রোহী আহত ও নিহত হইল। শেষপর্যন্ত আদিবাসী নেতাগণ আত্মসমর্পণ করিতে বাধ্য হয়।

বিস্তার

পরিণতি

**সাঁওতাল বিদ্রোহ :** রাজমহলের পার্বত্য অঞ্চলে দামিন-ই-কোহ নামক স্থানে সাঁওতাল নামে এক আদিবাসী জাতি বাস করিত। অষ্টাদশ শতাব্দীর শেষভাগে ও ঊনবিংশ শতাব্দীর প্রথমভাগে বাঁকুড়া, মেদিনীপুর, বীরভূম, কটক, মানভূম, ছোটনাগপুর, হাজারিবাগ ইত্যাদি অঞ্চল হইতে দামিন-ই-কোহ এলাকায় আসিয়া সাঁওতালরা বসবাস করিতে থাকে। সাঁওতালগণ ছিল কর্মঠ ও কষ্টসহিষ্ণু। বাংলা, বিহার ও উড়িষ্যায় চিরস্থায়ী বন্দোবস্ত প্রবর্তিত হইলে এই অঞ্চলের আদিবাসীদের উপর জমিদারদের অত্যাচার শুরু হয়। শুধু জমিদার কেন, ব্যাপারীরাও তাহাদের নানাভাবে বঞ্চনা করিত এবং নামমাত্র মূল্য দিয়া তাহাদের সমস্ত ফসল আত্মসাৎ করিত। মহাজনরা অতিরিক্ত হারে চক্রবৃদ্ধি সুদে টাকা ধার দিয়া তাহা আদায়ের নামে তাহাদের সর্বস্বান্ত করিত। জমিদার, মহাজন ও ব্যাপারীদের প্রশ্রয়ে থানার দারোগা-পুলিশও তাহাদের উপর অযথা পীড়ন করিত। সাঁওতালগণ ক্রমশঃ অর্থনৈতিক দুর্দশার চরম সীমানায় গিয়া উপস্থিত হইল। ইংরাজ সরকারের ইহাতে কোন নজর ছিল না। বরং ইংরাজ সরকার অত্যাচারীদের পক্ষ সমর্থন করিয়া নানাভাবে দরিদ্র সাঁওতালদের শোষণ করিত। তখন বাধ্য হইয়া তাহারা নূতন জায়গায় গিয়া বসবাস শুরু করে। সাঁওতালগণ জঙ্গল পরিষ্কার করিয়া চাষবাস আরম্ভ করিল। আদিকাল হইতে তাহারা জমিকে জীবনের সর্বস্ব বলিয়া জানে। সেই প্রিয় জমি হইতে উচ্ছেদ হওয়ায় তাহারা ইহার প্রতিশোধ গ্রহণের সুযোগ খুঁজিতে লাগিল। দেশীয় মহাজন এবং ইংরাজদের অত্যাচারে আতঙ্ক হইয়া তাহারা বিদ্রোহী হয়। এই বিদ্রোহের আসল কারণ ছিল সাঁওতালদের নিশ্চিন্ত হইয়া নিজেদের জমি বজায় রাখিবার ও চাষ-আবাদ করিয়া ফসল ভোগ করিবার স্বাভাবিক প্রবৃত্তি এবং সেজন্য সমস্ত অন্যায়, শোষণ ও অত্যাচার হইতে রক্ষা পাইবার আকাঙ্ক্ষা। তাই এই বিদ্রোহের মূল দাবী ছিল জমি এবং জমিদার-মহাজনদের শোষণ ও ইংরাজদের শাসন হইতে মুক্তি।

বিদ্রোহের কারণ

১৮৫৫ খ্রীষ্টাব্দে বারহাইত উপত্যকার বাগানদিহির সিধু ও কানহু নামে দুই ভাই-এর নেতৃত্বে প্রায় দশ হাজার সাঁওতাল সমবেত হয় এবং সমগ্র অঞ্চলটি দখল করিয়া সেখানে তাহারা নিজেদের সরকার গঠনের সংকল্প ঘোষণা করে। চারিদিকে বিদ্রোহের আগুন জ্বলিয়া উঠিল।

সিধু কানহু

সিধু ও কানহু মহেশপুর লুঠ করিল। বিদ্রোহীরা মারাণপুর, নারায়ণপুর প্রভৃতিও লুঠ করিল। সাঁওতাল বিদ্রোহীগণ একমাত্র তীর-ধনুক ও তরোয়াল ছাড়া অন্য কোন অস্ত্রশস্ত্রের ব্যবহার জানিত না। বিদ্রোহীরা ভাগলপুর ও রাজমহলের মধ্যে ডাক ও রেল যোগাযোগ বিধ্বস্ত করে। এই বিদ্রোহ মূলতঃ সাঁওতালদের হইলেও স্থানীয় হিন্দু-মুসলমান সামন্তশ্রেণীর কৃষক ও কারিগররাও ইহাতে যোগ দিয়াছিল। ক্রমে সমগ্র অঞ্চল তাহাদের দখলে চলিয়া যায়। সাঁওতালগণ কোম্পানী শাসনের অবসান চাহিয়া নিজেদের সুবা-রাজত্বের কথা ঘোষণা করে। সাঁওতালগণ ইংরাজদের সঙ্গে ভীষণ যুদ্ধ চালায়। ইহাতে কিছুসংখ্যক ইংরাজ নিহত হয়। মেজর বুরাফ নামে জনৈক ইংরাজ সেনাপতি বিদ্রোহীদের নিকট পরাজিত হন। ইংরাজ সরকার সাঁওতালদের দমন করিবার জন্য জেনারেল লয়েডের নেতৃত্বে এক সৈনাবাহিনী প্রেরণ করেন। তিনি সাঁওতালদের অতিকষ্টে দমন করেন। ইহার পরও নিরীহ সাঁওতালদের উপর কঠিন শাসন ও ভীষণ নির্যাতন চলিয়াছিল।

আন্দোলনের বিস্তার

রাজমহল অঞ্চলের অত্যাচারের প্রতিবাদে হঠাৎ বীরভূমে পুনরায় সাঁওতাল বিদ্রোহের আগুন জ্বলিয়া উঠে। এইবার ইংরাজসরকার মিলিটারী ব্রিগেডিয়ার এল. এস. বার্ডকে সেখানকার শাসকপদে নির্বাচন করিয়া পাঠান। তিনি সাঁওতাল বিদ্রোহের পরিসমাপ্তি ঘটাইলেন।

পরিণতি

সাঁওতাল বিদ্রোহীরা আমাদের নিকট যে সংগ্রামী বীরত্ব ও আত্মত্যাগের উজ্জ্বল দৃষ্টান্ত রাখিয়া গিয়াছেন তাহার পবিত্র স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদনের জন্য কলিকাতার এসপ্লানেড-ইষ্ট-এর নামকরণ করা হইয়াছে সিধু-কানহু ডহর।

## (১০) ১৮৫৭ খ্রীষ্টাব্দের মহাবিদ্রোহ

**মহাবিদ্রোহের পটভূমিকা ঃ** ১৮৫৬ খ্রীষ্টাব্দে লর্ড ক্যানিং-এর আমলে সর্বাপেক্ষা উল্লেখযোগ্য ঘটনা হইল ১৮৫৭ খ্রীষ্টাব্দের মহাবিদ্রোহ। নানা কারণে ভারতবাসী ক্রমশঃ ইংরাজ শাসনের প্রতি বিক্ষুব্ধ হইয়া উঠিয়াছিল। এই বিক্ষোভই শেষপর্যন্ত মহাবিদ্রোহে পরিণতি লাভ করে। তবে ইহা একটি আকস্মিক কিংবা একক ঘটনা নহে। ইংরাজদের অপশাসনের বিরুদ্ধে ইতিপূর্বে ভারতের বিভিন্ন অঞ্চলে কয়েকটি বিদ্রোহ সংঘটিত হইয়াছে। ইহাদের মধ্যে ফরাইজী বিদ্রোহ ( ১৮০৪ খ্রীঃ ), ভেলোর সিপাহী বিদ্রোহ ( ১৮০৬ খ্রীঃ ), বেরিলী বিদ্রোহ ( ১৮১৬ খ্রীঃ ), তিতুমীর বিদ্রোহ ( ১৮৩১ খ্রীঃ ), কোল বিদ্রোহ ( ১৮৩১-৩২ খ্রীঃ ), মোপলা বিদ্রোহ ( ১৮৫৫ খ্রীঃ ), সাঁওতাল বিদ্রোহ (১৮৫৫-৫৬ খ্রীঃ) বিশেষ উল্লেখযোগ্য। এইসব ক্ষুদ্র ক্ষুদ্র বিদ্রোহের চূড়ান্ত অভিব্যক্তি হইল ১৮৫৭ খ্রীষ্টাব্দের মহাবিদ্রোহ।

**মহাবিদ্রোহের কারণ ঃ** কোন একটি বিদ্রোহ বা বিপ্লব একটি মাত্র কারণে সংঘটিত হয় না। ১৮৫৭ খ্রীষ্টাব্দের মহাবিদ্রোহের মূলেও ছিল নানাবিধ কারণ। ইহাদের মধ্যে রাজনৈতিক, অর্থনৈতিক ও সামরিক কারণগুলি বিশেষভাবে উল্লেখযোগ্য।

**রাজনৈতিক কারণ ঃ** ভারতবর্ষে ইংরাজ রাজত্ব শুরু হওয়ার পর হইতেই চিরাচরিত শাসন-ব্যবস্থায় আমূল পরিবর্তন ঘটে। ইংলণ্ডের কর্তৃপক্ষের ইচ্ছানুযায়ী

সবকিছু নিজেদের স্বার্থে পরিচালিত হইত। সরকারী উচ্চপদগুলি ছিল ইংরাজদের জন্য রক্ষিত। কর্ণওয়ালিসের আমল হইতে উচ্চ মাহিনার পদগুলি হইতে ভারতীয়দের বঞ্চিত করা হয়। ফলে শিক্ষিত ভারতীয়গণের পক্ষে কোন প্রকার রাজনৈতিক ক্ষমতা লাভের আর সুযোগ রহিল না। ইহার ফলে ইংরাজদের বিরুদ্ধে তাঁহাদের অসন্তোষ ধূমায়িত হইয়া উঠে।

মহাবিদ্রোহের রাজনৈতিক কারণগুলির মধ্যে প্রধান হইল লর্ড ডালহৌসীর আগ্রাসন নীতি। লর্ড ডালহৌসীর রাজ্য বিস্তারের একটি কৌশল ছিল 'স্বত্ববিলোপ নীতি'। এই নীতির মূলকথা ছিল, কোম্পানীর আশ্রিত কোন অপুত্রক রাজার মৃত্যু হইলে তাঁহার রাজ্য ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত হইবে এবং ব্রিটিশ সরকারের অনুমতি ব্যতীত কোন দত্তক পুত্র রাজ্যলাভের অধিকারী হইবে না। এই নীতি অনুসরণ করিয়া ডালহৌসী সাঁতরা, সম্বলপুর, উদয়পুর, ঝাঁসি প্রভৃতি রাজ্য ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত করেন। এই নীতির দ্বারা তিনি কর্ণাটক ও তাঞ্জোর রাজ্য দুইটিও গ্রাস করেন। লর্ড ডালহৌসীর স্বত্ববিলোপ নীতি দেশীয় নৃপতিগণের মনে দারুণ অসন্তোষ সৃষ্টি করিয়াছিল। ইহা ছাড়া দ্বিতীয় বাজীরাও-এর মৃত্যুর পর তাঁহার দত্তক পুত্র নানা সাহেবের বৃত্তিও তিনি বন্ধ করিয়া দেন। ইহাতে হিন্দুগণ দারুণ অসন্তুষ্ট হয়। লর্ড ডালহৌসী কর্তৃক দিল্লীর প্রাসাদ দুর্গ হইতে বাদশাহ দ্বিতীয় বাহাদুর শাহের অপসারণ মুসলমান সম্প্রদায়ের মধ্যেও দারুণ বিক্ষোভ ও উত্তেজনা সৃষ্টি করিয়াছিল।

নবাবের কুশাসনের অজুহাতে লর্ড ডালহৌসী অযোধ্যা দখল করিয়াছিলেন। কিন্তু ডালহৌসী নিজেও সেখানকার প্রজাদের কোনরূপ উন্নতি বিধানের চেষ্টা করেন নাই। বরং তাহাদিগকে উচ্চহারে কর ও রাজস্ব দিতে বাধ্য করা হইয়াছিল। নবাব পরিবারের আশ্রিত বহু লোকের বৃত্তি ও ভাতা বন্ধ হইয়া গিয়াছিল। ফলে অযোধ্যাবাসীগণ ইংরাজের সর্বপ্রধান শত্রুতে পরিণত হইয়াছিল।

**অর্থনৈতিক কারণ ঃ** ইংরাজ শাসনের বিরুদ্ধে ভারতীয় জনসাধারণের অর্থনৈতিক অসন্তোষও প্রচণ্ডভাবে দেখা দিয়াছিল। লর্ড কর্ণওয়ালিস প্রবর্তিত চিরস্থায়ী বন্দোবস্তের ফলে বহু প্রাচীন জমিদার বংশের উচ্ছেদ ঘটিয়াছিল। বিদ্রোহের পাঁচ বৎসর পূর্বে বোম্বাইয়ের 'ইনাম্‌ কমিশন' প্রায় বিশ হাজার জমিদারী সরকারে বাজেয়াপ্ত করিয়াছিল। নিষ্কর জমি বাজেয়াপ্ত করিয়া সেগুলির উপর কর ধার্য করার ফলেও অন্যান্য জমিদারগণ অসন্তুষ্ট হন। কভারনী জ্যাকসন রাজস্ব আদায়ের যে ব্যবস্থা গ্রহণ করেন, তাহাতে তালুকদার সম্প্রদায়ের স্বার্থ বিনষ্ট হয়। বিশেষ করিয়া অযোধ্যার তালুকদারগণ অত্যন্ত দুর্দশাগ্রস্ত হইয়া পড়েন। ইংরাজের ভূমি-রাজস্ব নীতির ফলে কৃষকদের চিরাচরিত অধিকারও লঙ্ঘিত হয়। এইভাবে জমিদার, জায়গীরদার, তালুকদার ও কৃষক সকলেই খুব ক্ষতিগ্রস্ত হইলেন। এদিকে দেশীয় রাজ্যগুলি ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত হওয়ার ফলে রাজ-পরিবারের উপর নির্ভরশীল বহুলোক বেকারে পরিণত হইল।

তাহা ছাড়া, ১৭৫৭ খ্রীষ্টাব্দে সংঘটিত পলাশীর যুদ্ধের সময় হইতে ১৮৫৭ খ্রীষ্টাব্দ—এই একশত বৎসরের মধ্যে প্রচুর পরিমাণ সোনা রূপা ও ধনসম্পদ

ইংলণ্ডে চলিয়া যায়। ইহার ফলে ভারতে এক চরম অর্থনৈতিক সংকটের সৃষ্টি হয়। যন্ত্রে প্রস্তুত বিলাতী পণ্যদ্রব্য ভারতের বাজারে ছড়াইয়া পড়ে। ইহার সহিত প্রতিযোগিতায় টিকিয়া থাকিতে না পারিয়া এদেশের কুটিরশিল্প সম্পূর্ণরূপে ধ্বংস হয়। ইহাতে বহুলোকের জীবিকা নষ্ট হয় এবং চরম আর্থিক অনটনের প্রাদুর্ভাব ঘটে। এইভাবে ভারতের অর্থনৈতিক অধঃপতন মহাবিদ্রোহের ইন্ধন যোগাইয়াছিল।

**সামরিক কারণ ঃ** এতদিন পর্যন্ত ভারতীয় সিপাহীগণ ইংরাজের প্রতি অনুগত ছিল বলিয়া বিক্ষুব্ধ ভারতবাসী বিদ্রোহী হইবার সাহস পায় নাই। কিন্তু এইবার সিপাহীরাও বিদ্রোহী হইয়া উঠিল। শ্বেতাঙ্গ সৈন্যদের তুলনায় ভারতীয় সৈন্যদের অনেক কম বেতন দেওয়া হইত। অভিজ্ঞতা ও দক্ষতা থাকিলেও তাহাদের পদোন্নতির কোন সুযোগ দেওয়া হইত না। ইহাতে স্বভাবতঃই তাহাদের আত্মমর্যাদা ক্ষুণ্ণ হয়। ইংরাজ সরকারের এই বৈষম্যমূলক আচরণ ভারতীয় সিপাহীদের মধ্যে দারুণ বিক্ষোভ সৃষ্টি করিয়াছিল।

এই সময়ে ভারতীয় সিপাহীগণকে দূরদেশে সমুদ্রপারে যুদ্ধযাত্রা করিতে বাধ্য করা হইত। ইহাতে তাহারা অসন্তুষ্ট হইত। ক্রিমিয়ার যুদ্ধের সময় লর্ড ক্যানিং ঘোষণা করেন যে, প্রয়োজন হইলে ভারতীয় সৈন্যকে বিদেশে যাইতেই হইবে। ইংরাজের সৈন্যবাহিনীতে তখন বহু উচ্চবর্ণের হিন্দু সিপাহী ছিল। প্রচলিত সামাজিক বিধান অনুযায়ী সমুদ্রযাত্রা করিলে বা কালাপানি পার হইলে হিন্দুদের জাতিনাশ হইত। অতএব জাতিনাশের আশংকায় হিন্দু সিপাহীগণ ইংরাজদের প্রতি বিক্ষুব্ধ হইয়া উঠে।

ভারতীয় সিপাহীদের মনের যখন এই অবস্থা, তখন সৈন্যবাহিনীতে **এনফিল্ড রাইফেল** নামে এক নূতন ধরণের বন্দুক প্রবর্তন করা হয়। এই বন্দুকের টোটা দাঁত দিয়া কাটিয়া বন্দুকের নলে ভরিতে হইত। ভারতীয় সিপাহীদের মধ্যে সংবাদ রটিয়া গেল যে, এই বন্দুকের টোটায় গরু ও শূকরের চর্বি মিশ্রিত আছে। এই সংবাদ প্রচারের সঙ্গে সঙ্গে হিন্দু ও মুসলমান উভয় সম্প্রদায়ের সৈনিকদের মধ্যে দারুণ উত্তেজনার সৃষ্টি হইল। ফলে ১৮৫৭ খ্রীষ্টাব্দের ২৯শে মার্চ ব্যারাকপুর সেনানিবাসে প্রথম বিদ্রোহ শুরু হয়।

প্রত্যক্ষ কারণ

**মহাবিদ্রোহের বিস্তার ঃ** ব্যারাকপুরের সেনানিবাসে মঙ্গল পাণ্ডে ও তাঁহার সহচর ঈশ্বরী পাণ্ডে সর্বপ্রথম বিদ্রোহ ঘোষণা করেন। মঙ্গল পাণ্ডে একজন ব্রিটিশ সৈন্যাধ্যক্ষকে হত্যা করেন। অন্যান্য সিপাহীরা তাঁহাকে সমর্থন জানাইলে ব্রিটিশ সরকার ব্যারাকপুরের সেনানিবাস ভাঙ্গিয়া দেন। অতঃপর বিচারে মঙ্গল পাণ্ডে ও ঈশ্বরী পাণ্ডেকে প্রাণদণ্ডে দণ্ডিত করা হয়।

শীঘ্রই বিদ্রোহের আগুন চারিদিকে ছড়াইয়া পড়ে। মীরাটের সেনানিবাসে একদল সিপাহী নূতন ধরণের টোটা ব্যবহার করিতে অস্বীকার করিলে সামরিক আদালতে তাহাদের বিচার হয়। বিচারে প্রত্যেকের দশ বৎসরের কারাদণ্ডের আদেশ হয়। বিদ্রোহীদের অন্যান্য সহকর্মীরা তখন ক্ষিপ্ত হইয়া শ্বেতাঙ্গদের ঘরবাড়ি জ্বালাইয়া দেয় এবং ১৮৫৭ খ্রীষ্টাব্দের ১০ই মে কর্ণেল ফিনিস্‌কে মীরাটের সামরিক ছাউনীতে গুলি করে। এইদিন হইতেই প্রকৃত বিদ্রোহ শুরু হয়।

বিদ্রোহ ক্রমশঃ দিল্লীতে ছড়াইয়া পড়ে। ১১ই মে দিল্লীর সিপাহীরাও তাহাদের সঙ্গে যোগদান করে। বিদ্রোহীরা দ্বিতীয় বাহাদুর শাহকে সম্রাট বলিয়া ঘোষণা করে।

ক্রমে এই বিদ্রোহ আগ্রা, আলিগড়, মজফ্‌ফরপুর, ফিরোজপুর, বেরিলী, পাঞ্জাব, নৌসেরা, লক্ষ্মৌ, কানপুর, ঝাঁসি প্রভৃতি স্থানে তীব্র আকার ধারণ করে। বিদ্রোহী সিপাহীদের সহিত স্থানীয় জনসাধারণ যোগদান করে। ইংরাজদের বিরুদ্ধে অযোধ্যার তালুকদার ও কৃষকদের প্রচুর অভিযোগ ছিল। সুতরাং তাহারাও বিদ্রোহীদের সহিত যোগদান করে। রোহিলখণ্ডের সর্দারগণও এই বিদ্রোহে যোগদান করিয়াছিলেন। বুন্দেলখণ্ড, মধ্যপ্রদেশ, মহারাষ্ট্র এবং বিহারেও এই বিদ্রোহ ছড়াইয়া পড়িয়াছিল। বিহারের আরা অঞ্চলে বিদ্রোহ ভয়াবহ রূপ ধারণ করিয়াছিল।



নানা সাহেব

এই বিদ্রোহে বিভিন্ন অঞ্চলে বিভিন্ন ব্যক্তি নেতৃত্ব দান করিয়াছিলেন। কানপুরে এই বিদ্রোহের নেতা ছিলেন পেশোয়া দ্বিতীয় বাজীরাও-এর দত্তক পুত্র নানাসাহেব। তিনি কানপুরে ব্রিটিশ সেনানিবাস আক্রমণ করেন এবং বহু ইংরাজবন্দীকে হত্যা করেন। কানপুরে নানাসাহেব নিজেকে পেশোয়া বলিয়া ঘোষণা করেন। কিন্তু পরে তিনি ইংরাজদের নিকট পরাজিত হইয়া নেপালের অরণ্যে আত্মগোপন করিয়াছিলেন।

ঝাঁসিতে বিদ্রোহের নেতৃত্ব গ্রহণ করিয়াছিলেন ঝাঁসীর রাণী লক্ষ্মীবাই ও তাঁতীয়া তোপী। তাঁতিয়া তোপী মধ্যভারতের বিদ্রোহীদের নেতা ছিলেন। নানাসাহেবের



লক্ষ্মীবাঈ



তাঁতীয়া তোপী

পলায়নের পর তিনি ঝাঁসির রাণীর সহিত যোগদান করিয়া সমগ্র মধ্যভারতে সংগ্রাম চালাইয়াছিলেন। তাঁহাদের যুগ্ম প্রচেষ্টায় গোয়ালিয়র অধিকৃত হয়। পরে ইংরাজ

সেনাপতি হিউরোজ বিদ্রোহীদিগকে পরাজিত করিয়া গোয়ালিয়র পুনরুদ্ধার করিলেন। তেইশ বৎসর বয়স্কা ঝাঁসির বিধবা রাণী লক্ষ্মীবাঈ অশ্বপৃষ্ঠে পুরুষের বেশে যুদ্ধ করিতে করিতে প্রাণ বিসর্জন দিলেন। তাঁতীয়া তোপী কিছুকাল গভীর জঙ্গলে লুকাইয়া থাকেন। পরে ধৃত হইয়া তিনি প্রাণদণ্ডে দণ্ডিত হন (১৮৫৯ খ্রীঃ)।

বিহারে কুনওয়ার সিংহ ও অমর সিংহ এই বিদ্রোহের নেতৃত্ব গ্রহণ করেন। অযোধ্যাতে বিদ্রোহীদের পরিচালনার দায়িত্ব গ্রহণ করিয়াছিলেন নির্বাসিত নবাবের বেগম হজরৎ মহল। ফৈজাবাদে বিদ্রোহীদের নেতা ছিলেন আহমদউল্লা শাহ।

প্রথমদিকে বিদ্রোহী নেতৃবৃন্দ সাফল্যলাভ করিলেও পরবর্তীকালে তাঁহারা একে একে পরাজিত ও নিহত হইলেন। স্যার জন লরেন্স, হেভলক, আউটরাম, ক্যাম্পবেল প্রভৃতি ইংরাজ সেনাপতিদের চেষ্টায় ও তৎপরতায় ইংরাজপক্ষ জয়লাভ করে।

বিদ্রোহ দমন

ইংরাজদের এই জয়লাভে নেপালের গুর্খা সৈন্য এবং পাঞ্জাবের শিখ সৈন্য যথেষ্ট সাহায্য করিয়াছিল। শিখ সৈন্যগণ প্রায় সাড়ে তিনমাস দিল্লী অবরোধ করিয়া রাখে। ইংরাজরা পুনরায় দিল্লী দখল করে এবং মুঘল সম্রাট দ্বিতীয় বাহাদুর শাহকে বন্দী করিয়া রেঙ্গুনে নির্বাসিত করে। এইভাবে ১৮৫৭ খ্রীষ্টাব্দের মহাবিদ্রোহ ব্যর্থ হয়।

**১৮৫৭ খ্রীষ্টাব্দের মহাবিদ্রোহের প্রকৃতিঃ** ১৮৫৭ খ্রীষ্টাব্দের মহাবিদ্রোহের প্রকৃতি ও স্বরূপ সম্পর্কে ঐতিহাসিকগণ বিভিন্ন মত পোষণ করেন। কোন কোন ইংরাজ ঐতিহাসিক, যেমন জন-কে, রবার্টস প্রভৃতি এই বিদ্রোহকে সিপাহী বিদ্রোহ নামেই বর্ণনা করিয়াছেন। কিন্তু জে. বি. নর্টন, আলেকজাণ্ডার ডাফ, হোমস্ প্রভৃতি ইংরাজ ঐতিহাসিকদের মতে সিপাহীদের দ্বারা এই বিদ্রোহ শুরু হইলেও কালক্রমে ইহা জাতীয় আন্দোলনে পরিণত হয়। সাভারকার প্রমুখ ভারতীয় নেতৃবৃন্দ এই বিদ্রোহকে ভারতের প্রথম জাতীয় সংগ্রাম বলিয়া অভিমত প্রকাশ করিয়াছেন। ডঃ রমেশচন্দ্র মজুমদার বলিয়াছেন, এই বিদ্রোহের কোন একটি বিশিষ্ট রূপ ছিল না। তাঁহার মতে এই বিদ্রোহ মূলতঃ সিপাহীদের বিদ্রোহ। ইহাকে স্বাধীনতা সংগ্রাম আখ্যা দেওয়া চলে না। কেননা ইহা ব্রিটিশ শাসনের বিরুদ্ধে পূর্ব-পরিকল্পিত কোন ব্যাপক ষড়যন্ত্রের দ্বারা সংঘটিত হয় নাই। বিদ্রোহীদের কোন কোন নেতা ব্যক্তিগত স্বার্থসিদ্ধির জন্য তৎপর ছিলেন। অধিকাংশ সাধারণ মানুষ এই বিদ্রোহে নিশ্চেষ্ট ছিল। আবার ডঃ সুরেন্দ্রনাথ সেন মন্তব্য করিয়াছেন যে, এই বিদ্রোহ প্রথমে সিপাহী বিদ্রোহরূপে শুরু হইলেও তাহা সর্বত্র সিপাহীদের মধ্যে সীমাবদ্ধ ছিল না। বিভিন্ন অঞ্চলে এই বিদ্রোহ গণ সমর্থন লাভ করিয়াছিল। অযোধ্যায় ইংরাজের বিরুদ্ধে সংগ্রাম করিতে গিয়া প্রায় দেড় লক্ষ লোক প্রাণ হারায়। তাহাদের মধ্যে প্রায় এক লক্ষ লোক বে-সামরিক। দক্ষিণ বিহারের ছোটনাগপুর অঞ্চলের আদিবাসীগণও এই বিদ্রোহে সক্রিয় অংশ গ্রহণ করিয়াছিল। সুতরাং ইহাকে সিপাহী বিদ্রোহ না বলিয়া মহাবিদ্রোহরূপে আখ্যা করাই অধিক সঙ্গত।

**বিদ্রোহের বিফলতার কারণঃ** ১৮৫৭ খ্রীষ্টাব্দের মহাবিদ্রোহের বিফলতার পিছনে অনেক কারণ ছিল। প্রথমতঃ, বিদ্রোহীদের মাধ্য পারস্পরিক যোগাযোগ ও সংহতির অভাবই এই বিদ্রোহের ব্যর্থতার প্রধান কারণ। দ্বিতীয়তঃ বিক্ষিপ্তভাবে এই বিদ্রোহের

সূচনা হইয়াছিল বলিয়া ইহার পরিধি দিল্লী, অযোধ্যা, রোহিলখণ্ড এমন কয়েকটি আঞ্চলিক সীমার মধ্যেই আবদ্ধ ছিল। কেন্দ্রীয় সংগঠনের অভাবে বৃহত্তর ভারতের জনসাধারণের সহিত এই বিদ্রোহের কোন যোগসূত্র ছিল না। তৃতীয়তঃ, বিদ্রোহীদের মধ্যে উদ্দেশ্য ও দৃষ্টিভঙ্গির অনেক পার্থক্য ছিল। তাঁহারা নিজ নিজ স্বার্থসিদ্ধির প্রতি অধিক দৃষ্টি দিয়াছিলেন। যেমন, নানা সাহেব চাহিয়াছিলেন পেশোয়ার পদ, অপরদিকে দ্বিতীয় বাহাদুর শাহ চাহিয়াছিলেন মুঘল সম্রাটের হৃত-শক্তির পুনঃ প্রতিষ্ঠা। চতুর্থতঃ, ঝাঁসির রাণী লক্ষ্মীবাঈ, নানাসাহেব, তাঁতিয়া তোপী, কুনওয়ার সিংহ এবং অন্যান্য কয়েকজন নৃপতি ব্যতীত দেশীয় রাজন্যবর্গের অনেকেই এই বিদ্রোহে যোগদান করেন নাই। সুতরাং বিভিন্ন অঞ্চলে নেতৃত্ব গ্রহণ করিবার মত লোকের খুবই অভাব ছিল। অপরপক্ষে ইংরাজগণ শিখ, গুর্খা ও রাজপুতদের সাহায্য ও সমর্থন লাভ করিয়াছিল। পঞ্চমতঃ, রেল ও টেলিগ্রাফের মাধ্যমে যাতায়াত ও যোগাযোগের দ্রুত ব্যবস্থা ইংরাজগণকে এই বিদ্রোহ দমনে বিশেষ সহায়তা করিয়াছিল। সর্বশেষ, যুদ্ধের উপকরণ ও রণ-কৌশলের দিক দিয়াও বিদ্রোহীগণ ছিল ইংরাজদের অপেক্ষা খুব দুর্বল।

**বিদ্রোহের গুরুত্ব ঃ** ১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহ ব্যর্থ হইলেও ভারতের ইতিহাসে ইহার যথেষ্ট গুরুত্ব রহিয়াছে। এই বিদ্রোহের দ্বারাই ভারতীয়গণ পরবর্তীকালে জাতীয়তাবাদের আদর্শে উদ্বুদ্ধ হইয়াছে। ভারতের বিপ্লবী আন্দোলনেও ইহার প্রভাব বিস্তার লাভ করিয়াছিল।

# কয়েকটি বংশ তালিকা

**হর্ষঙ্ক বংশ**
(আঃ ৫৪৪—৪১৩ খ্রীঃ পূঃ)

বিম্বিসার
|
অজাতশত্রু
|
উদয়ী
|
অনিরুদ্ধ
|
মুণ্ড
|
নাগদশক

**শিশুনাগ বংশ**
(আঃ ৪১৩—৩৫০ খ্রীঃ পূঃ)

শিশুনাগ
|
কাকবর্ণ (কালাশোক)
|
নন্দীবর্ধন ও তাঁহার ভ্রাতাগণ

**নন্দবংশ** (আঃ ৩৫০—৩২২ খ্রীঃ পূঃ)

মহাপদ্মনন্দ
|
* * *
|
ধননন্দ

**মৌর্য বংশ** (আঃ ৩২১—১৮৫ খ্রীঃ পূঃ)

(১) চন্দ্রগুপ্ত মৌর্য (আঃ ৩২১—৩০০ খ্রীঃ পূঃ)
|
(২) বিন্দুসার (আঃ ৩০০—২৭৩ খ্রীঃ পূঃ)
|
সুসিম | (৩) অশোক (আঃ ২৭৩—২৩২ খ্রীঃ পূঃ) | বিগতাশোক | তিস্য

(৩) অশোক
|
মহেন্দ্র | সংঘমিত্রা (কন্যা) | চারুমতী (কন্যা) | (৪) কুনাল (আঃ ২৩২—২২৪ খ্রীঃ পূঃ) | জলৌক | তিবার

(৪) কুনাল
|
(৫) দশরথ | (৬) সম্প্রতি | বিগতাশোক

(৬) সম্প্রতি
|
(৭) শালিশুক
|
(৮) বৃহদ্রথ

বিগতাশোক
|
বীরসেন

**কুষাণ বংশ** ( আঃ খ্রীঃ ৫০—খ্রীষ্টীয় ৪র্থ শতক )

কুজুল কদ্‌ফিস
বিম কদ্‌ফিস
কণিষ্ক
বাসিষ্ক
হুবিষ্ক
বাসুদেব

**গুপ্ত বংশ** ( খ্রীষ্টীয় ৪র্থ শতক—৩৫০ খ্রীঃ )

শ্রীগুপ্ত
ঘটোৎকচ গুপ্ত
প্রথম চন্দ্রগুপ্ত ( আঃ ৩২০—৩৩০ খ্রীঃ )
সমুদ্রগুপ্ত ( আঃ ৩৩০—৩৮০ খ্রীঃ )
দ্বিতীয় চন্দ্রগুপ্ত ( আঃ ৩৮০—৪১৫ খ্রীঃ )
প্রথম কুমারগুপ্ত ( আঃ ৪১৫—৪৫৫ খ্রীঃ )

- স্কন্দগুপ্ত ( আঃ ৪৫৫—৪৬৭ খ্রীঃ )
- পুরুগুপ্ত
- বুধগুপ্ত
  - তথাগত গুপ্ত
    - দ্বিতীয় বালাদিত্য
    - ভানুগুপ্ত

## পুষ্যভূতি বংশ

- নরবর্ধন
  - প্রথম রাজ্যবর্ধন
    - আদিত্যবর্ধন
      - প্রভাকর বর্ধন
        - দ্বিতীয় রাজ্যবর্ধন
        - হর্ষবর্ধন শিলাদিত্য ( ৬০৬—৬৪৭ খ্রীঃ )
          - কন্যা = ধ্রুব সেন ( বলভী )
            - চতুর্থ ধারা সেন ( বলভী )

## গুর্জর প্রতিহার বংশ

- প্রথম নাগভট্ট
  - বগকুস্থ
  - দেবরাজ
    - বৎস্যরাজ
      - দ্বিতীয় নাগভট্ট
        - রামভদ্র
          - প্রথম ভোজ
            - যুবরাজ নাগভট্ট
            - প্রথম মহেন্দ্র পাল
              - প্রথম মহীপাল
              - বিনায়ক পাল
                - দ্বিতীয় মহেন্দ্র পাল

## বাংলার পাল বংশ

দয়িত বিষ্ণু
|
বপ্যট
|
গোপাল ( ৭৫০—৭৭০ খ্রীঃ )

- ধর্মপাল ( ৭৭০—৮১০ খ্রীঃ )
  - ত্রিভুবন পাল
  - দেবপাল ( ৮১০—৮৫০ খ্রীঃ )
    - রাজ্যপাল
- বাকপাল
  - জয়পাল
    - প্রথম বিগ্রহপাল ( ৮৫০—৮৫৪ খ্রীঃ )
    - নারায়ণ পাল ( ৮৫৪—৯০৮ খ্রীঃ )
    - রাজ্যপাল ( ৯০৮—৯৪০ খ্রীঃ )
    - দ্বিতীয় গোপাল ( ৯৪০—৯৬০ খ্রীঃ )
    - দ্বিতীয় বিগ্রহপাল ( ৯৬০—৯৮৮ খ্রীঃ )
    - প্রথম মহীপাল ( ৯৮৮—১০৩৮ খ্রীঃ )
    - নয়পাল ( ১০৩৮—১০৫৫ খ্রীঃ )
    - তৃতীয় বিগ্রহপাল ( ১০৫৫—১০৭০ খ্রীঃ )
      - দ্বিতীয় মহীপাল (১০৭০—১০৭৫ খ্রীঃ)
      - দ্বিতীয় সুরপাল
      - রামপাল (১০৮৪-১১৩০ খ্রীঃ)
        - রাজ্যপাল
        - বিত্তপাল
        - কুমারপাল
          - তৃতীয় গোপাল
        - মদন পাল

### বাংলার সেন বংশ

বীর সেন

সামন্ত সেন

বিজয় সেন ( ১০৯৫—১১৫৮ খ্রীঃ )

বল্লাল সেন ( ১১৫৮—১১৭৯ খ্রীঃ )

লক্ষ্মণ সেন ( ১১৭৯—১২০৫ খ্রীঃ )

বিশ্বরূপ সেন    কেশব সেন

### বাদামীর ( বাতাপি ) চালুক্য বংশ

প্রথম পুলকেশী ( ৫৩৫—৫৬৬ খ্রীঃ )

প্রথম কীর্তিবর্মণ ( ৫৬৬—৫৯৭ খ্রীঃ )    মঙ্গলেশ ( ৫৯৭—৬১০ খ্রীঃ )

দ্বিতীয় পুলকেশী (৬১০—৬৪২ খ্রীঃ)    বিষ্ণু বর্ধণ

প্রথম বিক্রমাদিত্য ( ৬৫৫—৬৮১ খ্রীঃ )


বিনয়াদিত্য ( ৬৮১—৬৯৫ খ্রীঃ )

বিজয়াদিত্য ( ৬৯৫—৭৩৩ খ্রীঃ )

দ্বিতীয় বিক্রমাদিত্য ( ৭৩৩—৭৪৫ খ্রীঃ )

দ্বিতীয় কীর্তিবর্মণ ( ৭৪৫—৭৫৭ খ্রীঃ )

## রাষ্ট্রকূট বংশ


ইন্দ্র
দ্বিতীয় ইন্দ্র
প্রথম কৃষ্ণ অকালবর্ষ
দন্তি দুর্গ
দ্বিতীয় গোবিন্দ
ধ্রুব
তৃতীয় গোবিন্দ
প্রথম অমোঘবর্ষ
দ্বিতীয় কৃষ্ণ
জগতুঙ্গ
তৃতীয় ইন্দ্র
তৃতীয় অমোঘবর্ষ
দ্বিতীয় অমোঘবর্ষ
চতুর্থ গোবিন্দ
তৃতীয় কৃষ্ণ
খট্টিগ
নিরুপম
পুত্র
চতুর্থ অমোঘবর্ষ
চতুর্থ ইন্দ্র

**কাঞ্চীর পল্লব বংশ**

- চতুর্থ সিংহবর্মণ
  - তৃতীয় বিষ্ণুগোপ
    - পঞ্চম সিংহবর্মণ
      - সিংহবিষ্ণু অবন্তি সিংহ
        - প্রথম মহেন্দ্র বর্মণ
          - প্রথম নরসিংহ বর্মণ
            - দ্বিতীয় মহেন্দ্র বর্মণ
              - প্রথম পরমেশ্বর বর্মণ
                - দ্বিতীয় নরসিংহ বর্মণ
                  - দ্বিতীয় পরমেশ্বর বর্মণ
                  - তৃতীয় মহেন্দ্র বর্মণ
      - ভীম বর্মণ
        - বুদ্ধ বর্মণ
          - আদিত্য বর্মণ
            - গোবিন্দ বর্মণ
              - হিরণ্য বর্মণ
                - দ্বিতীয় নন্দী বর্মণ
                  - দন্তি বর্মণ
                    - তৃতীয় নন্দী বর্মণ
                      - নৃপতুঙ্গ
                        - অপরাজিত বর্মণ

**তাঞ্জোরের চোল বংশ**

- বিজয়ালয় ( ৮৪৬—৮৭১ খ্রীঃ )
  - প্রথম আদিত্য ( ৮৭১—৯০৭ খ্রীঃ )
    - প্রথম পরন্তক ( ৯০৭—৯৫৩ খ্রীঃ )
      - প্রথম রাজাদিত্য
      - গণ্ডরাদিত্য
        - মাধুরান্তক উত্তম
      - তারিঞ্জয়
        - দ্বিতীয় পরন্তক
          - দ্বিতীয় আদিত্য ( ৯৫৬—৯৬৯ খ্রীঃ )
          - প্রথম রাজারাজা ( ৯৮৫—১০১৬ খ্রীঃ )
            - প্রথম রাজেন্দ্র ( ১০১৬—১০৪৪ খ্রীঃ )
              - প্রথম রাজাধিরাজ ( ১০৪৪—১০৫২ খ্রীঃ )
              - দ্বিতীয় রাজেন্দ্র
              - বীর রাজেন্দ্র

# দিল্লী সুলতানী ( ১২০৬—১৫২৬ খ্রীঃ )

## (ক) দাস বংশীয় সুলতানগণ ( ১২০৬—১২৯০ খ্রীঃ )

- কুতুবউদ্দিন আইবক
  - আরাম শাহ
  - কন্যা = ইলতুৎমিস
    - নাসিরুদ্দিন
    - রুকন উদ্দিন ফিরোজ
      - আলাউদ্দিন মামুদ
    - রিজিয়া
    - মুইজ উদ্দিন বহরাম
    - নাসির উদ্দিন মামুদ
    - কন্যা = গিয়াস উদ্দিন বলবন
      - বুঘরা খাঁ
        - কায়কোবাদ
          - কায়ুমুরস

## (খ) খলজী বংশীয় সুলতানগণ ( ১২৯০—১৩২০ খ্রীঃ )

- জালাল উদ্দিন খলজী
  - রুকন উদ্দিন
    - আলাউদ্দিন খলজী
      - খিজির খাঁ
      - শিহাব উদ্দিন ওমর
      - কুতব উদ্দিন মোবারক

## (গ) তুঘলক বংশীয় সুলতানগণ ( ১৩২০—১৪১৩ খ্রীঃ )

- গিয়াসউদ্দিন তুঘলক
  - মহম্মদ বিন তুঘলক
- রজ্জব
  - ফিরুজ শাহ
    - ফতে খাঁ
      - গিয়াসউদ্দিন তুঘলক ( দ্বিতীয় )
      - নসরৎ শাহ
    - জাফর খাঁ
      - আবুবকর
    - নাসিরউদ্দিন মামুদ শাহ
      - আলাউদ্দিন সিকন্দর
      - মামুদ শাহ

### (ঘ) সৈয়দ বংশীয় সুলতানগণ ( ১৪১৩—১৪৫১ খ্রীঃ )

- খিজির খাঁ
  - মুইজউদ্দিন মোবারক
  - ফরিদ খাঁ
    - মহম্মদ শাহ
      - আল্লাউদ্দীন আলম শাহ

### (ঙ) লোদী বংশীয় সুলতানগণ ( ১৪৫১—১৫২৬ খ্রীঃ )

- বহলুল লোদী
  - বরবক শাহ
  - সিকান্দর লোদী
    - ইব্রাহিম লোদী

### ৮। বাংলার ইলিয়াস শাহী বংশের সুলতানগণ ( ১৩৪৫—১৪২০ খ্রীঃ )

- হাজী শামসুদ্দীন ইলিয়াস শাহ্
  - সিকন্দর শাহ
    - গিয়াসউদ্দিন আজম শাহ্
      - সৈফুদ্দীন হামজা
        - দ্বিতীয় শামসুদ্দীন
        - শিহাবউদ্দিন বায়াজিদ
          - ফিরোজ
  - প্রথম নাসিরুদ্দিন মামুদ শাহ্
    - রুকনউদ্দিন বরবক শাহ্
      - শামসুদ্দীন ইউসুফ শাহ্
    - জালালউদ্দীন ফতে শাহ্

## ৯। বাংলার হোসেনশাহী বংশের সুলতানগণ ( ১৪৯৩—১৫৩৮ খ্রীঃ )

- আলাউদ্দিন হোসেন শাহ্
  - নুসরৎ শাহ্
    - আলাউদ্দিন ফিরোজ শাহ্
      - গিয়াসউদ্দিন মামুদ শাহ্

## বাহমনী রাজগণ

- আলাউদ্দিন বাহমন শাহ্
  - প্রথম মহম্মদ শাহ্
  - দায়ুদ
  - আহম্মদ খাঁ
    - ফিরোজ
    - আহম্মদ শাহ্
      - আলাউদ্দিন আহম্মদ
        - হুমায়ুন
          - নিজাম
          - তৃতীয় মহম্মদ শাহ্
            - মামুদ
              - আহম্মদ
              - আলাউদ্দিন
              - ওয়ালিউল্লা
              - কলিমুল্লা
  - মাহমুদ খাঁ
    - দ্বিতীয় মহম্মদ শাহ্
      - গিয়াসউদ্দিন
      - শামসুদ্দিন

## বিজয় নগরের রাজগণ

### (ক) সঙ্গম বংশ ( ১৩৩৬—১৪৮৬ খ্রীঃ )

- সংগম
  - প্রথম হরিহর
  - কম্প
  - প্রথম বুক্কা
    - দ্বিতীয় হরিহর
      - প্রথম বিরূপাক্ষ
      - দ্বিতীয় বুক্কা
      - প্রথম দেবরায়
        - বীরবিজয়
          - দ্বিতীয় দেবরায়
            - মল্লিকার্জুন
            - দ্বিতীয় বিরূপাক্ষ
  - মারপ
  - মুদ্দপ

### (খ) শালুব বংশ ( ১৪৮৬—১৫০৫ খ্রীঃ )

- শালুব নরসিংহ
  - তিরুমল
  - ইম্মাদি নরসিংহ


### (গ) তুলুব বংশ ( ১৫০৫—১৫৭০ খ্রীঃ )

- ঈশ্বর নায়ক
  - নরস নায়ক
    - বীর নরসিংহ
    - কৃষ্ণদেব রায়
    - অচ্যুত রায়
      - প্রথম বেঙ্কট
    - রঙ্গ
      - সদাশিব


### (ঘ) আরবীডু বংশ ( ১৫৭০—১৫৮৫ খ্রীঃ )

- তিরুমল
  - রঙ্গ
  - প্রথম বেঙ্কট

## মুঘল রাজবংশ


(১) জহিরুদ্দিন মহম্মদ বাবর
(২) হুমায়ুন
কামরান
হিন্দল
আস্কারি
(৩) জালালুদ্দিন আকবর
মীর্জা মহম্মদ হাকিম
(৪) নাসিরুদ্দিন মহম্মদ জাহাঙ্গীর
মুরাদ
দানিয়েল
খসরু
পারভেজ
(৫) খুরম্ (শাহ্জাহান)
শাহরিয়ার
দারাশিকো
শাহসুজা
(৬) ঔরংজেব
মুরাদ
মহম্মদ সুলতান
(৭) মুয়াজ্জেম (প্রথম শাহ আলম)
মুহম্মদ আজম
আকবর
কামবক্স
বিদরবখত
(১০) (খ) নকুসিয়ার
(৮) জাহান্দার শাহ্
আজিম-উস্-শান
রফি-উস্-শান
জাহান শাহ্
(১৪) দ্বিতীয় আলমগীর
(৯) ফারুকশিয়ার
(১২) মহম্মদ শাহ্
(১৫) দ্বিতীয় শাহ্ আলম
(১৩) আহম্মদ শাহ্
(১৬) দ্বিতীয় আকবর শাহ্
(১৭) দ্বিতীয় বাহাদুর শাহ্
(১১) রফি-উদ্-দৌলা
(১০) (ক) রফি-উদ্-দরাজাত
মহম্মদ ইব্রাহিম

## ভোঁসলে—ছত্রপতি বংশ


দেবগিরির যাদব বংশ
মালোজী
লখুজী যাদব
জিজাবাঈ = শাহজী = তুকাবাঈ
ভ্যাংকোজী
শম্ভুজী
সহবাঈ = প্রথম শিবাজী = সয়রাবাঈ
যেসুবাঈ = প্রথম শম্ভুজী
তারাবাঈ = রাজারাম = রাজসবাঈ
প্রথম শাহু
তৃতীয় শিবাজী
দ্বিতীয় শম্ভুজী
( কোলাপুর )
রামরাজা
রামরাজা
চতুর্থ শিবাজী
দ্বিতীয় শাহু
শম্ভু
শাহজী
প্রতাপসিংহ
শাহজী রাজা
পঞ্চম শিবাজী
দ্বিতীয় রাজারাম
ষষ্ঠ শিবাজী
শাহু ছত্রপতি

## পেশোয়া-বংশ

বিশ্বনাথ

(১) বালাজী বিশ্বনাথ

(২) প্রথম বাজীরাও — চিমনজী আপ্পা

(২) প্রথম বাজীরাও → (৩) বালাজী বাজীরাও, (৬) রঘুনাথ রাও

(৩) বালাজী বাজীরাও → বিশ্বাস রাও, (৪) মাধব রাও, (৫) নারায়ণ রাও

(৫) নারায়ণ রাও → (৭) মাধব রাও নারায়ণ

(৬) রঘুনাথ রাও → অমৃত রাও, (৯) দ্বিতীয় বাজীরাও, (৮) চিমনজী আপ্পা

(৯) দ্বিতীয় বাজীরাও → নানাসাহেব

## বাংলায় নবাব বংশ

মুর্শিদকুলি খাঁ

কন্যা = সুজাউদ্দৌলা

সরফরাজ খাঁ

* * *

আলিবর্দী খাঁ

( কন্যা ) আমিনা বেগম = জৈন-উদ্দিন

সিরাজদ্দৌলা

* * *

মীরজাফর

(কন্যা) ফতেমা বেগম = মীরকাশিম, নজম্-উদ-দৌলা, সইফুদ্দৌলা

# ব্রিটিশ গভর্ণর ও গভর্ণর জেনারেলগণ

## ( ১৭৭৪—১৮৫৮ খ্রীঃ )

### গভর্ণর

১। লর্ড ক্লাইভ ( ১৭৫৭—১৭৬০ খ্রীঃ, ১৭৬৫—১৭৬৭ খ্রীঃ )
২। ভেরেলেস্ট ( ১৭৬৭—১৭৬৯ খ্রীঃ )
৩। কার্টিয়ার ( ১৭৬৯—১৭৭২ খ্রীঃ )

### গভর্ণর জেনারেলগণ

১। ওয়ারেন হেস্টিংস ( ১৭৭৪—১৭৮৫ খ্রীঃ )
২। স্যার জন ম্যাকফারসন ( ১৭৮৫—১৭৮৬ খ্রীঃ )
৩। লর্ড কর্ণওয়ালিস ( ১৭৮৬—১৭৯৩ খ্রীঃ )
৪। স্যার জন শোর ( ১৭৯৩—১৭৯৮ খ্রীঃ )
৫। স্যার এ ক্লার্ক ( ১৭৯৮ খ্রীঃ )
৬। লর্ড ওয়েলেসলী ( ১৭৯৮—১৮০৫ খ্রীঃ )
৭। লর্ড কর্ণওয়ালিস ( ১৮০৫ খ্রীঃ )
৮। স্যার জন বার্লো ( ১৮০৫—১৮০৭ খ্রীঃ )
৯। লর্ড মিন্টো ( ১৮০৭—১৮১৩ খ্রীঃ )
১০। লর্ড হেস্টিংস ( ১৮১৩—১৮২৩ খ্রীঃ )
১১। স্যার জন এ্যাডাম ( ১৮২৩ খ্রীঃ )
১২। লর্ড আমহার্স্ট ( ১৮২৩—১৮২৮ খ্রীঃ )
১৩। উইলিয়াম বেইল ( ১৮২৮ খ্রীঃ )
১৪। লর্ড উইলিয়াম বেণ্টিক ( ১৮২৮—১৮৩৫ খ্রীঃ )
১৫। লর্ড অকল্যাণ্ড ( ১৮৩৬—১৮৪২ খ্রীঃ )
১৬। লর্ড এলেনবরা ( ১৮৪২—১৮৪৪ খ্রীঃ )
১৭। উইলিয়াম বার্ড ( ১৮৪৪ খ্রীঃ )
১৮। লর্ড হার্ডিং ( ১৮৪৪—১৮৪৮ খ্রীঃ )
১৯। লর্ড ডালহৌসী ( ১৮৪৮—১৮৫৬ খ্রীঃ )
২০। লর্ড ক্যানিং ( ১৮৫৬—১৮৫৮ খ্রীঃ )

# আদর্শ প্রশ্নমালা

## প্রথম অধ্যায়

১। **দুই এক কথায় উত্তর দাও ঃ**

(ক) ভারতের উত্তর সীমান্তে অবস্থিত পর্বতটির নাম কি? (খ) কোন্ পর্বতমালা ভারতবর্ষকে দুইভাগে বিভক্ত করিয়াছে? (গ) ভারতের উত্তর-পশ্চিমে অবস্থিত দুইটি গিরিপথের নাম কর। (ঘ) ভারতের কোন্ অংশকে আর্যাবর্ত এবং কোন্ অংশকে দাক্ষিণাত্য বলে? (ঙ) কে ভারতকে 'নৃতত্ত্বের যাদুঘর' বলিয়া অভিহিত করিয়াছেন? (চ) 'অর্থশাস্ত্র' কে রচনা করেন? (ছ) 'হর্ষচরিত'-এর রচয়িতা কে? (জ) 'রামচরিত কাব্য' কে রচনা করেন? (ঝ) বিহ্লন রচিত গ্রন্থটির নাম কি? (ঞ) বাকপতির রচিত গ্রন্থটির নাম কি? (ট) 'রাজ-তরঙ্গিনী' কে রচনা করেন? (ঠ) মেগাস্থিনিসের রচিত গ্রন্থটির নাম কি? (ড) মেগাস্থিনিস কাহার আমলে ভারতে আসেন? (ঢ) হিউ-এন-সাঙ্ কাহার আমলে ভারতে আসেন? (ণ) 'এলাহাবাদ স্তম্ভলিপি' কে রচনা করেন? (ত) পালি ভাষায় রচিত দুইটি সিংহলী গ্রন্থের নাম কর। (থ) কোন্ উপাদানকে প্রাচীন ভারত ইতিহাসের 'প্রধান নোঙ্গর' বলা হয়? (দ) 'পৃথিরাজ রাসো' গ্রন্থটি কে রচনা করেন? (ধ) 'পেরিপ্লাস অব দি ইরিথ্রিয়ান সী' গ্রন্থটি কোন্ শতকে রচিত হইয়াছিল? (ন) গুপ্তরাজগণের আমলে ভারতে আগত চীনা পরিব্রাজকের নাম কি? (প) 'কিতাব-উল-হিন্দ' গ্রন্থটির রচয়িতা কে? (ফ) মার্কোপোলো কোন্ দেশের পর্যটক? (ব) একজন তিব্বতী ঐতিহাসিকের নাম কর। (ভ) 'হাতীগুম্ফা লিপি' কাহার সম্পর্কে রচিত? (ম) গৌতমীপুত্র সাতকর্ণি সম্পর্কে রচিত লিপির নাম কি? (য) 'গঞ্জামলিপি' কাহার সম্পর্কে লিখিত হইয়াছে?

২। **সংক্ষেপে উত্তর দাও ঃ**

(ক) প্রাচীন ভারতে 'হিন্দুস্থান' বলিতে কোন্ কোন্ অঞ্চলকে বুঝাইত? (খ) প্রাচীন ভারতের প্রাকৃতিক বিভাগ হিসাবে 'সুদূর দক্ষিণ' বলিতে কি বোঝ? (গ) ভারতকে 'পৃথিবীর এক ক্ষুদ্র সংস্করণ' বলা হয় কেন? (ঘ) ভারত ইতিহাসে হিমালয়ের প্রভাব বর্ণনা কর। (ঙ) ভারতের ইতিহাসে নদ-নদী ও সমুদ্রের প্রভাব বর্ণনা কর। (চ) ভারত ইতিহাসে বিন্ধ্য পর্বতের প্রভাব সম্পর্কে লিখ। (ছ) প্রাচীন ভারতের ইতিহাসের উপাদান হিসাবে মুদ্রার গুরুত্ব কিরূপ?

৩। **উত্তর দাও ঃ**

(ক) ভারতীয় উপমহাদেশের ভৌগোলিক বৈশিষ্ট্য আলোচনা কর। (খ) ভারত ইতিহাসে ভৌগোলিক প্রভাব বর্ণনা কর। (গ) ভারতীয় সভ্যতার মূলগত ঐক্য সম্বন্ধে আলোচনা কর। (ঘ) প্রাচীন ভারতের ইতিহাসের উপাদানগুলি বর্ণনা কর।

## দ্বিতীয় অধ্যায়

১। দুই এক কথায় উত্তর দাও :

(ক) হরপ্পা সভ্যতার নিদর্শন কে, কবে আবিষ্কার করেন ? (খ) মহেঞ্জোদরোর ধ্বংসাবশেষ কে আবিষ্কার করেন ? (গ) সিন্ধু উপত্যকা অঞ্চলে আবিষ্কৃত প্রথম শহরটির নাম কি ? (ঘ) হরপ্পা ও মহেঞ্জোদারো নামক শহর দুইটি বর্তমানে কোন্ দেশের অন্তর্গত ? (ঙ) হরপ্পা সভ্যতার সমসাময়িক দুইটি সভ্যতার নাম কর।

২। সংক্ষেপে উত্তর দাও :

(ক) হরপ্পা সভ্যতার প্রাচীনত্ব সম্পর্কে কি জান ? (খ) হরপ্পা সভ্যতার বৈশিষ্ট্যগুলি উল্লেখ কর। (গ) 'মৃতের স্তূপ' বলিতে কি বোঝ ? (ঘ) হরপ্পা সভ্যতার বিস্তৃতি সম্বন্ধে কি জান ? (ঙ) হরপ্পার অধিবাসীদের ধর্ম ও ধর্মবিশ্বাস কিরূপ ছিল ? (চ) বহির্বিশ্বের সঙ্গে হরপ্পার কিরূপ যোগাযোগ ছিল ?

৩। উত্তর দাও :

(ক) প্রস্তর যুগের ক্রমবিকাশ বর্ণনা কর। (খ) হরপ্পা সভ্যতা ও ইহার নগর পরিকল্পনা সম্বন্ধে একটি ইতিহাস লিখ। (গ) হরপ্পার অধিবাসীদের সামাজিক ও অর্থনৈতিক জীবন আলোচনা কর।

## তৃতীয় অধ্যায়

১। দুই এক কথায় উত্তর দাও :

(ক) 'আর্য' শব্দের অর্থ কি ? (খ) কাহারা আর্য নামে পরিচিত ছিল ? (গ) ভারতে আর্যদের আদি বাসস্থান কোথায় ছিল ? (ঘ) আর্যদের প্রাচীনতম সাহিত্য কি ? (ঙ) বেদের অপর নাম কি ? (চ) সর্বাপেক্ষা প্রাচীন বেদ কোন্‌টি ? (ছ) দুইজন বিদুষী আর্যনারীর নাম কর।

২। সংক্ষেপে উত্তর দাও :

(ক) বেদ কত প্রকার ও কি কি ? (খ) ঋগ্বেদ সম্বন্ধে যাহা জান লিখ। (গ) অথর্ববেদ সম্পর্কে একটি টীকা লিখ। (ঘ) সূত্র সাহিত্য বলিতে কি বোঝ ? (ঙ) বেদাঙ্গ কয়টি ও কি কি ? (চ) কল্পসূত্র কত প্রকার ও কি কি ? (ছ) ষড়দর্শন কি কি ? (জ) আর্যসমাজে নারীর স্থান কিরূপ ছিল ? (ঝ) আর্যদের বর্ণবিভাগ সম্বন্ধে কি জান ? (ঞ) চতুরাশ্রম সম্পর্কে একটি টীকা লিখ। (ট) টীকা লিখ : সভা ও সমিতি। (ঠ) আর্য-অনার্য সংমিশ্রণ সম্বন্ধে যাহা জান লিখ। (ড) লৌহযুগের সূচনা সম্পর্কে কি জান ?

৩। উত্তর দাও :

(ক) বৈদিক সাহিত্য সম্বন্ধে যাহা জান লিখ। (খ) আর্যদের সামাজিক জীবন বর্ণনা কর। (গ) আর্যদের অর্থনৈতিক জীবন আলোচনা কর। (ঘ) আর্যদের রাজনৈতিক জীবন সম্বন্ধে যাহা জান লিখ। (ঙ) পরবর্তী বৈদিক যুগে আর্য-সমাজের কিরূপ পরিবর্তন দেখা দিয়াছিল তাহা বর্ণনা কর। (চ) ভারতীয় উপ-মহাদেশে বৈদিক সংস্কৃতির বিস্তার সম্বন্ধে আলোচনা কর।

## চতুর্থ অধ্যায়

১। দুই এক কথায় উত্তর দাও :

(ক) জৈনদের প্রথম তীর্থঙ্করের নাম কি? (খ) জৈনদের ত্রয়োবিংশ তীর্থঙ্কর কে ছিলেন? (গ) কোন্ শব্দ হইতে জৈন নামের উৎপত্তি হইয়াছে? (ঘ) জৈনধর্মের প্রবর্তক কে? (ঙ) বৌদ্ধধর্মের প্রবর্তক কে? (চ) মহাবীরের বাল্য নাম কি ছিল? (ছ) মহাবীর কোথায় জন্মগ্রহণ করিয়াছিলেন? (জ) মহাবীরের পিতার নাম কি? (ঝ) মহাবীরের মাতার নাম কি ছিল? (ঞ) মহাবীর কাহার শিষ্যত্ব গ্রহণ করিয়াছিলেন? (ট) মহাবীর কোথায় দেহত্যাগ করেন? (ঠ) বুদ্ধদেবের পিতার নাম কি? (ড) বুদ্ধদেবের মাতার নাম কি ছিল? (ঢ) বুদ্ধদেব কোথায় জন্মগ্রহণ করেন? (ণ) বুদ্ধদেবের অপর নাম কি ছিল? (ত) বুদ্ধদেবের পুত্রের নাম কি ছিল? (থ) বুদ্ধদেব কোথায় দিব্যজ্ঞান লাভ করিয়াছিলেন? (দ) বুদ্ধদেব প্রথমে কোথায় তাঁহার ধর্মমত প্রচার করেন? (ধ) বুদ্ধদেব কোথায় দেহত্যাগ করেন? (ন) প্রথম বৌদ্ধ সংগীত কোথায় অনুষ্ঠিত হইয়াছিল? (প) বৌদ্ধধর্ম কয়ভাগে বিভক্ত হইয়াছিল ও কি কি?

২। সংক্ষেপে উত্তর দাও :

(ক) প্রতিবাদ আন্দোলন বলিতে কি বোঝ? (খ) কিভাবে জৈন ধর্মের উদ্ভব হয় লিখ। (গ) নির্বাণ কি? (ঘ) মহানিষ্ক্রমণ কি? (ঙ) মহাপরিনির্বাণ কি? (চ) অষ্টমার্গ বলিতে কি বোঝ? (ছ) পঞ্চশীল কি কি? (জ) ত্রিপিটক কি? (ঝ) জাতক বলিতে কি বোঝ?

৩। উত্তর দাও :

(ক) বৈদিক ব্রাহ্মণ্য সংস্কৃতির আধিপত্যের বিরুদ্ধে প্রতিবাদের কারণগুলি বর্ণনা কর। (খ) মহাবীরের জীবনী ও ধর্মমত আলোচনা কর। (গ) গৌতম বুদ্ধের জীবনী ও ধর্মমত আলোচনা কর।

## পঞ্চম অধ্যায়

১। দুই এক কথায় উত্তর দাও :

(ক) প্রসেনজিৎ কে ছিলেন ? (খ) অবন্তী রাজ্যের রাজা কে ছিলেন ? (গ) বৎস রাজ্যের রাজার নাম কি ছিল ? (ঘ) হর্যঙ্কবংশের প্রতিষ্ঠাতা কে ? (ঙ) হর্যঙ্কবংশের কোন্ রাজা 'কুণিক' নামে পরিচিত ছিলেন ? (চ) নন্দবংশের প্রতিষ্ঠাতা কে ? (ছ) নন্দবংশের শেষ রাজা কে ছিলেন ? (জ) মৌর্যবংশের প্রতিষ্ঠাতা কে ? (ঝ) সেলুকাস কে ছিলেন ? (ঞ) অশোক কত খ্রীষ্টাব্দে সিংহাসনে আরোহণ করেন ? (ট) অশোক কত খ্রীষ্টাব্দে কলিঙ্গ বিজয় করেন ? (ঠ) অশোক কাহার নিকট বৌদ্ধধর্মে দীক্ষিত হন ? (ড) কাইরাস কে ছিলেন ? (ঢ) আলেকজাণ্ডার কত খ্রীষ্টাব্দে ভারত আক্রমণ করেন ? (ণ) আলেকজাণ্ডারের ভারত আক্রমণকালে তক্ষশিলার রাজা কে ছিলেন ? (ত) হিদাসপিসের যুদ্ধ কাহাদের মধ্যে হইয়াছিল ? (থ) মিনান্দার কে ছিলেন ? (দ) কুষাণ বংশের শ্রেষ্ঠ রাজা কে ছিলেন ? (ধ) কণিষ্কের রাজধানী কোথায় ছিল ? (ন) সাতবাহন বংশের শ্রেষ্ঠ রাজা কে ছিলেন ? (প) গুপ্তবংশের প্রতিষ্ঠাতা কে ? (ফ) কাহাকে 'ভারতের নেপোলিয়ন' বলা হয় ? (ব) কোন্ গুপ্ত সম্রাট 'শকারি' উপাধি ধারণ করিয়াছিলেন ? (ভ) ফা-হিয়েন কাহার আমলে ভারতে আসেন ? (ম) কোন্ গুপ্ত সম্রাট হূণ আক্রমণ প্রতিরোধ করিয়াছিলেন ? (য) 'বুদ্ধচরিত' কে রচনা করেন ? (র) 'বৃহৎকথা' গ্রন্থটির রচয়িতা কে ? (ল) 'মাধ্যমিক সূত্র' কে রচনা করেন ? (ব) 'আয়ুর্বেদ সংহিতা' কে রচনা করেন ? (শ) মহাকবি কালিদাসের রচিত একটি গ্রন্থের নাম কর। (ষ) 'মৃচ্ছকটিক নাটক' কে রচনা করিয়াছিলেন ? (স) 'মুদ্রা রাক্ষস' নাটকের রচয়িতা কে ? (হ) 'কিরাতার্জুনীয়' কে রচনা করিয়াছিলেন ?

২। সংক্ষেপে উত্তর দাও :

(ক) ষোড়শ মহাজনপদগুলির নাম লিখ। (খ) টীকা লিখ : বিম্বিসার। (গ) টীকা লিখ : অজাতশত্রু। (ঘ) মেগাস্থিনিসের বিবরণ হইতে চন্দ্রগুপ্তের শাসন-ব্যবস্থা সম্পর্কে কতখানি জানা যায় ? (ঙ) টীকা লিখ : কৌটিল্য। (চ) দরায়ুস সম্পর্কে যাহা জান লিখ। (ছ) টীকা লিখ : মিনান্দার। (জ) টীকা লিখ : গান্ধার শিল্প। (ঝ) ফা-হিয়েনের বিবরণ সংক্ষেপে লিখ। (ঞ) দ্বিতীয় চন্দ্রগুপ্তের নবরত্ন সভার নয়জন পণ্ডিতের নাম লিখ।

৩। উত্তর দাও :

(ক) চন্দ্রগুপ্ত মৌর্যের রাজত্বকাল বর্ণনা কর। (খ) চন্দ্রগুপ্ত মৌর্যের শাসন-ব্যবস্থা বর্ণনা কর। (গ) অশোকের ধর্মপ্রচার ও জনহিতকর কার্য বর্ণনা কর। (ঘ) ইতিহাসে অশোকের স্থান নির্ণয় কর। (ঙ) আলেকজাণ্ডারের ভারত আক্রমণ ও ইহার ফলাফল বর্ণনা কর। (চ) মৌর্যযুগের সামাজিক ও অর্থনৈতিক অবস্থার

একটি বিবরণ দাও। (ছ) মৌর্য শিল্পকলা সম্বন্ধে যাহা জান লিখ। (জ) কণিষ্কের কৃতিত্ব আলোচনা কর। (ঝ) গৌতমীপুত্র সাতকর্ণি সম্বন্ধে যাহা জান লিখ। (ঞ) সমুদ্রগুপ্তের রাজ্যজয় ও কৃতিত্ব আলোচনা কর। (ট) দ্বিতীয় চন্দ্রগুপ্তের রাজত্বকাল বর্ণনা কর। (ঠ) গুপ্ত সাম্রাজ্যের পতনের কারণগুলি বর্ণনা কর। (ড) গুপ্তযুগকে 'সুবর্ণ যুগ' বলা হয় কেন?

## ষষ্ঠ অধ্যায়

১। **দুই এক কথায় উত্তর দাও ঃ**

(ক) ভারতে শ্বেত হূণদের নেতা কে ছিলেন? (খ) বাংলার প্রথম সার্বভৌম নরপতি কে ছিলেন? (গ) ভাস্করবর্মণ কোন্ রাজ্যের রাজা ছিলেন? (ঘ) শশাঙ্কের রাজধানী কোথায় ছিল? (ঙ) হর্ষবর্ধন কোন্ বংশের রাজা ছিলেন? (চ) হর্ষবর্ধনের উপাধি কি ছিল? (ছ) 'সকল উত্তর পথ নাথ' কাহাকে বলা হয়? (জ) দক্ষিণ ভারতে হর্ষবর্ধনের প্রধান শত্রু কে ছিলেন? (ঝ) হিউ-এন-সাঙ্ কাহার আমলে ভারতে আসেন? (ঞ) হর্ষবর্ধনের রচিত একটি নাটকের নাম লিখ। (ট) হর্ষবর্ধনের রাজত্বকালে নালন্দা বিশ্ববিদ্যালয়ের অধ্যক্ষ কে ছিলেন? (ঠ) গুর্জর-প্রতিহার বংশের প্রথম রাজা কে ছিলেন? (ড) কোন্ নগরীকে 'মহোদয়শ্রী' বলা হইত? (ঢ) পাল বংশের প্রতিষ্ঠাতা কে? (ণ) পাল বংশের শ্রেষ্ঠ নরপতি কে ছিলেন? (ত) কোন্ পাল সম্রাটের আমলে কৈবর্ত যুদ্ধ হইয়াছিল? (থ) সেন বংশের প্রতিষ্ঠাতা কে? (দ) বিজয় সেনের রাজধানী কোথায় ছিল? (ধ) 'অদ্ভুত সাগর' গ্রন্থটি কে সমাপ্ত করেন? (ন) লক্ষ্মণ সেনের আমলে কোন্ মুসলমান সেনাপতি নদীয়া আক্রমণ করেন? (প) চালুক্য বংশের শ্রেষ্ঠ রাজা কে ছিলেন? (ফ) রাষ্ট্রকূট রাজ্যের প্রতিষ্ঠাতা কে? (ব) কাঞ্চীর পল্লব বংশের প্রতিষ্ঠাতা কে? (ভ) তাঞ্জোরের চোল বংশের প্রথম ঐতিহাসিক রাজা কে ছিলেন? (ম) কোন্ চোল রাজা 'গঙ্গাই কোণ্ড' উপাধি ধারণ করিয়াছিলেন?

২। **সংক্ষেপে উত্তর দাও ঃ**

(ক) হূণ কাহারা? (খ) টীকা লিখ ঃ শশাঙ্ক। (গ) হিউ-এন-সাঙের বিবরণ সংক্ষেপে লিখ। (ঘ) টীকা লিখ ঃ যশোধর্মণ। (ঙ) টীকা লেখ ঃ দ্বিতীয় পুলকেশী। (চ) টীকা লিখ ঃ মাৎস্যন্যায়। (ছ) কৈবর্ত বিদ্রোহ সম্বন্ধে যাহা জান সংক্ষেপে লিখ। (জ) চোল রাজগণের সামুদ্রিক অভিযান সম্পর্কে যাহা জান লিখ।

৩। **উত্তর দাও।**

(ক) শশাঙ্কের নেতৃত্বে গৌড়ের উত্থান বর্ণনা কর। (খ) হর্ষবর্ধনের রাজত্বকাল বর্ণনা কর। (গ) হিউ-এন-সাঙের বিবরণ সম্বন্ধে যাহা জান লিখ। (ঘ) ধর্মপাল ও দেবপালের সংক্ষিপ্ত ইতিহাস লিখ। (ঙ) প্রথম মহীপাল ও রামপাল সম্বন্ধে যাহা

জান লিখ। (চ) ত্রিশক্তি সংঘর্ষ বর্ণনা কর। (ছ) বিজয় সেনের রাজত্বকাল বর্ণনা কর। (জ) লক্ষ্মণ সেনের একটি সংক্ষিপ্ত বিবরণ দাও। (ঝ) বাদামীর চালুক্য বংশের একটি সংক্ষিপ্ত ইতিহাস লিখ। (ঞ) রাষ্ট্রকূট বংশের একটি সংক্ষিপ্ত বিবরণ দাও। (ট) কাঞ্চীর পল্লব বংশের একটি সংক্ষিপ্ত ইতিহাস লিখ। (ঠ) তাঞ্জোরের চোল বংশের একটি বিবরণ দাও।

## সপ্তম অধ্যায়

**১। দুই এক কথায় উত্তর দাও ঃ**

(ক) 'ন্যায় কন্দলী' গ্রন্থটি কে রচনা করেন ? (খ) 'হোরা শাস্ত্র' কে রচনা করেন ? (গ) 'সহজিয়া' গ্রন্থ কাহাদের রচিত ? (ঘ) কাহাকে বাংলা সাহিত্যের আদিম উৎস বলা হয় ? (ঙ) 'আয়ুর্বেদ দীপিকা' কাহার রচনা ? (চ) পাল যুগের সর্বাপেক্ষা বৃহৎ বিহারের নাম কি ? (ছ) পাল যুগে কোন্ বাঙালী পণ্ডিত তিব্বতে গমন করিয়াছিলেন ? (জ) পাল যুগের দুইজন শিল্পীর নাম কর। (ঝ) 'গীতগোবিন্দ' কে রচনা করেন ? (ঞ) 'পবন-দূত' গ্রন্থটির রচয়িতা কে ? (ট) 'পিতৃদয়িতা' গ্রন্থখানি কে লিখিয়াছিলেন ? (ঠ) বল্লাল সেনের রচিত একটি গ্রন্থের নাম কর। (ড) 'ব্রাহ্মণ সর্বস্ব' গ্রন্থটির রচয়িতা কে ? (ঢ) 'আর্যসপ্তশতি' গ্রন্থটি কে রচনা করেন ? (ণ) দাক্ষিণাত্যের শৈব প্রচারকদের কি বলা হইত ? (ত) অদ্বৈতবাদের প্রচারক কে ছিলেন ? (থ) 'বিশিষ্টাদ্বৈতবাদ' মতবাদের প্রচারক কে ছিলেন ? (দ) 'রত্নমালিকা' গ্রন্থের রচয়িতা কে ? (ধ) 'কাব্যাদর্শ' কে রচনা করেন ? (ন) 'মিতাক্ষরা' গ্রন্থের রচয়িতা কে ? (প) 'প্রবোধ চন্দ্রোদয়' নাটকটি কে রচনা করিয়াছিলেন ? (ফ) কৈলাসনাথের মন্দির কোথায় অবস্থিত ? (ব) পুরীর জগন্নাথদেবের মন্দির কাহার আমলে নির্মিত হয় ? (ভ) বরোবুদুরের মন্দির কোথায় অবস্থিত ?

**২। সংক্ষেপে উত্তর দাও ঃ**

টীকা লিখ ঃ (ক) চর্যাপদ। (খ) নালন্দা বিশ্ববিদ্যালয়। (গ) শঙ্করাচার্য। (ঘ) রামানুজ। (ঙ) পল্লব শিল্প। (চ) উড়িষ্যা শিল্প। (ছ) আংকোরভাট। (জ) বরোবুদুর।

**৩। উত্তর দাও ঃ**

(ক) পাল ও সেন যুগের সামাজিক ও অর্থনৈতিক অবস্থা বর্ণনা কর। (খ) পাল ও সেন যুগের সংস্কৃতি সম্বন্ধে যাহা জান লিখ। (গ) চালুক্য, রাষ্ট্রকূট, পল্লব ও চোল শিল্পের একটি বিবরণ দাও। (ঘ) বহির্বিশ্বের সহিত ভারতের বাণিজ্যিক ও সাংস্কৃতিক সংযোগ সম্বন্ধে যাহা জান লিখ।

# মধ্যযুগ

## প্রথম অধ্যায়

১। দুই এক কথায় উত্তর দাও ঃ

(ক) ভারত ইতিহাসের মধ্যবর্তী যুগকে কি নামে অভিহিত করা হয় ?

(খ) ভারতবর্ষে কখন মধ্যযুগ শুরু হয় ?

২। সংক্ষেপে উত্তর দাও ঃ

টীকা লিখ ঃ (ক) মধ্যযুগের ভারত।

৩। উত্তর দাও ঃ

(ক) ভারত ইতিহাসের মধ্যবর্তী যুগকে 'মুসলিম যুগ' না বলিয়া 'মধ্যযুগের ভারত' বলিবার কারণ কি ?

## দ্বিতীয় অধ্যায়

১। দুই এক কথায় উত্তর দাও ঃ

(ক) অল্‌বিরুণী রচিত গ্রন্থটির নাম কি ? (খ) 'তারিখ-ই-ফিরোজশাহী' গ্রন্থটি কে রচনা করেন ? (গ) 'তাজ-উল্‌-মাসির' গ্রন্থটি কে রচনা করেন ? (ঘ) 'তারিখ-ই-মুবারক-শাহী' কে রচনা করেন ? (ঙ) মধ্যযুগে ভারতে আগত ইটালীর একজন পর্যটকের নাম কর। (চ) বাহমনী রাজ্যের ইতিহাস কোন্ পর্যটকের বিবরণ হইতে জানা যায় ?

২। সংক্ষেপে উত্তর দাও ঃ

টীকা লিখ ঃ (ক) ইবন্‌বতুতা। (খ) ফা-হিয়েন। (গ) তবাকাত-ই-নাসিরী।

৩। উত্তর দাও ঃ

(ক) সুলতানী যুগের ইতিহাসের উপাদানগুলি বর্ণনা কর।

## তৃতীয় অধ্যায়

১। দুই এক কথায় উত্তর দাও ঃ

(ক) আরবগণ কত খ্রীষ্টাব্দে সিন্ধু বিজয় করে ? (খ) দাহির কে ছিলেন ? (গ) ইরাকের মুসলিম শাসনকর্তার নাম কি ছিল ?

২। সংক্ষেপে উত্তর দাও ঃ

টীকা লিখ ঃ (ক) আরবদের সিন্ধু বিজয়ের প্রভাব। (খ) মহম্মদ-বিন-কাশিম।

৩। উত্তর দাও ঃ

(ক) আরবদের সিন্ধু বিজয় বর্ণনা কর।

## চতুর্থ অধ্যায়

১। দুই এক কথায় উত্তর দাও ঃ

(ক) গজনী রাজ্যের প্রতিষ্ঠাতা কে ছিলেন ? (খ) সবুক্তগীন কত খ্রীষ্টাব্দে গজনীর সিংহাসনে আরোহণ করেন ? (গ) সুলতান মামুদ কে ছিলেন ? (ঘ) সুলতান মামুদ কত খ্রীষ্টাব্দে গজনীর সিংহাসনে আরোহণ করেন ? (ঙ) সুলতান মামুদ কত খ্রীষ্টাব্দে মুলতান আক্রমণ করেন ? (চ) 'শাহনামা'র রচয়িতা কে ?

২। সংক্ষেপে উত্তর দাও ঃ

টীকা লিখ ঃ (ক) আনন্দ পাল। (খ) অল্‌বিরুণী।

৩। উত্তর দাও ঃ

(ক) মুসলমান আক্রমণের পূর্বে উত্তর ও পশ্চিম ভারতের অবস্থা কিরূপ ছিল লিখ। (খ) সুলতান মামুদের ভারত আক্রমণ ও ইহার ফলাফল বর্ণনা কর।

## পঞ্চম অধ্যায়

১। দুই এক কথায় উত্তর দাও ঃ

(ক) দিল্লীর সুলতানী কত খ্রীষ্টাব্দে প্রতিষ্ঠিত হয় ? (খ) দাস বংশের প্রতিষ্ঠাতা কে ? (গ) তরাইনের প্রথম যুদ্ধ কত খ্রীষ্টাব্দে হইয়াছিল ? (ঘ) তরাইনের দ্বিতীয় যুদ্ধে কে জয়ী হন ? (ঙ) কুতুব উদ্দিনের তুর্কী সেনাপতির নাম কি ছিল ? (চ) দাস বংশের যোগ্যতম সুলতান কে ছিলেন ?

২। সংক্ষেপে উত্তর দাও ঃ

টীকা লিখ ঃ (ক) তরাইনের প্রথম যুদ্ধ। (খ) রিজিয়া।

৩। উত্তর দাও ঃ

(ক) কুতুবউদ্দিনের রাজত্বকাল বর্ণনা কর। (খ) ইলতুৎমিসের কৃতিত্ব আলোচনা কর। (গ) গিয়াসউদ্দিন বলবনের কৃতিত্ব আলোচনা কর।

## ষষ্ঠ অধ্যায়

১। দুই এক কথায় উত্তর দাও ঃ

(ক) খল্‌জী বংশের প্রতিষ্ঠাতা কে ? (খ) খল্‌জী বংশের শ্রেষ্ঠ সুলতান কে ? (গ) আলাউদ্দিন খল্‌জী কত খ্রীষ্টাব্দে সিংহাসনে আরোহণ করেন ? (ঘ) মালিক কাফুর কে ছিলেন ? (ঙ) দিল্লীর আলাই দরওয়াজা কাহার আমলে নির্মিত হয় ?

২। সংক্ষেপে উত্তর দাও ঃ

(ক) টীকা লিখ ঃ মালিক কাফুর। (খ) আলাউদ্দিন খল্‌জীর অর্থনৈতিক ব্যবস্থা বর্ণনা কর।

৩। উত্তর দাও ঃ

(ক) আলাউদ্দিন খল্‌জীর রাজ্যবিস্তার বর্ণনা কর। (খ) আলাউদ্দিন খল্‌জীর শাসন-ব্যবস্থা ও অর্থনৈতিক ব্যবস্থা আলোচনা কর।

## সপ্তম অধ্যায়

১। দুই এক কথায় উত্তর দাও ঃ

(ক) তুঘলক বংশের প্রতিষ্ঠাতা কে? (খ) দিল্লীর কোন্ সুলতানকে 'পাগলা রাজা' বলা হইত? (গ) দিল্লীর কোন্ সুলতান তাম্রমুদ্রা প্রচলন করিয়াছিলেন? (ঘ) ইবন বতুতা কাহার আমলে ভারতে আসেন? (ঙ) ফিরোজ তুঘলক কত খ্রীষ্টাব্দে সিংহাসনে আরোহণ করেন? (চ) কাহার আমলে তুঘলক বংশের পতন ঘটে?

২। সংক্ষেপে উত্তর দাও ঃ

(ক) টীকা লিখ ঃ মহম্মদ-বিন-তুঘলকের চরিত্র। (গ) মহম্মদ-বিন-তুঘলকের একটি পরিকল্পনা বর্ণনা কর।

৩। উত্তর দাও ঃ

(ক) মহম্মদ-বিন-তুঘলকের খামখেয়ালী কার্যাবলী বর্ণনা কর। (খ) ফিরোজ তুঘলকের সংস্কারগুলি বর্ণনা কর।

## অষ্টম অধ্যায়

১। দুই এক কথায় উত্তর দাও ঃ

(ক) কাহার আমলে তৈমুর লঙ ভারত আক্রমণ করেন? (খ) সৈয়দ বংশের প্রতিষ্ঠাতা কে? (গ) লোদী বংশের প্রতিষ্ঠাতা কে? (ঘ) লোদী বংশের শেষ সুলতান কে?

২। সংক্ষেপে উত্তর দাও ঃ

(ক) তৈমুর লঙ্-এর ভারত আক্রমণের ফলাফল বর্ণনা কর। (খ) টীকা লিখ ঃ ইব্রাহিম লোদী।

৩। উত্তর দাও ঃ

(ক) তৈমুর লঙের ভারত আক্রমণ ও ইহার ফলাফল বর্ণনা কর। (খ) সৈয়দ ও লোদী বংশের সংক্ষিপ্ত পরিচয় দাও।

## নবম অধ্যায়

১। দুই এক কথায় উত্তর দাও ঃ

(ক) হোসেনশাহী বংশের প্রথম সুলতান কে? (খ) নুসরৎ শাহ কত খ্রীষ্টাব্দে সিংহাসনে আরোহণ করেন? (গ) হোসেন শাহের সেনাপতির নাম কি? (ঘ) হোসেন শাহ কাহাকে 'গুণরাজ খাঁ' উপাধিতে ভূষিত করিয়াছেন? (ঙ) 'মনসামঙ্গল' কে রচনা করেন? (চ) বাহমনী বংশের প্রতিষ্ঠাতা কে? (ছ) মামুদ গাওয়ান কে ছিলেন? (জ) 'এ ফরগটন এম্পায়ার' গ্রন্থটি কে রচনা করেন? (ঝ) সঙ্গম

বংশের শ্রেষ্ঠ নরপতি কে ছিলেন ? (ঞ) 'আমুক্ত মাল্যদা' গ্রন্থটি কে রচনা করেন ? (ট) বিজয়নগর রাজ্যের শ্রেষ্ঠ নরপতি কে ছিলেন ?

২। সংক্ষেপে উত্তর দাও ঃ

(ক) টীকা লিখ ঃ মা-হুয়ান। (খ) টীকা লিখ ঃ মামুদ গাওয়ান। (গ) বিজয়নগর রাজ্যে সাহিত্যের কিরূপ উন্নতি হইয়াছিল লিখ।

৩। উত্তর দাও ঃ

(ক) ইলিয়াস শাহী বংশের একটি সংক্ষিপ্ত ইতিহাস লিখ। (খ) আলাউদ্দিন হোসেন শাহের কৃতিত্ব আলোচনা কর। (গ) বাহমনী রাজ্যের একটি সংক্ষিপ্ত ইতিহাস লিখ। (ঘ) কৃষ্ণদেব রায়ের কৃতিত্ব আলোচনা কর। (ঙ) বিজয়নগর রাজ্যের শাসন-ব্যবস্থা বর্ণনা কর। (চ) বিজয়নগর রাজ্যের সাংস্কৃতিক অবস্থা বর্ণনা কর।

### দশম অধ্যায়

১। দুই এক কথায় উত্তর দাও ঃ

(ক) রামানন্দের শিষ্যগণের মধ্যে সর্বাপেক্ষা উল্লেখযোগ্য ছিলেন কে ? (খ) 'দোঁহা' কে রচনা করিয়াছেন ? (গ) গৌড়ীয় বৈষ্ণব ধর্মের প্রবর্তক কে ? (ঘ) কত খ্রীষ্টাব্দে শ্রীচৈতন্যের আবির্ভাব ঘটে ? (ঙ) 'অষ্ট বিংশতি তত্ত্ব' কে রচনা করেন ? (চ) শিখ ধর্মের প্রবর্তক কে ? (ছ) দুইজন সুফী সন্তের নাম কর। (জ) মধ্যযুগের ভারতে ফার্সী ভাষায় শ্রেষ্ঠ কবি কে ছিলেন ? (ঝ) 'পদ্মাবৎ' কাব্য কে রচনা করিয়াছিলেন ? (ঞ) কাহাকে 'কাশ্মীরের আকবর' বলা হইত ?

২। সংক্ষেপে উত্তর দাও ঃ

(ক) টীকা লিখ ঃ ভক্তিবাদ (খ) টীকা লিখ ঃ সুফীবাদ। (গ) কবীর সম্বন্ধে যাহা জান লিখ। (ঘ) নামদেব সম্বন্ধে কি জান ?

৩। উত্তর দাও ঃ

(ক) সুলতানী আমলে হিন্দুধর্ম ও ইসলামের পারস্পরিক প্রভাব বর্ণনা কর। (খ) ভক্তিবাদ আন্দোলনে শ্রীচৈতন্য ও নানকের অবদান বর্ণনা কর। (গ) সুলতানী যুগের শিল্প, সংস্কৃতি ও সাহিত্য সম্বন্ধে যাহা জান লিখ।

## মুঘল যুগ

### প্রথম অধ্যায়

১। দুই এক কথায় উত্তর দাও ঃ

(ক) 'হুমায়ুন নামা' কে রচনা করিয়াছিলেন ? (খ) 'আইন-ই-আকবরী' গ্রন্থের রচয়িতা কে ? (গ) 'আকবর নামা' গ্রন্থটি কে লিখিয়াছিলেন ? (ঘ) 'পাদশাহ নামা' গ্রন্থটি কে রচনা করেন ? (ঙ) রিয়াস-আস-সালাতিন গ্রন্থটির রচয়িতা কে ?

২। সংক্ষেপে উত্তর দাও ঃ

(ক) মুঘল যুগে ভারতে আগত কয়েকজন পর্যটকের নাম কর।

৩। উত্তর দাও ঃ

(ক) মুঘল যুগের ইতিহাসের উপাদানগুলি বর্ণনা কর।

## দ্বিতীয় অধ্যায়

১। দুই এক কথায় উত্তর দাও ঃ

(ক) ভারতে মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা কে? (খ) পাণিপথের প্রথম যুদ্ধ কত খ্রীষ্টাব্দে হইয়াছিল? (গ) খানুয়ার যুদ্ধ কাহাদের মধ্যে হইয়াছিল? (ঘ) চৌসার যুদ্ধ কাহাদের মধ্যে হইয়াছিল? (ঙ) শেরশাহের হিন্দু সেনাপতির নাম কি? (চ) কাহাকে মুঘল সাম্রাজ্যের প্রকৃত প্রতিষ্ঠাতা বলা হয়? (ছ) পাণিপথের দ্বিতীয় যুদ্ধ কত খ্রীষ্টাব্দে হইয়াছিল? (জ) হলদিঘাটের যুদ্ধ কাহাদের মধ্যে হইয়াছিল? (ঝ) 'দীন-ই-ইলাহী' ধর্মের প্রবর্তক কে? (ঞ) টোডরমল কে ছিলেন? (ট) কোন্ মুঘল সম্রাটের দরবারে স্যার টমাস রো ইংরাজ-দূত হিসাবে আগমন করিয়াছিলেন? (ঠ) শাহ্‌জাহান কাহাকে দিয়া ময়ূর সিংহাসন নির্মাণ করান? (ড) ঔরংজেব কত খ্রীষ্টাব্দে মারা যান? (ঢ) ঔরংজেবের আমলে বুন্দেলখণ্ডের রাজা কে ছিলেন? (ণ) শিবাজী কোথায় জন্মগ্রহণ করেন? (ত) শিবাজীর অভিভাবক কে ছিলেন? (থ) আফজল খাঁ কে ছিলেন? (দ) পুরন্দরের সন্ধি (১৬৬৫ খ্রীঃ) কাহাদের মধ্যে হইয়াছিল? (ধ) শিবাজীর উপাধি কি ছিল? (ন) ইউরোপীয় বণিকদের মধ্যে কাহারা প্রথমে ভারতে আগমন করে? (প) ভারতে আগমনকারী পর্তুগীজ বণিকদের পথিকৃৎ কে ছিলেন? (ফ) ভাস্কো-ডা-গামা কত খ্রীষ্টাব্দে ভারতে আগমন করেন? (ব) ইংরাজ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী কত খ্রীষ্টাব্দে গঠিত হয়? (ভ) কে এবং কবে কলিকাতা নগরীর পত্তন করেন? (ম) ভারতে ফরাসীদের প্রথম বাণিজ্য কুঠি কোথায় স্থাপিত হয়?

২। সংক্ষেপে উত্তর দাও ঃ

(ক) পাণিপথের প্রথম যুদ্ধ কবে এবং কাহাদের মধ্যে হইয়াছিল? এই যুদ্ধে কে জয়লাভ করেন? (খ) খানুয়ার যুদ্ধ কবে এবং কাহাদের মধ্যে সংঘটিত হয়? এই যুদ্ধে কে জয়ী হন? (গ টীকা লিখ ঃ তুজক-ই বাবরী। (ঘ পাণিপথের দ্বিতীয় যুদ্ধ কবে এবং কাহাদের মধ্যে হইয়াছিল? এই যুদ্ধে কে জয়লাভ করেন? (ঙ) টীকা লিখ ঃ রাণা প্রতাপ। (চ) হলদিঘাটের যুদ্ধ কবে এবং কাহাদের মধ্যে হইয়াছিল? এই যুদ্ধে কে জয়লাভ করেন? (ছ) টীকা লিখ ঃ দীন-ই-ইলাহী। (জ) টীকা লিখ ঃ নূরজাহান। (ঝ) জায়গীর প্রথা ও মনসবদারী প্রথা কি? (ঞ) আকবরের নবরত্ন সভার নয়জন রত্নের নাম কর। (ট) শাহ্‌জাহানের শেষ

জীবন সম্বন্ধে কি জান ? (ঠ) পুরন্দরের সন্ধি ( ১৬৬৫ ) কাহাদের মধ্যে হইয়াছিল ? এই সন্ধির শর্তগুলি কি ছিল ? (ড) টীকা লিখ ঃ অষ্ট প্রধান। (ঢ) ঔরংজেবের সামরিক শাসন-ব্যবস্থার সংক্ষিপ্ত পরিচয় দাও। (ণ) টীকা লিখ ঃ জব চার্ণক।

৩। **উত্তর দাও ঃ**

(ক) বাবরের রাজত্বকাল বর্ণনা কর। (খ) শেরশাহের শাসন-ব্যবস্থা আলোচনা কর। (গ) আকবরের সাম্রাজ্য বিস্তার বর্ণনা কর। (ঘ) আকবরের রাজপুত ও হিন্দুনীতি আলোচনা কর। (ঙ) আকবরের শাসন-ব্যবস্থা বর্ণনা কর। (চ) আকবরের ধর্মনীতি আলোচনা কর। (ছ) ইংরাজ বণিকদের প্রতি জাহাঙ্গীর ও শাহ জাহানের নীতি আলোচনা কর। (জ) শাহ্‌জাহানের রাজত্বকালের জাঁকজমক ও শিল্পানুরাগ বর্ণনা কর। (ঝ) ঔরংজেবের দাক্ষিণাত্য নীতি আলোচনা কর। (ঞ) ঔরংজেবের শাসন-ব্যবস্থা বর্ণনা কর। (ট) শাসক হিসাবে ঔরংজেব কতখানি কৃতিত্ব অর্জন করিয়াছেন, তাহা লিখ। (ঠ) শিবাজীর জীবনী আলোচনা কর। (ড) শিবাজীর শাসন-ব্যবস্থা বর্ণনা কর। (ঢ) শিবাজীর সামরিক ব্যবস্থা বর্ণনা কর। (ণ) মুঘল যুগে ইউরোপীয় বাণিজ্য কোম্পানীগুলির কার্যকলাপ বর্ণনা কর।

## তৃতীয় অধ্যায়

১। **দুই এক কথায় উত্তর দাও ঃ**

(ক) মুঘল যুগে সম্রাটের পারিবারিক বিষয়ের ভারপ্রাপ্ত কর্মচারীকে কি বলা হইত ? (খ) মুঘল যুগে যে সব রাজ-কর্মচারী ধর্মবিষয়ে তত্ত্বাবধান করিতেন তাঁহাদের কি উপাধি ছিল ? (গ) মুঘল যুগে দুর্নীতি দমনের দায়িত্ব কাহাদের উপর ছিল ? (ঘ) মুঘল যুগে শহরের শান্তিশৃঙ্খলার ভার কাহাদের উপর ছিল ? (ঙ) আকবরের আমলে সাম্রাজ্য কয়টি সুবায় বিভক্ত ছিল ? (চ) জাহাঙ্গীরের আমলে মুঘল সাম্রাজ্য কয়টি সুবায় বিভক্ত ছিল ? (ছ) ঔরংজেবের রাজত্বকালে মুঘল সাম্রাজ্যে কয়টি সুবা ছিল ? (জ) মুঘল যুগে সুবার শাসনকর্তাকে কি বলা হইত ? (ঝ) মুঘল যুগে আবাদী জমি কয় শ্রেণীতে বিভক্ত ছিল ও কি কি ? (ঞ) মুঘল যুগে বাংলার রাজস্ব-ব্যবস্থাকে কি নামে অভিহিত করা হইত ? (ট) মুঘল যুগে উত্তর ভারতের রাজস্ব-ব্যবস্থার নাম কি ছিল ? (ঠ) মুঘল যুগে কাশ্মীরে প্রচলিত রাজস্ব-ব্যবস্থার নাম কি ছিল ? (ড) মুঘল যুগের দুইটি প্রধান বস্ত্র শিল্প কেন্দ্রের নাম কর। (ঢ) হুমায়ুনের সমাধি মন্দির কে নির্মাণ করিয়াছিলেন ? (ণ) টে-ভার্নিয়ে কোন্ মুঘল সম্রাটের আমলে ভারতে আসেন ? (ত) ইৎমাৎ উদ্দৌলার সমাধি কে নির্মাণ করিয়াছিলেন ? (থ) তাজমহল কে নির্মাণ করেন ? (দ) ময়ূর সিংহাসন কে নির্মাণ করেন ? (ধ) কোন স্থপতি তাজমহলের পরিকল্পনা করেন ? (ন) মুঘল যুগের দুইজন বিখ্যাত চিত্রশিল্পীর নাম কর। (প) মুঘল যুগের

দুইজন ঐতিহাসিকের নাম কর। (ফ) 'রামচরিত মানস' কে রচনা করিয়াছিলেন? (ব) 'শ্রীচৈতন্য চরিতামৃত' গ্রন্থটি কে রচনা করেন? (ভ) 'রজম নামা' কি? (ম) হুমায়ুনের ভ্রাতা কামরানের রচিত গ্রন্থটির নাম কি? (য) দারাশিকো রচিত একটি বিখ্যাত গ্রন্থের নাম কর। (র) কাফি খাঁর আসল নাম কি ছিল? (ল) 'সুরসাগর' গ্রন্থটি কে রচনা করেন? (ব) রামদাস স্বামী রচিত গ্রন্থটির নাম কি? (শ) তুকারামের ভক্তিমূলক সঙ্গীতকে কি নামে অভিহিত করা হয়? (ষ) 'শ্রীচৈতন্য ভাগবত' কে রচনা করেন? (স) শ্রীচৈতন্য মঙ্গল-এর রচয়িতা কে? (হ) 'ভক্তি রত্নাকর' গ্রন্থটি কে রচনা করেন?

২। **সংক্ষেপে উত্তর দাও ঃ**

(ক) মুঘল যুগের রাষ্ট্রীয় ঐক্য সম্বন্ধে কি জান? (খ) মুঘল যুগে কেন্দ্রীয় শাসন কার্যে নিযুক্ত কয়েকজন উচ্চপদস্থ রাজকর্মচারীর নাম উল্লেখ কর। (গ) মুঘল যুগের রাজস্বব্যবস্থা কিরূপ ছিল? (ঘ) মুঘল যুগের জায়গীরদারগণের সম্বন্ধে যাহা জান লিখ। (ঙ) বিদেশীদের দৃষ্টিতে মুঘল যুগের শাসক সমাজ কিরূপ ছিল? (চ) মুঘল যুগের বিভিন্ন শিল্প ও শিল্পকেন্দ্রগুলির নাম উল্লেখ কর। (ছ) মুঘল যুগে আগত ইউরোপীয় বণিক শ্রেণীর সংক্ষিপ্ত পরিচয় দাও। (জ) আকবরের রাজত্বকালের স্থাপত্য শিল্প সম্বন্ধে যাহা জান লিখ। (ঝ) সম্রাট শাহ্‌জাহানের আমলের স্থাপত্য শিল্পের একটি সংক্ষিপ্ত পরিচয় দাও। (ঞ) মুঘল যুগের চিত্রকলা সম্বন্ধে সংক্ষিপ্ত বিবরণ দাও। (ট) মুঘল যুগের সাহিত্য সংক্ষেপে বর্ণনা কর। (ঠ) মুঘল যুগে ইতিহাস রচনা সম্পর্কে কি জান? (ড) টীকা লিখ ঃ মুঘল যুগের সঙ্গীত শিল্প। (ঢ) মুঘল যুগে বাংলা সাহিত্যের কিরূপ উন্নতি হইয়াছিল? (ণ) টীকা লিখ ঃ রাজপুত ও কাংড়া চিত্রকলা। (ত) মুঘল যুগে হিন্দি সাহিত্যের কিরূপ উন্নতি ঘটে? (থ) মুঘল যুগে উর্দু সাহিত্যের কিরূপ উন্নতি হইয়াছিল?

৩। **উত্তর দাও ঃ**

(ক) মুঘল যুগের রাজনৈতিক জীবন সম্বন্ধে যাহা জান লিখ। (খ) মুঘল যুগের অর্থনৈতিক অবস্থা বর্ণনা কর। (গ) মুঘল যুগের শিল্প, স্থাপত্য ও সাহিত্য সম্বন্ধে আলোচনা কর। (ঘ) মুঘল যুগের আঞ্চলিক সংস্কৃতি সম্বন্ধে একটি বিবরণ দাও।

# ভারতের ইতিহাস (১৭০৭-১৮৫৭ খ্রীঃ)

## প্রথম অধ্যায়

১। **দুই এক কথায় উত্তর দাও ঃ**

(ক) শেষ পরাক্রান্ত মুঘল সম্রাট কে ছিলেন? (খ) শিখগুরু তেগ বাহাদুরকে কে হত্যা করিয়াছিলেন? (গ) ঔরংজেবের রাজত্বকালে উত্তর-পশ্চিম সীমান্তে কোন্ কোন্ উপজাতি সংঘর্ষ সৃষ্টি করিয়াছিল? (ঘ) ঔরংজেবের আমলে

বিদ্রোহী জাঠ নেতার নাম কি ছিল ? (ঙ) ছত্রশাল কে ছিলেন ? (চ) সৎনামী বিদ্রোহ কত খ্রীষ্টাব্দে হইয়াছিল ? (ছ) ঔরংজেবের পর কে দিল্লীর সিংহাসনে আরোহণ করেন ? (জ) পরবর্তী মুঘল সম্রাটদের আমলে সুন্নী সম্প্রদায় ভুক্ত তুরাণীদের দলপতি কে ছিলেন ? (ঝ) পরবর্তী মুঘল সম্রাটদের আমলে শিয়া সম্প্রদায়ভুক্ত ইরাণীদের দলপতি কে ছিলেন ? (ঞ) পরবর্তী মুঘল সম্রাটদের আমলে হিন্দুস্থানী দলের দুইজন নেতার নাম কর। (ট) মহম্মদ শাহ কত খ্রীষ্টাব্দে মুঘল সিংহাসনে আরোহণ করেন ? (ঠ) মহম্মদ শাহ কত বৎসর রাজত্ব করিয়াছিলেন ? (ড) শেষ মুঘল সম্রাট কে ছিলেন ? (ঢ) নাদির শাহ্ কত খ্রীষ্টাব্দে ভারত আক্রমণ করিয়াছিলেন ? (ণ) আহম্মদ শাহ কত খ্রীষ্টাব্দে ভারত আক্রমণ করেন ?

**২। সংক্ষেপে উত্তর দাও ঃ**

(ক) ঔরংজেবের আমলে উত্তর-পশ্চিম সীমান্তে সংঘটিত উপজাতি সংঘর্ষ সংক্ষেপে বর্ণনা কর। (খ) ঔরংজেবের আমলে সংঘটিত জাঠ বিদ্রোহ বর্ণনা কর। (গ) সৎনামী সম্প্রদায় সম্বন্ধে কি জান ? (ঘ) ঔরংজেবের আমলে সংঘটিত শিখ বিদ্রোহ সংক্ষেপে বর্ণনা কর। (ঙ) জায়গীর প্রথার কুফল সম্পর্কে কি জান ? (চ) টীকা লিখ ঃ সৈয়দ ভ্রাতৃদ্বয়। (ছ) টীকা লিখ ঃ তুরাণী ও ইরাণী দল। (জ) ফারুকশিয়ার সম্বন্ধে যাহা জান লিখ। (ঝ) নাদির শাহের ভারত আক্রমণের ফলাফল বর্ণনা কর। (ঞ) আহম্মদ শাহ আবদালীর ভারত আক্রমণ সংক্ষেপে বর্ণনা কর।

**৩। উত্তর দাও ঃ**

(ক) মুঘল সাম্রাজ্যের পতনের জন্য ঔরংজেব কতখানি দায়ী ছিলেন তাহা আলোচনা কর। (খ) ঔরংজেবের আমলে সংঘটিত উপজাতি সংঘর্ষ বর্ণনা কর। (গ) ঔরংজেবের আমলে সংঘটিত জাঠ, বুন্দেলা ও সৎনামী বিদ্রোহ বর্ণনা কর। (ঘ) ঔরংজেবের সঙ্গে শিখদের বিরোধিতা সম্বন্ধে যাহা জান লিখ। (ঙ) অর্থ সংকট মুঘল সাম্রাজ্যের পতনোন্মুখতার জন্য কতখানি দায়ী তাহা আলোচনা কর। (চ) ঔরংজেবের উত্তরাধিকারীগণের দুর্বলতা এবং মুঘল দরবারে দলাদলি প্রবণতা মুঘল সাম্রাজ্যের কিভাবে পতন ঘটাইয়াছিল তাহা বর্ণনা কর। (ছ) নাদির শাহের ভারত আক্রমণ ও ইহার ফলাফল বর্ণনা কর। (জ) মুঘল সাম্রাজ্যের পতনের বিভিন্ন কারণগুলি বর্ণনা কর।

## দ্বিতীয় অধ্যায়

**১। দুই এক কথায় উত্তর দাও ঃ**

(ক) মুর্শিদকুলি খাঁ কে ছিলেন ? (খ) মুর্শিদকুলি খাঁ কত খ্রীষ্টাব্দে বাংলার দেওয়ান ও শাসনকর্তা নিযুক্ত হন ? (গ) 'তারিখ-ই-বাংলা' গ্রন্থের রচয়িতা কে ? (ঘ) মুর্শিদকুলি খাঁ কত খ্রীষ্টাব্দে মারা যান ? (ঙ) সুজাউদ্দৌলা কে ছিলেন ? (চ) কত খ্রীষ্টাব্দে সুজাউদ্দৌলার মৃত্যু হয় ? (ছ) সুজাউদ্দৌলার পর কে বাংলার নবাব হইয়াছিলেন ? (জ) ঘেরিয়ার যুদ্ধ কাহাদের মধ্যে হইয়াছিল ? (ঝ)

আলিবর্দী খাঁ কত খ্রীষ্টাব্দে বাংলার নবাব হইয়াছিলেন ? (ঞ) কত খ্রীষ্টাব্দে আলিবর্দী খাঁর মৃত্যু হয় ? (ট) আলিবর্দী খাঁর পর কে বাংলার নবাব হন ? (ঠ) নিজাম-উল্-মুল্‌ক্-এর আসল নাম কি ছিল ? (ড) নিজাম-উল-মুল্‌ক্ কে ছিলেন ? (ঢ) হায়দর আলি কে ছিলেন ? (ণ) শিখদের পঞ্চম গুরুর নাম কি ? (ত) শিখদের ধর্ম গ্রন্থের নাম কি ? (থ) শিখদের দশম ও শেষ গুরু কে ছিলেন ? (দ) শিখদের খালসা বাহিনী কে গঠন করেন ? (ধ) শিবাজীর পুত্রের নাম কি ? (ন) রাজারাম কে ছিলেন ? (প) কত খ্রীষ্টাব্দে রাজারামের মৃত্যু হয় ? (ফ) রাজারামের বিধবা পত্নীর নাম কি ছিল ? (ব) মারাঠাদের প্রথম পেশোয়া কে ছিলেন ? (ভ) বালাজী বিশ্বনাথ কত খ্রীষ্টাব্দে পেশোয়া পদে নিযুক্ত হন ? (ম) প্রথম বাজীরাও কত খ্রীষ্টাব্দে পেশোয়া হন ? (য) প্রথম বাজীরাও কত খ্রীষ্টাব্দে মারা যান ? (র) বালাজী বাজীরাও কত খ্রীষ্টাব্দে পেশোয়া হন ? (ল) পাণিপথের তৃতীয় যুদ্ধ কবে এবং কাহাদের মধ্যে হইয়াছিল ?

২। **সংক্ষেপে উত্তর দাও ঃ**

(ক) মুর্শিদকুলী খাঁর রাজস্ব ব্যবস্থা কিরূপ ছিল ? (খ) টীকা লিখ ঃ খালসা। (গ) পাণিপথের তৃতীয় যুদ্ধের গুরুত্ব ও ফলাফল বর্ণনা কর।

৩। **উত্তর দাও ঃ**

(ক) মুঘল সাম্রাজ্যের পতনের যুগে আঞ্চলিক শক্তিসমূহের উত্থানের বৈশিষ্ট্যগুলি আলোচনা কর। (খ) মুঘল সাম্রাজ্যের পতনের যুগে আঞ্চলিক শক্তি হিসাবে বাংলার ভূমিকা আলোচনা কর। (গ) মহীশূরে হায়দর আলির অভ্যুত্থান সম্বন্ধে যাহা জান লিখ। (ঘ) মুঘল সাম্রাজ্যের পতনের যুগে আঞ্চলিক শক্তি হিসাবে অযোধ্যার ভূমিকা বর্ণনা কর। (ঙ) শিখ শক্তির উত্থান সম্বন্ধে একটি সংক্ষিপ্ত ইতিহাস লিখ। (চ) পেশোয়াগণের আমলে মারাঠা সাম্রাজ্যের একটি সংক্ষিপ্ত ইতিহাস লিখ। (ছ) মারাঠাদের পতনের কারণগুলি বর্ণনা কর।

## তৃতীয় অধ্যায়

১। **দুই এক কথায় উত্তর দাও ঃ**

(ক) বিদরের যুদ্ধ কত খ্রীষ্টাব্দে হইয়াছিল ? (খ) জন সারম্যান কত খ্রীষ্টাব্দে ফারুক শিয়ারের দরবারে আসিয়াছিলেন ? (গ) অষ্টাদশ শতাব্দীতে ভারতে ইংগ-ফরাসী দ্বন্দ্বের প্রধান কেন্দ্র ছিল কোথায় ? (ঘ) কর্ণাটকের রাজধানী কোথায় ছিল ? (ঙ) দুপ্লে কে ছিলেন ? (চ) প্রথম কর্ণাটকের যুদ্ধ কত খ্রীষ্টাব্দে শুরু হইয়াছিল ? (ছ) লা-বুরদন কে ছিলেন ? (জ) ইউরোপে আইলা স্যাপল-এর সন্ধি কত খ্রীষ্টাব্দে শুরু হইয়াছিল ? (ঝ) নাসির জঙ্গ কে ছিলেন ? (ঞ) মুজাফ্ফর জঙ্গ কে ছিলেন ? (ট) চাঁদা সাহেব কে ছিলেন ? (ঠ) দ্বিতীয় কর্ণাটক যুদ্ধ কত খ্রীষ্টাব্দে শুরু হইয়াছিল ? (ড) বুসী কে ছিলেন ? (ঢ) রবার্ট ক্লাইভ কে ছিলেন ? (ণ) তৃতীয় কর্ণাটক যুদ্ধ কত খ্রীষ্টাব্দে আরম্ভ হইয়াছিল ?

(ত) বন্দীবাসের যুদ্ধে কে কাহাকে পরাজিত করেন ? (থ) ইউরোপের কোন্ সন্ধির ফলে ভারতে ইঙ্গ-ফরাসীর যুদ্ধের সমাপ্তি ঘটে ? (দ) তৃতীয় কর্ণাটক যুদ্ধ কত খ্রীষ্টাব্দে শেষ হইয়াছিল ?

২। **সংক্ষেপে উত্তর দাও :**

(ক) ইংরাজদের সঙ্গে ফরাসীদের প্রতিদ্বন্দ্বিতার মূল কারণ কি ছিল ? (খ) টীকা লিখ : দুপ্লে। (গ) দক্ষিণ ভারতে ইংরাজদের প্রাধান্য স্থাপনে ক্লাইভের অবদান উল্লেখ কর।

৩। **উত্তর দাও :**

(ক) দাক্ষিণাত্যে ইঙ্গ-ফরাসী সংঘর্ষের কারণগুলি বর্ণনা কর। (খ) প্রথম কর্ণাটক যুদ্ধ বর্ণনা কর। (গ) দ্বিতীয় কর্ণাটক যুদ্ধের একটি বিবরণ দাও। (ঘ) তৃতীয় কর্ণাটক যুদ্ধের একটি বিবরণ দাও। (ঙ) ফরাসীদের ব্যর্থতার কারণগুলি আলোচনা কর।

## চতুর্থ অধ্যায়

১। **দুই এক কথায় উত্তর দাও :**

(ক) কত খ্রীষ্টাব্দে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী ফারুক শিয়ারের নিকট হইতে বাণিজ্যিক সনদ লাভ করিয়াছিলেন ? (খ) পলাশীর যুদ্ধ কত খ্রীষ্টাব্দে হইয়াছিল ? (গ) পলাশীর যুদ্ধ কাহাদের মধ্যে হইয়াছিল ? (ঘ) পলাশীর যুদ্ধে নবাবপক্ষের প্রধান সেনাপতি কে ছিলেন ? (ঙ) পলাশীর যুদ্ধে ইংরাজপক্ষের সেনাপতি কে ছিলেন ? (চ) বক্সারের যুদ্ধ কত খ্রীষ্টাব্দে সংঘটিত হয় ? (ছ) ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী কত খ্রীষ্টাব্দে দেওয়ানী লাভ করিয়াছিল ? (জ) বাংলায় দ্বৈত শাসন-ব্যবস্থা কে প্রবর্তন করিয়াছিলেন ?

২। **সংক্ষেপে উত্তর দাও :**

(ক) সুরম্যান দৌত্য সম্পর্কে কি জান? (খ) পলাশীর যুদ্ধের গুরুত্ব ও ফলাফল বর্ণনা কর। (গ) বক্সারের যুদ্ধের গুরুত্ব আলোচনা কর। (ঘ) টীকা লিখ : দ্বৈত-শাসন ব্যবস্থা।

৩। **উত্তর দাও :**

(ক) বাংলার নবাবদের সঙ্গে ইংরাজদের সম্পর্ক কিরূপ ছিল তাহা আলোচনা কর। (খ) সিরাজের সংগে ইংরাজদের বিরোধের কারণগুলি বর্ণনা কর। (গ) পলাশীর যুদ্ধের কারণ ও ফলাফল বর্ণনা কর। (ঘ) পলাশীর যুদ্ধের পর হইতে বক্সারের যুদ্ধ পর্যন্ত বাংলায় ইংরাজদের শক্তিবৃদ্ধি সম্বন্ধে যাহা জান লিখ। (ঙ) কোম্পানীর দেওয়ানী লাভ সম্পর্কে কি জান ? (চ) বাংলায় ইংরাজদের প্রভুত্ব স্থাপনে ক্লাইভের ভূমিকা আলোচনা কর।

## পঞ্চম অধ্যায়

১। দুই এক কথায় উত্তর দাও ঃ

(ক) ব্রিটিশ ভারতের প্রথম গভর্ণর জেনারেল কে ছিলেন ? (খ) প্রথম ইংগ-মারাঠা যুদ্ধ কত খ্রীষ্টাব্দে শুরু হয় ? (গ) সুরাটের সন্ধি কত খ্রীষ্টাব্দে হইয়াছিল ? (ঘ) ওয়ারগাঁও-এর সন্ধি কাহাদের মধ্যে হইয়াছিল ? (ঙ) প্রথম ইংগ-মহীশূর যুদ্ধ কত খ্রীষ্টাব্দে শুরু হয় ? (চ) দ্বিতীয় ইংগ-মহীশূর যুদ্ধ কত খ্রীষ্টাব্দে শুরু হয় ? (ছ) কত খ্রীষ্টাব্দে নানা ফড়নবীশের মৃত্যু হয় ? (জ) বেসিনের সন্ধি কাহাদের মধ্যে হইয়াছিল ? (ঝ) 'অধীনতামূলক মিত্রতা নীতি' কে প্রবর্তন করেন ? (ঞ) তৃতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধ কবে শুরু হইয়াছিল ? (ট) তৃতীয় ইংগ-মহীশূর যুদ্ধ কত খ্রীষ্টাব্দে শুরু হয় ? (ঠ) শ্রীরংগপত্তমের সন্ধি কবে এবং কাহাদের মধ্যে হইয়াছিল ? (ড) সগোলির সন্ধি কাহাদের মধ্যে হইয়াছিল ? (ঢ) কাহাকে 'নেপোলিয়নের ক্ষুদ্র সংস্করণ' বলা হয় ? (ণ) দ্বিতীয় ইংগ-শিখ যুদ্ধ কত খ্রীষ্টাব্দে হইয়াছিল ? (ত) প্রথম ইংগ-ব্রহ্ম যুদ্ধ কত খ্রীষ্টাব্দে হইয়াছিল ? (থ) অমৃতসরের সন্ধি কাহাদের মধ্যে হইয়াছিল ? (দ) কোন্ গভর্ণর-জেনারেল পাঞ্জাব ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত করেন ? (ধ) 'স্বত্ব-বিলোপ নীতি' কে প্রবর্তন করেন ?

২। সংক্ষেপে উত্তর দাও ঃ

(ক) শ্রীরঙ্গপত্তমের সন্ধির শর্তগুলি কি ছিল ? (খ) 'অধীনতামূলক মিত্রতা নীতি'-র শর্তগুলি কি ছিল ? (গ) টীকা লিখ ঃ পেশোয়া মাধব রাও। (ঘ) বেসিনের সন্ধির শর্তগুলি কি কি ? (ঙ) টীকা লিখ ঃ অমৃতসরের সন্ধি। (চ) টীকা লিখ ঃ স্বত্ব-বিলোপ নীতি।

৩। উত্তর দাও ঃ

(ক) ইংরাজ শক্তি প্রতিরোধে মারাঠাদের ভূমিকা সংক্ষেপে আলোচনা কর। (খ) ইংরাজ শক্তি প্রতিরোধে হায়দর আলি ও টিপু সুলতানের ভূমিকা আলোচনা কর। (গ) লর্ড ওয়েলেসলীর সাম্রাজ্যবিস্তার নীতি বর্ণনা কর। (ঘ) রঞ্জিত সিংহের কৃতিত্ব আলোচনা কর। (ঙ) লর্ড ডালহৌসীর সাম্রাজ্য বিস্তারের একটি বিবরণ দাও।

## ষষ্ঠ অধ্যায়

১। দুই এক কথায় উত্তর দাও ঃ

(ক) রেগুলেটিং এ্যাক্ট কোন্ গভর্ণর জেনারেলের আমলে পাশ হয় ? (খ) পিটের ইণ্ডিয়া এ্যাক্ট কত খ্রীষ্টাব্দে পাশ হইয়াছিল ? (গ) চিরস্থায়ী বন্দোবস্ত কে প্রবর্তন করেন এবং কবে ?

২। **সংক্ষেপে উত্তর দাও :**

(ক) টীকা লিখ : ছিয়াত্তরের মন্বন্তর। (খ) টীকা লিখ : রেগুলেটিং এ্যাক্ট। (গ) টীকা লিখ : পিটের ইণ্ডিয়া এ্যাক্ট। (ঘ) চিরস্থায়ী বন্দোবস্ত বলিতে কি বোঝ? (ঙ) লর্ড কর্ণওয়ালিসের পুলিশ ব্যবস্থার সংস্কার বর্ণনা কর।

৩। **উত্তর দাও :**

(ক) ১৭৬৫ খ্রীষ্টাব্দের দেওয়ানী ও ১৭৭২ খ্রীষ্টাব্দের দ্বৈত শাসনের প্রভাব বর্ণনা কর। (খ) ওয়ারেন হেষ্টিংসের বিভিন্ন সংস্কারগুলি বর্ণনা কর। (গ) লর্ড কর্ণওয়ালিসের প্রশাসনিক ও বিচারবিভাগীয় সংস্কারগুলি বর্ণনা কর। (ঘ) 'চিরস্থায়ী বন্দোবস্ত' বলিতে কি বোঝ? ইহার গুণ ও দোষ আলোচনা কর।

## সপ্তম অধ্যায়

১। **দুই এক কথায় উত্তর দাও :**

(ক) ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী কোন্ সনদের বলে বাংলায় বিনা শুল্কে বাণিজ্য করিত? (খ) বাংলার কোন্ নবাব দেশীয় বণিকদের স্বার্থে বাণিজ্য শুল্ক রহিত করিয়াছিলেন? (গ) ইংরাজ আমলে ভারতের কোন্ শিল্প বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করিয়াছিল? (ঘ) ভারতে প্রথম সুতীবস্ত্র বয়ন কারখানা কবে এবং কোথায় স্থাপিত হইয়াছিল? (ঙ) ভারতের প্রথম পাটকল কবে এবং কোথায় স্থাপিত হয়? (চ) কে সর্বপ্রথম চা গাছ আবিষ্কার করেন? (ছ) ইংরাজ এদেশে কবে প্রথম নীলচাষ শুরু করে?

২। **সংক্ষেপে উত্তর দাও :**

(ক) টীকা লিখ : পলাশী লুণ্ঠন। (খ) ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর কর্মচারীগণ কিভাবে দস্তকের অপব্যবহার করিত? (গ) দেশীয় বণিকদের স্বার্থে নবাব মীরকাশিমের ভূমিকা কিরূপ ছিল? (ঘ) ভারতের বস্ত্রশিল্পের উপর ইংলণ্ডের শিল্পবিপ্লবের প্রভাব বর্ণনা কর। (ঙ) ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর আমলে ভারতের গ্রামীণ অর্থনীতির বিপর্যয়ের কারণ কি?

৩। **উত্তর দাও :**

(ক) ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর আমলে বাংলার বাণিজ্যিক অবস্থার একটি বিবরণ দাও। (খ) ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর আমলে বাংলার বস্ত্রশিল্পের একটি সংক্ষিপ্ত ইতিহাস লিখ।

## অষ্টম অধ্যায়

১। দুই এক কথায় উত্তর দাও ঃ

(ক) স্কুল বুক সোসাইটি কে প্রতিষ্ঠা করেন ? (খ) কলিকাতা মাদ্রাসা কে প্রতিষ্ঠা করেন এবং কবে ? (গ) ফোর্ট উইলিয়ম কলেজ কে প্রতিষ্ঠা করেন ? (ঘ) কাহাকে ভারতের প্রথম আধুনিক মানুষ বলা হয় ? (ঙ) নব্যবঙ্গ দল কর্তৃক প্রকাশিত একটি পত্রিকার নাম কর। (চ) ডিরোজিও-র পুরা নাম কি ? (ছ) ডিরোজিও-র দুইজন ছাত্রের নাম উল্লেখ কর। (জ) ডিরোজিও-র রচিত একটি কবিতার নাম কর। (ঝ) কে এবং কবে 'কাউন্সিল অব এডুকেশন' স্থাপন করেন · (ঞ) কে এবং কবে এশিয়াটিক সোসাইটি প্রতিষ্ঠা করেন ? (ট) হিন্দু কলেজ কবে প্রতিষ্ঠিত হয় ? (ঠ) কাহার আমলে কলিকাতায় মেডিকেল কলেজ স্থাপিত হয় ? (ড) কলিকাতা বিশ্ববিদ্যালয় কত খ্রীষ্টাব্দে প্রতিষ্ঠিত হইয়াছিল ? (ঢ) সতীদাহ প্রথা বিরোধী আন্দোলনের নেতা কে ছিলেন ? (ণ) ব্রাহ্মসভা কে প্রতিষ্ঠা করেন ? (ত) তত্ত্ববোধিনী পত্রিকা কে প্রকাশ করেন ? (থ) বিধবা বিবাহ আইন কে পাশ করেন ? (দ) প্রার্থনা সমাজের প্রতিষ্ঠাতা কে ? (ধ) আর্য সমাজের প্রতিষ্ঠাতা কে ? (ন) 'নব বিধান' পত্রিকা কে প্রকাশ করেন ? (প) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের রচিত একখানি গ্রন্থের নাম উল্লেখ কর।

২। সংক্ষেপে উত্তর দাও ঃ

(ক) পাশ্চাত্য শিক্ষা বিস্তারে মিশনারীদের অবদান উল্লেখ কর। (খ) পাশ্চাত্য শিক্ষা বিস্তারে হিন্দু কলেজের অবদান উল্লেখ কর। (গ) টীকা লিখ ঃ ডিরোজিও ও নব্যবঙ্গ দল। (ঘ) শিক্ষা বিস্তারের উদ্দেশ্যে উডের সুপারিশগুলি কি ছিল ? (ঙ) ভারতবিদ্যা চর্চা বলতে কি বোঝ ? (চ) শিক্ষাবিস্তারে এশিয়াটিক সোসাইটির অবদান উল্লেখ কর। (ছ) ব্রাহ্মসমাজের উদ্দেশ্যগুলি উল্লেখ কর। (জ) টীকা লিখ ঃ বিধবা বিবাহ আইন ( ১৮৫৬ )। (ঝ) প্রার্থনা সমাজের কর্মপন্থা কি ছিল ? (ঞ) আর্যসমাজের উদ্দেশ্যগুলি বর্ণনা কর।

৩। উত্তর দাও ঃ

(ক) ভারতে পাশ্চাত্য শিক্ষার প্রভাব বর্ণনা কর। (খ) ডিরোজিও ও নব্যবঙ্গ দল সম্বন্ধে যাহা জান লিখ। (গ) নূতন বাংলার নির্মাতা হিসাবে রাজা রামমোহন রায়ের ভূমিকা বর্ণনা কর। (ঘ) সমাজ সংস্কারক রূপে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান বর্ণনা কর। (ঙ) শ্রীরামকৃষ্ণদেব সম্বন্ধে একটি সংক্ষিপ্ত ইতিহাস লিখ।

## নবম অধ্যায়

১। দুই এক কথায় উত্তর দাও :

(ক) ফরাইজী আন্দোলনের নেতা কে ছিলেন? (খ) কত খ্রীষ্টাব্দে শরিয়তুল্লার মৃত্যু হয়? (গ) 'ওয়াহাবী' শব্দের অর্থ কি? (ঘ) ভারতে কাহার নেতৃত্বে ওয়াহাবী আন্দোলনের সূচনা হয়? (ঙ) পাঞ্জাবে ওয়াহাবী আন্দোলন কবে শুরু হয়? (চ) বাংলার ওয়াহাবী আন্দোলনের নেতা কে ছিলেন? (ছ) তিতুমীর কত খ্রীষ্টাব্দে নিহত হন? (জ) কোল বিদ্রোহ প্রথম কোথায় শুরু হইয়াছিল? (ঝ) কোল বিদ্রোহ কবে হইয়াছিল? (ঞ) সাঁওতাল বিদ্রোহের একজন নেতার নাম কর।

২। সংক্ষেপে উত্তর দাও :

(ক) টীকা লিখ : দুদুমিয়া। (খ) ওয়াহাবী আন্দোলনের কারণগুলি উল্লেখ কর। (গ) কোল বিদ্রোহের ফলাফল কি হইয়াছিল? (ঘ) সাঁওতাল বিদ্রোহের কারণগুলি বর্ণনা কর। (ঙ) সাঁওতাল বিদ্রোহের গুরুত্ব উল্লেখ কর।

৩। উত্তর দাও :

(ক) ফরাইজী আন্দোলনের একটি বিবরণ দাও। (খ) ওয়াহাবী আন্দোলন সংক্ষেপে বর্ণনা কর। (গ) কোল বিদ্রোহ সম্বন্ধে যাহা জান লিখ। (ঘ) সাঁওতাল বিদ্রোহের একটি সংক্ষিপ্ত ইতিহাস লিখ।

## দশম অধ্যায়

১। দুই এক কথায় উত্তর দাও :

(ক) কোন্ গভর্ণর জেনারেলের আমলে ১৮৫৭ খ্রীষ্টাব্দের মহাবিদ্রোহ সংঘটিত হইয়াছিল? (খ) ১৮৫৭ খ্রীষ্টাব্দের মহাবিদ্রোহ প্রথম কোথায় শুরু হইয়াছিল? (গ) ১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহের একজন নেতার নাম কর। (ঘ) মুঘল সম্রাট দ্বিতীয় বাহাদুর শাহকে কোথায় নির্বাসিত করা হইয়াছিল?

২। সংক্ষেপে উত্তর দাও :

(ক) ১৮৫৭ খ্রীষ্টাব্দের মহাবিদ্রোহের প্রত্যক্ষ কারণ কি ছিল? (খ) ১৮৫৭ খ্রীষ্টাব্দের মহাবিদ্রোহ কোথায় কোথায় বিস্তারলাভ করিয়াছিল? (গ) ১৮৫৭ খ্রীষ্টাব্দের মহাবিদ্রোহের গুরুত্ব উল্লেখ কর।

৩। উত্তর দাও :

(ক) ১৮৫৭ খ্রীষ্টাব্দের মহাবিদ্রোহের কারণগুলি বর্ণনা কর। (খ) ১৮৫৭ খ্রীষ্টাব্দের মহাবিদ্রোহের প্রকৃতি আলোচনা কর।